প্রকাশক **শ্রীমণিমোহন বন্দ্যোপাধ্যায়** "ইম্পিরিয়েল লঙ্ক্" ২৮নং স্থারিসন রোড, ক্লিকাতা

গ্রন্থকার কত্তক স্ব্রেম্বর সংর্কিত

আষাঢ়-সংক্রান্থি, ১৩৪৬

্রীগোরাঙ্গ প্রেস প্রিন্টার—শ্রীপ্রভাতচন্দ্র রায় ধনং চিস্তামণি দাস দেন, কলিকাত। হে আমার জীবন-সর্বস্ব প্রিয়পরম!

এ ধরাধামে যাঁহাকে তুমি
তোমারই জীবত্ব বলিয়া মনে করিতে,
যাঁহাকে ছাড়া ভোমার অস্তিত্ব
কল্পনায়ও ভাবিতে পারিতে না,
থিনি ছিলেন ভোমার
'সব আরাধনার প্রতীক,
সব আশার উৎস,
সব কামনার বিশ্রাম,
সব ব্যথার শাস্তি-প্রলেপ,'
যাঁহাকে হারাইয়া সব-কিছু থাকিতেও
এ তুনিয়ায় আজ তুমি সর্বহারা কাঙ্গাল,

আমাদের সেই পরমারাধ্যা পুণ্যবতী মহামহিমময়ী জননীদেবী মনোমোহিনীর পবিত্র স্মৃতির উদ্দেশ্যে আজ তোমার এই চরিত-কথা উৎসর্গ করিলাম।

সংসঙ্গ, পাবনা আষাঢ়-সংক্রাস্তি, ১৩৪৬ শ্রীচরণাশ্রিত দীন সেবক ব্র**ন্থগোপাল**

মুখবন্ধ

পরমপ্রেমনয় শ্রীশ্রীঠাকুর অমুকুলচন্দ্রের জীবন-কাহিনী বর্ণনা করিতে প্রয়াস পাওয়া আমার ন্যায় ক্ষুদ্রদ্ধি সাধন-ভঙ্গনহীন অযোগ্য ব্যক্তির পক্ষে ধুইতা মাত্র। তাঁহার অন্যসাধারণ কর্মোদীপনা, অনম্ব-অতলম্পণী জ্ঞান, আছ্নাসঞ্চিত সৃষ্ম অন্তর্দ ষ্টি ও বিচিত্র সভিজ্ঞতা, সর্ব্বোপরি বিশ্ববাসী প্রতি-প্রত্যেকের জন্ম তাঁহার অফুরস্ক আপ্রাণ ভালবাসার এক-কণিকাও যদি পরিমাপ করিবাব সামর্থ্য থাকিত। বিশ্ব-বৈচিত্ত্রোর অন্তর্নিহিত কারণকে নিজের সমগ্র সন্তা দিয়া অনুক্ষণ অনুভব করতঃ যিনি সকলের সঙ্গে অতি সহজভাবে মিশিয়া কত-জনের কত-দিনেব কত-বিচিত্র গ্রন্থি-মোচনপ্রকাক তাহাদিগকে মানসিক স্বাস্থ্যদান করিতেছেন, ধাহার সহাক্তভতিপূর্ণ দরদমাপা শুশ্রুষায মরণ-পথেব কত-যাত্রী আশা ভর্মা ও উৎসাহের মমুতমন্ত্রে সঞ্জীবিত হইয়া অন্তরের সম্পদে বলীয়ান হইয়া উঠিতেছে,—কি সাণ্য থামার, ভাষায় আমি সেই অপূর্বে জীবন-মাহাত্ম্যের একবিন্দু প্রকাশ করি! বলিতে কি, দীর্ঘকাল নিযতরপে তাঁহাব সঙ্গ করিয়া আজ ইহাই প্রত্যক্ষ অমূভব করিতেছি, কি শিক্ষা, কি বাষ্ট্র, কি ধর্মা, কি বিজ্ঞান, কি সমাজ—মানব-সভাতার সকল ক্ষেত্রেই তাঁহার যুগান্তরকাবী অতুলনীয় দান—যাহা তদীয় আপন সময়ের অতীত বস্থ-জাতির ভবিশ্যৎ স্বর্ণযুগ-স্বষ্টর অমোঘ অপূর্বর উপাদান! এই দীন সেবক তাঁহার অপার করুণালাভে বল্য—ক্লতার্থ। আনন্দ-রস কেহ একাকী উপভোগ করিয়া তুপ্তি পায় না, পারিপাশ্বিক স্বাইকে লইয়া অমৃত আস্বাদনে তুপুবোধ মানব-মনের সাধারণ ধর্ম। তাই শত অযোগাতা, সহস্র নানতা সত্ত্বেও তাঁহার অমিয় চরিত-কথা লিপিবন্ধ কবিয়া সকলকে জানাইবার জন্ম কুধাতুর আত্মার আজ এই দীন ব্যাকুল প্রচেষ্টা! আর-কিছু ना इछक, जामात चर्मनायांनी जननी ও जाज्यक्षातेत मगौरं मानरवत বর্দ্ধনভিক্ষু এই দরদী বন্ধুর শুভ আবি হাবের বার্ত্তাটা যে বহন কবিয়া আনিবার চেষ্টা পাইয়াছি, সেবকের ইহাই পরম সার্থকতা।

বাহাদের লিখিত গ্রন্থ, প্রবন্ধ ও কথিত বর্ণনা হইতে পুস্তকের উপাদানসংগ্রহে সাহায্য পাইয়াছি তন্মধ্যে স্বর্গগতা জননীদেবী মনোমোহিনী, শ্রীযুক্ত
সতীশচক্র জোয়ারদার, শ্রীযুক্ত কৃষ্ণপ্রসন্ধ ভট্টাচার্য্য, এম্-এ, দেশবন্ধুর জীবনীপ্রণেতা শ্রীযুক্ত হেমেন্দ্রনাথ দাশগুপ্ত, শ্রীযুক্ত অবিনাশচক্র অধিকারী, এম্-এ,
বি-এল, শ্রীযুক্ত স্থরেশচক্র মুঝোপাধ্যায়, শ্রীযুক্ত কিশোরীমোহন দাস, শ্রীযুক্ত
সতীশচক্র গোস্বামী, শ্রীযুক্ত রত্বেশ্বর দাশগুপ্ত, বি, এস্-সি, শ্রীযুক্ত পঞ্চানন

সরকার, এম্-এ, শ্রীযুক্ত বীরেক্সনাথ ভট্টাচার্য্য, বি, এস্-সি, শ্রীযুক্ত ধীরেক্সনাথ চক্রবর্তী, বি-এ, শ্রীযুক্ত যোগেক্সনাথ হালদার, বি-এ, প্রভৃতির নাম উল্লেখযোগ্য। শ্রুদ্ধের ঋতিকাচার্য্য শ্রীযুক্ত কৃষ্ণপ্রসন্ন ভট্টাচার্য্য, এম-এ, ও প্রতিঋত্বিক শ্রীযুক্ত নরেশচক্র চক্রবর্তী বি-এ যত্নপূর্বক গ্রন্থের পাণ্ড্লিপিথানি আছম্ভ এবং প্রতিনিধিনায়ক শ্রীযুক্ত প্রভাসচক্র চক্রবর্তী বি-এল্ ও ঋত্বিকসচিব শ্রীযুক্ত শ্রামাচরণ মুথাজ্জি এম্-এস্-সি ইহার অংশ-বিশেষ পাঠ করিয়া দেখিয়া দিয়াছেন, এজন্ম তাহাদিগকে আমার অস্তরের গভীর শ্রুদ্ধা জ্ঞাপন করিতেতি।

সংসঙ্গ কলাকেন্দ্রের তরুণ শিল্পীগণ বিশেষ যত্নপূর্বক গ্রন্থন্ত কডকগুলি ছবির আলোকচিত্র তুলিয়া দিয়াছেন এবং ফিলানথ পি কার্যালয়ের স্থযোগ্য কর্ম্মিগণ নানাবিষয়ে আমাকে সময়োচিত ষথেষ্ট সাহায্য করিয়াছেন। যতীশ চন্দ্র কর যেরপ অক্লান্ত শ্রম স্বীকার করিয়া বছদরে থাকিয়াও গ্রন্থের প্রফ-সংশোধন-কার্য্যে সহায়তা করিয়াছেন তাহা কোন দিন ভূলিতে পারিব না। জ্যোতিযাচার্য শ্রীযক্ত মোহিনীমোহন শালী মহাশয় প্রাচামতে এবং জ্যোতিব্বিদ শ্রীযুক্ত তপতীনাথ মূধোপাধ্যায় মহাশয় পাশ্চাত্যমতে শ্রীশ্রীঠাকুরের কোষ্ঠার গণনা ও বিচারাদি করিয়া দিয়াছেন। বাজসাহী-নিবাসী শ্রন্ধের পণ্ডিত শ্রীয়ক্ত পার্ববতীচরণ শর্মা স্থতিরত্ন মহাশয়ের অন্তগ্রহে শ্রীশ্রীঠাকুরের পিতৃকুলের বংশ-পত্রিক। এবং হিমাইতপুর-নিবাসী শ্রন্ধেয় ডাক্তার শ্রীযুক্ত বসস্ত-কুমার চৌধুরী মহাশয়ের দৌজত্তে শ্রীশ্রীঠাকুবের মাতুকুলের বংশাবলী সংগ্রহ করিতে পারিয়াছি। খ্রন্ধেয় শ্রীযুক্ত রাগালদাস মুগোপাধ্যায়, শ্রীযুক্ত বিভৃতি-ভূষণ ছোষ ও শ্রীযুক্ত পলিলর রহমান মহোদয়গণের অকৃত্রিম স্লেহ ও অফুগ্রহ লাভ না করিলে গ্রন্থ-প্রণয়ন আমার পক্ষে অসম্ভব ছিল। এই সকল ইটুপ্রাণ স্থস্পবর্গের নিকট আমি চিরঋণী থাকিব। এতদ্বাতীত বছ ইষ্ট্রভাতা কত-জনে কত-প্রকারে দে এই পুরুক-প্রকাশে আমাকে সাহায্য ও উৎসাহ প্রদান করিয়া-ছেন, তাহার অবধি নাই। স্থানাভাব-বশতঃ তাহাদের নাম প্রকাশ না পারায় আমি ছঃখিত। যাহাদের যত্ন, পরিশ্রম, সাহায্য, ও ওভেচ্ছা লাভ কবায় আজ আমি এই হুরুহ কার্য্যসাধনে হইয়াছি আমার সেই পরমাত্মীয় বান্ধবগণের প্রত্যেককে এই স্থযোগে আমার অন্তবের গভীর শ্রদ্ধা ও ক্বতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। শ্রীগৌরাঙ্গ প্রেসে'র কাষ্যিতৎপরতায গ্রন্থের মুদ্রণকাষ্য, 'বেদ্বল অটোটাইপ কোং' ও 'গয়া আর্ট প্রেসে'র ষত্নে ছবিগুলির ব্লক-নির্মাণকার্যা এবং 'গয়া আর্ট প্রেসে'র অতিশয় নৈপুণ্যে ইহার যাবতীয় ছবির মুদ্রণকার্য স্পান্সর হইয়াছে। এই প্রসঙ্গে আমার পুত্র শ্রীমান রঞ্জতবরণের কথাও না বলিয়া পারিলাম না। তাহার লিখিত "Life and Teachings of Sri Sri Thakur

Anukulchandra" নামক বৃহৎ গ্রন্থের পাণ্ডুলিপি আমাকে পুত্কখানার রচনাকার্য্যে যথেষ্ট সাহায্য করিয়াছে। বর্ত্তমান গ্রন্থের পাণ্ডুলিপির অনেক অংশের পরিবর্ত্তন ও পরিবর্ত্তন এবং বিশেষভাবে স্থাণীর্ঘ স্ফটীপত্রখানার রচনাকার্য্যে তাহার যত্ন ও পরিশ্রম সবিশেষ উল্লেখযোগ্য। এই তরুণ বয়সেই ইপ্টপ্রতিষ্ঠা-কার্য্যে তাহার নিকট হইতে এরপ সাহায্যলাভ আমার পরম তৃপ্তির কারণ। পরমপিতা তাহাকে স্বস্থ শরীরে দীর্ঘজীবী করুন—ইপ্টসেবায় তাহার জীবন সার্থক হউক—দয়ালের চরণে ইহাই একমাত্র প্রার্থনা!

সজ্মজাতা শ্রদ্ধের শ্রীযুক্ত মণিমোহন বন্দ্যোপাধ্যার মহাশর মুদ্রণ-ব্যাপারের গুরু দায়িত্ব গ্রহণ করিয়া আমাকে চিরক্কভক্ততাপাশে আবদ্ধ করিয়াছেন। গ্রন্থের সংস্করণটা সর্বাক্ষস্থলর করিবার জন্ম অর্থবায় করিতে তিনি বিন্দুমাত্র কার্পণ্য করেন নাই, ইহা তাঁহার ঐকান্তিক ইষ্টনিষ্ঠার একমাত্র পরিচয়।

শ্রীশ্রীঠাকুরের ঘটনাবহুল জীবনের অতি-সামাগ্রই আমি প্রকাশ করিতে পারিয়াছি। কতজ্বন ব্যক্তিগতভাবে তাঁহার সম্বন্ধে কত বাস্তব ঘটনার সঙ্গে পরিচিত আছেন তাহার অবধি নাই। প্রত্যেকেই স্ব-স্থ অভিজ্ঞতার কাহিনী এবং প্রকাশিত ঘটনাবলীর পরিবর্ত্তন ও পরিবর্দ্ধন সম্বন্ধে তাঁহাদের মতামত আমাকে দয়া করিয়া জানাইলে, আরও পূর্ণাঙ্গ আকারে ও নিখুঁতভাবে পরবর্ত্তী সংস্করণ প্রকাশ করিবার ইচ্ছা রহিল। এজন্ম ইইন্রাতা প্রত্যেকের সাহায্য কামনা কবি।

গ্রন্থখানার সঙ্গে বড়ই বিখাদের শ্বৃতি জড়িত রহিষাছে। খাহার উৎসাহ ও আশীর্ঝাদে এই ত্রহ কার্য্যে ব্রতী হইতে সাহসী হইয়াছিলাম, গ্রন্থখানা মুদ্রিত দেখিয়া আজ যিনি সর্ব্বাপেক্ষা অধিক স্থপী হইতেন—আমাদের সেই আরাধ্যা জননীদেবী মনোমোহিনী আজ আর ইহধামে নাই। পাণ্ডু-লিপিখানি প্রস্তুত থাকা সন্তেও মাতৃদেবীর মরণাপন্ন অস্থৃতা-নিবন্ধন তাহাকে ইহা পড়িয়া ভনাইবারও স্থোগ পাইলাম না। সেবকের এ তৃঃখ রাখিবার স্থান কোথায় ? আজ এই দীন আয়োজন তাহারই স্বর্গগত জমর আত্মার প্রীতির উদ্দেশ্যে উৎসর্গ করিয়া এ দগ্ধহদয়ে কিঞ্চিৎ শান্ধিলাভের প্রয়াস পাইলাম। ইতি—

সৎসঙ্গ, পাবনা আবাঢ়-সংক্রান্তি, ১৩৪৬ সম বিনীত গ্রন্থকার

প্রকাশকের নিবেদন

সে অনেক দিনের কথা—১৩২৫ সালের শুভ বৈশাখী পূর্ণিমা-তিথি, আজ একুশ বছর ! তথন আমি নদীয়া জেলার কৃষ্টিয়া মহকুমার অধীন খোক্সা ষ্টেশনের ষ্টেশন-মাষ্টার। আমি যা'র সংস্পর্শ-লাভে পরম রুতার্থতা লাভ ক'রেছি, শুধু আমার ব্যক্তিগত জীবনের অ্থ-তৃঃথের সঙ্গে জড়িত হ'য়েই তিনি ছিলেন,—আমার অন্তরের অন্তগুলে। আজ তিনি সহস্র সহস্র আমারই মত জিজ্ঞান্থ, অর্থার্থী বা আর্ত্তের ত্রাণ ক'রে,—শুধু আমার নয়,—দশের ও দেশের জীবন্ত আদর্শরূপে সর্বত্ত প্রতিভাত হ'য়ে উ'ঠেছেন। শুধু বালালীর জীবন নয়, যে-কোন মানবের জীবনই নৃতন উত্তমে, নৃতন উদ্দীপনায়, নৃতন অন্থপ্রেরণায় যে তাঁ'র সংস্পর্শে কতথানি ভরপুর হ'য়ে উ'ঠেছে ও উঠছে, তা' প্রত্যক্ষদর্শী ছাড়া আর কাউকে লিথে বুঝাবার ক্ষমতা আমার লেখনী রাথে না, কারুর লেখনী রাথে কি না—আমার জানা নেই !

মহাপুরুষের আবির্ভাব হয় কি-ক'রে, সে তত্ত্ব আমি বৃঝি না। জাতীয় জীবনের কোন্ দক্ষিস্থলে, ধর্ম্মের মানির কোন্ চরমাবস্থায়, অধর্ম্মের কিরপ অভাত্থানে জগংশ্রষ্টা মানব-দেহ নিয়ে মানবের ছংথে মূর্ত্ত হ'য়ে উঠেন, তা' পণ্ডিতেরাই বিচার ক'র্বেন। সে সব আলোচনা আমার মত মূর্থের পক্ষে ধৃষ্টতা বই আর কিছুই নয়। তবে ছংথদৈল্পপ্রবৃত্তিময় মানবের জীবনে যিনি আনন্দ ও শান্তির প্রশ্রবণ খুলে দিয়ে ধৈর্য্যয় শক্তি ও কর্মপ্রেরণার স্বৃষ্টি ক'রে সাধারণ মানবেক দেবমানবে রূপান্তরিত কর্বার অলৌকিক অমান্ত্রয়ী ক্ষমতা রাথেন, মানবের প্রতি অসীম প্রেম ও সহাত্তভিত্তে যিনি নিজেকে সম্পূর্ণ বিলিয়ে দিয়েও স্থ-মহিমায় পূর্ণপ্রতিষ্ঠ র'য়েছেন, তাঁকে দে'পেছি, তাঁকে পে'যেছি, তাঁকৈ স্পর্শ ক'রেছি, তাঁ'র সকলাভ ক'রেছি—আর আমার মত সহস্র সহস্র মানব আজ্ব তাঁ'র সংস্পর্শে কৃতার্থ হ'ছেছন।

বাংলার মহাপুরুষ বাংলার মাটিতে সম্যক্ অভ্যর্থনা ও সম্বর্জনা পায়নি কখন। জাতির ত্ঃথে বাঁ'রা নিজেদের বিলিয়ে দিয়ে জাতির উন্নয়নের জন্ম আত্মত্যাগ ক'রে গেছেন, তাঁ'দের জীবদ্দশায় আমরা চিরদিনই তাঁ'দের অবহেলা ক'রেছি, অশ্রদ্ধা ক'রেছি, অশ্রদ্ধার ক'রেছি, বড় জোর দেহাবসানে তাঁ'দের জন্ম মর্ম্মর-কঠিন সমাধি-সৌধ নির্মাণ ক'রে ব্যর্থ পূজার নৈবেদ্য সাজিয়েছি। তাঁ'দের আমরা বরণ ক'রে ঘরে আনিনি, নিত্য-জীবনের পরতে-পরতে তাঁ'দের অমিয় জীবনের স্পর্শলাভ ক'রে তাঁ'দের মৃতির স্পর্শে নৃতন কর্মোদীপনায় তাঁ'দের অন্থসরণে মেতে উঠিনি।

তাইত' আজ বাংলার এত দৈন্ত, এত হর্দশা, এত হাহাকার—বৃভূক্ পরপদানত জাতি লেলিহান কুক্রের মত পরপদ লেহন কর্বে, তবু মহাজনকে পূজা কর্বে না। শ্রদ্ধাহীন জাতি শ্রশানের ধ্বংস-স্তুপই রচনা কর্তে পারে দু

আশা করি, বাংলার উদীয়মান্ নরনারী এই ন্তন বাংলার নবজাগরণে, জাতির নবীন জয়যাত্রার এই পরম-শুভলরে, এই নবজীবনের বোধনকালে এই ন্তন মহামাত্র্যটীর সঙ্গে আলোচনায়, সংস্পর্শে ও অত্সরণে বাংলার সোণার ভবিশ্বং রচনা ক'রে আমাদের এই দীন প্রচেষ্টাকে সার্থক ক'রে তুল্বেন।

এই পুস্তকের মশলা যা-কিছু গ্রন্থকার অপরিসীম ধৈর্য্যের সহিত সংগ্রহ ক'রে আমাদের পরম শ্রন্ধা অর্জন ক'রেছেন। আমি আমার যতটুকু সামর্থ্য আছে তা' নিঃশেষ ক'রে আমারই পরমারাধ্যের রূপায় এই জীবন-চরিতথানি প্রকাশ কর্তে সাহসী হ'য়েছি। বাংলা যদি তা'র সংস্পর্শে সার্থক হয়, সহস্র বংসরের জড়িমা ভেলে নৃতন জীবনের অমৃত-আস্বাদ পেয়ে অমৃতপথের যাত্রী হয়, তবে সকল য়ত্ব সার্থক হ'বে আমার—ধয়্য হব আমি— এইটুকুই যা' আমার লাভ।

ইম্পিরিয়েশ্ লঞ্ছ্ ২৮ নং হারিসন রোড, কলিকাভ। বৈশাধী-পূর্ণিমা বিনয়াবনত শ্রী**মণিমোহন বন্দ্যোপাধ্যায়**

বিষয়-নিরূপণ

প্রথম অধ্যায়

>--9

জন্মস্থান, বংশ-পরিচয় ও জন্ম

'পাবনা' নামের উৎপত্তি—পাবনার ঐতিহাসিক পরিচয় ও ভৌগলিক অবস্থান
—হিমাইতপুর গ্রাম—হিমাইতপুর নামের উৎপত্তি ১, হিমাইতপুরের প্রাচীন
ও আধুনিক প্রাক্তিক বিবরণ—মাতামহী-পিতা কমলাকাস্ত বাগ্চী ও তদীয়
পত্নী ক্রপাময়ী দেবী ২, মাতামহ রামেন্দ্রনারায়ণ চৌধুরী, তাহার চরিত্তের
বৈশিষ্ট্য ২-৩, মাতা মনোমোহিনী দেবী—শৈশবেই মনোমোহিনীর চরিত্তের
বৈশিষ্ট্য ২-৩, মাতা মনোমোহিনী দেবী—শৈশবেই মনোমোহিনীর চরিত্তে
নানা সদ্গুণের বিকাশ ৩, বাল্যকালেই তাঁহার দীক্ষা-গ্রহণের জন্ম প্রবিদর্শন
ও সংনাম-প্রাপ্তি—উত্তরকালে উক্ত সদ্গুরু ও সংনামের বান্তব সন্ধানলাভ ও
যথারীতি দীক্ষাগ্রহণ ৩-৪, মনোমোহিনীর চরিত্তের বৈশিষ্ট্য ৪, পিতৃদেব
শিবচক্র চক্রবর্তী ৫-৬, মনোমোহিনীর গর্ভলক্ষণ-প্রকাশ—জ্বনৈক সন্ন্যামীর
আগমন ও ভবিন্তাদ্বোণী—মাতামহী ক্রক্তক্ষরীর একমাত্র পুত্র যোগেক্সনারায়ণের আক্রিক অকাল মৃত্যু—মনোমোহিনীর গর্ভের একাদশ মাস উত্তীর্ণ,
অফুকুলচন্দ্রের জন্ম ৬, নবজাত শিশুর নানা অভ্ত লক্ষণ-প্রকাশ ৬-৭।

দ্বিতীয় অধ্যায়

ہ۔۔۔ء ہ

শৈশব ও বালাজীবন

শৈশবের আচরণে অভুত প্রাণশক্তির পরিচয় ৮, পাঠশালা ও বিদ্যালয়ে অধ্যয়ন ৮-৯, থেলার সাথী ও সহপাঠিগণের প্রতি আপন-ভোলা ব্যবহার ও বালক-ফ্লভ ত্রস্তপনা ৯-১০, মাতার ত্থে সহায়ভৃতি ১০, গুরুজনের প্রতি প্রগাঢ় শ্রদ্ধা ও অপূর্ব মাতৃ-নিষ্ঠা ১০-১১, অপরের কটকে আপনার বলিয়া বোধ করিবার সহজ্ব বৃদ্ধির পরিচয় ১১-১২, ইতর-প্রাণীর প্রতি অসীম মমতা ১২-১৬, লোভ-দমনে কঠোর সহল ১৬, নাম-জপের ফলে সাধন-জগতের অফুভৃতি-লাভ ১৬-১৬, দীক্ষা-গ্রহণ ১৬, ফ্টি-রহস্তের নানা প্রশ্নের উদয় ও মীমাংসা-লাভ ১৬-১৭, হোমিওপ্যাথিক শাস্ত্রের মূলতত্ব ও ফাউন্টেন্পেন্-নির্দাণ-কৌশল-আবিষ্কার ১৮, এক আর এক কি-করিয়া ত্ই হয় १—জীমারের ইঞ্জিন-তৈয়ারী—বিবাহ—নৈহাটী-গমন ও তথায় ত্ঃস্থগণের জন্ত সাহায্যভাগ্রা-স্থাপন ১৮-১৯, প্রবেশিকা পরীক্ষার নিজের ফিসের অর্থহারা গরীব

সহগাঠীকে সাহায্য-প্রদান — অন্তর্ক্লচন্দ্রের লোকপ্রিয়তা — নির্দোষ আমোদ-প্রমোদের প্রতি অন্তরাগ—কবিতা-রচনায় স্বাভাবিক কচি ২০।

ভূতীয় অধ্যায়

2 >---2 9

কলিকাতায় ডাক্রারী-শিক্ষা

ভাক্তারী পড়িবার জন্ম নৈহাটী হইতে কলিকাতা গমন ও গ্রাশগ্রাল্ মেডিকেল কলেজে প্রবেশ ২১, কলেজ-জীবনে দারিদ্রোর সঙ্গে কঠোর সংগ্রাম ও অসীম ধৈর্য্যের পরিচয় ২১-২২, অন্ত্রুসন্ধিৎস্থ সেবা ও অসাধারণ চরিত্রগুলে সকলের হৃদয়রাজ্যে প্রভূত্বলাভ ২২-২৩, নানা প্রতিকূল অবস্থার মধ্যেও অধ্যয়নে ব্যুৎপত্তি-লাভ ২৩-২৪, বেশ্রা-রমণীর উদ্ধার-কাহিনী ২৪-২৬, অপূর্ব্ব রাজভক্তির নিদর্শন ২৬-২৭।

চতুর্থ অধ্যায়

21-06

দেহ ও মনোরোগের চিকিৎসা

কলিকাতা হইতে হিমাইতপুরে আগমন ও তথায় চিকিৎসা-আরম্ভ—তাঁহার সম্বেহ রোগী-পরিচর্ব্যা ও অপার দয়া-দাক্ষিণ্যের পরিচয় ২৮, মনন-শক্তির ফলে অপূর্ব্ব রোগনির্ণয়-ক্ষমতা ও অভ্রান্ত ব্যবস্থাদানে দক্ষতা-লাভ, চারিদিকে স্থনাম বিস্তার ২৮-২৯, সাধন-জগতের অমুভৃতি ২৯-৩০, মনোরোগের চিকিৎসা ৩০, গ্রামন্থ গুদ্ধতকারিগণের সহিত ঘনিষ্ঠভাবে নেলামেশা করিয়া অক্রত্রিম সেবা ও ভালবাসায় তাহাদের অন্তর ক্ষয় করিবার কৌশল ৩০-৩১ ত্র্ব্রগণের সহিত স্বেচ্ছায় পাপাম্বন্তান-আয়োজনে যোগদান করতঃ সময় ও স্থযোগ ব্রিয়া বৃদ্ধি ও চাতুর্ব্যের সহিত তাহাদের অন্তর্বে ম্বণা, তৃঃধ ও আর্মন্মান্ত্রেণ জাগ্রত করতঃ তাহাদিগকে পাপাচরণ হইতে উদ্ধার করিবার বিশ্বয়কর কাহিনী ৩১-৩৬।

পঞ্চম অধ্যায়

59---65

সংকীর্ত্তন ও মহাভাববাণী

গ্রাম্য সঙ্গীদিগকে লইয়া সংকীর্ত্তনদল গঠন ও অহনিশ তুমূল কীর্ত্তন—কীর্ত্তন-কালীন তাঁহার অপূর্ব্ব বাহ্নিক অবস্থার বর্ণনা—অমূক্লচন্দ্রের 'ঠাকুর'-আখ্যা ৩৭, আবাল্য-বন্ধু ভক্তপ্রবর অনস্তনাথ রায়ের কথা (শ্রীশ্রীঠাকুরের পবিত্র চরিত্তের সংস্পর্শে আসিয়া অনস্তনাথের অস্তরে ভগবৎ-প্রাপ্তির প্রবল আকাজ্ঞা, তৎকর্ত্তক তৃশ্চর্য্য তপস্থা, সাধন-জগতের উচ্চ অম্প্রভৃতি-লাভ সত্ত্বেও জীবস্ত-ইষ্ট-লাভ না হওয়ায় উষদ্ধনে আত্মহত্যার চেষ্টা এবং শ্রীশ্রীঠাকুর কর্ত্ত্ব

অলৌকিকভাবে তাঁথার প্রাণরক্ষা) ৩৮-৪০, শ্রীশ্রীঠাকুরের অপূর্ব্ব ভাব-সমাধি, কীর্ত্তনকালে নৃত্যকালীন বাহুজ্ঞানশৃত্য অবস্থায় ভূমিতে পতন—যোগশান্ত্রোক বছপ্রকার আসন-মৃত্রাদি-প্রদর্শন—শরীরে মৃতব্যক্তির লক্ষণসমূহ প্রকাশ—ক্ষৃদাবস্থায় বদনমগুলে নানা অপূর্ব্ব স্থগীয় জ্যোতিঃর বিকাশ এবং কণ্ঠোচ্চারিত বাণীসমূহের উচ্ছুদিত স্থরঝকার প্রভৃতি ভাবসমাধি-অবস্থার বিস্তৃত বিবরণ ৪০-৪৪, সময় ও স্থান উল্লেখক্রমে কতিপয় দিবসের উচ্চারিত মহাভাববাণীর উদ্ধৃতাংশ ৪৪-৫২।

वर्छ जश्राञ

@ O-- @ b

সতানাম প্রচার

কীর্ন্তনের দল লইযা মজিলপুর, চক্রতীর্থ, বরাহনগর, কুর্টিয়া প্রভৃতি স্থানে গমন ও নাম-বিতরণ ৫৩-৫৪, কুর্টিয়ায় ভক্তবৃন্দকর্তৃক বিপুল আকারে শ্রীশ্রীবিশ্ব-গুরু-আবির্ভাব উৎসব ৫৫-৫৬, অসুস্থাবস্থায় কার্সিয়াং যাত্রা ৫৬, পুরীতে অবস্থান এবং নাম-প্রচারার্থ উৎকল-ভ্রমণ ও বঙ্গদেশের নানাস্থানে গমন ৫৭-৫৮।

সপ্তম অধ্যায়

¢ 2--- 2 0

আলোচনা-প্রসঙ্গে

জ্ঞানরাজ্যের অমুভূতির কতিপয় বিবরণ ৫৯-৬০, পূর্ণত্ব মানে কি ৬০-৬১, প্রেম বলিতে কি ব্রি-ধর্ম কি কেবল প্রাণহীন আচারের সমষ্টি ৬১-৬০, কুসংস্কার দূর করিয়া প্রকৃত ধর্মের দর্শন, Personal Concrete God মানে কি ৬২, প্রাণিজ কোষ এবং উদ্ভিজ্ঞ কোষ সম্বন্ধে আলোচনা—মৃত্যুকালে কোষ-সম্পকীয় কি পরিবর্ত্তন সংঘটিত হয়—আমিষ থাত্যের অপকারিতা ৬৩-৬৫, ক্ষুদ্র-আমি ও বিশ্ব-আমি ৬৫-৬৭, মনঃসংষম, নাম-জ্বপ ও 'নেতি' 'নেতি' বিচার ৬৮-৬০, মনের passive অবস্থায় সত্যাম্বভূতি হয় ৬৯-৭০, জন্মমৃত্যু-রহস্ত ৭০-৭১, বর্ত্তমান যুগের সঙ্গে এতক্ষেনীয় পূর্বকালের গবেষণাধারার পার্থক্য ৭১-৭২, সৃষ্টি-তত্ত্ব ৭২-৭০, বিবাহ ও সমাজ্ব-সংস্কার ৭৩-৭৫, শক্তির বিভিন্ন স্তর্বসমূহের কথা ৭৫-৭৬, যুগাবতারের আবির্ভাব-প্রসঙ্গ ৭৬-৭৭, রোগের উৎপত্তি ও বিভিন্ন চিকিৎসা-প্রণালীর মূলতত্ত্ব সম্বন্ধে আলোচনা ৭৭-৭০, শক্তান্ত সম্বন্ধ কি সম্বন্ধে আলোচনা ৭০-৮০, 'সর্বত্তেই love-এর (প্রেমের) সঙ্গে hate (ত্বণা) আছে'—(Stekel) এ-কথার তাৎপর্য্য, বিবাহিত জীবনে ইহার মীমাংসা কোথায় ৮০-৮১, প্রীঞ্জীচাকুরের পূর্বজন্ম-রন্তান্ত-কথন ৮২-৮০, ঐশ্বর্য্য মাধুর্য্যের অন্তর্বায়—এই কথার মানে কি ৮৪,

ভগবানের চেয়ে ভক্ত বড়—ইহার অর্থ কি ৮৪-৮৫, পূর্ণছ-প্রাপ্তি কেমন-করিয়া হইতে পারে ৮৫, প্রেয়ের প্রতি আসক্তিই কি শ্রেয়: লাভের পথ ৮৫-৮৬, আনর্শ সাহিত্য-সৃষ্টি সম্বদ্ধে অভিমত ৮৬-৮১, অধ্যায়-উপসংহার ৮৯-৯০।

जष्टेम जशास

25--755

পল্লীসংগঠন

সংসঙ্গ তপোবন বিজ্ঞালয়—প্রচলিত শিক্ষা-পদ্ধতির দোষক্রটি নিরাকরণ করিয়া অধুনা-লুপ্ত ইষ্টাহ্যরাগমূলক আদর্শ শিক্ষা-প্রণালীর পুন:-প্রতিষ্ঠা-কল্পে ১১-১৩।

সংসঙ্গ বিশ্ববিজ্ঞানকেন্দ্র—বিজ্ঞানের মহত্দেশু প্রচার ও উদ্ভাবনী শক্তির সাহায্যে জাতীয় অভাব-প্রশমনের চেষ্টায় ৯৪-৯৫।

সৎসঙ্গ মেকানিক্যাল্ ও ইলেক্ট্রিক্যাল্ ওয়ার্কস্—স্বাধীন চেষ্টায় নিত্যব্যবহার্য নানা দ্রব্যাদি তৈয়ার করিয়া দেশবাসীর অভাব-পুরণের উদ্দেশ্যে ৯৫-৯৬।

সংসঙ্গ কেমিক্যাল্ ওয়ার্কস্—দেশীয় উত্তিভ্জ উপাদানে স্বল্লব্যয়ে মহৌষধ-সমূহ আবিদ্ধার ও প্রস্তুত করিয়া রোগযন্ত্রণাদি-দ্রীকরণের উদ্দেশ্তে ৯৬-৯৮।

সংসঙ্গ প্রেস ও পারিশিং হাউস্—শ্রীশ্রীঠাকুরের কথিত যাবতীয় সমস্থার অপুরু মীনাংসা-বাণার সহিত দেশবাদীকে পরিচিত করিবার উদ্দেশ্তে পত্রিকা ও গ্রন্থাদি মুদ্রণ ও প্রকাশের নিমিত্ত ১৮-১০০।

সংসক্ষ কুটীরশিল্প বিভাগ—পারিপাখিকের প্রয়োজন-প্রণের
অনুসন্ধিংসা ও গুভবৃদ্ধির উপর দাড়াইয়া অর্থাগমের ব্যবস্থা করতঃ স্থ্প ও
সমৃদ্ধি-অর্জনের পথে ১০০-১০১।

সংসক্ষ ব্যাস্ক-গ্রাম্য রুষক ও শিল্পীদিগকে ব্যবসায় চালাইবার জ্বত্ত অল্প স্থানে প্রয়োজনীয় মূলধন দিয়া সাহায্য করিবার উদ্দেশ্যে ১০১-১০২।

সংসক্ষ পূর্ত্তকার্য্য বিভাগ (ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস্)—স্বগ্রাম ও ষ্ণক্রান্ত স্থানে গৃহ, রান্তাঘাট ও জল-সমস্থাদির সমাধান করিয়া দেশবাদীর স্থপমুদ্ধি-বৃদ্ধির পথ প্রদর্শন করিবার উদ্দেশ্যে ১০২-১০৩।

সংসক্ষ মাতৃসজ্ঞ্ব—সমাজের নিয়ন্ত্রী, জাতির জননী নারীকে শিক্ষা, দীক্ষা, চরিত্র ও ব্যবহারে মৃর্ত্তিমতী লক্ষ্মী করিয়া গড়িয়া তুলিবার মহতী প্রচেষ্টা—মহিলাগণের দৈনন্দিন কার্য্যক্রম ও প্রার্থনা—মাননীয়া শ্রীযুক্তা সরলা দেবীর অভিমত ১০৩-১০৬।

সংসঙ্গ স্বাস্থ্য বিভাগ—ইউ-প্রতিষ্ঠাকায়ে স্বাস্থ্যর প্রয়োজনীযতাই প্রথম ও প্রধান, কারণ স্বাস্থাই ঐশব্য, স্বাস্থাই দামর্থা—পারিদার্থিক সাধারণের স্বাস্থ্য নীরোগ ও ক্রমবিবর্দ্ধনশীল রাখিবাব নিমিত্ত চিকিৎসা, সেবা, উপদেশ ও যথাযোগ্য সাহায্য-প্রদানকল্পে ১০৬-১০৮।

সংসক্ষ কলাকেন্দ্র—দেশের লুগুপ্রায় আদর্শ কলাবিভাকে পুনরুক্তীবিত করিয়া শ্রীশ্রীঠাকুরের প্রচারিত জীবন ও বৃদ্ধিদ ভাবগুলি চিত্রশিল্পের মধ্য দিয়া নিপুণভাবে ফুটাইয়া তুলিবাব উদ্দেশ্যে ১০৮-১০ন।

সংসক্ষ আনন্দবাজার—সংসক্ষেব সাধাবণ ভোজনাগার—পূর্বতন অবস্থা—সবল আনন্দ ও উদ্দীপনার অপূর্ব্ব প্রতিচ্ছবি-বিশেষ—আধুনিক অবস্থা ১০৯-১১১।

সংসঙ্গ গৃহনিশ্বাণ-বিভাগ—বাঙ্লাব গৃহ-সমস্থাব সমাধান-কল্পে ১১১-১১৩।

সংসঙ্গ ফিলান্থাপি — শ্রীশ্রীঠাকুবেব জনমন্ধলকব ভাবরাজি ও কর্মপদ্ধতি দেশেব সর্বত্র প্রচাব কবিবাব গুকদাযিত্বপূর্ণ কার্য্য ব্যাপকভাবে শৃঞ্খলাব সহিত 5: ইবাব নিমিন্ত ১১৩-১১৬।

সংসঙ্গ পল্লীবাসীর দৈনন্দিন কার্য্যক্রম—১১৬-১২১ , অধ্যায-উপসংহাব—১২১-১২২।

নবম অধ্যায়

120-108

শ্রীশ্রীঠাকুর অমুকুলচন্দ্র ও দেশবন্ধু চিত্তরঞ্জন

দেশবর্ষ্ চিত্তরঞ্জনের সহিত তাঁহার ভবানীপুরের (কলিকাতা) বাড়ীতে সংসঙ্গের কর্মিগণের শ্রীশ্রীঠাকুর-সম্বন্ধে কথোপকথন ১২৩-১২৪, সংসঙ্গের মাণিকতলাব বাসায শ্রীশ্রীঠাকুরের সহিত সাক্ষাৎ করিতে চিত্তরঞ্জনের আগমন এবং তাঁহাব সহিত 'নন্-কো-অপারেশন,' সেবাধর্ম, সমান্ধ, বিবাহ-সংস্কার, আদর্শ, নাম-ধ্যান, প্রভৃতি নানা বিষয়ে স্থণীর্য আলোচনা ১২৪-১২৭, দীক্ষাগ্রহণের জন্ম দেশবন্ধুর তাঁত্র ব্যাকুলতা-প্রকাশ—জননীদেবীর সহিত এসম্বন্ধে কথোপকথন—শ্রীশ্রীঠাকুরকে গুরুপদে বরণ ১২৭-১২৮, সন্ধীক চিত্তরঞ্জনেব সংসঙ্গে আগমন ও অবস্থান ১২৮-১২৯, চিত্তরঞ্জনের দার্জ্জিলিং গমন ও মহাপ্রয়াণ ১৩০-১৩১, পুত্র চিরবঞ্জনকে শ্রীশ্রীঠাকুরের সান্ধনাবাণী ১৩১-৩২, 'ইয়ং ইণ্ডিয়া পত্রিকায়' মহাত্মান্ধী কর্তৃক শ্রীশ্রীঠাকুর-সম্বন্ধে দেশবন্ধু-কথিত মন্তব্য-প্রকাশ ১৩২-১৩৩, চিত্তরঞ্জনের গুণগ্রাম-সম্বন্ধে শ্রীশ্রীঠাকুরের কথা ১৩৩-১৩৪।

বাধাবিদ্ধ ও বিরুদ্ধাচরণ

কৃষ্ণচন্দ্র দাসের বিজোহ-

ককচন্দ্রের প্রভিন্না ও উন্নতির জন্ম শ্রীনীঠাকুর আপ্রাণ চেষ্টা করিছেন এবং ভক্তবুন্দের নিকট তাঁহার গুণগ্রামের কথা বলিতেন। এখন-কি শ্রীগ্রীঠাকর সংসক্ষ প্রতিষ্ঠানের নারা দায়িত্পৰ্ণ কাৰ্য্যও তাহার উপর জন্ত করেন, ইহাতে তিনি ক্রমে জাতিবর্ণনিবিদ্রেশ্যে অনেকেরই শ্রদ্ধাভাষান হটরা উঠেন। তঃখের বিষর, এই উচ্চপদ ও সন্মান লাভ করিয়া ক্ষচন্দ্র অহস্কারে ক্ষীত হইরা উঠিলেন: উপকারীকে অস্বীকার করিবার তুর্বা দ্ধি প্রারশঃ তাঁছার মনে উদর হইতে লাগিল। এমন সময় অন্তন্ত ভটরা শ্রীশ্রীঠাকর বায়পরিবর্তনের জন্ত কাসিরাং বান। ইভাবসরে কঞ্চন্দ্ৰ খ্ৰীখ্ৰীটাকরের কভিপয় শিখের নিকট গোপনে প্রচার করিতে লাগিলেন বে, ছব মাসের মধ্যে । প্রীপ্রীয়াকর ইত্থাম ত্যাপ করিবেন এবং শ্রীপ্রীয়াকরের তিরোধানে ভিনিট তৎস্তলবর্ত্তী হুইবেন। শান্তই শ্রীশ্রীসাকর আরোগ্যলাভ করিয়া বাড়ী ফিরিলেন। স্বগ্রামে ফিরিয়া क्रमाहात्म्य प्रांतिका (प्रशिशा श्रीश्री)शंकत हिथ्यिक क्रेडिया अधितात । प्रथम स्रोतिक निर्माद প্রদার অর্থের সাভাষো খ্রীশ্রীটাকর একটি প্রেম ধরিদ করেন এবং ইভার কাষাপরিচালনার ভার বৃষ্ণচল্লের উপর অর্পণ করিয়া তাঁছার অর্পোপায়ের বাবস্থা করিয়া দেল। বৎসরাবধি কাল পরে শীশীঠাকুর পুনরায় করাক্রান্ত হন। কুঞ্চন্দ্রের মনে আবার পর্বপোষিত পাণপ্রবৃত্তি জাগিয়া উঠিল। এইবার তিনি নিতার অসতজ্ঞের মত প্রেসটকে নিজম সম্পত্তি বলিয়া দাবী করিলেন এবং শীশীয়াকরের কতিপয় শিরোর নিকট প্রচার করিতে লাগিলেন যে. এবার শ্ৰীশ্ৰীগ্ৰাকরের মতা নিশ্চিত এবং শ্ৰীশ্ৰীগ্ৰাকরের চৈতক্তধারা এখন তাঁছারই দেছের ভিতর লামিষা আসিরাছে, সুভরাং সভাপ্রচারের বাধাস্তরপ শ্রীশীচাকুরের এই সাধারণ শরীরটা যে-কেত লাশ করিতে পারিবেল তিলিই জগতে স্থার্থ স্তাধর্থ-প্রচারের সভায়ক কইবেল। এইভাবে করেকজনকে দলভুক্ত করিরা লইরা তাহাদের বারা গোপনে শীশীঠাকুরকে হত্যা করিশার বিরাট ষ্ড্যম্ম করিতে লাগিলেন। শীশীঠাকুরের অকুত্রিম ভালবাদা ও সরল মধুর ব্যবহার লাভ করিয়াও কৃষ্ণচল ঈদৃশ জ্বন্থ কার্ব্যে লিগু হইয়াছেল জানিতে পারিয়া कुक्कात्स्वत्रहे अञ्चलक श्रीश्रीशक्तव्रव अर्थनक निवा छ। हात्र निकं निकल परेना निवृत्र कतित्नम। এই সংবাদ শুনিবামাত্র কুণ্ণচক্র ভীত হইরা তৎক্ষণাৎ পাবন। ত্যাগ করেন এবং শ্রীশীঠা করের বিক্তে নালা কংসা প্রচার করিতে থাকেন। বছকাল লালাভাবে শক্রতা করিয়া অবশ্যে তিনি রে'গাক্রান্ত হইয়া অতীব ছর্দশায় পতিত হন। শীশীঠাকুর তথনও কুফচন্দ্র ও ভাঁছার পরিবারবর্গের ভরণপোষণ ও উন্নতির নিমিত যথেষ্ট অর্থবার করেন কিন্ত অকালেই क्किएखन मुठा इत । ১७৫--১७३।

'শনিবারের চিঠি'র অঙ্গীল দাহিত্য-প্রচার—

শীহরিপ্রসাদ মলিক নামে একব্যক্তি ত্রীপুত্র সহ সংসক্ষে আসেন এবং নিজেকে একজন প্রবীণ সমাজ-সংকারক বলিয়া প্রচার করিয়া তথায় বসণাস করিতে থাকেন। শীশীঠাক্রের নিকট তিনি নিত্যই নৃত্র দাবী উপস্থিত করিয়া অর্থ চাহিতেন, প্রাণান্ত পরিশ্রম করিয়া শীশীঠাকুর তাহা পূরণ করিতেন। ত্রীর সহিত মলিকবাব্ দিবারাত্র বাগড়া করিতেন এক্স্ত শীশীঠাকুর এবং পারিপার্থিক সকলকে যথেষ্ট বেগ পাইতে হইত। সংসক্ষে

পাকিরাই মন্নিকবাব্ শ্রীশ্রীঠাকুরের বিরুদ্ধে নানা মিখ্যা অভিযোগ প্রকাশ করিছেন। এইরূপে দিল্লু বাইতে লাগিল। একদিন রাত্রে সংসক্ষের কাহাকেও কিছু না জানাইরা পাবনার বাইরা শ্রীশ্রীঠাকুরের বিরুদ্ধে মিখ্যা কুৎসা রটনা করিরা অর্থসংগ্রহ করতঃ মন্নিকবাবু কলিকাতার গমন করেন এবং কিছুকাল পরে নানা কুৎসিৎ অভিযোগ করিরা তাঁহার পরিবারকে কলিকাতা পাঠাইরা দিবার জক্ত শ্রীশ্রীঠাকুরের নিকট পত্র দেন। অতঃপর শুনা গেল, মন্নিকবাবু বিশেষ একটা দল গঠন করিরা শ্রীশ্রীঠাকুরের নামে নিন্দাবাদ প্রচার করিতেছেন। ব্যাপকভাবে দীর্ঘকাল এই কাবা চালাইবার অভিপ্রায়ে মন্নিকবাবু দলের সকলকে লইরা 'শনিবারের চিটি'র শরণাপর হইলেন। তথন হইতে উক্ত পত্রিকার শ্রীশ্রীঠাকুর ও তাঁহার প্রতিষ্ঠানের বিরুদ্ধে নানা অমূলক অপবাদ উপস্থাসছলে বাহির হইরা দেশে একটা বিবাক্ত আবহাওরার স্থান্ট করিতে থাকে। এইরূপ জ্যাল সাহিত্য ও মিগা সংবাদ প্রচার করিবার অপরাধে 'শনিবারের চিটি'র সম্পোদক মহাশর গ্রেপ্তার হন এবং সমূচিত দণ্ডিত হন। ১৩৯—১৪২।

প্রতিবেশীর মিথ্যা অভিযোগ—

প্রতিবেশী মন্ত্রমদার মহাশরের অনুরোধে তাঁহার বাড়ীর নিকট দিয়া সংসক্ষের ইলে ক্টিক্তার চালান হইল এবং বিনা ধরতে তাঁহার আলোর স্থবিধা করিয়া দেওয়। ইইল। একবার উক্ত মন্ত্রমদার মহাশরের জনির তুইটা বাঁশ আসিয়া তারের উপর পড়ার তড়িৎ-চলাচলের বাধা হয়। মূলা লইয়া বাঁশ তুইটা কাটিবার অনুমতি দিবার জন্ত তাঁহাকে যথেষ্ট অনুরোধ করা হইল, কিন্তু এ বিবরে তিনি উপেকা প্রদর্শন করেন। উপায়ান্তর না থাকার কর্মিগণ বাঁশ তুইটার অগ্রভাগের কিন্নদংশ কাটিয়া তার চালাইবার পথ স্থাম করিয়া লন। ইহাতে কুছ হইয়া ভদ্রলোকটা তাঁহার বাধ্য লোকজন ভাকিয়া তার কাটাইয়া এবং কতকগুলি খুঁটি উঠাইয়া কেলেন। তথন তড়িৎশক্তির সাহাব্যে সৎসঙ্গের নানা প্রতিষ্ঠানে বিশেষ উজ্জনে কাজ চলিতেছিল। তড়িৎ-শক্তির অভাবে এই সকল কার্য্যের বিশেষ বিদ্ন ঘটে। এত ক্ষতি করিবার পরেও ভদ্রলোকটা একদিন আদালতে উপস্থিত হইয়া অভিবোপ করিলেন যে, সংসক্ষের কর্ম্মিগণ তাঁহার জমি হইতে প্রার গাঁচশত বাঁশ কাটিয়া নিয়াছে। আদালতের বিচারে উক্ত অভিবোপ বিলাপা প্রমাণিত হইল এবং ভক্তপ্ত তিনি নিজেই অভিযুক্ত হ্য়। ১৪২—১৪৩।

লুঠ-তরাজের অমূলক অপবাদ-

প্রার দশ বৎসর পূর্বের কথা। একদিন থামের করেকটা ছেলে জমিদার…সাহা চৌধুরী মহাশরের লাতৃষ্পুত্রের অধিনারকত্বে শ্রীশ্রীঠাকরের নামে সৎসক্ষ তপোবন বিভালর ও পাবদা কলেজের করেকজন হাত্রের সমূধে ক্ৎসিৎ ভাষার নিন্দা করে। ইহাতে উভর পক্ষে হাতাহাতি হয়। শ্রীশ্রীঠাকরের আদেশাস্ক্রমে উক্ত জমিদারবাবৃকে সকল বিষয় জানান হইল। ছুঃধের বিষয় ইহার পর হইতে সৎসক্ষের কর্মিগণের উপর নানা অভ্যাচার আরম্ভ হইল। একদিন থামের জমিদারের চক্রান্তে সৎসক্ষের তিনজন বিশিষ্ট কর্মীকে লুঠ করিবার অভিযোগে গ্রেপ্তার করা হয়, তাহারা জামিনে থালাস পান। এদিকে শ্রীশ্রীঠাকুরকে লোকচক্ষে হীন প্রতিপন্ন করিবার মানসে আনন্দবাজার পত্রিকার এই বলিরা মিখ্যা সংবাদ প্রকাশ করা হইল— শন্মক্ষের প্রতিষ্ঠাভা শ্রীশ্রীশ্রম্কুলচক্র ব্রেপ্তার—জামিনে থালাস।"

সৎস হ'-কর্মিগণের বিরুদ্ধে পুঠ-ভরাজের অভিবোগ সম্বন্ধে তদন্ত চলিতে লাগিল। অবশ্বে পুলিশপক্ষ এই মর্মে চূড়ান্ত রিপোর্ট দাখিল করিলেন বে, সৎসল-কর্মিগণের বিরুদ্ধে অভিবোগ সবৈব্ব মিধ্যা এবং তাহা নিতান্ত বড়বস্ত্র ও ইর্মামূলক। ১৪৩-১৪৬।

পারিপাশ্বিকের হীন আক্রমণ—

বংশর ছুই পূর্বের কথা। আর একটি অশান্তির কারণ ঘটিয়াছিল জমি-'একোয়ার' লইরা। সংসঙ্গের চতুন্দিকের কতকগুলি কদন্য প্রান্ধ 'একোয়ার' করিরা সংসঙ্গ প্রতিষ্ঠানের উরতি-সাধন করতঃ গ্রামবাসী তথা দেশবাসীর উপকার করিবার উল্লেখ্য চেইা চলিয়াছিল। সরকারী খায়্যবিভাগের ভিরেক্টর মহোদয় এই সকর জমি পরিদর্শন করিয়া সত্ত্র তাহার উরতি করা গ্রাহার করিয়া মন্তব্য প্রকাশ করেন। তদকুসারে গভর্গমেণ্টের ভরক হইতে পঞ্চাশ বিঘা জমি 'একোয়ার' করার নোটিশ প্রচার করা হয়। এই ব্যাপার লইয়া কতিপয় আর্গাদেব লোক সংসঙ্গের করের নোটিশ প্রচার করা হয়। এই ব্যাপার লইয়া কতিপয় আর্গাদেব লোক সংসঙ্গের বিরুদ্ধে স্থানীর লোকের এক দলকে উত্তেজিত করিবার জম্ম নানা বড়যন্ত্র করে। বিরুদ্ধেপক্ষীর গুপ্তাপ্রতির লোক সংসঙ্গবাসীদের উপর নানা অকণ্য অভ্যাচার করিতে পাকে। অভ্যাপর বিভাগীর কমিশনার মহোদয় বহু গ্রামবাসী এবং জ্বিলা-ম্যাজিট্রেটকে সঙ্গে লইয়া কয়ং স্থানগুলির অবহা ভর্ন-তর্ম করিয়া পরিদর্শন করেম এবং জমিগুলি 'একোয়ার'-বোগ্য বলিয়া মন্তব্য প্রকাশ করতঃ সংসঙ্গের মন্ত্রকলে নোকক্ষমাটীর চূড়াম্থ নিপত্রি করেন। ১৪৬—১৪৮।

·গুণ্ডার আকস্মিক উপদ্রব—

করেক বৎসর পূর্বের কণা। সেদিন দোল-পূণিমার উৎসব। তথন সন্ধার প্রাক্ষাল ।
আশ্রমবাসী প্রার্থ সকলেই কাশিপুরে অনন্থ মহারাজের গৃহে নিমন্তিত হইরা সিরাছেন। এমন সমর পাবনার কতিপর ভঙা ব্বক মারাল্রক অন্ত্রপান্তের সাজ্জিত হইরা সৎসঙ্গ-প্রাক্তে আসির' উপন্তিত হর এবং ইতন্তুতঃ ব্রিতে পাকে। একটা মেরে আশ্রমের সম্প্রথ নলকৃপ হইতে জল তুলিতেছিল, ভঙারা তাহার পারে কৃত্রুম নিক্ষেপ করে। এই সমর তাহারা সৎসঙ্গ তপোবন বিভালরের জনৈক শিক্ষককে একাকী দেখিতে পাইরা পশ্চাৎ দিক হইতে তাহার মন্তবে ছুরিকাল্বারা ভীনগভাবে আলাত করে। ভঙারা তথন আশ্রমের অন্তান্থ কল্মিগণুরে মারিবার জন্ম প্রতিতে থাকে। ইভিমধ্যে সৎসঙ্গ-প্রাক্ষণ জনকোলাহলমর হইরা উঠিল সকলে পলারমান ছুর্ভগুণের পশ্চাদ্ধাবন করিল—একটা যুবক গৃত হইল। এই ঘটনার পুলিশের জ্বোর তদও চলিতে লাগিল। ক্রমে এই ব্যাপার-সংগ্রিষ্ট সকল অপবাধীই গৃত হইল সরকারপক্ষ তুর্ভদের সমৃতিত দঙবিধানের জন্ম ভৎপর হইলেন কিন্তু শ্রীশ্রীনাকুর ইহাদে: মুক্তির জন্ম ভাগিলেন। ভিনি বলিলেন—এইবার ক্ষমা করিলে তাহাদে: অন্তরে অন্ত্রশোচনা আসিতে পারে কিন্তু শাসন করিলে হয়ত তাহাদের ছুর্দ্ধি আরও বৃশ্বিপাইর। নানা চের্টার পর অবশেষে জিলা ব্যাজিইটকে ধ্রিয়া শ্রীশ্রীঠাকুর অপরাধী যুবকদিগের মুক্তির বাবস্থা করিরা দিলেন। ১৪৮—১৫০।

চিত্রকর সত্যচরণ ঘোষের বিশাসঘাতকতা—

শীসতাচরণ ঘোষ নামে জনৈক চিত্রশিল্পী শীশীঠাকরের চরণে দীক্ষাগ্যহণান্তর সৎসক্তেপ্ত সভ্যশ্রেণীভূক্ত হইরা সন্ত্রীক আশ্রমে বাস করিতেন। তাঁহার সংসার-পরিচালনার বাবতী ব্যরাদি শীশীঠাকরই নিকাহ করিতেন। ক্রমে শীশীঠাকুর তাঁহাকে সৎসক্ত কলাকেক্রেণ্ড করেন এবং বৃদ্ধি, উপদেশ ও অর্থসাহাব্যের হারা বীল্লে বীল্লে তাঁহাকে স্থান্ত কর্মী করিয়া তোলেন। সৎসঙ্গ কলাকেক্রেল্ল প্রস্তুত চিত্র ও কটো প্রভৃতির বিক্রমণন অব্যাক্ষর বহুকাল বাবত উক্ত চিত্রকর মহাশ্রের হাতে আসিতে থাকে। প্রভৃত ধ্নসম্পদ পাইন্দ্রতার্বপর মনে হীনস্বার্থমূলক নানা তুরভিসন্ধির উদর হর এবং এই অর্থ কি-ভাবে আন্তর্মা

করিবেন তাঁহার পাপ মন তাহার উপার চিন্তা করিতে লাগিল। কালক্রমে সত্যচরণের হীন পাপপ্রবৃত্তি সাধারণের নিকট গরা পড়িল এবং নিতান্ত বিশ্বাসঘাতকের মত সংসক্ষ কলাকেক্রটাকে তিনি তাঁহার নিজক সম্পত্তি বলিরা দাবী করেন এবং গ্রাম্য কুলোকদিপের সহিত মিলিরা শ্রীশীঠাকুরের বিরুদ্ধে নানা মিণ্যা অপবাদ করিতে থাকেন—এমন-কি সংসক্ষের বিরুদ্ধে করেকটা ফৌজদারী ও দেওরানী মোকদ্দমা রুজু করিয়া এক বীভৎস ব্যাপারের সৃষ্টি করেন। বলাবাহলা মোকদ্দমাগুলি নিরু ও উচ্চ আদালতের বিচারে থিগা বলিরা প্রমাণিত হয়। ১৫০—১৫১।

অধ্যাত্তপ্রহতার-- ১৫১-- ১৫৩

একাদশ অধ্যায়

সমস্থা-সমাধানে মতবাদ

স্বাস্থ্য ?— মায়্ কাহাকে বলে এবং তাহা রক্ষার উপায় কি—শারীরিক বিধানসমূহের অস্কৃতার কারণ এবং স্বাস্থ্যকে অক্ষ্ম রাখিবাব প্রযোজনীয়তা ১৫৪-১৫৫; স্বাস্থ্যরক্ষার সহজ উপায়—ইট্রে সহজ আপ্রাণতা ১৫৫, পারিবারিক শান্তি ও মানসিক উৎফ্লতা ১৫৫-১৫৬, পারিপার্শ্বিকের প্রতি ইন্তর্যার্থাত্বগ সেবা ও সম্বর্জনা, উপযুক্ত বিবাহ ১৫৬, আদর্শ আহার্য্য ১৫৬-১৬১, আদর্শ শ্রীর-চর্চ্চা ১৬১-১৬২, জীবনীশক্তি ও আয়ুবৃদ্ধির কতিপ্য নিয়ম ১৬২-১৬৩।

শিক্ষা:—শিক্ষা কি -শিক্ষায় আদশান্তপ্রাণতা—শিক্ষায় দীক্ষা—শিক্ষায় শিক্ষকের দায়িত্ব ১৬৩-১৬৭, কার্য্যকরী ও শিল্পপ্রধান শিক্ষা ১৬৭, নারী-শিক্ষার আদর্শ-ধারা—শিশু-শিক্ষার নারীর দায়িত্ব ১৬৭-১৬৯।

সমাজ:--

বিবাহ-সংস্কার—বিবাহের প্রয়োজনীয়তা ১৭০, বিবাহ ও ধর্ম ১৭০-১৭১, বিবাহে স্থামীর প্রতি স্ত্রীর স্বাভাবিক শ্রদ্ধাভক্তির প্রয়োজনীয়তা— স্বামী-স্ত্রীর মধ্যে বয়স ও জ্ঞানের পার্থক্যের আবশ্রকতা ১৭১-১৭২, বিবাহ-সংস্কারে নারীর শিক্ষা, যোগ্যবর নির্বাচনে নারীর দায়িও ও কর্ত্তব্য ১৭২-১৭৪, সমাজ-গঠনে অন্থলোম অসবর্গ-বিবাহের উপকারিতা ১৭৪-১৭৬, বিবাহিত জীবনে পুরুষের ইষ্ট-নিষ্ঠার প্রয়োজনীয়তা, বহুবিবাহ ১৭৬-১৭৭, বিধবা-বিবাহ কথন বাঞ্চনীয়, ১৭৭-১৭৮, সমাজ-বন্ধনে আর্য্য বিবাহ-পদ্ধতি ১৭৮-১৭৯।

চাতৃর্বণ্য—বর্ণ ও বর্ণভেদের প্রকৃত অর্থ কি ১৮০-১৮১, আধ্য-বর্ণাশ্রমের বৈশিষ্ট্য ও সমাজ-দেহ-গঠনে তাহার একান্ত প্রয়োজনীয়তা ১৮১-১৮৪, আদর্শ ব্রাহ্মণ, আদর্শ ক্ষত্রিয়, আদর্শ বৈশ্য, আদর্শ শুদ্র বলিতে কি বৃঝি ১৮৪-১৮৬, চারি বর্ণের পরস্পরের সত্যিকার সম্বন্ধ ১৮৭-১৮৮, আধ্যক্ষষ্টিকে অবজ্ঞা করাই সমাজের অধঃপতনের মূল কারণ ১৮৮-১৮৯, সমাজ-দেহ পুনর্গঠনের উপায় কি ? ১৮৯-১৯০।

চতুরাশ্রম—আর্ধ্য-আশ্রমের বৈশিষ্ট্য কি ১৯০, চতুরাশ্রমের তাৎপর্য্য — বন্ধচর্য্যাশ্রম, গৃহস্থাশ্রম, বাণপ্রস্থাশ্রম ও সন্ন্যাসাশ্রমের পরস্পর সম্বন্ধ ও প্রতিটি আশ্রমের মহৎ উদ্দেশ্য ১৯০-১৯৩।

অম্পৃশাতা-ছু মার্গপ্রচলনে আর্য্যগণের প্রকৃত উদ্দেশ ও তাহার ঘণার্থ মর্ম্ম কি ১৯৩-১৯৪, বাংলার নবশায়কেরা কোন জাতীয় ১৯৪-১৯৫, বাংলার সাহা, শুঁড়ি ও স্থবর্ণ-বণিকদিগের হীনত্ব আসিল কোণা হইতে এবং ইহার প্রতিবিধানের উপায় কি ১৯৫-১৯৬, কোন কোন জ্বাতির অরজ্ঞলাদি গ্রহণীয়, কোন নীতির উপর দাঁড়াইয়া আধ্যসমাজে এই বিধি প্রচলিত হইয়াছে ১৯৬-১৯৭, নিমন্ত্রণগ্রহণ-সমস্তার সমাধান কোথায় ১৯৭-১৯৮। माजिजा-वाधि:--माजिजात कावन-चामर्भ ना थाका वा थाकिलाख নিজের প্রবৃত্তির ইন্ধনের প্রতীকরূপে তাঁহাকে ব্যবহার করা দারিদ্রোর লক্ষ্ণ-- motor ও sensory nerve-এর incoherence-এর पक्र वाक-विनामी, खवन, श्लामाननी, निक्मा ১৯৯, ungrateful-সন্দেহ-বিলাগী-honour-sensitive ২০০-২০১, saintly posed ugly attitude-এ চনা—ugly woman থেকে sexual-impulse বেশী excited হয়—philosophy of negation-এর মহান জন্তা ঋষি ২০১, treacherous, idle philosophers २०२, tenacity & intensity-3 অভাব-sympathetic ও serviceable manipulation-এ কাউকে काटक नाগार्ड भारत ना २०७, मर्वविषया राग्यमृष्टि—हेश मात्राज्यक সংক্রামক ব্যাধি ২০৪, অস্বাভাবিক ভক্তিসম্পন্ন হওয়ার pose নিয়া চলা ২০৪-২০৫, বহুনৈষ্ট্ৰিক—miracle বা mysticism-এর ভক্ত— পরশ্রীকাতর ২০৫, Becoming-এর কোন-কিছুকে achieve করতে করার চলনে চলতে ভীতি ২০৬, একজাতীয় inferiority-র প্রধান অগ্রদৃত भू:रेमथून-श्रञाव--- চরিত্রে ইহার বিশিষ্ট লক্ষণসমূহ ২০৭-২০৮, শিক্ষার দোষে কি ভাবে ছেলেদের motor ও sensory nerves-এর inco-ordination-এর স্ষ্টি হয় ২০৯-২১০, দাবিদ্রা-ব্যাধি হইতে উদ্ধার পাওয়ার উপায়—Superior Belaved-এ যুক্ত হওয়া ২১০-২১১, ইপ্ট বা প্রেপ্তের অমুকুলে প্রবৃত্তিগুলিকে চালান—এই ব্যাধিগ্রন্তদিগকে প্রেষ্ঠবান করতঃ অমুসন্ধিংস্থ সেবাপরায়ণ ক্রিবার উদ্দেশ্তে motor e sensory nerves-এর co-ordination সৃষ্টি कविवाव नाना कांग्रमा ७ উপाय २১১-२১२।

শিল্প ও বেকার-সমস্তা ঃ—শ্রমশিল্পের আদর্শ—প্রকৃত বেকার কে ২১৩-২১৪, বেকার-সমস্তা-দ্বীকরণে পারিপার্শিকের প্রতি ইষ্টাস্থ্য সেবার প্রয়োজনীয়তা ২১৪-২১৫।

বিজ্ঞান:—প্রকৃত বিজ্ঞান-চর্চা কি—বিজ্ঞান ও আধ্যাত্মিকতা—বৈজ্ঞানিক ও সাধক ২১৫-২১৭, বিজ্ঞান-শিক্ষার লক্ষ্য কি—বৈজ্ঞানিকের আবিক্ষার মানব-জ্ঞাতির জন্ম ২১৭-২১৮।

রাষ্ট্র:—প্রকৃত স্বাধীনতা কাহাকে বলে, স্বাধীনতা-লাভের অমোঘ মন্ত্র—পারিপার্শিকের দেবা ২১৮, 'দেশ' কথার অর্থ কি—দেশের স্বাধীনতা কোন্পথে ২১৮-২১৯, ষ্টেট্ (রাজ্য) বলিতে কি বুঝি—রাজনীতি কি ২১৯-২২০, প্রকৃত দেশ-দেবা কাহাকে বলে ২২০-২২১, কঃ পদ্ধাঃ ২২১-২২২।

রাজা-প্রজার সম্বন্ধঃ—(জমিদার ও প্রজার অধিকার)—২২২-২২৬।

ধর্মঃ—ধর্মের উপাদান বাঁচা ও বৃদ্ধি-পাওয়া— আর ইহার জন্ম জীবস্ত দেব-মানবকে আশ্রয় করিয়া চলিবার প্রয়োজনীয়তা ২২৬-২২৭, ধর্মের প্রতি হাড়ভাঙ্গা টান থাকিলে সকল ভেদ-বৃদ্ধি দূর হয়—প্রকৃত পীর বা সাধুর নিকট সাম্প্রদায়িকতা বা ধর্মের অনৈক্য বলিয়া কিছু নাই ২২৭-২২৮, আয়া ধর্মশাস্ত্র অবজ্ঞার সহিত মূর্ভিপূজা সম্বন্ধে ঘোষণা করিয়াছেন কিন্তু ইহার প্রয়োজনীয়তা কতটুকু ২২৮-২২৯, হজরত রহল ক্ষয় মানব-জীবনের উদ্ধাতা-সাধকের স্ততি করিয়া গিয়াছেন এবং সকল মহা-পুরুষদের প্রতি শ্রদ্ধাসম্পন্ন হইযা চলিবার জন্ম উপদেশ দিয়া গিয়াছেন ২২৯-২৩০, হিন্দুর জন্মান্তর লইয়া ম্সলমান বা খৃষ্টানের সহিত কোন গোল নাই—অবতারকে যাহারা মানেন না, কোরাণের কথায় তাহারা ম্সলমানই নয় ২৩০-২৩১, মান্থুয়ের গৌল কোথায় ২৩২-২৩০, প্রেষ্ঠকে পূরণ করিবার urge-এর উপর জাতির স্বাধীন উপার্জন-ক্ষমতা কিন্ধপে নির্ভর করে ২৩৩-২৩৬, আধুনিক শ্র্মশিল্পের অক্তকার্যতার প্রতিবিধান কোথায় ২৩৬-২৩৭।

স্থাদশ অধ্যায়

२७५---७१३

গ্রন্থ-পরিচয়

সত্যামুসরণঃ—হ্দনা— ত্র্বলতা ও সবলতার কথা ২০৮-২০৯, অহতাপকারীর প্রতি উপদেশ—কামরিপু-দমনের উপায়—ত্বংথ কি —ত্বংথ দূর করিবার উপায়—সত্রল ও কপট ব্যক্তির তুলনা ২৩৯-২৪০, পরনিন্দার কুফল— ধর্ম কি—সদ্গুরুকে চিনিবার উপায় ২৪১-২৪২, শিশু কে—সেবা করিতে হয় কেমন করিয়া—স্পষ্টবাদিতা, সংযম, ধৈর্য্য, ক্ষিপ্রতা, চলা, বলা প্রভৃতি বিষয়ে গভীর-ভাবব্যঞ্জক কতিপয় বাণী ২৪২-২৪৩, কর্মফল ও অদৃষ্ট
—কাহারও সহিত মনোমালিগু ঘটিলে তাহার সহিত প্রীতিসংস্থাপনের
উপায়—অন্তায়ের প্রতিশোধ লইবার পত্থা—বিশাস ও অবিশ্বাস ২৪৩২৪৪, অহন্ধার কেমন করিয়া হিংসায় এবং ভক্তি কি ভাবে প্রেমে পর্যাবসিভ
হয়—অপরাধীকে ক্ষমা করিতে হয় কি-করিয়া—শ্রেষ্ঠ সার্থকতা-লাভের
স্থগম পথ এবং তাহার অন্তরায়ের হেতু ২৪৫, উপসংহার ২৪৬।

তাঁর চিঠিঃ—স্চনা—ভারতের অবনতির কারণ এবং তাহার ভবিশ্বৎ কল্যাণের উপায়—প্রকৃত ভালবাসা এবং কৃত্রিম ভালবাসার স্বরূপ কি—বিশ্বাস ২৪৬-২৪৮, সাধন-পথের যাত্রীদের অগ্রসর হওয়ার উপায়—ত্র্বলকে অভয় ও ভরসা দান করিয়া ২৪৮-২৫১, ব্যথা আমাদের কত স্বহৃদ্—'বিবাহ' কথার অভিনব ব্যাখ্যা—কাম-দমনের উপায় নির্দেশ ২৫১-২৫৬, দেশবঙ্কুর নিকট—সেবার মাহাত্ম্যা—সেবা কেমন করিয়া করিতে হয়—ভগবানের প্রতি একনিষ্ঠ টানের ফল—বীরের ধর্ম কি—সহধ্মিণীর কর্ত্তব্য কি ২৫৬-২৫৬, উশ্বত আদর্শে উদ্বৃদ্ধ করিয়া—অবসাদের উৎপত্তি কোথায় এবং তাহা নিরাকরণের উপায় কি ২৫৬-২৫৭, আদর্শ নারীমৃত্তি কেমন—মৃত্যুসম্বদ্ধে প্রশোকাত্ম্বকে সাম্বনা দিতে যাইয়া) ২৫৭-২৫৯, সঙ্ঘ-পরিচালনায় কর্ত্বব্যপালন বিষয়ে—কর্মহীন ধর্ম প্রকৃত ধর্ম নয় কেন—প্রতিষ্ঠা ও সফলতালাভের উপায় ২৫৯-২৬১, উপসংহার ২৬১-২৬২।

নানাপ্রাসক্তে :— স্টনা—ধর্মের প্রকৃত অর্থ কি—প্রকৃত ধামিক কে ২৬২-২৬৪, ধর্মের মারামারি কথনও কোথায়ও নাই—ধর্মে ধর্মে বিরোধ-স্টের কারণ—গুরু বা চালক বলিতে কি বুঝি—গুরুত্বের অপলাপ কি করিয়া আসে—উন্নয়নের পথে গুরু বা আদর্শের প্রয়োজনীয়তা—গুরু বাদ শুনিয়া বিদ্রোহী হইয়া উঠিবার কারণ এবং তাহার কু-ফল ২৬৪-২৬৭, মৃত্যু, মৃতকে বাচাইবার উপায় সহক্ষে—মাহার মরিয়া কোথায় বায়—মৃক্তি মানে কি ২৬৭-২৭০, মাহার কি কথনো ভগবান্ হইতে পারে—স্বরাজ কাহাকে বলে—স্বরাজ-লাভের প্রকৃষ্ট পদ্ধা ২৭০-২৭১।

নারীর পথে ঃ— স্টনা—বন্ধচর্য কাহাকে বলে—বিবাহিত-জীবনে বন্ধচর্য-রক্ষা সম্ভবপর কি না— কামিনী-কাঞ্চন হইতে তফাং তফাং রামক্রফদেবের এই কথার প্রকৃত অর্থ কি ২৭২-২৭৩, নারীর বৈশিষ্ট্য কি—প্রক্ষমের প্রকৃতি কি—নারী ও পুরুষের মিলনের আদর্শ ও সার্থকতা কোথায় ২৭৪-২৭৫, নারীর স্বাধীনতা (বা মৃক্তি) বলিতে কি বৃঝি—নারী-পুরুষের পরস্পর আসন্তির ভিতর কোন পার্থক্য আছে কি না—স্থামীর আদর্শের সঙ্গে স্তীর সম্বন্ধ কিরূপ হওয়া বাস্থনীয়—আদর্শ ইইতে স্বামীর বা স্বামীর

আদর্শ হইতে পত্নীর বিচ্যুতি ঘটিলে উপায় কি ২৭৬-২৭৮, শশুর গৃহে বিবাহিতা মেয়েদের কি ভাবে থাকা উচিত—অনেক সময় বড় লোকের অযোগ্য সম্ভান জন্মে অথচ অনেক নিক্নষ্ট লোকের প্রতিভাবান্ ছেলে জন্মায়, ইহার কারণ কি ২৭৮-২৮০, অপ্রজননে নারীর দায়িত্ব—পদস্থালিতা নারীদের কি ব্যবস্থা ইওয়া উচিত—প্রায়শ্চিতের প্রক্রত উদ্দেশ্য কি ২৮০-২৮২।

কথাপ্রসঙ্গে ঃ—হ্রচনা—কভিপন্ন দিবসের আলোচনার স্থান, সমন্ন ও বিষন্ন বস্তুর সারাংশ ২৮২-২৯২, প্রাণায়াম ২৯২-২৯৪, হিন্দু বলিতে আমবা কি বুঝিব ২৯৪-২৯৬, আর্য্য জাতির সঙ্গে আর্য্যেতর জাতির সংমিশ্রণ—ভারত, পারশ্র, ইউরোপ ও আমেরিকার আর্যাদের মধ্যে পার্থক্য আছে কি —আর্য্য, দ্রাবিড়, মঙ্গোলীয়, নিগ্রো প্রভৃতি নানা জাতির মধ্যে কি কোন বাস্তব মিলনহত্র নাই ?
—সন্ত্রুক্ক কাহাকে বলে ও তাহাকে চিনিবার উপায় কি ২৯৭-২৯৮, অবতার ও সন্ত্রুক্ক মধ্যে প্রভেদ কি ২৯৮-২৯৯, সাধারণতঃ আমাদের দেশে সাধু মহাপুরুষ প্রত্যেকেই স্ব-ম্ব প্রধান,—ইহার কারণ কি ২৯৯-২০২ শ্রীক্রম্ব প্রভৃতি গুরু-পুরুষোন্তমের অম্বুসরণকারী অপেক্ষা আমাদের সমাজে বৈষ্ণব, শৈব, সৌর, শাক্ত, গাণপত্য প্রভৃতি বিভিন্ন পূজক-সম্প্রদায়ই বেশী—ইহার কারণ কি, শ্রীক্রম্বের রাসলীলার তাৎপর্য্য ৩০২-৩০৫, "সহপ্রদল কমলের" বর্ণনা ৩০৫-৩০৭।

ইসলাম-প্রসঙ্গে :— স্টনা— বিষয়স্চীর সাবাংশ ৩০৭-৩১০, কোরাণোক্ত কলেমা, নামাঙ্গ, বোজা, হজ, জাকাত এই পাঁচটী ফরজের তাৎপর্যা—জীবন-বৃদ্ধির জন্ত এগুলি পালনের প্রয়োজনীয়তা—অন্ত ধর্মেও এইরূপ কোন বিধান আছে কি না ৩১০-৩১৩, নূর ও শব্দ আর ফেরেন্ডা বা দেবদূত কি ? ৩১৩-৩১৫, হজরত মুসলমানের মতে শেষ নবী—ইহা কি সত্য ৩১৫-৩১৯, হজরত রক্তল ধনাকাজ্জাকে কল্যাণের পথ বলিয়া নির্দেশ করিয়াছেন, আবার হিন্দুরা বলেন, "অর্থমনর্থং ভাবয় নিত্যম্"—এ-ছইয়ের সামঞ্জন্ত কোথায়—রূপণতাই বা দোষের কেন ৩১৯-৩২০, হজরত ব্যবসায়কে জীবিকার্জনের সর্প্রশ্রেষ্ঠ পন্থা বলিয়া নির্দেশ করেন কেন ৩২০-৩২৩, স্কন্ত-প্রথার তাৎপর্যা কি—হিন্দুদের ভিতরে কি এইরূপ কোন সংস্কার নাই ৩২৩-৩২৪, উপসংহার ৩২৪-৩২৫।

নারীর নীতি :— স্ট্রনা ৩২৫-৩২৬, সতী-নারীর আদর্শ—নারীর বৈশিষ্ট্য—
কুমারীত্বে কর্ত্তব্য—একান্তরক্তি ৩২৬-৩২৭, বিবাহ-পরিহারে—লব্জা ও সঙ্কোচ
—গুপ্ত পুরুষাকাজ্জা—প্রতিষ্ঠায় প্রেম ৩২৭-৩২৮, কামে কাম্য—প্রেরণায় স্ত্রী
—শিল্প-ব্রত ৩২৮-৩২৯, শুচি ও পরিজ্জ্জ্জায়—ছন্মবেশী মাতৃভাবে ৩২৯, বরণে
বিচার—ধর্মাচরণে—জীবন-ধর্মে ইষ্ট ৩৩০, স্থপ্রজ্জননে নিষ্ঠা—স্থামীর বিপথগ্যনে

৩০১, স্বামী-প্রতিষ্ঠায় গুরুজন-সেবা--গভিণীর গর্ভচর্বাায়--বিধবার আদর্শ---বালবৈধব্যে ৩৩২-৩৩৩, বোগচর্যায় গাছ-গাছড়া ৩৩৩, উপসংচার ৩৩৩-৩৩৪। চলার সাথী :---স্টুচনা ৩৩৪-৩৩৫, সৃষ্টিতত্ত্বের বর্ণনার যংকিঞ্চিৎ--প্রক্রয়কে নারীমুখী না হইয়া আদর্শমুখী হইবার জন্ম উপদেশ ৩০৫, ক্লুতকার্য্যতালাভের পদা-প্রত্যেকের অন্তরের অধীশ্বর হইবার উপায়-চঃথ জয় করিয়া স্থণ-লাভের উপায় ৩৩৬-৩৩৭. শুভদশী ও মনদদশী--সিদ্ধি-লাভের মূলমন্ত্র-ক্বতার্থতার রাজনক্ষণ—দারিদ্রোর মূলগত কারণ—কতিপয় তত্তপূর্ণ নীতিবাক্য ৩৩৭-৩৩৯, সঞ্চয় সম্বন্ধে উপদেশ—আদর্শ কে এবং জীবনে আদর্শান্তরক্তির প্রয়োজনীয়তা কতটক ৩৩৯-৩৪০. 'পাওয়ার' অব্যর্থ সঙ্কেত—সত্য ও মিথা। —সাধনা ও সিদ্ধি—কর্মফল ও অদষ্ট—দৈব ও পুরুষকার—ধর্ম ও অধর্ম ৩৪০-৩৪২, খ্যান-সাম্প্রদায়িক বিরোধের কারণ এবং ডাহাতে জ্বাতীয় অধংপতন হয় কি করিয়া ৩৪২-৩৪৩, ধশামুসরণে উন্নতি নিশ্চিত—আত্মপ্রতিষ্ঠার উপায় — मारूरवत कीवरानत मुशां इहेवांत श्रांनेख वर्षा ७८०. श्रुक्त वर्ष कि नाती वर्ष এরপ প্রশ্নই হইতে পারে না ৩৪৪. ব্যবসায়ে ক্রতকার্যাতালাভের উপায়-চিকিৎসকের দায়িত্ব ও কর্ত্তবা---বেকার-সমস্তা-সমাধানের ফলর বাবহার-কৌশল ৩৪৪-৩৪৬ ৷

চলার রীতি:—স্টনা ৩৫৫-৩৫৬, মানবমাত্রেরই দহজ্ব-চলার তিনটী রীতি ৩৫৬, সাধনায় চরিত্র—সাধু—প্রকৃত ধ্যান—ধ্যানের পদ্ধতি—সমাধি ৩৫৬-৩৫৮, ধ্যানে অমুভৃতি—প্রকৃত ধ্যানে মন্তিদ্বের উর্বরতা—প্রকৃত জ্বপ ০৫৮-৩৫৯, জ্বপের তাংপর্য্য—অর্ভৃতি মানে কি—যাজন ৩৫৯, জীবন ও বৃদ্ধির ষ্ট্স্ত ৩৬০, যাজক—সম্বর্ধনের চারিটা বিধি ৩৬১, স্বস্ত্যুয়নী (ছংস্থ নরনারীর জীবন-সংগ্রামে জয়ী হইবার আমোঘ উপায় ৩৬২-৩৭৬, ইস্টভৃতি মাহুবের স্থিতিকে অক্র ও অটুট রাখিবার পদা) ৩৭৩-৩৭৭, ইপ্তআতার প্রতি কর্ত্তর্য ৩৭৭-৩৭৮, দীক্ষা ৩৭৮, দক্ষিণায় দক্ষতার সঞ্চারণ—বাংলা-ভাষায় রচিত প্রার্থনা ও সন্ধ্যামন্ত্র ৩৭০।

ত্ৰয়োদশ অধ্যায়

SD0--808

চরিত্রাখ্যান

অক্লান্ত দেবা দ্বারা মানুষকে সতত জীবন ও বৃদ্ধির পথে চালিত কবিবার বিবরণ ৩৮০-৩৯২, নবাগতের প্রতি প্রাণখোলা ব্যবহার ৩৯২, পরত্বংখকাতরতা ৩৯২-৩৯৩, সকলের সহিত একাত্মবোধ ৩৯৪-৩৯৫, রোগাক্রাম্বকে স্বস্থ করিতে অক্লান্ত চেষ্টা ৩৯৫, আসন টলার কথা ৩৯৫-৩৯৭, ইতর প্রাণী ও উদ্ভিদাদির প্রতি মমতা ৩৯৭-৪০১, আবালবন্ধবনিতা প্রত্যেকের সহিত ব্যক্তিগত র্নিষ্ঠতা ৪০১-৪০৩, স্বার্ট যে ক্তথানি হান্য অধিকার ক্রিয়া আছেন তাহার পরিচয় ৪০৩-৪০৪, বাক্তিমাত্রেরই আগমনে অসীম হর্ষোৎফল্লতা কিন্তু প্রস্থানকালে দারুণ বাথাবোধ ৪০৪-৭০৫, কাহারও মতাতে কতথানি বিচলিত হন ৪০৬-৪০৭, অক্সায়কারীর প্রতি ক্ষমা-প্রদর্শন ও সহামুভতি-পূর্ণ ব্যবহার ৪০৭-৪১১, অন্তের কু দেখিতে পারেন না ৪১১-৪১২, কন্মিগণের মধ্যে মনো-মালিক্ত ঘটিলে নিদারুণ মনোব্যথা ৪১২. প্রত্যেকের উন্নতির জক্ত অপরিসীম চেষ্টা ৪১২-৪১৩, মাতজাতির প্রতি গভীর শ্রদ্ধা ৪১৩-৪১৪, অন্তের প্রশংসায় পঞ্চমুখ किन्न <u>আञ्चर्यांशाय</u> मुक 858-854, পোষাক-পরিচ্ছদের সরলতা, ও সহজ চালচলন, আচার-ব্যবহারের অসীম নম্রতা ৪১৬, ভিক্ষায় বাহির হওয়া কালীন অপূর্ব্ব ব্যাপার ৪১৬-৪১৮, আশাবাদিতা ও চিরশুভদশিতা ৪১৮-৪২০, অপর্ব্ব কর্মশক্তি ও অসীম ধৈর্ঘাশীলতা ৪২০, বিপদে নিভীকতা ৪২০-৪২১, সর্ব্ব ধর্মমত ও অবতার-পুরুষগণের প্রতি অক্বত্রিম শ্রদ্ধাপ্রদর্শন ৪২১-৪২২, বিভিন্ন ধর্মাবলম্বী জনমাত্রের পূজাম্পদ ৪২২-৪২৬, সকলকে ইষ্টপ্রতিষ্ঠাপন্ন করিবার জ্বন্থ আপ্রাণ চেষ্টা ৪২৩, তাঁহার সংস্পর্ণে আসিয়া সকলেরই জ্রুটিবিচ্যতি সারিয়া যায় ৪২৪-৪২৫, তাঁহার সঙ্গ করিয়া সর্বসাধারণ कि উপলব্ধি कतियो थारकन ४२৫ ४२७, दिनन्तिन कीवरनत कर्य ७ बाह्यरावत স্হিত তৎপ্রচারিত বাণীর অপুর্ব সামঞ্জু ৪২৬-৪২৭, স্বভাবগৃত ক্লচি ও অভ্যাসের বিষয়ে কতিপয় বৈশিষ্ট্যের কথা ৪২৭-৪২৯, তাহার জীবন-চলনার সর্ব্বপ্রধান বিশেষত্ব—অপূর্ব্ব মাতৃ-নিষ্ঠা ৪২৯-৪৩৩।


পরিশিষ্ট

প্রথম স্তবক 804---889 বাল্যরচনা কবিতা, গান, নাটক ইত্যাদি দিভীয় স্মৰক 888---865 সংকীর্ত্তন গান তংকালীন অবস্থা, সঙ্গীতাবলী, ঠাকুর হরনাথের কথা ভভীয় স্তবক 842-848 শ্রীশ্রীবিশ্বগুরু-আবির্ভাব মহামহোৎসবের আহ্বান-পত্র চতৰ্থ স্তবক 844-849 অমিয়বাণীর ভূমিকায় শ্রীশ্রীঠাকুরের পরিচয় পঞ্চম স্তবক 865-850 আধুনিক রচনা কয়েকখানি চিঠি, কতিপয় বাণী, নববর্ষের শুভ আশীর্কাদ ষষ্ঠ স্তবক 8 98-890 সাধন-তত্ত স্ষ্টিতত্ত্ব, দেহতত্ত্ব, সাধন-রহস্ত, স্থরত-শব্দযোগ ও অমুভূতি-পরিচয় সপ্তম স্তবক 893---895 পরিদর্শকের মস্কব্য দেশবিদেশের বিশিষ্ট ব্যক্তিগণের কতিপয় অভিমত অইম স্বৰক 892-866 কোষ্ঠীবিচার প্রাচ্য ও পাশ্চাত্যমতে গণনা, ফল-পরিচয় ইত্যাদি নবম স্তবক 809-826 শ্রীশ্রীভগুসংহিতা বিবরণ দশম স্তবক 829-603 ক্ষাংশ-পত্রিকা পিতৃকুল ও মাতৃকুল গ্রন্থ-সমাপন 802-676

চিত্রসূচী

	বিষয় •		পত্ৰান্ত
١ د	শ্রীশ্রীঠাকুর অন্তকুলচন্দ্র (পঞ্চাশৎ বর্ষে)		মুখপত্ৰ
٦ ١	শ্রীপ্রীঠাকুর অমুকুনচন্দ্র-প্রতিষ্ঠিত সংসঙ্গপল্লীর	সংক্ষিপ্ত	
	পরিচয়পত্র	•••	১৸৽.
ن ا	गाजायही कृष्ण्यनात्री (पदी) ···	•••	8
8	পিতৃদেব শিবচন্দ্র চক্রবন্তী		Ъ
a I	জননী মনোমোহিনী দেবী · ·	••	7.6
91	শ্ৰীশ্ৰীঠাকুব অন্তকুলচন্দ্ৰ (বাল্যে)	•••	₹8
91	শ্রীশ্রীসাকুর অন্তকুলচন্দ্রের জন্মভূমি (পদ্মাতীব	বত্তী হিমাইতপুর) ৩২
ы	শীশীসাকুর অন্তকূলচক্র ও মহাবাজ অনন্তনাথ	•••	8 •
١٩	ভাবসমাপি-অবস্থায় শ্রীশ্রীঠাকুর অন্তক্ত্রচন্দ্র	•••	86
۱ ه د	পুরীতে সমুদ্রজনে দণ্ডায়মান শ্রীশ্রীঠাকুর অন্তব্	লচন্দ্ৰ	(b
221	শ্রীশ্রীসাকুর অন্তকুলচন্দ্র (পাঠ্যাবস্থান)	•••	90
25 1	পিতৃদেব ও ভক্তগণের সহিত শ্রীশ্রীঠাকুর অন্ত	কুল চন্দ্ৰ	৮8
१०।	সৎসঙ্গ কেমিক্যাল্ ওয়ার্কসের বহির্ভাগ	•••	અંદ
186	সংসন্ধ দাতব্য চিকিৎসাল্য ···	•	704
1 36	সমবেত প্রার্থনায় জননীদেবীর সহিত শ্রীশ্রীঠা	কুর অমুক্লচন্দ্র	250
१७ ।	চিত্তবঞ্জনের শ্রাদ্ধবাসরে শ্রীশ্রীঠাকুর অন্তকুলচ	দ্রের কুত্বমদাম-	
	স্থপঙ্কিত প্রতিকৃতি …		५७३
۱۹۷	শ্রীশ্রীঠাকুর অন্তকৃলচন্দ্র (যৌবনে)	•••	288
1 46	শ্রীশ্রীঠাকুর অন্তুকলচন্দ্র (ত্রিংশৎ বর্ষে)	•••	১৬০
। ६८	পুরী সমুদ্রসৈকতে শ্রীশ্রীঠাকুর অন্তক্লচন্দ্র,		
	জননীদেবী ও অনন্তনাথ ···	•••	39.5
۱ ه ۶	সংসঙ্গ তপোবন বি তাল য় ···	•••	725
२১।	শ্রীশ্রীঠাকুর অন্তকূলচন্দ্র (চম্বারিংশং বর্ষে)	•••	२०४
२२ ।	সংগন্ধ বিশ্ববিজ্ঞানকেন্দ্র ···	•••	२ऽ७
२७ ।	জন্মোৎসব-অভিষেকে জননীদেবীর সহিত		
	শ্রীশ্রীঠাকুর অন্তক্লচন্দ্র ···	•••	২৩০

	বিষয়	পত্ৰাক
२8	শ্রীশ্রীঠাকুর অন্তকুলচন্দ্রের যৌবনে রচিত	
	'সত্যাম্বসরণের' হস্তাক্ষরের প্রতিলিপি	২ ৪०
₹€	मह्धर्मिंगी औ्युटक्चित्री त्यांज्ञीताना त्मती	२৫२
२७।	শ্রীশ্রীঠাকুর অমুক্লচন্দ্রের উনপঞ্চাশং জন্মতিথিতে	
	পদ্মায় স্নানোৎসব · · ·	२७8
291	জ্বোষ্ঠা কন্তা শ্রীমতী সাধনা দেবী, বি-এ ···	२৮०
२४।	ভগিনী শ্রীমতী গুরুপ্রসাদী দেবী ও ভ্রাতৃপুত্রীদ্বয় ···	२৮०
२२ ।	কনিষ্ঠা কন্তা শ্ৰীমতী সাম্বনা দেবীর সহিত	
	শ্রীশ্রীঠাকুর অন্তক্লচন্দ্র (পঞ্চ-চন্বারিংশং বর্ষে) ··	২৯৬
90	শ্ৰীশ্ৰীঠাকুর অফুকুলচন্দ্ৰের পুরাতন ভদ্রাসন বাটার একাংশ	७५२
100	সংসক্ষ মাতৃবিতালয় · · ·	৩২৬
७२ ।	সংসঙ্গের কর্ম্মিগণ গৃহ নির্মাণ করিতেছেন	988
৩৩।	সংসঙ্গ প্রেস ও পাব্লিশিং বিভাগের কম্মি-সম্মিলন	৩৬০
୬୫ ।	শিষ্যবর্গ সমভিব্যাহারে শ্রীশ্রীঠাকুর অন্তক্লচন্দ্র 🕠	৩৭৬
001	পরিবার ও শিষ্যবর্গ-পরিবৃত শ্রীশ্রীঠাকুর অহুকুলচন্দ্র	৩৯২
৩৬	ইউপূজা-নিরতা জননী মনোমোহিনী দেবী ···	8 0 8
991	মাতৃ-অঙ্কে শাযিত শ্রীশ্রীঠাকুর অন্তক্লচন্দ্র 🕠	836
৩৮।	প্ৰতন আচাৰ্য্যগণ (স্বামীজী মহারান্ত, হজুব	
	মহারাজ, মহারাজ সাহেব, সরকার সাহেব) · · ·	800
160	শ্রীশ্রীঠাকুর অম্বকূলচন্দ্রের বাল্য-রচনার হস্তাক্ষরের	
	প্রতিলিপি	880
80	ভাবসমাধি-স্থানের অগ্যতম দৃগ্য · · · ·	800
821	শ্রীশ্রীঠাকুর অগ্নকৃলচন্দ্রের আধুনিক রচনার	
	হন্তাক্ষরের প্রতিলিপি · · ·	8.4.5
88	সংসঙ্গ মেকানিক্যাল্ ওয়ার্কসের অভ্যস্তর ভাগ্নের একাংশ	898
8७।	শ্রীশ্রীঠাকুর অন্তক্লচন্দ্রের বর্ত্তমান বাসভবনের সম্মুখ-	
	ভাগের দৃত্য ··· ·	8৮७
88	শুনাইগাছা গ্রামে পিতামহের বাস্বভিটা	લન્દ્રક
80	গুয়াখাড়া গ্রামে পিতৃদেবের পরিতাক্ত বাসস্থান · · ·	સ્વક



শ্রীশ্রীঠাকুর অনুকৃলচন্দ্র-প্রতিষ্ঠিত সৎসঙ্গপল্লীর সংক্ষিপ্ত পরিচয়পত্র

শ্রীশ্রীঠাকুর অন্তকুলচন্দ্র

প্রথম অধাায়

জন্মস্থান, বংশ-পরিচয় ও জন্ম

পাবনার ইতিবৃত্ত সম্বন্ধে কেছ কেছ বলেন, প্রাচীন পৌণ্ডু বা পৌণ্ডু বর্দ্ধন রাজ্যেব নাম হইতে 'পাবনা' নামের উৎপত্তি। তাঁহাদের মতে এই পৌণ্ড বৰ্দ্ধন রাজ্যে 'পদ' নামক এক জাতি বাস করিত, গৌডের সঙ্গে এই রাজোব থবই সম্পর্ক ছিল এবং বগুড়া জিলার অন্তর্গত 'মহাস্থান' ইহার রাজ্পানী ছিল। বর্ত্তমান পাবনা জিলা রাজ্সাহী বিভাগের সর্ব্ব-দক্ষিণে অবস্থিত। পূৰ্ব্বদিকে ধমুন। এবং দক্ষিণে পদ্মানদী এই ক্ষুদ্ৰ জিলাটীকে বেষ্টন করিয়া আছে। পশ্চিম বন্ধ হইতে রেলপথে উত্তব বন্ধে যাইতে হইলে, পদ্মানদীর উপরিস্থ স্থরহং হাডিঞ্জ ব্রীজ (সারা সেতু) পাব হইযা नेयवमी त्वलाहेगत भोहित्व इम्र। भावना मङ्ब नेयवमी इटेट्व अर्वामिक আঠার মাইল দূরবত্তী। হিমাইতপুর পাবনা সহরের উপকণ্ঠবত্তী এক অতি ক্ষুদ্র প্রাচীন গ্রাম। ইহা পদ্মার উত্তর তীরে অবস্থিত। অনেকে বলেন, 'হিমাইতপুর' শন্দটা 'হিম্মংপুর' শন্দেব অপভংশ। প্রচলিত জনপ্রবাদ—দিল্লীসমাট আকবরের প্রধান রাজপুত সেনাপতি মহাবীর মানসিংহ বঙ্গদেশে বিদ্রোহ-দমনের জন্ত আগমন কবিলে ভাহার দাময়িক অবস্থানের জন্ম তদীয় সৈত্যাধাক্ষ হিম্মং থা এখানে একটা সেনানিবাস (ছাউনী) স্থাপন করিণাছিলেন; তাঁহার নামান্তপারে এই স্থানের নাম হিম্মংপুর এবং পার্শ্ববর্ত্তী গ্রামটীর নাম ছাত্নী হইয়াছে। 🛚 উক্ত সেনানিবাসের এতদঞ্চলে অদ্যাপি "রাজা মানসিংহের বাড়ী" বলিয়া পরিচিত। রাজা মানসিংহের হাতী বাঁধার বটগাছটী কিছুদিন পূর্বেও জীবিত ছিল; তাঁহার নামীয় কালী বাড়ীটা এখনও বর্ত্তমান রহিয়াছে।

অধুনা গ্রামথানির সন্থা এক দিগন্ত-বিস্তৃত প্রান্তর। দূরে বহুদ্রে মসীমাথা অপ্পষ্ট অরণ্যরাজি। মাঝে মাঝে ছোট ছোট গুটিকয়েক ঘনপল্লবাচ্ছন্ন কূটীর। প্রান্তরের মধ্য দিয়া যে অধুনা-লুপ্ত নদীপাত রহিয়াছে তাহাতে কোথায়ও স্বল্পসলিলা তরঙ্গিণী কুল্ কুল্ করিয়া কিয়দ্র প্রবাহিত হইয়া থামিয়া গিয়াছে, কোথায়ও বা জলবাশি সঞ্চিত হইয়া কুদ্র হ্রদের স্বষ্টি কবিয়াছে। এখনও এই বিশাল প্রান্তর বর্ষাকালে জলপূর্ণ হইয়া তরঙ্গ-সঙ্গল সাগরের স্তায় প্রতীয়মান হয়। তখন গ্রামের কিনারা পর্যান্ত জল উঠে, আবার বর্ষা শেষ হওযার সঙ্গে সঞ্জেই জল সরিয়া গায়, ধ্-ধ্-করা শুদ্ধ মাঠ পডিয়া থাকে। কিছুকাল পূর্কে বিশাল পদ্মানদী ভীমণ স্রোভাবর্ত্ত বক্ষে ধারণ করিয়া তুই কুল প্রাবিত করিয়া এই স্থান দিয়াই প্রবাহিত হইত। নদীতীরবর্ত্তী গ্রামটীও ছিল তখন হিংস্র-খাপদ-সঙ্গুল অরণ্যানীতে পরিপূর্ণ, আর ইহার নিকটেই ছিল পাবনা সহরেব ষ্টীমার প্রেশন। গ্রামটী এখনও নিতান্ত জনবিরল, ঝোপ-ঝাড-জঙ্গলে পবিপূর্ণ। আধুনিক শিক্ষার প্রভাব আজও এপানে তেমন বিস্তার লাভ করে নাই। এই হিমাইতপুর গ্রামেই বাং ১২০৫ সন, ইং ১৮৮৮ খুং অন্ধে শ্রীঞ্চীকুর অমুক্লচন্দ্র জন্মগ্রহণ করেন।

বছদিনের কথা। এই হিমাইতপুর গ্রামে কমলাকান্ড বাগচী নামে জনৈক নিষ্ঠাবান ব্রাহ্মণ বাদ করিতেন। তাঁহাব পত্নী কুপাময়ী ছিলেন অতীব বৃদ্ধিমতী এবং ভক্তিপরায়ণা বমণী। প্রতি বিষয়ে গৃহ-বিগ্রহ 'রাধামদনমোহনেব' উদ্দেশে আত্মনিবেদনপ্রক তিনি সংসাব্যাতা নিকাহ কবিতেন। তাঁহাব দবল অমাযিক ব্যবহারে গ্রাম্বাদী দকলে মুগ্ধ ছিল এব° তাহাকে সম্ভবেব দহিত শ্রন্ধা করিত। রূপাম্যী চারিটী সম্ভান লইযা বিধবা হন,—ক্লফফলধনী তাহার সর্বাকনিষ্ঠা কলা। স্বামীৰ মৃত্যুর পর রূপাম্যী ছাদশবংসর-ব্যস্থা রুফ্চস্থলরীকে স্বগ্রাম-নিবাসী বামেলুনারায়ণ চৌধুরীর সহিত বিবাহ দেন। রামেন্দ্রনারায়ণ অতিশয় ধর্মপ্রাণ ব্যক্তি ছিলেন। তংকালে এতদঞ্লে তিনি বিচক্ষণ এবং বৃদ্ধিমান বলিয়াও খ্যাতি লাভ করিয়াছিলেন। সংস্কৃত, ইংরেজী এবং পারসী ভাষায় তিনি স্থপগুত ছিলেন। রামেন্দ্রনারায়ণ প্রথমতঃ দিভিলকোর্টের আমীন ছিলেন। তংপব তিনি কিছুকাল পুলিশ ইনসপেক্টরের দাযিত্বপূর্ণ কাষ্য করেন। অবশেষে এই চাকুরী ত্যাগ করিয়া তিনি কিয়ংকাল কুচবিহাব ষ্টেটে ম্যানেজারের কার্য্য যোগ্যতাব দহিত পরিচালনা করিয়াছিলেন। হিমাইতপুর গ্রামে তাঁহার ন্তায় 'ষ্কাতিপত্তিশালী এবং সঙ্গতিপন্ন ব্যক্তি তথন , খুব কমই ছিলেন। নিভীকতা ও সংসাহসের পরিচয়ে তিনি আদর্শস্থানীয় ছিলেন। ভ্রনিয়াছি. তিনি কয়েকটা অমলোম অসবর্ণ বিবাহ দিয়াছিলেন, এজগু গ্রামবাসী

তাঁহাকে এক-ঘরে করিলে তিনি বলিতেন—"যাক্, সব ব্যাটারাই এক-ঘরে হ'রে গেল।" রামেন্দ্রনারায়ণের ছয়টা সম্ভান,—চতুর্থ সম্ভান, মনোমোহিনী দেবী শ্রীশ্রীঠাকুর অমুক্লচন্দ্রের জননী। তিনি ১২৭৭ সালের ১৮ই জ্যৈষ্ঠ তারিখে জনগ্রহণ করেন।

সম্ভানগণের মধ্যে রামেন্দ্রনারায়ণ মনোমোহিনীকে তাহার স্বন্ধর স্বভাবের জন্ম সমধিক স্নেহ করিতেন এবং সর্ববক্ষণ সঙ্গে রাখিয়া নীতি, ধর্ম ও সাংসারিক বিষয়াদি শিক্ষা দিতেন। শিশুকাল হইতেই মনোমোহিনী মতীব বিনয়ী, ভক্তিমতী অথচ তেজ্বদিনী ছিলেন। দিদিমা কুপাময়ীকে গ্রহ-দেবতার পঞ্জা কবিতে দেখিয়া তিনিও পজা করিতে চাহিতেন। শত চেষ্টা করিয়াও তাহাকে নিবুত্ত করিতে না পারিয়া দিদিমা বলিতেন.— "भीका ग्रञ्भ ना कदाल य प्राप्त १००० अधिकानी इल्हा याग्र ना।" এই কথা শুনিষা অবধি বালিকা দীক্ষাগ্রহণের জন্ম উতলা হইয়া পড়েন। পিতার কাছে জানিলেন,—আবুল প্রাণে প্রার্থনা করিতে পারিলে রাধাকৃষ্ণ তাহা অবশ্য পূর্ণ করেন। সরলা বালিকা তদবধি নাম পাইবার জন্ম. ঠাকুর-ঘরে গৃহ-দেবতার সম্মুখে বসিয়া, ব্যাকুল কণ্ঠে কত ডাকিতেন, আর কাদিয়া বক্ষ ভাসাইতেন। অনতিবিলম্বে তাঁহার মনোবাসনা পূর্ণ হইল। একদিন মধ্যাহ্ছ-সময়ে কাতর প্রাণে ঠাকুরের চরণে অন্তরের আকাজ্ঞা নিবেদন করিতেছেন, এমন সময় দেখিতে পাইলেন, সিংহাসনে রাধামদনমোহন-বিগ্রহেব মূর্ত্তি নাই,—তৎপরিবর্ত্তে গৌরকান্তি জ্যোতির্ময় দীর্ঘশাশ্রু এক দিবাপুরুষ তথায় উপবিষ্ট বহিয়াছেন এবং তাহারই সম্মুখে জলম্ভ স্বর্ণের ক্তায় অতিশয় উজ্জ্বল এবং বৃহদাকারে 'রা' 'ধা' 'স্বা' 'মী' এই কয়টা অক্ষর লিখিত রহিয়াছে। প্রতাক্ষন্ত এই মহাপুরুষের শান্ত-সৌমা-মূর্ত্তি এবং উক্ত সং-নাম মনোমোহিনীর অন্তরে দৃঢ়ভাবে অন্ধিত হইয়া রহিল। আট বংসর বয়:ক্রমকালে বিবাহের পূর্বেই এইরূপ অলৌকিকভাবে তিনি সং-নামের সন্ধান পাইয়াছিলেন।

মনোমোহিনী বিশেষ একাগ্রতার সহিত দৈবলন্ধ সং-মন্ত্রের সাধনা করিয়া অতাল্পকাল মধ্যেই আশ্চর্য্য অমুভূতি লাভ করিলেন। পরবর্ত্তী কালে তিনি তাঁহার এক ভাস্থর পুত্রের * নিকট পূর্ব্বদৃষ্ট পুরুষের পটমূর্দ্তি এবং একখানা

^{*} ইনি মেদিনীপুর উচ্চ ইংরেজী বিভালরের অনামবস্ত প্রধান শিক্ষক শ্রীযুক্ত ঈশরচক্র চক্রবর্ত্তী, বি-এ । মনোমোহিনীর সহিত ঈশর বাবুর বাক্যালাপ ছিল লা। মনোমোহিনী দেখিতেন, ঈশর বাবু প্রত্যন্ত আনাস্তে ভক্তিসহকারে একখানা গ্রন্থ অধ্যয়ন করেন এবং তৎপরে একখানা গট পূজা করিয়া তাহা বাজের ভিতর সহতে লুকাইয়া রাখেন। ধর্মপ্রাণা বালিকা-বধুর এই রহস্ত জানিবার জন্ম প্রবল আগ্রহ জয়িল। একদিন মধ্যাঞ্-সমরে ঈশর

হিন্দী পুস্তকে প্রাপ্তনামের পুনঃ দদ্ধান লাভ করিয়া বিশ্বয় ও আনন্দে আত্মহারা হন এবং জানিতে পারেন যে, উক্ত মহাপুরুষ আগ্রা সংসঙ্গের সন্ত সদ্গুরুষ শ্রীপ্রজ্ব মহারাজ (রায় সালিগ্রাম সাহেব সিংহ বাহাত্ব) তথনও সশরীরে বর্ত্তমান রহিয়াছেন। অনতিবিলম্বে মনোমোহিনী গুরুদেবের নিকট সম্দ্র বৃত্তান্ত আমুপূর্বিক বর্ণনা করিয়া পত্র লিখিলেন। গুজুর মহারাজ এই ব্যাপারে অত্যন্ত আহ্লাদ প্রকাশ করিয়া ভজন ও সাধনপ্রণালী জানাইয়া তাঁহাকে ষ্থারীতি দীক্ষিত করেন। তদবধি ইষ্টম্বার্থে আত্মনিয়োগ করতঃ সংসারের কঠোর বান্তবতার মধ্যে থাকিয়াও ত্যাগ, নিষ্ঠা এবং ভক্তির সহিত দেবী মনোমোহিনী জীবনের শেষদিন পর্যন্ত আদর্শ ধর্মজীবন যাপন করিয়া গিয়াছেন। সত্যনাম-লাভের প্রবল আকাজ্জার স্থায় নিষ্ঠাবতী মনোমোহিনীর অন্তর ছাপাইয়া একদিন প্রার্থনা ধ্বনিত হইয়াছিল—সদশুরুর্বী ভগবানের স্থায় একটী পুত্ররত্ব লাভ করিয়া তিনি ধন্য হন।

প্রথার বৃদ্ধিমন্তা, অদমা সাহস এবং অসাধারণ ব্যক্তিবের প্রভাবে সংসার পরিচালনা করিয়া তিনি যে প্রতিষ্ঠা অর্জ্জন করিয়া গিয়াছেন, খুব কম নাবীর ভাগোই তাহা ঘটিয়া থাকে। ক্ষমা, সহিষ্ট্তা এবং পরোপকার প্রভৃতি সদ্গুণের তিনি আধার ছিলেন। নিজের সমূহ বিপন্ন অবস্থায়ও যথাসর্বাস্থ দিয়া শরণাগতকে রক্ষা করা, আর্ম্মুখ তুচ্ছ করিয়া অপরকে যথাসাধা সাহায়া প্রদান, অবস্থা বিপর্যাযের মধ্যেও তীব্র আ্র্যুস্মান-বোধ প্রভৃতি তাহার চবিত্রের বৈশিষ্টা ছিল। শত শত ঘটনার মধ্য দিয়া এই সকল গুণাবলী তদীয় জীবনে সহজ ভাবে নিতা বিকশিত হইয়াছে। যিনিই তাহার সক্ষ করিয়াছেন তিনিই তাহাব ক্ষমখানা যে কত উদার ও কত মহান্ ছিল তাহার পরিচয় পাইয়া মৃশ্ধ হইয়াছেন। ১৩৪৪ সনের ৬ই চৈত্র তারিথে অমুকুলচন্দ্র, প্রভাসচন্দ্র ও কুমুদ্চন্দ্র—এই তিন পুত্র, কল্পা গুরুপ্রসাদী দেবী, বহু পৌত্র-পৌত্রী এবং অসংগ্য সংসন্ধী সন্থান রাগিয়া এই মহীয়সী নারী মহাপ্রয়াণ করিয়াছেন।

বাৰু নদীতে স্থান করিতে গিয়াছেন, এমন সময় স্বোগ পাইয়া মনোমোহিনা কোণা হইতে চাবি সংগ্রহ করিয়া সেই বাক্স গুলিয়া দেখিতে পাইলেন, পটখানি ভাহারই পুক্ষ-প্রভাক্নন্থ সেই মহাপুক্ষের অবিকল আকৃতি। মনোমোহিনা ছবিধানি দেখিবামাত্র অজ্ঞান হইয়া পড়িলেন। এই ঘটনার বাড়ীর মধ্যে একটা হলস্থল পড়িয়া গেল। ইতিমধ্যে ঈষরবাব্ নদী হইতে দিরিয়া উাহার চৈতজ্ঞ-সম্পাদন করেন; একট্ স্বস্থ হইলে, ইহা বাঁহার প্রতিক্তি সে বিবরে সবিশেষ পরিচয় প্রদান করেন এবং উক্ত সং-নামের বিষয় হিন্দী পুস্তকপানায় বৈ সমুদ্য লিখিত রহিয়াছে ভাহাও বিরক্ত করেন। তদৰ্যধি বালিকা বিশেষ আগ্রহের সহিত হিন্দী বর্ণনালা শিখিতে আরম্ভ করেন এবং অভ্যায় কালের মধ্যেই হিন্দী-পাঠে অসাধারণ দক্ষতা অজ্ঞন করতঃ বহু হিন্দী ধর্মগ্রন্থ অধায়ন করেন।



মাতামহী কৃষ্ণস্থন্দরী দেবী

রামেন্দ্রনারায়ণ ১২৮৬ সালের ১৩ই অগ্রহায়ণ তারিখে নবমবর্ধ-বয়য়া কন্তা মনোমোহিনীকে ঈশরচন্দ্র চক্রবর্ত্তী মহাশয়ের পুত্র শিবচন্দ্র চক্রবর্ত্তী মহাশয়ের সহিত বিবাহ দেন। ইনি বারেন্দ্র-শ্রেণীর বান্ধাণ। তাহার পৈতৃক নিবাস ছিল পাবনা জিলার অন্তর্গত চাটমোহরেব নিকটবর্ত্তী গুয়াখাড়া গ্রামে। বাল্যকালেই শিবচন্দ্রের পিতামাতাব বিয়োগ ঘটে। মনোমোহিনীকে বিবাহ করিবার সময় তাহার বয়ঃক্রম ছিল চতুন্বিংশ বংসর। তথন তিনি পাবনা সহরে মাস্তৃত ভ্রাতা গোবিন্দচন্দ্র চক্রবর্তী মহাশয়ের বাসায় থাকিয়া কন্ট্রাক্তরের কার্যা করিতেন, উপার্জ্জনও বেশ ভালই ছিল। অতঃপর তিনি ঢাকা, ময়মনিসংহ, খুলনা প্রভৃতি জিলায় জমিদার ষ্টেটে কাজ করিয়া যথেষ্ট স্থনাম ও অর্থাদি অর্জ্জন করিয়াছিলেন।

কল্যার বিবাহেব তিন চারি বংসর পরে রামেন্দ্রনারায়ণ পরলোক গমন করেন। স্বামীর মৃত্যুতে রুফস্বন্দরী বড়ই নিঃসহায় হইয়া পড়িলেন। অংশীদারগণ স্থযোগ সুঝিয়া তাঁহাকে বঞ্চনা কবিবার অভিপ্রায়ে নানা মামলা মোকদ্বমা সৃষ্টি করিল। রামেন্দ্রনারায়ণের সম্পত্তি এই ভাবে নষ্ট হওয়ার উপক্রম হইলে, শিবচন্দ্রকে আন্তে আন্তে শুন্তর-সংসারের সর্কবিধ দায়িত্ব গ্রহণ করিতে হয়। তদবধি গুযাগাড়ার বাসস্থান ছাড়িয়া তিনি হিমাইতপুরে বাস কবিতে থাকেন এবং শ্বন্ধ রুফস্বন্দরীকে সর্কপ্রকারে সাহায্য প্রদান করেন। স্বিকগণের চক্রান্তে রামেন্দ্রনারায়ণের যে সকল সম্পত্তি নীলাম হইয়া গিয়াছিল, শিবচন্দ্র স্বোপাজ্জিত অর্থদ্বারা ক্রমে ক্রমে তাহার পুনক্রদ্ধার করেন। জামাতার শ্রদ্ধা, ভক্তি ও সেবা-যত্তে রুফস্বন্দরী স্বামীর শোকে পরম সান্ধনা লাভ করেন।

সংসার-পবিচালনায় শিবচন্দ্রের মত চৌকষ লোক খুব কমই দেখা যায়।
বাবহাবিক জ্ঞান ও অভিজ্ঞতা তাঁহার অতাক্ত প্রথব ছিল এবং লোকের
মনোবৃত্তি বৃঝিয়া চলিবাব ক্ষমতাও ছিল অঙ্ত। তৃষ্ট প্রকৃতির লোকেরা
পাছে কোন অনিষ্ট করিতে পারে এজন্ত নানা কৌশলে তাহাদিগকে সর্বনাই
নিজ ক্ষমতার অধীনে রাখিতেন, কিন্তু নিতান্ত দয়ার্ডচিত্ত ছিলেন বলিয়া
নির্থক সে ক্ষমতার প্রযোগ করিয়া কাহারও কোন দিন বিন্দুমাত্র
আনিষ্ট করিতেন না; যথেই অন্তায় করিয়াও, অন্তব্য হইলে অপরাধী তাহার
নিকট ক্ষমা পাইত। শিবচন্দ্র বড়ই অমায়িক প্রকৃতির লোক ছিলেন।
পবেব তৃংগ দেখিবামাত্র তাহা দ্র করিবাব বলবতী চেষ্টা এবং অতিথি,
অভ্যাগত ও পবিজনবর্ণের সেবা-শুক্রষায় তৃপ্তিবোধ তাঁহার চরিত্রের
বৈশিষ্টা ছিল। স্বীয় চরিত্রগুণে আজও তিনি গ্রামবাদী আবাল-বৃদ্ধ-বনিতা
সকলের হৃদয় অধিকাব করিয়া আছেন। শিশুদিগকে তিনি অতাস্ত

ভালবাসিতেন। গ্রামের সরল-প্রাণ বালক-বালিকারা দল বাঁধিয়া ইচ্ছামত তাঁহার ম্বরে প্রবেশ করিয়া গৃহস্থিত দ্রব্যাদি স্থানাম্ভরিত ও নষ্ট করিয়া কত উপদ্রব করিত, কিন্তু তিনি কাহারও উপর রাগ করিতেন না বরং তাহাদের আবারে ধুসী হইতেন। তাঁহার চরিত্রের আর একটা প্রধান বিশেষস্থ ছিল—তিনি অভ্যন্ত স্বাধীন-প্রকৃতির লোক ছিলেন; নিজে যাহা ভাল ব্রিতেন তাহাই করিতেন, কথনও কোন বিষয়ে অন্ধের মত অন্তের পরামর্শে চলিতেন না। এই হিমাইতপুর পল্লীকে তিনি প্রাণ দিয়া ভালবাসিতেন। ইহার উন্নতিসাধন তাহার জীবনের একমাত্র কাম্য ছিল। হিমাইতপুরের পদ্মাতীরকে তিনি এত শ্রন্ধার চক্ষে দেখিতেন যে, কোন তীর্থস্থানে যাওয়ার পর্যান্ত প্রয়োজন বোধ কবিতেন না। অনেক সম্য বলিতেন—"এই হিমাইতপুরই আমার কাশী, হিমাইতপুরের পদ্মাই আমার গঙ্গাণ তারিথে শিবচন্দ্র দেহত্যাগ করেন।

অষ্টাদশ বর্ষে পদার্পণ করিলে মনোমোহিনীর গর্ভ-লক্ষণ প্রকাশ পাইল। এমন সময় একদিন মধ্যাহ্ছ-কালে প্রবীণ দীর্ঘকায় জটাছুট্ধারী এক সন্ধাসী বাড়ীতে আসিয়া অতিথি হুইলেন। মনোমোহিনীর পরিচ্গায় আগস্তুক পরম প্রীতি লাভ করিলেন। যাইবার সময় বলিয়া গেলেন—"এই বাড়ীতে এক মাযের একমাত্র পুত্রের মৃত্যু হ'বে এবং এমন একজন জন্মগ্রহণ কর্বেন, যিনি আপন চরিত্রবলে বহু লোকের অধীশ্বর হ'বেন।" ক্রম্থন্দরীর সোড়শবংসর-বয়ন্ধ একমাত্র পুত্র যোগেন্দ্রনাবায়ণ তখন জীবিত ছিলেন। মনোমোহিনীর গর্মের একাদশ মাস পূর্ণ হুইলে, যোগেন্দ্র পীডিত হুইয়া মানবলীলা সংবরণ করেন। এই নিদাহ্ণ শোকে ক্রম্থন্দরীর হৃদ্য ভাঙ্গিরা পড়িল। এদিকে বংশ-প্রদীপ একমাত্র পুত্রেব অকালমৃত্যু, তাহাতে আবার কল্যাব প্রস্বসময় উত্তীর্ণ হুইয়া যাইতেছে দেগিয়া, ভাবী অমঙ্গল আশহার তিনি অন্থিব হুইয়া পড়িলেন। গৃহ-দেবতার নিকট অহনিশ প্রাণের আকুল প্রার্থনা নিবেদন কবা ভিন্ন ক্রম্থন্দবীর অন্ত উপায় ছিল না। রাধামদনমোহন তাহার কঙ্গণ আহ্বান শুনিলেন। কৃষ্ণস্থন্দরীব ত্বংগ-রজনীর ঘনান্দ্রকার তিবোহিত হুইয়া সপ্রভাতের স্বচনা হুইল।

০০শে ভাদ্র শুক্রবার, সংক্রান্তি দিবস, তাল নবমী তিথি। মনোমোহিনীর প্রসবসময় উপস্থিত জানিয়া জননী ও অন্যান্ত বমণীগণ তাঁহাকে স্তিকাগৃহে লইয়া গেলেন, তথন উষাকাল। দিবা চারি দণ্ড বিশ পল, প্রায় সাড়ে সাত ঘটিকারী সময়ে অগ্নিচ্ছটাতুল্য জ্যোতিঃসম্পন্ন গৌরকান্তি মৃণ্ডিত-মন্তক এক শিশু ভূমিষ্ঠ হইল। বিশেষ আশ্চর্য্যের সহিত সকলেই লক্ষ্য করিলেন, শিশু জন্মগ্রহণের পর একটুও ক্রন্দন করিল না, মৃত্ হাস্ত করিয়া বিক্যারিত নেত্রে চতুদ্দিক নিরীক্ষণ করিতে লাগিল। ধাত্রী ও অক্যান্ত সকলে ইহা দেখিয়া ভয়ে ও বিশ্বয়ে চমকিত হইয়াছিলেন। রূপলাবণ্যসম্পন্ধ নবজাত শিশুর দিব্য দেহকান্তি অবলোকন করিয়া সকলে আনন্দে অধীর হইলেন। যোগেন্দ্রনারায়ণের অকালমৃত্যুতে পরিবারে যে শোকের ঝড় বহিয়াছিল, এই অহপম ফলর শিশুটার আগমনে তাহা কথঞ্চিং প্রশমিত হইল। দিন যাইতে লাগিল, শিবচন্দ্রে জ্যেষ্ঠপুত্র আমাদের শ্রীঅফুক্লচন্দ্র মা ও দিদিমার ক্ষেহনীড়ে শুরুপক্ষের শশিকলার গ্রায় দিন দিন বৃদ্ধি পাইতে লাগিলেন।

দ্বিতীয় অধ্যায়

শৈশব ও বালাজীবন

শৈশবকালে অন্তকুলচন্দ্রের চালচলন, হাবভাব একট অন্তত প্রকৃতিরই ছিল। সাধারণ শিশুদিগের অপেক্ষা বত কম সময়ে তিনি হাটিতে ও কথা বলিতে শিথিয়াছিলেন। প্রাণশক্তির অপুর্ব্ব প্রকাশ তাঁহার প্রতি কার্য্যেই লক্ষিত হইত। সারাদিন ছটাছটি করিয়া সকলকে অস্থিব করিয়া তুলিতেন। ঠাকুর-ঘরে বিগ্রহ-সম্মুখে কেহ চক্ষু মুদ্রিত করিয়া প্যানে বসিযাছেন-বালক কোথা হইতে সেথানে উপস্থিত হইয়া, বিগ্রহকে সিংহাসন হইতে দুরে নিক্ষেপ করিয়া নিজেই তথায উপবেশন করিলেন, আর মৃত মৃত হাল্য কবিতে লাগিলেন। প্রতিবেশী কবিরাজ মহাশ্য ঔষধের বটিকা প্রস্তুত কবিয়া রৌদ্রে ভকাইতে দিয়াছেন, কোন ফাঁকে বালক ঘাইয়া ভাহা থাইয়া ফেলিলেন, কেহই টের পাইল না। এই মুহূর্তে মার কাছে বিদিয়া আছেন, পর মুহূর্তেই আর নাই, এক নিমিষের মধ্যে 'বস্থ'দের বাডীর বাগানের ভিতব ঢকিযা গাছপালা উপ ড়াইয়া আদিলেন। থেয়াল হইল, প্রতিবেশীর পূজার মন্দিরে প্রবেশ করিয়া নারায়ণশিলা লইয়া বাশ-ঝাড়ের নীচে পত্রাচ্ছাদিত করিয়া রাখিলেন, বিগ্রহের গাত্রস্ত চন্দনাদি নিজ অঙ্গে লেপন করিলেন। অভ্যাচাবে শালগ্রামশিলা মন্দিরে ও আসনে রক্ষা করা প্রতিবেশীর পক্ষে তুঃসাধ্য ছিল। শিশুব এইরূপ অন্তত তুরস্থপনায় সকলে অতিষ্ঠ থাকিতেন। কিছ অন্তের অসাক্ষাতে যখনই কিছু করিতেন, জিজ্ঞাসা করিবামাত্র নি:সঙ্কোচে তাহা বলিয়া দিতেন, কিছুই গোপন করিতেন না। বালক হাজার অত্যাচার করিলেও তাঁহাকে শাসন করিতে কাহারও যেন ইচ্ছা হইত না। তাঁহার সরল মধুর বাকা-শ্রবণে এবং চির-হাস্যোৎফুল্ল বদনমণ্ডল-দর্শনে সকলে মৃগ্ধ হইয়া যাইত।

শৈশব অতিক্রম করিয়া অন্তক্ষল করেলে পদার্পণ করিলেন। পাঁচ বংসর বয়ঃক্রমকালে পণ্ডিত ভগবানচন্দ্র শিরোমণি ও স্থ্যশাস্থী বালকের হাতে-থড়ি দেন। ইহার পর তাঁহাকে বাড়ীর নিকটবত্তী কাশীপুরের হার্টে রক্ষচন্দ্র বৈরাগী নামক জনৈক গ্রামা গুরুমহাশয়ের পাঠশালায় ভর্ত্তি করিয়া দেওয়া হয়। বালক প্রত্যন্থ নিয়মিত সময়ে পাঠশালায় উপস্থিত হইয়া মনোযোগের সহিত লেখাপড়া করিতেন, এজ্ল্যু শিক্ষক মহাশয় তাঁহাকে খুবই ভালবাদিতেন। এই পাঠশালায় তিনি ছই বংসর অধ্যয়ন করিয়াছিলেন;



পিতৃদেব শিবচক্র চক্রবর্ত্তী

ছোটবেলায় কিছুকাল ৺ভবানীচরণ পাল এবং ৺ব্রজনাথ কর্মকার এই ছই এবীণ গ্রাম্য গুরুমহাশয়ের নিকটও লেগাপড়া করিয়াছিলেন। অতঃপর পাবনা সহরে 'পাবনা ইন্ষ্টিটিউসন্' নামক উচ্চ ইংবেজী বিভালয়ে ভর্তি হইয়া দেখানে তৃতীয় শ্রেণী পধান্ত অধায়ন করেন।

তাহার আপন-ভোলা বাবহারে শৈশবের থেলার সাধীগণ মুগ্ধ হইয়া শাইত। তিনি তাহাদিগকে এত ভালবাদিতেন বে, কেহই এক মুহুর্ত্ত তাহার সঙ্গ ছাড়া থাকিতে পারিত না। সহপাঠারা তাহাকে 'প্রভ' বলিয়া ডাকিত। শিক্ষক মহাশয়ের অন্তপস্থিতিতে, ক্লাসের গোলমাল শুনিয়া, অন্য ক্লাদের শিক্ষক শাসন কবিতে আসিয়া যদি অন্তকলচন্দ্রের উপর হাত তুলিতে যাইতেন, তাহা হইলে ছেলেরা সমস্বরে বলিয়া উঠিত—"দার, মারবেন না, আমাদের প্রভুকে মারবেন না, তাহার যে কোন দোষ নাই।" তিনি ছিলেন ছেলের দলের সর্কাম্য করা। তাহাদের মধ্যে বিবাদ ঘটিলে, সকলকে খুসী করিয়া, তিনি তাহা মীমাংসা করিয়া দিতেন। সঞ্চীরা কত আদর করিয়া পত্রপুষ্পের মালা ও মুকুট তৈয়ার করিয়া তাহাকে সাজাইত এবং সকলে "রাজা ভাই" বলিয়া ডাকিত। তিনিও দল্গাদিগকে লইয়া দলবদ্ধ হইয়া দৰ্বদা খেলাধলা ও বালক-স্থলভ নান। ত্রস্তপনায় দিন কাটাইতেন। সে সকল ঘটনা এখনও অনেকের স্মরণ আছে। শুনিযাছি, বালক একদিন খেলার সাথীদিগকে লইয়া মাথের ঘবের বেড়ার ছিত্রপথে পাটথডির নল প্রবেশ করাইয়া হ্রশ্পাত্র হইতে চুষিয়া দলের সকলকে ত্র্ম পান করাইয়াছিলেন। ঘরের দরজাটা ভালাবন্ধ ছিল, এমতাবস্থায় হুমপাত্র শৃত্ত দেখিবা জননীদেবীর প্রক্লড ঘটনা ব্যাতে বাকী বহিল না। তিনি বালককে ডাকিয়া জিজ্ঞাসা করিবামাত্র বালক তংক্ষণাং স্কল ঘটনা খুলিয়া বলিলেন।

গ্রামের প্রাচীনেবা গল্প করেন, এক বৃদ্ধার বাড়ীতে বছ আমরুক্ষ ছিল। তিনি কাহাকেও একটা আমও খাইতে দিতেন না। একদিন অন্তুক্লচন্দ্র দলবলসহ বৃদ্ধার গৃহে উপস্থিত হইয়া বৃক্ষারোহণপূর্বক আম পাড়িয়া সঙ্গীদিগকৈ দিতে লাগিলেন। বৃদ্ধা আপত্তি করিলে বলিলেন—"তুমি এতগুলি আম প'চিয়ে নষ্ট ক'রে ফেল্বে, আর আমরা একটা আমও থে'তে পা'ব না !" এমন আন্ধারের সঙ্গে কথাগুলি বলিলেন ষে বৃদ্ধার মন গলিয়া গেল। তদবধি বৃদ্ধা ছেলেদিগকে আদর করিয়া আম থাওয়াইয়া কত তৃপ্তি পাইতেন!

জননীদেবীর কাছে শুনিয়াছি, যখন তিনি স্বামীর সহিত ময়মনসিংহ গোলকপুরে ছিলেন, তখন বালক প্রায়ই বহু সঙ্গী লইয়া জমিদার- বাড়ীতে রাণীমাতার পুশোদ্যানে প্রবেশ করিয়া গাছপালা লণ্ডভণ্ড করিয়া ফেলিতেন। বালককে বাধা দিতে কাহারও সাহদে কুলাইত না। একদিন তাঁহাকে সম্নেহে ডাকিয়া এইরূপ অনিষ্ট করিবার কারণ জিজ্ঞাসা করা হইলে বালক বলিলেন—"আমরা যে ফুল বড় ভালবাসি, আমাদের বাগানে প্রবেশ কর্তে দিলে, আমরা আর কিছু কর্ব না।" তাঁহার কথায় বিশাস করিয়া ছেলেদের হাতে সেইদিন হইতে বাগান ছাড়িয়া দেওয়া হইল। বলা বাহুলা, ছেলেরা বাগানের আর কোন অনিষ্ট করে নাই।

তথন অন্তর্গলচন্দ্র মাত্র কয়েক বংসবের বালক। পিতৃদেব কিছুকাল অন্তর্গ্থ ইইয়া শ্যাগত ছিলেন। উপার্চ্জন-অভাবে সংসারের অবস্থা খুবই শোচনীয় হইয়া পড়িয়ছিল। অনশনে, অর্দ্ধাশনে থাকিয়া, জননীদেবী এই ত্ন্দিনে কত কটে যে স্বামীর চিকিৎসা এবং পরিবারের বায়-নির্বাহ করিতেন তাহা ভাবনারও অতীত! ক্ষ্ম বালক মায়ের এই তৃংপ-কষ্ট দেখিয়া একদিন বলিয়াছিলেন—"মা, ভয় করিস্ নে, তৃই খুব মুড়ি ভাঙ্গবি, আর আমি বেচ্বো। দেখিস্ তথন তোর কত টাকা হ'বে।" এই অল্প বয়নেই পিতাব জন্ম উষধ আনিতে প্রতিদিন আড়াই মাইল পথ হাটিয়া তাহাকে পাবনা মাইতে হইত। একদিন পথে নদী পার হইতে গিয়া গেয়া নৌকায় তাহার ছাতাটী হারাইয়া যায়। জননীদেবী ইহা শুনিয়া তঃপ কবিলে বালক বলিয়া উঠিলেন—"মা, এজন্ম তৃই মোটেই ভাবিস্ নে, আমার ছাতা লাগ্বে না, ছাতা ছাড়াই আমি গেতে পারব।"

শুরুজনের কথায় বালকেব প্রগাঢ শ্রদ্ধা ছিল। তিনি জানিতেন মাতা, পিতা বা শিক্ষক যাহা বলেন তাহা কথনই অন্যথা হইতে পারে না। একদিন বিদ্যাল্যেব কোন শিক্ষক বালককে উত্তম পরিচ্ছদ পরিবান করিয়া শুলে আসিতে বলিযাছিলেন। বালক তথন উত্তর করিলেন—"যদি ভুলবশতঃ কোন দিন না আস্তে পারি ?" তাহার ধারণা, ভূলেও শুরুজনের আদেশ অমান্ত করিলে অপরাধ হইবে। মার একটী ঘটনা। সেদিন বালকের অন্ধ-পরীক্ষা। সানাহার সারিয়া তাহার স্থলে যাইতে বিলম্ন হইয়া যায়। মা বলিলেন—"এত দেরীতে যাচ্ছিস্, আজ আর তুই অরের পরীক্ষা পার্বি না।" বালক স্থলে গিয়া অরের প্রশ্ন হাতে করিয়াই কাঁদিতে লাগিলেন। শিক্ষক মহাশয় কারণ জিজ্ঞাসা করিশৈ বলিলেন—"আমার মা ব'লেছেন, আজ আমি অরের পরীক্ষা পার্ব না। যদি আমি উত্তর কর্তে পারি, তবে যে মায়েব কথা মিথাা হ'য়ে যা'বে। এগন কি করি ?" বালকের কথা শুনিয়া শিক্ষক মহাশয় অবাক হইয়া রহিলেন।

আর একটা ঘটনা। একদিন তাঁহার পা ভীষণভাবে কাটিয়া যায়, তাহাতে যদ্ধণায় খুবই কাতব হইয়া পড়েন। এমতাবস্থায় বিদ্যালয়ে যাওয়া অসম্ভব। এমন সময় জননী আসিয়া বলিলেন—"ও কিছু নয়, বেশী কিছু হয় নাই, স্থুলে তোকে যেতেই হবে।" মায়ের কথা শুনিবামাত্র বালকের মনে হইল, মা যপন ব'লেছেন বেশী কিছু হয় নাই, তপন বাস্তবিকই বেশী কিছু হয় নাই। এইরপ ভাবিতে ভাবিতে ক্ষত্যুক্ত পদেই প্রফুল্লচিত্তে বিদ্যালয়ে গমন করিলেন। এই মাড়নিষ্ঠা তাঁহার অতি বাল্যের অনেক ঘটনায়ই প্রকাশ পাইয়াছে। তন্মধ্যে আরও ছই একটা এখানে উল্লেখ করিতেছি। মা যখন নাম করিতে বসিতেন, তিনিও কাছে বসিয়া থাকিতেন; ভাইয়েরা কেই কাছে আসিতে চাহিলে কিংবা কাল্লাকাটি করিয়া গোলমাল স্বষ্টি করিলে, বালক তাড়াতাড়ি যাইয়া ভাহাদিগকে সাম্লাইয়া রাখিতেন।

পিতৃদেব বালকের গায়ে কোন দিন হাত তুলিতেন না, কিন্তু জননী দেবী তাঁহাকে খুবই কড়া শাসনে রাখিতেন, সর্বক্ষণ ভং সনা করিতেন এবং কারণে অকারণে প্রহার করিতেন। একদিন সামান্ত কোন বিষয়ে বিরক্ত হইযা বালককে শাস্তি দিবার মানসে মা একখানা বাঁশের কঞ্চি হাতে করিয়া তাঁহার পিছন পিছন ছুটিতে থাকেন। তখন মধ্যাহ্ণ-কাল। মা আপ্রাণ দৌড়িয়াও কিছুতেই ক্ষিপ্র বালককে ধরিতে পারিতেছেন না। এমন সময় হঠাং অন্তক্তনচন্দ্র পিছন ফিরিয়া দেখিতে পাইলেন যে, রৌদ্রতাপে মায়ের সর্বাঙ্গ দিয়া অবিরল ধারে ঘর্ম ঝরিতেছে। মায়ের ঈদৃশ কপ্র তাঁহার নিকট অসহ বোধ হইল; আর পলাইতে চেষ্টা করিলেন না, তাড়াতাড়ি যাইয়া মায়েব কাছে নিজেই ধরা দিলেন।

মপবেব কষ্টকে আপনার বলিয়া বোধ করিবার সহজ বৃদ্ধিব পরিচয় তাঁহার বাল্যের বহু ঘটনায় দেখিতে পাওয়া যায়। একদিন বিদ্যালয়ে সমপাঠিগণের সহিত বেঞ্চের উপর বদিয়া আছেন; তখন শীতকাল, খুব ঠাণ্ডা পড়িয়াছে। খালি বেঞ্চে বদিতে সকলের কষ্ট হইতেছে বৃঝিতে পারিয়া বালক অবিলম্বে নিজেব গাত্রস্থ শীতবন্ধখানা লম্বালম্বি বেঞ্চের উপর পাতিয়া দিয়া তাহাদের বদিবার স্থবিধা করিয়া দিলেন।

প্রায়ই তিনি বাড়ী হইতে টাকা পয়সা লইয়া গিয়া সমপাঠাদিগের অভাব-অভিযোগ দূর করিয়া দিতেন। গরীব বন্ধুদিগকে দোকানে লইয়া গিয়া কড আদর করিয়া মিঠাই খাওয়াইতেন। মাঝে মাঝে কাহাকেও এত বেশী অর্থাদি দান করিয়া ফেলিতেন যে, পিতামাতা ভর্মনানা করিয়া পারিতেন না। কোনদিন কাহাকে গায়ের জামাটা দান করিয়া খালি গায়ে

বাড়ী ফিরিতেন, কোনদিন বা নিজের পরিধেয় বস্থুখানা পর্যান্ত অপরকে দিয়া গুহে আসিতেন।

তথন বাড়ীর নিকটেই ষ্টীমার-ঘাট ছিল। বালক প্রায়ই সকাল-সন্ধ্যায় সেখানে বেড়াইতে যাইতেন। কোন যাত্রী কুলীর অভাবে বিপদাপন্ন হইয়াছেন দেপিবামাত্র বালক দৌড়াইয়া গিয়া জিনিষপত্র নিজে মাথায় লইয়া তাঁহার সাহায়্য করিতেন, কিন্তু প্যুসা দিতে চাহিলে ছুটিয়া পলাইতেন। মাল বহিয়া আনিতে তাঁহার প্রাণাস্ত কষ্ট হইত, তবু ছাড়িতেন না। মাঝে মাঝে এখনও বলেন,—"এক একটা ভারী বোঝা নেওয়ার সময় মনে হ'ত যেন মাথাটা গলার ভিতব ঢ'কে গেল।"

তাহার কোমল হাদয়ের কথা বলিলে শেষ হয় ন।। একদিন বিভালয় হইতে বাড়ী ফিরিবার পথে ভয়ানক ঝড়র্ষ্ট হয়। বালক মাথায় শ্লেট্ দিয়া ভিজিতে ভিজিতে আসিতেছেন। এমন সময় রাস্টার নর্দামায় জলপ্রবাহের ভিতর এক বৃদ্ধ পড়িয়া আছে দেখিতে পান। ঈদৃশ অবস্থায় পতিত হইয়া লোকটা ভয়ে জড়িতকণ্ঠে 'আল্লা—আ—ল্লা' বলিতেছিল। বালক ইহা লক্ষ্য করিবামাত্র কিপ্রপদে দৌড়াইয়া গিয়া বৃদ্ধকে হাত ধরিয়া ত্লিলেন এবং সম্প্রেহ সম্ভাগণে অভয় প্রদান করিষা তাহাকে আশ্বন্ত করিলেন। বিপন্মুক্ত বৃদ্ধ আনন্দের আতিশয়ো তাহাকে জড়াইয়া ধরিয়া অশ্রুবর্ধণ করিতে লাগিল। তিনি বৃদ্ধকে নিকটবন্তা এক গৃহস্থের বাড়ীতে লইয়া গেলেন এবং ময়ি প্রজ্ঞানত করতঃ তাহার পরিচ্য্যা করিয়া স্বস্থ্য করিলেন।

তাহার এই পরত্ংশকাতরতা বেমনি মামুষের প্রতি তেমনি ইতরপ্রাণীর প্রতিও সমভাবে বিজ্ঞমান ছিল। এপানে তৃই একটা ঘটনার উল্লেখ করিতেছি। পূর্ব্বেক্তে ঘটনার দিন বৃদ্ধকে স্বস্থ করিয়া বালক এক বাশ-ঝাড়ের নীচে আসিয়া দাড়াইয়াছেন তথন একটা বাজপক্ষী ঝড়বৃষ্টিতে অতিশয় ক্লাম্ভ হইয়া তাহার ক্ষদ্ধের উপর আসিয়া বসে। পাছে পাথীটার কট হয় এই মনে করিয়া অশেষ ধৈষ্যের সহিত বালক তথায় নিশ্চল হইয়া দাড়াইয়া রহিলেন। পক্ষীটা অনেকক্ষণ বিশ্রামলাভের পর স্বস্থ হইয়া প্রস্থান করিলে তিনিও পথ চলিতে লাগিলেন।

গ্রামের ছেলেদের সঙ্গে, তাহাদের অম্পুরোধে, তিনিও একদিন পদ্মানদীতে
মাছ ধরিতে গিয়াছিলেন। তাহাব বড়্শীতে একটী বৃহৎ মাছ বিদ্ধ হইল।
শীলাল ছেলেরা আসিয়া মাছটীকে উপরে উঠাইয়া দিল। মাছটী আসন্ধ মৃত্যুযন্ত্রণায় মাটার উপর ছট্ফট্ করিতেছিল। তিনি ইহার অবস্থা দেখিয়া
কাদিতে লাগিলেন এবং মাছটীকে বড়্শী হইতে ছাড়াইয়া দিবার জলা
নিক্টবন্ত্রী লোক্দিগকে চীৎকার করিয়া ভাকিতে লাগিলেন। তথন রাস্তার

লোকজন আসিয়া মাছটাকে মৃক্ত করিয়া দেয়, তিনিও শাস্ত হইয়া গৃহে গমন করেন।

ছোটবেলা হইতেই তাঁহার কঠোর সঙ্কল্পের পরিচয় পাওয়া যায়। এখানে আমরা একটা ঘটনার উল্লেখ করিতেছি। এক ময়রার দোকানে প্রায়ই তিনি রুদুগোলা খাইতেন। তাহার নিকট ময়বার অনেক পাওনা হয়। ম্যবা একদিন তাঁহাকে পাওনা টাকার জন্ম নানা অপ্যানজনক কথা বলে। আত্মসম্মানে আঘাত পাইষা বালক তংক্ষণাং বাড়ী গিয়া অভিকট্টে টাকা সংগ্রহ করিয়া আনিয়া দেনা শোধ করেন এবং সঙ্গে সঙ্গে এই প্রতিজ্ঞা করেন যে, আরু কোন দিন মিঠাই পাইবেন না। এই ঘটনার কিয়ংকাল পরে আর একদিন আবার তাহার রসগোলা খাওয়ার ভীষণ ইচ্ছা হইল। হাতে সাডে পাচ আনা পয়সা ছিল, ভাহাই লইয়া সেই ম্যরার দোকানের দিকে যাইতে লাগিলেন। পথে যাইতে যাইতে পর্বের প্রতিজ্ঞার কথা মনে প্রভিল এবং মনের মধ্যে বিষম যুদ্ধ চলিতে লাগিল। রুসুগোল্লার লোভ তাহাকে দোকানের দিকে লইয়া যাইতে চায়, বিবেকদদ্ধি তাহাকে যাইতে বাগা দেয়। এই ছন্ছেব মধ্যে আত্মজয় করিবাব জন্ম, বালক রাস্তার ধারে অভহব ক্ষেতে মাটার উপর শুইয়া পডিলেন, আর মনে মনে বলিতে वार्शितन -- "थारि किছতেই উঠ व नां, थाव मार्कात या'व नां,--- मिथ क আমায় উ'ঠিয়ে নিয়ে যায় " এইবপ কিছক্ষণ তীর চেষ্টার পর মনের বল সংগ্রহ করিয়া উঠিয়া দাভাইলেন এবং দৌডিয়া গিয়া প্রসাগুলি নিকটবর্জী পদ্মাগর্ভে ফেলিয়া দিলেন: তারপর গীবে ধীরে বাডীর দিকে যাত্র। কবিলেন।

এইবার আমর। তাঁহার বালাজীবনের একটী উল্লেখযোগ্য বিষয়ের আলোচনা কবিব। অতি শৈশব হইতেই তিনি 'নাম' করিতেন। এই নামজপে এত বিভার থাকিতেন যে, অনেক সময আহার-নিদ্রা ভূলিয়া যাইতেন। নাম করিতে করিতে সময় সময তাঁহার অঙ্কৃত জ্যোতিঃ ও নানা দেবদেবীর মৃর্তিদর্শন এবং শকাদি শ্রবণ হইত।* এ সম্বন্ধে পরব্রী কালে তিনি সময় সময় কথাপ্রসঙ্গে যে বর্ণনা দিয়াছেন, নিয়ে তাহারই একটু পরিচয় দেওয়ার চেষ্টা করিলাম।

সে অনেক দিনের কথা। ১৯২০ সনের ২০শে অক্টোবর—বাত্তিতে পদ্মাতীরে অনেকে তাঁহার কাছে বসিয়া আছেন, এমন সময় নদী দিয়া

<sup>अवाङ्ख नाम বা নাম মাত্রবের রাঘবিধানকে আলোডন করিয়া মন্তিকের কোষগুলিতে
উল্ভেলনার সৃষ্টি করে, তাহাতে জ্যোতি: ও শব্দের অমুভৃতি হয়। আধ্নিক মনোবিজ্ঞানের
ভাবায় বলিতে গেলে—Perception of light and sound is due to autostimulation of the auditory and optic nerve-centres in the cerebrum.</sup>

একখানা ষ্টীমার 'দার্চ্চ-লাইট্' ফেলিয়া ঘাইতেছিল। ইহা দেখিয়া তিনি বলিলেন—"আমি প্রথম প্রথম এমনি আলো দেখতাম। তবে তার कित्र १ छ ने नौन, ठिक धम्मि उब्बन। काथ यम सन्तर यह । धक्मिन বিষ্ণু-মূর্ত্তিও দে'থেছিলাম। তথন আমি শিশু। আমি ঘরের ভিতর ঘু'মিয়ে আছি, হঠাৎ ঘুম ভে'ঙ্গে গেল, আর ভগবানকে দেখব এই ব্যাকুলতা এত বেশী হ'ল যে, চোথ ফে'টে জল পড়তে লাগ্ল। আর ভগবানকে ডাকতে इ'ल जानि, जामात नाम कत्रा इ'रव। छाई প্রাণে প্রাণে नाम किह्ननाम। এমন সময় দেগুলাম, আমার ঘরের বেড়ার উপরে একটা মাহুষের সমান বড় ম্যাজিক-লেণ্টারন-এব আলোর স্থায় আলো প'ড়েছে আর তার ভিতরে বিষ্ণ-মৃর্ব্তি। বর্ণ তার সতেজ কচি পাতার মত। চারি হথে শন্ধ, চক্র, গদা, পদ্ম,—কর্ণে কুণ্ডল, চোপ ছ'টা শাস্ত: এখনও সে চেহারা বেশ মনে পড়ে—মুচ্কে মুচ্কে হাস্ছিল। আমি হঠাৎ এমন দে'থে অবাক হ'ছে পড় ছিলাম। প্রায় হুই তিন মিনিট অমন থে'কে থে'কে আলোটা একটু একটু ক'রে অম্পষ্ট হ'তে লাগ্ল, আর মৃতিটীও অদৃত্য হ'য়ে গেল। তথন মনে হ'ল, আমি কি স্বপ্ন দেখ্ছি? ভাল ক'রে ব'সে চারিদিক চে'য়ে দেখ্লাম, चक्ष व'ला छ मत्न इ'ल ना। छथन मत्न मत्न छाटक वल्लाम - 'जुमि यिल সতাই এসে থাক, তবে একথানা হাত দেখাও।' অমনি একথানা হাত আমার দিকে প্রদারিত হ'লো। তথনও মনে হচ্ছে—এ কি সতাই দেখ্ছি, না স্বপ্ন ? তথন আবার তাকে বল্লাম—'আমার যে বিখাদ কিছুতেই হয় না, তুমি আবার এদ।' তখন দে আবার আমার দিকে হাত নাড়তে লাগ লো, তারপর আলোটা মিলিয়ে গেল। তখন মনে করলাম, বোধ হয় সুর্ব্যের আলো ঘরেব ভিতর প'ড়েছিল, তাই দে'থেছি। এই মনে ক'রে দরজা খু'লে বাইরে এসে দেখি, ঘোর অন্ধকাব, কোথাও আলোর চিহ্নমাত্র নাই। সে মূর্ত্তি আর দেখি নি। তবে কালী-মৃত্তি ও কৃষ্ণ-মৃত্তি অনেক দে'খেছি। আমার যখনই খুব কট হ'ত, আর 'মা' 'মা' ব'লে ডাক্তাম, তখনই কালীমূর্ত্তি আস্ত। আমার সঙ্গে কত গল্প কর্ত, মাথায় হাত বু'লিয়ে দিত, তথন ষেন শাস্তি পে'তাম। ছেলেবেলায় একদিন আমাদের চাকরের সঙ্গে নারিকেলের বোঝা মাথায় ক'রে আন্ছি, তখন আমাদের অবস্থা ভাল ছিল না, বোঝা ব'ইতে আর পারি না, তখন কাতরে মনে মনে 'মা' 'মা' ক'রে ভাষ্কুছি, এমন সময় মনে হ'ল, আমার শরীরের ভিতর থেকে কে ষেন সে বোঝা মাথায় নিল। আমার আর কোন কষ্ট হ'ল না, আমি ষে বোঝা টান্ছি, এ ভাবই আমার মনে হ'ল না।"

"আর একদিন অনেক কটে একটা বড় যাঁতা আন্ছিলাম, এমন সময়

দেখ্লাম, কে যেন হাত বা'ড়িযে যাতাটা দ'রে আছে, যাতা ব'ইতে আমার আর একটুও কট হচ্ছে না। এগুলো সাধারণ চোখেই দে'খেছি, বাইরের ক্ষিনিষগুলি যেমন দেখ্ছি এগুলোও ঠিক সেই সঙ্কেই দে'খেছি।"

कथा श्रमतक बात वकानिन वनिए छिएनन,—"नाम कर्ए कर्ए नती तर्छ। যেন electrified (তড়িংপূর্ণ) হ'ষে যে'ত। এক এক দিন নাম কর্ত্তে কর্ত্তে শ্রীর একেবারে full-steamed engine (বাষ্পপূর্ণ ইঞ্জিন) এর মত থাকত। একদিন গায়ে জালা হ'চ্ছিল, তথন একটা আকন্দেব গাছ চে'পে ধ'বেছিলাম, আর সঙ্গে সঙ্গে আকন্দের গাছটা শিউরে উঠ্ল—খুব perceptible (স্পষ্ট) শিহরণ। নাম করবাব সময মনে হ'ত, বাইরের জিনিষগুলি পুঞ্জীভূত আলোকরাশি। গাছগুলি দে'থে মনে হ'ত, আলোর শক্ম এক জায়গায় জ্মাট হ'য়ে দেগুলোকে তৈ'রী ক'রেছে। জ্মায়েত আলোক-কণাগুলিকে নিজেবই অংশ ভে'বে আঁকি'ড়ে ধরতে যে'তাম, হাতে ঠেকত কঠিন গাছপালা দব কিছু। তখন ছেলেবেলায একদিন স্থল থেকে বাড়ী যাচ্ছিলাম, হঠাং দেখলাম electric light (বৈদ্যাতিক আলো) এর মত লাল নীল আলোদারা সমন্ত জগং ব্যাপ্ত, বিশের মাঝে সে উজ্জল আলোক সমুদ্রের তেউ থে'লে যাচ্ছে, তার মধ্যে বৈচিত্রাময় স্বষ্ট যেন আলোর কোটা কোটা ব্ৰুদ্! যে জাষগা থেকে এমন দেখ্লাম, সে জায়গাটা ছিল কাদা আব জলে ভরা। আমি দেই কাদাব ভিতবেই অজ্ঞান হ'য়ে পড়লাম। দুণ পুরালা সেই পথে যাজিল, সে আমার চোপে মুখে জল দিয়ে জ্ঞান ফি'রিয়ে বাড়ী এনে দিয়ে গিয়েছিল। একদিন কাশীপুর যাচ্ছিলাম, দেখ্লাম, তভিতের বিন্দুর মত জলন্ত ক্দুক্ত অণু-পরমাণুর বিন্দু সমন্ত বিশ্বক্ষাতে ছড়ান। সেগুলো এক একটা whirlpool (আবর্ত্ত) এর মত, আর দেগ লাম, যেন এইগুলি একত্র হ'য়ে সমন্ত দ্রব্যের স্বষ্টি ক'রেছে।" এই সহস্থ বোধের দক্ষণ তাহাতে ফুটিয়া উঠিয়াছিল সর্বভূতে সমদৃষ্টি, গভীর প্রেম ও ভালবাসা ৷

আর একদিন নামজপ দম্বন্ধে আলোচনা হইতেছিল। কথায় কথায় তিনি বলিলেন—"ছোটবেলায় দব দম্য নাম-ময় হ'য়ে থাক্তাম। দিনরাতই নাম কর্তাম। কোন কালেই আদনাদি ক'রে নামধ্যান করি নাই। নাম কর্তে থ্বই ইচ্ছা হ'ত, থ্বই ভাল লাগ্ত. তাই দর্কদাই নাম চালাতাম্। একদিন চুপ ক'রে নাম কচ্ছি, দেখ্লাম, প্রকাণ্ড স্থ্যের মত জ্লম্ভ গোলাকার পদার্থ আমার দমুখে ভে'দে বে'ড়াতে লাগ্ল। চোখ যেন বল্দে বায়। শেবে দেটা ধীরে ধীরে মি'লিয়ে গেল। মাঝে মাঝে দেখ্তাম, শত সহস্র ক্য়ে স্থামার চারিদিকে ঘুর্ছে আর শব্দ কচ্ছে, যেন সহস্র সহস্র

ইলেক্ ট্রিক্ পাওয়ার হাউদ্ এক দক্ষে শব্দ কচ্ছে। মাঝে মাঝে মনে হ'ত প্রাণ যায় যায়, কিন্তু তবু নাম করা ছাড়ি নি। নাম কর্তে কর্তে সমস্ত শরীরটা মনে হ'ত যেন আগুন। থার্মোমিটারে হাত দিয়ে দে'থেছি ১১১০° ডিগ্রী উত্তাপ উ'ঠেছে। গায়ে জল ঢে'লে দিলে বাষ্প হ'য়ে যে'ত, এই অবস্থায় আমার সাধারণ জ্ঞান কিন্তু স্বাভাবিকই থাক্তো।"

সর্বাক্ষণ নামজপে বিভোর হইয়া থাকিবার ফলে তাঁহার যে এই সকল অবস্থা হইত, জননীদেবী তংসমুদয় বিবৃত করিয়া পশ্চিমের তদানীস্তন গুরু সরকার সাহেবের নিকট পত্র লিখিলেন। জননীদেবীর গুরু হজর মহারাজ এবং তাহার তিরোধানের পর মহারাক্ত সাহেব উভয়ই তখন স্বর্গগত। সরকার সাহেব তাঁহাদের স্থানে অধিষ্ঠিত ছিলেন। সরকার সাহেব পত্র পাইয়াই বালক অন্তকুলচন্দ্রকে অবিলয়ে দীক্ষাদান মনোমোহিনীর নিকট লিখিয়া পাঠাইলেন। সরকার সাহেবও তখন অস্তিম-শ্যায়। তাঁহার পত্র পাইয়াই জননীদেবী পুত্রকে যথারীতি সত্যনামে দীক্ষিত করিলেন। দীক্ষাপ্রাপ্তির সঙ্গে সঙ্গেই বালক অজ্ঞান হইয়া পড়িলেন এবং তাঁহার চতুর্দিকে শাশ্রবিশিষ্ট তেজঃপুঞ্জ এক দিব্য পুরুষ-মৃত্তি (সরকার সাহেবের বলিয়া মনে হয়) দেখিতেছেন, বলিতে লাগিলেন। যেদিন হিমাইতপুরে বালক অঞ্কুলচন্দ্র দীক্ষিত হন, ঠিক সেই দিন সেই মুহুর্জেই সরকার সাহেবও গান্ধীপুরে দেহরক। কবেন। মহাপ্রযাণের অবাবহিত পূর্বে তিনি প্রিযশিশ্ব আনন্দস্বরূপকে ডাকিয়া কহিলেন—"যাও, কাম্ হো গিয়া—।" এই কথা কয়টা বলিতে বলিতেই তাহার প্রাণবায় বহির্গত হইল। যাক, অমুকুলচন্দ্রের বর্ণিত বালোব অভিজ্ঞতাব কথা যাহা বলিতেছিলাম—

"* * * নাম নাব কাছ থেকে নেবার আগেই আমি নাম কর্ত্তাম। অতি ছোটবেল। থেকেই নাম কর্ত্তাম। মা হুজুর মহারাজকে গুরুদেব ব'লে ডাক্তেন, আমি পরমপিতা ব'লে ডাক্তাম, আর তাঁরই ধ্যান সর্কাক্ষণ সহজেই হ'ত। নাম কর্তে কর্তে হাত-পা সব শরীরের ভিতরে চু'কে ষে'তে চাইত। কর্ত্তে প্রাণ যায যায হ'ত, তবু ছাড়তাম্ না। তথন নাম করা ছাড়তে চাইলেও নাম আব আমাকে কিছুতেই ছাড়ত না। আপনা আপনি নাম হ'তে থাক্ত। তথন এত ভীষণ ক্ষের সঙ্গে এমন আনন্দ হ'ত যে, মনে হ'ত বৃঝি আনন্দেব চোটেই ম'রে যা'ব। ঘরে দর্জা বন্ধ ক'রে সে অসীম আনন্দের হাত এড়াতে পারি না। জলে একটা বাঁশ পু'তে নিলাম। শ্বনন হ'লে জলে ডুব দিয়ে বাঁশটা ধ'রে থাক্তাম। কিন্তু তাতেও আনন্দের থাক্তি হ'ত না, যেন ঠে'লে ঠে'লে তুল্ত।"

वाना-कारिनी बार्लाहना-अमरक এकिमन वनिर्छिहितन,—"ছোটবেन।



জননা মনোমোহিনী দেবী

থেকে দেখ্তাম পৃথিবীতে নানা বকমের গাছ। মনে হ'ত, এক মার্টী থেকে এতগুলো গাছ হ'লে। কি করে? এই নিয়ে জন্ধলের ভিতর ব'লে কেবল চিন্তা কর্ত্তাম। কিছু মীমাংসা কর্ত্তে না পে'রে মাঝে মাঝে কে'দে ফে'লে দিতাম, আর কেবল নাম ক'রে যে'তাম। মনে হ'ত যদি কোন দেবতা এদে আমার প্রশ্নেব মীমাংসা ক'রে দেন!" বালক মাটী খুঁড়িয়া মূল উঠাইয়া ফুল, পাতা, ডাল--- গাছের প্রত্যেকটা অংশ তন্ধ-তন্ন করিয়া কারণ অফুদ্রান করিতেছেন আর নাম করিতেছেন। হঠাং তাহার বোধে আদিল —তাইত', বীজগুলি যে স্বতন্ত্র, তাই গাছগুলিও পথক পথক রকমের হ'রেছে। বালা হইতেই এই সহজ খান ও নাম-জপের ফলে বালকের মনে স্ষ্টি-রহক্তের নানা অন্তত প্রশ্নের উদয় ও মীমাংসা হইত। জল-স্থল, মাকাশ-বাতাস, স্থীব-জন্তু, গাছ-পালা—ছনিযার যত-কিছু সমন্তই তিনি অতি গভীবভাবে আপনার মত ভাবিয়া অমূভব করিতেন। আর তাই মাহ্যের জীবন ও বিশ্বপ্রকৃতি সময়ে নানা সমস্রার সহজ সরল সমাধান তাহার জ্ঞানের প্রত্যক্ষ অফুভুকির নিকট ধরা পড়িত। প্রতিটা বিষয়ের অন্ত্রনিহিত কারণ অন্তুসন্ধান করিবাব জন্ম তিনি এত গভীরভাবে তাহাতে মনোযোগের সহিত প্রবেশ করিতেন যে, তাহার তীক্ষ ইন্দ্রিয়ের নিকট অতি সুন্মাতিসুন্ম সভাগুলিও বিশদভাবে প্রকট হইয়া পড়িত।* এ সম্বন্ধে সংক্ষেপে নিমে কয়েকটা ঘটনার উল্লেখ কবিতেছি।

১০০৫ সলের কথা। ফ্রী প্রেসের রিপোটার শ্রীযুক্ত ইল্রনাথ চৌধরীশ্রীশ্রীনাকর অনুকল-চল্লের সহিত নানা বিষয়ে আলাপ আলোচনা করিয়াছিলেন। কথাপ্রসঙ্গে তিনি প্রশ্ন করিয়াছিলেন- "আপনি নাকি ছোট বেলায় থব নাম করিতেন প নাম করা মানে কি প নাম করিলে কি হয় ?" শ্রীশীঠাকর তত্রতার বলিয়াছিলেন—"পাতঞ্জলে আছে 'তজ্জপন্তদর্থভাবনঞ'। নাম করা মানে ধাহা জ্বপ করিতে হটবে তাহা মনে মনে উচ্চারণ করিয়া ভাহার অর্থ-ব্যান বা ভাহাকে ধ্যান করা। ভা'তে একটা শব্দ লইয়া মনে মনে অনবরত উচ্চারণের ফলে আমাদের স্থানর উপর ক্রিয়া করিয়া মন্তিঞ্চ-কোবগুলিকে উত্তেজিত করিয়া তোলে। তার ফলে আমাদের কোৰগুলি বেমনতর আছে তার চেরে ঢের বেণী সাডাপ্রবণ হয়-আর এই সাডাপ্রবণ হওয়ার দরণাই বে-সমস্ত সাড়া পুর্বে বোধের অগমা ছিল তাহা ক্রমে ক্রমে বোধগমা হইরা মার অন্বরত অমুরাগের সহিত একচিন্তাপরায়ণতার দরুণ অর্পাৎ প্রিয়চিন্তা বা ধাানের ফলে ঐ সাডাপ্রবণ কোষগুলি এমনতর ভাবে পরস্পর সম্বন্ধ ও স্থবিশ্বস্ত হর যা'তে সাডা ত' লয়ই—আরও অটট ভাবে ধরিয়া রাখিতে সমর্থ হয় অর্থাৎ গ্রহণক্ষম হয়। ক্লীং, ওঁ প্রভৃতি ধান্তাত্মক বা বীজযুক্ত নামগুলি জপ করিলে মন্তিককোবের সাড়াপ্রবণতা-পুল বোধশন্তি-বাড়ে, আর কোন মুন্ডি-গ্যানের কলে স্নান্গুলি গ্রহণক্ষম হর। তা'হলেই আমাদের প্রবাবেক্ষণগুলি কত উন্নত, কত প্তীরতর হুইরা উঠে দেখুন;—আর এগুলি-সব নাম ও বাান হইতে বেমনতর ভাবে হইতে পারে, অন্ত কোন প্রকারে বোধ হয় এমনতর ভাবে সম্ভব

খুব ছোটবেলায় একদিন ভাটের পাতা খাওয়ায় তাঁহার পেট-ব্যথা করিতে থাকে। একবার তাঁহার এক সঙ্গীর পেট-ব্যথা হইলে তাহাকে ভাটপাতা ভিজান জল থাইতে দিয়া দেখিলেন, তাহার যন্ত্রণার অনেকটা লাঘব ইইয়াছে। এই ঘটনা হইতে বালকের ধারণা হইল যে, কোন জিনিষ স্কুষ্থ শরীরে খাইলে শরীরে যাহা যাহা হয়, কোন রোগে যদি সেই সকল লক্ষণ প্রকাশ পায়, তবে তাহা ব্যবহারে উক্ত রোগ সহজেই আরাম হয়। ডাঃ ছানিমান বা হোমিওপ্যাথিক চিকিৎসা-শাস্ত্রের নাম তথনও তিনি শুনেন নাই, অথচ ইহার মূলস্ত্র—-'সমঃ সমং শময়তি' এই গভীর সভাটী অভুভ পর্যাবেক্ষণের ফলে ভাতি শৈশবেই কেমন সহজে তিনি ধরিতে পারিয়াছিলেন।

আর একদিনের ঘটনা। পাবনা স্থলে পড়িবার সময় একদিন তাহার পেয়াল হইল,—দোয়াত লইয়া স্থলে ধাইতে অস্থবিধা হয়, কলমের মধ্যে কালী ভরিয়া নেওয়া যায় কি না ? এই মনে ভাবিয়া একটী সক্ষ পাগের নল কালীতে পূর্ণ করিয়া তাহাতে নিব্ লাগাইয়া একটী কলম প্রস্তুত করিলেন। লিখিতে গিয়া দেখিতে পাইলেন, নিবে কালী আসে না, অমনি বৃদ্ধি করিলেন,—কলমের উপর দিকটা বন্ধ আছে, সেপানে একটা ছিদ্র করিয়া দিলে হয়। পিন্ দিয়া একটা সক্ষ ছিদ্র করিয়া দেওয়ায় কালী আসিতে লাগিল সত্য, কিন্তু এত বেশী পরিমাণে আসিতে লাগিল ধে, তিনি আর এক নৃতন সমস্থায় পতিত হইলেন। এইবার চিন্তা করিয়া ছিদ্রপথে একটা আলপিন্ রাথিয়া তাহা নাড়িয়া চাড়িয়া কালীর পরিমাণ নিয়মিত করিলেন। কতকাল পূর্বেক লাউন্টেন্ পেন্ যথন চক্ষেও তিনি দেখেন নাই, ইহার নিশ্বাণের এই মূল সংস্কৃতী কেমন অনায়ানে এই বালকের মাথায় আসিয়াছিল।

আর একটা ঘটনা বলিতেছি। বিদ্যালয়ে পড়িবার সময় একদিন শিক্ষক
মহাশয় ক্লাসে বলিতেছিলেন—"এক আর এক তৃই।" শুনিবামাত্র তাহার
মনে সংশয়ের উদয় হইল। তিনি মনে মনে ভাবিতে লাগিলেন—"তাইত!
এ কিরূপে সম্ভব? জগতে যত বস্তু দেখতে পাই সবই ত' পরম্পন সম্পূর্ণ
পৃথক। কোন একটা বস্তুর সঙ্গে আর একটা বস্তুর ত' পূরাপুরি মিল মোটেই
দেখতে পাই না। ঠিক একই রকমের তৃইটা জিনিবই যদি নাথাকে তা'
হ'লে এক আর এক কি ক'রে তৃই হ'বে ?" বালক শিক্ষক মহাশযকে
জিজ্ঞাসা করিলেন—"এ কিরূপে হয় ?" বালকেব উত্থাপিত প্রশ্নের মর্মা শিক্ষক

নর। তবে এক কণা,—বা'তে বা ধাহাতে এ নাম সার্থক হটরাছে সে-ই বা তিনিই ব্যের ও অনুসরণীর,—কারণ ইহা করিলে বে বে ভাবগুলি উত্তেজিত হর তাঁহার দেহের ভলিমার সেগুলি প্রকটিত থাকে।"

মহাশয় ব্ঝিতে পারিলেন না, ব্ঝিবার চেষ্টাও করিলেন না, বরং এই সহজ্ব কথাটা বুঝিতে পারিল না বলিয়া বালককে তিনি প্রহার করিয়া বিদায় করিলেন।

বালক একবার পিতার সঙ্গে ঢাকা যাইতেছিলেন। স্থীমারের ইঞ্জিন চলিতে দেখিয়া তাঁহারও একটা ইঞ্জিন তৈয়ার করিবার সাধ হয়। বাসায় পৌছিয়াই একজন কারিকর ডাকিয়া জাহাজের কল-কজা যেমন দেখিয়াছিলেন তাহাকে বিস্তারিত ভাবে ব্ঝাইয়া দিলেন এবং সেই লোকটা দ্বারা কতক-গুলি অংশ নির্মাণ করাইয়া লইলেন। এই সকল অংশ এবং অক্যান্ত স্রব্যাদির সাহায়ে একটা ইঞ্জিনের নির্মাণকার্যা শেষ করিয়া, তাহাতে অগ্নিসংযোগ করতঃ ইহাকে চালাইবার ব্যবস্থা করেন। কিছুক্ষণ ইঞ্জিন চলিল না, তারপর ইহার চাকা হঠাং ভীষণ শব্দে ঘ্রিতে লাগিল এবং অল্পক্ষণ চলার পরেই ফাটিয়া গেল। এইরূপ বালক যথনই যাহা-কিছু দেখিতেন বা শুনিতেন, তংসম্বন্ধে একটা তীর অন্তসন্ধিৎসা তাহার তরুণ মনে জাগিয়া উঠিত।

"পাবনা ইনষ্টিটিউসনে" তৃতীয় শ্রেণীতে অধ্যয়ন করিবার সময় ১৩১৩ गालात २৮८म खावन जातिएथ मरजत वश्मत वग्नरम, रधाभाष्ट-निवामी ৺রামগোপাল ভটাচার্য্য মহাশয়ের কলা শ্রীযক্তা ষোডশীবালা দেবীর∗ সহিত তাহাব প্রথম বিবাহ হয়। ছোটবেলায় অন্তকুলচন্দ্রের একবার কঠিন অম্বর্থ করিযাছিল; তথন দিদিমা বালকের রোগমুক্তির জন্ম তাঁহার বিবাহের সময় দেহের ওজনে বাতাসা দিযা 'হরি-লুঠ' দেওয়ার মানত করিয়াছিলেন। এই বুহং 'হরি-লুঠ' এবং গীতবাল প্রভৃতি নানা আমোদ-প্রমোদের সহিত রুক্ষম্বন্দরী পৌত্রের বিবাহ দিলেন। এই ব্যাপারে অমুকুলচন্দ্রের বাল্যবন্ধু এবং সহপাঠিগণ অনেকেই যোগদান করিয়া যথেষ্ট আনন্দ উপভোগ করিয়াছিলেন। বিবাহের পর কিছুদিন তিনি স্থানীয় জিলা স্থলে অধ্যয়ন করেন। অতঃপর পিতার দলে থাকিয়া ঢাকায় আমিরাবাদের কাছে "রাইপরা" স্থলে এবং তথা হইতে নৈহাটী গিয়া আত্মীয় ৺শশীভ্ষণ চক্রবর্ত্তী মহাশয়ের বাডীতে অবস্থান করতঃ তথাকার উচ্চ ইংরেজী বিছালয়ে ভর্ত্তি হন। সেখানে পাঠ্যাবস্থায় বালক একটা সাহায্যভাগ্ডাব স্থাপন করিয়া নিকটবন্তী বহু কুধাপীড়িত চঃস্থ ব্যক্তির অল্পের ব্যবস্থা করিয়া দিয়াছিলেন। এজন্ম তথাকার অধিবাসিগণ তাঁছাকে যথেষ্ট ক্ষেষ্ট করিতেন এবং তাঁহার সচ্চরিত্রের ভূয়সী প্রশংসা করিতেন।

ইহার গর্ভে শ্রীশ্রীঠাক্র অমুকুলচন্দ্রের সন্তাদ-সংখ্যা চারিটা। স্ব্যেষ্ঠপুত্র শ্রীমান্
অমরেক্রনাথ চক্রবর্ত্তী (বয়:ক্রম ২৮ বৎসর, বিবাহিত), বিতীয় পুত্র শ্রীমান্ বিবেকরঞ্জন
চক্রবর্তী (বয়:ক্রম ২৫ বৎসর), তৃতীয়—কন্তা শ্রীমতী সাধনা দেবী, বি-এ, (বয়:ক্রম
১৯ বৎসর, বিবাহিতা) ও কনিষ্ঠা কন্তা—শ্রীমতী সান্ধনা দেবী বাদশ বর্বে পদার্পণ করিয়াছে।

নৈহাটী স্থল হইতে তিনি প্রবেশিকা পরীক্ষার জন্ম নির্বাচিত হইয়াছিলেন, কিন্তু পরীক্ষায় উপস্থিত হওয়া তাহার ভাগ্যে ঘটে নাই। মনোনীত ছাত্রদিগের মধ্যে কোন এক সমপাঠীর আর্থিক অবস্থা বড়ই অসচ্ছল ছিল। অর্থাভাবে ফিসের টাকা সংগ্রহ করিতে না পারিয়া বালকটা অত্যম্ভ ব্রিয়মাণ ও হতাশ হইয়া পড়ে। সহপাঠীর এই ত্রবস্থার কথা জানিতে পারিয়া বন্ধুবংসল অন্তক্ত্লচন্দ্র অত্যম্ভ বিচলিত হন। বাড়ী হইতে পিতৃদেব তাহার পরীক্ষার জন্ম যে অর্থ পাঠাইয়াছিলেন তাহাই তিনি আগ্রহের সহিত বন্ধুটীকে দান করিলেন। তৎপ্রদন্ত অর্থ নারা ফিসের টাকা যথাসময়ে দাখিল করিয়া বালকটা পরীক্ষায় উত্তীণ হইয়া গেল, কিন্তু তিনি যে পরীক্ষা দিতে পারিলেন না, সে বিষয়ে আর কাহাকেও জানিতে দিলেন না। তাহার বাল্যের পাঠ এইখানেই পরিসমাপ্ত হয়।

অন্তর্কাচন্দ্র বাল্যাবিধি খুবই লোকপ্রিয় এবং নির্দোষ আমোদ-প্রমোদের অত্যন্ত অন্তরাগী ছিলেন। স্থলে পড়িবার সময়, ছুটীর দিনে বন্ধুদিগকে লইয়া তিনি গীত-বাত্যের আসর জমাইতেন। নিজেই নাটক ও যাত্রার পালা রচনা করিতেন, নিজেই প্রধান ভূমিকায় অভিনয় করিতেন এবং দলের অন্তান্ত সকলকে স্ব স্থ ভূমিকায় উত্তমরূপে অভিনয় করিবার জন্ত যত্নপূর্বক শিক্ষা দিতেন। তাঁহার কণ্ঠস্বর যেমন মধুর ছিল, সঙ্গীতেও তেমন অপ্রব্ধ দক্ষতা ছিল।

বালক অন্তক্লচন্দ্র কবিতা-রচনায় খুবই আমোদ পাইতেন। এই নেশায় তাঁহার মন এমন ভরপুর থাকিত যে, অনেক সময় থেলাধূলা ভূলিয়া যাইতেন এবং রাস্তায় চলিতে ফিরিতে সমপাঠিগণের সহিত প্রায়শঃ কবিতায় উত্তর প্রত্যুত্তর করিতেন। "পাবনা ইন্ষ্টিটিউসনে" চতুর্থ শ্রেণীতে (বর্ত্তমান ৭ম মান) অধ্যয়ন করিবার সময় তিনি 'দেবযানী' নামক একখানা নাটক রচনা করেন। গ্রামবাসী অনেকেই ইহার যথেষ্ট স্থগাতি করিয়াছিলেন। ইহার পর কয়েক বৎসর তিনি বহু কবিতা ও গান এবং আরও কয়েকটা নাটক লিখিয়াছিলেন। তাঁহার বাল্যের অসংখ্য রচনার ষৎকিঞ্চিৎ গ্রম্বের পরিশিষ্টে দেওয়া হইল।

তৃতীয় অধ্যায়

কলিকাতায় ডাক্তারী-শিক্ষা

নৈহাটী হইতে অমুক্লচন্দ্র ডাক্তারী পড়িবার জন্ম কলিকাতায় গমন করেন এবং তথায় বাবু শরংচন্দ্র মল্লিকের 'গ্রাশন্তাল্ মেডিকেল কলেজে' ভত্তি হন। প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ ছিলেন না বলিয়া, বিদ্যালয়ের কর্তৃপক্ষ তাঁহাকে ভর্ত্তি করিতে প্রথমতঃ আপত্তি করিলে তিনি বলিয়াছিলেন, —"পরীক্ষায় উত্তীর্ণ হওয়া যদি কলেজে প্রবেশের যোগ্যতার প্রমাণ হয়, তবে আমাকেও পরীক্ষা করিয়া উপযুক্ত বিবেচনা করিলে অনায়াসেই ভর্ত্তি করিতে পারেন।" কর্তৃপক্ষ বালকের এই গ্রায্য দাবী অগ্রাহ্ম করিতে পারিলেন না। গৃহীত পরীক্ষায় উত্তমক্রপে কৃতকাধ্যতা লাভ করিয়া অমুক্লচন্দ্র যথারীতি ভর্ত্তি

কঠোর দারিজ্যের সঙ্গে যুদ্ধ করিয়া তাঁহাকে ভাক্তারী কলেজের পড়াশুনা চালাইতে হইয়াছিল। গ্রে খ্রীটে এক কয়লার গুদামে তাঁহার বাসস্থান ছিল। এরপ নোংবা স্থানে বাস করিবার দরুণ তাঁহার পোষাক-পরিচ্ছদ অসম্ভব ময়লা হইত। একটু সাবান কিনিয়া তাহা যে পরিষ্কার করিয়া লইবেন সে সক্ষতিও তাঁহার ছিল না। বস্থাদি এমন মলিন হইত যে, অকুলি ছারা সামাশু আঘাত করিলে তাহা হইতে ধূলিকণা নির্গত হইত। এইরপ অপরিচ্ছের বস্থাদি পরিয়া কলেজে যাইতেন বলিয়া একদিন অধ্যাপক তাঁহাকে ক্লাস হইতে বাহিব করিয়া দিয়াছিলেন। তারপর, কত কপ্ত করিয়া দীর্ঘপথ হাঁটিয়া তিনি কলেজ করিতেন। গ্রে খ্রীট হইতে প্রতাহ বৌবাজার খ্রীটে কলেজ করিবার জন্ম যাইতেন; ডিসেক্সন্ করিবার জন্ম যাইতে হইত ম্বারীপুকুরে। আবার রাত্রে কলেজ-সংলগ্ন হাসপাতালে রোগীদিগের সেবাশুশ্রমার কাজ সারিয়া বাসায় ফিরিতেন। ট্রামে যাওয়ার পয়সা জুটিত না। পদব্রজেই সর্ব্বে যাতায়াত করিতেন।

এক ব্যক্তি তাঁহার পিতার নিকট হইতে কিছু টাকা কৰ্জ নিয়াছিলেন।
এই টাকার স্থাদ মধ্যে মাসিক ১০ দশ টাকা তিনি অমুকুলচন্দ্রের কলেজে
পডিবার ধরচ বাবদ পাঠাইতেন। এই সামাত্র টাকা দ্বারা যাবতীয় বায়
নির্দাহ করিতে হইত বলিয়া, অল্প পয়সায় হোটেলে আহারাদি করিতেন।
এজত্র যারণরনাই অষত্বের সহিত তাঁহাকে অল্পবাঞ্চন পরিবেশন করা
হইত। কোন দিন শুধু কাঁচকলার সামাত্র ঝোল, কোন দিন বা সামাত্র

একটু পাতলা ভাল তাঁহার ভাগ্যে জুটিত। নিতাম্ভ অপরিষ্ণুত স্থানে অবহেলার সহিত প্রদন্ত স্বল্পবিমিত এইরূপ কদর্য্য আহার গ্রহণ করিয়া তিনি দিন কাটাইতেন। খাদ্যাদি অনেক সময় অনাবত অবস্থায় পড়িয়া থাকিত। একদিন খাইতে যাইয়া দেখিতে পাইলেন, ভাতের উপর খানিকটা কফ পড়িয়া বহিয়াছে। সেদিন আর তাঁহার খাওয়া হইল না। সামাভ দশটী টাকার সাহাযো यनिও অভিকট্টে কোন রকমে খরচাদি চালাইভেছিলেন. কিছুদিনের মধ্যে তাহাও বন্ধ হইয়া গেল,—ভদ্রলোকটা আর টাকা পাঠাইলেন না। এমতাবস্থায় তাঁহার আহারের সংস্থান প্যান্ত রহিল না। একদিন এমন হইল যে, তাঁহার হাতে সেদিন মাত্র ছয় আনা পয়সা আছে। তিনি मत्न मत्न ভाবित्नन, একবেলা মুড়ি-নারিকেল ও একবেলা ভুধু জল খাইয়া কোনমতে চালাইবেন। তথনই এক বন্ধ বিশেষ বিপন্ন হইয়া তাঁহার নিকট উপস্থিত হইলেন। নিতাম্ভ কাতরতার সহিত তিনি অমুকুলচন্দ্রকে জানাইলেন বে, অস্ততঃ আট আনা পয়সা তাহাকে না দিলে তাহার কণ্টের একশেষ হইবে। অমুকুলচন্দ্রের হাতে যে ছয় আনা পয়সা ছিল তাহাই তিনি বন্ধুটীকে: দান করিয়া ফেলিলেন। এইরূপে কপর্দ্ধকশৃতা হওয়ার ফলে, ষথনই ক্র্পেপাসায় কাতর হইতেন, রাস্তায় গিয়া কলের জনে উদর পূর্ণ কবিয়া তাহা দুর করিবার চেষ্টা করিতেন এবং এই অবস্থায়ও স্থদীর্ঘ পথ হাটিয়া কলেজ করিতেন। এই ভাবে ছুই দিবস অতিবাহিত হুইল, তৃতীয় দিন তাহার পেটে বায়ু সঞ্চিত হইয়া দারুণ যন্ত্রণা উপস্থিত হইল। সহপাঠিগণের মধ্যে কেই কেই তাঁহার কটে দ্যাপরবর্ণ হইয়া বিদ্যালয়ের এক অধ্যাপককে আনিয়া দেখাইলেন। অধ্যাপক যে ঔষধের ব্যবস্থা করিলেন তাহা কিনিতেও অন্যুন বার মানার দরকার। অর্থাভাবে ঔষধ আনা হইল না। অমুকুলচক্র তথন প্রাণাম্ভকর ষন্ত্রণায় অস্থির। এমন সময় কলেজের চতুর্থ-বার্ষিক শ্রেণীর একটী ছাত্র নিজেই অর্দ্ধ পয়সার 'সোডা বাই-কার্ব্ব' কিনিয়া আনিয়া তাহা হুই তিন মাত্রা খাইতে দিলেন। সৌভাগাবশতঃ ইহা মন্ত্রশক্তির আয় কার্যা করিল, তিনি স্বস্থ হইলেন।

ঈদৃশ নিদারুণ অর্থকটে পতিত হইয়াও বালক পিতামাতাকে এ সকল বিষয় কিছুই জানাইলেন না। সহরে তাঁহার অনেক আত্মীয় ও বন্ধু-বান্ধব ছিলেন। প্রত্যেকের বাড়ীতে একদিন করিয়া গাইলেও তাঁহার অনেক দিন কাটিয়া যাইতে পারিত, কিন্তু তিনি তাহা পছন্দ করিলেন না। অবিচলিত চিত্তে অসীম ধৈর্য্যের সহিত তিনি চলিতে লাগিলেন। তাঁহার চরিত্রগুণে মৃশ্ব হইয়া এই বিপদের সময় অনেকেই তাঁহাকে সাহায্য করিয়াছিলেন। তাঁহার অমুসন্ধিৎস্থ সেবা এবং সহামুভ্তিতে আকৃষ্ট হইয়া গুদানের কুলীরা তাঁহার

নিতান্ত আপন-জন হইয়া পড়িয়াছিল। কয়লার গুদামের নিকটেই একটা মিছ বীর কারথানা ছিল, সেখানেও অনেক কুলী কান্ত করিত। তাঁহার সরল মধুর ব্যবহারে মুগ্ধ হইয়া তাহারাও তাহার যত্ন ও তত্ত্বাবধান করিতে লাগিল। গ্রে খ্রীটের মোডে এক ডাক্তারখানা ছিল, সেই ডাক্তারখানার ডাক্তার বাবু হেমস্তকুমার চট্টোপাধ্যায় মহাশয় অফুকুলচন্দ্রকে একটা হোমিওপ্যাথিক ঔষধের বাক্স এবং একখানা পারিবারিক চিকিৎসা বহি দিয়াছিলেন। माशास्या अञ्चलकतः कृनीमिशरक अञ्चल-विञ्चरथ 'डेयपशक मिर्ड नाशिरनन। প্রতাহ অধ্যয়ন করিয়া যে সময়টুকু পাইতেন এই সকল রোগীদিগের শুশ্রুষা এবং চিকিৎসায় তাহা অনেক দিন কাটিয়া ঘাইত। কুলীরা ইচ্ছা করিয়া যে যাহা দিত তাহাই তিনি লইতেন, নিজে কখনও কাহারও নিকট কিছুই চাহিতেন না। এই অর্থ দ্বারা তিনি সময় সময় দ্বিত্র কুলীদিগকে কাহাকেও জামা, কাহাকেও বস্ত্র এবং কাহাকেও বা খাছদ্রব্য ক্রম করিয়া দিজেন। আপনার এই স্বভাবদিদ্ধ দেবাগুণে কুলীদিগের উপর তাহার অসাধারণ প্রতিপত্তি জন্মিল। তাহাবা অন্তকুলচন্দ্রকে ছাডা আর কিছ ব্ঝিত না। তাহাদের প্রাণের যত স্বর্থ-তঃথ তাহার কাছে বলিয়া শাস্তি পাইত এবং নিতান্ত আপন-জনের মত তাহাকে সাহায্য করিয়া তুপ্তি লাভ করিতে কত চেষ্টা করিত। কুলীরা অমুকুলচন্দ্রের এতই বাধ্য হইয়া পডিয়াছিল যে, ষখন তিনি দেশে যাইতেন তাহারা সকলে মালপত্র মাথায় করিয়া ষ্টেশনে আসিয়া তাঁহাকে গাড়ীতে তুলিয়া দিয়া যাইত এবং বাড়ী হইতে ফিবিবাব দিনও ষ্টেশনে উপস্থিত হইয়া তাহার জন্ম অপেক্ষা করিত। পাঠ্যাবস্থা হইতেই নিরন্ধ, দুর্দ্দশাগ্রন্ত, রুগ্ন প্রতিবেশীর সেবা করিয়া অম্বুরুলচন্দ্র দেশের সত্যিকার অবস্থাব সহিত পরিচিত হইবার স্থযোগ পাইয়াছিলেন, আর সেবাই যে দারিদ্রা-মোচনের অমর মন্ত্র তাহা প্রাণে প্রাণে অমুভব করিয়াছিলেন।

অন্তব্যক্ত এইভাবে আহারাদি এবং বাসস্থানের নানা কণ্ট সন্থ করিয়া পড়ান্ডনা করিতেন, ভাবিতেন ছুটীতে বাড়ী গিয়া কিছু দিন ভাল খাওয়া-দাওয়া করিয়া শরীরটী স্বস্থ করিয়া আসিবেন, কিন্তু মা ও দিদিমার কঠোর শাসনে ইহাও তাহার ভাগ্যে ঘটিত না। বিবাহিত ছিলেন বলিয়া ছেলের বাড়ী থাকা অভিভাবকেরা মোটেই পছন্দ করিতেন না। ছুটীর মধ্যে বাড়ী আসিলে কিছু দিন যাইতে না যাইতেই তাহারা বালককে সত্তর বাড়ী ত্যাগ করিয়া কলিকাতা যাওয়ার জন্ম অস্থির করিয়া তুলিতেন।

মেডিকেল কলেজে মনোযোগী ও মেগাবী ছাত্র বলিয়া অন্তর্কচন্দ্রের খুবই স্থনাম ছিল। বলবতী জ্ঞানপিপাদা থাকা দত্ত্বেও পুস্তকের অভাবে কোন দিন

তিনি সাধ মিটাইয়া পড়িতে পারেন নাই। ডাক্তারী পুগুকের মূল্য অত্যধিক, অবশ্ব-প্রয়োজনীয় পুগুকাদি ধরিদ করিবার জন্মও বাড়ীতে অর্থের জন্ম লিখিলে, গ্রামবাসী আত্মীয়-স্বজন অনেকেই মাকে বলিতেন যে, বইএর দাম কথনও এত অধিক হইতে পারে না। মা তাহাদের কথায় বিশাস করিয়া এবং পাছে ছেলে অর্থের অপচয় করে এজন্ম কথনই উপযুক্ত অর্থ পাঠাইতেন না। প্রয়োজনমত পুগুক ক্রয় করিতে না পারায় অধ্যয়ন-কাগ্যে বালককে যথেষ্ট বেগ পাইতে হইত। যাহা হউক, নানা আর্থিক অন্তবিধা সত্বেও লিশেষ অধ্যবসায়ের ফলে তিনি চিকিৎসা-শাস্তের সকল বিষয়েই বিশেষ বৃঃৎপত্তি লাভ করিয়াছিলেন, এজন্ম অধ্যাপকগণ সকলেই তাহাকে বিশেষ ম্নেহ করিতেন।

অমুক্লচন্দ্র যথন চতুর্থ-বার্ষিক শ্রেণীতে অধ্যয়ন করেন তথন তাঁহার আবাল্য বন্ধু ৺অনস্তনাথ রায় তাঁহার পাঠের সাহায্যের জন্ম বিশেষ চেষ্টা করিয়াছিলেন। এজন্ম অনস্তনাথ সাকুলার রোডে "হোয়াইট্ হল্ ফাশ্মেসী" নামক একটা ঔ্বধের দোকানে কম্পাউগ্রাব-এর কাল্য গ্রহণ করেন এবং সেই উপার্জ্জন দ্বারা অন্তক্লচন্দ্রের মেদে থাকিয়া পড়িবার কতক ব্যয় নির্দাহ করেন।

এইবার আমরা তদীয় অপূর্ব্ব চরিত্র-মাহাত্মা সম্বন্ধে তাঁহার কলিকাতায অবস্থানকালীন একটা অতি বিশায়কর ঘটনার উল্লেখ করিতেছি।

কলেক্ষে অধ্যয়ন-কালে, সারাদিনেব কঠোব পরিশ্রেমের পব, কোন দিন একটু অবসর পাইলেই তিনি গঙ্গার ঘাটে বেড়াইতে যাইতেন এবং নদীতীরে বসিয়া স্থাাস্থের রমণীয় শোভা দর্শন করিয়া ভূপ্তি পাইতেন। পড়াশুনা এবং পারিপার্শ্বিক লোকজনের সেবা-শুশ্বমায় প্রায়ই ব্যস্ত থাকিতেন বলিযা সমবয়স্কদিগের সহিত সর্বাদা মিশিয়া গল্প গুলব বা আমোদ-প্রমাদে রথা সময়যাপনের বড় স্থযোগ পাইতেন না। কোন কোন উচ্চ্ছ খল সঙ্গীদিগেব তাহা ভাল লাগিত না। তাহাব সহপাঠী কয়েকটী ছেলে নিতান্ত কুচরিত্রেব ছিল। তিনি দেখিতেন, এই সকল ছেলেরা স্নানের সময় গঙ্গার ঘাটে স্বীলোকদিগের উপর কুভাবে দৃষ্টিপাত কবিত এবং তাহাদেব লইযা নানা হাস্থ-পরিহাস করিত। অন্তক্ষলচন্দ্র সম্পাঠীগণেব এই সকল হীন আচরণে বড়ই ব্যথিত হইতেন এবং স্থযোগ্যত তাহাদিগকে ব্যাইয়া সংশোধনেব চেষ্টা করিতেন। এই সকল কাবণে অসম্ভন্ত হইয়া কয়েকজনে পরামর্শ করিল—'ইনি কিরূপ চরিত্রবান আমরা একদিন পবীক্ষা করিব।'

একদিন সন্ধ্যাকালে অন্তক্ষলচন্দ্র গঙ্গাতীরে একাকী ভ্রমণ করিতেছিলেন।
এমনু সময় গুইটা তৃশ্চরিত্র যুবক, তাঁহাকে অপদস্থ করিবার মানদে,
বাড়ীভাডা আদায়ের অজুহাতে শোভাবাজার ও গ্রে দ্বীটের মোড়ে এক
বেশ্যা-রমণীর বাড়ীর নিকট লইয়া যায়। এমতাবস্থায় সঙ্গীদ্ধের তুরভিদন্ধি



শ্রীশ্রীঠাকুর অমুকূলচন্দ্র (বালো)

ব্ৰিবামাত্ৰ অনুক্লচন্দ্ৰ সেন্থান হইতে সম্বর চলিয়া আসিবার জন্ম অন্থির হইয়া পড়েন, কিন্তু সন্ধীরা তাঁহাকে কিছুতেই ছাড়িতে ছিল না—বলপূর্বক তাঁহার হাত ধরিয়া রাখিল। বিপন্ধ অনুক্লচন্দ্র তথন অনন্তোপায় হইয়া স্নেহকঠোর দৃষ্টিতে সন্ধীদ্বরের দিকে চাহিলেন এবং হাতটা ছিনাইয়া লইবার জন্ম আপ্রাণ চেষ্টা আরম্ভ করিলেন। সন্ধীরা আর তাঁহাকে ধরিয়া রাখিতে পারিতেছিল না। বেগতিক দেখিয়া তাহারা এখন তাঁহাকে কাঁধে লইয়া রুলাইতে ঝুলাইতে একটা দ্বিতল বাড়ীর উপরে ক্রুত্ত উঠিযা গেল। এইবাব তিনি চীংকার করিয়া বলিয়া উঠিলেন,—"ভাই, তোরা আমায় কোথায় নিয়ে এলি? তোদের ছু'টা পাষে পড়ি, আমায় ছে'ড়ে দে ভাই।" এই সম্য কোনমতে একবার ছাডা পাইয়া তিনি সিঁডি বাহিষা ম্বিতপদে নীচে নামিয়া যাইতে লাগিলেন। ইহা দেখিয়া যুবকদ্বয়ের একজন তাডাতাভি দৌডিয়া গিয়া তাহাকে ধবিয়া কেলিল এবং উভয়ে ধরাধরি কবিয়া একটা ঘরের মেবেতে আনিয়া ধপাস্ করিয়া ফেলিলা দিল।

পূর্ন্ম-বন্দোবস্তমত তথায় ত্বই চারিজন বারবিলাসিনী যুবতী উপস্থিত ছিল। তাহাদের অন্নভন্ধী, আলাপ-ব্যবহার ও বাকচাত্র্যা দেখিয়া অমুকুলচন্দ্র হতভন্ধ তইয়া গেলেন। একটা বমণী অগ্রসর হইয়া হাস্তপরিহাসপুর্বকে নানা অল্লীল বিদিক ভা কৰিয়া তাঁহাকে প্ৰিয় সন্তাষ্ণ জানাইল। ক্ষোভে ও অপমানে তাঁহার শিবায় শিরায় তপু রক্ত প্রবাহিত হুইতে লাগিল। সহসা আকুলকণ্ঠে চতৃদ্দিক কম্পিত কবিয়া তিনি উচ্চৈঃস্বরে "মা" বলিয়া সম্বোধন করিয়া উঠিলেন, আর উন্মন্ত আবেগে কত কি বলিতে লাগিলেন।—"মা, তোদের স্থানের অপ্যান হ'বে, স্থানের অনিষ্ট হ'বে, স্থান বিধ্বস্থ হ'বে, আর মা হ'বে তোবা আজ তাই দেধ্বি ৷ তোদের সন্থান জাহাল্যে যা'বে, আর মাবের ভাত হ'য়ে, মা হ'য়ে তাই নীরবে দইবি ৮ · · · ।" বলিতে বলিতে তাহার কঠরোধ হট্যা আদিল, তিনি অজ্ঞান হট্যা পড়িয়া গেলেন। নিশুরক জ্বলাশন-বক্ষে সহমা কিছু পতিত হইলে যেমন তংস্থানের জলরাশি চানিদিকে ছিটকাইযা পডে, তেমনি তাহার আবেগপূর্ণ গম্বীবনাদী পবিত্র মাত-সম্বোধন ও উচ্ছদিত কঠোচ্চাবিত মৰ্মপেশী বাক্যাবলী শুনিবামাত্র অৰ্দ্ধনগ্ন বমণীগণ ভীত, সন্ত্রস্ত ও সঙ্কৃচিত চিত্তে ইতন্ততঃ ছুটিয়া পলায়ন করিল। দংজ্ঞা ফিবিয়া আসিলে তিনি দেখিতে পাইলেন, গৃহক্ত্রী বেলা-রমণীটী দপুক্ঠে কর্কু প বচনে যুবক তুইটাকে গৃহ হইতে বিতাড়িত করিয়া দিতেছে।

এই সময় অন্তক্লচন্দ্রও চলিয়া যাইবার জন্ম ত্রস্তপদে উঠিয়া দাড়াইলেন। তথন বেশ্যা-রমণীটা আসিয়া করুণকণ্ঠে বলিল,—"না বাবা, তুমি ব'স বাবা, বিছানায় বস্বে চল,—বড় ক্লান্ড হ'য়েছ।" অনুক্লচন্দ্রের তথন মনে পড়িল,—

সেই নিরালা গ্রামথানিতে নদীর ধারে তাঁহার মায়ের ক্ষুদ্র ঘর্থানার কথা। তিনি বলিলেন—"না মা, বিছানায় ব'দে আমার ভাল লাগুবে না মা।" তাহার পুন: পুন: মধুর পবিত্র মাতৃ-সম্বোধনে বেশুা-রমণীটার অস্তরে অপূর্ব্ব সম্ভান-বাংসল্য উথলিয়া উঠিল। সে তথন কিছু থাবার এবং এক গ্লাস ঠাণ্ডা সরবং আনাইয়া তাঁহাকে গ্রহণ করিবার জ্বন্ত কালাকাটি করিয়া কত পীডাপীডি করিতে লাগিল। তিনি কিছতেই পাইতে রাজী হইলেন না। অবশেষে অন্তকুলচক্র মিনতির সহিত বলিলেন,—'মা, তবে আমি এখন यारे १" इनइन त्नादा रम विनन-"कि आत वनव वावा, यनि करनरे या'रव একবার ক'রে এস বাবা।" তিনি শুধু বলিলেন—"মা, তুই যদি সত্যি সত্যি আমায় পেটে ধরতিস, তবে কি একবারও এই প্রেতপুরীতে আসতে তোর ছেলেকে বল্তে পার্তিস্ ?" এই বলিয়া অন্তকুলচন্দ্র গীরে গীরে কক্ষ হইতে বাহিরে আদিলেন। বেশ্রা-রুমণীটা তপন ছুটিয়া গিয়া তাহার পায়ের কাছে পড়িয়া মাথা ঠুকিতে লাগিল এবং আর্দ্তনাদ করিয়া কত-কিছু বলিতে লাগিল। তিনি দেখিলেন, তাহার কপোল বহিয়া অঞ্চ ব্যৱতেছে, ওঠ হইতে অবিরল-ধারে রক্ত পড়িতেছে, আর এই অবস্থায় উন্নত্তের ন্যায় স্বীয় জীবনের কত পাপ-কথা চীংকার করিয়া বলিতেছে। তিনি তাহাকে সম্লেফ মধুর সম্ভাষণে ধরিয়া উঠাইলেন এবং যথোচিত সাম্বনা ও শুশ্রমা-প্রদানে কথঞ্চিৎ স্বস্থ করিলেন। অতঃপর নাঁচে নামিয়া আসিয়া নিঃশব্দে ধীর পদক্ষেপে আপন গুহাভিমুখে রওনা হইলেন। এই ঘটনার কিছুদিন পরে শুনা গেল, সেই বেগু।-রমণীটা তাহার সমুদয় ধনসম্পত্তি কোন সদম্ভানে দান করিয়া নিকদেশ হইয়া চলিয়া গিণাছে।

ভাক্তারা পড়িবার সমগ্র কলিকাতায় অবস্থানকালীন আর একটা ঘটনার উল্লেখ করিব। আমর। বর্ত্তমান অধ্যারের বক্তব্য শেষ করিব। সে বংসর 'কবোনেশন্' উপলক্ষে মহামাত্ত সমাট পঞ্চম জ্ঞ্জ কলিকাতায় শুভ পদার্পণ করেন। রাজ-দর্শন প্রজার কর্ত্তব্য কম্ম এবং তাহা বিশেষ পুণ্য কাষ্য্য মনে করিয়া স্বয়ং উপস্থিত হইয়া তাহাকে অভিবাদন করিবার প্রবল আগ্রহে অন্তক্তলচন্দ্র বৌবাজার ও কলেজ ফ্রাটের নিকট বিবাট জনসমুদ্রের মধ্যে গিয়া দাড়াইলেন। এমন সময় একজন সিপাহী আসিয়া লোকজনকে সরিয়া যাইবার কথা বলিতে বলিতে নিরপরাধ অন্তক্তলচন্দ্রকে অকারণে যিষ্ট ঘারা কঠিন আঘাত করে। সিপাহীর ঈদৃশ গর্হিত আচরণ নীরবে সহ্য করিয়াও তিনি দাড়াইয়া রহিলেন, অভিক্টে লোকেব ত্ংসহ চাপ সহ্য করিতে লাগিলেন এবং মাননীয় সম্রাটকে যাহাতে দর্শন করিতে পারেন তজ্জ্য মনে মনে প্রার্থনা করিতে লাগিলেন। অল্পক্ষণ পরেই মহামাত্য সমাটের শক্ট সেই স্থান দিয়া গমন

করিল। বিশেষ সৌভাগ্যের বিষয়, অন্ত্রুলচন্দ্র যে স্থানে দাঁড়াইয়াছিলেন, শকটখানা ঠিক সেই স্থানেই কিছুক্ষণ থামিয়াছিল। এই স্থযোগে অন্ত্রুলচন্দ্র সম্রাটকে প্রাণ ভরিয়া দেখিয়া লইলেন এবং অন্তরাগের সহিত আন্তরিক অভিবাদন জানাইয়া অশেষ ভৃপ্তি লাভ করিলেন।

চতুৰ্থ অধ্যায়

দেহ ও মনোরোগের চিকিৎসা

ভাক্তারী কলেজের অধ্যয়ন সমাপন করিয়া অহুক্লচন্দ্র স্থাম হিমাইভপুরে ফিরিয়া আদিলেন এবং নিজবাটীতে থাকিয়া চিকিংসা আরম্ভ করিলেন। তাঁহার সহজ্ব সরল জীবন, সবার জন্ম আপ্রাণ ভালবাসা এবং সর্কবিষয়ে অসাধারণ কর্মপ্রবণতার পরিচয় পাইয়া গ্রামবাসী সকলে তাঁহার প্রতি আরুষ্ট হইতে লাগিল। রোগীদিগকে তিনি বিশেষ ষত্বপূর্বক চিকিংসা করিতেন। নিজ হইতেই রোগীর বাড়ী উপস্থিত হইয়া তাহার শয্যাপার্শ্বে বিশ্বেন, সম্মেহে তাহার গায়ে হাত বৃলাইয়া দিতেন এবং নিতান্ত আপনজনের মত মিষ্ট কথায় আলাপ করিয়া পীড়ার সকল কথা শুনিতেন। যাহারা অর্থাভাবে ঔষধ ক্রয় করিতে পারিত না, নিজব্যয়ে তাহাদের ঔষধের ব্যবস্থা করিয়া দিতেন। দরিক্র রোগীদিগের জন্ম তিনি অনেক সময় সাগু, বার্লি, মিশ্রী প্রভৃতি সঙ্গে লইয়া যাইতেন এবং প্রয়োজন হইলে তাহা নিজহত্তে প্রস্থুত করিয়া দিয়া আদিতেন। অহুক্লচন্দ্রকে দিয়া একবার যে চিকিংসা করাইত, কোনদিন তাহার রোগ হইলে, তাহাকে না-ভাকা পর্যান্ত সেকিছ্তেই পাস্থি পাইত না। তিনি রোগীর বাড়ীতে উপস্থিত হইলেই রোগী মনে কবিত যে তাহার রোগ-বন্ধণা অর্জক কমিয়া গিয়াছে।

রোগী-মাত্রের প্রতি সহজ-মমতাবশতঃ প্রত্যেকের পীড়ার অন্তনিহিত কারণ দবিশেষ মনোযোগের দহিত অন্থাবন করিতেন বলিয়া তাঁহার বোধশক্তি এমনই তীক্ষ হইষা উঠিয়াছিল যে, রোগী দেখিলেই দেই বোগের নিদ্ধি ঔষধটী তাঁহার মানসপটে ভাদিয়া উঠিত এবং এমন-কি ঔষধটী বান্ধের ভিতর যে স্থানে আছে, হাত দেওয়ামাত্রই তাহা দেখানে পাইতেন। ঔষধ-নির্ব্বাচন এমনই নির্ভূল ইইত যে, রোগীও ঔষধ-দেবনমাত্রই আরোগ্য লাভ করিত। স্কল্ধ অন্তর্দু ইত যে, রোগীও ঔষধ-দেবনমাত্রই আরোগ্য লাভ করিত। স্কল্ধ অন্তর্দু ইত যে, রোগীও ঔষধ-দেবনমাত্রই আরোগ্য লাভ করিত। স্কল্ধ অন্তর্দু ইত যে, রোগীও ঔষধ-দেবনমাত্রই আরোগ্য লাভ করিত। স্কল্ধ অন্তর্দু ইত বলিয়া তিনিও চিকিংসা করিয়া অত্যন্ধ কালমধ্যে রোগীকে আশ্রেয়ারক্মে স্কন্থ করিয়া তুলিতেন; ক্বিন্ত লোকে মনে করিত, তিনি মন্ধ জানেন,—দৈবশক্তি ভিন্ন এমন সহজ্ব পোয়ে কেহ রোগ সারাইতে পারে কি ? এ সম্বন্ধে অন্তর্কুলচন্দ্র একটা ঘটনার কথা গল্প করিয়া থাকেন। তারীয় একটা মৃসলমানকে মাথায় থামা এবং

হাতে গোটাকতক বোয়াল মাছের বাচ্চা লইয়া পাবনা বাজার হ'তে আসতে দেখ্লাম। তা'কে দে'খে হোমিওপ্যাধিক ঔষধ 'ভিরাটোম এলবাম্'এর ছবি মনে পড়্ল। আমি তা'কে বল্লাম,—'ভাই তুমি কথনও এ মাছ খে'য়ো না, তোমার অভ্যন্ত পেটের অস্থপ করবে। তা'তে সে বল্ল— 'থোদা পয়দা ক'রেছেন, একদিন ম'রতেই হ'বে।' এই ব'লে চ'লে গেল, আমিও চ'লে গেলাম। বোগী দে'থে আমি বাড়ী ফি'রেছি, কিছুক্ষণ পরেই দেই লোকটার একটা আত্মীয় এসে আমাকে ব'ল্লে, 'লোকটার তুইবার দান্ত হ'য়েছে, হাত-পা ঠাণ্ডা, অতান্ত গা' বমি-বমি, খিল ধরার মত হ'য়েছে। পাবনা হ'তে এসে হাত-পা ধুয়ে ব'সে কেবল তামাক থাচ্ছে, এমন সময় পেটের ভিতর কল্-কল্ ক'রে উঠল। একবার বাছে গেল,—তার পর সমন্ত গা' ঝিম ঝিম ক'রতে লাগ্ল। কপালে ঘাম হ'তে লাগ ল। তার কিছুক্ষণ পরেই আব একবার দাত হওয়ায় তাড়াতাড়ি আপনাকে ডাকতে পাঠিয়েছে।' আমি গিয়ে তা'কে ভিরাট্রাম এলবাম ৩০ শক্তি দিলাম, রোগীও আরোগ্য হ'ল,—দে বিশাস ক'রল না, আমি ঔষধ দিয়ে তা'কে সা'রিয়েছি। লোকের কাছে ব'ল্ডে লাগ্ল,—আমি অলৌকিক বিছা জানি।"

যতই দিন যাইতে লাগিল, তাঁহার অপূর্ব্ব রোগনির্ণয়-ক্ষমতা, অপ্রান্ত বাবস্থাদান, সম্প্রেহ রোগপরিচর্যা। এবং দরিদ্রের প্রতি অপার দয়াদাক্ষিণ্য প্রভৃতি গুণাবলীর পবিচয় পাইয়া সকলে মৃশ্ধ হইল। বাড়ীতে রোগীর ভীড় জমিযা গেল। ত্ই এক বংসরের মধ্যেই তাঁহার স্থনাম চারিদিকে ছড়াইয়া পড়িল। কেহ বলিতে লাগিল,—"ওর হাতে রোগী মরে না।" কেহ বলিতে লাগিল, "উনি ত' ডাক্তাব নন্—ফ্কির, ফ্কিরালী জানেন।" দ্বিদ্রেরা দেখিল, তিনি ছাড়া তাহাদের আপন আর কেহ নাই। যে ক্ষেক বংসর তিনি চিকিৎসা করিয়াছিলেন, হিমাইতপুরের ভায় নগণ্য ক্ষুত্র পলীগ্রামে থাকিয়াও তিনি প্রতিমাসে ৫০০২ পাচ শত টাকা পর্যন্ত উপার্ক্তন করিয়াছিলেন।

বাল্যের তাঁহার সেই নাম-ধ্যান এবং সাধন-জগতের অহুভূতি ভাক্তারী করিবার সময়েও চলিতেছিল। তংসম্বন্ধে আলোচনা-প্রসম্বে একদিন বলিতেছিলেন,—"ভাক্তারী কর্তাম, রোগী দেখ্তে যাচ্ছি, পথে চ'লেছি, নাম ও ধ্যান সহ দর্শন-শ্রবণের অহুভূতি হ'তে হ'তে যাচছি। রোগীর বুকে stethoscope (বক্ষঃ-পরীক্ষার যন্ত্র) লাগিয়ে শুন্ছি, heart (হুদ্যন্ত্র) বা lungs (হুস্ফুস)এর sound (শব্দ) পাই না। পাই যেন নাম হচ্ছে, শুন্ছি ত'—কতক্ষণ তাই শুন্ছি। হাত দেখ্ছি, নামের

beat (আঘাত) দিচ্ছে এইরপ। মন সর্বাদাই একমুখী হ'য়ে থাক্তো-रयन টে'নে নাবিয়ে বাইরের কাজ করা হ'তে। আবার যথাস্থানে আপনি চ'লে যে'ত। বোগী দে'থে এসে ব'সেছি, ঔষধ দেবার কথা ভূ'লে গে'ছি। একজন বল্লে—'বাবু ঔষধ', অমনি মনে হ'ল,—তাই ড', ঔষধ দিতে হ'বে। আর যেই মনে হওয়া অম্নি ভে'সে উঠ্ল একটা ঔষধ বা একটা prescription (ব্যবস্থাপত্র); ভা' ভে'বে চি'ন্তে ঠিক করতে হ'ত না, যেন আপনি ভে'দে উঠত। বোধ হয় মাহুবের মন্তিঙ্কে অভ্যাসের ঝোঁকই অমনতর ক'রে থাকে। মনে হয় রোগের লক্ষণগুলিই আমার অভান্ত practice-এর (অভ্যাসের) ঝেঁাককে অমন্তর glimpseএর ভিতর দিয়ে অমৃনি ক'রে তুল্ত। এই ভাবে বেই ঔষধ দেওয়া, অমনি রোগ সারা; এইরূপ হ'ত। আবার কথনও কথনও ভূলে ঔষধ বেশী দেওয়া হ'য়ে যে'ত। হয় ত' যার একটা ঔষধ পাঁচ গ্রেণ বা এক ডোজু দেওয়া দরকার, তাকে হয় ত' দশ গ্রেণ বা ছই ডোজ দিয়ে ফেলা হ'ত। কিন্ধ প্রমপিতা যা'তে ঐ ঔষধ অতিরিক্ত ব্যবহার না হয় তা' guard (রক্ষা) করতেন। এমন ঘট্ত যে, সেই অতিরিক্তটা থাওয়া হ'ত না, হয় ছেলেরা ফে'লে দিলে, না-হয় প'ড়ে গেল বা আর কিছু হ'ল। যেটুকু দরকার সেইটুকুই রোগীর খাওয়া হ'ত। পরমপিতার এইরূপ দয়ায় মোহিত হ'য়ে যে'তাম।"

চিকিৎসা-ব্যাপারে নিকটবর্ত্তী গ্রামসমূহের সকলশ্রেণীর লোকের সহিত তিনি বিশেষভাবে মিশিবার স্থবিধা পাইয়াছিলেন। অপ্ত্কুলচন্দ্র এই স্থযোগে নিজ অকপট সরল ব্যবহারে আন্তে আন্তে তাহাদের মনোরাজ্যে প্রবেশ করিবার পথ করিয়া লইলেন। দেহের চিকিৎসা ছাড়য়া এইবার তিনি মনের ব্যাধি সারাইবার জন্ম ব্যাকুল হইয়া পড়িলেন। তিনি দেখিলেন, দেহের রোগ সাময়িক, ইহা অল্পদিনের মধ্যে আরাম হইয়া য়য়, কিল্ক মনের রোগ লইয়া মাছুষ আজীবন কট্ট পায়। তথন হইতে তিনি লোকের মানসিক স্বস্থতা-বিধানের জন্ম বিশেষ যম্বান হইলেন এবং মনোব্যাধির চিকিৎসায় সকল শক্তি, উৎসাহ ও অভিজ্ঞতা নিয়োজিত করিলেন।

এতদঞ্চলে তথন নীতিজ্ঞানহীন তুর্ব্ ও লোকের অভাব ছিল না : ব' ইভারের তাগুবলীলা সর্বত্ত অবাধে চলিত। এই সকল পাষণ্ডের: পরস্বাপহরণ, পরস্বীগমন, মদ্যপান প্রভৃতি এমন কোন দ্বণিত তৃষ্কার্য ছিল না, যাহাতে অ্যোগ পাইলেই লিগু না হইত। প্রকাশ দিবালোকে নারীধর্ষণ, নারীহরণ, রাহাজানি, ডাকাতি ইত্যাদি প্রতিনিয়তই লাগিয়

থাকিত। গ্রামের মধ্য দিয়া পান্ধী করিয়া কোন স্থীলোক যাইতেছেন, ইহারা দংবাদ পাইলে, তাঁহার গস্তব্যস্থানে পৌছান প্রায়ই ঘটিয়া উঠিত না; পথিমধ্য ইইতেই ত্র্ক্তেরা তাঁহাকে লইয়া উধাও হইত। এখন যেমন গ্রাম্য বালিকা ও বর্গণ নিঃদক্ষ অবস্থায় পদ্মায় জল আনিবার জন্ম যাইতে শারেন, তখনকার দিনে ইহা স্বপ্নেরও অগোচর ছিল। কোন যুবতী বধ্ বা কন্সার গৃহমধ্যেও নিরুঘেগে নিদ্রা যাইবার উপায় ছিল না, ঘরের বেড়া বা সিঁদ কাটিয়া পাষণ্ডেরা তাঁহাকে লইয়া পলায়ন করিত। গ্রামের এই দকল প্রবল পরাক্রান্ত নরপিশাচগণ কর্ড্ক হত্যা, গৃহদাহ এবং দর্বক্ষ পৃথনের ভয়ে এই দকল অত্যাচারের বিষয় কেহ কোন দিন কর্ড্পক্ষের গোচরে প্যান্ত আনিতে সাহদ করিত না।

বাধাপ্রদানপূর্ব্বক ইহাদিগকে এই সকল হুদ্ধায় হইতে বিরত করা ঘসন্তব মনে করিয়া, ভালবাসা ও প্রেমের সহিত তাহাদের সঙ্গে মিলিয়া মিশিয়া অন্তরের যোগস্ত্র স্থাপন করিতে তিনি সচেই হইলেন। যথনই সময় পাইতেন, তথনই তিনি তাহাদের কাছে ঘাইতেন এবং সকল কান্ধে আন্তরিক সহামুভূতির সহিত যোগদান করিতেন। সময় সময় নিজে অর্থব্যয় করিয়া তাহাদিগকে মিইদ্রব্যাদি থাওয়াইয়া পরিতৃষ্ট করিতেন এবং তাহাদের আপদ-বিপদে নানা উপায়ে সর্বাদা যথাসাধ্য সাহাষ্য করিতেন। কেহ জানিত না, কেন তিনি তাহাদের মত তৃশ্চরিত্রের সঙ্গ করিতেছেন। গ্রামবাসী অনেকেই সন্দেহ করিতে লাগিল, হয়ত বা তিনি তাহাদের দলে মিশিয়া গেলেন। অনেকে তৃঃখ করিতে লাগিলেন,—আহা! এমন ভাল যুবকটা বৃঝি পথভ্রষ্ট হইয়া গেল! এজ্যা পিতামাতার যথেষ্ট শাসন-তিরস্কারও তাহাকে সহা করিতে হইল। সর্বপ্রকার বাধা-বিপত্তি, নিন্দা-অপবাদ উপেক্ষা করিয়া যুবক চিকিৎসক স্বীয় উদ্দেশ্য-সাধনে এই সকল অসচ্চরিত্র লোকের সঙ্গে প্রাণ খুলিয়া মিশিতে লাগিলেন।

অনুক্লচন্দ্রের অক্কৃত্রিম সেবা ও ভালবাসায় অল্পদিনের মধ্যেই তাহারা তাঁহার প্রতি আক্কৃত্র হইল এবং দলে দলে আসিয়া অকপট হৃদয়ে তাহাদের পারিবারিক অলান্তির কথা, মানসিক অবসাদ ও পীড়ার কথা—অন্তরের গৃহ্যাতিগৃহ্য সকল কথা তাহারে নিকট নিঃসকোচে খুলিয়া বলিতে লাগিল। এইভাবে ষধন তিনি তাহাদের মনোরাজ্যে অধিকার লাভ করিলেন তথন হুইতে অভুত কৌশল ও বৃদ্ধিবলে তাহাদিগকে ধীরে ধীরে এই সকল পাপাচরণ হুইতে নির্ত্ত করিবার চেষ্টা করিতে লাগিলেন। এই সম্বন্ধে হুই একটী অপূর্ব্ব ঘটনার সংক্ষেপে উল্লেখ করা যাইতেছে।

একদিন যোর অন্ধকার রাত্তি। তুর্বভূদের কয়েকজন একত হইয়া

পাপপ্রবৃত্তি চরিতার্থ করিবার উদ্দেশ্যে বহির্গমনের উদ্যোগ করিতেছিল। অমুকুলচন্দ্রও তথন উপস্থিত হইয়া তাহাদের সঙ্গে যাওয়ার ইচ্ছা প্রকাশ क्रिलन। मनीता छांशांक मान नशें कि क्रिए ती ती नग्न। छिनिस ছাড়িবার পাত্র নহেন। অনেক পীড়াপীড়ির পর অবশেষে তাহার। অত্নকুলচন্দ্রকে লইয়াই বাহির হইল। এক গৃহত্ত্বের আন্তার্কুড়ের কাছে যাইয়া তাহারা লুকাইয়া রহিল। একটা স্থীলোক ঘরে বিছানার উপর শুইয়া আছেন দেখা যাইতেছে। ত্র্কুত্তেরা মতলব আঁটিয়াছে, রমণী কোন কারণে ঘরের বাহির হইলেই তাঁহাকে বলপূর্বক লইয়া যাইবে। মশার কামড়ে প্রাণ অন্থির! মাঝে মাঝে মশা তাড়াইতে গিয়া অমুকূলচন্দ্র ইচ্ছাপূর্কক জ্বোরে নিজের গাবে আঘাত করিতেছেন। শব্দ শুনিয়া সঙ্গীরা ভীত ও চমকিত হইয়া উঠিতেছে এবং নানা উপায়ে তাহাকে থামাইয়া রাপিবার চেষ্টা করিতেছে। এইভাবে কিছুক্ষণ অতিবাহিত হইলে, অমুকুলচন্দ্র হঠাৎ উঠিয়া দাড়াইলেন এবং ভীষণ বেগে দৌড়াইতে লাগিলেন। তাহার দেখাদেখি সঙ্গীবাও ভীতমনে উর্দ্ধগাসে তাহার পিছন পিছন ছুটিল। দৌড়াইতে দৌড়াইতে সকলে এক মাঠের মাঝখানে আসিয়া উপস্থিত হইলেন। তথন অমুকুলচন্দ্র দৃপ্তকণ্ঠে তাহাদিগকে বলিতে লাগিলেন,—"কি শালার মশার कामज़ (थ'रब मद्राउ (१'हिनाम এই त्यां १-आफ़-जन्न त्याः । जामाराप्त কি প্রাণের মমতা নাই ? জীবনটা কি এতই তুচ্ছ ?"-বলিতে বলিতে তাহার কণ্ঠস্বর অসম্ভব গন্ধীর হইয়া উঠিল। আবেগভরে অনর্গল কত কথা বলিয়া যাইতে লাগিলেন—"আমরা কি পুরুষ নই যে, মেয়ে-মাহুষের পিছনে ছুট্ব এমনই জবন্তভাবে ্ আমাদের কি লক্ষা নাই ্ আমরা কি এতই নীচ, এতই হীন ষে, পুরুষ হ'য়ে দামাত্ত স্থীলোকের জ্বত্ত এমন ঘূণিত কুংদিং উপায়ে আञ्चमशाना विमर्ब्बन निव ? यनि श्रूक्यरे र'रत्न थाकि, आमारतत त्नीग्रवीग्र, রূপগুণ দে'থে তারাই ছুট্বে আমাদের পিছনে, তবে ত' ্ · · · " তাহার অগ্নিবধী প্রতিটা কথা সঙ্গীগণের প্রাণের অন্তঃস্থলে গিয়া স্পর্শ করিল: তাঁহার তেজোদীপ্ত বাণী তাহাদের প্রত্যেকের মনে তীব্র আত্মসম্মানবোধ সজাগ ক্রিয়া তুলিল। অহুশোচনায় কাতর হইয়া কাদিতে কাদিতে সকলে তাহার চরণে লুন্তিত হইল। এই ঘটনার পর হইতেই দলীদের চরিত্রে একটা অছুত পরিবর্ত্তন দেখা গেল।

প্রকৃতিতে পুক্ষ যে কত স্থলর, কত মহনীয়—তাহার একটি চিত্র অন্ত্কৃলচন্দ্রে মনশ্চক্ষ্র সম্মুখে সেদিন কেমন জ্বল্ জ্বল্ করিয়া ভাসিয়া উঠিয়াছিল, সে বিষয়ে অনেক দিন তাঁহাকে গল্প করিতে শুনিয়াছি। তিনি



শ্রীশ্রীরত্ব অনুক্লচন্ত্রের জন্মভূমি (প্যাহীরবর্তী হিমাইতপুর)

বলেন—"* * * সঙ্গীদের সহিত যখন উচ্ছুসিত আবেগে কথা বল্ছিলাম, দেখতে পে'লাম, একটা সিংহ গঞ্জীরভাবে রাজার মত ব'সে আছে, একটা সিংহী তার মুখের পানে চে'য়ে আছে, যেন তৃপ্ত হচ্ছে; একটা ময়ুর পেখম ধ'রে নৃত্য ক'বৃছে, একটা ময়ুরী তাই দে'থে আনন্দে মাতোয়ারা; একটা প্ং-দোয়েল শিষ্ দিচ্ছে, একটা শ্লী-দোয়েল তাই অবাক বিশ্বয়ে চে'য়ে দেখছে;—ভাব্লাম, পুরুষ কত স্বন্ধর! পুরুষ শ্লীর পিছনে ছুট্বে কেন? এটা যে সতাই প্রকৃতি-বিরুদ্ধ!"

আর একটা হুর্বনৃত্ত সন্ধার কথা। সে মেয়ে-মাহুষের প্রতি লোলুপ বাসনা লইয়া গৃহস্থের বাড়ীর আনাচে-কানাচে সর্ব্বদা ঘুরিয়া বেড়াইত এবং তাহার পশু-প্রবৃত্তি চরিতার্থ করিবার কুংসিং কার্যো সাহায্য করিবার জন্ত অফুকুলচন্দ্রকে প্রায়শ: উত্যক্ত করিত। একদিন অতিষ্ঠ হইয়া তিনি বলিলেন,—''দ্যাখ, মেয়ে-মাতুষকে কি অমন ক'বে পাওয়া যায় ? এরও মন্ত্র আছে।" লোকটী বলিল—''ই', রে'থে দে তোর মন্ত্র, বাজী রাখ দেখি! কোন মেয়ে-মান্ত্রক যদি বশ ক'রে দেখাতে পারিদ, তবে ত' বুঝ্ব!" তথন অপরাহ্কাল। একটী স্ত্রীলোক পদ্মা হইতে জল লইয়া কলসী-কক্ষে গৃহে ফিরিতেছিলেন, অম্বকুলচন্দ্র দূর হইতে তাঁহাকে দেখাইয়া বলিলেন—"দেখ্বি ? এখনই আমি এঁ'কে কেমন আপন ক'রে ফেল্ডে পারি। তুই শুধু দূর থেকে আমায় লক্ষ্য ক'রে যাস।" এই বলিয়া অন্তুকুলচক্র রম্ণীটার সমীপবত্তী হইয়া তাঁহাকে এমনই স্বভাব-স্থলভ মধুরকঠে 'মা' বলিয়া ডাকিলেন যে, রমণীর অস্তঃকরণ সম্ভান-বাংসলো আপুত হইয়া উঠিল। এমন স্থমিষ্ট প্রাণারাম মাতৃ-সম্বোধন জীবনে তিনি আর কোন দিন শুনেন নাই। তাঁহার সর্বাঙ্গ যেন অফুরস্ত আনন্দের অমৃত-প্রস্রবণে স্নাত হইয়া উঠিল। মাতৃহদ্যের স্থামাখা কঠে তিনি বলিলেন—"কি লক্ষ্মী ছেলে আমাব! কি চাই বাবা ।" অমুকুলচন্দ্ৰ সহজ সরল শিশুটীর মত মমতা ও সোহাগভরে হাসিমাখা মুখে কত কথা विनाट नागिरनन। माতा-भूरक इंटेक्सन नाना जानाभ-जारनाहनार भथ চলিতে লাগিলেন এবং কিষংক্ষণ পরে রাস্তা ছাড়াইয়া উভয়ে বাড়ী পৌছিলেন। অম্বকুলচন্দ্রের প্রাণ-জুড়ান মধুর কথাবার্ত্তায় রমণীর অন্তর্থানা তথন মাতৃ-স্নেহরসে ভরপুর। তিনি বলিলেন—"কিছু খে'য়ে যা'বে না, বাছা ?" এই বলিয়া নিতান্ত অন্ততার সহিত গৃহস্থিত স্থমিষ্ট দ্রবাসামগ্রী আনিয়া তাঁহাকে কাছে বসাইয়া কত আদর করিয়া পরিতোষ-সহকারে ভোজন করাইলেন। ভোজনাম্ভে অমুকুলচন্দ্ৰ বন্ধুর নিকটে ফিরিয়া আসিয়া বলিলেন—"দেখ লি ত' ভাই মন্ত্রের প্রভাব!" বন্ধুটী দূর হইতে সমুদয় ব্যাপার লক্ষ্য করিতেছিল,

সে ত' একেবাবে অবাক। তথন হইতে সে অমুকুলচন্দ্রের পিছনে ঘরিতে লাগিল এবং মন্ত্র শিখিবার জন্ম তাঁহাকে উদ্বান্ত করিয়া তলিল। নানা অছিলায অমুকুলচন্দ্র তাহাকে অনেক দিন প্রতিনিব্রত্ত করিলেন। কিন্দ্র এক দিন সে একেবারে নাছোড বানা হইয়া এমন ধরিয়া বসিল যে, কোন অজহাতই আর মানে না। অফুকুলচন্দ্র তথন সহসা অতি ভয়ন্ধর গম্ভীব ভাব ধারণ করিলেন এবং বন্ধটীকে পদ্মার চরে জলের কাছে ডাকিয়া লইয়া গেলেন। অমুকুলচন্দ্রের মুখ্য গুলের তংকালীন অপুর্ব্ব ভাব ও তাহার ভীষণ তেজম্বী মর্ত্তি দর্শন করিয়া, বিশেষ,—মন্ত্রগ্রহণের সময় আসন্ন জানিয়া, ভাহার মনে যুগপং সানন্দ ও ভবের সঞ্চার হইল। বিম**ঢ চিত্তে লোকটা অফুকুলচক্রে**র নিকট দণ্ডায়মান হইলে তিনি তাহাকে পদ্মাব এক গণ্ডুষ জল লইতে বলিলেন। সেই নির্জ্জন নদীতটে তথন অকস্মাৎ অনুকুলচন্দ্রের দৃপক্ষেধ্য-চ্চারিত পবিত্র উদার 'মাতৃমন্ধ' তাহার কর্ণকুহরে দ্বনিত হইল,—একটা অপর্কা শিহরণ তাহার সর্কাঙ্কে খেলিয়া গেল। ভাবোন্মত চিত্তে সে বলিষা উঠিল—"এ তুমি আমায় কি করলে ভাই ?"—এই কথা কয়টা বলিতে বলিতে সে ছিল্লমল কদলীবক্ষেব আয় অন্তক্লচন্দ্রের পদতলে লুটাইয়া পড়িল। সেই দিন হইতেই এই ব্যক্তিব জীবনের ধাবা একেবাবে বদলাইয়া গেল।

আব একটা ঘটনা। তাঁহাৰ এক চোৰ বন্ধু ছিল। সে তাঁহাকে দাদা-ঠাকুর বলিয়া ডাকিত। লোকটীকে এফুকুলচন্দ্র থুবই ভালবাসিতেন। ভাহার ঘরে কোন দিন আহাতা না থাকিলে তিনি প্রায়শঃই নিজে হইতে টাকা পয়দা দিয়া ভাহাকে সাহায়া কবিতেন। একদিন গভীব বাত্তে অমুকুলচন্দ্র বাড়ীর সম্মণে পদ্মার ধানে একাকী বিচবণ কবিতেছিলেন, এমন সময় দেপিতে পাইলেন, পদ্মার চর দিয়া একটা লোক যাইতেছে। তিনি তাহাকে ডাকিলেন। লোকটা নিকটে আদিলে দেখিতে পাইলেন, দে আর কেহ নয় তাহারই পরিচিত সেই চোর বন্ধু, চুবি করিতে বাহির হইয়াছে। কথায় কথায় চুরির কথা উঠিল। চৌঘা-কাষ্যে সফলকাম হওয়ার নানা প্রকার অপূর্ব্ব কৌশলের বিষয়ে তিনি তাহার সঙ্গে গল্প জুডিয়া দিলেন। শুনিতে শুনিতে তাহার আর আনন্দ ধরে না। অন্তকুলচন্দের নিকট চৌধ্য-কার্য্যসাধনের অনেক-কিছু উপায় শিপিতে পারিবে, এই ভর্মায় লোকটা উৎফুল্ল ;হইয়া উঠিল। নানা কথাবার্ত্তায সে-রাত্রে আর তাহার চুরি করিতে বাওয়া হইল না। অবশেষে অমুকূলচক্র তাহার ছেলেমেয়ের আহারের জন্ম দেদিন কিছু অর্থ দিয়া তাহাকে বিদায় করিলেন এবং विनया मिलनन,—"माथ ভाই, আর একদিন যথন তুই চুরি করতে যা'বি তথন কিন্তু আমায় সকে নিয়ে যাস্, আমি যতটা পারি তোর সাহায্য করব।" লোকটা খুবই খুসী হইয়া বাড়ী গেল।

পরদিন গভীর রাত্রে চুরি করিতে বাহির হইয়া সে অমুকুলচন্দ্রকে সঙ্গে লইয়া চলিল। আজু আরু তাহার আনন্দের সীমা নাই, কারণ দাদাঠাকুরের মত বিচক্ষণ লোক আদ্ধ তাহার সহাম। তুই দ্বনে পথ চলিতেছেন: যাইতে যাইতে অন্তকুলচন্দ্র বলিলেন,—"দ্যাপ, এ প্রয়ন্ত তুই যত চুরি ক'রেছিন্ তা' সব একত্র করলে কোন লোকের আর চুরি ক'রে পে'তে হ'ত না,— তোব হাডিতে কিন্তু কোন দিনই চা'ল থাকে না। কত লোকের মনে বাথা, কত লোকেব সর্বনাশ এক লহমায় তুই ক'রে মাসছিদ, এই জ্ঞুই প্রমণিতা তোর ভাগ্যে কথনও সম্পদ লিখেন নাই,—তোরও হাহাকার আর বুচে না।" চোর নিস্তব্ধ হইগা কিয়ংকাল ভাবিয়া বলিতে লাগিল—"তা" या' वत्नक नानांशकून, त्म कथाज' थुवरे किंव। आभि চृति क'रत यिनिस या' আনি, দেইদিনই তা' নিঃশেষ হ'য়ে যায়, ভবিষ্যতের জ্বন্থ কিছুই সঞ্চয় কর্তে পাবি না। যেদিন চুরিতে গিয়ে কিছু মিলে না, তার পরের দিন প্রায়ই উপবাদে থাক্তে হয়।" অন্তক্লচন্দ্র বলিলেন,—"তবেই তাখ, এতে এগু'লো কি ? আরও ভে'বে ছাখ, এই তুই যে এসেছিস, আস্বাব সময় তোর ঘরের দরজা জানালা বেশ ভাল ক'রে বন্ধ ক'রে এসেছিস্ ত' ? খালি বাড়ী জে'নে যদি তোরই মত আর কোন ত্র্কৃত ঘরে প্রবেশ ক'রে তোর জিনিষপত্র সব নিয়ে যায়, এমন কি তোর নিদিতা খ্রী—যার জন্ম তুই এত সব অপকর্ম কচ্ছিস্—তাকেই যদি নিয়ে যায়, তবে পরম্পিতার দ্ববাবে তোর বলবার কি থাকতে পারে ?" একথা শুনিবামাত্র হঠাং চোর থমকিয়া দাড়াইল, সে একেবারে নির্বাক—নিশুর ! লোকটা আর পথ চলিতে পারিল না, মাটীর উপর বসিয়া পড়িল। এই অবস্থায় কিছুক্ষণ কি চিন্তা করিয়া হঠাং উদ্ধেশাদে দৌড়িয়া গিয়া চৌর্য্য-উপকরণ যন্ত্রপাতি পদ্মার জলে নিক্ষেপ করিয়া আসিয়া বলিল,—"দাদাঠাকুর, তুমি আমার সর্বনাশ কর্লে, আমার আর চুরি করা হ'ল না।" সেই দিন হইতে লোকটা চৌর্যাবৃত্তি এ জীবনের মত ছাড়িয়া দিয়াছিল।

শুনিয়াছি, চিরাভান্ত এই চরিত্রদোষ ত্যাগ করিতে লোকটীকে বড়ই বেগ পাইতে হইয়াছিল। অন্ধকার রাত্রি হইলেই চুরি করিবার জন্ম তাহার মন অন্থির হইয়া উঠিত। যথন কিছুতেই সাম্লাইতে পারিত না তথন সে অন্ত্ল্লচন্দ্রের কাছে ছুটিয়া আসিত এবং সারারাত্র তাহার সহিত নানা আলাপ-আলোচনায় নিময় থাকিয়া রাত্রিশেষে বাড়ী ফিরিত। কিছুদিন এইরূপে আসা-যাওয়ার পর হঠাৎ একদিন

তাহার মনে হইল—'আমি একটা চোর, সমাজের কত হীন ও ঘণা. আমার জন্ত দাদাঠাকুর রাতের পর রাত না ঘু'মিয়ে কা'টিয়ে দিচ্ছেন, আর আমি তাঁকে না ঘ'মাতে দিয়ে এবং অষণা বিরক্ত ক'রে কত কট্টই না দিচ্ছি।' সেই দিন হইতে রাজ হইলে যথনই ঐ কুপ্রবৃত্তি তাহাকে নাজেহাল করিবার উপক্রম করিত, তথন সে ছুটিয়া দাদাঠাকুরের বাড়ীতে না আসিয়া পারিত না বটে, কিন্তু তাঁহার আর খুম ভাঙ্গাইত না। তাঁহার সহিত কথাবার্ত্তা বলিতে না পারায়, নেহাং কিছতেই শাস্তি না পাইত, দেদিন অতিশয় সম্ভৰ্পণে ও অতীব মৃত্স্বরে— "मामाठाकूत, ज्ञ"रंग चारहन, मामाठाकूत, ज्ञ"रंग चारहन" विनेत्रा मार्यः মাঝে ডাকিত আর তাঁহার শয়নগৃহের চারিদিকে দারারাত্র পরিয়া ঘুরিয়া বেডাইত: অবশেষে পরিশ্রাস্ত হইলে, যথন তাহার প্রবৃত্তির তাডনা অনেকটা কমিয়া আসিত, তখন বাড়ী যাইয়া শয়ন করিত। কিছুদিন এই ভাবে চলিবার পর তাহার এই চর্দ্ধমনীয় প্রবৃত্তি একেবারে লোপ भारेन। **अञ्चल्ना** मात्य मात्य जाहात्क त्य अर्थानि नित्जन जाहा দ্বারাই কারবার করিয়া সে তখন স্বাধীনভাবে জীবিকা অর্জন করতঃ সদভাবে সংসার করিত।

ভাক্তার অন্তর্কুলচন্দ্র এই ভাবে অক্কৃত্রিম সেবা ও ভালবাসার প্রভাবে চ্ছুত্কারীদিগের অস্তর জয় কবিয়া, সময় ও হ্বযোগ ব্রিয়া, বিশেষ কৌশলের সহিত তাহাদিগকে সংপথে চালিত করিতে য়থাসাধ্য চেষ্টা করিতে লাগিলেন। উাহার সংস্পর্ল ও প্রেরণায় অজ্ঞাতসারে গ্রামস্থ তুর্ক্ তদের জীবন ও চরিত্রে শীদ্রই অসাধারণ পরিবর্ত্তন আরম্ভ হইল। দেখিতে দেখিতে নিকটবত্তী গ্রামের কত অসচ্চরিত্র ব্যক্তি সচ্চরিত্র হইয়া উঠিতে লাগিল। কত পশুনানব দেব-মানবে পরিণত হইতে চলিল। শক্তিশালী চুম্বক যেমন লোহ-খণ্ডকে আকর্ষণ করিয়া ক্রমে ক্রমে তাহাকে চুম্বকে পরিণত করে, তক্রপ তিনিও তাহার সহজ প্রেমের বলে সকলকে আক্রষ্ট করিয়া ধীরে ধীরে স্ব-আদর্শে উদ্বুদ্ধ করিয়া তুলিতে লাগিলেন।

পঞ্চম অধ্যায়

সংকীর্তন ও মহাভাববাণী

ভাক্তার অনুক্লচন্দ্র এইবার সঙ্গীদিগকে লইয়া একটা সংকীর্ত্তনের দল গঠন করিলেন। চতুস্পার্যস্থ গ্রামসমূহের বহু লোক নিত্য আসিয়া কীর্ত্তনে যোগদান করিতে লাগিল। পদ্মাতীরবন্তী লোকালয়, বনভূমি, পথ, মাঠ, ঘাট তথন দিবারাত্র শত শত লোকের সমবেত তাগুব কীর্ত্তনে মুধরিত থাকিত। দিনের পর দিন, মাসের পর মাস, গ্রামবাসীদিগকে লইয়া তিনি এই ভাবে তুমুল কীর্ত্তনে অতিবাহিত করিতেন। সে অপূর্ব্ব প্রাণোন্মাদী কীর্ত্তনের প্রভাব ও অন্তক্লচন্দ্রের প্রেম-প্রাণ চরিত্ত-মাহান্ম্যে সকলের মনে ধর্মস্পৃহা ও ভগবং-ভক্তি বিশেষভাবে আগরুক হইল।

ভাবাবেশে মাতোয়ারা হইয়া অহুক্লচন্দ্র যথন কীর্ত্তন করিতেন, দে সময়ের
তাঁহার ভাব-ভঙ্গী অবর্ণনীয়। তখন ভাববিহ্বল অবস্থায় কখনও বাছ তুলিয়া
প্রেমানন্দে নৃত্য করিতেন, কখনও সঙ্গীদিগকে স্নেহালিঙ্গনে আবদ্ধ করিয়া
অশ্বর্ষণ করিতেন, কখনও নিজে কাহারও স্কদ্ধে আরোহণ করিতেন, কখনও
অক্তকে নিজের স্কদ্ধে লইয়া নৃত্য করিতেন,—আবার কখনও বা ভাবে গদ্গদ্
হইয়া কাহারও ম্থচুঙ্গন করিতেন। কীর্ত্তন-কালে কোন কোন দিন তাঁহার
শরীরের লোমকৃপ হইতে তীরবেগে রক্তধারা নির্গত হইত। নৃত্যকালে
তাঁহার উদ্ধোভিত নবনীত-কোমল বাছ্মুগল, স্কঠাম দিব্যদেহের অপূর্ব্ব ভঙ্গিমা, চরণদ্বয়ের ললিত গতি এবং আরক্তিম বদনমগুলে আকর্ণবিস্তৃত
নেত্রযুগলের দরবিগলিত ধারা বাঁহারা দেখিয়াছেন এবং তাঁহার প্রেমোদ্দীপী
অমৃতনিশ্বলী স্থললিত কণ্ঠসঙ্গীত শ্রবণ করিয়াছেন, তাঁহারা ভক্তিও আনন্দের
আতিশ্বয়ে অশ্ব বিস্ক্তিন না করিয়া থাকিতে পারেন নাই।

অমুক্লচন্দ্রকে কেহই আর তথন একজন সাধারণ মামুষ বলিয়া মনে করিতে পারিল না। 'ডাক্টারবাবু' বলিয়া ডাকিতে কেহই আর ভৃপ্তি পায় না। প্রাণের একান্ত সহজ ভক্তিতে তথন হইতে সকলে তাঁহাকে 'ঠাকুর'* বলিয়া সম্বোধন কবিতে লাগিল। আমরাও এখন হইতে তাঁহাকে শ্রীশ্রীঠাকুর বলিয়া অভিহিত করিব।

^{*} লোকের এই 'ঠাকুর'-সংখাধন অনুকৃলচন্দ্রের মোটেই ভাল লাগিত না, কত আগত্তি করিতেন, কিন্তু কেহই শুনিত না। বারংবার নিবেধ করিরাও বর্ধন কাহাকেও মানাইতে পারিলেন না, তথন সংকাচ করিরা আর কি করিবেন!—নিজেকে মনে মনে এই বলিরা প্রবোধ

দিন যাইতে লাগিল। কীর্ত্তন পূর্ণবেগে চলিল। অমুক্লচন্দ্র গ্রামবাসী সকলের এত আপন হইয়া পড়িলেন যে, কেহই এখন আর একদণ্ড তাহাকে না দেখিয়া থাকিতে পারে না। এইরূপে সর্বক্ষণ তাহার সঙ্গ করিবার ফলে কত নগণ্য সাধারণ ব্যক্তি যে কি ভাবে এক একজন বিশেষ মানবে পরিণত হইয়াছে তাহা যথাযথ বর্ণনা করিবার স্থান নাই। এ সম্বদ্ধে মাত্র একটী ঘটনা সংক্ষেপে বিবৃত করিয়া একটু পরিচয় দেওয়ার চেষ্টা করিব।

একজন অতি সাধারণ ব্যক্তি শ্রীশ্রীচাকুরের প্রাণের পরণ পাইয়া তাহারই প্রতি ঐকান্তিক অমুরাগে যে কত উন্নত হুইতে পারে তাহার চাক্ষ্য উদাহরণ ছিলেন ৺অনন্তনাথ রায়। বালো বা কৈশোরে সাধারণ সচ্চরিত্র বালকের বিশেষ কোন লক্ষণও তাঁহাতে দেখা যায় নাই: লেখাপড়ার বিভাও ছিল না তাঁহার তেমন কিছুই। হিমাইতপুরের পার্থবত্তী কাশীপুর গ্রামে তাহার বাড়ী ছিল। তিনি ছিলেন এ শীপ্রীঠাকুরের আবাল্য বন্ধু। বাল্য ও কৈশোরের এই দলীটা শ্রীশ্রীঠাকুরের যে কতখানি প্রাণপ্রিয় ছিলেন বিগত ১৩৪২ সনে অনস্তনাথের আকস্মিক মৃত্যুতে সেবক-বুন্দের নিকট তিনি যে পত্র লিখিয়াছিলেন, তাহাতে তাহার কিঞ্চিং আভাস পাওয়া যায়। শ্রীশ্রীঠাকুর লিপিতেছেন,—"এই কান্ধাল আমাকে প্রথমেই যা'রা গ্রহণ ক'রেছিল তা'রা মাত্রই ছিল তুইজন—দে একজন আমার কৈশোরেব ছিল খেলার সাগী---আমার অনম্ভ মহারাজ---আর একজন কিশোরীমোহন দাস। একজনই মাত্র আছে। আর একজন সে চ'লে গে'ছে এই ছনিয়ার মাছযের স্থল দৃষ্টির অন্তরালে, বিরহ ও বেদনার ঢেউ-এ পারিপাশ্বিক সব অন্তর হলু দল ক'রে—দেদিন এই তো' এলো—ওই আদে—দেই ২৯শে মাঘ— যেদিন আমার পায়েব তলা থেকে লহমায় ছনিয়াটা স'রে গিয়েছিল, আকাশটা হ'য়ে গিয়েছিল নীলাহারা ফাকা--সেদিন কি কেউ তাই তোরা তার শ্বতির আগুন জালি'যে—সেই তার শ্বতিতর্পণ ক'রে ওই আমার আগুন-ছোঁযা প্রাণ প্রত্যেক প্রাণে জালি'য়ে দিবি না ? কে আছ দরদী! আমার এই ক্ষীণ ডাকে প্রাণের স্থরের টানে চ'লে এস শ্রদ্ধা-স্থতিতর্পণে যা' দিতে সাধ তাই নিয়ে।"

শ্রীশ্রীঠাকুরের আন্তরিক ভালবাসার তীব্র টানে অনস্থনাথ তাঁহার দিকে ঝুঁকিয়া পড়িয়াছিলেন আর এই অপূর্ব্ব প্রণয়-পরশই তাঁহার জীবনেষ মোড় চিরতরে ফিরাইয়া দিয়াছিল। শ্রীশ্রীঠাকুর বসিয়া বসিয়া

দিলেন—'লোকে পাচক এাহ্মণকেও ত' ঠাকুর ব'লে ডাকে, তা' এরা আমার যদি ঠাকুর ডে'কে আরাম পার তা' ডাকুক—কি আর কর্ষ !'

অনন্তনাথকে ধর্মকথা শুনাইতেন, তাহা নহে। তাহার প্রতি সহজ ভালবাসার বশবর্ত্তী হইয়া কত দিন. কত রাত্র তাহার সঞ্চ করিতে করিতে তদীয় চরিত্র-প্রভাবে অনস্থনাথের অস্তর ফাটিয়া কোথা হইতে একদিন জাগিয়া উঠিল, ভগবানকে পাইবার প্রবল আকাক্ষা। স্ত্রী-বিয়োগের পর অনস্তনাথ তাই মনে করিলেন, ভগবানকে পাইবার জন্ম সাধনা করিবার স্ববিধা ভগবানই জটাইয়া দিলেন। ভগবং-লাভের এই তীত্র বাসনা দিন দিন তাহার মনকে ভীষণভাবে পীড়া দিতে লাগিল। উদ্দেশ-সিদ্ধির জন্ম তিনি কঠোর তপস্তা আরম্ভ করিলেন। তাহার সাধনার কথা শ্রীশ্রীঠাকুরকে একদিন বলিতে শুনিয়াছি—"অনন্ত মহারাজের সাধনা কি কঠোর। এমনও হ'য়েছে. তিন চাব দিন ঘর থেকে বে'রোয় নি। আমি একদিন গিয়ে দেখি, সমস্ত শরীব বরকের মত ঠাণ্ডা, বকে একটও স্পন্দন নেই, নাড়ী সম্পূর্ণ লুপ । সারা গা' লাল লাল পিঁপুড়েতে ঢে'কে গিয়েছে। সমস্থ গায়ে মুখে মাছি ভিন ভিন কচ্ছে, একটও চৈতন্ত নেই,—মনে কর্লাম ম'রে গেল নাকি। তার সমস্ত গায়েব পি'পুড়ে ছাডি'য়ে দিই। মাছিগুলো কোনরকমে গা' থেকে তাড়ি'য়ে দিই, তারপর ঘর থেকে বেরি'য়ে আসি। শেষে গীরে ধীরে অনেককণ পরে জ্ঞান হ'লো। শরীরের অবস্থা দে'থে মনে হ'তো আর বেশী দিন বাচ্বে না—এমনই কঠোরভাবে সাধনা ক'রেছে।"

অনন্তনাথ বহুকাল ধবিয়া এইরূপ তুশ্চধ্য তপস্থা করিলেন। অদ্বৈতাহুভূতি, শব্দ-শ্রবণ, জ্যোতিঃ-দর্শন প্রভৃতি সাধন-জগতের অনেক-কিছু উপলব্ধি করিলেন, কিন্তু এ সকল সম্পদ পাইয়াও তিনি তুপ্ত হইতে পারিলেন না; ভাবিতেন,—অন্তভতি না হয় হইলই, কিন্তু ভগবানকে পাইলাম কৈ ? তাঁহাকে নরদেহধাবীরূপে পাইয়া যদি তাঁহার সঙ্গ কবিতে না পারিলাম তবে এ বার্থ জীবন বহন কবিয়া লাভ কি ? ষতই চিন্তা কবেন, মন ক্রমেই ভীষণ চঞ্চল হইয়া উঠিতে লাগিল। অবশেষে একদিন ভাবিলেন,—এ জীবনে যখন তাঁহাকে পাইলামই না—দেখি পরজন্মে নবীন উৎসাহে সাধনা করিয়া পাই কি-না। এই মনে করিয়া অনন্তনাথ ইহ জীবন নাশ করিতে কৃতসঙ্গে হইলেন।

নির্জনে সাধন করিবার জন্ম বাড়ীর নিকটেই বিস্তৃত প্রাস্তবের মধ্যস্থলে অনস্তনাথ একটা কুটার নির্মাণ করাইয়াছিলেন। সেই সাধন-গৃহের আড়িকাঠে একটা বন্ধ রজ্জুর ন্থায় বন্ধন করতঃ তাহার সাহায্যে উদ্বন্ধনে প্রাণত্যাগ করিতে মনস্থ করিলেন। সন্ধ্যার প্রান্ধান, মুষলধারে বৃষ্টি পড়িতেছিল। শ্রীশ্রীঠাকুর নিজ বাটীতে ডাক্তারখানার বারান্দায় বিস্রা সমাগত রোগীদিগের সঙ্গে আলাপ-আলোচনায় নিযুক্ত ছিলেন।

এমন সময় তিনি হঠাৎ বারানদা হইতে লাফু দিয়া মাটীতে পড়িয়া বেগে দৌডাইতে লাগিলেন। শ্রীশ্রীঠাকুর উদ্ধাসে দৌডাইয়া গিয়া কাশীপরের মাঠে অনম্ভনাথের সাধন-গৃহের দারে উপস্থিত হইয়া সঞ্জোরে দরজায় আঘাত করিতে লাগিলেন, এবং "অনস্ত রে ৷ দরজা গোল, দরজা খোল, ভি'জে रंगनाम, नीर्ग तित्र पत्रका रंभान" विनिष्ठा ही श्कात कतिया छाकिएक नांतिरतन । সেই মুহুর্ত্তে অনুস্থনাথও জীবন অন্ত করিবার জন্ম বন্ধন-রক্ষ্ণ গলায় পরিতে উন্মত ইইয়াছিলেন। বাহির হইতে এরপ আকস্মিক বাধা পাইয়া কিংকর্ত্তব্য-বিমৃত হইয়া অনস্কনাথ প্রস্তর-মর্ত্তির স্থায় দাডাইয়া রহিলেন। কপাট অপিকক্ষণ অন্তকুলচন্দ্রের সঙ্গোর আঘাত সহ্য করিতে পারিল না-অর্গলচাত হইল। অমুকুলচন্দ্র গ্রহে প্রবেশ করিয়া অনস্তনাথকে হন্তপ্রসারণপর্বাক দঢ আলিন্সনে আবদ্ধ করিয়া কছিলেন,—"ভাই, তই আমায় ফে'লে কোথায় চ'লে যাচ্ছিলি
ভগবান ভগবান ব'লে পাগল, ভগবান যে তোব পাছে পাছে ঘু'রে বেডাচ্ছে।" নির্বাক বিশ্বয়ে এবার অনস্থনাথ ক্রিফ্টিই ৫:০০ পদতলে न्धे हेया পिएतन थवः वात्नाव की एवं प्रश्नीमैतिक अलीहे हेहे छात अधारेया ধরিয়া প্রাণের আবেগে কাঁদিতে লাগিলেন। সেই দিন হইতে অনস্করাথ অভাবনীযরূপে পাইলেন শ্রীশ্রীঠাকুরের সঙ্গ।

আদ্বীবন শ্রীশ্রীঠাকুরের সেবা করিয়া অনন্থনাথ বিশেষ করিয়া ইহাই উপলব্ধি করিয়াছিলেন যে, আর কোন সাধনাই সাধনা নহে, ইটের প্রতি অবিচ্ছিন্ন ভালবাসাই চরম সাধনা, আর এই ভালবাসার টানে কর্ম্মের ভিতর দিয়া প্রিয়তমকে তৃপ্তি দিবার এক-একটা সাফলোর আনন্দই হইল মান্থরের জীবনের সন্তি্যকারেব প্রাপ্তি বা ভোগ—যাহার তুলনায় স্বর্গের কাল্পনিক ক্রথ নিতান্ত অকিঞ্চিংকর। অনন্থনাথ যত দিন বাঁচিয়াছিলেন সকলকে এই উপদেশই দিতেন এবং মৃত্যুর পূর্ব্ধ মৃহুর্ত্তেও পার্মন্ত শুক্রমাকারীগণকে বলিয়া গেলেন,—"ভালমন্দ এ জীবনে অনেক কিছুই কর্লাম, তোরা যতদূর পারিস্প্রাণপণে শ্রীশ্রীঠাকুরের ইচ্ছা পূর্ণ করিস্, মান্থবের জীবনে ইট্রার্থ-প্রতিষ্ঠা ছাড়া দ্বিতীয় কর্ম্বরা নাই।"

যাক্, কীর্ত্তনের সময়ের কথা গাহা বলিতেছিলাম,—কীর্ত্তন শুনিলেই
শ্রীশ্রীঠাকুর অস্থির হইয়া পড়িতেন; সকল কাজ ফেলিয়াও কীর্ত্তনে যোগদান
না-করিয়া পারিতেন না। কিছুক্ষণ কীর্ত্তন চলিবার পরেই নৃত্য করিতে
আ্লারম্ভ করিতেন। ভাবাবেশে নৃত্য করিতে করিতে সময় সময় তাহার
একটা অপূর্ব অবস্থা প্রকাশ পাইত, তাহা সবিশেষ উল্লেখযোগ্য।
কীর্ত্তনকালে নৃত্যকালীন বাহ্ডজানশ্ত অবস্থায় তিনি ভূমিতে পড়িয়া ঘাইতেন।
তথন তাহার শরীরে যোগশাস্ত্রোক্ত বছপ্রকারের আসন-মৃদ্রা প্রকাশ পাইত।



শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র ও মহারাজ অনস্তনাথ

কথনও বৃদ্ধাঙ্গুঠের উপর সমস্ত দেহ ন্যন্ত করিয়া অবস্থান করিতেন, কথনও বা সমস্ত দেহ চক্রাকারে পরিবর্ত্তিত হইয়া গড়াইয়া যাইত —কথনও পদ্মাসন, কথনও বীরাসন, কথনও কুর্মাসন—ইত্যাদি নানা প্রকারের আসন হইত। এই সকল আসন একটীর পর আর একটী বিশেষ ক্ষিপ্রতার সহিত নিতাস্ত অভান্তের মত তিনি করিয়া যাইতেছেন আর এই কইসাধ্য আসনগুলি নিমেষের মধ্যে অবিরাম করিয়া যাইতেছেন দেখিয়া তাঁহার না জানি কত পরিশ্রম ও যন্ত্রণা হইতেছে মনে করিয়া দর্শকরন্দ অন্থির হইয়া পড়িতেন। জীবনে তিনি কথনও কোনরূপ আসনে অভান্ত নহেন তর্ত এত সহজে হস্তপদাদি যথাগথ বিনায় করিয়া এমন অবলীলাক্রমে আসনগুলি করিয়া যাইতেন যে, দেখিয়া মনে হইত তাঁহার দেহটী একটী মাণসপিগুমাত্র, তাহাতে অন্থিমাত্র নাই, বা থাকিলেও তাহা যেন বাঁকিয়া গিয়াছে।

আসন করিবার পরেই মাটীর উপর শবের স্থায় স্থিরভাবে পড়িয়া থাকিতেন। এই সময় তাঁহার দক্ষিণপদের রক্ষাকৃষ্ঠ থর্থর্ করিয়া কাঁপিয়া উঠিয়া নিশ্চল হইত এবং সঙ্গে সঙ্গে বাহাসংজ্ঞা বিলুপ্ত হইত; তখন ক্রমে ক্রমে শরীরে মৃতব্যক্তির লক্ষণসমূহ প্রকাশ পাইত। গণ্ডদেশ হইতে শরীরের নিম্নভাগ পর্যান্ত অসাড ও শীতল হইয়া যাইত। এই অবস্থায় বক্ষংপরীক্ষার যন্ত্র দিয়া পরীক্ষা করিয়া দেখা গিয়াছে, ঘণ্টার পব ঘণ্টা তাঁহার শাস্যন্ত্র ও ক্রদ্পিণ্ডের ক্রিয়া বন্ধ হইয়া রহিয়াছে। চক্ষ-পুত্তলির উপর স্পর্শ করিলেও তাঁহার কিছুমাত্র সংজ্ঞাবোধ নাই। এই অবস্থায় আত্মীয়-স্বন্ধন শোকাকৃল হইয়া ক্রন্দন করিতেন। সন্দেহকারী দুষ্ট লোকেরা অনেকে নির্দ্ধ্যভাবে প্রীক্ষা করিতে গিয়া শরীরে চিম্টী কাটিয়াছে, এমন কি জলন্ত অন্ধার পর্যান্ত তাঁহার শরীরে স্থাপন করিয়াছে, কিন্ধ তাহাতেও তাঁহার কোন চৈত্তা সম্পাদিত হয় নাই।

এই বাফচেতনাহীন অবস্থায় তাহার 'বদনমণ্ডল কখনও হাস্যোজ্জল, কখনও নীল বিবর্ণ, কখনও বা ঈষদারক্রিম স্বর্গীয় জ্যোতিঃতে দীপ্তিমান হইয়া উঠিত। এইরূপ মলোকিক আয়ুস্থ অবস্থায় মাঝে মাঝে তাহার মুগ হইতে ধীর-উদান্ত স্থরে নানা ভাষায় গৈরিক নিঃস্রাবের গ্রায় অস্কৃত বাণীসমূহ উচ্চারিত হইতে থাকিত। সে সময়ে তাহার মর্ম্মম্পর্শী স্বর-লহরী, সেই আবেগ-আপ্পৃত দিব্যকণ্ঠের স্বর-ঝকার বিত্যুতের মত সমবেত জনমণ্ডলীর প্রাণ স্পন্দিত করিয়া তুলিত। সে অপূর্ব্ধ সমারোহ যিনি না দেখিয়াছেন তিনি কল্পনাও করিতে পারিবেন না। এই অবস্থায় উচ্চারিত বাণী সকল সাধারণতঃ স্পষ্টিতত্ব, অবভারবাদ, ধর্মতত্ব, জ্ঞান,

ভক্তি, কর্মা, সার্বজনীন ভাতৃভাব, প্রেম-প্রচার, নাম ও কীর্ত্তন-মাহায়্যা প্রভৃতি বিশ্ব-মহলকর নানা গভীর তথ্যে পরিপূর্ণ থাকিত। বাণীতে কোন কোন দিন উপস্থিত ব্যক্তি-বিশেষের মনের নানা প্রশ্নের উত্তব এবং জগতের ভূত ও ভবিষ্যং অবস্থার কথা থাকিত। বাণীর আর একটী বিশেষত্ব এই ছিল যে, সেই দিনের কাষ্যাবলী তাহার মস্তিকে যে ছাপ রাথিয়াছে তাহা পর পর সমগ্রই বাহির হইয়া পড়িত—সারা দিনের গোপনীয়, অগোপনীয় চিস্তা ও কথাবার্ত্তা পয়স্ত বাহির হইয়া আসিত। ঘণ্টার পর ঘণ্টা এইরূপ সংজ্ঞাহীন অবস্থায় বাণী নিগত হইত। তারপণ গাঁলে ধীরে সংজ্ঞা ফিরিয়া আসিত, তথন পিপাসায় কাতর হইয়া 'জল' 'জল' বলিয়া চীংকার করিতেন এবং থানিকট। জল পান করিয়া স্বস্থ হইতেন।

কপনও কাহারও প্রাণম্পনী স্থার্থ গীত-ধ্বনি শ্রবণমাত্র, কিংবা কোন দিন নৃত্যপরায়ণ অবস্থায় কীর্ত্তন জমিয়া উঠিলে, উক্ত প্রকারে তাহার বাহ্যসংজ্ঞা লোপ হইয়া বাণী প্রকাশ পাইত। অর্ক্ষভাবাবস্থায় কথনও ধদি কীর্ত্তন থামিয়া যাইত, সে সময় খুব কট্ট অস্কুভব করিতেছেন বলিয়া বোধ হইত। তথন কেহ স্পর্শ করিলে, "উং, দাউ দাউ ক'বে জ'লে গোল" বলিয়া ভীষণবেগে ধাবিত হইতেন এবং হঠাং লাফ দিয়া ভিগ্বালী খাইয়া সার্কাসেব পোলানাড়েণ মত পড়িতেন। কথন আঘাত পাইতেন, কথনও ক্ষতবিক্ষত হইয়া রক্ত পড়িত, কিন্ধ বিশেষর এই যে, পূর্ণ জাগ্রত হইলে গায়ে কোন বাথা থাকিত না, ঘা-গুলিও অতি সম্বর সারিয়া উঠিত; আর তথন যেন অমৃত-নদীতে আন কবিয়া উঠিলেন, এমন একটা প্রাণের প্রাচূয্য অমৃত্ব করিতেন। কোন কোন দিন নিজে বাণী সম্বন্ধে সচেতন থাকিতেন, কথনও বা সবই ভূলিয়া যাইতেন। সচেতন থাকিত।

ভাবাবস্থার কথা মালোচনা-প্রসঙ্গে শ্রীশ্রীঠাকুব নিজেই একদিন বলিতে-ছিলেন—"বাণীর সময় কথনও কথনও মনে হ'ত যেন কতকগুলি idea'র টেউ আমার আমিত্বের মধ্য দিয়ে ফক্ ফক্ ক'রে বে'রিয়ে আস্ছে। আর বায়োস্কোপেব ফিলিম্স্-এর মত ideaগুলিও দেখা দিত মুর্ত্ত জীবস্ত হ'য়ে। সে কি ভীষণ! যেন উন্ধাটা এসে সাম্নে দাড়ালে, আর তাই দে'থে সব বে'য়ছ।"

ভাবাবস্থায় উচ্চারিত বাণীর প্রক্রত মর্ম্ম সম্যক্ হাদয়ক্ষম করিয়া তাহা লিপিবদ্ধ করিবার প্রয়োজনীয়তা সঙ্গীয় লোকেরা প্রথমতঃ কেহই বিশেষ উপলব্ধি করিতে পারেন নাই। ক্রমে এই আশ্চর্যা ব্যাপারের কথা চতুর্দ্ধিকে রাষ্ট্র হইয়া পড়িল। বাণী শুনিবার জন্ম বহু লোকের সমাগম হইত। অনেকেই বাণীর ভাব-গান্তীর্য এবং সার্বজনীনতা উপলব্ধি করিয়া বিশ্বিত হইতেন। কিছুদিন পর নাজিরপুর-নিবাদী পাবনার লব্ধপ্রতিষ্ঠ উকীল ৺বৃন্দাবনচন্দ্র অধিকারী, বি-এল্, ৺অনস্তনাথ রায় ও কিশোরীমোহন দাস প্রভৃতির চেষ্টায় বাণী লিপিবদ্ধ হইতে লাগিল। বাণী এত ক্রুত উচ্চারিত হইত যে, শুরণমাত্র তাহা পূর্ণভাবে লিখিয়া উঠা কঠিন হইত। এজন্ম চাবি পাঁচ জন লোক এক সঙ্গে অসম্ভব ক্ষিপ্রতাব সহিত উচ্চারিত বাণীগুলি লিখিয়া যাইতেন এবং পবিশেষে তাহা পরম্পর মিলাইয়া সেই দিবসের পূর্ণাবয়র বাণী প্রস্তুত করিতেন। বাংলা, ইংরেজী, সংস্কৃত ও অন্যান্ম নানা তুর্ব্বোধ্য ভাষায় বাণী নির্গত হইত, কিন্তু উপস্থিত ব্যক্তিগণ কেইই বাংলা, ইংরেজী ও সংস্কৃত ভিন্ন অন্য কোন ভাষায় অভিজ্ঞ ছিলেন না বলিয়া এই তিন ভাষায় উচ্চারিত বাণীগুলিমাত্র সংগ্রহ করিতে পারা গিয়াছে। অধিকাংশ বাণী বাংলা ভাষায়ই নির্গত হইয়াহে। প্রথম কয়েক দিবসের বাণী সংগ্রহ করিতে পারা যায় নাই। সর্ব্বসমেত একাত্তর দিনের বাণী সংগৃহীত অবস্থায় আছে।* তন্মধ্যে প্রথম পনর দিবসের বাণী একত্র করতঃ "Holy Book"—"পূণ্যপূণ্থি" নাম

প্রতাপপুর-নিবাদী শ্রীশ্রীঠাকরের আবালা সহচর শ্রীযুক্ত কিশোরীমোহন দাস মহাশরের বাড়ীতে একটা গৃহের মধ্যে সর্ব্বপ্রথম শীশীঠাকরের ভাব-সমাধি প্রকাশ পায়। দিতীর বারেও তাঁধারই বাডীতে এক আশ্রবক্ষের তলায় এই প্রকার অবস্থা ঘটে। তৎপর মাঝিপাডার যতনাথ পালের বাডীতে প্ররার এইকপ হওয়ার এ ব্যাপারের প্রতি সকলের দৃষ্টি আকৃষ্ট হয়। কিশোরীমোহনের উক্ত আমরক্ষের তলায় এককালে অহনিশ কীর্ত্তন চলিত : এই স্থানে শ্রীশ্রীঠাকরের অসংখা বার ভাব-সমাধি হইয়াছে এবং তদবস্থার উচ্চারিত বহু বাণা লিপিবদ্ধ হইয়াছে। স্থানটার একখানা চিত্র এখানে সন্নিবেশিত হইল। ১৩২১ সনের ৩১শে জ্বৈষ্ঠ হইতে ১৩২৬ স্বের ২৪শে জ্বৈষ্ঠ প্রান্ত পাঁচ বংসরের মধ্যে হিমাইতপুর, প্রতাপপুর, বারাদি, কৃতিরা, খোক্সা-জানিপুর, মদাপুর, ত্রিণাক্ত, মজিলপুর, চক্রতীণ, क्यलाश्रव, थिललश्रव, रवहरुत्रा, धमछ, क्षेत्रख्या, धलङ्बारुत्त, बांग्लेशाजा (এই मकल ও অস্ত্রীয়া স্থানে শ্রীশীঠাকুর কীর্ন্তনের দল লইয়া গিয়াছিলেন) প্রভৃতি স্থানে বিভিন্ন সময়ে সর্বযোট একান্তর দিন বাণা হইরাছিল। লিপিবছ বাণা-সমূত্রে সর্বপ্রেপম ভারিধ বাং ১৩২১।৩১ জোষ্ঠ, ইং ১৯১৬।১৪ই জুন। ঐ দিন বাত্তি আর ছুই ঘটিকার সময় কাশীপুরে ৺অন্ত নাপ রায়ের বাড়ীতে শ্রীশীঠাকর একখানা চেরারে বদিরা "নাহি সুর্য্য নাহি জ্যোতি: লাহি শলাম্ব ফুলর, ভাদে ব্যোম ছারা সম বিশ্ব চরাচর" এই গান্টা গাহিতে গাহিতে চেলার হইতে পড়িলা যাইতে উত্তত হল। তথন তাহাকে ধরিলা নাটাতে শোলাইলা দেওলা হয়। আসনাদি সংঘটিত হওরার পর বাণা নির্গত হইতে থাকে। সেদিনও সর্ব্বপ্রথম উচ্চারিত কতিপর বাণা লিখিতে পারা বার নাই। লিপিবছ বাণা-সমূহের আদি বাণা-**"**আমি চাই শুদ্ধ আত্মা—"

দিয়া পৃস্তকাকারে প্রকাশ করা হইয়াছে। গ্রন্থের এই নামটীও একদিনের উচ্চারিত ভাববাণী হইতেই পাওয়া গিয়াছে। কয়েক দিবসের ভাববাণীর যংকিঞ্চিৎ নিয়ে উদ্ধৃত করা হইল।

ভৃতীয় দিবসের বাণীর শেবাংশ

হিমাইতপুর, ৪ঠা আযাঢ়, ১৩২১ সন

"* * * প্রাণ দিয়ে ভালবাস। খুব ক'বে ভালবাস। কামুর সহিত পিরীতি করিতে অধিক চাতুরী চাই। সব নে, মহা আমি, ভয় নাই, ত্র্বলতা নাই। যা' মনে করিস্ তাই হবে, শক্তি তোদের ভিতরেই আছে। তাঁকে ধ্যান কর্বি চব্বিশ ঘণ্টা; সব দেখ্বি সব সেই। তাকেই কয় 'সদ্ধারে বদ্ধা করা।' জাগাও, জাগাও, জাগিয়ে তোল্; পাপীকে সান্ধনা কর্, পাপীকে আশ্রয় দে।"

"Trust me and give me everything. Sure! be glad and everything will make you glad. Spit on and spurn the sin, not the man, the sinner.

"When I was before, He was latent in me. When I was before, you were latent in me. When I was you, you were 'I'. I was the only one. I was latent in me. Think (within) yourselves, you were latent in me. The whole creation is within you,—no doubt the Spirit. I was the sound, sound is my creation; therefore you are created by mc. Only sound is your spirit, no doubt.

"Name and love can win everyone. I, ove can give everything in this world. Love can gain 'I' and love can gain 'you', and everyone will be loved. Love and name can conquer 'I', can win 'I'; therefore love and name can conquer this universe, because this universe is 'I'. Therefore, declare name and love. Give heart to heart and win heart. Love is heaven and heaven is love. Peaceful heart can make everyone peaceful. Come to me, I will give you everything, no doubt. Be fearless and proceed on and on. Check your tongue and kiss the feet. Draw the heart fastly. Atom can feel atom."

সপ্তম দিবসের বাণীর একাংশ

হিমাইতপুর, ১৩ই আষাঢ়, ১৩২১

"একবার উন্নত্তের মত গে'য়ে গে'য়ে বেড়াতো দেখি! নিদ্রিতের কাণের কাছে গিয়ে বল্—'উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত।' বিশ্বকে স্বস্থিত ক'রে ফেল্, তুই প্রাতঃস্থাের মত সকলকে জাগা * * * ।"

"My Lord! I am nothing but I. You must know all is not little, all is Supreme Soul. I am Supreme Soul,—the Para Brahma. The things which we see, are nothing but illusion and this illusion is the expression of Spirit; therefore we see it.

"Try to draw your attention upon the current of Spirit that is going on at the junction of the two eyes, at the root of your nose. It is the spirit-current onward. Children! you must fix your attention at the root of the nose. You can search the Holy Book, this was my practice when I was Jesus."

"* * * ব্কভরা প্রেম নিয়ে চ'লে আয়। কোন ছঃখ নাই,—কোন কষ্ট নাই, সহস্র হাতে রক্ষা কর্বে। আত্মাভিমান ছে'ছে দে। পাপেই সব ভারী হয়। পাপ সব ঝে'ছে ফেল্তে পারিস্নে প্তারা ছু'টে আয়—পাগল হ'য়ে ছু'টে আয়, উধাও হ'য়ে আমার পানে ছু'টে আয়;—চক্রলোক, স্থালোক, গ্রহলোক, নক্ষত্রলোক, প্রতলোক, এমন কোন লোক নাই যে তোদের গতি রোধ কর্ত্তে পারে। ছু'টে আয়, ব্কভরা প্রেম নিয়ে, প্রাণে অসীম শক্তি নিয়ে ছু'টে আয়। পাপীকে ঘণা করিস্নে। পাপীকে ব্কে তু'লে নে। সব আমি তু'লে নিয়ে যাব। পাপীকে আশ্রয় দে। আমি তোদে'ক ছোঁব না পতারা আমার জীবন—তোদের পূর্ণতে আমার পূর্ণত্ব। যা ওদের পানে ছু'টে যা। চিন্তা কিরে পু'ছে বা, প্রাণ-ছাড়া করিস্নে, শান্তি পাবি কত। আমি পরদা দিয়ে রে'থেছি, তোদের কন্তু আমি একটা আত্মাকে বহু ক'রে রে'থেছি—সংসার দিয়ে রে'থেছি, কত কন্ত দিয়ে রে'থেছি;—ছুটে আয়—আপন ভূলে যা। আদিতে এক, ইচ্ছায় বছ, শেষে একা, তাই কন্ধি। প্রথম ছিলাম নির্বিকার, কিছু ছিল না; তার পর হ'লো বিকার! আবার ইচ্ছা—নির্বিকার হ'তে।

আমার আমিগুলি কু'ড়িয়ে আবার পূর্ণত্ব-প্রাপ্তি। দেখ, তোদের জন্ম কত ভাগ হ'য়েছি, কত মহাভাগ হ'ষেছি, কেবল কু'ড়িয়ে নিতে। আয় ছু'টে আয়। তোরাই আমায় কু'ড়িয়ে নিবি। তোরা থোঁজ করিস্—তাই আমি থোঁজ করি; আবার আমি থোঁজ কবি ব'লে তোরা থোঁজ করিস্।"

দ্বাদশ দিবসের বাণী

৭ই শ্রাবণ, বৃহস্পতিবার, ১৩২১ সন

"তোমার আবার ভাবনা কি ? সব হ'বে, সব পা'বে, যা' চাও তাই পা'বে। যে একবার আমার শরণ লয়, তার কি আব ভাবনা থাকে ? নিশ্চয় রক্ষেলীন হ'বে, নিশ্চয়। আমার কর্ত্তরা ভে'বে কন্মী হ'য়ে কান্দ্র কর্—মনে মনে ভাব্বি—আমার কিছুই নয়,—সব আমার! একবার আমাকে স্পর্ণ কর্তে পা'লে প্রাণে মনে, অজ্ঞাতসারে আমি তাঁকে স্বর্গরাজ্যে তু'লে দিই, পরে আমার স্বারূপ্য লাভ করে। আবার সেই বাশী দিগ্দিগন্ধ প্রতিধ্বনিত হ'চে,—'সর্পর্যান্ পরিত্যক্স মানেকং শরণং ব্রন্ধ। অহং বাং সর্বপাপেভ্যো মোক্ষয়িলামি মা শুচঃ॥' ঐ দেখ্ বল্চে, ঐ শোন্ প্রতিধ্বনিত হচ্ছে—'অহং মাং সর্বপাপেভ্যো মোক্ষয়িলামি মা শুচঃ॥' অস্তরে অস্তরে বিশাস কর্, সকলকে ভালবাস্—দেখ্, কি এক অন্ধানা পথ দিয়ে আনন্দ্রধানে চ'লে যাচ্চিস্—আনন্দ !—কেবল আনন্দ।—"

অযোদশ দিবসের বাণীর একাংশ

১०३ खावन, वविवात, ১৩২১

"আমার আমি উ'ঠে প'ডেছি। জীব! তোর চিন্তা কি? তোর শোক তৃঃথ কি? ছু'টে আয়, বিশাস কর, ঝাঁপ দে কীর্তুনে, বন্ধ-সাগরে ডু'বে যা'বি। তোদেব মহা মহা পাপ থাক্,—ব্রন্ধহতাা, গোহতাা, দ্বীহতা। ইত্যাদি ক'রে থাকিস্—ভয় নাই। আমায় বিশাস কর, আয়াকে বিশাস কর, ছু'টে চ'লে আয়, নাচ্তে নাচ্তে ছু'টে আয়, ভগবান্ ভগবান্ ব'লে ছু'টে আয়, খোদা খোদা ব'লে ছু'টে চ'লে আয়, জয় Jesus জয় Jesus ব'লে ছু'টে আয়।

"কেশ কোণায় আছিদ্ শিথ, বৌদ্ধ, থ্রীষ্টান, দৈন, ব্রান্ধণ, বৈষ্ণব আর চণ্ডাল, একবার পরমায়ার ভাবে ভাবিত হ'। তোদের সব জালা-যন্ত্রণা আমার হাত দিয়ে সব মৃ'ছে দে'ব। অস্তবে অস্তবে নাম কর্, নামে ডু'বে পড়্। আমি অনামী, তোদের অস্তবে অস্তবে কে'গে উঠ্ব।

তোদের আত্মাতে আমি জে'গে উঠ্ব। সকলকে বল্—ভয় নাই, চিস্তা
নাই ·····অভীরভীবভীঃ।

"একবার সকলের প্রাণের কাছে গে'য়ে গে'য়ে বেড়াতো যে, তোদের সকলের শান্তি দিতে পরমাত্মা জে'গে উ'ঠেছে। ছু'টে আয়, আমি তোদের শান্তি দিব, আমি তোদের স্থান দিব। আমি নরকে স্থাবাজ্য স্থাপিত ক'রে দিব। তোরা আমারই বৃদ্ধুদ্, সামাতে লয় হ'য়ে যা'বি। আর বাতাদের আঘাত সহা কর্তে হ'বে না। ছু'টে আয়, বিশাস কর্, মনে কর্, চিন্তা কর্—আমি আত্মা, আমি পরমাত্মা, আমি পরব্রহ্ম, আমি জে'গে উঠ্ব, আমি তোদের ভিতব প্রকট হ'ব।"

ठजूर्फन फिरामत रागी

১১ই প্রাবণ মঞ্চলবার, ১৩২১ সন

"এঁ। এ কি ঘোর অন্ধকাব। এ আগুনে যে দীপ্তি নাই! এথানে কেবল অন্ধকার-সব পু'ডে গেল। চাঁদ নাই, সুধ্য নাই, কেবল আর্ডস্বর। তুমি কে গো এখানে ? 'ঐ দিন গেল, দিন গেল' ব'লে চেঁচাচ্ছ কেন ? কেন তমি উত্তর দিচ্ছ না ৷ শুধ বলছ—'দিন গেল, দিন গেল'—কিন্তু উত্তর দিচ্ছ না বেন ? ও! তুমি সাবধান কচ্চ ? জীবকে সাবধান কচ্চ ? পথ খুঁ'জে নিতে বলছ ? তবে তোমার বাম দিক দিয়ে এত লোক যাচ্ছে কেন ? ঐ নদীতে এত লোক ঝাঁপ দিচ্ছে কেন? ও: এই কি মাকাজ্ঞা-নদী ৷ এই আকাজ্ঞার নিবৃত্তি যদি না হয় তবে জপেও কিছু হয় না, খাানেও কিছু হয় না, নিযত দেবতা-আরাধনায়ও কিছু হয় না। এ আকাজ্ফা-নদী এই আকাজ্ঞা-নদীতে এসে সব ডু'বে যাচ্ছে কেবল। দ্যাগ্, প্রায হদয়েই ত' এই আকাজ্ঞা। আর ঐ দক্ষিণ—দক্ষিণ—এই তো শান্তি, এই তো শ্লিগ্ধ আলো, এই তো কোটি সুষ্যের ন্যায় দীপ্তি দেখা যাচছে। এত আলো, তবু তার তীব্রতা নাই। বেশ তো বাতাস বইছে! কি মধুর শব্দ, বেশ তো, বা বা বাঃ! এথানেও তো নাম। এথানেও তো নামমন্ন, এথানেও তো শান্তি। এখানেও তো কীর্ত্তনের ঋষিরা কীর্ত্তন করতে করতে ছু'টে আসছেন; এখানেও তো খোল করতাল মুদক্ষের বাছা, ঐ যে সব একারে মি'শে যাচ্ছে। এ যে আনন্দের ধারা—বিপুল আনন্দ ! ও: কি শাস্তি ! ঐ তো সব ডৃ'বে যাচ্ছে, ঐ ওম্বারে সব ডু'বে গেল! প্রাণে প্রাণে সব ডু'বে গেল! ভেদ গেল—এই তো মুসলমান, এই তো বান্ধণ, এই তো বৌদ্ধ, এই তো জৈন, এই তো শিখ-এই যে সব ওন্ধারে লয় হ'য়ে গেল।"

ह्यातिश्य किराजत वानी

कृष्ठिया, ১৩२৪ সাল, २७८म याच

"আগুন লাগিয়ে দে', পাপে আগুন লাগিয়ে দে'। মর্বি কেন ? অমর হ'য়ে মর্বি কেন ? তোদের প্রাণে প্রেম নাই ? তোরা জানিস্ না আত্মদান কর্তে ? তোরা অন্ধ ? ছিঃ ছিঃ কিন ভাই কাদ ? মু'ছে ফেল চোপের জল। ঐ শোন, দুরে কান পে'তে শোন কি কলরোল শুনা যায়। দেও বাঁপ।

সংসারটা শিক্ষা। দেখ্বি আর শিক্ষা কর্বি। দ্যাখ্, ব্যথা না পে'লে কি ব্যথা ব্ঝা যায় ? ক'রে যাও কেবল ক'রে যাও—দেখ্তে গেলে কি হয় ? দেখ আর কর, নাই বা বিশাস কর্লে, ক'রেই যাও না। তোমার মন, চোখ ও তোমাকে ত্মি বিশাস কর, তা-ই যথেষ্ট। কর্মা না কর্লে তাঁ'র দ্যা গাওয়া যায় না। ভালবাসাতে সব পা'বে। পগুতি ক'রো না, মারা যা'বে। যা' ব্ঝ্বে তা-ই বল্বে, সাধু ফ'লিও না—সাধু-ফলান বেশী ভাল না। অহঙ্কার কর্বি তো কর্—'আমি তার সন্তান।' করিস্, ক'রেই দেখ।"

পঞ্চপঞ্চাশৎ দিবসের ভাববাণীর প্রথমাংশ

थनहत्राठक (यर्गाहत), २ त्रा खावन, वृथवात, ১०२८ स्रानीय स्थीनात त्यात्मक कोधुतीत वाफी।

"সে একটা অব্যক্ত প্রমানন্দ—নিত্য শুদ্ধ প্রাণের প্রাণ, জগতের জগং—অণুর অণু, সে একটা বলা যায় না রে! যথন ছিল-নার সন্তা ছিল—কাল আসে নাই—যথন শব্দ ছিল—যথন স্থোর চাঁদের স্পষ্ট হয় নাই তথন এক বিরাট ধ্বনি সোহহং পুরুষ ভেদ ক'রে স্পষ্ট কর্তে চ'লে এল—সেই ওঁ। শব্দ স্ক্রম মায়াতে, রান্ধী মায়াতে, হলাদিনী শক্তিতে, ঘাত-প্রতিঘাতে সে ধারা বাধা পে'ল—তখনই স্পষ্ট ব্রন্ধা, বিষ্ণু, মহেশর—সন্থ, রক্তঃ, তম বিধারা। বিরাট গতিতে শব্দ চল্তে লাগ্ল, তখন প্রাণ স্থির হয় নাই—তখন স্পষ্ট হ'ল আকাশ—বায়ু—। কাল নির্দ্দেশ ক'রে চল্ল, তখন স্পষ্ট তেজ—সেই শক্তি। গতি চল্ছিল, আবার চল্বে, তাই দিয়ে বিরাট জলখণ্ড। তেজ ও জলখণ্ড যখন উপর গতি ধর্তে না পে'রে আপন গতিতে চল্তে লাগ্ল, তখন স্পষ্ট হ'ল জড়।—আবার সেই ঘাত-প্রতিঘাতে স্পষ্ট হ'ল দেবতা, কিন্নর, জীবজগং। এখন আমি কে? সন্তা আমার কোণায়? আমি কি ক্ষিতি, অপ্, তেজঃ, মকং, ব্যোমৃ? আমি কি সেই বিরাট ব্রন্ধা, বিষ্ণু, মহেশর—আমি কি সেই সোহহং ধারার স্থয়ত-শব্দ ? সেই সোহহং পুরুষ সেই সোহহং পরমাত্মা কি



ভাবসমাধি-অবস্থায় শ্রীশ্রীঠাকুর অনুকুলচন্দ্র (কুষ্টিয়ায় গৃহীত ফটো হইতে)

সেই অনামী পুকষ ?—কে বল্বে আমার সন্তা কোথায় ? ভাখ আমি কি ? আমার অন্তিত্ব কোথায় ? আমি স্তী, পুকুষ, ক্লীব—আমি যা কিছু সব,— আবার আমি কিছু নয়। কিছু নয় সেই আমি কত সৃষ্টি ক'রেছে। কত ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বব, ক্লফ, বৃদ্ধ, কত আল্লা, খোদা, যীভ—কোটা কোটা অবতার আমি সব হ'য়েছিলাম—সব হচ্ছে আমার অবিরাম গতি। আমার কারণ-সতা না জে'নে যদি আমার কর্ম-সতা জান——।

"আপনি মি'শে যাচ্ছে, আপনি চলছে, তাকেই বলে প্রকৃতি। আমি পরম কারণ। অনন্তকোটা দেবতা, ইন্দ্র, চন্দ্র, বায়ু, বরুণ, ব্রহ্মজ্যোতিঃ, এক্রিফের অঙ্গজ্যোতিঃ, দেই পরমপুরুষ শ্রীরুষ্ণ, শ্রীরুষ্ণের সদ্তা—আমিই সব। আমি সেই দয়ালদেশ, ত্রহ্মদেশ, পিগুদেশ, আমিই সেই বৃন্দাবন, আমি রুষ্ণ-রাধা, গোপ-গোপী, আমার আরতি করে চন্দ্র সূর্য্য তারকা, কোটা কোটা গগন সব আমারই লীলা, আমারই প্রকট, আমারই জন্ম আমারই ফাদ, আর কিছু নয়। আমি লু'কিয়ে থাকি প্রতি প্রাণে, অন্তরে অন্তরে লু'কিয়ে থাকি। আমি চৈতক্তপুরুষ আবার আমিই 'হা ভগবান' ব'লে কে'দে বেড়াই। আমি স্থী হ'যে यामी-रनवा कति, আমিই यामी इ'रा जीत भरनातक्षम कति আমিই পুত্র-কন্তা, আমি সন্ন্যাসী-বৈরাগী, আমি কত নাচি, কত কাদি, কত গাই, কত ভাণ ক'রে বেড়াই, আমি কুকুর হ'য়ে এক মৃষ্টি অন্নের জন্ম ছু'টে যাচ্ছি, আবার निर्मम ठ'रम बामावर मांशाय लाठि मावृष्टि। जामिरे १९- त्वातांन, বাইবেল সব আমি। ওবে আমি জীবন্ত হ'যে ঘু'রে বেড়াচ্ছি, আমি মৃত-আমাকেই গোর দিছে, আমাকেই পোড়াছে, আবার ইন্ধন যা' কিছু সব আমি। কি করছিদ তোরা দব—লে'গে যা—প্রাণপাত কর—ভবে ভাই व्यविद्यांगी—वात्र जुडे मां'ज़िया वाहिन निर्मेष्ट काश्वक्य ? हू'र्ड. या, त्क **पिट्य ध्व--(कोल पिट्य ध्व ।"**

পঞ্চষন্তিত্য দিবসের বাণীর কিয়দংশ

মদাপুর, মাঘশেষ, শনিবার, ১৩২৪ সন

"ভাষ্ভাই, আমি এসেছি ভিক্ষ্ক তোদের ছারে। আমাকে চিনিস্নে ? আমি তোদের অপরিচিত নই। বড় জ্ব'লে এসেছি, মারিস্নে ভাই। একটু ভাল কথার আশায়, একটু দাদা ডাকের আশায় এসেছি। তোদের মধ্যে যত পাপ তাপ দম্য আছে, তাদের সহায়তা কর্, কিন্তু আমার মাথায় পদাঘাত করিন্নে। তোদের মধ্যে ভিক্ষ্ক-বেশে এসেছি। আমি আত্মীয়—পরমাত্মীয়—আমি তোদেরই—আমি তোদেরই। ভাষ্ ভাই, আর কেন

ভাই ওর গায়ে হাত দিচ্ছিন্? অনেক স'য়েছি না হয় ফি'য়ে য়া'ব, না
হয় ফি'য়য় দিবি। একবার আমাকে একটু স্পর্শ কর্। ছুঁয়ে দে—না হয়
লাথি মার্, অল্লাঘাত কর্, তথাপি বৃঝ্বো তোদের কাছে প্রেমের আশায় প্রেম
পে'য়েছি। তোরা জানিস্ না ব'লে না হয় লাথি ধে'য়েছি। আমার না হয়
আস্তে দেরী হ'য়েছে, তোরা কাঙ্গাল হ'য়েছিস্ পরে এসেছি। আমি আস্বো
ব'লে এতদিন আসি নি, সে আমারই দোষ। যেদিন তোরা নদীয়ার প্রেম
ভূ'লে গিয়ে নামেমাত্র বৈষ্ণব হ'য়েছিস্, সেদিন ভোদের সব গিয়েছে।
বন্ধ থাকিস্ না, বন্ধ থাকা কি ভাল ? এই মৃহুর্ত্তে তোরা মৃক্ত। ক্র্ম্
গণ্ডীর ভিতর স্ত্রী পুত্র কলা ল'য়ে তোরা ভূ'লে আছিস্। তোদের জল্প
প্রার্থনা কর্বো। ভাবি কোন্ কৌশলে তোদের ভিতর প্রবেশ ক'য়ে তোদের
সামিল্ হ'য়ে য়াব। আমি তোদের, তোরা আমার।"

ষষ্ঠমন্তিভম দিবসের বাণী

কুষ্টিয়া, ২৭শে চৈত্র, ১৩২৪ সন

"আমি কাদবো ৷ আমি কাদি কেন ৷ তোৱা কাদিস কেন ভাই ৷ এত হঃখ, এত ষম্বণা, এত কষ্ট, এত সভাবের তাড়না,—তবু বলছিদ স্থখ ?— ভাই, তোরা কাতর, তাই আমিও কাতর! আবার ফু'টে ওঠ ভাই.— আবার তোদের গলা জ'ড়িয়ে সামগান গাই, আবার দেখি তোরা প্রত্যেকে. দেই চাব বেদের প্রতিমৃর্ত্তি! তোরা বল্—'আমার মৃত্যু নাই, আমি অন্তর, অমর, অনন্ত আত্মা! আমি তুই, আমি তোরা, তোরাই আমি!!! যথন বলিস, যথন কাতৰ ভাবে বলিস্—'আমি হীন, আমি বন্ধ, আমি ক্লিষ্ট', তথন যে আমার বুকে বজ্রত্বার প'ড়ে যায় ৷ ভাই তোরা একবার বলু—'আমি মুক্ত, আমি অপাপবিদ্ধ, আমি শুদ্ধ, আমি বৃদ্ধ'—দেখবি বজ্রত্বয়ার ফে'টে খান খান হ'য়ে যা'বে। যখন তোরা ভাইয়ের দিকে চোখ রা'দিয়ে তাকান, ভাইয়ের বুকের উপর ছুরি তু'লে ধরিদ্—তথন আমি একদম ভু'লে যাই যে
আমার বুকে এক ফোঁটাও প্রেম আছে! ভাই দ্যাথ, আমি তোদেরই, আমি ভোদেরই,—নিতান্তই ভোদেরই, আমি তোরাই। যথন ভোরা দেই ব্ৰন্ধনীলায় নিত্যবাদে মাতিদ তখন আমি প্ৰতি ঘটে ঘটে শ্ৰীকৃষ্ণ। আবাৰ यथंनै তোরা नमीयात পথে ঘাটে বাটে হরিবোল হরিবোল ব'লে প্রেমে উন্মাদ হ'রে নৃত্য করিস—তখন সর্বাঘটে আমি শ্রীচৈতন্তরপে চৈতন্ত দান করি। আমি নিত্য দাক্ষীস্বরূপ,—আমিই জীক্ক, আমিই জীচৈতন্ত, আমিই রামকুক, —আমিই সব, আমিই সব! আবার আমি শ্রীকৃষ্ণও নই, শ্রীচৈতক্তও নই! আমি আমিই, আমি তোৱা!!!

অষ্ট্রয়ন্তিভ্রম দিবসের বাণী

कृष्ठिया, २०१ दिलाई, २०२० मन

"তথন এক বজ্রপ্রেমের খেলা আরম্ভ হ'ল। তথন স্বপ্নের ভিতর, আপনার ভিতর একটি শক্তি শক্ত করতে আরম্ভ করল। Expansion—বন্ধা, Stagnation—বিষ্ণু, Repulsion—মহেশব। তথন জ্যোতি:র সৃষ্টি হ'ল, তাই শিবের বুকে খ্রামা। নি'ভে গেল, সব নি'ভে গেল, একটা একটা ক'রে मव फ'रव र्शन—या' हिल या' श'रहिल; आना र्शन, खरमा र्शन, मव গেল। কেবল আমি, সেই আমি গো, সেই অনস্ত আমি, অদীম আমি, আমি গো, কেবল আমি। তুমি আমি, দে আমি,—'আমি'র ধারা 'আমি'র চেউ-----ব্ৰহ্মা আমি, বিষ্ণু আমি, ঐ ক্সোতিঃ আমি, ঐ গ্ৰহনক্ষত্ৰ সূব আমি। ঐ যাকে দে'থে তুমি যে ঘুণা করছ তাও আমি। বল-কেবল আমি. আমি. আমি গো। দেখ, দেখ, তুমি যাকে ভালবাস, তুমি যাকে বিষের মত ভয় কর, তুমি যাকে পক্রর মত দেখ, দ্বিধা কব, সন্দেহ কর, তাও আমি—সব আমি। দেখবে ভাইকে আমি, চিনবে ভাইকে আমি। দেখ 'তুমি' ভূ'লে যাও, 'তৃমি' মু'ছে ফেলাও। দেখ্বে শুন্বে ব্ঝ্বে, তাও আমি। আমি অনন্ত ধারা, আমি সতাপুরুষের ধারা: আমি শব্দ, আমি ঈশ্বর, আমি জ্যোতিঃ, আমি স্ষ্টি; তু:ধ—তাও আমি, হুধ—তাও আমি। দেখ আমার ভেদ নাই, আমি আমার আমি। যথন আমার জ্ঞান হয়, আমি তথনই স্রষ্টা, আমি বিষ্ণু, আমি মায়া; যথনই আমি ভূলে যাই, আমার অন্তিত্ব আমি সগর্বের মু'ছে ফেলি⋯⋯⋯তখনই আমি মহাকাশ, আকাশের ঢেউ লে'গে সব আমি স্ষ্টি স্থিতি লয় ক'রে ফেলি, অনন্তে মি'শে যাই। আমার জ্ঞান অজ্ঞান দেও জ্ঞানময়। দেখ, আমাকে দেখ্বে, বুঝ্বে, ভোগ কর্বে। তুমি কিছু ভে'বনা, যা' দেখ তাই তুমি। প্রত্যেকে ভাব সেই তুমি। যা' দেখ তোমার নিজের রক্তের মত, যা দেখ তোমার নিজের কংপিণ্ডের মত; যেন জান না কত প্রেম। অমনতর এমনভাবে তাকে আকর্ষণ কর, দেখ্বে তুমি কেমন—আমি কেমন। দেখ যখন আমি কীটাণুকীট, আমি অণুর অণু, আমি বৃহং—দেও আমি। যেমন আমি অণুর ভিতর দেই আমি; সব অহং আমার, আমার ক্রুর্তি তাও গেল, অবলম্বন ছিল জ্ঞান, অবলম্বন ছিল সন্তা, তাও গেল।

"বল, বল, তুমি সেই 'আমি'। মলিনতার অহন্ধার, তু:থের অহন্ধার— অপবিত্রতার অহন্ধার-তুর্বলের অহন্ধার-অহন্ধার ক'রো না। যদি অহন্ধার কর তো বল 'সেই আমি', সব ছু'টে যায়, সব খু'লে যায়। তুমি বখন কাম-প্রবৃত্ত, বল 'দেই আমি', প্রতি অণু পরমাণু সব নিরন্ত হ'য়ে যা'বে। রিপু ভোমাকে ঠে'লে ধরবে—তুমি জ্ঞান-নেত্র জ্ঞে'লে তাকে ঠে'লে ধর। যাহার অহন্ধার কর্বে তাই হ'য়ে যা'বে। তুমি যদি বল পাপী, তোমার কখনও নিস্তার নেই। তুমি ধদি বল পুণাবান তবে জ্বে'নো তুমি সেই জ্যোতিঃ পারিজাত। হর্বলতা পরিহার করবে, হর্বলতার আশ্রয় নিও না, ঠ'কে যা'বে। তোমার মৃত্যু নাই, কষ্ট যন্ত্রণা সব ভূ'লে যাও। জান, তুমি পবিত্র, সগর্বে তাঁকে আলিক্সন কর। এই যে অগ্নি দেখ্ছ, তাকে তুমি নিজের ভে'বে আলিন্ধন কর। জালাও তুমি, জ্ঞানের ফল জ্ঞান। সিংহ-গর্ল্জনে প্রেমের বুক নিয়ে প্রেমের অগ্নি নিয়ে পাপীর সম্মুখে দাড়াও। জালিয়ে দাও— যা' ভাব্বে, তুমি তা-ই। বিশ্বাদের জ্যোতিঃ মলিন হ'তে দিও না। তোমার জ্যোতি: তুমি ইহারিয়ে। না। সে বিশাস বজেব মত কঠোর। মন পবিত্র, বজ্বের মত কঠোর, কুস্থমের চেয়েও কোমল হওয়া চাই। আমাকে অমুসরণ কর-আমার কথার অমুসরণ কর। অমন ক'রে কাদলে হ'বে না-ও কেবল ফাঁকি কালা, ওর কোন অর্থ নাই। যা' মনের ভিতরে উঠ্বে, যা' কিছু ভুল, যা' কিছু পাপ করবি অমনি আমার কাছে এসে বলবি, আমি হজুম কর্ত্তে পারি। ছাখ, বলি শোন, তোরা মনে কর, এই মুহুর্ত্তে মনে কর—'আমি मुक्त, আমার रक्षन नारे। वामि नव পারি; পাপ-তাপ, জালা-यह्मण আমি সব সহু করব, আমি সব ভোগ করব, আমি তোদের অধম দাদা, আমি সব পার্বো। * * * *

यष्ठ व्यथाय

সত্যনাম প্রচার

শ্রীশ্রীঠাকুর স্বগ্রামে যে কার্ত্তনের দল গঠন করিয়াছিলেন তাহা লইয়া নাম-প্রচারের উদ্দেশ্যে কয়েক বংসর তিনি নানা স্থানে পরিভ্রমণ করিয়াছিলেন। যে স্থানেই যাইতেন তুমুল কীর্ত্তনে স্বাইকে মাতাইয়া তুলিতেন; সর্বত্ত নরনারী সকলে তাহার অপূর্ব্ব ভাব-সমাধি দেখিয়াও তদবস্থায় উচ্চারিত উদার বাণী শুনিয়া মৃগ্ধ ও তৃপ্ত হইত। ৺অনম্ভনাধ, কিশোরীমোহন, গোস্বামী সতীশচন্দ্র, নফরচন্দ্র, চার্কচন্দ্র, যতীশ্রনাধ, তরণী, কোকন প্রভৃতি বহু ভক্ত এই কীর্ত্তন-দলের প্রাণ ছিলেন।

১৩২৪ সালের পৌষমাসে শ্রীশ্রীঠাকুর ভক্তদিগকে লইয়া চব্দিশ পরগণা দ্বিলার অন্তর্গত মন্দ্রিলপুরে গিয়াছিলেন। মন্দ্রিলপুর হইতে চক্রতীর্থ ছয় মাইল দূরবর্তী। কথিত আছে, ঐগোরাক মহাপ্রভু এইস্থান হইয়া পুরীধামে গমন করিয়াছিলেন। সকলেরই ইচ্ছা, একবার চক্রতীর্থ দর্শন করিয়া আসেন। একদিন ভক্তগণ কীর্ন্তনের দল লইয়া চক্রতীর্থ অভিমুখে যাত্রা করিলেন। শ্রীশ্রীঠাকুর পুরোভাগে নৃত্য করিতে করিতে চলিয়াছেন,— পথে गাহাকে পাইতেছেন তাহাকেই প্রেমালিঞ্বনে আবদ্ধ করিতেছেন। তুমুল কীর্ত্তনের মধ্যে তাঁহার দেই ভাব-বিহ্বল অবস্থায় নৃত্য এবং পথে অগণিত লোক-সমাগম যাহারা প্রত্যক্ষ করিয়াছেন, তাহারাই বলিতে পারেন, সে কি অনির্বাচনীয় দৃশা। শ্রীশ্রীঠাকুর সেদিন নৃত্য করিতে করিতে এত বেগে দৌড়াইতে লাগিলেন যে, কেহই তাহার দক্ষ লইতে পারিতেছিল না। তাঁহার চক্রতীর্থে পৌছিবার অনেকক্ষণ পরে, দলের অপর সকলে সেণানে উপস্থিত হইয়া দেখিলেন যে, শ্রীশ্রীঠাকুর সমাধি অবস্থায় আছেন এবং তাঁহার মুথ হইতে বাণী নির্গত হইতেছে। একটী বাক্য এখনও অনেকের স্মরণ আছে, তাহা এই—"One is equal to various and various is equal to one." এই দূরবন্তী স্থান এত জ্বভবেগে গমন করায় শীশীগ্রন্থের পায়ে সেদিন ভীষণাকার ফোস্কা পড়িয়া গিয়াছিল; ভক্তগণ তাহা দেখিয়া তাহাকে কিছুতেই আর পদব্রজে ফিরিতে দিলেন না। সারাদিন সেখানে তুম্ল কীর্ত্তনের পর তাঁহাকে পাঙ্কীতে করিয়া মঞ্জিলপুর আনা হইয়াছিল। মঞ্জিলপুরে শ্রীশ্রীঠাকুর এক সপ্তাহ অবস্থান করিয়াছিলেন। তথন সেখানে প্রত্যহ অহনিশ পূর্ণ উল্লমে কীর্ত্তন ও তত্তালোচনা চলিত। মঞ্জিলপুর ও পার্ষবর্ত্তী বছ গ্রামের দ্বী-পুরুষ অসংখ্য লোক শ্রীশ্রীঠাকুরের সঙ্গ করিতে আসিতেন এবং তাঁহার বচন-স্থা পান করিয়া তৃপ্ত হইতেন। অনেকেই সে সময় সত্যনামে দীক্ষিত হইয়া শ্রীশ্রীঠাকুরকে শ্রীগুরুপদে বরণ করিয়াছিলেন। শ্রীশ্রীঠাকুর ষেদিন মজিলপুর ত্যাগ করেন সে দিনের বিদায়-দৃশ্র অবর্ণনীয়! তাঁহার যাত্রাকালে গ্রামবাসী আবালবৃদ্ধবনিতার কর্মণ ক্রন্দনরোলে গগন বিদীর্ণ হইয়া যাইতেছিল। শত শত নরনারীর বিপুল জনতা তাঁহাকে অন্থসরণ করিতে করিতে ষ্টেশনের অভিমৃপে ধাবিত হইতে লাগিল—সে রোক্ষ্যমান বিক্ষন্ধ জনমণ্ডলীকে শাস্ত করা কাহারও সাধ্য ছিল না।

এই সময় খ্রীশ্রীঠাকুব একবার ভক্তদিগকে লইয়া কলিকাতার নিকটবর্ত্তী বরাহনগরে গমন করেন। তথায় তিনি বাবু শরংচন্দ্র দে মহাশয়ের গঙ্গাতীরস্থ বাগানবাটাতে এক সপ্তাহ কাল অবস্থান করিয়া তত্রতা অবিবাসী-দিগের মধ্যে সত্যনাম বিতবণ করিয়াছিলেন। অতঃপর নৈহাটা আদিয়া ৮শনীভ্ষণ চক্রবর্ত্তী মহাশযের বাড়ীতে কিছুকাল বাস করেন। সেধানেও বহুলোক তাঁহার নিকট সত্যনামে দীক্ষিত হইয়াছিল। ১৩২৫ সনের আষাঢ় মাসে শ্রীশ্রীঠাকুর ভক্তবৃন্দ সহ ফরিদপুরের অন্তর্গত মদাপুরে গমন করিয়াছিলেন। তদঞ্চলের অনেকেই তথন সত্যনাম গ্রহণ করিয়া তাঁহার চরণে আশ্রয় লাভ করিয়াছিল। এইরূপে যতই দিন যাইতে লাগিল, ভক্ত-সংখ্যা ক্রমেই বৃদ্ধি পাইতে লাগিল; দেখিতে দেখিতে শ্রীশ্রীঠাকুরের কথা লোকমুথে চারিদিকে রাষ্ট্র হইয়া পড়িল।

শ্রীশ্রীঠাকুরের উপদেশ ও উৎসাহে ভক্তগণ তথায় শ্রীকৃষ্ণ, শ্রীবৃদ্ধ, শ্রীচৈতন্ম, শ্রীরামকৃষ্ণ, স্বামী বিবেকানন্দ, মহাপ্রাণ যীত ও হন্তরত মহম্মদ

প্রভৃতি যুগ-প্রবর্ত্তক মহামানবদিগের জন্মদিন উপলক্ষে উৎসবের জহুষ্ঠান করিতে আরম্ভ করিলেন। ততপলক্ষে তাঁহারা সর্বসাধারণের মধ্যে উক্ত মহাপুরুষগণের জীবন ও বাণী প্রচার করিতেন, গরীব-তঃগীকে সাহায্য দান করিতেন এবং তাহাদিগকে পরিতোষ-সহকারে ভোক্ষন করাইতেন। একবার শ্রন্ধের অধিনীকুমান বিশ্বাস, নীরেন্দ্রনাথ রায়, ডাক্তার গোকুলচন্দ্র মণ্ডল, শ্রীশচন্দ্র নন্দী-প্রমুখ কতিপর ভক্ত শ্রীশ্রীঠাকুরের জন্মদিন উপলক্ষে একটা উংসবের অমুষ্ঠান করিবার অভিলাষ করেন। প্রস্তাবটী শুনিবামাত্রই স্থানীয় অক্তান্ত ভক্তগণ সর্বান্তঃকরণে ইহা অফুমোদন করিলেন এবং উৎস্বতীকে সাফলামণ্ডিত করিবার জন্ম কালবিলম্ব না করিয়া আয়োজনে প্রবৃত্ত ইইলেন। मकलावर्ग के का. उरमव उननाक (भग-विद्यारण, लाकरक आख्वान कतिया তাহাদিগের নিকট শুশ্রীঠাকরের অপার চরিত্র-মাহাত্মা প্রচার করেন। অফুষ্ঠানটীকে "শ্ৰীশ্ৰীবিশ্বকু-আবিভাব মহা-মহোৎসব" নাম দিয়া সৰ্বত প্রচার ও অর্থসংগ্রহ কার্যা চলিতে লাগিল। নানাম্বানের বছলোক অর্থ, বন্তু, অলম্ভার এবং প্রয়োজনীয় দ্রবাসামগ্রী যথাসাধ্য দান করিয়া উৎসবের বিপুল ব্যয়ভার-নিঝাতে সাহায্য করিতে লাগিলেন। কলিকাভার রাভায় রাস্তায় এবং মফ:স্বলের নানা সহরে বড় বড় অক্ষরে মুক্রিত বিজ্ঞাপন পত্রঘারা এই 'বিশ্বগুরু আবির্ভাব উৎসবের' সংবাদ চারিদিকে জনসাধারণের মধ্যে রাষ্ট্র করা হইল। সর্বত্ত একটা সাডা পডিয়া গেল—ইনি কে. কোথায় তিনি থাকেন, কেমন তিনি—ইত্যাদি জানিবার জন্ম এবং উৎসবে যোগদান করিয়া স্বচক্ষে শ্রীশ্রীচাকুরকে দেখিবার জন্ম কত লোক উদগ্রীব হইয়া फ्रिक्त ।

শীশীঠাকুর তগন হিমাইতপুরে ছিলেন। উৎসবের বিষয়ে কর্মকর্তাগণ তাঁহাকে পূর্বে কিছুই জানান নাই। আয়োজন অনেক দূর অগ্রসর হইলে পর তিনি এ বিষয় অবগত হইলেন। নিজের নাম ও প্রশংসার কথা জনসাধারণের মধ্যে প্রচার করিবার এরপ আয়োজনে তিনি বিশেষ অসম্ভোষ প্রকাশ করিলেন। উৎসব সম্বন্ধে শ্রীশীঠাকুরের সম্পূর্ণ অমত জানিয়া সকলে বড়ই মিয়মাণ হইয়া পড়িলেন। দেশবিদেশে যেরপ ব্যাপকভাবে ইহার সংবাদ প্রচার হইয়া গিয়াছে, যেরপ প্রভূত পরিমাণে অর্থাদি ব্যয় হইয়াছে—এমতাবস্থায় উৎসব বন্ধ করিয়া দিলে লোকনিন্দাও অর্থক্ষতির একশেষ হইবে ইত্যাদি চিন্তায় সকলে অন্থির হইয়া পড়িলেন। উপায়ান্তর না দেখিয়া সকলে জননী মনোমোহিনীর নিকট উপস্থিত হইয়া সকল বিষয় আছোপান্ত নিবেদন করিলেন। এমন সময় উৎসবের কার্য্য স্থগিত রাখিলে সত্য সত্যই চতুদ্দিকে তুর্নাম ও ভক্তগণের মনঃপীড়ার

কারণ হইবে ব্ঝিয়া, জননীদেবী নির্দিষ্ট দিনেই ইহা সম্পন্ন করিতে। অসমতি দিলেন।

১৩২৫ সনের ২৮শে ও ২৯শে ভাত্র উৎসবের দিন প্রির করা হইয়াছিল। এই উপলক্ষে বিদেশাগত ভত্রমহোদয় ও মহিলাবন্দের অবস্থানের জন্ম স্থানীয় মাড়োয়ারী ব্যবসায়িগণ নিজেদের বহু পাকা বাড়ী ছাড়িয়া দিয়াছিলেন। কত স্থান হইতে কত স্থ্রী-পুরুষ, যুবক-বৃদ্ধ এই উৎসবে যোগদান করিতে আসিয়াছিলেন তাহার সংখ্যা করা কঠিন। পণ্ডিত, প্রেমিক, তত্ত্বিজ্ঞাস্থ, বিভিন্ন সম্প্রদায়ের ধর্মপিপাস্থ শত শত ব্যক্তিগণের সে এক অপুর্ব্ব সম্মিলন হইয়াছিল। উৎদবের তুই দিবদ কুরিয়া সহরের দর্বত্র এক মহা সমারোহ ব্যাপার! সহত্র সহত্র ভিক্ষককে বন্ধদান করা হইল। স্থবহুং রন্ধন-শালায় দিবারাত্র থাছদ্রব্য তৈয়ারের ব্যবস্থা করা হইয়াছিল। ব্যান্ডায় রান্ডায় রেলের লাইন পাতিয়া টুলি বোঝাই করিয়া খাদ্যদ্রব্য পরিবেশনপর্ব্যক সহস্র সহস্র লোককে তুই দিন ধরিয়া ভুরিভোজনে তুপ্ত করা হইযাছিল। একটা প্রকাণ্ড সভামণ্ডপ নিৰ্মাণ করিয়া তাহা বৈত্যতিক আলোকমালা ও পত্ৰ-পুষ্প-পতাকায় স্থােভিত করা হইষাছিল এবং তাহাতে কীর্ত্তন, বক্ততা ও সদালােচনা প্রভৃতি নানা অনুষ্ঠানের আয়োজন করা হইয়াছিল। স্থানীয় যুবকর্নের সাহায়ে একটা স্বেক্সাদেবক বাহিনী গঠন করতঃ এই বিরাট ব্যাপারেব সমুদ্য কার্যের যথায়থ শৃঙ্খলা বিপান করা হইয়াছিল।

এই বিশ্বপ্তক উৎসবের পব হইতেই শ্রীশ্রীঠাকুরেব কথা বিশেষভাবে ছড়াইয়া পড়িল। শ্রীশ্রীঠাকুর এই সময় মাঝে মাঝে কলিকাতা যাইতেন। যে ক্যদিন সেখানে অবস্থান করিতেন তাঁহার এক মুহূর্ত্তও অবসর থাকিত না। দলে দলে লোক আসিয়া তাঁহার সহিত সাক্ষাং করিত। তাঁহার সঙ্গ করিয়া কত জনেব কত দিনের কত সমস্যাও মনের কত জমাট অন্ধকার দূর হইযা যাইত। কিছুকাল মধ্যে কলিকাতার বিভিন্ন পল্লীর বহু সম্বান্তবংশীয় শিক্ষিত সম্প্রদায়ের ভদ্রলোক এবং অনেক সাধারণ গৃহস্থ সপরিবারে তাঁহার চবণে আশ্রয় লাভ করিয়া ধন্য ইইলেন।

১৩২৭ সনের বৈশাখ মাসে শ্রীশ্রীঠাকুব জ্বর ও কাসি রোগে আক্রান্ত হইষা অনেকদিন অক্সন্থ থাকেন। বাড়ীতে এবং কলিকাতায় চিকিৎসায় কোন স্থফল না পাইয়া ডাক্তারগণের পরামর্শে বায়ুপরিবর্ত্তনের জ্ব্যু তাঁহাকে ১৩২৮ সনের ১৩ই জ্যৈষ্ঠ কার্সিয়াং লইয়া যাওয়া হয়। সেথানে মাসাধিক কাল চিকিৎসাধীন থাকিয়া অনেকটা ক্ষন্ত হইলে পর তিনি বাড়ীতে প্রত্যাগমন করেন এবং কিছুকাল মধ্যেই সম্পূর্ণ আরোগ্য লাভ করেন। শ্রীশ্রীঠাকুরের বহু ভক্ত পীড়ার সময় তাঁহার সঙ্গে কাসিয়াং গিয়াছিলেন। যুতদিন ভক্তগণ

সেখানে অবস্থান করিয়াছিলেন, সময় ও স্থযোগ পাইলেই শ্রীপ্রীঠাকুরের আদেশক্রমে তাঁহারা কীর্ত্তন লইয়া বাহির হইতেন এবং তথাকার অধিবাদীদিগকে নামরদে মাতাইয়া তুলিতেন। দে সময় অনেকেই দীনিঠাকুরের প্রচারিত সভ্যনামে দীক্ষিত হইয়াছিলেন।

১৩২৯ সনের ১৬ই পৌষ শ্রীশ্রীঠাকুর ভক্তবুন্দ সম্ভিব্যাহারে পুরীধামে গিয়াছিলেন। কটকের ভতপূর্ব সরকারী উকীল ৺রায়বাহাতর জানকীনাথ বস্থ মহাশয় (মাননীয় শ্রীযুক্ত স্কভাষচক্র বস্থ মহাশয়ের পিতা) এবং তাঁহার ধন্মপ্রাণা পত্নী উভয়েই ইক্টিকের পরম ভক্ত। তাঁহাদের সবিশেষ অন্তরোধে এ শীলীচাকুর সে-যাত্রা পুরী গিয়াছিলেন। সমুদ্রতীরে "হরনাথ লজ " নামক বস্ত মহাশয়ের একটা স্থনর বাডীতে শ্রীশ্রীঠাকরের জন্ম বাসস্থান নির্দিষ্ট হইযাছিল। নিকটেই আবও কয়েকটা বড বড বাডীতে ভক্তগণ বাস করিতেন। শীশীঠাকবেৰ পুৰী যাওয়ার সংবাদ পাইবা নানা স্থান হইতে বহু শিষ্ম ১৮ রি: ে তথায় গিয়া উপস্থিত হইলেন। শ্রীশ্রীঠাকুর সকলকে লইয়া প্রায় তুই মাদাধিক কাল পুবীতে অবস্থান করিয়াছিলেন। তথন তত্ত্তা বহুলোক নানা প্রশ্ন ও সমস্যার সমাধানের জন্ম নিতা তাঁহার সঙ্গ করিতে আসিতেন। শত শত ভক্ত ও আগদ্ধকরন্দের কলকোলাহলে সারা দিনরাত্র শীশী/াব্রনের আবাস-বাটিকায় আনন্দের মেলা জমিয়া থাকিত। তথন কোন বিষয়ে কাহারও যাহাতে বিন্দমাত্রও অস্ত্রবিধা না হয় তজ্জ্ব বস্থ মহাশর সন্ধীক কি আপ্রাণ যত্ন ও পরিশ্রম করিতেন এবং এই ব্যাপার-নির্বাহে অকাতরে কত অর্থবায় করিয়াছিলেন তাহা বলিবার নয়।

যে তৃইমাস শ্রীশ্রীঠাকুর পুরীতে বাস করিয়াছিলেন, সমগ্র নগরীটা জয়দলা, শদ্ধ, ঘণ্টা, কাসরাদি বাখসহ তাগুব কীর্ত্তনে মুথরিত থাকিত। একদিন শ্রীশ্রীঠাকুর কীর্ত্তনের দল লইয়া জগন্নাথদেবের মন্দির-প্রাঙ্গনে প্রবেশ করিলে তথায় সকলে ভক্তমগুলী-পরিবেষ্টিত শ্রীশ্রীঠাকুরের তেজঃপুঞ্জ নয়নাভিরাম অপূর্ক মূর্ত্তি দর্শন করিয়াভক্তি ও আনন্দ-রসে আপুত হইয়াছিলেন। চর্মনিম্মিত দ্রব্য মন্দির-প্রাঙ্গনে লইয়া যাওয়া নিষিদ্ধ, কিন্তু সেদিন ভাববিহ্নল অবস্থায় জয়দ্দাদি বাখ্যস্থাসহ তাগুব কীর্ত্তনের মধ্যে চর্মের অশুচিতাভাব সকলের মন হইতে স্বতঃই অপসারিত হইয়া গিয়াছিল।

প্রাপ্তবাসকালীন একটা ঘটনার উল্লেখ করিতেছি। শ্রীশ্রীঠাকুর একদিন হাঁটিতে হাঁটিতে পুরী হইতে পাঁচ মাইল দুরবর্ত্তী সাক্ষীগোপাল নামক স্থানে চলিয়া গিয়াছিলেন। এ সংবাদ বাড়ীতে তথন কেহই জানিতেন না। তিনিও এইস্থানে যাইবার উদ্দেশ্যে বাড়ী হইতে বহির্গত হন নাই। খড়ম পায়ে দিয়া রাভায় বেড়াইতে বাহির হইয়াছিলেন। অজ্ঞানা পথে চলিতে চলিতে সাক্ষীগোপাল উপস্থিত হইয়া জানিতে পারিলেন যে, এতদুরে চলিয়া আসিয়াছেন। সারাদিন তাঁহাকে না দেখিয়া এবং নানা স্থানে খুঁজিয়া কোথায়ও তাঁহার কোন সন্ধান না পাইয়া, সকলে সবিশেষ চিস্তিত ও উৎকণ্ঠিত হইয়া পড়িয়াছিলেন। অবশেষে সন্ধ্যা উত্তীর্ণ হওয়ার পর তিনি গৃহে প্রত্যাবর্ত্তন করিলে সকলে আশস্ত হন।

শিশ্বদ্দ-পরিবৃত হইয়া শ্রীশ্রীসাকুর যখন পুরীতে সমুদ্দ-ম্বানে গমন করিতেন তথন সমুদ্র-সৈকতে তাগুব নতো কীর্ত্তন চলিত। অনস্তর তবকপ্রবাহের সহিত তালে তালে নৃত্যপরায়ণ অবস্থায় সকলে অসীম আনন্দে শ্রীশ্রীসাকুরকে লইয়া স্নানক্রীড়ায় মন্ত হইতেন। একদিন স্নানকালে সমুদ্রজলে দণ্ডায়মান থাকাকালীন শ্রীশ্রীসাকুরের একখানা আলোক-চিত্র তুলিয়া লওয়া হইয়াছিল, তাহা এখানে সন্ধিবেশিত করা হইল।

পুরী অবস্থানকালে ভক্তবৃন্দ কীর্ত্তনের দল লইযা কটক, সাক্ষীগোপাল, ভুবনেশ্বর প্রভৃতি স্থানে সত্যনাম বিতরণ করিয়াছিলেন। তৎকালে উৎকলবাসী বছ নরনারী শ্রীশ্রীঠাকুরের চরণে দীক্ষাগ্রহণ করিয়া ক্বতার্থ হন।

সত্যনাম-প্রচারার্থ শ্রীশ্রীঠাকুব আরও অনেক স্থানে পরিভ্রমণ করিয়াছিলেন; সকল স্থানের অসংখ্য ঘটনার যথাষথ বিবরণ দেওয়াব স্থান নাই। পূর্বোল্লিখিত মজিলপুর, চক্রতীর্থ, কৃষ্টিয়া, মদাপুর, কলিকাতা, পুরী প্রভৃতি ভিন্ন তিনি অক্যান্ত যে সকল স্থানে গমন করিয়াছিলেন তন্মধ্যে নওগাঁ, রংপুর, পাবনার নিক্টবত্তী দোগাছী ও সালগেরে, নদীয়ার অন্তর্গত বারাদি, বরৈচরা, তৃধকুমরা, খোকসা-জানিপুর, ধলহরাচক্র 'ও কমলাপুর, বগুড়ার সাস্ভাহার, রংপুরের বদরগঞ্জ, গোদাগারীঘাট, ফরিদপুবের নত্রিয়া, মশোহরাস্থগত হরিণাকুও প্রভৃতির নাম সবিশেষ উল্লেখযোগ্য।



পুরীতে সমুদ্রজলে দণ্ডায়মান শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র (১৩২৯ সনের পৌষ)

সপ্তম অধ্যায়

আলোচনা-প্রসঙ্গে

বহুলোক স্কৃটিয়া গিয়াছে। দার্শনিক, বৈজ্ঞানিক, দাহিভাক, চিকিৎসক, ব্যবসায়ী, বাজনীতিজ্ঞ, সমাজ-সংস্থাবক, দেশ-বিদেশের কক সভ্যাদ্বেষী প্রীপ্রাক্রেব সঙ্গ-লাভের জন্ত নিত্য আদিতেছেন যাইতেছেন। দেখিতে দেখিতে তাঁহার নির্জ্জন পল্লী-বাটিকা জনকোলাহলময় হইয়া উঠিল। শিষ্য ও আগন্তকের সহিত বিজ্ঞানের কথা, সমাজের কথা, সাহিত্য, দর্শন, ধর্ম ও স্বাস্থ্যের বিষয়ে কত কি আলাপ-আলোচনা অহুনিশ চলিল। বৈজ্ঞানিক 'ইলেক্ট্রন্' 'এটম্' প্রভৃতি সম্বন্ধে কত স্ক্র্ম প্রশ্ন উত্থাপন করিতেছেন; সমাজ-সংস্থারক বিবাহ, জাতিভেদ, বর্ণাশ্রম, অস্পৃত্যতা সম্বন্ধে নানা প্রসন্ধ তৃলিতেছেন; শিল্প, স্বাস্থ্য, শিক্ষা ও ধর্ম লইয়া বিশেষজ্ঞেরা কত সমস্তার অবতারণা করিতেছেন। প্রীপ্রীঠাকুর সহজ সরল কথায় দৈনন্দিন জীবনের সাধারণ ঘটনার সহিত মিলাইয়া এবং সর্বসাধারণের বোধগম্য করিয়া এই সকল হ্লাহ প্রশ্নের স্থানাংশা করিয়া দিতেছেন। অনেক দিনের কথা। নানা বিষয়-সংক্রান্ত তাঁহার সেই সময়ের আলোচনা আমরা কেই কেই কিছু কিছু লিথিয়া রাথিয়াছিলাম। কয়েক দিনের লিখিত আলোচনা-প্রসন্ধ হইতে নিম্নে কিঞ্ছিৎ উদ্ধৃত কবিতেছি।

১৯২০ সনের জুন মাসে একদিন বাত্রিতে শ্রীশ্রীঠাকুরের নিকট অনেকে বিসিয়া আছেন। ছোট টিনের ঘরে বিছানায় আর্দ্ধশায়িত অবস্থায় তিনি কথা বলিতেছেন। অক্যান্থ নানা কথাবার্ত্তাব পর শ্রীযুক্ত অবিনাশচক্র অধিকারী, এম-এ, বি-এল্কে লক্ষ্য করিয়া শ্রীশ্রীঠাকুর বলিতে লাগিলেন—"জ্ঞানের দিক্
দিয়ে যা' দে'খেছি তার তৃই একটা শোন্। এ আমার প্রাণে প্রাণে অক্ষত্তব
করা। বাইরের ইন্দ্রিয় দিয়ে দেখ্লে এতথানি strong conviction
(দৃঢ় বিশ্বাস) হয় না। আর ইন্দ্রিয়-গ্রান্থ যে বস্তু আমবা দেখি সেগুলি
indirect (পরোক্ষ), তাতে direct feeling (প্রত্যক্ষ বোধ) কিছু
হয় না, কিন্তু আমি দে'খেছি direct feeling দিয়ে। স্থলপদ্ম রৌদ্রের
সঙ্গে লাল হ'য়ে ওঠে, সেটা কখন লক্ষ্য ক'রেছিস্ থ এর কারণ
কি জানিস্ থ স্থলপদ্মগুলির ভিতর এমন কিছু আছে যা' ঐ স্থর্গের
ভিতরকার তত degree of vibration (কম্পন)-টাকে absorb
(শোষণ) করে, আর তার effect (ফল) লাল হয়। কাজেই যদি এমন

কোন জিনিষ বে'র কর্ত্তে পারিস্ যা' স্থেয়ের ঐ vibration (কম্পন)গুলো absorb (শোষণ) কর্ত্তে পারে, তা' হ'লে nature (প্রকৃতি) থেকেই প্রচুর পরিমাণে লাল রং তৈ'রী করা যায়। আরও এমন অনেক জিনিষ জগতের কাছে প্রচার করা যায়,—যেমন electricity (তড়িং)। জগতের ভিতর এমন একটা central point (কেন্দ্রন্থল) আছে, যেখান থেকে জগতের সমস্ত magnetic force (চুম্বকশক্তি)কে আকর্ষণ করা যায়। সেই point (স্থানটা) যদি বে'র করা যায় তবে সমস্ত পৃথিবীময় বৈত্যতিক আলো সরবরাহ করা যায় এবং এই শক্তির সাহায়ে চুনিয়ার কত মঞ্বজনক কার্য্য করা যায়।"

"পৃথিবীতে নানা শুর আছে,—বেমন জলের শুর, বাতাদের শুর ইত্যাদি। জলটাকে আমরা control (আয়ন্ত) কর্ত্তে পারি ব'লেই সাঁতার কাট্তে পারি। এরোপ্নেন বাতাদের উপর দিয়ে চল্তে পারে কারণ সে বাতাদকে অধীনে রাখ্তে পারে। তেম্নি পৃথিবীতে এমন একটা finer (সৃদ্ধ) শুর আছে, সেই শুরটা control কর্ত্তে পার্লে সমস্ত গ্রহে গ্রহে সংবাদ ধরা বা চালান যায়। তাখ, এগুলো আমার কল্পনা নয়। এগুলি আমি প্রত্যক্ষ অমুভ্ব ক'রেছি। এগুলি গুব সত্য, আর scientific methoda (বৈজ্ঞানিক উপায়ে) বে'র করা যায়। কারণ এগুলি আমি প্রত্যক্ষ অমুভ্তি ক'রেছি, আমার শরীরের ভিতর দিয়ে। এ শরীরটা একটা mechanism (যন্ত্র) বিশেষ। এ শরীরদিয়ে যদি অমুভৃতি কর্ত্তে পারি তবে সে সত্যগুলো কোন finer mechanical process (সৃদ্ধ যান্ত্রিক উপায়) এ বে'র করা যা'বে না কেন প্"

সলা অক্টোবন, ১৯২০ সন। সন্ধান পূর্বের বাহিরের বাঁশের মাচাংএর উপর অনেকে বিদিয়া আছেন। ছোট ছোট গাছে জায়গাটা চারিদিকে ঢাকা, মাঝগান পরিকার। Holy Book (পুণাপুঁথি) পড়িতে পড়িতে জায়ার ঘনাইযা আদিয়াছে, তখন কথাবার্ত্তা আরম্ভ হইল। তিনি বলিতে লাগিলেন—"পূর্ণর মানে সব-গুলোই তোমার ভিতরে আছে, অথচ সমস্ত বৃত্তিগুলো দ্বারা চালিত না হ'য়ে সেগুলোর নিয়ামক তুমি হ'বে। Highest l'rinciple (আদি কারণ)কে প্রাণে প্রাণে অমুভব করার পূর্ণতা, কিছু সেটা অমুভব কর্তে হ'লে সমস্তগুলির জ্ঞান থাকা চাই; কারণ প্রত্যেকটীর ভিতরে Highest Principleই (মূল কারণ) মূর্র, জীবস্ত হ'য়ে উঠিছে। চরম কারণকে জান্বে অথচ ষেগুলোর ভিতরে সেট বিকশিত সেটা জানা নেই, তার মানে তোমার পূর্ণ জ্ঞান হয় নি।

তার ভিতরে সমন্ত included (অন্তর্ভুক্ত), চরম কারণকে বোধ কর্তে গেলে সমন্তঞ্জাে কার্য-কারণই জানা ষায়, কারণ, সে সবগুলাে একেরই বিভিন্ন step (ধাপ); তবে ষতকণ তৃমি সেগুলাের অধীন, ততকণ তৃমি অপূর্ণ, সে সম্বন্ধে তােমাব সম্পূর্ণ জ্ঞান হয় নি। আর ষথনই সেগুলাে তােমার অধীন, তথনই বৃঝ্তে হ'বে সেগুলাের প্রকৃতি সম্বন্ধে তােমার জ্ঞান হ'য়েছে, আর তাই তৃমি রক্তিগুলােকে চালিত কচ্ছ। ভাবাধীন না হ'য়ে ভাবাধীশ হওয়াই পূর্ণতা। সাধারণতঃ মাহ্ম্য মনে করে যে সাধু হ'লে তার ক্রোধ থাক্তে নেই। কিন্তু ঐটাই ভূল। সাধু যিনি তিনিই জানেন কােথায় ক্রোধের ব্যবহার কর্তে হয়, আর তৃমি তা' জান না, তাই ক্রোধের অধীন হ'য়ে পড়; ষেথানে তােমার ক্রোধ করা উচিত নয় সেখানে তৃমি ক্রোধ ক'রে কাজ নট্ট কর। এক কথায়, সাধুই ক্রোধকে regulate (নিয়্মিত) কর্ত্তে পারেন, আর তৃমি তা' পার না।"

কথায় কথায় আলোচনাটা একট ঘুরিয়া গেল, তিনি বলিলেন,---"মামুষের কারও প্রতি ভালবাসা বেশী হওয়া মানে, তার ভিতরে নিজেকে ততথানি ডু'বিয়ে দেওয়া অথবা আমার আমিজের ভিতরেই তাকে টে'নে আনা। মাহুষ নিজের স্থ-স্বচ্ছন্দতা সব চেয়ে বেশী চায় কিন্তু যাকে সে ভালবাসে তাকে স্থগী করতে আরও বেশী চেষ্টা করে; তার অর্থ এই যে, নিজেকে সে তার ভিতরে বি'লিয়ে দিয়েছে বা তার আমিছের scope (গণ্ডী)টার প্রসার হ'য়েছে। আমার হাতে চিমটা কাটলে বাথা লাগে কারণ হাতটী আমারই অংশ, তেমনি অন্ত মানুষের ভিতর ধ্বন আমাকেই দেখতে পাই তথন তা'দের কট্ট হ'লে আমার কট্ট হয়-কারণ তারা তথন আমার আমিজের ভিতরে এসে প'ড়েছে। ইহারই নাম প্রেম। প্রেম বল্তে আমি বৃঝি—নিবিড় ক'রে বোধ করা। কিন্তু ভন্তে পাই কা'রও কা'রও প্রেম-ভাবের জন্ম একজন স্ত্রীলোক চাই, নতুবা তাদের প্রেমের অভিব্যক্তি হয় না। আমি দকল ব্যক্তি ও সম্প্রদায়ের কথা বল্ছি না, অনেক মহাপুরুষ আছেন আবার অনেকে এই পরকীয়া ভাবও প্রচার করে। এই কি প্রেম ? কত জনকে দে'থেছি বাইরে ভক্তের माब्बत चलाव नारे किन्ह मतन मतन नष्टीमित चन्छ नारे; तनीन कान्छ চোপড় এবং রং-চংএর চিহ্ন-ধারণ করাটাই যেন মহা ধর্ম; ভিতরে তার वक भननहे थाकूक्। মনে রে'খো মন কোমার সাধু इ'तে, বাইরে সাধু-मह्यामीत माख नारे-ना दरेन; वारेदाद मब्बाद मिटक दिनी नव्बत, व्यपेठ অন্তর যে আগাছায় ভ'রে উঠছে সে দিকে তোমার লক্ষ্য নাই। কত

জল ছি'টিয়ে ফুল ফে'লে আহ্নিক কচ্ছ, কিন্তু যাকে পৃ'জো কচ্ছ মনটী তাঁর কাছেও নাই। চিরজীবন তুমি বাইর নিমেই থাক্বে, কিন্তু ষে অন্তরের প্রয়োজনে বাইরের এত আদর দেই অন্তরই থাকে অনাদৃত। উন্নতির এই কি ধারা ?

"তুমি বল্বে, ভগবান লাভ কর্তে হ'লে ছোট উপায় থেকে আরম্ভ ক'রে বড় উপায়ে যে'তে হয়। কিন্তু এ জন্মটা তোমার বাইরের ভড়ং নিয়েই কে'টে গেল, তা' ত্যাগ ক'রে বড় উপায় ধর্বার সাহস কি তোমার হ'বে ? বড় একটা উপায় যথন তোমার সম্মুথে উপস্থিত, তথন চিরাভ্যন্ত গতাহগতিক আচার-নিয়ম ত্যাগ কর্তে পার না, ঘোর সংস্কার তোমার মর্মে মর্মে বিন্ধ ক'রে তোমাকে কৃতদাসের ল্লায় চা'লিয়ে নিচ্ছে। সে দাসত্ব-শৃঞ্জল থেকে নিজেকে মুক্ত কর্বার শক্তি কোথায় ? সন্ধানআহিকের উদ্দেশ্য যদি জল-ছিটান এবং কর-সঞ্চালনেই তোমার থতম হয় তবে তোমার কাছে ভগবান-লাভ ঐ পর্যন্ত। মনে রে'খো লক্ষ্য তোমার কত বড়! তুমি লক্ষ্য হা'বিয়ে উপায়টীকে লক্ষ্য ক'রে ব'সে আছ। আমরা এতটা আচ্ছন্ন যে প্রচলিত সংস্কারের একটু এদিক ওদিক হ'লে ক্রোধে উন্মন্ত হ'য়ে ভীষণভাবে তার প্রতিকার কর্তে চাই, একটু ভে'বে দেশ্বার ধৈর্যাটুকুও হয় না—ধর্ম আমাদের কাছে এম্নি প্রাণহীন আচারে পর্যবসিত হ'য়েছে।

"এই অন্ধ-সংস্কারের অত্যাচারে দেশটা উৎসন্ধ গেল। নীচ জাতিকে ঘ্রণায় ল্পর্শ করি না। প্রাচীন শাস্ত্র-নিয়মগুলি শুরু কথায় পালন করি, তার সঙ্গে প্রাণের যোগ মোটেই নাই। শাস্ত্রের বিধি-নিষেধগুলির সার্থক অর্থ না ধ'রে কদর্থ ধরা ও কু-সংস্কারের দাসত্ব করা যে একই কথা! যে অহুভূতি-লাভে জীবনের চরিত্র ও কর্মে একটা আমূল পরিবর্ত্তন এনে দেয়, যাকে আশ্রয় ক'রে স্থপ্ত জীবন জে'গে উঠে—আমি বলি তাই মাহুষের ধর্ম। আর যে জীবস্ত মুর্জ্ত দেবতার আকর্ষণে এই আমূল পরিবর্ত্তন সংঘটিত হয়, যাঁকে ঘি'রে ফু'টে ওঠে আমার যৌবনের উপবন, বার্দ্ধকোর বারাণসী, যারাদ্মিয় স্নেহস্পর্শে জে'গে ওঠে তীক্ষ অন্তর্দৃষ্টি, তীব্র কর্ম্ম-প্রেরণা, যার জীবনের সামীপ্য-লাভে আমার ক্ষ্মে জীবন সার্থক হ'য়ে উঠে—ব্যক্ত হ'তে অব্যক্ত পর্যন্ত যা' কিছু সমগুই আমার বোধের মধ্যে ধরা দেয়, তিনিই আমার ভগবান। Personal প্রতানের শ্রীকৃষ্ণ, যীশু, হন্তরত, বৃদ্ধ প্রভূতি। এ ছাড়া অন্ত কোন বিত্রপ্রতার সঙ্গের বার্ণ কর্ত্ত গেলে স্কেই হয় নান্তিক্তার।"

১৯২৩ সন ১৫ই জুন, ডাক্টার ষতীন রায়, প্রফেসার কৃষ্ণলা এবং অক্যান্ত অনেক পুরুষ ও মহিলা উপস্থিত। জীব-কোষ সম্বন্ধে আলোচনা চলিতেছিল। শ্রীপ্রীঠাকুর বলিতেছিলেন—"Body cellsএর (দেহ-কোষের) nucleus (সার বন্ধ)এ expansion (বিস্তার) ও contraction (সম্বোচ) হ'লে একটা nucleus ভাগ হ'য়ে হ'টো হ'য়ে যায়। এইরূপ প্রতিনিয়ত expansion (সম্প্রসারণ), contraction (সম্বোচ) ও stagnation (নিশ্চলতা)এ cell division (কোষ-বিভাগ) হ'য়ে হ'য়ে একটা cell (কোষ) অগণিত cellsএ (কোষে) divided (বিভক্ত) হ'য়ে যায়। একটা cell (কোষ) মে হ'টো হয়, সে হ'টোই exactly similar (সম্পূর্ণরূপে এক প্রকার) হয়। একটার যে হুই ভাগ হয় ডা' নয়। একটাই নিজের মত আর একটা সৃষ্টি করে।

"Animal cells (প্রাণিজ কোষ) এবং vegetable cells (উদ্ভিক্ত কোষ)এ কোনই পাৰ্থক্য নাই। Cell (কোষ) হিসাবে ভাহারা exactly similar (সম্পূর্ণ একপ্রকার), কিন্তু বিভিন্ন cellsএ (কোষে) বিভিন্ন প্রকারের energy'র manifestation (শক্তির বিকাশ) হয়। মানুবের প্রত্যেকটা cella (কোবে) তার সমস্ত consciousness (জ্ঞান) ও ideas (ভাব) বর্ত্তমান থাকে। মাতৃ-রক্তান্থিত ovum (স্ত্রী-বীজাণু) এবং পিতৃ-ভক্তস্থ spermatoza (পু:-বীজাণু) এই হুইয়ের মিলনে একটা cell (কোৰ)। এখন এই যে cellএর (কোষের) division (বিভাগ) এবং তাদের growth (বৃদ্ধি) হয় এর rateকে (গতি) regulate (নিয়ন্ত্রিত) করা সম্ভব। হঠযোগীরা তা' ক'রে বেশী দিন বাঁচতে পারতেন। ব্যক্তিগত नाधना এবং উন্নত প্রণালীর চিকিৎসা ঘারা অকালমৃত্যু অনায়াসেই control (রোধ) করা যায়। শরীরের যে সমস্ত glands (মাংস-গ্রন্থি) আছে এই glands-গুলোর extracts বা secretions (নি:ম্ববণ) প্রয়োগ করায়, অন্ত কোন স্থান হইতে এই glands grafting (সংযোজন) দ্বারা cellএর (কোষের) rate of growth (বৃদ্ধির পরিমাণ) vary (পরিবর্ত্তিত) করান যায়। কারণ glands (মাংস-গ্রন্থি)গুলি যেন power-houses-reservoirs of energy (শক্তির ভাগুার)। বানরের thyroid gland (মাংস্গ্রন্থি-বিশেষ) extract (নিষাসিত) ক'রে মাহুষে ব'সিয়ে বৃদ্ধকে যুবকে পরিণ্ড করা হচ্ছে ভন্তে পাই। ইহার কারণ, কোন প্রাণীরই cells (কোষ) বিভিন্ন নয়, যা' কিছু পার্থক্য তাদের energy'র (শক্তির)। Structural (গঠনের) স্থোনও difference (পার্থক্য) নাই—এমন কি inorganic (অজাস্তব) cells (কোৰ) বাতাস, আলো, 'ইলেক্ট্রন' প্রভৃতির cellএর (কোষের) সঙ্গেও কোন পার্থক্য নাই, পার্থক্য কেবলমাত্র energy'র (শক্তির)।

"মৃত্যুতে cellsএর (কোষের) পরিবর্ত্তন হয় অর্থাৎ এক রকমের cell আর এক রক্ষের cellsএ (কোষে) transformed হয় পরিবর্ত্তিত হয়), কিছু প্রত্যেক cellএরই (কোষের) consciousness (বোধ) স্বাছে। এই হিসাবে মৃত্যু স্বার কিছু নয়, কেবল diffusion of crystallised consciousness (দানাবাঁধা জ্ঞানের বা সন্থিৎ-এর বিক্ষেপণ)। Individual (ব্যক্তিগত) consciousness (বোধ), cell consciousnessএ (কোষের বোধে) বিকীর্ণ হ'য়ে পড়ে। বছ cell (কোষ) চতুর্দ্ধিকে তাদের consciousness (জ্ঞান) নিয়ে বিচ্ছুরিত হয়। এক জটিল আমিছ ভে'শে খান খান হ'য়ে বহু কোষের বহু আমিত্বে পরিণত হয়, আর তাই মৃত্য। একটা ideaয় (ভাবে) যেন cells (কোষ)গুলি দানাবাঁধা থাকে, মৃত্যুতে cellsএর (কোষের) disintegration (বিশ্লেষণ) হয়। সেই আত্মার উপলব্ধি ধার হ'য়েছে তার কাছে মৃত্যু নাই—এটা real (প্রকৃত); আর লোকের কাছে পূর্বজন্ম, পরজন্ম মিথ্যা, কারণ তা'রা আত্মার সঙ্গে নিজেদের এখনও identified (একাত্ম) ক'রেনি ব'লে আত্মাই ষে নানা ঘূর্ণিপাক স্বষ্টি ক'রে ক'রে জীবন-মৃত্যুর মধ্য দিয়ে চল্ছে তা' বুঝে না এবং অমুভব করে না।" এইভাবে আলোচনা আরও অনেক দুর অগ্রসর হইল। সেদিনের সকল কথা স্বসংবদ্ধভাবে আর লিপিবদ্ধ হয় নাই।

২৪শে জুন ১৯২৩। ডাঃ এস্ কে রায়, এম্-বি মহাশয়ের সঙ্গে Cell সহদ্ধে আর একদিন কথা উঠিয়ছে। আশ্রমবাসী অনেকেই উপস্থিত। শ্রীশ্রীঠাকুর বলিতেছেন,—"Animal cells (প্রাণিজ কোষ) ও vegetable cellsএ (উদ্ভিজ্ঞ কোষে) histological (গঠন-সম্বন্ধীয়) কোন difference (পার্থক্য) নাই। তবে vegetable cellsএর (উদ্ভিজ্ঞ কোষের) animal cellsএ (প্রাণিজ কোষে) transformed (রূপান্ধরিত) হ'বার একটা natural affinity (স্বাভাবিক টান) আছে, যেমন spermatoza'র (প্র-বীজের) ovumকে (স্থ্যী-বীজকে) receive কর্বার জন্ম বিশেষ affinity (টান) আছে সেইরপ। Vegetable cells (উদ্ভিজ্ঞ কোষ) মত সূহজে animal cellsএ (প্রাণিজ কোষে) transformed হয়, animal cellsএর রর্রানিয়ে না থাকায় তত সহজে হয় না। এক রক্মের গাছ আছে তাদের ভিতরে cellএর animality (জান্ধবতা) এতটা প্রকাশ পায় য়ে, তারা নাকি পতক-জাতীয় প্রাণী ধ'রে থায়। Animal cellsএর (প্রাণিজ

কোষের) transformed (রূপান্তরিত) হ'বার affinity (টান) না থাকায় এবং সমজাতীয় বিধায় মাহুবে animal food (আমিষ খাছ) থে'লে সেই খাতের animal cells (প্রাণিজ কোষ)গুলো ও body cells-এর (শারীরিক কোষের) মধ্যে যুদ্ধ আরম্ভ হয়। একে অগুকে হজম কর্তে চেষ্টা করে, আর যে সমস্ত tissue (দৈহিক উপাদান) মধ্যে cells (কোষগুলি) imbeded (সংলগ্ন) থাকে সেখানে একটা toxin produced (একপ্রকার বিষ উৎপন্ন) হয়। এই toxin (বিষ) body cells (শরীরের কোষ) গুলোকে এমন ক'বে irritate (উত্তেজিত) কর্তে থাকে যার ফলে cells গুলোর rapid development (ক্রুত বিকাশ) হ'য়ে যায়। সম্বরে ঐ development (বিকাশ) চরমে পৌছায়। অনতিবিলম্বে বার্দ্ধকা আসে।"

কত রাত্রি কত সকাল-সন্ধ্যায় এইরূপ কত আলোচনা হইয়াছে। এক এক দিনের আলোচনায় আলোচ্য বিষয়ে ইন্টিন্দুনের গভীর অন্তদৃষ্টির পরিচয় পাইয়া এবং তাঁহার বলিবার অপূর্ব্ব ভঙ্গিমা দেখিয়া সকলে শুন্তিত হুইতেন এবং স্বপ্নাবিষ্টের মত তাহা শুনিয়া যাইতেন। নিম্নে আরও কয়েক দিনের আলোচনা উদ্ধৃত করিতেছি।

১৯২০ সনের ১০ই জুলাই। এত্রীঠাকুর প্রাতে কারখানা, পাওযার হাউস প্রভৃতি দেখিয়া ঘরে আসিয়া বসিয়াছেন। তথন কথাপ্রসঙ্গে বলিতে লাগিলেন—"মনের শাস্ত অবস্থায় জগতের সমস্ত ভাবগুলো মনে ফু'টে উঠে। মনটা বিশ্ব-জোড়া। উহাকে একটা কুন্দু আমিত্বের দারা গণ্ডীবদ্ধ ক'রে আমরা ক্ষুত্র অমুভব করি। এই ক্ষুত্র আমিত্বের idea (ভাব) ছে'ড়ে দিলে বড় আমিত্বের বোধ আদে। মনটা তো একই। বিশ্ব-আমির সমূদ্রের ভাবরাশির আমরা এক-একটা বুদ্দ। আমরা succession of ideas-এর (ভাবপরস্পরার) গণ্ডীতে বদ্ধ আছি, তাই আমাদের individual আমিষ বা ব্যক্তিষ। Passive (ক্রিয়াহীন) হওয়া মানে, এই গণ্ডী বা বুদ্ব নিষ্ক্রিয় ক'রে তোলা। তথন নিঞ্জের কোন বিশেষ idea-র (ভাবের) activity (কার্য্যকারিতা) না থাকাতে বিশ্বজগতের ঢেউ এসে মনে লাগে। Brain cells-এ (মন্তিছ-কোষে) বিশ্বজগতের ঢেউ-এর জন্ম-জন্মান্তর অবধি ছাপ প'ড়ে গে'ছে। আমি নিজে যে-idea-তে (ভাবে) identified (যুক্ত) ও active (ক্রিয়াশীল) হ'রে আছি তা' ছে'ড়ে passive (ক্রিয়াহীন) হ'তে গেলেই braina (মন্তিকে) সব ছাপ আপনা আপনি মূর্তি, জ্যোতি:, শব্দ প্রভৃতি নানা রূপ ধ'রে in flesh and form (বক্ত-মাংসের আকারে) प्तथा (मग्र.—তाই नानाविध प्तर्मन (यांशीरमंत्र इम्र। Deeper and deeper concentration-এ (গভীরতর মন:সংঘ্যের ফলে) জাগ্রত অবস্থাতেই স্বপ্নের স্থায় দর্শন হয়। আলো দেখ ছি--আরও deeper concentration (গভীরতর মন:সংযম) হ'লে নিজেকেই আলোক-মণ্ডিত দেখতে পাই। আমিত ঠিক আছে কিন্তু extreme concentration-এর intensity-তে (চরম মন:সংখ্যের তীব্রতায়) passivity (ক্রিয়াহীনতা) এলেই এ সমস্ত দর্শন হয়। Universal I-এর (বিশ্ব আমির) succession of ideas (ভাবপরস্পরা) হ'লেই বিশ্বজগতের স্কৃষ্টি, অথবা সে নিজেই বেন বিশ্বজ্ঞগংরূপে সৃষ্ট হয়। Universal I (বিশ্ব আমি) যেন সমুদ্র, তথন সব একাকার। তারপর জীবজগং-সৃষ্টি মানে Universal I-তে (বিশ্ব আমিতে) তবন্ধ-সমষ্টি। বিশ্ব আমি যখন তার কোন বিশেষ তরক্তে এই আমিছে identified (একীভত), তথন বহুত্বের সৃষ্টি—তমির সৃষ্টি। আবার এই আমিত্ব intermediate stage-এও (মধ্য অবস্থায়ও) আছে, আবার ব্যক্তিত্বও আছে—কিন্তু প্রত্যেক idea-র (ভাবের) সঙ্গেই যেন identified (একীভূত) হচ্ছে. তথন প্রত্যেক বস্তুই যেন নিজেরই প্রতিরূপ অথবা নিজেই ব'লে feel (অফুভব) করা যায়। তখন আর আস্থাদ থাকে না, কাম-কামনা থাকে না, male-female (পুরুষ-স্ত্রী) বৃদ্ধি থাকে না। কিন্তু আমির বহুত্ব থাকে। তথন সবই আমি, তাই আমার ক'রে নেবার ইচ্ছা থাকে না। ভেদৰদ্ধি না থাকাতে রাগ-দ্বেষ থাকে না--নিজেকেই নিজে কি আস্বাদ করতে পারি ? Femaleকে (স্ত্রীলোককে) জ'ডিয়ে ধরলে নিজেকেই জ'ডিয়ে ধরা. সেখানে নিজের প্রতি নিজের কাম. কামনা, ক্রোধ প্রভতি কেমন ক'রে সম্ভব ?

"আমাদের যেন তিনটা অবস্থা আছে—প্রথম, স্বৃপ্তি;—তথন ideas (ভাব) নাই, মনের তরঙ্গ নাই। দিতীয়, জাগরণ-বিশেষের অবস্থা—তথন আমিত্ব আছে কিন্তু কোন ভাব-তরঙ্গের সঙ্গে identified (যুক্ত) হ'চ্ছি না, এমন এক অবস্থা। তৃতীয়, ইন্দ্রিয়ের দাস—কামুক আমি অস্ত idea (ভাব)-ওয়ালা আমিকে যেন তৃমি-ভাবে দেখে। অনস্ত প্রথম অবস্থা, সাস্ত তৃতীয় অবস্থা, দিতীয় অবস্থায় সাস্ত ও অনস্ত পাশাপাশি, তথন মনে হয় খ্ব বড় ও খ্ব ছোট। আন্তে আন্তে যথন প্রথম অবস্থাটা আসে তথন মনে হয় আমারই হাত-পা, অঙ্গ-প্রত্যক্ষ এই বিশ্বজ্ঞাৎ ছে'য়ে যাচ্ছে।

"Universal I-র (বিশ্ব আমির) ভদীগুছে যেন এক-একটা species বা কাতি। মাহ্য আয়না দিয়ে মুখ দেখ্তে—সাধারণতঃ যখন একা থাকে—সবাই কিছু-না-কিছু মুখভদী করেই। আমার মনে হয় এই বিশ্বস্থাৎ বিশ্ব আমির ভদীগুছের একত্র সমাবেশ।

"Universal I-র জাগরণ অর্থাৎ Will (ইচ্ছা) prominent (প্রধান)

হ'তে আরম্ভ হয় সোহহং পুরুষে—বেখানে রাধারুষ্ণের যুগল-মিলন। সেখানে I (আমি) ও Will (ইচ্ছা) যেন পাশাপাশি। তারও উর্দ্ধে অলখ, অগম ও দয়ালদেশ—মহা আমির ক্রম-জাগরণের স্তর। উর্দ্ধে I prominent (আমি প্রধান), Will latent (ইচ্ছা গুপ্ত)—নিম্নে I latent (আমি গুপ্ত) হ'য়ে যাক্রে, Will (ইচ্ছা) prominent (প্রধান) হ'চ্ছে—আবার মহা আমির ছাপযুক্ত মানব-মানবীও ঐ এক অর্থেই রুষ্ণ-রাধা, রাম-হতুমান বা রুষ্ণার্জ্বন। Universal I (বিশ্ব আমি)-জানা লোককে যে-ভাবেই হোক ভালবাপ্লেই তার ভাব আমাদের মধ্যে ফু'টে বে'রুবে। তাই গ্রীক্রফের উক্তি—

'মন্মনা ভব মন্তকো মদ্যাজী মাং নমস্ক । মামেবৈষাসি সত্যং তে প্রতিজ্ঞানে প্রেয়োংসি মে ॥ সর্বাধর্মান্ পরিত্যজ্ঞা মামেকং শরণং ব্রজ । অহং হাং সর্বাপাপেভ্যো মোক্ষযিষ্যামি মা শুচঃ ॥'

শাস্ত্রে যে বলে 'কুঞ্জু ভগবান্ স্বয়ং'—তাও তিনি Universal I-র সঙ্গে যুক্ত ছিলেন ব'লেই; স্বার তাই শ্রীকৃঞ্জের আর এক নাম 'অচ্যুত'।

"যার আমিত্ব বিশ্ব-জোড়া, তার মনের নাগাল পাওয়া বা বৃদ্ধি ক'রে তাঁকে বুঝা বড় মুঙ্কিল। এই এক ভাবে আছে, পরমুহুর্ত্তেই বিপরীত ভাবের সঙ্কে identified-কারণ তার আমিত্বের control-এতেই (সংযমেই) জীব-জগতের সমন্ত ভাবরাজি.—সঙ্কীর্ণ গণ্ডীবদ্ধ জীব তাঁর নাগাল পার না। তার দক্ষে আলোচনা করতে করতেই—braina (মন্তিষ্কে) জগতের নানা ছাপ ত' আছেই, বহু জন্ম হ'তে র'য়ে গে'ছে—intense concentration-এ (স্থগভীর মনঃসংযোগে) মান্তবের চোখের সামনে কথাগুলো রূপ নিয়ে দেখা (मग्र—छ।'हे अर्ब्ब्र्स्न विश्वज्ञभ-मर्गन। धहे अवश्वात्र भन्नीत किं'ला अर्द्ध, মনের ওলট্ পালট্ হ'য়ে যায়—আবার মনের এই পরিবর্ত্তনে শরীরেরও অনেক পরিবর্ত্তন আনে। ঐ পরিবর্ত্তন আসতে আরম্ভ করলে শরীরও transformed (রূপান্তরিত) হয়। ধীরে ধীরে nerve-system-এর (স্বায়ুষ্দ্রের) regeneration (নব জীবন) হয়, মাহুষের মধ্যে ভগবতা বিকশিত হ'য়ে উঠে। মানুষ যখন সদ্গুরুর বা আদর্শের প্রতি অর্জুনের মত অমুরক্ত হয়, গুরুর ইচ্ছার নিকট দপুর্ণ আত্মদর্মর্পণ করে, তথনই মাহুষ হয় স্বচেয়ে active (কর্মতংপর)। Intense passivity না হ'লে অর্থাৎ গুরুর ইচ্ছায় নিজের ইচ্ছা সম্পূর্ণক্লপে merge না কর্বে perfect activity चारम ना; चात এ क्लाउ चन्न माधनात प्रतकात हम ना, मुम्बकत কথাতেই তার কাছে বিশ্ব ফু'টে উঠে।"

আর একদিন concentration (মন:সংযম) সহক্ষে কথা বলিতে বলিতে বলিতে বলিলেন—"In-going nerves (অন্তঃপ্রবাহী স্নায়্) দিয়ে life-current (স্নীবন-ধারা) nerve-centre-এ (স্নায়কেন্দ্রে) ফি'রে এসে concentrated (কেন্দ্রীভূত) হয়। Life-current-এর (জীবন-ধারার) এই concentration (কেন্দ্রীকরণ) বা accumulation (সংযোগ)-এর অবস্থায়ই অনাহত নাদ বা বংলাভে: উপলব্ধি। এই concentration (মন:সংযোগ)-এর জন্ম nerve-centre-এর (স্নায়কেন্দ্রের) intense activity (তীব্র কর্মশীলতা) হয়। নাদ এবং জ্যোতি: প্রভৃতিই life (জীবন)-এর স্বরূপ; এইগুলিই life-এর expression (বিকাশ)—দেহ-নিরপেক্ষ ভাবেও এদের অন্তিম্ব থাকে। যে আলোক ও শব্দ আমরা অমুভব করি, উহাও এই vital current (জীবন-ধারা) partially (কতক পরিমাণে) centre-এর (কেন্দ্রের) দিকে concentrated (কেন্দ্রৌভূত) হয় ব'লেই। কিন্তু এর উপর আমাদের control (হাত) নাই। চিন্তকে থামিয়ে দেওয়া মানে চিত্তের স্পন্দন থামিয়ে উহাকে নিক্ষল করা।

"নাম-জপটা বা সর্বাপেকা concentrated (একাগ্র) চিত্তের expression (ভাব ও প্রকাশ) চিস্তা করা, thoughts and ideas (চিন্তা ও ভাব) eliminate (দুরীভূত) করার easy process (সহজ উপায়)। Thoughts and ideas (চিম্বা ও ভাব) eliminate (দুর) কর্ত্তে চেষ্টা কর্লেও mind-এর (মনের) sub-conscious (অদ্ধচেতন) region-এ (প্রাদেশে) অনেক thoughts and ideas (চিন্তা ও ভাব) থাকে। দেগুলি অবসর পে'লেই, স্থবিধা পে'লেই জে'গে ওঠে। Thoughts and ideas (চিন্তা ও ভাব) যত বাদ দিতে দিতে যাওয়া যায় তত higher thoughts (উচ্চতর চিস্তা), higher ideas (উচ্চতর ভাব) বা life-এর (জীবন-সন্তার) original (মূল) স্থানের নিকটবন্তী স্থানের thoughts and ideas মনে আসতে থাকে। এইরপে proceed করতে করতে অনেক সময় একটা লয়ের অবস্থা আসে অর্থাৎ এমন thoughts and ideas चारम बारक clearly trace (न्लाहे निर्दर्भ) कदर्र वा व्यार शाहा या मा । 'নেতি' 'নেতি' ক'রে বিচার করতে গেলে এই লয়টা আসে অর্থাৎ মাঝের রান্তায় একটা সাময়িক স্থিতি এসে life-এর (জীবনের) মূলে পৌছিবার অন্তরায় হ'বে দাঁড়ায়। Fully concentrated mind-এর (পূর্ণ কেন্দ্রীভত মনের) expression (প্রকাশ) যে নাম তা' ৰূপ কর্তে থাক্লে পূর্ব্বোক্ত প্রকারে লয়ের অবস্থায় মামুষকে বিশেষ বাধা দিতে পারে না; কারণ মাঝখানের ঐ লয়ের অবস্থা হইতেও উচ্চতর অবস্থার idea বা নাম

মনে থাকে ব'লে মাঝে স্থির হ'য়ে লয় পে'তে পারে না। এই জয় উচ্বেওরের নাম-জপ, 'নেডি' 'নেডি' বিচারের চেয়ে নিরাপদ। 'নেডি' 'নেডি' বিচারের সঙ্গে নাম-জপ থাক্লে সেই সব চেয়ে ভাল। 'নেডি' বিচারের সঙ্গে নাম-জপ থাক্লে সেই সব চেয়ে ভাল। 'নেডি' বিচারে বাছ্বস্তুতে চিত্ত আকুষ্ট হয় না, আবার নামের ফলে life-এর (জীবনের) origin-এ (মৃলে) পৌছান যায়। যে ভক্ত, সে জীবনটাকে ঠিক ষেমন আছে তেমনি রে'থে আপনাকে এমনি ক'রে পরিবর্ত্তিত করে, যা'তে জীবজগতের সঙ্গে আনন্দের সম্বন্ধ স্থাপিত হয়, যা'তে সে জীবজগতের অজীভূত হ'য়ে যে'তে পারে। আর অভক্ত মায়া-বদ্ধ জীব আপনার ক্রে দেহ ও অহংকে ঠিক রে'থে জগংটাকে বদ্লে নিয়ে আপনার অয়্বর্ত্তী কর্তে চায়। বুঝে নিতে হয়, বিশাস কর্তে হয় ও চিন্তা কর্তে ইয় য়ে, এই বিশ্বটা একটা প্রেম-তর্বন। এই তরঙ্গের ভিতর ক্র্ম্ম আমিটাকে মিশিয়ে দিয়ে এর অঙ্গীভূত হ'য়ে পড়াই প্রেমরসের আস্বাদন করা। আর ক্র্ম্ম আমিটাকে পৃথক্ রে'থে বিশাল বিশ্বকে ভোগ করার চেষ্টা ভেকের পর্বত উদরস্থ করার চেষ্টার হায় রথা বিডম্বনা।"

কথায় কথায় আর একদিন বলিতেছিলেন—"সাধনার চরমে স্থও থাকবে, তুঃখণ্ড থাকবে—সবই থাকবে। কিন্তু শ্বতিটা ফিরিয়ে আনাই হচ্ছে লক্ষ্য—স্বৃতি ফিরিয়ে আন্লে স্থপ হুঃপ উভয়েরই তীব্রতাটা আর থাকে না। কিছ যার শ্বতি জাগ্রত, তার সাহায্য না পে'লে, তার শরণাপন্ন না হ'লে ঐ স্বৃতিকে পুনকজীবিত করা অসম্ভবই। এই self-টা (নিজম্বটা) সেই self-ই, তবে মনের গণ্ডীর সঙ্গে নিজেকে identified (একীভূত) ক'রে রে'খেছে। আবার এই আমিই Universal (বিশ্ব) আমি,—এটা ভধু মুখে বল্লে বা মনে ভাব্লেই যে হ'ল তা' নয়। আমার এই গণ্ডীবদ্ধ আমিছকৈ যেমন মনে প্রাণে feel (অন্নভব) করি ও live করি (জীবনে লাগাই) সেই রকমটা যদি আনতে পারি তবেই Universal I-র (বিশ্ব আমির) সঙ্গে সভ্যিকার একাত্মতা হয়। মনটাকে passive (নিজিয়) ক'রে, কোন contents (আধেয় বস্তু) না রে'থে যদি সং-এর জাগ্রত শ্বতি কোন ব্যক্তির উপর concentrate (কেন্দ্রীভূত) করি তথনই Universal I (বিশ্ব আমি) আমার ভিতরে প্রবেশের উপযুক্ত আধার পে'য়ে আমাতে rush কর্বে (पूक्रव)। यमन, मन यनि नः स्वादन्श इय, आत त्महे मन यनि हाँदि concentrated হয়—মন ত' সব জায়গাতেই আছে—তখন চাঁদ সম্বন্ধে যে ভাবগুলি ফল্পনাকারে মানস-সমূদ্রে উত্থিত হ'বে সে ideas (ভাবগুলি) true (नजा) इ'रवरे । किन्ह मरन यनि कन्नना वा ভाব already (পূर्व्स) থাকেই তবে conflict of ideas (ভাবের সংঘাত)-এর জন্ম সভ্যাত্মভূতি

সম্ভবপর হ'বে না। Love-এ (প্রেমে) এই ভাবটা আসে, তাই ভগবান ভক্তির কাছে কাৎ হন। কারণ ভালবাসায় mind-এর (মনের) ঐ উপরি-উক্ত attitude (ভাব) আসেই, তা'তে ভগবানের গুণগুলি অলক্ষিতে ভক্তে এসে পড়্বেই। শরণাগতের নিকট ভগবান পরাঞ্চিত হনও এই জয়ই।"

শ্বতি ফিরাইয়া আনিবার কথাটা উল্লেখ করিয়া বলিতে লাগিলেন—"একটা idea (ভাব) মামুষের মনে যে কারণেই হউক predominant (প্রবল) হ'লে মাতুৰ ভাতে absorbed (নিমগ্ন) হ'য়ে যায়। বেমন মৃতাসময়ে কতগুলো ideas (ভাব) পর পর আসতে থাকে-কিছ্ক যে পর্যান্ত মন একটা idea-তে (ভাবে) absorbed (নিমজ্জিত) হ'য়ে অন্ত associated idea-র (সংযুক্ত ভাবের) স্থৃতি ও connecting link (যোগসূত্র) হা'রিয়ে না ফেলে, সে পর্যান্ত মৃত্যু সম্ভব হয় না। কোন একটা particular idea-তে (বিশেষ ভাবে) ষেষ্ট concentration (মন:সংযোগ) হয় অমনি সেষ্ট concentration (মন:দংযোগ)-এর ফলে জ্যোতি:দর্শন হয়, আর দে জ্যোতিক্ব এমনি ঝাঝ যে তা'তে অন্ত পূর্ববর্ত্তী ও পরবর্ত্তী coming ideas-এর (আগদ্ধক ভাবের) সহিত connecting link (যোগস্তুত্র) হা'রিয়ে যায়, তাই present (বর্ত্তমান) আমিত্বের বিশ্বতি ঘটে এবং যেই সেই ideas (ভাব) থেকে cut-off (বিযুক্ত) হওয়া অমনি মৃত্যু সম্ভবপর হয়। Continuous succession of ideas-এর (নিবস্তর ভাব-পরম্পরার) মধ্যে বে-কোন একটা idea-তে absorbed (নিমজ্জিত) হ'লে স্বতির যোগ নষ্ট হ'লেই মৃত্যু। আমাদের ইহজীবনেও শৈশবের আমিত্বের মৃত্যুতে বৌবনের আমির আনে: এছলে শ্বতির বোগ একেবারে নষ্ট হয় না ব'লেই দেহত্যাগ না ক'বেও আমিত্বের পরিবর্ত্তন ঘটে। তা'তে দেহেরও কিছু যে re-building না হয়, তা' নয়। এই যদি বল মৃত্যু-রহন্স, তবে কোন ব্যক্তি কোন idea-তে (ভাবে) absorbed (নিমজ্জিত) হ'য়ে মরে, তা' জানতে পারি তার ইহজীবনেব কর্মের দারা। কোন ব্যক্তির জীবনের কর্মে ও ব্যবহারে তা'র অন্তর্নিহিত মূল ভাবটাই পরিক্ষুট হয়। সেই ভাবটী জানলে পূর্বায়তার সময় তা'র prevailing (প্রধান) ideaটী (ভাবটী) পাওয়া যায়। আর association of ideas-এর (ভাব-সম্বন্ধের) laws (नियम) अञ्चलादा त्नरे prevailing idea-त (প্রধান ভাবের) স্কে কি chain of ideas (ভাব-লহরী) তার এসেছিল তা'ও infer (অহুমান) করা যায়। তা'হ'তে পূর্ব জীবনেরও clue (সন্ধান) পাওরা যায়। এইরূপে মৃত্যুকালে predominant (প্রধান) idea-র



শ্রীশ্রীঠাকুর অন্যুকুলচন্দ্র (পাঠ্যাবস্থায়)

(ভাবের) সঙ্গে chained (সংযুক্ত) হ'য়ে যে ছোট ছোট ideas (ভাব-গুলি) মনে উখিত হ'য়েছিল সেগুলি determined (নিদ্ধারিত) হ'য়ে পড়ে। এই ভাবে proceed কর্লে (খ্যাসর হ'লে) পূর্বর পূর্বর জন্মের ইতিহাস inference (খ্যুমান) দ্বারাই পাওয়া যায়।"

১৯২৩ সনের ৫ই আগষ্ট। শ্রীশ্রীঠাকুর পদ্মার ধারে বাঁধের উপর পশ্চিমাশ্র হইয়া গুইয়া আছেন। তুই পার্যে অনেকেই বসিয়া আছেন। তরা পদ্মা শ্রীতবক্ষে প্রিয়-সম্ভাষণে অনম্ভের দিকে ছুটিয়া চলিয়াছে। সদ্ধ্যাকালীন সমীরণ তার সঙ্গে যোগ দেওয়ায় আর সে নীরবে যাইতে পারিতেছে না, বাঁধের তটতলে উচ্ছলিত হইয়া কলকল-নাদে তার আনন্দোচ্ছ্যুস জানাইয়া যাইতেছে। পশ্চিমাকাশে অন্তমিত স্ব্যাদেব লালবর্ণের শ্রীণ রশ্মি রাধিয়া বিশ্রামলাতে যত্নশীল। বাঁহারা বাঁধের উপরে বসিয়াছিলেন, তাঁহাদের সকলের ম্ব্যমণ্ডলই সেই রঙীন আভায় দীপ্ত। মাঝে মাঝে এক-একখানা নৌকায় রুষকগণ দিবসের কার্য্য-সমাপনাস্তে উত্তাল তরঙ্গমালা উপেক্ষা করিয়া শ্রীয় গস্তব্য স্থানে চলিয়া যাইতেছে। শ্রীশ্রীঠাকুর নানা বিষয়ে সেদিন কথাবার্ত্তা বলিতেছিলেন। কয়েকটা প্রসন্ধ এপানে উদ্ধৃত করা হইল। যথা—

"বর্ত্তমান যুগের research (গবেষণা-কাষ্য) ও এদেশের পর্ব্বকালের research-এ (গবেষণায়) ফারাক্ আছে। এখন মাঝখান খেকে একটা ধ'রে বাইরের দিক দিযে নানা রকম চিন্তা ক'রে থানিকটা বা'র করে, হয় দেখানেই শেষ হ'য়ে ষায়, আর না-হয় আঁত হা'রিয়ে ফেলে। আমাদের ঋষিদের চিন্তাপদ্ধতি ছিল অগ্রন্ধ। তারা জিনিষের গোড়া ধ'রে ক'রে य'र्जन। এই भक्रन रयमन जन। जन थारक steam (वाष्ट्र)। यज्यन জ্বল earth-এর (মাটার) সঙ্গে ছিল ততক্ষণ negatively charged (ঋণাত্মকভাবে সম্পূক্ত) ছিল। যথন steam (বাষ্প) হ'ল তথন বাতাসে উঠ্ন—air (বাতাস) positively charged (ধনাত্মকভাবে ভরপূর)। Steam (বাষ্প) বাতাদে গিয়ে মিশে water particles (জলকণা)-গুলো তা'তে ছি'টিয়ে থাকে। গাছগুলো মাটীতে আছে ব'লে তা'রা negatively charged. যথন তা'রা highly charged (বিশেষভাবে ভরপুর) হ'য়ে জলকণাগুলিকে draw (আকর্ষণ) করে তথন তা'রা positively charged ছিল ব'লে এক হ'মে নে'মে আসতে বাধ্য হয়, ज्यन सम, सम इ' एक वृष्टि इम्र। এই জग्रहे स्थारन दिनी जनन वा फेक পাহাড় দেখানে মেঘ-বৃষ্টি বেশী হয়। মক্ষভূমিতে গাছপালা নেই ব'লেই বৃষ্টি কম। আমরা যদি এমন কোন ব্যবস্থা করতে পারি--গাছের মাথার উপর highly negative charge (অত্যন্ত ঋণাত্মক শক্তির ব্যবস্থা) কর্তে পারি তা' হ'লেও মেঘ হ'য়ে বৃষ্টি হ'তে বাধ্য হয়।"

"একটা body-কে (শরীরকে) strike (আঘাত) করা মানে energy-র
finer and grosser planes (শক্তির স্ক্র ও স্থল ন্তর)গুলির পরস্পর
ঘাত-প্রতিঘাত। Sound (শক্ষ) ও light (জ্যোতিঃ) প্রভৃতি আঘাতেই
উৎপন্ন হয়—কতকগুলি perceptible (ইন্দ্রিয়গ্রাহ্ণ), কতকগুলি imperceptible (ইন্দ্রিয়গ্রাহ্ণ নয়)। একটা স্ক্র টোকা দিলেও শন্দের সঙ্গে সঙ্গে
আলো ছিট্কে উঠে। ভজনে mind-এর (মনের) concentration-এ
(একাগ্রতায়) finer nerves-এর (স্ক্রতর স্নায়র) যেই স্কৃষ্টি, অমনি
finer (স্ক্র) স্পন্দনকে শক্রপে বোধ করি। সবই স্পন্দন—স্পন্দমান
শক্তির বিভিন্ন plane (ন্তর)। তা'দের ঘাত-প্রতিঘাতেই idea (ভাব)।
সং-এর intensity (তীব্রতা) বাড্লে বাপ-মা ভূলে যায়, ক্রমশঃ objective
world (বাহ্ন ছনিয়া) অদৃশ্য হ'য়ে যায়, শেষে সব যেন হা'রিযে যায়, আবার
repelled (প্রতিহত) হ'য়ে সবার মধ্যে ফি'রে আসে, দেখে স্থেষর মধ্যে
আনন্দ, ত্থের মধ্যে আনন্দ। অদৃশ্য হ'তে আরম্ভ করলেই অর্জুন কিংবা
বিবেকানন্দের মত অবস্থা হয়—নিজের intensity-ব জন্মই।

"বিশ্ববাপী স্পন্দমান শক্তিমান শক্তিকণাগুলো ভাসছে, কথনও মেঘের মত জল্ছে, কখনও গাঢ়তর হ'য়ে তারকা ও স্থাে পরিণতি করছে: তাদেব expansion (সম্প্রদাবণ), contraction (সঙ্কোচ), stagnation-এ (বদ্ধাবস্থায়) চতুদ্দিকে গ্রহচন্দ্রাদি বিচ্ছুরিত হচ্ছে-এই-ই বিশ্বজ্ঞগং। প্রতিকণাই প্রাণে স্পন্দমান। মানুষ, বুক্ষ যদি সজীব হয়, চন্দ্র-সূর্যাও সজীব—সবই সজীব। বিশ্ববন্ধাণ্ডের সৃষ্টিও এই নিয়মে। Electronic (বৈত্যতিনিক) vibration (স্পন্দন)কে মূল ধরলে ক্ষিতি, অপ, তেজ:, মরুং, ব্যোম electron (বিদ্যাতিন)-এরই স্পান্ত (Expansion, Contraction and Stagnation) স্ট। Electrons-এর এই স্পদনের এক এক স্তরে ক্ষিতি, অপ্প্রভৃতির স্ষ্ট। এই স্পন্মান বিভিন্ন জাতীয় কণার crystallisation-এ (দানাবাধায়) উদ্ভিদ-জौरामित रुष्टि। এই मृन म्लन्नित्क यिन जान्ए भादा यात्र जरद তংশ্রস্থত স্থলতর স্পন্দনকেও জান্ব। স্পন্দমান বিভিন্ন জাতীয় কণার সমাবেশে যে resultant (ফলস্বরূপ) স্পন্দন তা'ও জানব। এই resultant (ফলম্বরূপ) স্পন্দনই কোন জীবের presiding deity (অধিষ্ঠাত্রী দেবতা) वा वीख। এই वीख खान्त, मारे जीवत मवरे खाना र'न। खन वह, किछ

এই হিসাবে মূল স্পান্ধনের জ্ঞান থাক্লে জলের মূল স্পান্ধন অর্থাৎ বীজ জ্ঞাত। একটা কথা আছে, অগস্তা মূনি সাগর পান ক'রেছিলেন। সকল জ্ঞিনিবেরই একটা ক'রে অধিষ্ঠাত্রী দেবী আছে। প্রত্যেক হংলুপ্রমাণ্ডের তিরিবারী বাবি আছে। প্রত্যেক হংলুপ্রমাণ্ডের ক্ষ্পন) আছে। এই vibration-এর (ক্ষ্পনের) গবরটা ভালভাবে জান্তে পার্লে, এই vibration-এর (ক্ষ্পনের) degree-র (পরিমাণের) change-এর শক্তিতে এক জাতীয় জিনিবেক অন্ত জাতীয় জিনিবে পরিবর্ত্তিত করা যায়। অগস্তা মূনি জলের vibration-টা (ক্ষ্পনেটা) ঠিক জান্তে পে'রেছিলেন, তাই তাকে অন্ত রক্ষ vibration (ক্ষ্পন) দিয়ে change (পরিবর্ত্তিত) ক'রে সমস্ত সমুদ্রের জলকে এক গণ্ড,যে পান করতে পে'রেছিলেন।

"বিশ্বন্ধগতে ফাকা কিছুই নাই। এক planeএর (স্তরের) ম্পন্দমান কণাগুলির ঠাস বৃনানির মধ্যে যেন আর এক plane-এর (স্তরের) ম্পন্দমান কণাগুলির ঠাস বৃনানি—এইভাবে মূল ম্পন্দমান শক্তিকণা পর্যান্ত—তার পবেই কারণ-সমৃত্র ওতপ্রোতভাবে জড়িত। এই বহু প্রকারের আবির্ভাব, বহু প্রকারের individuality (স্বাতম্ব্র) হইতে একেরই ভিন্ন ভিন্ন position-এ (অবস্থায়) এই বিভিন্ন বহুত্বের উপলব্ধি—সহ্ত্রশীর্ষপুরুষ: সহ্স্রপদঃ।"

"বিধবা তাঁরাই যাঁরা মৃতস্বামীকে নিজ ইচ্ছায় বরণ ক'রে তাঁ'কে ভালবে'দেছিলেন এবং গর্ভে সন্তান ধারণ ক'রেছিলেন। এরপ বিধবাদের বিবাহ অশাপ্তীয় এবং অযৌক্তিকই। ইহাতে সমাজের অকল্যাণ বৈ কল্যাণ নাই। কিন্তু যে সমস্ত বাল-বিধবার পূর্ণজ্ঞান হ'বার পূর্বেই অভিভাবকেরা বিবাহ দিয়েছেন অথচ গর্ভসঞ্চার হয় নাই এমন বালিকার পুনর্বিবাহ সমাজের কল্যাণের জন্ম বাঞ্ছনীয়। যিনি জ্ঞানেন যে, আমার যে পতি—আমি যাকে মনপ্রাণ অর্পণ ক'রেছিলাম, তিনি ম'রে গেছেন—তিনিই বিধবা। তার বিয়ে হওয়া উচিত নয়। কিন্তু যিনি বিয়ে হ'য়েছিল জ্ঞানেন না, এমন কি স্বামী ব'লে গ্রহণ করেন নাই, কি মনপ্রাণ অর্পণ করেন নাই, ভালবাদেন নাই—তাঁর স্বামী ম'রে গেলে তাঁর আবার বিয়ে হওয়া উচিত। কারণ এ ক্ষেত্রে স্বামী ম'রে গেলে তাঁর আবার বিয়ে হওয়া উচিত। কারণ এ ক্ষেত্রে স্বামা বিক কামপ্রবৃত্তি সহজ্ক চরিতার্থতা লাভ না করায় অন্তরে অন্তরে লালসা সঞ্চিত হ'য়ে থাকে। ক্লম্ক লালসা বাল-বিধবাদের মন ও শ্রীরকে যে বিষাক্ত ক'রে তুলে তা' পরীক্ষিত সত্য। এই বিষ সর্বাদা নিঃশাস-প্রশাদে বহির্গত হয় ও আবহাওয়াকে বিষাক্ত ক'রে তুলে। এই বিষাক্ত বায়ু যে-কেহ নিঃশাস-প্রশাদে গ্রহণ করে সেই সে-বিষে বিষাক্ত হ'য়ে উঠে

—ভা'তে ভা'র দেহ ব্যাধির কারণ হ'য়ে পড়ে এবং অবশেষে সে মৃত্যুম্বে পভিত হয়। এইরপে সমাজে দিন দিন পুরুষের সংখ্যা হাদপ্রাপ্ত হ'চছে। নারীর বিবাহ-প্রথা অবহেলা করায় সমাজে কেবলই পুরুষের অভাব ঘট্ছে এবং বিধবা নারীর সংখ্যাধিক্য হ'চছে। এই ভীষণ সামাজিক ব্যাধি হ'তে আমাদের সমাজকে উদ্ধার কর্তে হ'লে বিধবাদিগকে বিবাহ দেওয়া এবং প্রচলিত বিবাহ-প্রথাকে আমৃল পরিবর্তিত করা একান্ত প্রয়োজন হ'য়ে প'ড়েছে।"

"বিবাহ-প্রথাতে আমরা যে নির্ব্ধ দ্বিতার পরিচয় দিচ্ছি তা'তে সমাজে মেরুদণ্ড-যুক্ত চরিত্রবান সম্ভানের জন্ম হ'চ্ছে না। আমাদের দেশে কি নারীর সম্মান আছে ? গৰু-উৎসৰ্গের মত ঘুরিয়ে নিয়ে যায়,—তা' সে স্বীকার থাক इ'रल প্রায়ই ভালবাদা জন্মায় না, ফলে সম্ভানও ক্ষীণজাবী, অন্থির-মন্তিক হ'য়ে পাকে; যে খ্রীর স্বামীকেই স্বাধীনভাবে মনোনীত কর্বার শক্তি नारे. जाद चारांद्र एटल कि तकम र'रव वनारे वाहना। मुननमारनंद्र मर्पा এমন कि मां छानात्त्र मर्था । त्यारक स्रोकात क'तिरम त्नवात खेथा चाहि. এ জাতির মধ্যে তা'ও নাই। বিবেকানন্দ সতাই বলতেন—'এ প্রীক্ষাতিকে childmaking machine-এর (সম্ভান-উৎপাদনের যন্ত্রের) মত ক'রে রে'থেছে।' শান্তে ভাল বিধি আছে, তা' কি আমরা মানি? আমরা নিজেদের স্থবিধামত শান্তের কত কদর্থ ক'রে নিই। এখনও যদি আমরা শান্ত্র-সম্মত নিয়মে বিবাহ-সংস্কারের জ্ব্য উ'ঠে-প'ড়ে না লাগি তবে ধ্বংস হ'বার আর দেরী নাই। ভিন্ন জাতীয় লোকে তা'হ'লে শীঘ্রই षाभारित नात्रीरेनत निर्ण बात्रष्ठ कत्र्रत। रितन्त मकन षार्निनानरेनत মধ্যে আমার মতে সমাজ-সংস্কারের আন্দোলন সর্বাগ্রে করণীয়। এথনই আমরা মেয়েদের consent (মত) নিয়ে বিরে দিতে পারি আর যা'তে তারা শ্রেষ্ঠ বর্ণ, বংশ, চরিত্র, বিছা প্রভৃতি বিচার ক'রে আদর্শপ্রাণ ব্যক্তিকে স্বামী নির্বাচন ক'বে নিজেদের জীবন দার্থক করতে পারে ভদ্রপ শিক্ষার ব্যবস্থা করতে পারি। মেয়ের যদি বিবাহে খুব সম্মতি থাকে তবে দেখানে সম্ভান খুব ভাল হয়। Intensity of love (ভালবাসার প্রগাঢ়তা) আছে কিনা তাই দেখ্তে হ'বে। কারণ স্বামী-শ্বীর মধ্যে ভালবাদার প্রগাঢ়তা থাক্লেই দস্তান দবল ও মেধাসম্পন্ন इय। इयुक्त अ वर्शस्य कांकेटक अनवारम नाहे, कि अत्सद्ध प्रवास ভালবাসা আছে, এমন স্ত্রীলোকদিগের যদি সন্তান হয় তবে সেই সকল সম্ভানের weak brain (চুর্বল মন্তিষ্ক) এবং weak nerve

(হুর্বল সায়ু) হ'বে। কিন্তু স্বামীস্ত্রীর পরস্পরে ভালবাসা থাক্লে সম্ভানের power of resistanco (প্রতিরোধের ক্ষমতা) খব বেশী হয়।"

১৯২৩ সনের ২৪শে ডিসেম্বর। Different strata of energy-র (শক্তির বিভিন্ন স্তরসমূহের) কথা উঠিল। শ্রীশ্রীঠাকুর বলিলেন—"নানা Science (বিজ্ঞান) আর কিছুই নয়—the effect of these energies on one another (পরস্পারের উপর শক্তির ক্রিয়া)। Science (বিজ্ঞান) বে বলে ether একটা homogeneous (সমজাতিক) liquid (তরল পদার্থ) তা' নয়, সবই কণাপূৰ্ণ discontinuous (বিচ্ছিন্ন) aggregation of vibrating particles (স্পন্দমান কণাসমূহের সমষ্টি)। কোন stratum-এ (ন্তব্যে) energy (শক্তি) homogeneous (সমস্রাতিক) কওয়া possible (সম্ভবপর) নয়। Discontinuity (বিচিন্নতা) আছেই। আর vital energy নামক subtler (সুন্ধতর) stratum of energy'র (শক্তির স্তরের) mutual (প্রস্পরের) ঘাত-প্রতিঘাতে আমার self (সন্তা) যে ভাবে রা'ঙ্কিয়ে উঠে, তাকেই আমার mind (মন) বলি। গোড়ায় mental concentration-এর (মন:সংযোগের) ফলস্বরূপ বাইরে ষে আলোক-কণিকা দৃষ্ট হয় আমার মনে হয় ওগুলো solid, liquid, gaseous (কঠিন, তরল, বায়বীষ) কোন জাতীয়ই নয়, fourth state-এর (চতুর্থ অবস্থাব)—তাই electrons (বিহাতিন) ব'লে মনে হয়। Cause (কারণ) হ'চ্ছে finest position (স্ক্রতম অবস্থা) আর এই কারণ-সমূত্রেরই পরিণতি এই সব different strata of energy (শক্তির বিভিন্ন ন্তরসমূহ)। এরা আবার causeই স্ব activity-তে (ক্রিয়াশীলতায়) expansion & contraction-এ (সম্প্রসাবণ ও বিকর্ষণে) এই স্ষ্টিতে পরিণত। Causeই (কারণই) হ'চ্ছে Self-ন্সে একরকম ভাবের তরঙ্গ-সমষ্টিতে এক-এক position-এ (অবস্থায়) আবদ্ধ হ'য়ে নিজ্ঞবেব দক্ষে এই বৃদ্ধু মিলিয়ে তার individuality-র (ব্যক্তিত্বের) বোধ জাগ্রত ক'চ্ছে। আর এই স্বষ্ট বহুত্বের ego-ই (আমিত্বই) হ'চ্ছে cause (কারণ), আর বৃদ্দু হ'চ্ছে প্রকৃতি বা Will (ইচ্ছা)—এই ছ'রে মি'লে আমিছ-বোধ ও মনের বিকাশ। Vital current-এর (জীবন-ধারার) পরস্পর ঘাত-প্রতিঘাতে যে বৃদ্দুগুলো cause-এর . (কারণের) উপর হ'চ্ছে সেই বৃ্দুদগুলো তার মন।

"Cause (কারণ-সম্ম) তার স্বকীয় activity-তে (সম্প্রদারণ ও বিকর্ষণরূপ শক্তিতে) নিব্দেই বিশ্বরূপ হ'য়েছেন। Cause (কারণ) স্বীয় লয় ও স্ষ্টিকারিণী মহাশক্তি প্রভাবে ধরে ধরে বহু স্তরে নিব্দেই বিবর্ত্তিত হ'য়েছেন। কিন্তু বছত্বপূর্ণ এই বিশ্ব দেই কারণ-সমৃত্রেই ভাস্ছে—simultaneously many and one. বহুত্তরের পরস্পর আঘাতে আবার ব্ৰুদ্ উঠছে, এই ব্ৰুদ্-সমষ্টি লইয়া কারণ বা Self (আমিত্ব) নিজকে মন, বৃদ্ধি, চিত্ত প্রভৃতি উপাধিতে ভৃষিত কর্ছে। Cause-এর ত্'টো দিক আছে— একটা towards itself, towards unity (নিজের দিক), আর একটা বহুত্বের দিক। যা Cause-এর (কারণের) দিকে নিমে যায় তাকেই 'ভাল' বলা হয়, বহুর দিকে যা' নিয়ে যায় তাকে 'মন্দ' বলা হয়। বিশের সব জিনিয়—গাছ, পালা, পশু, পক্ষী সকলেই সেই Self বা Cause-এরই বিভিন্ন রূপ-গ্রহণ ব'লে মনে হয়। একজনই যেন গাছের মত হ'য়ে দা'ড়িয়ে আছে, মাহুষের মত চ'লে বেড়াছে। আর ঐ বহু ৫৪০-র স্কৃষ্টি হ'লে একটা ৪৪০-তে নতা-৪৪০ দারা obstructed হ'য়ে মন প্রভৃতির উদ্ভব হ'য়েছে। এ ভাবে দেখলে ভালমন্দ ব'লে কিছুই নাই। মাহুষ ইচ্ছা কর্লেই Cause-এর দিকে যে'তে পারে, আবার ইচ্ছা কর্লেই বহুত্বের অর্থাৎ স্কৃষ্টির দিকেও যে'তে পারে।

১৯২৫ সনের ২৫শে জামুয়ারী। প্রাত:কালে এশিঠাকুর তক্তপোষের উপর বসিয়া আছেন। অনেকেই সেখানে রহিয়াছেন। কথাপ্রসঙ্গে Foreman-এর (যুগাবভারের) আগমন সম্বন্ধে কথা উঠিল, তিনি বলিতে লাগিলেন--- "Foreman (যুগাবতার) যথন আসেন, তিনি যে সমস্ত ideas (ভাবরাজি) দিয়ে যান, তথন মাহ্য দেওলো ধরতে পারে না। তিনি চ'লে ধাবার পরে এবং পরবত্তী Foreman আস্বার পূর্বে পর্যান্ত, আরও কতকগুলি মহাপুরুষ আদেন,—তারা ঐ পূব্ববত্তী অবতারের ভাবরাজির এক-একটি বিশেষ বিশেষ ভাব নিয়ে তারই প্রচার করেন। এই রকম ক'রে ষধন তার অর্থাথ উক্ত Foreman-এর (যুগাবতারের) সমস্ত ভাবরাজি ঐ পরবত্তী মহাপুরুষগণ কত্তৃক প্রচারিত হ'য়ে পড়ে তথনই সেই পূর্ববত্তী Foreman-কে জান্বার এবং বুঝ্বার একটা চেষ্টা জাদে। ধরুন যেমন শীকৃষ্ণ; শীকৃষ্ণ যে সমন্ত ideas (ভাবরাজি) দিয়ে গেলেন, তার পরবন্তী সময়ে বৃদ্ধ, শঙ্কর, রামাত্মজ, চৈততা প্রভৃতি তারই (শ্রীক্লফেরই) এক একটী ভাব প্রচার কর্তে প্রয়াস পে'য়েছেন। বুদ্ধ, শহর প্রভৃতি শ্রীক্লফের ভিতরে य खान हिल जा'हे विस्थिकाद श्रादित क्षेत्र क'द्राहन। वृक्ष अ শহরের^{নী} পরে যে যে মহাপুরুষের আগমন হ'ল তারা কেউ শ্রীক্তঞ্জের কর্ম, কেউ বা ঐক্তফের ভক্তিতত্ত্বের আলোচনা ও প্রচার ক'রে গিয়েছেন। মাহ্য শুদ্ধ জ্ঞান, শুদ্ধ কর্ম বা শুদ্ধ ভক্তিতে তৃপ্তিলাভ কর্বতে পার্ল না। শ্রীক্লফের সমস্ত ভাবরাজি তা'র পরবর্ত্তী যুগে বিভিন্ন মহাপুরুষগণ কর্ত্ক প্রচারিত হ'বার পরে, সেই সমস্ত ভাবরাজির সমন্বয় ও সামঞ্জস্তের চেটা আদে, তা'রই ফলে তথন মাত্মষ সেই পূর্ববাজী Foreman-কে বৃক্তে চেটা করে। আবার কোন পূর্ববাজী Foreman-কে জগৎ তথনই বৃক্তে পারে যথন তংপরবাজী Foreman-এর আগমন হয়। ছেলেরা যে বালের নলের পট্কা ফুটায়, তাতে পট্কাটা বেগে বে'র হয় তথনই যথন তার পূর্বে আর একটা পট্কা ঢুকিয়ে আঘাত করা যায়। সেই রকম পরবাজী Foreman-এর, ধরুন কন্ধির আগমনের কালে, পূর্ববাজী Foreman শ্রীক্লফকে জগৎ ঠিক ঠিক বৃক্তে পার্বে।

"Material government-এর arrangement যে রক্ম ভাবের, spiritual government-ও দেইভাবেই managed হয়। ধরুন যেমন King আছেন, এ'র Viceroy, Governor, Commissioner, Magistrate প্রভৃতি আছেন; এঁরা প্রত্যেকেই King-কে accept ক'রে নিয়ে শাসন করেন। কিন্দু যখনই Provincial Governor-রা King-কে deny ক'রে নিজে King হ'য়ে বদে তখন পরস্পবের মধ্যে বে'ধে যায় সংঘর্ষ, কারণ তপন প্রত্যেকেই King হ'তে চায়। Spiritual division ও ঠিক সেই বকমের। ষ্থ্ন সেই Foreman আদেন দে সময়ে তাঁকে অন্তান্ত মহাপুরুষ বা পরবর্ত্তী যুগের মহাপুরুষর। যদি King ব'লে accept করেন তবে বেশ শৃশুলার সৃহিত spiritual kingdom governed হ'তে পারে, কিন্তু তা' হয় না। কারণ মহাপুরুষেরা তাঁকে (সেই Foreman-কে) বা পরস্পরকে চিনতে পারেন না, কারণ তাঁহাদের মধ্যে থাকে একটা gulf of ignorance, আর এ gulf of ignorance যদি না থাকত তা'হ'লে এই লীলা বা creation সম্ভবই হ'ত না। কিন্তু Foreman যিনি আসেন তাঁর ভিতর কখনই কোন ignorance থাকে না বা থাক্তে পারে না। Foreman is always conscious—স্থতরাং তাঁর কাছে বিশ্বতি আস্তে পারে না ; নিঞ্চের জীবন, বাণী ও কর্মদারা পূর্ব্ব পূর্ব্ব যুগেব অবতার পুরুষগণকে fulfil করার জন্তই হ'য়ে থাকে তার আবির্ভাব।"

১৯২৬ সনের ২০শে মে। অনেকে শ্রীশ্রীঠাকুরের সমীপে উপবিষ্ট; রোগের উৎপত্তি এবং নানারূপ চিকিৎসাপ্রণালী সম্বন্ধে তিনি বলিতেছেন—"একখণ্ড তামা যদি জলে boil (সিদ্ধ) করা যায় তবে তামার কোন অংশ জলে যদি না-ও dissolved হয় (গলে) তব্ও ঐ জলের এমন ultra-atomic re-arrangement (আণবিক পুনর্বাবস্থা) হ'তে পারে যাতে ঐ জলে তামার অংশ পাওয়া যা'বে না বটে, এমন কি জলের physical properties-ও (বস্তুগত উপাদানও) পরিবর্ত্তিত হ'বে না হয়ত', কিন্তু chemical

properties (রাদায়নিক উপাদান) এমন changed (পরিবর্ত্তিত) হ'বে যা'তে ঐ জল poisonous (বিষাক্ত) হ'তে পারে। Homeopathic medicine-এর (হোমিওপ্যাধিক ঔষধের) action (ক্রিয়া) ঠিক ঐ রকমের। ক্ষেক ফোঁটা Nux Vom. (নক্সভম্) spirit (স্পিরিট্)এ দিলে এই Nux Vom.এর presence-এ (উপস্থিতিতে) spirit-এর ultra-atomic (আপবিক) arrangement-এর জন্ম (ব্যবস্থার দক্ষণ) spirit-এর nerve-system-এর (স্লায়্য্রের) উপর একটা বিশেষ রক্মের action (ক্রিয়া) হয়।

"আমাদের রোগ প্রথম হয় মনে, মন হ'তে brain-এর একটা ভাগের এकটা arrangement (वावजा) हम्। अ arrangement (वावजान) nerves-এ (স্নায় গুলোতে) affect (প্রভাবান্থিত) ক'রে শরীরের বিশেষ কোন অঙ্গকে আক্রমণ করে, তাই সেই অঙ্গে রোগ দেখা দেয়। এখন এই brain-এর (মস্তিকের) arrangement-এর (ব্যবস্থানের) অফুরূপ কোন arrangement (ব্যবস্থা) spirit-এ যদি কোন কিছু Nux Vom., Sulphur, Ipecae বা এমন কিছু বারা set up (তৈরী) করা যায় তবে ঐ spirit কয়েক ফোঁটা থে'লেই directly (বরাবর) affect (প্রভাবান্বিত) করবে এবং brain-এর (মন্তিকের) arrangement-এর (ব্যবস্থার) অনুরূপ impetus (প্রেরণা) brain-এ (মস্তিকে) দেওয়ার জন্ম প্রথম রোগের symptoms-এর (লক্ষণের) aggravation (বৃদ্ধি) দেখা যায়। Aggravation মানে brain-এর arrangement-টা বাড়ে, আর এই ক্রভ বুদ্ধির দক্ষে reactive force-ও (আবোগ্যজনক শক্তিও) সমান অমুপাতে বাড়তে থাকে। যেমন একখণ্ড রবার টেনে লম্বা করনে, pulling force (টানবার শক্তি) বাড়বার দকে দকে force of restitution-ও (পূর্বাবস্থায় ফিবিবার শক্তিও) বাড়ে, তেমনি curative force-টা (আরোগ্যকারিণী শক্তিটা) ঐ force of restitutionএরই মত aggravation-এর পাশাপাশি বাড়তে থাকে। তাই aggravation আন্লেই indirectly (পরোক্ষভাবে) curative force (আরোগ্যশক্তি) বাড়ান হয়। তাই Homeopathic medicine-এব immediate effect aggravation. Brain-এর centre-এর (কেন্দ্রের) change (পরিবর্ত্তন) হ'বল, root cause (মূল কারণ) দূর হ'লে organs-এর (শরীরষ্ত্রের) বোগও ঐ কারণ দূর হ'বার দকে দকে চ'লে যায়, আর তাই এই Homeopathic cure more radical (হোমিওগ্যাধিক মতে আরোগ্য আরও মৌলিক)। Chronic disease-এ (পুরাতন রোগে) ইহা বোধগম্য হয়। Acute case-এ (তরুণ রোগে) aggravation (বৃদ্ধি) এত শীঘ্র দেয় ও চ'লে যায় যে উহা ধরা যায় না, কিন্তু এই aggravation (বৃদ্ধি) হ'বেই। আর এই aggravation-এর indirect effect (পরোক্ষ ফল) cure (আরোগ্য)।

"Higher dilution-এর Nux Vom. বা অন্ত যাহা spirit-এর সঙ্গে থাকে তাহা এতই সামান্ত যে, থাকে না বল্লেই চলে, তাই spirit-টাই medicine. Higher dilution-এ spirit-এরই electronic condition (বৈদ্যাতিনিক অবস্থা) পরিবর্ত্তিত হয় আর ঐ spirit-ই medicine. অন্ত যে জিনিষ spirit-এ দেওয়া হয় তাহা accessory (সাহায্যকারী) মাত্র, spirit-এর ঐ arrangement-টা (ব্যবস্থানটা) induce করে মাত্র।

"Allopathy আর কবিরাজী ছুইই একজাতীয় চিকিৎসা। কবিরাজ
যদি শিক্ষিত হন তবে Allopathy হ'তে কত নৃতন তথ্য করায়ত্ত ক'রে
কবিরাজীকে উন্নত কর্তে পারেন, Allopathy-কে ছা'পিয়ে উঠ্তে পারেন।
Allopathy চিকিৎসা organs-এর (শরীরযদ্ধের) চিকিৎসা। Organs-এ যে
পরিবর্ত্তন হয় ঔষধ ব্যবস্থা ক'রে তার একটা পরিবর্ত্তন আন্তে পার্লে,
বাইরের অবস্থার একটা পরিবর্ত্তন ঘটলে ভিতরের কারণেরও পরিবর্ত্তন
ঘট্বে, তাই রোগের কারণও সে'রে যায়। কোন কোন সময় বাইরের
রুংmptoms (লক্ষণ) suppose (কল্পনা)-করা, তাই রোগ-নিরাকরণ
হয় না, রোগের suppression (প্রতিরোধ) হয়। Homeopathy-তে
এই suppression খুব কম হয়। আবার Psycho-analysis-এ
(মনস্তান্থিক চিকিৎসায়) suppression (প্রতিরোধ) একদম হয় না বল্লেই
হয়—একেবারে radical cure (পূর্ণ আরোগা) হয়।"

"Language শেখ্বার নাকি একটা direct method (সহজ পছা) হ'য়েছে, তা'তে verb-গুলো প্রথমে শিখান হয়—তার কারণ শিশুদের করার tendency-টা (ঝোঁকটা) খুবই বেশী। তাই তাদের কাছে বলা হয় 'run' (দৌড়াও), সঙ্গে সঙ্গে তাদের দৌড়াতে বলা হয়—'walk' (হাঁট), সঙ্গে সঙ্গে হাঁটুতে বলা হয়। এমনিভাবে করার মধ্য দিয়ে বালকদের সহজেই language (ভাষা) শেখান যে'তে পারে। শন্দটার সঙ্গে একটা কিছু কর্লে শন্দটা সহজেই মনে আঁকা থাকে। তেমনি বাইরের যে জগংটা র'য়েছে, যেটার সঙ্গে সম্পর্কের জন্মই আমাদের মনের প্রসার বয়নের সঙ্গে সঙ্গে বে'ড়ে উঠে, সে'টাতেই আমাদের শিক্ষার সমস্ত উপকরণগুলো ব'য়েছে। আমরা সকলেই মাতৃভাষা বাংলা যেমন শিখি,

ষ্মন্ত কোন ভাষা কিছুতেই তেমন শিখুতে পারি না। আবার একজন ইংরেজ ইংরেজী যেমন শিখেন আমরা কিছুতেই তেমন শিখ তে পারি না। ছেলেবেলা হ'তেই আমাদের মাতভাষাটা আমাদের প্রতিদিনের প্রয়োজনীয়তার মধ্য দিয়া মায়ের আদর-অনাদরের মধ্য দিয়া সহজভাবে শি'থে উঠি, তাই মাতৃভাষার জ্ঞান এতটা সত্যিকার ও এতটা স্থন্দর হ'য়ে উঠে। এই জ্ঞানটা আমাদের পশুত করে না বটে, কিন্তু এমনই মজ্জাগত হ'য়ে পডে যে. এ জ্ঞানে আমাদের অহন্ধার থাকে না। আর আমাদের জীবনের সমন্ত সাধাবণ প্রযোজন এই ভাষার দ্বারা আমরা কেমন স্থন্দবভাবে আজীবন মিটিয়ে থাকি। তেমনি মানুষের বয়দের কতগুলো টানের—কতগুলো ইচ্ছার—সৃষ্টি হয়। বালক লা'ফাতে চায়, কিছদিন वारि गाइ छेठे एक हांग, आवात कान वयरम नाठि निरम मातामाति वा লোহা নিয়ে ঠোকাঠকি করতে ভালবাদে। আবার কখনও—এটা কি, ওটা কি কত প্রশ্ন করতে দেখি। এমনই একটা দহজ রকমের কণ্মপ্রশালীর মধ্য দিয়া মাত্রবের শরীরট। আব তারই সঙ্গে মনটা বে'ড়ে ওঠে। তা'হ'লে. দেই শিক্ষাই প্রকৃত শিক্ষা যা'তে মাঞ্চযের এই প্রকৃতিটাকে সহাযকরপে ল'য়ে তা'র বহুদর্শন বা'ড়িয়ে দেয়। আর তথনই জগৎটার সক্ষে তা'র সহস্ত ব্যবহার ও ভাবেব বিচিত্র আদান-প্রদানে তা'র স্থীবনটা সার্থক হ'য়ে উঠে, আর এই-ই প্রকৃত শিক্ষা। এর জন্ম বালকের সহজাত প্রবৃত্তিগুলোকে ভাল ক'রে পর্যাবেক্ষণ ক'রে. প্রয়োজন হ'লে তাদের কাঠের কাজ, কর্মকারের কাজ প্রভৃতি বেশী শি'থাতে হয়, বই-পড়া বা অন্ধ-ক্ষার **८** ।"

১৯২৬ সনের ২রা নবেশ্বর। রাত্রে আমরা Stekel-এর 'The Beloved Ego' পড়িতেছিলাম।—প্রক্ষের কৃষ্ণলা ও অবিনাশলা আর আমি। থানিকটা পড়া হইয়াছে, এমন সময় শ্রীশ্রীঠাকুর ঘরে ঢুকিয়া জিজ্ঞাসা করিলেন,—"কি পড়ছেন ?" কৃষ্ণলা বলিলেন—"Ego, marriage ইত্যাদি পড়ছি। Stekel বলেন, প্রত্যেক love-এর (প্রেমের) সঙ্গেই hate (শ্বণা) আছে।" শ্রীশ্রীঠাকুর বলিলেন—"Positive (ধনাত্মক ভাব) prominent (প্রধান) হ'লে negative (ঝণাত্মক ভাবের) একটা centre (কেন্দ্র) থাকে, আর negative (ঝণাত্মক ভাব) prominent (প্রধান) হ'লে একটা positive (ধনাত্মক ভাব) centre (কেন্দ্র) থাকে। Positive prominent-এর কাছে গেলেই negative prominent-এর positivity (ধনাত্মকতা) বাড়তে থাকে। আর তখন সে এমন একটা position (ভাব) নেয় যখন তার positivityটা positive prominent-এর দিকে খুরে যায়, তখন উভয়ের

মধ্যে হয় repulsion (বিভূষণা)। কিন্তু তুই জনেই যদি common centre-এ (একই কেন্দ্রে) attached (যুক্ত) হয়, তবে এই repulsion আর হয় না"—বলিতে বলিতে সম্ভান হইলে তার উপর attachment-এর (ভালবাদার) জন্ম পিতামাতার ভালবাদা কেমন গাঢ় হইয়া উঠে বলিলেন।

অতঃপর এত্রীঠাকুর জিজ্ঞাসা করিলেন-"Stekel-এর সঙ্গে মেলে না ?" অবিনাশদা বলিলেন—"Stekel ব'লেছেন—Small trivialities (कुछ विषय) श्रुलिय मित्र भरनारवांश ना मित्र love (त्थ्रम) वजाय থাকে. স্বামী-স্ত্রীর ভালবাসা দৃঢ় থাকে।" এতি চাকুর বলিলেন-- "Stekel বলছেন যে হু'টো যেন এত কাছাকাছি না আসে যা'তে negative prominent-এর positivity এত বে'ড়ে যায় যা'তে সে repelled (বিতৃষ্ণ) হয়।" তারপর কথা হইল, প্রত্যেক love-এর (প্রেমের) ভিতরেই একটা repression (দমন) থাকে—repression of will to power (শক্তিলাভের ইচ্ছার দমন), যেটা হ'চ্ছে মামুষের স্বাভাবিক ধর্ম, এইটা love-এর দক্ষণ repressed হ'ছে বইল, পরে হয়ত repressionটা (লমনটা) একটু strength (শক্তি) gather (সংগ্রহ) ক'রে শেষে irresis ille force-এ (খনমা শক্তিতে) ভে'নে উঠন। নেইটা হ'ছে hate (ঘুণা)-কত মামুবের জীবন তা'তে বিষময় হ'য়ে উঠছে-এই Stekelএর মত। Stekel তার solution (মীমাংসা) দিয়েছেন—এ hatebi (चुनांbi) क'रम बाग्र यनि जामी-जी छुटे ज्यान निस्कानत थुँ िनांि बिनियश्वता ना त्म'र्य world at large-এর (विश्व छनियांत) पिरक তাকায়।


শ্রীপ্রীঠাকুর শুনিয়া বলিলেন—"এর মীমাংসা তথনই হয়, যথন স্বামী-স্ত্রী তুই জনে মি'লে third something-এ (তৃতীয় কিছুতে) attached (যুক্ত) হয়। সেই object (পাত্র) গুরু বা পিতা যদি হন তবে তৃ'জনের hate (স্থা) আবও ভালভাবে controlled (দমিত) হ'তে পাবে। একটা centre of attachment (ভালবাসার কেন্দ্র) চাই।" একট্ থামিয়া বলিতেছেন—"World at large-এর (বিশ্ব ছনিয়ার) দিকে তাকিয়ে কি দেখি ? স্থেয়ের লাল আলো পৃথিবীর উপর ছড়িয়ে প'ড়েছে। সে-গুলোতে মনে সন্ত্যিকোন sentiment (ভাব) হয় না, আকাশ দে'খে ভাব উথ্লে উঠে না, শুর্ বেন গ্রাস কর্তে চায়, কিন্তু যখন আমার unit-এর (কেন্দ্রের) দিকে তাকাই তথন তার অসীম রূপে বিভার হ'য়ে যাই, স্থ্যের সোণালী কিরণে বেন স্থান ক'রে স্নিয়্ক হই, বাতাস যেন তার কোমল স্পর্ণ গায়ে ব্লিয়ে দেয় —সমন্ত পৃথিবী স্থলবতর ভাবে এক অপূর্ব্ব শিহরণ এনে দেয়।" কিছুক্লণ

নীবৰ থাকিয়া (বেন কিছু একটা অহভব করিতেছেন বলিয়া মনে হইল) ৰলিলেন—"দেখ, একটা point (বিন্দু) আর infinite expansion (অনস্ত বিস্তৃতি) যেন এক জিনিয় ব'লে মনে হয়। যেন একটা atom (পরমাণু), সেটা ঝক ক'রে ফে'টে চৌচির হ'য়ে তার থেকে millions of smaller electrons (কোটা কোটা ক্লন্ত বৈদ্যাতিন)-এর মত বে'কচেছ। দেওলো আবার attraction (আকর্ষণ) এবং repulsion-এর (বিকর্ষণের) দক্ষণ আবার নানারূপ দানা বাধ ছে। আবার দেশুলো যেন originate করছে (উৎপন্ন হ'ছেছ) একটা আরও ছোট দানা থেকে--যেন একটা sub-electron (ক্ষুত্ৰতর বৈদ্যাতিন), আবার সেই ছোট point-এর (বিন্দুর) মত দানাটা আবার ঝক ক'রে ফে'টে গেল। তাৰ থেকে আৰও millions and millions of smaller hyper electrons (কোটা কোটা অভি ক্ষম্র বৈছাতিন) সমস্তটা ব্যাপ্ত ক'রে ফেললে। এমনি ক'রে ভাঙ্গ তে ভাঙ্গ তে শেষে একটা দানাতে গিয়ে পৌছে। ঐ থেকেই সমন্ত জগতের উৎপত্তি। ঐ সেই prime (আদি) দানাটা থেকে যেন একটা series of process-এর (ক্রমিক অগ্রগতির) ভিতর मिरा आमात Ego'त मानांगे living being-এর (आख नदौरतद) ভিতর এদে পড়ল। দেখলাম যেন ফলের ভিতরে কুমীর হ'য়ে এক জন্মে গাছ হ'য়ে আছি। তারপর দেখ্লাম ছোট ছেলে দৌড়াচ্ছি, শেষে বিয়ে হ'ল, স্ত্রী নিয়ে enjoy (ভোগ) ক'চ্ছি। তারপর तिथ लाम धीत्व थीत्व व्यामि त्वितिष्ठ अतिष्ठि। व्यामाव तिरुषे प्रेरं व्याद्ध, স্বাই কালাকাটি ক'চ্ছে—হঠাৎ তথন মনে হ'ল স্তাই কি আমি ম'রে গেছি? তারপর যেন একটা gap-এর (ফাকার) মত লাগে। তারপর আবার নৃতন একটা জীবন চল্তে থাকে। এমনি এক জীবনে মনে হয় আমি চামার ছিলাম। এক জীবনে রাজার ঘরে জ'লেছিলাম, বাড়ীতে একটা গম্বজের মত ছিল এবং তার চূড়াটা সোণার পাতে মোড়া ছিল। বাড়ীর ছোট ছোট ছেলেমেয়ে এবং স্ত্রীলোকেরা সবাই আমায় বড় ভালবাসত। এক জীবনে মনে পড়ে, কোন পাছাড়ের পাদদেশে ঘর বেঁ'ধে আশ্রম ক'রেছি। সেম্থানটা একখানা বড় ঢালু খেতপাথরে বাঁধান ছিল। একটা ফুলের লতা-গাছ তার উপরে ছায়া কর্ত, লতায় সাদা সাদা ফুল ফুট্ত, এক ধার দিয়ে পাহাড়ের গা থেকে একটা ছোট ঝর্ণা ব'য়ে যাচ্ছে —এমনি ক'রে ক'রে শেষে এই জীবনে এসে পৌছেছি। আর এ জরের कथा छ' नव मत्नरे चाहि। तिथ्नाम এक चालाक-धाता ह'रत्र चामि কুর্য্যের মধ্যে নে'মে এনেছি। সুর্য্যের ভিতর পৃথিবীর মতই ঠাণ্ডা অন্নভব

কর্লাম। সেখানে যে-সব জীব আছে তা'দের ভাব আর পৃথিবীর জীবের ভাব সম্পূর্ণ পৃথক। ওদের ভাব এখানে প্রকাশ করবার উপায় নেই। তা'দের সঙ্গে এখানকার কোন প্রকার common object না থাকায় তা'রা যে কি বকম তা' এখানকার মন নিয়ে বলা কঠিন। সুর্য্যের ভিতর দিয়ে যথন আস্চি জ্যোতিঃর সব পাহাড় দেখ লাম, আর সেগুলোকে positive মনে হ'ল, কারণ তা'রা যেন স্বতঃই জ্যোতিঃ-কণা—অনবরত চারিদিকে বিকীর্ণ ও বিচ্ছারিত হচ্ছে। তারপর কত গ্রহ-উপগ্রহের ভিতর দিয়ে চ'লে এসেছি; আমার আসার সময় তথাকার অধিষ্ঠাত্রী দেবতারা কত ন্তব-স্বতি ক'চ্ছিল, তা' ভনে তা'দের ফে'লে আস্তে যেন ইচ্ছা হচ্ছিল না। আস্তে আস্তে এক জায়গায় দেখ্লাম পাঁচটা তারা। তর্মধ্যে একটা কেন্দ্রে অবস্থিত আর চারটা একবার সেই কেন্দ্রের নিকটবত্তী হ'চ্ছে, আবার কেন্দ্র হ'তে দুরে স'রে যা'চ্ছে। নভোমগুলের সকল গ্রহই তা'দের य य र्या-त्कत्स्त्र ठाविनित्क घुत्र्राह, त्करन এইशानि ठा'त वाण्किम त्य नाम । এই গ্রহশুলো यथन কেন্দ্রের দিকে যা'ছে তথন তা'দের রং হ'চ্ছে লাল, আর বধন দুরে স'রে যা'চ্ছে তধন তাদের বং হ'চ্ছে নীল। তা'দেব এই অভুত গতিভদিমা তথন আমার মনোযোগ বিশেষভাবে আকর্ষণ ক'রেছিল ব'লে এখনও তা' আমার স্বতিপটে বেশ উজ্জল হ'য়ে আছে। * * * * তারপর মাতৃগর্ভে in হ'লাম (প্রবেশ করলাম)। জানি 'নামই' আমার Basis তাই মাতৃগর্ভে থাক্তেই আমি নাম করতাম্। জন্মের পর দেখ ছি ঐ আতুর-ঘরে আলো মিটি মিটি জল্ছে, আর আমি যেন কতকগুলো নাড়ীতে জড়িয়ে প'ড়েছি, মাতৃগর্ভ হ'তে ভূমিষ্ঠ হ'বামাত্র হে'দে উঠলাম। নাড়ী কাটার পর মা যখন গরম দেঁক দিতেন তখন আমার ভাল লাগ্ত না, খুব কষ্ট হ'ত, আমি কাদ্তাম্। একটু বড় হ'য়ে ছোট ছোট হাত-পা নিয়ে বে'ড়াতাম। একটা শেফালি গাছ ছিল তাই ধ'রে উঠ্তাম্। **অতি শৈশবে সবসময় একধানা লাঠি হাতে ক'রে থাক্তে খুব ভাল** লাগ্ত, এক্স সকলে আমায় আদর ক'বে গাড়োয়ান ব'লে ভাক্ত। তারপর বড় হ'য়ে হ'যে এই অবস্থায় এসেছি। এর ভিতর যেন gap (ফাকা) নেই, from beginning to end (আরম্ভ হইতে শেষ পর্যান্ত) a series of process (পরস্পরাক্রমে অগ্রগতি) চলছে। কিছ যথন যে stage-এ (অবস্থায়) থাকি তথন সেই stage (অবস্থা) অমুযায়ী feelings (ভাৰ) and thoughts (চিন্তা) moulded (গঠিত) হয় এবং relative to that stage (সেই অবস্থামুপাতিক) ততটুকু দেখি।"

শ্ৰীশ্ৰীঠাকুরের নিকট একদিন এক ভন্তলোক উপস্থিত। আগদ্ধক প্রশ্ন कतित्मन—"कथिত चाह्य अर्था माधुर्यात चखतात । এই कथात मात्न कि?" শ্রীশ্রীঠাকুর উত্তরে বলিলেন—"ঐশ্বর্যা মাধুর্য্যের পিছনে ফিরে। মাধুর্য্য কথাতে আমরা কি ব্ঝি ?—সোজা কথায় মাধুর্য্য বলতে ব্ঝি মিষ্টি-লাগা। ষথনই আমার কাউকে মিষ্টি লাগে, তথন ক্রমশঃ তার ঐশ্বর্যগুলি ধীরে ধীরে আমার চোধে পড়তে থাকে। আত্তে আতে হ'য়ে ওঠে দে আমার কাছে অনেক বড়। অর্জ্নের বেমন হ'য়েছিল। তিনি এককের প্রতি প্রথমে attached (আরুষ্ট) হ'য়েছিলেন ওধু এই জন্ম যে, এরিক্সফকে তাঁর ভারি মিষ্টি লাগ তো-তার কোনও qualification (গুণগ্রাম) বিশেষের জ্বন্তে নয়। এই মিষ্টি-লাগা থেকেই ফু'টে উঠ্তে লাগ্লো অর্জুনের কাছে তার ঐশ্বয়গুলি-তার দক্ষ কর্তে কর্তে। ক্রমে তিনি হ'য়ে উঠ্লেন অর্জুনের নিকট উপদেষ্টা—
ক্রমশঃ গুরু—পরে একেবারে ভগবান্। কিন্তু মামুষটাকে বাদ দিয়ে তার ঐশব্যের জন্ম ভালবাসা হ'লে আরু তাকে মিষ্টি-লাগা হয় না। যথনই কারও গুণের জন্ম আমাদের admiration হয় (তার প্রতি মন রু''কে পড়ে) তথন ঐ গুণকে বাদ দিয়ে আমরা আদৌ মাহুষটাকে বোধ করি না। Qualifications-এর (গুণগ্রামের) জন্ম love (ভালবাসা) বেন 'mal-love' (মিথ্যা ভালবাসা)। একজন বড় লোককে--সে বড়লোক এই क्छ जानवामरन, ठांरक जानवामा यात्र ना। এই हिमारव वना यात्र ঐশ্বর্য মাধর্য্যের অস্তরায়।"

প্রশ্ন হইল—''আপনার শিশ্ববর্গের বিশাস—কেউ কেউ নাকি বোধও ক'রেছেন যে, আপনি স্বয়ং ভগবান্। সে যা' হোক, যাঁ'কে এত লোকে এমনভাবে সন্মান ও ভক্তি কর্ছে সেই আপনার মুখ থেকেই আমার ভন্বার ইচ্ছা যে আপনি ভগবান্ কি না ?" ঐ ঐ ঠাকুর বলিলেন— "এই প্রশ্নটাই তো করা ঠিক হ'ল না। আমি ভগবান্ কি না আমার তা' বলা কঠিন। ধরুন আমি একজনের স্বামী আছি, তাই ব'লে আমি একজন স্বামী, এই রকম বোধ করা বায় না। তেমনি আমি যদি ভগবান্ সত্যি সত্যি হ'য়েও থাকি, তা'হ'লেও ভগবান্-আমি—হাত-পা-ওয়ালা মায়্র্য হ'য়েছি তো ? কাজেই আপনি নিজেকে যেমন মায়্র্য ছাড়া আর কিছু ব'লে জানেন না, তেমনি আমারও আমাকে একজন মায়্র্য ছাড়া আর-ক্সিছু বোধ করার কথা নয়। যেমন আপনি পণ্ডিত, কিছু আপনি কি আর আপনাকে পণ্ডিত ব'লে বোধ করেন ? আপনি মনে করেন—'আমি যা' দেখি তাই বলি, সকলেই ত' তা' দেখ্তে পারে, আমি আর নৃতন কি বল্লাম ?' তবে আপনাকে যারা গণ্ডিত বলে, তারাই



শিত্দেৰ ও ভক্তগাণের সহিত শীশীঠাকুর অমুকুলচন্দ্র চেযাবে উপবিষ্ট:—ব্যাদিক হইতে তুঠিং—পিত্দেন দংয়মান:—ব্যাদিক হ্টতে তুঠাং—ইশ্রীয়কু

বল্তে পারে, আপনাকে কি দে'খে পণ্ডিত বলে। ঠিক ঠিক উত্তর দিতে হ'লে আপনি এই পর্যান্ত বল্তে পারেন—'আমি পণ্ডিত কিনা তা' আমি জানি না—তবে এঁরা বলেন, এঁদের জিঞ্জাসা করুন।' আমার দিক থেকেও সেই কথা। শালগ্রাম নিজের কাছে পাথর ছাড়া আর কি ?—গায়ে ছু'ড়ে মার্লে হাড় ভে'কে যা'বে। তার গুণগ্রাম সহকে জান্তে হ'লে জিজ্ঞাসা কর্তে হয় তাকে, যে তার গুণগ্রামকে জে'নেছে। এই জন্তই ব্বি বলে—'ভগবানের চেয়ে ভক্ত বড়।' ভক্তের স্থবিধা এই যে, সে এই জানে যে, সে অস্ততঃ একজনের অমুবর্তী—তার একজন আছেন।"

ভদ্রলোকটা অতঃপর বলিলেন—"আশ্রমের কর্মপ্রতিষ্ঠানগুলি ঘু'রে দেখ্লাম, খুবই ভাল লাগ্লো। মনে হ'ল যে, সবগুলি কেন্দ্রই যেন ধীরে ধীরে একটা fullness (পূর্ণতা) পে'য়ে উঠ্ছে। আচ্ছা, এইগুলি পূর্ণছ প্রাপ্ত হ'লেই কি ডা' ভগবং-প্রাপ্তির দিকে নিয়ে যাবে ?" শ্রীশ্রীঠাকুর বলিতে লাগিলেন—"যখনই আমরা এমন কাউকেও ভালবাসি যিনি পূর্ণকে ভালবাসেন ज्यनहे जामात्मत्र सीवन পर्गछत हे एड थारक। कार्बाहे यमि रक्छ छत्रवस्क হয়, তবে তার জীবন সব দিক থেকেই পূর্ণত্বের দিকে অগ্রসর হ'তে থাকে। সে যতই ভগবানের প্রতি আক্ট হয়, তার existence (সন্তা) ততই farm (দৃঢ়) হ'তে থাকে। তাই সকল দিক থেকে fullness (পূৰ্ণভা) ষেন তাকে চে'পে বদে। আর তথন তার সব দিক প্রক্ষৃটিত হ'য়ে উঠে। অকল্যাণ তার কাছেও আস্তে পারে না। তাই শ্রীকৃষ্ণ ব'লেছিলেন—'কৌস্কেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্রতি।' একজন ভগবানকে বা পূর্ণকে ভালবাদে, অথচ দে क्रमणः की। इ'रह या'राइ—এ दह ना ; इ'रा वृक्षा হ'বে যে, সেখানে ঐ ভালবাসায়ই খাক্তি আছে। আর এই যে 'আল্রম' কথাটা, তা' কিন্তু এসেছে আ+শ্রম-ধাতু হ'তে অর্থাৎ যেখানে শ্রম ক'রে উন্নতি করা হয়। শুনা যায়, পূর্ব্বকালে এক-একজন ঋষি বা দ্রষ্টার ৫০৷৬০ হাজার শিশ্ব থাক্ত আর তাদের নিয়ে গ'ড়ে উঠ্তো এক-একটা আশ্রম--বেমন বশিষ্ঠাশ্রম, কপিলাশ্রম ইত্যাদি। এক-একজন ঋষিকে কেন্দ্র ক'রে গ'ড়ে ওঠে সমস্ত activity আর তা' থেকেই পরিপুষ্ট হ'য়ে উঠে জ্ঞান, বিজ্ঞান, সমাজ প্রভৃতি যত-কিছু সব। আর এগুলো প্রম ক'রে লাভ করে ব'লেই তা' ঠিক ঠিক পাওয়া হয়—নতুবা হয় না।" আগন্তকটা অবশেষে প্রশ্ন করিলেন---

"আচ্ছা, প্রেয়ের প্রতি attached (যুক্ত) থাক্লেই কি আপনা হ'তেই শ্রেয়: লাভ হয় ?" শ্রীশ্রীঠাকুর তত্ত্তরে বলিলেন—"একজনকে আমরা ভালবাসি এইজন্য যে, সে আমার কাছে খুবই মিষ্টি। কোন জিনিষকে মিষ্ট ব'লে বোধ হয় কারণ তা'তে আমার existence (সন্তা)কে সার্থক করে, আর তা'কেই বলে শ্রেয় বা মঙ্গল। কাজেই যার প্রতি টানে আমার জীবনটা স্বন্তিতে ভ'রে উঠে এমন প্রেয়ের প্রতি আরুষ্ট হওয়া আর মঙ্গলের কোলে আশ্রয় নেওয়া একই কথা। সেই প্রেয়ের ভাল-মন্দ সব-কিছুতেই হয় আমার তৃষ্টি, পৃষ্টি ও প্রীতি। ভাল-মন্দ বলি এই জন্ম যে, তাঁর প্রতি তখন হই আমরা পুরোপুরি-ভাবে দোষদৃষ্টিশৃন্ত; তাই তাঁর কোনও-কিছু আর মন্দ ব'লে আমার চোখে ঠেকে না, তিনি হ'য়ে পড়েন আমাদের প্রিয়পরম। প্রম প্রীতিতে তাঁর পূজা ও সেবাই হয় আমাদের একমাত্র লক্ষ্য, আর তখনই হই আমরা অফুরস্ক কল্যাণেব অধিকারী।"

শ্রীযুক্ত পঞ্চানন সরকার, এম-এ, মহাশয় লিপিবদ্ধ করিয়াছেন :—

"সে অনেক দিনের কথা, একদিন বাত্তে কথা চলছিল কবিবর ৺হেমচন্দ্র মুগোপ: । ৮৫ সঙ্গে আর এএীঠাকুরের সঙ্গে। কবি কর্মদেবীকে নায়িকা ক'রে পুরুষ-চরিত্রহীন একখানি পঞ্চান্ধ নাটক লিখ্ছিলেন। এ প্রীপ্রীঠাকুর कथाय कथाय जिल्लामा कदालन, 'आच्छा, आमारित रितनद नार्षेकशुला comedy (मिननाञ्चक) ना ?' आमि विद्याम 'हा, आत जाहे এ ছিল না।' শ্রীশ্রীঠাকুর জিজ্ঞাসা করলেন, 'আর ওদেশের বা আজকাল আমাদের দেশের ভাল নাটকগুলো কেমন ?' আমি বল্লাম, 'দেগুলি tragedy (विद्याशास्त्रक नांग्रेक), किन्न कानिमान र'एउ आंत्रस क'रत আমাদের দেশের প্রাচীন সকল নাট্যকারই কেমন undramatist-এর মত (অনাটকীয় ভাবে) লি'থে গে'ছেন মনে হয়। কেবল কতগুলি শ্লোকের পর লোক। নিশ্চিস্তভাবে বেশ পড়া যায়; হয়ত নাটক শুন্তে শুন্তে খানিক ঘুমিয়ে নিলাম, তারপর উ'ঠে আবার গুন্তে লাগুলাম। Plot-এর (নাটকীয় গল্পাংশের) ঘনিমা এতই কম যে, মাঝের break-এ (বিরতিতে) যেন শ্রোতার বিশেষ কোন লোক্সান হয় না, আবার শেষের দিকে একটা মিলন আছেই। কিন্তু পাশ্চাত্যের যত ভাল ভাল নাটক যেমন मााक्रवर्थ, श्रामत्नहे, अर्थता-नमखहे विद्याभाषक (tragedy). কবিও সামারই মত বিয়োগান্তক নাটকের পক্ষপাতী। তাই তার নুতন নাটকথানি বিয়োগান্তক কর্বার অভিপ্রায় প্রকাশ কচ্ছিলেন। এ শীসীঠাকুর বল্লেন, 'ষা'তে মাছবের উৎসাহ, আশা, ভরসা, সাহস বাড়ে এমন ক'রে লিখ্তে হয়,—প্রত্যেক দৃশ্রে দৃশ্রে যেন রোমাঞ্চ হয় এমন কর্তে

য়ে। কর্মদেবী আর কুতব্উদীন নিয়ে কিন্তু খুব ভাল নাটক হয়।' भागता प्र'क्टान्डे tragedy-त (विद्याशास्त्रक नांग्रेटकत) एक-विद्याम. 'আমাদের মিলনাস্তক নাটকগুলো দে'খে মনে হয়, প্রাচীন সংস্কৃত নাটকের মুগে বালকের মত ছিলাম। মনে পড়ে ছেলেবেলায় 'সরযুবালা বা মপুর্ব্ব মিলন' ব'লে একখানা বই প'ডেছিলাম। সে বইখানার শেষের মপূর্ব্ব মিলনটা ছেলেবেলায় খুবই ভাল লে'গেছিল।' শ্রীশ্রীঠাঞুর বল্লেন দে-সম্য আপনার nerves (স্নায়) strong (মজবত) ছিল তাই মিলনটাই ভাল লাগত। মিলনাস্তক নাটক—যে নাটক গ'ড়ে তোলে, যে নাটকে construction (গঠন) এনে দেয় তাই ভাল।' আমি বল্লাম, 'তা ্যন কেমন unpsychological (ম্নোবিজ্ঞানসমত নয়) ব'লে মনে হয়। শ্ৰীঠাকুব বল্লেন, 'তা নয়। কেমন ক'বে construction হয়, স্বস্তায় ক'রে কেমন ক'রে ধীরে ধীরে মাগুষেব অহুতাপ আদে, আর অহুতপ্তকে ভালবেদে ক্ষমা করার মধ্যে যে কতথানি স্বষ্ট, তার মধ্যে যে কতথানি subtle (সৃষ্) psychology (মনস্ত্), কতথানি suggestiveness (আভাদ) ও রহস্ত থাকে তা' আমরা সাধারণতঃ অমূভ্ব করি না ব'লেই আমাদের ঐ রকম মনে হয়। আমার মনে হয়, আজকাল স্বামী ছে'ড়ে খ্নী চ'লে গিয়ে আত্মোৎসৰ্গ করল বা স্বামী বিধবা বিবাহ করল—তাই দে'থে খ্রী স্বামী ছেড়ে' চলে' গেল, এমনই ধবণেব বিয়োগান্তক নাটক-নভেল ছাড়া আর বেশী-কিছু হ'চ্ছে না. আবার জনসাধারণও যেন অগ্ত-কিছ পছন্দ ক'ছেছে না-তার মানে আমাদের সমাজ ধ্বংসের দিকে যাচ্ছে। স্ত্রীর কোন positive activity-র (নিশ্চয়াত্মক কার্যোর) ভিতর দিয়ে স্বামীর চরিত্র পরিবর্দ্ধিত ह'रत्र **পর**ম্পরের আবার মিলন-সংঘটন আমাদের সমাজে বিরল ह'रत्र উ'ঠেছে। দে মিলনের psychology (মনস্তম্ভ) আমাদের বেশী জানা নেই, আমাদের কাছে ভাল ক'রে ধরা প'ডেনি। তাই আমরা বলি যে মিলনাস্তক নাটক unpsychological (মনন্তত্ববিরোধী), ওতে নাটকীয় রদের অভাব আছে ব'লে আমাদের মনে হয়। এই রকমের ভাঙ্গন আমাদের সামাজিক জীবনে এদে প'ড়েছে। পরিবারকে শাস্তিময় ক'রে গ'ড়ে তোলা বা विপश्तामीत्क भास्तित मर्पा आवात कितिय आना त्यन आमारमत পারিবারিক জীবনে কম হ'চ্ছে—বিরল হ'য়ে উ'ঠেছে, আর তারই জ্বত তেমন নাটক-নভেলও বে'ক্লচ্ছে না। আমাদের কিন্তু দরকার constructive (গঠনশীল) হওয়া।' কবি এই কথা ভ'নে বল্লেন, construction (গঠন) ত' হ'তে দেখা যায় না।' শ্রীশ্রীঠাকুর বল্লেন, 'হচ্ছে বৈ কি! আমরা দে-সব ঘটনার খবর পাই না, রাখি না। একজন অন্তপ্ত হ'য়ে যখন ফি'রে আদে—আর, আর-একজন যখন তাকে ক্ষমা করে—উভয়ের যখন আবার মিলন ঘটে, এর যে subtle psychology (স্ক্র মনস্তত্ব) আর romance (নাটকীয়তা) যেন আমরা অন্তত্ব কর্তে পর্যন্ত ভূ'লে গে'ছি।' একটা নৃতন অর্থ লইয়া সাহিত্য ও তা'র সঙ্গে আতীয় জীবনের সম্বন্ধটা যেন ধরা দিল। আমি বল্লাম, 'আচ্ছা, তবে যে কালিদাস প্রভৃতিকে নিন্দা কচ্ছিলাম তা'ও ত' ভূল দেখুতে পাচ্ছি। মহাকবি গ্যেটে যে কালিদাস সহদ্ধে ব'লেছেন—যৌবনের ফুল আর পরিণত বয়সের ফল যদি একসঙ্গে দেখুতে চাও তবে শকুস্থলা পড়। তা'তে খুব গভীর সত্য আছে ব'লে মনে হছে।'

"কবি ব'লে উঠ্লেন, 'তবে যে বিয়োগান্তক নাটক হ'লেই আমরা পছন্দ করি সে বোধ হয় একটা তৃর্বলতা। মারামারি দে'থে ষেমন লোকে আরুষ্ট হয় বা মেয়েরা ষেমন হাঁ-ক'রে মড়া দেখ্তে দৌড়ে যায় তেমনই আমরা বিয়োগান্তক নাটক দেখ্তে ভালবাসি, ওতে আমাদের ত্র্বলতারই প্রশ্রম দিই—সায়্মগুলী অবসন্ধ হ'লে যেমন ক্ষণিক উত্তেজনার জন্ত মদ খে'তে মাস্থব ভালবাসে।'

"শ্রীশ্রীঠাকুর বল্লেন—'আর বিষরুকে যেমন কুন্দনন্দিনীর কথা আছে। বিধবাবিবাছ হ'ল আর স্থামুখী গৃহত্যাগ কর্ল। এতে যেন সমাজের বা পারিবারিক শান্তির কোন গঠনমূলক মীমাংসাই হ'ল না। যদি এমন হ'ত, কমলমণির কাছে স্থামুখী গিয়ে এমন-কিছু कद्रन या'ए जात मञ्जा वावशास कूलनिलनीत नृजन क्याप्तत जिल्लाय इ'न, সে অন্নতপ্ত হ'য়ে স্বেচ্ছায় নগেন্দ্রনাথ ও স্থামুখীর মিলন ঘ'টিয়ে দিল—তাতে arte (রুমণ্ড) বাদ পড় ত না, আর তা'তে constructione (গঠনণ্ড) হ'তো ध्वः मिं। क्यांन इ'रा ना। वामि वल्लाम, পরিবারে-পরিবারে আমরা যে হু:ধময় জীবনযাপন ক'চ্ছি তারই একটা artistic (শিল্পকৌশলময়) রূপ ছাড়া আমরা যেন আর কিছুই সাহিত্যের মধ্য দিয়া সৃষ্টি কর্তে পাচ্ছি না। ধ্বংসের আর ক্রমিক অধঃপতনের মনোবিজ্ঞানটাই আমরা আজকাল অহভব ক'চ্ছি । আর তা'ই আমরা পুঝারুপুঝরূপে নিধু ত ক'রে আঁ'ক্ছি। সমাজ-জীবনের এই negative criticism (ঋণাত্মক সমালোচনা) আজকাল বিশেষ ক'রে আমাদের সাহিত্যে চ'ল্ছে। নৃতন সংগঠন বা সৃষ্টি আমাদের নিকট এক-রকম অপরিচিত বল্লেই হয়,—ভাই তেমন

জিনিষ আমরা ঠিকভাবে আঁক্তেও পারি না—আর তা' কখনো আঁক্তে গেলে আমরা unpsychological (মনন্তত্ত্বিরোধী) ক'রেই তুলি।'

"শ্রীশ্রীঠাকুর পদ্মাতীরে এসে বিছানায় ও'য়ে বলতে লাগ লেন, 'দেখুন चामारतत्र ममारक मास्ति तनहे वन्ताहे हत्र, धूव कम भविवादतहे मास्ति चारह ; **कीवरनंत्र উপরকার দৈনন্দিন তৃ: थबस्यत उनांत्र এको नित्रस्त निविष् भास्टि** র'য়েছে এমন খুব কম পরিবারেই দেখতে পাওয়া যায়। আমাদের চেয়ে European एमत अदनदकत भाषि दिनी आहि व'रन द्यन आमात मदन इस।' ভারপর বলতে লাগ্লেন—'দেখ্তে হবে নিজের দিকে চে'য়ে—আমি চাই কি? আমার destruction (ধ্বংস) চাই, death (মৃত্যু) চাই—না আমার শাস্তি চাই ? আব আমাদের সেই চাওয়াটাকেই সাহিত্যে ফুটিয়ে তুল্তে হ'বে, নাটকীয় চরিত্রের মধ্য দিয়ে সার্থক ক'বে তুল্তে হ'বে। তখন সাহিত্য হ'বে creative (স্প্রকারী) ও constructive (গঠনকারী), ডা'তে সমাজের destruction (ধ্বংদ) আন্বে না ৷ আজকাল ধ্বংসোমুখ সমাজ-জীবনটাকে উলক্ষ ক'বে দেখান হ'চ্ছে। নাটকের ভিতর দিয়ে জীবনস্থাইর চেষ্টা হ'চ্ছে না। আর এই destruction (ধ্বংস) জীবনে ভাল লে'গে উঠ্ছে, খামরা একটা-কিছু tragedy (বিয়োগান্তক) চাইতে আরম্ভ ক'রেছি-জীবনে **এবং সাহিত্যে। विट्छालं अत्र मिन्यात् मक्न-ए**टहोत्र हेज्हिन स्रामालंड জাতীয় জীবনে বিরল; ধ্বংসশক্তিকে সম্ভনের অহুকৃল ক'রে তুল্তে পাচ্ছি না—তাই মিলন বা স্ঠেষ্ট সাহিত্যে ও নাট্যকলায় তেমন ফু'টে বে'কচ্ছে না। এমন ক'রে ক'রে. এই রকম জলস্ত বিয়োগচিত্রগুলি দে'খে দে'খে যেন দেশের জনসাধারণের মনে মিলনের মঙ্গল-চেষ্টা ক্ষীণ হ'য়ে আসছে। মিলনাস্তক (constructive) या-किছ inartistic व'तन मत्न इ'त्छ । চাই এমন সাহিত্য যা'তে মাহুষের বল, ভরদা, দাহদ, উদ্দীপনা বে'ড়ে ওঠে, মাসুষের মনে নতন আশার সঞ্চার হয়'—বলতে বলতে তিনি থামলেন।"

কতদিন কত বিভিন্ন বিষয়ে যে এইরপ কত অসংখ্য আলোচনা হইয়াছে তাহার অবধি নাই। এই সকল আলোচনা-প্রসক্তে শ্রীশ্রীঠাকুরের অপূর্ব্ব প্রতিভা ও অসাধারণ ব্যক্তিত্বের পরিচয় পাইয়া সকলে মৃগ্ধ হইয়া ষাইতেন। বৈজ্ঞানিক আসিয়া তাহার কাছে বিজ্ঞানের নৃতন তথ্য পাইলেন, দার্শনিক তাহার সংস্পর্শে দর্শনের দর্শন পাইলেন, শিক্ষিত আসিয়া পাইলেন শিক্ষার মৃত্তব : এইরপে সাহিত্যিক তাহার নিকট সাহিত্য-স্প্রের নবীনমন্ত্রে দীক্ষিত হইলেন, প্রবীন সমাজসেবী তাহার বিচিত্র অভিজ্ঞতা এবং স্ক্র অন্তর্গ পরিচয় পাইয়া বিশ্বিত হইলেন।

তাহার সমস্ত প্রতিভাকে ছাপাইয়া উজ্জ্বল হইয়া উঠিয়াছিল তাঁহার পরত্বংথকাতর প্রেমময় মধুর ভাব। নানা বিষয়ে আলাপ-আলোচনা-কালে শ্রীশ্রীঠাকুর সকলের নিকট দেশের নানা হরবস্থা এবং নিরাকরণের উপায় সম্বন্ধে কত কথা বলিতেন। फर्षगांव कथा, मञ्जानारा मञ्जानारा विरत्नाथ, विज्ञानरा अठनिक कृत्रिकांत প্রভাব. সারাদেশব্যাপী অন্ন ও বন্ধের জন্ম হাহাকার, রোগযন্ত্রণায় লক্ষ লক্ষ নবনাবীর করুণ আর্ত্তনাদের কথা বলিতে বলিতে তিনি নিদারুণ ত্বংখে অভিভূত হইয়া পড়িতেন। অকালমৃত্য-নিবারণের জন্ম, সমাজে প্রচলিত বীভংস বিবাহ-পদ্ধতির সংস্কারের জন্ম, আদর্শ শিক্ষা-প্রতিষ্ঠান স্থাপন করিয়া প্রাণবান মান্ত্র তৈযার করিবার জ্বন্ত, বিজ্ঞানের গবেষণা করিয়া জাতির স্থথ-সম্পদ বৃদ্ধি করিবার জন্ম সকলের কাছে প্রাণের কত ব্যাকুল আকাক্ষা জানাইতেন এবং তাহাদিগকে এই সকল কার্য্যে জীবন উৎসর্গ করিতে কতই-না উৰদ্ধ করিতেন। তাহার সম্মেহ করুণ আহ্বানে অমুসরণকারীদিগের মধ্যে কেছ কেহ পাথিব স্বখ-সম্পদ ত্যাগ করিয়া ছুটিয়া আসিয়া তথন হইতেই নিয়তরূপে তাঁহার সহিত বাস করিতে লাগিলেন এবং তাঁহার লোককল্যাণকর ভাবরান্ধি বান্তব-কর্মে মূর্ত্ত করিবার জন্ম আন্মনিয়োগ করিলেন। এইভাবে স্থায়ী অধিবাদী কন্মীর সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাইতে লাগিল। শ্রীশ্রীঠাকুরও তথন হইতে ডাক্তারী ছাড়িয়া দিতে বাধ্য হইলেন। নবীন চিকিংসকের পৈতৃক ভন্তাসন বাটীখানা এখন বন্ধবান্ধব, অন্তসরণকারী **এবং আগদ্ধকরন্দের এক বিরাট উপনিবেশে পরিণত হইল, আর ইহাই** "পাবনার সংসন্ধ প্রতিষ্ঠান" * নামে আজ দেশবাসীর নিকট স্থপরিচিত। বিগত ১৯২৫ সনে ইহাকে ভারতীয় আইনের ১৮৬০ সনের ২১ বিধান মতে বেজিষ্টা করা হইয়াছে।

^{*} প্রতিষ্ঠানের কার্য্য পরিচালনার জন্ম শীখীঠাক্রের সর্বপ্রথণন-মনোনীত কাউলিলের সভাগণের নাম, বগা—৺ননোমোহিনী দেবী—সভাপতি, ৺বনস্তনাথ রার—সহ-সভাপতি, শীবুক্ত প্রভাসচন্দ্র চক্রবর্তী, বি-এল্, শীবুক্ত কৃষ্ণপ্রসন্ন ভট্টাচার্য্য, এম-এ, বি, এস্-সি, শীবুক্ত অবিনাশচন্দ্র অধিকারী, এম-এ, বি-এল্, শীবুক্ত কিশোরী নোহন দাস, ৺ডাঃ বতীন রার শীবুক্ত ফ্লীলচন্দ্র বহু, বি-এ—সম্পাদক, শীবুক্ত ব্রহ্ণগোলাল দন্তরার, এম-এ, বি-এল্—সহ-সম্পাদশ্র। শীশীঠাক্রের অধুনা-মনোনীত কাউলিলের কর্ম্ম-সচিবগণের নাম, বথ সভাপতি—শীবুক্ত প্রভাসচন্দ্র চক্রবর্তী, বি-এল্, সহ্-সভাপতি—শীবুক্ত কৃষ্ণপ্রসন্ধ ভট্টাচার্য্য এম-এ, বি, এস্-সি, সম্পাদক—শীবুক্ত ভামাচরণ মুখোপাধ্যার, এম্, এস্-সি, সহ-সম্পাদঃ —শীবুক্ত প্রসন্ধর্মার দন্ত। বর্ত্তরানে সভাপতি মহাশরের স্থাবে শীশীঠাকুরের স্থাোগ্য জ্যোধ্য পুত্র শীমান্ প্রস্কর্মার দন্ত। বর্ত্তরান সভাবিত মহাশরের স্থাবে শীরিতিছেন।

অষ্ট্ৰম অধ্যায়

পল্লীসংগঠন

শ্রীশ্রীঠাকুর ছিলেন তদীয় জন্মভূমি হিমাইতপুর গ্রামের এক দরিপ্র ব্রাহ্মণ-পরিবারের সন্তান। তিনি তাঁহার সকল অন্তর দিয়া গ্রামের ছংখকে বােধ করিয়াছিলেন এবং এই ছংখ-দৈন্ত-নিপীড়িত গ্রামবাসীকে কেমন করিয়া জীবনীয় রসধারায় স্নাত করিয়া তােলা যায়, ইহাই ছিল তাঁহার জীবনের একমাত্র লক্ষা। বনজঙ্গলে বেরা, ব্যাধি-প্রপীড়িত, অন্তরকলহে ও গৃহবিবাদে পারিবারিক-স্থশান্তিহীন এই গ্রামথানিকে জীবনে, ধর্মে, শিক্ষায়, দাঁজায়, শিল্পে, বাণিজ্যে, দাহিত্যে—জীবন-বিকাশের যাহা-কিছু প্রয়োজনীয় সর্কবিষয়ে সমুদ্ধ করিয়া তুলিতে তাঁহার প্রাণ মাতিয়া উঠিয়াছিল। তাই ভক্ত কর্মীদিগকে লইয়া এইবার নামিলেন তিনি মনের মত করিয়া একটা আদর্শ-পল্লীর পত্তন করিতে, আর যোগাইতে লাগিলেন স্বারই মধ্যে প্রেম, প্রেরণা ও প্রাণ। তাঁহার সঞ্জীবনী স্পর্দে সকল দিক একটা জীবনীয় সজীবতায় ভরপুর হইয়া উঠিল,—দেখিতে দেখিতে গজাইয়া উঠিল এই গ্রামথানির বক্ষ ভেদ করিয়া কত অভিনব শিক্ষায়তন, গবেষণাগার, শিল্পক্টীর, কলকারখানা প্রভৃতি। নিম্নে এই সকল বিভিন্ন প্রতিষ্ঠান সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করা যাইতেছে।

সৎসঙ্গ তপোবন বিভালয়

আমাদের দেশে বালকেরা প্রায়ই ত্র্বল, তাহাতে শৈশব হইতে পড়িতে আরম্ভ করে; আবার এই ত্র্দিনে ধরচান্ত করিয়া দশ বংসর ধরিয়া পড়িয়া পড়িয়া তাহারা ভগ্নস্বাস্থ্য হইয়া কোন প্রকারে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হয় বটে, কিন্তু কেহই যথার্থ মান্ত্র্য হইয়া গড়িয়া উঠে না। বর্ত্তমানে আমাদের দেশের প্রচলিত শিক্ষা মান্ত্র্যের সহজাত বংশান্ত্রক্রমিক বৈশিষ্ট্যগুলিকে উপেক্ষা করিয়া সকলকেই ব্যক্তিত্বহীন একই ছাঁচে ঢালিয়া এক নিজ্জীব সাম্যের স্পষ্টি করে—যাহা আনে অপ্রদা, বেব, হিংসা প্রভৃতি যত অনর্থ। আর্যগৌরবের উজ্জ্ব যুগে শিক্ষার্থীর পক্ষে আদর্শ গুরুর সহবাসে থাকিবার ব্যবস্থা ছিল। সেই গুরু থাকিতেন চারিত্র্যে, পাণ্ডিত্যে, ব্যবহারিক নৈপুণ্যে, আধ্যাত্মিক সাধনায় সর্ব্যবহ্নমে শ্রেষ্ঠ। আচার্য্যের সক্ষলাভ ও উপদেশ-পালনের মধ্য দিয়া তাঁহার

তপ্তার্থে শিক্ষার্থী যাহা করে তাহা দে প্রেমের টানে সর্ব্ব-মনপ্রাণে করিতে অভান্ত হয়, আর এইভাবে ইই-প্রতিষ্ঠায় অনুপ্রাণিত হুইয়াই ভাষা-শিকা, গণিত-শিক্ষা, দেশবিদেশের বর্ত্তমান ও অতীত, নৈতিক ও প্রাকৃতিক পরিস্থিতিমূলক জ্ঞানাহরণ প্রভৃতি সর্বপ্রকার বিষ্ণার একটা হাতে-কলমে দক্ষতা অৰ্জ্জন করিয়া চৌক্ষ মাত্ম্য হইয়া গড়িয়া উঠিতে পারে। এইরূপ আচার্যামুরাগমলক আদর্শ শিক্ষাপদ্ধতি দেশ হইতে অন্তর্হিত হওয়ায়ই জাতির এই ঋষঃপতন হইয়াছে। তাই ইহার পুন:প্রবর্ত্তন করিবার মানসে শ্রীশ্রীঠাকুর এই তপোবন বিভালয়ের প্রতিষ্ঠা করিয়াছেন। যাহাতে বাল্যকাল হুইতেই ছাত্রগণকে ইইপ্রাণ শিক্ষকগণের তত্তাবধানে বাধিয়া তাহাদের সহজাত সংস্থার ও অভ্যাসগুলিকে স্থনিয়ন্ত্রিত করতঃ তাহাদিগকে মন্ত্রের অধিকারী করিয়া তোলা যায়, যাহাতে তাহারা ব্যক্তিগত জীবনের ম্বনাভিঘাতে অভিভূত না হইয়া পদে পদে উন্মেষশালিনী বৃদ্ধি, প্রতিভা ও প্রত্যুৎপন্নমতিত্বের অধিকারী হইয়া জীবন ও জাতিকে নব নব অভিজ্ঞতায়, সম্পদে ও এশর্য্যে মহনীয় করিয়া তুলিতে পারে, বাহাতে শিক্ষার্থীর মধ্যে আসে জীবন-বৃদ্ধির সম্বেগ, প্রদাময় জীবন্ত কর্ম-প্রেরণা, যাহাতে দেশে আনিতে পারা যায় শ্রেছের পূজায় সকল শ্রেণীর মিলন-সামগীতি, প্রেম, পরস্পরে প্রীতিসম্বন্ধ ও অটট গণ-শংস্থিতি—ইহাই শ্রীশ্রীঠাকুরের তপোবন বিদ্যালয়-স্থাপনের একমাত্র किस्ता ।

এখানে শিক্ষকগণ নিষ্কেরা ছাত্ররূপে নিয়ত শ্রীশ্রীঠাকুরের সায়িধ্যলাভ করতঃ তাঁহার অফুপ্রেরণায় মাহ্য গড়িয়া তুলিবার গুরুদায়িত্ব-সম্পাদনের বৃদ্ধি ও কাধ্যকুশলতা অর্জন করিতেছেন। এই সকল স্বার্থত্যাগী একনিষ্ঠ শিক্ষকগণের তত্তাবধানে বালকগণ শারীরিক, মানসিক, ব্যবহারিক ও আধ্যাত্মিক শিক্ষা প্রাপ্ত হইতেছে।

প্রায় দশ বার বংসর পূর্বে মাত্র একজন ছাত্র ও একজন শিক্ষক লইয়া এই তপোবন বিভালয়ের প্রতিষ্ঠা হয়। তথন বিভালয়ের জন্ত কোন স্থান বা ছাত্রাবাস ছিল না। ছাত্রসংখ্যা ক্রমেই বাড়িয়া চলিল। দেখিতে দেখিতে বাংলা, বিহার, আসাম, ব্রহ্মদেশ প্রভৃতি কত স্থানের কত ছেলে আসিয়া ছুটিল। বিভালয়ের গৃহাদি-নির্মাণে তপোবনের বালক ও শিক্ষকর্ক বংসরের পর বংসর দিবারাত্র কি ভীষণ পরিশ্রম করিয়াছেন তাহা বলিবার নয়। ইট কাটিয়া শাজা প্রস্তুত হইতে আরম্ভ করিয়া গৃহনির্মাণ অবধি অধিকাংশ কার্য্যই অধ্যাপক ও ছাত্রগণ নিজেরা করিয়াছেন। যখনই কোন কার্য্য আরম্ভ হয়, তথন যেন কর্মপ্রবণতার প্রবল তৃফান উঠে;—কেই ইট আনিতেছে, কেই লোহা টানিতেছে, কেই বা কাঠ কাটিতেছে, কেই কেই মিল্লির কার্যে

যোগান দিতেছে। হঠাৎ একধানা ইট পড়িয়া কাহারও হাতথানা ছেঁচিয়া গেল, কি ইটে পা কাটিয়া গেল, তাড়াতাড়ি ব্যাণ্ডেজ্ বাধিয়া আবার সে কাজে গাগিয়া যাইতেছে। এই ভাবে যুদ্ধকেত্রে জীবনদানে উন্থত সৈনিকের স্থায় উন্মন্ত কর্মপ্রেরণার ঘোর প্রতিযোগিতা চলে।

ছাত্রের শৈশব-জীবন পরিবারের আবেইনীর মধ্যে পিতামাতার স্নেহনীডে থাকিয়া তাঁহাদের আদর, ষত্ব ও উপদেশের মধ্যে সংসারের নানা অভিজ্ঞতায় বাডিয়া উঠে ইছাই বাস্থনীয়। তাই এখানে সাধারণতঃ বার তের বংসরের বালকগণকে সাধারণ জ্ঞানের পরীক্ষা করিয়া লওয়া হয়। हेश्त्वको ७ वाश्मा काषा स्नाना थाकिएमहे किन वश्मरत्व एठहोत्र प्रकाश বহু বিষয় সহ ছাত্রগণ প্রবেশিকার পাঠ সমাপ্ত করে। আর এই সঙ্গে, সংসারে প্রবেশ করিয়া যাহাতে তাহারা স্বাধীনভাবে জীবিকা-অর্জনের চেষ্টা করিতে পারে, এমন কাধ্যকরী শিক্ষাও লাভ করিয়া থাকে। এই তিন বংসরে ছাত্রগণ বিজ্ঞান শিখিতেছে, ছুতরের কান্ধ, ছাপাধানার কান্ধ, কারখানার কাজ, রাজ-মিশ্রির কাজ, চিত্রবিদ্যা প্রভৃতি অর্থকরী বিলায়ও পারদর্শী হইতেছে এবং সঙ্গে সঙ্গে তাহারা ম্যাটিকুলেশন পরীক্ষায়ও উত্তীর্ণ হইতেছে। ছেলেরা বিতালয়ের প্রান্ধণে তরিতরকারী চাষ করে: গৃহ-পরিষ্কার, বাসন-মাজা, রোগী-শুশ্রুষা প্রভৃতি কাষাও তাহারা নিজেরাই করিয়া থাকে। অভিজ্ঞ চিকিৎসক রীতিমত ছেলেদের স্বাস্থা-পরীক্ষা করেন। বিস্তৃত প্রান্তর এবং পদ্মার চরে ছেলেরা ব্যায়াম ও খেলাধুলা করে ।

শ্রীশ্রীঠাকুরের প্রদন্ত শিক্ষার আদর্শ তপোবন বিদ্যালয়ে সম্যক্তাবে কার্য্যে পরিস্ফুট করিয়া তুলিবার জন্ত কর্মিগণ বিশেষ চেষ্টা করিতেছেন। বিগত ক্ষেক বংসরের পরিপ্রমের ফলে তাঁহারা যে সাফল্য অর্জ্জন করিয়াছেন তাহা লক্ষ্য করিয়া, কলিকাতা হাইকোর্টের মাননীয় বিচারপতি শ্রীযুক্ত মন্মধনাথ মুখাজ্জি মহাশয় সেদিন বলিয়াছেন—"স্থদ্র পাবনা জেলায় সংসক প্রতিষ্ঠানে যে শিক্ষার অন্তর্গান হইয়াছে, অনেক দিন ধরিয়া আমি যে স্বপ্ন দেখিয়াছি, এই প্রতিষ্ঠানের মধ্য দিয়া সে স্বপ্ন মূর্ত্ত হইয়া উঠিয়াছে। ইহার প্রতি লক্ষ্য রাখিয়া জোর করিয়া বলিতেছি যে, এইরূপ অন্তর্গান বাংলার ঘরে ঘরে করণীয়। যত দিন না বাংলার জেলায় জেলায় পলীতে পলীতে এরূপ অন্তর্গান স্থিত হইবে, ঘরে ঘরে লোক বৃঝিবে এরূপ শিক্ষা না দিলে যথার্থ শিক্ষা হইবে না, ততদিন আমাদের দেশের শুভদিন উপস্থিত হইবার বিন্দুমাত্র আশা ভর্ষা নাই।"

সৎসক্ত বিশ্ববিজ্ঞানকেন্দ্র

দেশের কথা আলোচনা-প্রদক্ষে শ্রীশ্রীঠাকুর প্রায়শঃ বলেন—"বদি আমরা অতীতের গৌরবে মোহান্ধ থে'কে পাশ্চাত্য জাতির বিজ্ঞানের আধুনিক অত্যুজ্জন প্রতিষ্ঠাকে উপেক্ষা করি, প্রকৃতি-সমৃদ্র মন্থন করতঃ নিত্যন্তন সত্যের আবিদ্ধার বারা জাতীয়সম্পদ-বৃদ্ধির চেষ্টা না করি তাহা হ'লে আমাদের মৃত্যু অবশ্যম্ভাবী। জাতির অন্তিম্ব বজায় রাখ্তে হ'লে এবং ইহাকে ক্রমবিবর্দ্ধনের পথে চালিত কর্তে হ'লে, আমাদিগকে বিজ্ঞানের সকল বিষয়ে অগ্রগামী হ'তে হ'বে, কোন বিষয়ে কা'রও পিছনে প'ড়ে থাক্লে চল্বে না।" যাহাতে বিজ্ঞানের কার্য্যকারিতার মধ্য দিয়া দেশের অভাব প্রশমিত ইইতে পারে তত্দেশ্যে কতিপয় বৎসর হইল শ্রীশ্রীঠাকুর "সৎসঙ্গ বিশ্ববিজ্ঞানকেন্দ্র" নাম দিয়া বিজ্ঞান আলোচনা করিবার ও তাহা হইতে দেশের ও জাতির চাহিদা মিটাইবার উপাদান-সংগ্রহের হাতেকলমের কাজে লাগিয়াছেন।

খনেক দিনের কথা। একদিন শ্রীশ্রীঠাকুর জনৈক সংঘণ্রাতাকে হাসিতে হাসিতে বলিয়াছিলেন—"এখানে একটা বিজ্ঞানাগার-স্থাপনের জন্ম অর্থ সংগ্রহ করতে চেষ্টা করুন।" সকলে ত' শুনিয়া অবাক! একি সম্ভব ? এই नग्गा भन्नीशास—এथान चार्वात विख्वात्नत गत्वर्गा इटेंद् ? শ্রীশ্রীঠাকুরের হাতে তথন একটা পয়সাও নাই। সংসঙ্গের কন্মীদিগের তথনও দিবদে তুইবার আহার জুটিত না। এ শীঠাকুরের যথন যাহা ইচ্ছা হয়.-একবার যাহা করিবেন বলিয়া সিদ্ধান্ত করেন, তাহা কার্য্যে পরিণত না হওয়া প্র্যান্ত কিছতেই তিনি সোয়ান্তি পান না। খনেকে ভাবিয়াছিলেন, পরিহাস করিয়াই শ্রীশ্রীঠাকুর পল্লীগ্রামে বিজ্ঞানাগার-স্থাপনের মত এমন ষ্কৃত ও অসম্ভব প্রস্তাব করিয়াছেন। তথন কে জানিত ইহা তাঁহার প্রাণের অতি তীত্র আকাজ্ঞার কৈথা! 'বিশ্ববিজ্ঞানকেন্দ্রের' পরিকল্পনা হইল, বন-জন্মল পরিষার করা হইল, একটু একটু করিয়া, দেখিতে দেখিতে বিশাল সৌধ নির্মিত হইল, যম্বপাতি কত-কিছু আসিল। বাংলার এই স্থদ্ব পল্লীর বৃকে শ্রীশ্রীঠাকুর বিজ্ঞান-চর্চার জন্ম যে আয়োজন করিয়াছেন তাহা ্বনেহাং অকিঞ্চিংকর নয়। যে দকল গবেষণা-কার্য্য আরম্ভ হইয়াছে তজ্জ্জ্য শ্রীশ্রীঠাকুর ভিক্ষা করিয়া অর্থসংগ্রহ করতঃ কত বহুমূল্য যশ্লাদি সংগ্রহ করিয়াছেন। Projection microscope, X-Ray apparatus, Microtone, Ultra microscope, Spectroscope, Gaedes Airpump, Galvanometer, Barometer, Chemical Balance, Radiophone, Beckmann's apparatus, Hoffman's apparatus, Reflex condenser, Oil-filter, Filter-press, Tincture Filter-press, Digester, Induction Coil প্রভৃতি কত মূল্যবান ও প্রয়োজনীয় ষয়াদিতে বিশ্ববিজ্ঞানকেন্দ্রের ককগুলি স্থাক্ষিত হইয়া উঠিয়াছে।

বিজ্ঞান-চর্চ্চার উপযুক্ত গৃহাদি না থাকায় ছোট ছোট কুটারেই নানা অশ্ববিধার মধ্যে এতদিন গবেষণা-কার্য্য চলিত। শ্রীশ্রীঠাকুরের দীর্যকাল-ব্যাপী ক্রমাগত চেষ্টা ও পরিশ্রমের ফলে এখন সে-অভাব অনেকাংশে দূর হইয়াছে। প্রাচীর দারা বেষ্টিত প্রায় তিন বিঘা জমির উপর বৃহৎ পাঁচটা কক্ষ ও প্রশস্ত বারান্দা-বিশিষ্ট একটা প্রকাণ্ড দ্বিতল অট্টালিকা নির্মিত হইয়াছে, তাহাতেই বর্ত্তমানে নানা বিষয়ে গবেষণা-কার্য্য চলিতেছে। অপর একটা বৃহৎ দ্বিতল অট্টালিকার একতলায় অনেকগুলি প্রকোষ্ঠ নির্মিত হইয়াছে, তাহাতে পদার্থবিছা, রসায়নশাস্ত্র, উদ্ভিজ্জ-বিছা, মনোবিজ্ঞান প্রভৃতি বিজ্ঞানের বিভিন্ন বিভাগের গবেষণা-কার্য্য পরিচালনা করিবার আয়োজন করা হইয়াছে, এবং ইহার দ্বিতলে বিজ্ঞানের গবেষণার জন্ম আবশ্যকীয় প্রকাদি রক্ষাক্রে একটা গ্রন্থালয়-স্থাপনের ব্যবস্থা হইয়াছে।

শীশীঠাকুর বলেন,—"বিশ্ববিজ্ঞানটী আমার সর্বাপেক্ষা প্রাণপ্রিয় জিনিষ, আশ্রমেব জনকোলাহল হ'তে দ্বে এখানে এই নির্জ্জন নিরালায় আপন মনে বিজ্ঞানের উচ্চ চিস্তা ও পরীক্ষাকার্য্য নিয়ে পাক্তে বড়ই ভাল লাগে।—নানা গবেষণাব চিন্তা নিয়ে ইচ্ছা কবে অধিকাংশ সময় এখানেই থাকি।" বিজ্ঞানাগারটীকে সর্ববিশ্বকারে কার্য্যোপ্রোগী করিয়া গড়িয়া তুলিবার জন্ম শীশীঠাকুরের চেষ্টাব বিরাম নাই।

मरम त्यकानिकान् ७ हेलि क्विकान् उपार्कम्

দেশের আর্থিক ত্রবস্থা লক্ষ্য করিয়া শ্রীশ্রীঠাকুর বলেন—"নিত্যব্যবহার্য্য নানা প্রকার দ্ব্যাদি তৈয়ার ক'রে দেশবাসীর প্রয়োজন নির্বাহ করঃ এবং গবেষণার সাহায্যে নৃতন নৃতন যন্ত্র ও প্রব্যঙ্গাত প্রস্তুত করতঃ বিদেশ হইতে অর্থাগমের ব্যবস্থা কর্তে না পার্লে কোন জাতি উন্নতির দিকে অগ্রসর হ'তে পারে না। কত যুবক নিক্ষিয় ও নিশ্চেষ্ট হ'য়ে ব'সে র'মেছে—বেকার-সমস্যা প্রতি-পরিবারে নিতান্ত ভয়াল হ'য়ে উ'ঠেছে। গতামুগতিকের পথ ত্যাগ ক'রে দেশবাসীকে আজ নৃতন কর্মপ্রেরণায় উদ্বুদ্ধ ক'রে তুল্তে হ'বে।" কতদিন ধরিয়া শ্রীশ্রীঠাকুর এক্ষম্য উঠিয়া-পড়িয়া লাগিয়াছেন! বলিতে কি, কাজেও তিনি ইতিমধ্যে অনেকটা অগ্রসর হইয়াছেন। বার বৎসর পূর্ব্ধে একখানা ছোট টিনের

চালার নীচে একখানামাত্র হাপর ও সামাত্ত কয়েকটা কামার-শালার বন্ধপাতি লইয়া সর্বপ্রথম কার্য্য আবস্ত হইয়াছিল। শ্রীপ্রীঠাকুরের উৎসাহ ও পরিশ্রমের ফলে সম্প্রতি একটা অতি বৃহলায়তন কারখানা-গৃহ নিশ্বিত হইয়াছে। প্রায় তুই বিঘা জমির উপর বনজঙ্গল পরিষ্কার করিয়া কর্মিগণ স্বহন্তে এই কারখানার বাড়ীটা তৈয়ার করিয়াছেন। আশ্রমের পুরুষগণ, মহিলাবৃন্দ এবং তপোবনের বালকগণ ইহার নির্মাণ-কার্য্য প্রাণপণ সাহায়্য করিয়াছেন। সারাদিন ব্যাপিয়া এবং বৈত্যতিক আলোর সাহাব্যে অধিকরাত্রি পর্যান্ত জাগিয়া কাজ করতঃ সকলে ইহার নির্মাণ-কার্য্য সম্পন্ধ করিয়াছেন।


কারখানায় মেসিনের কলকজা ও অন্যান্ত সাক্ষ-সরঞ্জাম এবং গবেষণার উপদোগী স্ক্র যন্ত্রাদি-নিশ্বাণের উপযুক্ত নানাবিধ আধুনিক উন্নতপ্রণালীর যন্ত্রসমূহ সংগৃহীত হইয়াছে। অধুনা এখানে লেদের কাল্ক, দাত কাটিবার ও ছিল্র করিবার কাল্ক, 'প্লেনিংয়ের' কাল্ক, ঢালাইএর কাল্ক, সর্কপ্রকার ঝালাইয়ের কাল্ক, কামারখানার কাল্ক, 'ইলেক্ট্রোপ্লেটিং' প্রভৃতির কাল্ক অতি স্কল্বরূপে করা হয়। মোটর গাড়ীর সর্বপ্রকার কাণ্য যথা,—'বেটারী-প্লেট' তৈয়ার করা, 'বেটারী' মেরামত ও চার্ল্জ করা, 'আরমেচার-ওয়াইন্ডিং' 'ডাইনামো'-মেরামত এবং 'ইলেক্ট্রিক্-ফিটিং' প্রভৃতি কার্য্যও এখানে উত্তমন্ধপে করা হইয়া থাকে।

কারখানার সঙ্গেই একটা বৃহদাকার 'পাওয়ার-হাউস' প্রতিষ্ঠিত হইয়াছে।
তথায় ৪৫ ঘোড়ার শক্তিবিশিষ্ট ছুইটা 'অয়েল ইঞ্জিন' দিবারাত্র চলিয়া
কারখানা, ছাপাখানা, 'ষ্টিম্-লণ্ডি' প্রভৃতির কার্য্যে ও রাস্তায় আলোক-প্রদানে
তড়িংশক্তি সরবরাহ করিয়া থাকে। নানাবিধ সুটার-শিল্পের কার্য্যেও এখান
হইতেই তড়িংশক্তি সরবরাহ করা হইয়া থাকে।

কার্থানার একাংশে দারুশিল্প-বিভাগের কার্যা চলিতেছে। গবেষণা-ভবনের জন্ম টেবিল, আলমারী ও অন্তান্ত আদবাবপত্র, প্রতিষ্ঠানের নানা বিভাগের প্রয়োজনীয় কাঠের যাবতীয় জিনিষপত্র এবং দংদঙ্গে নিত্য নৃতন ষেদকল অদংখ্য গৃহাদি নির্মিত হইতেছে তাহার দরজা, জানালা ও গৃহসজ্জার প্রয়োজনীয় সাজসরঞ্জাম এবং কাষ্ঠনির্মিত গৃহাদি এই বিভাগের শিল্পিগ অতি স্থলররূপে যত্নপূর্বক তৈয়ার করিয়া থাকেন।

সৎসন্ধ কেমিক্যাল্ ওয়ার্কস্

বলেন—"বাংলার পলীগ্রামের বনজঙ্গলে কত অভ্তঞ্গদপ্রদ উদ্ভিদ র'য়েছে, তাহার সংখ্যা করা যায় না। আধুনিক বৈজ্ঞানিক উপায়ে এই সকল উদ্ভিদ হ'তে কত আক্র্যাফলদায়ক ঔষধ যে তৈয়ারী



সংসঙ্গ কেমিক্যাল্ ওয়াক্সের বহিভা

হ'তে পারে তা'বও ইয়তা নাই! এদেশের জলবায়তে বৃদ্ধিপ্রাপ্ত প্রম্বাধি-সমূহই আমাদের ধাতুর পক্ষেও সম্পূর্ণরূপে উপযোগী। তাই এ-দিকে মনোযোগ দেওয়া দেশবাসীর পক্ষে একটা বিশেষ কর্ত্তব্য ব'লেই আমার মনে হয়।" বাংলার পল্লীর লতাগুলাদি হইতে অমৃত আহরণ করিয়া দেশের যে কতথানি কল্যাণ সাধন করা যায় তাহা বিশিষ্টরূপে প্রমাণ করিবার উদ্দেশ্যে প্রীশ্রীঠাকুর ঔষধ-প্রস্তুত্তের এই কারখানাটা পল্লীক্রোড়েই স্থাপন করিয়াছেন। তাঁহার উপদেশে লক্ষপ্রতিষ্ঠ রাসায়নিক ও চিকিৎসকগণ আজ এখানে টাট্কা দেশীয় উদ্ভিক্ষ হইতে কত ঔষধ প্রস্তুত করিতেছেন! দরিদ্র দেশবাসীর রোগক্ষেশ যাহাতে সহক্ষে নিবারিত হয় এবং দেশের অর্থ দেশে থাকিয়া যায়, 'কেমিক্যাল্ ওয়ার্কস্' স্থাপনের ইহাই শ্রীশ্রীঠাকুরের প্রধান উদ্দেশ্য।

১৯২৫ সন স্মরণ করাইয়া দেয় দেশবন্ধু চিত্তরঞ্জনের সপরিবারে সংসক্ষে আসিবার কথা। সেই বৎসরই কেমিক্যাল ওয়ার্কসের প্রথম ভিত্তি স্থাপিত হয়। এত্রীঠাকুরের প্রদত্ত তুইটা মাত্র ঔষধের ফরমূলা লইয়া সর্বস্রেখম 'কেমিক্যালের' কাজ আরম্ভ হইল-একটা 'নবরঞ্জিনী তৈল', ও একটা 'প্রিভেটিনা মলম'। তথন আশ্রমে কলকারখানার কান্ধ আরম্ভ হইগাছে. মাঝে মাঝে আকম্মিক ছুৰ্ঘটনা হইত, কিন্তু পোড়া বা কাটার ভাল ঔষধ ছিল না, অথচ তাহার প্রয়োজন বেশ অন্তভত হইত। এই প্রয়োজনকে ভিত্তি করিয়াই 'প্রিভেণ্টিনার' সৃষ্টি হয়। তেমনি প্রতিবৎসর আশে পাশে চারি-দিকে কলেরার প্রাত্তাব হওয়াতে 'মিষ্ট এজামঞ্জিট' নামক ঔষধটি তৈয়ার হয়। আশ্রমে একজন মহিলা দীর্ঘকাল ধরিয়া স্থতিকারোগে ভূগিতেছিলেন। সকল রকমের চিকিৎসা বার্থ হইল, ডাব্ডারগণ তাহার জীবনের আশা ছাড়িয়া দিলেন, শ্রীপ্রীঠাকুর বড়ই চিস্তিত হইয়া পড়িলেন। শুধু চিস্তা করিয়া ক্ষান্ত হওয়াই তাঁহার স্বভাব নয়, কি প্রকারে তাঁহাকে রোগমুক্ত করিবেন তজ্জন্ম বিশেষভাবে তিনি চেষ্টা আরম্ভ করিলেন। ফলে "পিওর-পেরো-ডাইরিণ" নামক ওবধটী তৈয়ার হইল। রোগী এই ঔষধ ব্যবহার করিয়া সম্পূর্ণরূপে আরোগ্য লাভ করিলেন। ভারপর এই ঔষধটা আরও কয়েকটা রোগীকে ব্যবহার করাইয়াও ফুলর ফল পাওয়া গেল এবং তখন ইহা ব্যাপকভাবে সংসঙ্গের ডিস্পেন্সারীতে ব্যবহৃত হইতে লাগিল। এইরপ এক-একটা প্রয়োজন আসিয়া উপস্থিত হওয়ার সঙ্গে সঙ্গে এএীঠাকুর দেশীয় বনজাত নানা প্রকার গাছ-গাছড়ার গুণাবলী পর্যালোচনা করিয়া এক-একটা ঔষধের ফরম্লা ও তাহা প্রস্তুত করিবার প্রণালী পুঝামপুঝরণে বলিয়া দিতেন, আর তাঁহার নির্দেশমত ঔষধ প্রস্তুত করতঃ:

বছ রোগীর উপর পরীক্ষা করিয়া আশ্চর্যা ফল পাওয়া যাইত। এই ভাবে 'কেমিক্যাল্ ওয়ার্কন্'-এর প্রস্তুত ঔষধাবলীর সংখ্যাও বাড়িয়া যাইতে লাগিল।

প্রথমতঃ পাঁচ ছয় বংসর থড়ের ও টিনের ক্রু ক্রু গৃহে ঔষধ-প্রস্তুতের কার্য্য চলিত। তথন মাত্র ছই তিনটা কর্মী সারাদিন বন-ক্রমণে ঘুরিয়া ঘুরিয়া গাছ-গাছ্ড়া সংগ্রহ হইতে আরম্ভ করিয়া ঔষধ-প্রস্তুত ও তাহা নানাস্থানে প্রেরণ প্রভৃতি এই বিভাগের মাবতীয় কংগ্যের ব্যবস্থা করিতেন। ১৯৩০ সনে 'কেমিক্যাল্ ওয়ার্কস্'-এব জ্বত্য পাকা বাড়ী তৈয়ার হইল; তদবধি আরও অধিকসংখ্যক-কর্মী নিযুক্ত করিয়া নানাবিধ ঔষধ, 'টিংচার', 'এক্স্টাক্ট', 'ইন্জেক্সন্' প্রভৃতি বহুল পরিমাণে তৈয়ার করিবার ব্যবস্থা হইয়াছে। আর্জ 'সংসঙ্গ কেমিক্যাল্ ওয়ার্কস্'এর ঔষধ বাংলা, বিহার, উড়িয়া, ত্রন্ধদেশ ও অয়ায়্য প্রদেশে ছড়াইয়া পড়িয়াছে। বিদেশী ঔষধের প্রতিযোগিতা-বহুল বাজারে এবং সেই সমন্ত ঔষধেরই প্রয়োগে অভিজ্ঞ চিকিৎসকের মহলে দেশীয় গাছ-গাছড়া হইতে প্রস্তুত ঔষধাবলী বিশেষ ফলপ্রদ না হইলে যে সমাদর লাভ করিতে পারে না, ইহা বলাই বাহুল্য। দেখিতেছি, বাংলার এক নিভৃত্ত পল্লীর বক্ষে সংসঙ্গের এই কর্ম-প্রতিষ্ঠানটা আত্র দেশের সত্যিকারের মন্ত বড় সমস্তা-সমাধানের একটা বান্তব প্রাণপূর্ণ রূপ লইয়া গজাইয়া উঠিতেছে।

সৎসঙ্গ প্রেস ও পাব্লিশিং হাউস্

শ্রীপ্রীঠাকুর একবার একথানা রহং টিনের ঘরের পত্তন দিলেন এবং কর্মীদিগকে লইয়া সর্বহ্বণ নিজে সঙ্গে সঙ্গে থাকিয়া কাজ করাইয়া ঘরথানা সম্পন্ন করিলেন। কেহই জানিল না, কিসের জন্ম ইহা নির্মিত হইল। কিছুদিন পর একজন সক্ষপ্রাতার (শ্রীযুক্ত সতীশচন্দ্র বস্থর) নিকট হইতে শ্রীশ্রীঠাকুর কিছু অর্থ চাহিয়া লইলেন এবং তদ্বারা প্রেসের কতগুলি সাজ্পরপ্রাম আনাইলেন। কয়েকটা কর্মী লইয়া কাজ আরম্ভ করা হইল। প্রেসের কার্য্য কর্মীরা তথন কেহ কিছুই জানিতেন না। শ্রীশ্রীঠাকুরের উৎসাহে তাঁহারা আপ্রাণ চেপ্তায় মেসিন-চালান এবং কম্পোজের কাজ শিথিতে আরম্ভ করিলেন। কতবার মেসিন ভাঙ্গিল, টাইপপত্র কত নম্ভ করিল, অর্থের কত অপচয় হইল। শ্রীশিগকে স্থলক করিয়া তুলিবেন, ইহাই তাঁহার একমাত্র আন্তর্বিক ইচ্ছা। শ্রীশ্রীঠাকুরের অপূর্ব্ব প্রেরণার সহিত কর্মীদিগেরও প্রাঞ্গীত পরিশ্রমের অভাব ছিল না। কিছুকাল অবিরাম চেষ্টার ফলে কর্মিগণ প্রেসের যাবতীয় কার্যেই বিশেষ পারদ্গী হইয়া উঠিলেন; সজ্জের প্রয়োজনীয় কার্য্যাদির সঙ্গে বাহিরের কাজও তাঁহারা আন্তে আন্তে

গ্রহণ করিতে লাগিলেন। যেমন কান্ধ পাওয়া ষাইতে লাগিল, তত্পযোগী বান্ধসমঞ্জামও ক্রমেই সংগৃহীত হইতে লাগিল। অধুনা বৈত্যতিক শক্তিগালিত উন্নত প্রণালীর প্রকাণ্ড ক্ষেক্টী 'ফ্লাট্ মেদিন' ও 'ট্রেড্ল্ মেদিনের'
বাহায্যে দকল প্রকার ছাপার কাথ্য স্বন্ধ সময়ের মধ্যে অতি স্কল্বরূপে দম্পন্ন
হইতেছে। প্রীশ্রীঠাকুরের অঞ্প্রেরণায় আদ্ধ বহু সন্ধান্তবংশীয় শিক্ষিত যুবক
এখানে প্রেদের কাথ্যে যোগদান করিয়া মুদ্রণ-ব্যাপারের উন্নতি-সাধনে
বন্ধবান হইয়াছেন। দংসক্তপ্রেদে কম্পোজিং-এর প্রায় যাবতীয় কাথ্যই
আশ্রমবাসী মহিলারাই করিয়া থাকেন। তাহারা নিজ নিজ সংসারের
গৃহকর্মাদি করিয়াও প্রত্যেকে বিপুল উৎসাহে দৈনিক অন্ততঃ ১০ঘণী
করিয়া প্রেদের কাজে পরিশ্রম করিতেছেন। প্রেস-সম্পন্ধীয় যাবতীয় কাথ্য
স্কাক্রপে স্বব্রাহ করিবার জন্য প্রেদের সঙ্গে একটা সর্কাক্ত্রন্দর পুত্তক
বাধাই বিভাগও খোলা হইয়াছে। গভর্ণমেন্ট ও জনসাধারণের বহু
দায়িরপূর্ণ কাথ্য শৃঞ্জার সহিত স্বব্রাহ করিয়া প্রেদের কন্মিগণ সর্ক্রে
যথেপ্ত প্রশংসা অর্জন করিয়াছেন। মফঃস্বলে এরূপ উচ্চশ্রেণীর প্রেস যে খুব
কমই আছে তাহা বলাই বাহল্য।

নানা সমস্তার সমাধান সম্বন্ধে শ্রীশ্রীঠাকুরের প্রচারিত বাণীর সহিত দেশবাসীকে পরিচিত করিবার উদ্দেশ্যে এই প্রেস হইতে বহু গ্রন্থ মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। শ্রীশ্রীঠাকুরের কথিত এবং তাঁহারই ভাবধারা-অবলম্বনে অন্তের লিখিত এই সকল গ্রন্থরাজি "সংসঙ্গ পাব্লিশিং" বিভাগের চেষ্টায় সর্ব্বত্র প্রচারিত হইতেছে। সংসঙ্গের মুখপত্র "সংসঙ্গী" পত্রিকাটীও এই প্রেস হইতে মুদ্রিত হইয়া দেশবাসীর দারে দারে প্রতি সপ্তাহে উপস্থিত হইয়া শ্রীশ্রীঠাকুরের ভাবধারায় তাহাদিগকে দন্দীপ্ত ও উদ্বন্ধ করিয়া তুলিতেছে। শ্রীশ্রীঠাকুর বলেন—"যাহারা বাঁচার মন্ত্রে দীক্ষিত হইয়া অন্তিত্বকে অক্ষুণ্ণ রাখিবার চলমান নেশায় জীবনের পথে ছুটিয়াছে তাঁহানাই [']সংসঙ্গী' নামের যোগা।—বেঁচে থাকা ও বৃদ্ধি পাওয়া যেখানে যাহার নক্ষে সর্বাঙ্গ পূর্ণতা লাভ করে সেইখানেই সংসঙ্গ।" "সংসঙ্গী" পত্রিকাটী শ্রীশ্রীঠাকুরের প্রচারিত এই উদার আদর্শে দেশবাসী সকল সম্প্রদায়কে একতার মহামিলনে আবদ্ধ করিবার জন্ম কয়েক বৎসর ধরিয়া কি আপ্রাণ চেষ্টার্ট না করিতেছে! 'সৎসন্ধীর' এই বৈশিষ্ট্য লক্ষ্য করিয়া স্থপ্রসিদ্ধ আনন্দবাজার' পত্রিকার সম্পাদক মহাশয়ও সেদিন মন্তব্য করিয়াছেন—"এই টন্তাহীন, লক্ষ্যহীন গতাহুগতিকতার দিনে সংসক্ষের স্বাতন্ত্র সাময়িক সাহিত্যে ্য বিশিষ্ট ভাবধারা বহিয়া আনিতেছে তাহার প্রয়োজন আছে। নিক্ষল ণমালোচনা ও কর্কশ বাদাত্ববাদের পরিবর্ত্তে জ্বাতির চিন্তা ও চরিত্তে যে

গঠনমূলক আদর্শ ও কর্ম্মপদ্ধতি প্রয়োজন 'সংসঙ্গী' প্রবন্ধ, কবিতা, গল্প ও আলোচনার ভিতর দিয়া তাহারই আভাস দিতেছে।"

সৎসঙ্গ কুটীরশিল্প বিভাগ

শ্রীশ্রীঠাকুর বলেন—"পারিপার্শিকের প্রয়োজন-পরণের অমুসন্ধিংসা ও ভভবুদ্ধি জাগ্রত হ'লেই বেকার-সমস্তা জাতির বক হ'তে ধীরে ধীরে অন্তর্হিত হ'য়ে যা'বে।" তাই আছু দেখিতেছি, বাংলার নরনারীর জীবনে নবচেতনা জাগ্রত করিয়া তুলিবার জন্ম শ্রীশ্রীঠাকুর কুটীর-শিল্পের প্রবর্তন করিয়া সবাইকে সেবার মন্ত্রে দীক্ষিত করিতে চেষ্টা করিতেছেন। স্থপ ও সমুদ্ধি-অর্জনের একমাত্র পথ এই গৃহশিল্প যাহাতে পল্লীগ্রামেও প্রবর্তিত **ब्हेया नदनादी-निर्किएनएर मकलबढ़े श्राद्यांक्रनीय व्यर्थ-छेशांक्रांतद छेशां**य করিয়া দিতে পারে, ইহাই শ্রীশ্রীঠাকুরের একমাত্র উদ্দেশ্য। বিগত কয়েক বৎসবের চেষ্টায় শ্রীশ্রীঠাকুর ময়দার কল, আটার কল, চাউলেব কল, তৈলের কল, চিনির কল এবং 'মেডিকেটেড এইরেটেড ওয়াটার,' 'স্পাইস পাউডারিং', 'স্থতার গুটি', 'গ্লাস ব্লোইং', 'টেলারিং', বোতাম-নিশাণ, 'লজেন্দ্র'-প্রস্তুত, 'পটারী ওয়ার্কদ', রুটি, বিস্কৃট, ডাল, গম প্রভৃতি তৈয়ার করিবার নানাপ্রকার ছোট ছোট স্থন্দর মেদিনারী থরিদ করিয়া আনিয়াছেন এবং তাহা স্থাপনের জন্ম গৃহাদি নির্মাণ করিয়াছেন। ইতিমধ্যেই কতকগুলি বিভাগের কাজ আরম্ভ হইয়া গিয়াছে। একখানা বাড়ীতে 'কার্ড-বোর্ড' তৈয়াবীর ষন্ত্রাদি স্থাপন করিয়া তাহার সাহায্যে নানা কার্য্যের উপযোগী 'কার্ড-বোর্ডে'র বান্ধনিশ্বাণ-কার্যা চলিতেছে। গ্রামের বছ নিরাশ্রয়া বিধবা এবং দরিদ্র লোক এই বিভাগে কাজ করিয়া জীবিকা অর্জ্জন করিতেছে। 'ষীমলণ্ডির' জন্মও একটা বৃহৎ বাটা নিশ্মিত হইয়াছে এবং তাহাতে ঐ কার্য্যের উপযোগী নানা জাতীয় যন্ত্রাদি স্থাপন করিয়া কাজ আরম্ভ করা হইয়াছে। এতদঞ্চলে বহু 'হোসিয়ারী' কারখানা থাকায় একটি উচ্চশ্রেণীর 'লণ্ডি'র খুবই অভাব ছিল। সংসঙ্গের এই ধোলাই বিভাগটী আৰু সে অভাব পূর্ণ করিয়াছে।

'কটন্-ইপ্রাঞ্জিরের' জন্মও একটা প্রকাণ্ড বাড়ী তৈয়ারী হইয়াছে,—সে প্রায় আড়াই বিঘা জমির উপর। বাড়ীখানিতে অনেকগুলি দীর্ঘায়তন স্বিষ্কৃষ্ঠ কক্ষ এবং সন্মুখে একটা প্রশন্ত বারান্দা রহিয়াছে। গ্রামে গ্রামে কৃদ্র কৃদ্র মিল স্থাপন করিয়া যাহাতে বন্তুসমস্থার সমাধান করা যায় এবং পল্লীশিল্পের উন্নতি করিয়া দেশের বান্তব কল্যাণ সাধন করা যায় ইহাই শ্রীশ্রীঠাকুরের অন্ততম উদ্দেশ্য। 'অন্তুক্ল হোসিয়ারী' নাম দিয়া এখানে একটা উচ্চশ্রেণীর গেঞ্জীর কল স্থাপন করা ইইয়াছে। ইহার কার্যাও বেশ স্থলরভাবে চলিতেছে। এতদ্বতীত, প্রীশ্রীঠাকুরের উৎসাহ ও উপদেশে বহু পরিবারেই নিতানৈমিত্তিক বাবহাবোপহেংগী নানারূপ স্বাস্থাপ্রদ থাস্কর্ম্যা, অব্যর্থ ঔষধ এবং অন্তান্ত প্রযোজনীয় জিনিষপত্রাদি প্রস্তুত ইইতেছে এবং তাহা সর্ব্যাধারণের স্থবিধার্থ স্বল্লমূল্যে বিক্রয় হইতেছে। এইরূপ অন্থান্ধিৎস্থ সেবা দারা এখানে অনেকেই আজ উন্ধতির পথে অগ্রসর হইবার স্থবর্ণ স্থাপা পাইয়াছেন। দারিত্রা-মোচনের অমর মন্ধ্র—এই সেবা-মাহাত্ম্যে যত্ত শীদ্র সকলে উব্দুদ্ধ হইবে তত্তই দেশের মঙ্গল। ইহা ছাড়া অন্থ উপায় যে আর কিছুই নাই তাহা বলাই বাহল্য।

जर्जन वाडि

শ্রীশ্রীঠাকুর একদিন বলিতেছিলেন.—"পল্পীর কথা যথন ভাবি, প্রত্যেকটা পরিবারের বাথা-বেদনা-ভরা চিত্রটী যেন আমার চোথের সাম্বনে ভে'সে ওঠে, মনে হয় আমিও দেই পরিবারেরই একজন, তাদের অবনতির জন্ম আমিই দায়ী।" তাই দেখিতে পাই গ্রামবাদীদিগের ত্বংখ-নিরাকরণের জন্ম তিনি দিবারাত্র কত ব্যস্ত থাকেন! পল্লীগ্রামের তুদ্দশার কথা আলোচনা-প্রদক্ষে শ্রীশীঠাকুর প্রায়শ: বলেন—"বাংলার ক্ববক ও শিল্পীদের কি তুরবস্থা! দেশে কর্মকার, কুম্বকার, তস্কুবায়, মালাকর প্রভৃতির ব্যবসায় আজ একরপ লোপ পে'তে ব'দেছে। রুষককুল নিরন্ধ এবং ঋণভারে জ্জবিত। কৃষি ও শিল্পকার্য্যের পরিচালন-উপযোগী যংসামান্ত মূলধন যাহা যথন দরকার হয়, তজ্জ্জ্মত তা'রা ধনী মহাজ্ঞানের শ্রণাপন্ন হয়, यात कृमीपकीरी महाजनगं छेक्टरात स्रम ग्रहन क'रत जाहारात पूर्वमात একশেষ ক'রে থাকেন। গ্রামের সাড়ে-পনর-আনা লোক কৃষি ও শিল্পজীবী। ইহারা এমনভাবে নাশ পাওয়ার গ্রাম আজ ধ্বংসের মুখে। ষেরপেই হউক ইহাদিগকে বাঁচাতেই হ'বে। একটা পল্লীও যদি মৃত্যুর কবল হ'তে রক্ষা পাওয়ার সন্ধান পায়, আশা করা যায় সেই নীতির অন্ন্যবৰ্গ ক'বে অদ্ব ভবিশ্বতে একদিন বাংলার শ্রী ফি'বে আস্তে পাবে।" পলীর উন্নয়নের জন্ম শ্রীশ্রীঠাকুর স্বগ্রামে একটা ব্যান্ধ স্থাপন कविशाष्ट्रन । याशाष्ठ भन्नीय मण्यम मारे नृथ्याश প्राচीन स्थानन, लोहिनन्न, বস্ত্রশিল্প প্রভৃতি পুনকজীবিত হইয়া দেশকে ধনৈখর্ব্যে শ্রীসম্পন্ন করিয়া তোলে, ক্ষিদম্পদে গৃহত্ত্বের ভাগুার পূর্ণ ইইয়া উঠে, দেক্তা কৃষক ও मिन्नी निगदक वावनाय जाना देवांत क्या ने मद्या कि अद्योक नीय मृन्य निया সাহায্য করিবার উদ্দেশ্তে নাম্মাত্র স্থাদে তাহাদিগকে ব্যাহ্ব হইতে টাকা কর্জ দেওয়ার ব্যবস্থা করিয়াছেন। ঋণগ্রহীতা নগদ টাকা ঘারা দেনা পরিশোধ করিতে না পারিলে কৃষি বা শিল্পজাত দ্রব্যাদির বিনিময়ে সে-ঋণ শোধ করিতে পারেন। অসচ্ছল অবস্থার ভিতরেও যাহাতে পল্পীবাসীর: কিছু কিছু বাঁচাইয়া তুর্দিনের জন্ম সঞ্চয় করিতে পারে তজ্জন্ম "সংস্ক্র রিনোভেশন্" নামে একটা 'ফণ্ড' খ্লিয়াছেন। আবার গৃহস্থেরা প্রত্যেকেই নিজ নিজ বাড়ীতে এক একটা বাক্স রাখিয়া তুই চার পয়সা করিয়াও যাহাতে ইচ্ছা করিলেই যখন খুসী জমাইতে পারে এবং তাহা ব্যাক্তে জমা দিয়া বাড়াইতে পারে, ব্যাক্ষটীতে তেমন ব্যবস্থাও আছে।

সৎসক পূর্ত্তকার্য্য বিভাগ (ইঞ্জিনিযারিং ওয়ার্কস্)

বিভিন্ন বিভাগের ক্রত উন্নতির সঙ্গে সংস্করে অধিবাসীর সংখ্য: ক্রমেই বুদ্ধি পাইতে লাগিল। নানা স্থান হইতে কর্মপ্রার্থী হইযাও বছ লোক আসিয়া জুটিল। ইহাদিগের কতকজনকে লইয়া একটা পূর্ত্তকার্য্য বিভাগ থোলা হইল। সে আজ বার বংদর পূর্বের কথা। কম্মিগণ সর্বব্যথম দেশবাসীর স্বাস্থ্যরক্ষার্থ পানীয় জল সরবরাহ করিবার উদ্দেশ্যে নানাস্থানে নলকুপ-খননকাৰ্য্য আরম্ভ করিলেন। নলকুপ হইতে যাহাতে উৎকৃষ্ট পানীয় জল পাওয়া যায় তজ্জ্য তাহারা বৈজ্ঞানিক উপায়ে মাটা ও জল পরীক্ষার ব্যবস্থা করিলেন। ক্রমে ঘর-বাড়ী, লোহার 'ট্রাক্চারেল ওয়ার্কস্', 'ওয়াটার ওয়ার্কস্', রাস্তাঘাট, দেতুনির্মাণ প্রভৃতি সর্বপ্রকারের কণ্টাক্টারের কার্যাই এই বিভাগের কর্মিগণ বিশেষ যোগ্যভার সহিত সম্পন্ধ করিয়া দেশের সর্ব্বত্র স্থপরিচিত হইয়া উঠিলেন। প্রতিবংসর বহু যুবক নানাস্থান হটতে আসিয়া এই বিভাগে শিক্ষানবিশীর কার্য্য করতঃ অল্প সময়ের মধ্যে নিজেরা স্বাধীনভাবে হাতে-কলমে কার্য্য করিবার অভিজ্ঞতা ও কৌশল অর্জন করিয়া যাইতে লাগিলেন। ইহাতে বেকার যুবকের অন্নসংস্থানেরও একটা উপায় হইল। এমন দিন গিয়াছে ষথন শ্রীশ্রীঠাকুর সর্বাক্ষণ নিজে সঙ্গে পাকিয়া স্বহুত্তে কন্মীদিগকে এই সকল কার্য্য শিক্ষা দিয়াছেন। এখনও তাহার সাহায্য ও উপদেশ-দানে বিন্মাত্র বিরাম নাই। কন্মীরা যখনই কোন অস্কবিধায় পতিত হন, তৎক্ষণাৎ তাঁহারা শ্রীশ্রীঠাকুরকে তাহা জানাইয়া তাহার নিকট হইতে কার্য্যসম্পাদনের যুক্তি ও বুদ্ধি গ্রহণ স্কুরেন এবং তিনিও স্বয়ং কার্যাস্থানে উপস্থিত হইয়া তাঁহাদের কর্মবেগ আরোতীর গতিতে চালাইতে কত উৎসাহিত করেন। বুদ্ধিবলে কি ভাবে কম খরচে ও অল্প সময়ে কার্যাগুলি উৎকৃষ্টরূপে সম্পন্ন করিয়া দেশবাসীকে আরও অধিকতর উত্তম সেবা হারা খুসী করা যায় ভজ্জন্ত কর্মীদিগকে কত পদ্মা বলিয়া দেন। তাঁহার অবিরাম আপ্রাণ চেষ্টায় কর্মীরাও ইতিমধ্যে কার্যাসম্পাদনে যথেষ্ট দক্ষতা অর্জন করিয়াছেন। বিভাগীয় কমিশনার, জিলা ম্যাজিট্রেট্, মহকুমা ম্যাজিট্রেট্, রেলওয়ে কর্তৃপক্ষ, মিউনিসিপালিটি, ডিষ্ট্রেক্ট্, বোর্ড প্রভৃতি সকলেই ইহাদের কার্গোর ভূয়সী প্রশংসা করিয়া থাকেন। পাক্সীর সারা-সেতৃ এবং গড়াই-সেতৃর River boring-এর কার্যো ইহারা কর্তৃপক্ষের খ্বই স্থ্যাতি অর্জন করিয়াছেন। ইতিপূর্বের এতদ্দেশীয় কর্মীদিগকে এই জাতীয় কঠিন কার্যোর দিয়িত্ব দেওয়া হইত না। সংসক্ষের কন্মিগণেরও ইতিপূর্বের এ-প্রকার কার্যোর বিন্দুমাত্রও জ্ঞান ছিল না। কাজের আদেশ পাইযা তাঁহারা শ্রীশ্রীঠাকুরের নিক্ট আসিয়া উপস্থিত হইলে, তিনি তাঁহাদিগকে কার্য্যে অগ্রসর হওয়ার কৌশল বলিয়া দিলেন এবং তংক্ষণাং প্রয়োজনীয় ষ্লাদি সংগ্রহ করিয়া দিলেন। কার্যাট শেষ না হওয়া পর্যান্ত তাহা মীমাংসা করিবার পদ্মা বলিয়া দিয়া কন্মিগণকে সাহায্য করিয়াছেন।

সৎসক্ত মাতৃ-সঞ্চ

মাতৃজাতির উন্নতির জন্মও শ্রীশ্রীঠাকুর কম চেষ্টা করেন নাই। এই অশিক্ষিত, কুশিক্ষাপ্রাপ্ত, আদর্শচ্যত সমাজের নারীকৃলকে শিক্ষা, দীক্ষা, চরিত্র ও ব্যবহারে মূর্জিমতী লক্ষ্মী করিয়া গড়িয়া তুলিতে তিনি দিবারাত্র ব্যস্ত। নারীই যে জাতির জননী—এই বোধ প্রত্যেক নারীর অস্তরে সজাগ থাকিয়া যাহাতে তাহাদিগকে নিয়তই উদ্বর্ধনের দিকে চালিত করিতে পারে, এজন্ম তাহার পরিশ্রমের অস্ত নাই। নারীজীবনের আদর্শগুলি সভায় অম্প্রবিষ্ট হইয়া যাহাতে তাহাদের চরিত্র ও চলনকে অম্বর্গ্গেভ করিতে পারে, এজন্ম তিনি তাহাদিগকে সর্বাদা হাতে-কলমে শিক্ষা দিয়া থাকেন। নারীজাতির সর্ব্ববিধ কল্যাণের জন্ম শ্রীশ্রীঠাকুরের অন্যপ্রেরণায় এখানে মহিলা-সজ্বের প্রতিষ্ঠা হইয়াছে। মহিলাদিগের মধ্যে শিক্ষা, ধর্মা, স্বাস্থ্য, শিশুমকল, মাতৃমকল প্রভৃতি বিষয়ে সাধারণ তথ্য-প্রচার, বিবিধ ক্টীর-শিল্পের প্রবর্তন দ্বারা নারীজাতিকে স্বাবলম্বী করিয়া তাঁহাদের আর্থিক সমস্থার সমাধান করা, পরস্পরের মধ্যে ভাব-বিনিময় দ্বায়া ধর্ম ও জ্ঞানের ভাব উদ্দিশ্ত করা, সেবা ও রোগপ্রতিকার বিষয়ে উপযুক্ত শিক্ষাপ্রদান প্রভৃতি নারীজাতির সর্ব্ববিধ কল্যাণ-চেষ্টাই মাতৃ-সক্তব-স্থাপনের একমাত্র উদ্দেশ্য।

সংসক্ষের মহিলাগণ সকাল হইতে রাত্রি পর্যান্ত কার্যানিরত থাকিয়া নানাবিষয়ে স্বদক্ষ কর্মী হইয়া উঠিতেছেন। গৃহস্থালী ও লেখাপড়া, সঞ্চীত ও বাষ্ম, চিত্র ও স্থচি-বিষ্মা, ধাত্রী ও শুশ্রমা-বিষ্মা প্রভৃতি যাবতীয় কাজ তাঁহারা একই সঙ্গে নিত্য করিয়া যাইতেছেন। এতঘাতীত প্রত্যেকে স্বীয় আধ্যায়িক উন্নতির জ্বন্য নিয়মিতরূপে ব্যক্তিগত ও সজ্ববদ্ধ ভাবে সাধনাও করিয়া থাকেন। পদ্মাতীরে প্রত্যহ পূজান্তে সকাল-সদ্মায় আশ্রমবাসী সমবেত বালিকা ও মহিলারুন্দের ভক্তি-আগ্রুত-কণ্ঠোচ্চারিত মঙ্গলাচরণ ও বিনতিপাঠ পূজামন্দির ও প্রাঙ্গন মুখরিত করিয়া তুলে। হিন্দী মঙ্গলাচরণ ও বিনতিপাঠ ব্যতীত নিয়লিখিত প্রার্থনা তুইটা মহিলাগণ কর্ত্ব প্রত্যহ সমবেত উপাসনায় বিশেষভাবে পঠিত হইয়া থাকে। যথা:—

()

"আমার ইষ্ট, আমার আদর্শ।

আদ্ধ থেকে আমার জীবন তোমার। তোমার বৃদ্ধি আমার বৃদ্ধিকে স্পর্শ করুক। তোমাকে প্রতিষ্ঠা করাই আমার জীবনের সর্বপ্রধান ব্রত হউক। 'নারীর নীতিতে' তুমি ব'লেছ—তুমি কলাণীরূপে—সতীরূপে—নারীরূপে আমাকে আমাক বৈশিষ্টো বর্দ্ধনশীলা দেখিতে চাও। শপথ কর্ছি—আমার জীবনের প্রতি মুহুর্ত্তে আমি তোমার এই ইচ্ছাকে পূর্ণ কর্তে চেষ্টা করব।

তুমি স্বস্থ দীর্ঘায় হও। আমার জীবন আমি তোমায় অর্ঘ্য দিলাম।
—তুমি উচ্ছল হ'য়ে ওঠ—পুলকে—জীবনে—ঘশে—আর সমান সম্বেগে।
নারী আমি—অমৃতের অধিকারিণী—আশীর্কাদ কর যেন তোমার এই অফুরস্থ
অমৃত দিয়ে নিপীড়িত ব্যথিত কর্মিষ্ঠ আদর্শান্তপ্রাণ নরকে আমি অপূর্ব্ধ প্রাণনস্লানে স্লাত করিয়া তোমাবই দিকে তাকে আবো এগিয়ে দিতে পারি।

তুমি আমাকে ভালবাদার অধিকারিণী ক'রেছ—আমি আমার দব ভালবাদা উদ্ধাড় ক'রে দিয়ে তোমাকে স্বতেলোদীপ্ত জীবনময় দেখুতে চাই।

তৃমি এই শুভক্ষণে আশীর্কাদ কর—যেন আমি এমনিভাবেই আমার চলায় তোমাকে, তোমার ইচ্ছাকে মূর্ত্ত ক'রে তোমার মহান্ অভিযানকে অবাধ ক'রে তুল্তে পারি।"

(2)

"আমার অন্তিবৃদ্ধির পরম-উদ্ধাতা—

আমার প্রিয়পরম !

জনীজনাস্তবের বহু তপস্থার ফলে তোমাকে পে'য়েছি আমরা আমাদের এই জীবনে। সার্থক হ'য়েছে আমাদের জন্ম। ধন্ত হ'য়েছি, কুতার্থ হ'য়েছি তোমার চরণস্পর্শ ক'রে। যুগের পর যুগ তপস্তা ক'বেও দেবতারা যাকে মূর্ব্ত ক'বে তুল্তে গারেন নি, কত পুণাফলে সেই তোমাকে ক'বেছি মূর্ব্ত, অরূপ ভগবানকে ক'রেছি মাহ্য-ভগবান্—দয়াল! কত ভাগ্য আমাদেব!

আজ এই শুভক্ষণে তোমার চরণে শুধু এই প্রার্থনা আমাদের—তৃমি দীর্ঘায়ু হও, স্বস্থ হও, স্বথী হও। তোমার ইচ্ছা পূর্ণ হোক্। আর দাও আমাদের সেই প্রেরণা যা' আমাদের সক্ষম ক'রে তুল্বে বাঁচা-বাড়ার অপূর্ব্ব সৌরভ ছড়া'তে ছড়া'তে সপারিপার্ষিক আমাদিগকে তোমার জীবন-বৃদ্ধির অফুকুল ক'রে গ'ড়ে তুল্তে।

ওগো দরদী বন্ধু। আমার সর্বস্থ ! তুমিই আমার জীবন। আমি জানি তোমার মত বন্ধু, তোমার মত প্রিয় আমার আর কেউ নাই। তোমার প্রতি-কর্মে, প্রতি-ভঙ্গীতে আমার এই বিশাদ দৃঢ়তর হয়। আশীর্কাদ কর দয়াল, আমি যেন মৃহর্ত্তের জন্ম ভূলি না, তুমি আমাব প্রেষ্ঠ, তুমি আমার অনুকূল, তুমি আমাব প্রেষ্ঠ।

তাই প্রার্থনা দাসীর—তোমার জীবন চিরবর্জনে রঞ্জিত হ'য়ে উঠুক্। তোমার রদ্ধি আমাব রদ্ধিকে স্পর্শ করুক্। আমাব নারীত্ব ধন্ত হোক্, সার্থক হোক্ তোমার 'নারীর নীতি' প্রতিপালনে।

ওগো প্রিয়, রাজাধিরাজ সমাট ! তুমি থাকো, তুমি বাঁচো, আমাদের জীবন-চলনার প্রতি-পদক্ষেপে ধ্বনিত হ'য়ে উঠকু--

ৰম্ভি! ৰম্ভি!! ৰম্ভি !!!"

আশ্রমবাসী মহিলাদিগের নিকট কোন কার্য্য হেয় নহে, সকল কর্ত্তব্য কর্মই সমান শ্রন্ধার সহিত সম্পন্ন করিবার উপদেশ তাঁহারা শ্রীশ্রীঠাকুরের নিকট পাইয়া থাকেন। সংসঙ্গে গবেষণাগার, কারথানা, কলাভ্রন, শিল্পকুটীর প্রভৃতি যে সকল কর্মপ্রতিষ্ঠান স্থাপিত হইয়াছে, তংসমৃদয় গৃহাদির নির্মাণব্যাপারে সম্বান্ত পরিবারের মহিলাগণ সামাত্ত কুলী-মজুরের কার্য্য করিয়া সাহায্য করিয়াছেন। তাঁহারা সারারাত্র জাগিয়া লক্ষ লক্ষ ইট তৈয়ার করিয়াছেন, ইটের পাঁজা সাজাইয়াছেন, কোমরে কাপড় বাঁধিয়া উচ্চ পাঁজায় উঠিয়া পাঁজা ভাঙ্গিয়াছেন, মাথায় করিয়া ইট যথাস্থানে বহন করিয়া লইয়া গিয়াছেন এবং প্রয়োজন হইলে যে-কোন শ্রমসাধ্য কার্য্যে সর্ব্বদাই সাহায্য করিয়া থাকেন।

সংসঙ্গের মহিলাগণ নিজ নিজ পরিবারের ব্যয়ভার-নির্ব্বাহ এবং গৃহস্থালীর কার্য্যে সারাদিন কঠোর পরিশ্রমে ব্যাপৃত থাকিয়াও অনেকে অধিক রাত্তি পর্যান্ত জাগিয়া অভিনিবেশ-সহকারে অধ্যয়ন করেন। বহু বালিকা ও মহিলা যাটি কুলেশন পরীক্ষায় উত্তীর্গ হইয়া সংসঙ্গের কলেজ বিভাগে পড়িতেছেন, অনেকে আই-এ, ও আই-এস্-সি পরীক্ষা পাশ করিয়া উপাধি পরীক্ষার জন্ত প্রস্তুত হইতেছেন এবং কেহ কেহ বি-এ, ও বি-এস্-সি পরীক্ষায় কুতকার্য্য হইয়া সংসঙ্গের কার্য্যে যোগদান করিয়াছেন। যাহারা কভিপয় সন্তানের জননী এমন বয়ংপ্রাপ্ত বর্ণজ্ঞানহীন মহিলারাও শ্রীপ্রীঠাকুরের অন্তপ্রেরণায় বিপুল উংসাহ ও অসীম অধ্যবসায়ের সঙ্গে, গৃহকার্যাদির ফাকে ফাকে লেখাপড়ায় মনোনিবেশ করিয়া, আপনাদিগকে অত্যল্প কালের মধ্যে ম্যাটি কুলেশন পরীক্ষার উপযোগী করিয়া তুলিতেছেন। নারী-জীবনের বৈশিষ্ট্য —আদর্শ বিবাহ, পাতিব্রত্য ধর্ম, পরিবার-পরিজনের শুক্রমা, স্প্রজনন, সন্তান-প্রতিপালন প্রভৃতি অতি প্রয়োজনীয় জ্ঞাতব্য বিষয়গুলি যাহাতে তাহারা সহজেই নিজ নিজ চরিত্রে অফুশীলন কবিয়া প্রকৃত কল্যাণের অধিকারী হইতে পারেন, সেজ্ব্য উপদেশ-প্রদানার্থ শ্রীশ্রীঠাকুরের ভাবধারা—অবলম্বনে ও তাহারই অপরিসীম উৎসাহে, মহিলারা নিজেরাই পুক্র্যুচরিত্র-বিহীন নাটক রচনা করিয়া নিজেরাই তাহা অভিনয় করিয়া থাকেন।

মাননীয়া শ্রীষ্ক্রা সরলাদেবী, বি-এ, একবার সংসঙ্গে আসিয়া কয়েকদিন অবস্থান করিয়াছিলেন। আশ্রমবাসী মহিলাগণের বিভিন্নমুখী কমকুশলতা বর্ণনা করিয়া তিনি "বাংলার কথা"য় একটী স্থণীর্ঘ প্রবন্ধ প্রকাশ করিয়াছিলেন। উক্ত প্রবন্ধের উপসংহারে লেগিকা মস্তব্য করিয়াছেন,—"যোগশাপ্বে ষে বলে সাধনার ছারা মুদিত হদপদ্ম বিকশিত হয়, এই আশ্রমের নারীদের মধ্যে সেই তত্ত্ব সত্যে পরিণত দেথিয়া পরম আনন্দলাভ করিলাম্। আমি উপদেশ ছারা তাঁদের উপকৃত করিব এই আশা করিয়া তাঁহারা আমার কাছে আসিয়াছিলেন। আমি নির্কাকে তাঁহাদের আয়ার সহিত পরিচয়্ম সাধন কয়িরা নিজেকে লাভবতী করিতে লাগিলাম এবং মনে মনে নতমন্তকে তাঁহাদের সম্বর্জনা করিলাম। দেগিলাম পাবনার এই সংসঙ্গ আশ্রমটী বাঙ্গলার নারীর মনের চিকিৎসালয়, আয়ার নাসাঁরি ও কর্ম্মের কার্থানা। নারী এথানে জ্ঞান, কর্ম্ম, ভক্তি ও আনন্দের সমগ্রতায় পূর্ণ বিকশিত হইতেছে।"

সৎসঙ্গ স্বাস্থ্য বিভাগ

শীশীঠাকুর বলেন,—"জীবনকে পরিপূর্ণরূপে ভোগ ক'র্তে হ'লে, ইষ্টপ্রতিষ্ঠার আনন্দ-উদ্ধামে অঢেল হ'তে হ'লে স্বস্থ ও শক্তিশালী দেহের প্রয়োজন। মামুষকে বাঁচুতে হ'লে, পারিপার্থিকের সেবায় উন্নতিলাভ ক'র্তে হ'লে যেমন শিক্ষা, শিল্প, বিজ্ঞান প্রভৃতির প্রয়োজন তেমনি পরিপুট স্বাস্থ্যেরও প্রয়োজন, বরং স্বাস্থ্যের প্রয়োজনীয়তাই প্রথম ও প্রধান, কারণ স্বাস্থ্যই ঐশ্য্য—স্বাস্থ্যই সামর্থা।"

সকলকে নীরোগ রাখিবার জন্ম শ্রীশ্রীঠাকুর কত চেষ্টা করেন! যথনই বসন্ত, কলেরা প্রভৃতি সংক্রামক ব্যাধির প্রাত্ন ভাব দেখা যায়, তৎক্ষণাৎ তিনি প্রতিষেধক ঔষধ প্রস্তুত করাইয়া আশ্রমবাসী ও নিকটবর্ত্তী গ্রামবাসী শিষ্তু, যুবক, বুদ্ধ-নরনারীকে নিজে সম্মধে উপস্থিত থাকিয়া তাহা সেবন করাইয়া থাকেন এবং অনতিবিলম্বে রোগ-প্রতিকারের উপযোগী যাবতীয় যথায়থ প্রতিপালন করিতে জনে জনে উপদেশ দান করেন। এতদঞ্চলের লোক পূর্বের নদীর জল পান করিত। অশিশিত গ্রামবাসীর ষর্থেচ্ছ वावशास नमीत वन आशहे नानाथकारत मुधि इहेड धवः जाहा वावशास আমাশয় এবং বিস্টিকা রোগে প্রতিবংস্ব বহুলোক মৃত্যুমুথে পতিত হইত। গ্রামবাদীর এই হৃঃধ শ্রীশ্রীঠাকুরের অন্তরে ভীষণভাবে বাজিয়া উঠিত। যাহাতে মহামারী প্রভৃতি সংক্রামক রোগের প্রকোপ না হইতে পারে এবং লোকের সাধারণ স্বাস্থ্য ভাল থাকে এজন্ম পানীয় জলের স্থব্যবস্থার জন্ম শ্রীশ্রীঠাকুর বঙ অর্থবায় করিয়া চারিদিকে অনেকগুলি নলকুপ খনন করাইয়া দিয়াছেন। গ্রামের মধ্যে অনেক স্থান পূর্বের গভীর জন্ধ ও পচা ভোবায় পরিপূর্ণ ছিল এক্সন্ত এক্সান দারুণ ম্যালেরিয়া রোগের প্রিয় আবাসভূমি ছিল। বাশবনের নীচে এক-একটী পরিবার হুরস্ত মাালেরিয়া রাক্ষ্মীর আক্রমণে জন-বিরল হইয়া পড়িতেছিল। কয়েক বংসবের চেষ্টায় শ্রীশ্রীঠাকুর এই স্থানে যে সকল কর্মপ্রতিষ্ঠান স্থাপন করিয়াছেন এবং চড়র্দিকে রাস্তাঘাট নির্মাণ করিয়াছেন তাহাতে কদ্ব্য স্থানগুলির অধিকাংশই এখন পরিষ্ণার পরিচ্ছন্ন হইয়াছে। পূর্বে গ্রামে জলনিকাশের কোন স্ববন্দোবস্ত ছিল না, ম্যালেরিয়া-স্কটের ইহাও একটা কারণ ছিল। শ্রীশ্রীঠাকুর কত পরিশ্রম ও অর্থবায়ে পয়ংপ্রণালীর স্থব্যবস্থা করিয়া দিয়াছেন। গ্রামটীর স্বাস্থ্য এখন ক্রমেই বেশ ভাল হইয়া উঠিতেছে। অন্ধ-কুসংস্কারাচ্ছন্ত গ্রামবাদীদিগেব মধ্যে এই দকল পরিবর্ত্তন আনয়ন করিতে এটিচাকুরকে ষে কত কষ্ট সহ্ম করিতে হইয়াছে তাহা বলিবার নয়।

শ্রীশ্রীঠাকুব প্রথম জীবনে ডাক্তারী করিয়া কি ভাবে গ্রামবাসীর সেবা-শুশ্রমা করিতেন তাহা পূর্ব্বে আলোচনা করিয়াছি। অধুনা তিনি চিকিৎসার দায়িত্ব আশ্রমের কয়েকজন অভিজ্ঞ ডাক্তারের হাতে দিয়াছেন, তাঁহারা শ্রীশ্রীঠাকুরের উপদেশক্রমে চতুম্পার্শ্বের রোগীদিগকে চিকিৎসা করিয়া থাকেন। ছ্রারোগ্য রোগের চিকিৎসা এখনও শ্রীশ্রীঠাকুর নিজেই করিয়া থাকেন। চিকিৎসা-ব্যাপারে বিশেষ সতর্কতা এবং যত্ন নেওয়ার জন্ম ডাক্তারগণকে তিনি প্রায়শঃ উপদেশ দিতে গিয়া বলিয়া থাকেন,—"সকলের নিকটই প্রাণের মূল্য সমান, স্নতরাং কাহারও ব্যাধি হ'লে ধনী-নির্ধন, জাতি-বর্ণ-নির্বিশেষে তাহার জন্ম তদবস্থায় যতদ্র সম্ভব ষথাসাধ্য স্নচিকিৎসার ব্যবস্থা ক'ব্তেই হ'বে।" ডাক্তারগণও তাঁহার এই উপদেশ কার্য্যে পরিণত করিবার জন্ম আপ্রাণ যত্ন লইয়া কার্য্য করিয়া থাকেন।

নিকটবর্ত্তী গ্রামসমূহ এবং সংসঙ্গের অধিবাসীর্ন্দের স্থবিধার জন্ম শ্রীপ্রাকুর একটা হোমিওপ্যাধিক ও একটা এলোপ্যাধিক ঔষধালয় স্থাপন করিয়া দিয়াছেন। কতিপয় অভিজ্ঞ ডাক্তারের তদ্ধাবধানে ইহাদের কার্য্য চলিতেছে। প্রতিবংসর সহস্র সহস্র রোগীকে এখানে বিনামূল্যে ঔষধপত্র দিয়া যত্ত্বের সহিত চিকিৎসা করা হয় এবং প্রয়োজন হইলে ডাক্তারগণ বিনা 'ভিজিটে'ও রোগীর বাড়ীতে গিয়া রোগী পরীক্ষা, ঔষধ ও পথ্যের ব্যবস্থাদি কবিয়া থাকেন। আশ্রমের সেবকগণ চিকিৎসকগণের পরিচালনায় গ্রামবাসী আত্রগণের শুশ্রমা করেন এবং সংসঙ্গ ধাত্তী-বিত্যালয়ের স্থাশিক্ষতা শুশ্রমাকারিণীগণ গ্রামন্থ প্রস্তি-সাধারণের নিশ্চিম্ভ ও স্থপ্রস্রের ব্যবস্থা করিয়া থাকেন।

मरमब कनारकस

দেশের লুপপ্রায় কলাবিভাকে পুনক্ষজীবিত করিবার মানদে শ্রীশ্রীঠাকুর এথানে একটা কলাকেন্দ্রেরও প্রতিষ্ঠা করিয়াছেন। তাঁহার অহ্পপ্রেরণায় শিল্পিগণ প্রশ্রিম করিয়া ইহার জ্বুত উন্নতি বিধান করিতেছেন। কর্মিগণ শ্রীশ্রীঠাকুবের নিকট হইতে চিত্রশিল্পের নানা অভিনব পরিকল্পনা এবং তাহা মূর্ত্ত করিবার কৌশল সম্বন্ধে নিয়ত উপদেশ লাভ করিয়া থাকেন। তাঁহাদের ঐকান্তিক চেষ্টায় দেখিতে দেখিতে এই পল্লী কলাভবনটা নানা মনোরম চিত্রে পরিশোভিত হইয়া উঠিয়াছে। কলাভবনটাতে একটা আলোক-চিত্র ও একটা মৃৎশিল্প বিভাগও খোলা হইয়াছে। অধুনা কলাকেন্দ্র হইতে 'সস্পেন্টিং', 'ওয়াটার কালার', 'এন্লার্জ্জমেন্ট', 'অয়েলপেন্টিং', 'কমার্শিয়েল ডিজাইন', এবং মাটার তৈয়ারী—ব্যক্তিবিশেষের অবিকল আকৃতি, দেবদেবীর মূর্ষ্তি এবং নানা জাতীয় খেলনা প্রভৃতি প্রস্তুত হইয়া বিক্রয় হইয়া থাকে। শ্রীশ্রীঠাকুরের নানা বয়সের বিভিন্প অবস্থার বহু প্রকার ফটোচিত্রও এখানে বিক্রয়ার্থ রক্ষিত ইইয়াছে। স্ক্রি-শিল্পের নানা প্রকার অতি মনোর্গম ছবি ও দৃশ্যাবলী সর্ব্বদাই এথানে প্রস্তুত ইইয়া থাকে। অল্পদিনের মধ্যেই মহিলাগণের হাত দিয়া এমন স্কুন্ধর স্বন্ধর কাজ বাহির হইয়াছে যে, অনেকেই তাহাদের

मध्मक माडवा-िहिक्स्मालय

শিল্পনৈপুণ্যের যথেষ্ট প্রশংসা করিয়াছেন। বহু পরিদর্শক বিশেষ আগ্রহের সহিত প্রায়শঃ তাহা উচ্চমূলো ধরিদ করিয়া থাকেন।

বর্ত্তমান কলাভবনটার আযতন তেমন প্রশন্ত না থাকায় এই বিভাগের কার্যাপরিচালনার বিশেষ অস্থবিধা হইতেছিল, এজন্ম শ্রীশ্রীঠাকুর কিছুদিন হইল একটা বৃহদায়তন 'আর্ট-ষ্টুডিও'-ভবন নিশ্মাণ করিয়া দিয়াছেন। শীঘ্রই নবনিশ্মিত ভবনে এই বিভাগটা স্থানাস্তরিত হইবে। বিশ্ববিজ্ঞানকেন্দ্রের পূর্ব্ব দিকে বৃক্ষাদি-পবিশোভিত এক অতি স্থন্দর নির্জ্ঞন স্থানে এই কলামগুপটা নিশ্মিত হইয়াছে। দক্ষিণে গ্রামপানি, উত্তরে বিত্তীণ প্রাস্তর, ইহারই সীমান্তে প্রকৃতির রমণীয় ক্রোড়ে এই অভিনব কলাভবনটা প্রতিষ্ঠিত ইইয়াছে।

সমাজ-সংস্কার সম্বন্ধে শ্রীশ্রীঠাকুরেব কথিত নানা ভাবরাজি নাটকীয় চরিত্রের অভিনয় দারা প্রকাশ কবিয়া ফিলিম্দ্-এর সাহায্যে তাহা জনসমাজে প্রচার কবিবাব জন্ম বায়োস্কোপের ফিলিম্দ্ তৈয়ারীর কাজ এবং ব্লক্ক-প্রস্তুতের কাজ প্রভৃতিও এই বিভাগের অস্তর্ভূক্ত করিবাব পরিকল্পনা রহিয়াছে।

সৎসঙ্গ আনন্দবাক্তার

আনন্দবাজার সংসঙ্কের সাধারণ ভোজনাগার। অতি পর্বের যথন শ্রীশ্রীঠাকুরের শিশু-সংখ্যা কম ছিল, মাঝে মাঝে যাহারা তাঁহার সঙ্গ করিতে আসিতেন, যে চুই চারি দিন তাহারা থাকিতেন, ঠাকুরবাডীতেই আহারাদি করিতেন। তথন সকলে সারাদিন তত্তালোচনায় এবং কীর্ত্তনানন্দেই মন্ত থাকিতেন। এশ্রীঠাকুর ভক্তদিগকে লইয়া পদ্মায় স্নানক্রীড়া সমাপন করিয়া সকলের দক্ষে এক পংক্তিতে আহারে বসিতেন। শ্রীশ্রীঠাকুরের স্ত্রী স্বয়ং অন্ধ-ব্যঞ্জন প্রস্তুত করিয়া রান্নাঘরেই সকলকে একসকে পরিবেশন করিয়া ভোজন করাইতেন। তথন প্রায়শঃই কীর্ত্তন শেষ করিয়া আহারাদি করিতে অপরাহ্ন হইয়া যাইত। রাত্রে জননীদেবী ডাল, তরকারী, ভাত একসঙ্গে মাথিয়া সকলের হাতেই এক-এক দলা দিতেন, রাত্রির ভোজনকার্য্য এই ভাবেই নিষ্পন্ন হইত। লোকসংখ্যা যেমন ক্রমশঃ বাড়িতে লাগিল এবং অনেকে স্বায়ীভাবে ঠাকুরবাড়ীতে বাস করিতে আরম্ভ করিলেন, তথন ইহাদের আহারাদির জন্ম স্বতম্ব বাবস্থার প্রয়োজন হইয়া পড়িল। তদবধি আনন্দবাজারের প্রতিষ্ঠা। শ্রীশ্রীঠাকুরের ন্যায় একজন সাধারণ মধ্যবিত্ত গৃহস্থের বাড়ীতে তথন এক-এক বেলায় শতাধিক লোকের আহারের সংস্থান করিতে হয়। তাহার উপর তিনি তখন নানা কর্মপ্রতিষ্ঠান আরম্ভ করিয়াছেন, দেজগুও ব্যয় কম নয়। নিজের পৈতৃক ষৎসামাশু সম্পত্তিটুকুই ছিল যা-কিছু সম্বল। এই কঠোর দারিত্র্য নিয়াই শ্রীশ্রীঠাকুর প্রতিষ্ঠানের

গোড়াপত্তন করিতে আরম্ভ করিলেন। বেশী দিনের কথা নয়। যখন শিল্পপ্রতিষ্ঠানাবলীর কার্য্য তেমন ভাল করিয়া আরম্ভ হয় নাই, যথন শিক্ষা ও গবেষণাগার ছিল নিতান্ত স্বল্লায়তন, যখন লোকসংখ্যা আজ্ঞকালকার মত এত বেশী হয় নাই, তথন আনন্দবাজারে আউসের সব চেয়ে কম মূল্যের মোটা লাল চাউলের ভাত. পদ্মার ঘোলা জলের মত তরল ডাইল, আর মাটীর মতন লবণ দিয়া একবেলা সকলের আহার হুইত। মাঝে মাঝে ষেদিন শাক বা তরকারীর ঘেঁট হইত, সেদিন ত' নিমন্ত্রণ লাগিয়া ষাইত. সকলের কি ফু.র্ভি—সেদিন বোঝা যাইত 'আনন্দবান্ধার' নামটী কতথানি সার্থক। শ্রীশ্রীঠাকুর ভিক্ষা করিয়া টাকা যোগাড় করিয়া দিলে তবে প্রত্যন্ত রাল্লা চড়িত। উপযুক্ত পরিমাণ চাউল ও ডাইল ধরিদ করিবার মত অর্থ যেদিন সংগৃহীত না হইত দেদিন ফেন-ভাত বা 'লপ্সীর' বাবস্থা হইত, কোন কোন দিন রালা চড়িতে চড়িতে রাত্রি হইয়া যাইত। শ্রীশীঠাকুরও ততক্ষণ কন্মীদেব সঙ্গে অনাহাবে থাকিতেন। নিতান্ত অসমযে প্রস্তুত উক্তরণ কদ্যা আহারও ক্রিগণ প্রম সম্ভোষের সহিত গ্রহণ করিত এবং শ্রীশ্রীঠাকুবের প্রতি অধীম টানে গায়েব বক্ত জন করিয়া প্রতিষ্ঠানের উন্নতিকল্পে পবিশ্রম কবিত।

কয়েকজন বিশিষ্ট কংগ্রেদকর্মী একবার আশ্রমের অতিথি হইরাছিলেন। অতিথিদের জন্ম দেদিন একটু বিশেষ আয়োজন থাকা সর্বেশু তাঁহারা সাধারণ খাছই খাইতে চাহিলেন। থাইতে বিদিষা নেতৃস্থানীয় জনৈক কংগ্রেদকর্মী হাদিতে হাদিতে বলিষা উঠিলেন—"এর চেষে ঢেরে ভাল খাবার পে'য়ওে আমরা জেলে ধর্মঘট ক'রে অনশন ক'রেছি। যাহা হউক এগানকার কন্মীরা কান্ধ করে প্রাণের একান্ত সহন্ধ টানে, কাজেই এখানে অনশন নাই।" আনন্দবাজারের তৎকালীন অবস্থা খ্রীশ্রীসাকুরের লিগিত একপানা চিঠিতে কিঞ্চিং বর্ণিত হইয়াছে। প্রসঙ্গক্রমে নিম্নে তাহার একাংশ উদ্ধৃত করা হইল। যথা:—

"মা, এখানকার কথা আব কি কইব ? প্রায়ই একবেলা আহার, তা'ও না-জোটার মত হয়, আর যখন হয়—তা'ও প্রায় সন্ধ্যার সময়। ওমা! এদের মুখ দে'থে বৃক ফে'টে যায়, অপোগও শিশুসন্তান নিয়ে জননী হয়তো সারাদিন ছট্ফট্ করে, কোন দিন সন্ধ্যা কিংবা রাত্রে এক মুঠো পেলে না হয়ত—কোন রকমে চারটী চিড়ে মুড়ি যোগাড় ক'রে তাই দিয়েই চ'লে গেল। মা, আর কতদিন এমনতর দেখব ? পরমপিতার চরণে কতই অপরাধ ক'রেছিলাম! এত অপদার্থ সন্তান মা আমি,—কাহারও তৃ'টো পেটের ভাতের উপায় কর্তে পার্লাম না। ভে'বেছি আমিও কাল থেকে

সকলের দশায় গা ঢে'লে দিব। যদি পারি—ওরা ছ'বেলা খে'লে আমি একবেলা—আর ওরা একবেলা খে'লে আমি—না!"

সংসক্ষের অবস্থা এখন আর তেমন নাই। প্রতিষ্ঠানগুলির ক্রুত উন্নতির সঙ্গে দক্ষে কন্মীদের বাসস্থান ও আহারাদির অনেকটা শৃত্ধলা হইয়াছে। ইতিমধ্যেই তপোৰন বিল্লালয়ের ছাত্র ও শিক্ষকগণের জন্ম স্বতম্ভাবে বাবন্তা হইয়াছে। প্রেস এবং কার্থানার কম্পিণও পথকভাবেই আহারাদি করেন। আবার কর্মীদের অধিকাংশই এখন সপবিবাবে বাস করিয়া থাকেন। নিজ নিজ পরিবারেই তাঁহাদের আহারাদির বাবস্থা হইয়াছে। অত্যাত্ত কর্মী, আশ্রমপরিদর্শনকাবী ভদুমহোদয়গণ এবং নানা দেশের আগস্তুক শিয়া-সেবকগণের আহারাদির ব্যবস্থা এখনও আনন্দ্রাজারেই চলিতেছে। এখন প্রতাহ তইবেলা মধাবিত্ত গৃহত্বের সংসারের মত সাধারণ-ভাবে ডাল, ভাত, তরিতরকাবী দিয়া সকলকে পরিতোম-সহকারে ভোজন করান হইয়া থাকে। বর্ত্তমানে আনন্দবাজাবের গ্রহাদি শ্রীশ্রীঠাকরের আবাসবাটিকার পার্থে নিতান্ত অল্পরিসর স্থানে অবস্থিত রহিয়াছে। এজন্ত অস্তবিধাব অস্তু নাই। আগস্কুক ও অতিথি-অভ্যাগতের স্থানাহার এবং বাসস্থানেব যথায়থ স্কবিধাব জন্ম উপযুক্ত গৃহাদি-নির্মাণের পরিকল্পনা হইতেছে। সংসক্ষ-পল্লীর ঠিক মধ্যস্তলে বড রান্ডার ধারে প্রায় ধাও বিঘা জমির উপর এই নবপরিকল্পিত আনন্দবান্দার ভবন নির্মাণের কথা স্থির হইয়াছে। জঙ্গলাদি পরিস্থার করিয়। ভূমি জ্বিপ করা হইয়াছে। গৃহনির্মাণের মালমণলা কিছু কিছু সংগৃহীত হইয়াছে, শীঘ্ৰই শী্ৰীঠাকুর ইহার নিশাণ-কাধ্য আরম্ভ করিবেন। এই বাড়ীতে একই দক্ষে কয়েকটা ভদ্রপরিবারের থাকিবার মত শয়ন-কক্ষ, বৈঠকখানা-গৃহ, স্নানাগার, কল ও পায়খানাদির ব্যবস্থা থাকিবে। বাসগুহের পার্ষেই ভোজনাগার থাকিবে এবং নিকটেই খাতাদবা ও নিতাপ্রয়োদ্দনীয় দ্বিনিষপত্তের দোকান বসিবে।

সৎসঙ্গ গৃহনিশ্মাণ-বিভাগ

১৯২৭ সন—তথন আশ্রমে পদ্মাতীরস্থ 'দংসঙ্গ-গৃহ' ব্যতীত পাকাবাড়ী আর ছিল না। বিশ্ববিজ্ঞানকেন্দ্রের দিতলের গাঁথনী কতক পরিমাণে হুইয়াছে। অসমাগু কার্য্য শেষ করিবার জন্ম ঢাকা হুইতে দৈনিক তুই টাকা আড়াই টাকা বেতনে ছয় জন রাজমিস্ত্রী আনা হুইল। শ্রীশ্রীসকুরের উপদেশ-মত, গ্রীম্মের এক প্রভাতে তপোবন বিছ্যালয়ের কতিপয় শিক্ষক কয়েকটী উৎসাহী ছাত্র লইয়া রাজমিস্ত্রীদিগের কাজের যোগান দিতে লাগিয়া গেলেন। ইহাদের কাজের যোগান দিয়া মাঝে মাঝে যে সময় পাইতেন সেই

অবসরে তাহাদের তুই একটা যন্ত্র ধরিয়া ইহারাও একট-আধট কাজ করিতেন। রাজমিন্ত্রীদের তাহা ভাল লাগিত না। এজন্ম মাঝে মাঝে তাহারা ষথেষ্ট কড়া কথাও বলিত। অন্সের হাতের দিকে চাহিয়া থাকা শ্রীশ্রীঠাকুর कानिमनरे भइन्स करतन ना। छारात धकान्त रेक्टा. कचौता निष्क्रतारे রাজমিন্দ্রীর কাজ শিক্ষা করিয়া লন। খ্রীশ্রীঠাকর একদিন তাঁহাদিগকে ডাকিয়া, রাজমিস্ত্রীর কাজ বিশেষ মনোযোগের সহিত পর্যাবেক্ষণ করতঃ অবিলম্বে তাহা আয়ত্ত করিবার জন্ম বিশেষভাবে বলিয়া দিলেন। ইহার কিছদিন পরেই তিনি তাঁহ: নিগকে রাজমিল্লীর কার্য্যের উপযোগী সমুদর যন্ত্রাদি কিনিয়া দেন। তপোবনের শিক্ষক ও ছাত্র মিলিয়া একটা রাজমিম্বীর কার্যোর দল গঠিত সর্ববপ্রথম কন্মী-সংখ্যা হইল পনর জন। বিশ্ববিজ্ঞানকেন্দ্রের দিতলের কাজ সম্পূর্ণ হইলে এই নবগঠিত রাজমিস্ত্রীর দল ১০ফুট লম্বা ও ১০ফুট চওড়া বারান্দাবিশিষ্ট একটী পাকা বাড়ী এবং তাহার চারিদিকের প্রাচীরের নির্মাণ-কার্য্য শেষ করিলেন। মধুমক্ষিকা যেমন করিয়া নিজ্যুহ-নির্মাণে দিবারাত্র অক্লান্ত পরিশ্রম করে এই সমস্ত কর্মীরা ততোধিক পরিশ্রম করিতেন। তথন সংসক্ষের পূর্ব্ববর্ণিত আনন্দবান্ধারে প্রত্যহ একবেলা করিয়া থাওয়ার ব্যবস্থা ছিল। স্নানের ঘণ্টা পড়িলে স্বাই যে-যাহার কাজ সারিয়া স্থান করিয়া কলাই-করা এক-একখানা থালাহন্তে পদ্মার ধারে গাছতলায় বসিয়া যাইত। থাওয়া শেষ হইলে পদার চরে নামিয়া থালা ধুইয়া ঐ থালা ভরিয়া জ্বলান করিত। তারপর কিছুক্ষণ বিশ্রাম করিয়া প্রত্যেকে আবার স্ব স্ব কাব্দে লাগিয়া যাইত।

গৃহ-নির্মাণের বায়-সমস্তা এইভাবে সহজ করিয়া লইয়া শ্রীশ্রীঠাকুর স্থির করিলেন যে, নিজেবাই যদি ইট কাটিয়া লইতে পারা যায় তাহা হইলে আরও কতকগুলি প্রয়োজনীয় পাকাঘর নির্মাণের কাজ অনায়াসেই সম্পন্ন হইতে পারে। সেই বংসর হইতেই শ্রীশ্রীঠাকুরের উৎসাহে কর্মিগণ ইট কর্মিগণ আজ পর্যান্ত সংসজের অধিকাংশ গৃহ ও রান্তার ইট কর্মিগণ নিজেরাই কাটিয়া লইয়াছেন। অতঃপর এই উৎসাহী কর্মিগণকে শ্রীশ্রীঠাকুর 'কেরো-ব্রিক' ও 'কেরো-কংক্রিটের' কাজ হাতে-কলমে শিখাইবার ব্যবস্থা করেন। কর্মীরা বিপুল উৎসাহে মাতিয়া উঠিয়া 'ফেরো-কংক্রিটে'র সাহায়েয় সংসজের পোষ্টাফিস ও ব্যাঙ্কের দালানের নিম্মাণ-কার্য্য অত্যন্ত্রকালের মধ্যে সম্পন্ন ক্রিয়া সকলের বিম্ময় উৎপাদন করিলেন। শ্রীশ্রীঠাকুর তখন তাঁহাদিগকে 'স্থানিটারী লেটিন্'-এর নির্মাণ-কার্য্য শিখাইবার ব্যবস্থা করেন। অধুনা ক্রিগণ এই সকল কার্য্যে মথেই দক্ষতা অর্জ্জন করিয়াছেন এবং বঙ্কের নানা স্থানে এই সকল কার্য্যাদি সম্পাদন করিয়া সর্বসাধারণের সেবা করিতেছেন।

বাংলার গৃহ-সমস্থার বাস্তব সমাধান কেমন করিয়া হইতে পারে, শ্রীশ্রীঠাকুরের উপদেশমত সংসক্ষের নির্মাণ-বিভাগ তাহার পথ প্রদর্শন করিয়া চলিয়াছে। শ্রীশ্রীঠাকুরের প্রচারিত জীবন ও বৃদ্ধির কর্ম-প্রণালীতে আরু ইইয়া বিভিন্ন স্থানের যে সকল অসংখ্য অধিবাসী এখানে আসিয়া স্থায়ীভাবে কর্ম্মে নিযুক্ত হইয়া বসবাস করিতেছেন, তাঁহাদের বাসোপযোগী গৃহাদিও এই বিভাগের কর্ম্মিগণ প্রস্তুত করিয়া দিতেছেন। শ্রীশ্রীঠাকুরের পছন্দসই পরিকল্পনামত ছুইখানি শয়নগৃহ, একখানি বৈঠকখানা ঘর, বিজ্ঞানচর্চার জন্ম একটা ক্ষুম্ম 'লেবরেটরী' একটা প্রাচ্চনার গৃহ, একখানি রান্নাঘর, একটা 'স্থানিটারী' পায়খানা ও একটা নলকৃপযুক্ত এক পরিবারের বাস করিবার মত যোগ্য ভদ্রাসন, ইহারা যথাসম্ভব অল্পব্যরে নির্মাণ করিয়া দিতেছেন। এই সকল গৃহাদি যথেষ্ট আলো ও বাতাস চলাচলের উপযুক্ত, ঝড় ও অগ্নিভয়-বিরহিত, বেশ মজবুত এবং অভিশয় মনোরম।

এই বিভাগের কমিগণ যে সারাদিন শুধু গৃহনির্মাণ-কার্য্যেই ব্যাপৃত থাকেন তাহা নহে। ছাত্রগণ পড়াশুনার অবসরে এই কার্যো যোগদান করিয়া থাকে—ইহা তাহারা থেলাধূলা বা বিশ্রামের সামিল বলিয়াই গণ্য করে। ছাত্র ব্যতীত অপর যাহারা এই বিভাগে কর্ম করেন তাহাদের মধ্যেও কেহ কেহ কাজের ফাঁকে ফাঁকে অবসর সময়ে পড়াশুনা করিয়া 'ম্যাট্রি-কুলেশন' পরীক্ষায় উত্তীণ হইতেছেন।

সৎসক ফিলান্থ্পি

সম্প্রদায়ে সম্প্রদায়ে বিরোধের ফলে আজ দেশময় য়ে বিবেষের বহি প্রজ্ঞালিত হইয়াছে তাহা নির্বাপিত করিবার জন্ম শ্রীশ্রীঠাকুর প্রচলিত বিভিন্ন মতবাদের মূলগত সনাতন ঐক্যের ভিত্তির উপর ধর্ম ও কর্মের সমন্বয়ে আদর্শ সভ্যতার ভিত্তি-স্থাপনের চেষ্টা করিতেছেন। সহস্র সহস্র হিন্দু, শত শত মূসলমান, বৌদ্ধ ও খ্রীষ্টান আজ তাঁহার প্রেমের পতাকা-তলে আশ্রয় গ্রহণ করিয়া স্ব স্ব বিশিষ্ট ভাবধারার সহিত ঘনিষ্ঠভাবে সত্যিকারের পরিচয় লাভ করিবার অপ্র্র স্বয়োগ প্রাপ্ত হইয়াছেন। শ্রীশ্রীঠাকুরের অসাধারণ ব্যক্তিম্বের মহা অবসান হইয়াছে। সকলে ভেদ-বৃদ্ধি ভূলিয়া গিয়া একতাবদ্ধ ইইয়া পরম শান্তিতে বাস করিতেছেন। বর্ত্তমান মূগে যে ইহা একটা অভিনব অত্যাশ্রয় ব্যাপার তাহা বলাই বাছল্য। সংসক্ষে শ্রীশ্রীঠাকুর যে আদর্শ কর্ম-প্রতিষ্ঠানসমূহ স্থাপন করিয়াছেন তাহারই অন্ধ্রকরণে বাংলার গ্রামে গ্রামে এইরপ শিকায়তন, বিজ্ঞানাগার, চিকিৎসালয়.

শিল্পকৃটীর প্রভৃতির প্রতিষ্ঠা করা ভিন্ন দেশকে সমৃদ্ধ করিবার যে অগ্য উপায় আর নাই,—আবার গোড়ায় প্রীশ্রীঠাকুরের এই একটীমাত্র কথা—একের জীবন ও বৃদ্ধির উপরই অন্যের অন্তিম্ব ও উন্নতি দর্বপ্রকারে নির্ভর করে—এই দকল বোধ দেশময় দকলের মধ্যে সহজভাবে চারাইয়া দিতে না পারিলে মায়ুষের মধ্যে প্রীতিসংস্থাপনও যে আকাশকুস্থম মাত্র—ইহা দকলে আজ অস্তুরে অস্তুত্ব করিয়াছেন।

যাহাতে শ্রীশ্রীঠাকুরের জনমঙ্গল ভাবরান্ধি এবং তাঁহার নিন্দিষ্ট কর্মপদ্ধতি দেশের সর্বত্র প্রচারিত হইয়া মামুষকে ইষ্টস্বার্থে কর্মোদ্দীপ্ত করিয়া তুলিতে পারে তঙ্কন্ত শ্রীশ্রীঠাকুর বিশেষ যোগ্য কর্মীদিগকে সহরে সহরে <u>আ</u>য়ে গ্রামে প্রেরণ করিতেছেন। বঞ্চের বিভিন্ন জিলায়, বিহার ও ত্রন্ধদেশে এই সকল যান্তক, অধ্বৰ্যু, ঋত্বিক ও প্ৰতি-ঋত্বিকগণ শ্ৰীশ্ৰীঠাকুরের প্রচারিত জীবন ও বৃদ্ধির আদর্শ এবং তাঁহার অপূর্ব্ব প্রেমিক-চরিত্র সম্বন্ধে সর্বত্র সকলের সঙ্গে আলাপ-আলোচনাদি করিতেছেন। আদর্শ বিবাহ-পদ্ধতির অভাবেই যে দেশে স্থসন্তান জন্মগ্রহণ করিতেছে না, ইষ্টামুরাগমূলক चानर्ग निकात चंडारवरे य तिथा रिकात-ममना तृष्टि भारेराज्य वेदः পরিবারের মধ্যে স্বার্থপরতার বীভংদ অভিনয় চলিতেছে, বিজ্ঞান-চর্চা ও শিল্পাফুষ্ঠান না থাকায়ই যে দেশ দিন দিন দারিদ্যের নিম্পেষিত হইতেছে, ইষ্ট-স্বার্থের পরিবর্ত্তে বুদ্তি-স্বার্থের দ্বারা পরিচালিত হওয়ার দরুণই যে সম্প্রদায়গত বিরোধের স্ঠে হইয়াছে—যাজকগণের চেষ্টায় খ্রীশ্রীঠাকুরের এই দকল মতবাদ দেশ-বিদেশে আজ দকলে হাদয়ক্ষম করিতেছেন এবং শীশীঠাকুরের আদর্শে অমুপ্রাণিত হইয়া তাঁহার চরণে আশ্রয় গ্রহণ করিতেছেন। যাজকগণ যাহাতে গ্রামস্থ প্রত্যেক পরিবারের সঙ্গে মিশিয়া, তাহাদের ব্যথা-বেদনার কথা সমাক জানিয়া, সহামুভতির সঙ্গে দরদ প্রাণে তাহা প্রতিকারের জন্ম অমুসন্ধিৎস্থ দেবা-প্রবৃত্তি লইয়া এবং ইষ্টস্বার্থে কর্মতংপর হইয়া সকলকে সাহায্য করেন এজন্ম শ্রীশ্রীঠাকুর কর্মীদিগকে নিয়ত কতই না উঘুদ্ধ করিয়া থাকেন! যাজকগণের উপর ক্রন্ত এই সকল গুরু-দায়িত্বপূর্ণ কার্যা ব্যাপকভাবে শৃঙ্খলার সহিত যাহাতে তাঁহারা সম্পাদন করিতে পারেন এজন্ম তাঁহাদিগকে স্ক্রবিষয়ে সময়োচিত স্ক্পপ্রকার উপদেশ ও সাহাঘ্যাদি প্রদানের স্থ্রিধার জন্ম শ্রীশ্রীঠাকুর এই 'ফিলান্থ পি' বিভাগের প্রতিষ্ঠা করিয়াছেন।

নিম্নলিখিত ঋত্বিক, প্রতি-ঋত্বিক এবং তাঁহাদের মনোনীত বছ
অধ্বর্ত্ব ও বাজকগণের উপর শ্রীশ্রীঠাকুর বর্ত্তমানে বিভিন্ন কেন্দ্রে তাঁহার
আদর্শ-প্রচারের দায়িত্ব অর্পণ করিয়াছেন। যথা:—প্রতিনিধি-নায়ক শ্রীযুক্ত

প্রভাসচন্দ্র চক্রবর্ত্তী, বি-এল, ঋত্বিকাচার্য্য শ্রীযুক্ত ক্লফপ্রসন্ন ভট্টাচার্য্য, এম্-এ, বি-এস্-সি, ঋত্বিক শ্রীযুক্ত সতীশচন্দ্র গোস্বামী, ঋত্বিক-সচিব শ্রীযুক্ত আন্ত্র, বি-অন্-ান, বাছক আব্জ সভা-াচত্র সোধানা, বাছক-সাচব আব্জ ভামাচরণ ম্থোপাধ্যার, এম্-এস্-সি; নানান্থানের প্রতি-ঋতিকগণ:— কলিকাভায়—ভা: শ্রীষ্ক্ত শশিভ্যণ মিত্র, এল্-এম্-এস্, ভা: শ্রীষ্ক্ত যতীন্দ্রনাথ চট্টোপাধ্যার, শ্রীষ্ক্ত অবিনাশচক্র ভট্টাচার্যা, শ্রীষ্ক্ত ষতীক্রনাথ দাস, ইঞ্জিনিয়ার (লিড্স্), শ্রীষ্ক্ত মহম্মদ পলিলর রহমান, শ্রীষ্ক্ত মনোরঞ্জন वत्माभाशाय, श्रीयुक्त शीदानान ठकवर्जी, श्रीयुक्त भीदबन्दनाथ ठकवर्जी, বি-এ, শ্রীযুক্ত সভাভূষণ দে, এম্-এ, বি-এল, এড্ভোকেট্, শ্রীযুক্ত নন্দলাল াব-অ, আবৃক্ত গভাভূবণ দে, অম্-অ, াব-অল, অভ্ভোকেট্, আযুক্ত নন্দলাল মুখোপাধাায়, শ্রীযুক্ত নলিনাক্ষ বন্দোপাধ্যায়, শ্রীযুক্ত তারকদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত ভবতারণ বহু, ডাঃ শ্রীযুক্ত রবীক্রনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত বিরাজক্বফ ভট্টাচার্য্য, ডাঃ শ্রীযুক্ত গোকুলচক্র মণ্ডল, এল্-এম্-এস্, ডাঃ শ্রীযুক্ত সত্যচরণ দত্ত, শ্রীযুক্ত অক্ষয়কুমার পৃত্তুপু; যশোহরে—শ্রীযুক্ত হ্ববোধচক্র সেনগুপ্ত, এম্-বি, ডি-পি-এইচ, শ্রীযুক্ত কাস্তিভূষণ বিশাস, বি-এল্, শ্রীযুক্ত বৃদ্ধিমচন্দ্র রায়, বি-এ, শ্রীযুক্ত নিবারণচন্দ্র বাগ্ছী, শ্রীযুক্ত দক্ষিণারঞ্জন চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত প্রমথনাথ শিকদার, বি-এস্-সি; ঢাকায়—শ্রীযুক্ত কানাইলাল গाङ्ग्ली, वि-এল, औ्युक রছেশ্বর দাশগুগু, বি-এস্-সি, औ्युक देखलाकानाथ চক্রবর্তী; নারায়ণগঞ্জে—শ্রীযুক্ত ইন্দৃহরণ মুথোপাধ্যায়, শ্রীযুক্ত রাখালদাস মুখোপাধ্যায়; ফরিদপুরে—শ্রীযুক্ত যোগেশচন্দ্র চক্রবর্ত্তী, বি-এ, শ্রীযুক্ত বসস্ক কুমার পৃততুণ্ডু, প্রীয়ক্ত সচ্চিদানন্দ গোস্বামী, প্রীযুক্ত মণিলাল বন্দ্যোপাধ্যায়, শীযুক্ত প্রসন্নকুমার দত্ত; বরিশালে—৺যোগেশচন্দ্র দে, বি-এল, এড্ভোকেট্, শ্রীযুক্ত মন্মথনাথ দে, বি-এল, শ্রীযুক্ত প্রমথনাথ দে, বি-এল, শ্রীযুক্ত মধুস্ংদন গুহ ঠাকুরতা, বি-এ, শ্রীযুক্ত বজগোপাল দত্তরায়, এম্-এ, বি-এল্; খুলনায়— অধ্যাপক প্রীযুক্ত শরৎচক্র হালদার, এম্-এ, বি-এল, ডা: প্রীযুক্ত কেদারনাথ অবাগণ আবৃত্ত শর্ম চক্র হালারে, অন্ত্র, বি-এল, ভা আবৃত্ত কোর্বার ভট্টাচার্যা, প্রীযুক্ত বিধৃভূষণ রায় চৌধুরী, প্রীযুক্ত কাশীশর রায় চৌধুরী; চট্টগ্রামে —প্রীযুক্ত নরেশচন্দ্র চক্রবর্ত্তী, বি-এ, প্রীযুক্ত জগতমোহন দিচ্ছিত; নঁওগায়— প্রীযুক্ত গিরীক্রমোহন গোস্বামী; চব্বিশ পরগণায়—প্রীযুক্ত অম্লাচরণ ভট্টাচার্য্য, বি-এল; ময়মনসিংহে—শ্রীযুক্ত রেবতীকুমার সেন, প্রীযুক্ত হেমান্সমোহন গোস্বামী, উकीन; तःशूरत-श्रीयुक वास्टरमव शास्त्राমी, वि-अन-मि; बन्नरम — শ্রীযুক্ত যোগেন্দ্রমোহন ব্যানান্দ্রি, এড্ডোকেট্, শ্রীযুক্ত হরেন্দ্রনাথ চক্রবর্তী, এম্-এ, বি-এল্, এড্ভোকেট্, শ্রীযুক্ত ব্রজেন্দ্রনাথ চাটার্ছিল, শ্রীযুক্ত অনস্তনাথ চাটাচ্ছি, শ্রীযুক্ত শরৎচন্দ্র কর্মকার; পূর্বে আফ্রিকায় শ্রীযুক্ত স্থাংওকুমার গুহ; সংসঙ্গে—শ্রীযুক্ত পঞ্চানন সরকার এম্-এ, শ্রীযুক্ত বীরেন্দ্রনাথ রায় প্রভৃতি।

আজ সমগ্র বন্ধদেশ ও অন্তান্ত প্রদেশবাসী সহস্র সহস্র নরনারী শ্রীপ্রীঠাকুরকে শ্রীগুরুপদে বরণ করিয়া জীবনপথে যাত্রা আরম্ভ করিয়াছেন। তাঁহারা স্বথে-তৃঃথে, আশায়-আনন্দে, সম্পদে-বিপদে মনের কত সমস্তা, পারিবারিক কত অশান্তি ও অস্থবিধার কথা নিত্য তাঁহার চরণে পত্রছারা নিবেদন করিতেছেন এবং তাঁহার করণা বাণীর তীব্র প্রতীক্ষায় পথের দিকে চাহিয়া থাকেন। ব্যথার ব্যথী তিনিও অন্তরের স্বটুকু সহাস্থভৃতি জানাইয়া তাঁহাদিগকে বিপদে সাহস ও তৃঃথে সান্ধনা দিয়া এবং প্রত্যেকের স্ব স্ব ব্যক্তিগত সমস্তার যথাযথ মীমাংসা প্রদান করিয়া ইটাস্থসরণের অভেল চলনায় চলিতে উদ্ব করিয়া নিয়মিতরূপে পত্রাদি লিখিয়া থাকেন। সংসক্ষের 'ফিলান্থুপি' বিভাগ হইতেই শ্রীশ্রীঠাকুরের এই সকল চিঠিপত্রাদি প্রেরণ এবং শত শত দরিন্ত ও তৃঃস্থ ব্যক্তিকে প্রাত্তাহিক আথিক সাহায্য-দান, পারিপার্থিকের নানা অভাব-অভিযোগের মীমাংসা এবং আগন্তকগণের অভ্যর্থনা প্রভৃতি যাবতীয় কার্য্যের যথাযথ ব্যবস্থা হইয়া থাকে।

সৎসঙ্গ পদ্মীবাসীর দৈনন্দিন কার্যক্রেম

শংসক্তের কর্মিগণ কেন্টই বেতনভোগী কর্মচারী নহেন। সকলেই
শ্রীশ্রীঠাকুরের অন্থপ্রেরণায় উদ্ধুদ্ধ এবং তাঁহার প্রেমময় মধুর ব্যবহারে
মারুষ্ট ইইয়া স্বেচ্ছায় প্রতিষ্ঠানের কার্য্যভার গ্রহণ করিয়াছেন। স্থতরাং
কে কয় ঘন্টা কাজ করিল এখানে সে হিসাব বা কৈফিয়ৎ নাই। সারাদিন
প্রাণাস্ত পরিশ্রম করিলেও কাহারও মুখে বিরক্তির বিন্দুমাত্র চিহ্ন দেখিতে
পাওয়া যায় না। প্রত্যেকে মনে করেন, তাঁহার উপর অর্পিত কাজ আরও
স্থানারভাবে যদি তিনি করিতে পারিতেন, তাঁহার প্রেমাম্পদ আরও কত
খুসী ইইতেন!

দেখিতে দেখিতে কয়েক বংসরের মধ্যে আজ সংসক্তে কত বিভাগে কত কাজ আরম্ভ ইইয়াছে! সর্করেই ক্বতবিহা ও স্থান্দ কর্মিগণ সম্দর্ম কার্য্য সৃদ্ধালার সহিত পরিচালনা করিতেছেন। অতি প্রত্যুবে ক্মিগণ শয়্যাত্যাগ করিয়া প্রাতঃক্বত্য সমাপনপূর্কক স্ত্রী-পূক্ষ সকলে শ্রীশ্রীঠাকুর বহুক্ষণ ধরিয়া সকলের সহিত হিন্দী মঙ্গলাচরণ ও বিনতী ভোত্রে পাঠ করিয়া সমবেত শত শত আশ্রমবাসী নরনারীর অন্তর ভাবমাধুর্ব্যে এবং পবিত্র উদীপনায় অন্থবিক্ত করিয়া তুলেন। অতঃপর সকলে প্রায় এক্ষণটাকাল ধ্যাননিরত থাকিয়া ইটারাধনা করেন।

নিম্নলিখিত ন্যোত্রগুলি প্রত্যহ সংসক্ষের সমবেত উপাসনাম হইয়া থাকে। যথা:—

(3)

রাধা-স্বামী নাম যো গাওয়ে, সোই তরে।
কল্ কলেশ সব্ নাশ্, স্থ্ পাওয়ে সব্ তঃথ্ হরে ॥
এইসা নাম অপার, কোই ভেদ ন জানই।
যো জানে সো পার, বছর ন জগ্মে জন্মই ॥
রাধা-স্বামী গার্কর্, জনম্ স্ফল কর্লে।
এহি নাম নিজ্ নাম হায়, মন অপ্নে ধর্লে ॥
বৈঠক স্বামী অদ্ভৃতি, রাধা নিরখ নিহার।
আউর ন কোই ল্থ সকে, শোভা অগম্ অপার ॥
গুপুরপ জঁহা ধারিয়া, রাধা-স্বামী নাম।
বিনা মেহর নহি পাঅই, জহা কোই বিস্রাম ॥

করু বন্দগী রাধা-স্বামী আগে. জীন পরতাপ জীব বহু জাগে। বারমার করু পর্ণাম সদগুরু পদম ধাম সংনাম। वापि वनापि युगापि वनाम, সম্ভ-স্বরূপ ছোড় নিজ ধাম। আয়ে ভৌজন নাও লগাই. रामरम जीवन निया हुए है। শব্দ দৃঢ়ায়া স্থবত বতাই. कत्रम खत्रम तम निया वहाई। কোট কোট করু বন্দনা, অরব খরব দণ্ডোত। वाधा-साभी भिन् गरम, খুলা ভক্তিকা সৌত। ভক্তি ভনাই সব্দে ভারী, বেদ কতেব ন তাহি বিচারী।

मस्रम का উহা मना विमामा।

সত্যপুরুষ চৌথে পদ বাসা,

সো ঘর দরসায়া গুরু পুরে,

বীণ্ বজে জহা অচরজ তুরে। আগে অলখু পুরুষ দরবারা,

দেখা জায় স্থরত্ সে সারা। তিস্পর অগম লোক ইক গ্রারা,

সম্ভ-স্থরত কোই করত্ বিহারা।

তহা সে দরশে অটল অটারী,

অঙ্ত রাধা-স্বামী মহল সওঁয়ারী। স্থরত হুই অতিকর্ মগনানী,

পুরুষ অনামী জায় সমানী।

(2)

বার বার করু বিনতী, রাধা-স্বামী আগে। দয়া করে। দাতা মেরে, চিত চরণন লাগে॥ जनम जनम दशै जुनरम, नहि भाषा राज्या। কাল করমকে জালমে, রহী ভোগত খেদা। জগত জীব ভরমত ফিরে, নিত চারোখানী। खानी यांशी পिन्दरः जव मन कि घानी॥ ভাগ জগা মেরা আদিকা, মিলে সদ্গুরু আই। রাধা-স্বামী ধামকা, মোহি ভেদ জনাই॥ উচা সে উচা দেশ ছায়, ওহ অধর ঠিকানী। বিনা সন্ত পাওয়ে নহি, শ্রুত শব্দ নিশানী॥ রাধা-স্বামী নাম কি, মোহি মোহিমা ভনাই। বিরহ অহরাগ জগায়কে, ঘর পহছু ভাই। সাধ সঙ্ক কর সার রস, মৈনে পিয়া অঘাই। প্রেম লগা গুরু চরণমে, মন্ শাস্ত ন আই॥ তড়প উঠে বেকল রহু, কদ পিয়া ঘর যাই। দরশন রস নিত নিত লহু, গহে মন থিরতাই। স্থুরত চঢ়ে আকাশ মে, করে শব্দ বিলাসা। ধাম ধাম নির্থত চলে, পাওয়ে নিজ ঘর বাসা এই আশা মেরে মন বদে, রহে চিত্ত উদাসা। বিনয় শুনো কিবুপা করো, দীজে চরণ নিবাসা। তুম বিন্ কোই সমরথ নহী, ষা সে মাঁগু দানা। প্রেমধার বরধা করো, খোল অমৃত খানা॥ দীন দয়াল দয়া করো, মেরে সমরথ স্বামী। স্কর করু গাওয়ত রহুঁ, নিত রাধা-স্বামী॥

(৩)

বার বার কর জোড়কর, সবিনয় করু পুকার। সাধ সঞ্চ মোহি দেও নিত, পরম গুরু দাতার॥ রুপা-সিরু সমর্থ পুরুষ, আদি অনাদি অপার। বাধা-স্বামী পরম পিতৃ, মৈ তুম সদা অধার॥ বাব বার বলজাউ, তন্মন ওয়াক চরণ পর। কা। মুখ লে মৈ গাউ, মেহর করি জদ রুপা কর। थरा थरा खकरावत, मगा-मिक्स भूत्रण धनी। নিতা করু তুম দেব, অচল ভক্তি মোহি দেও প্রভূ। দীন অধীন অনাথ, হাত গহা তুম্ আন্কর। অব রাথো নিত সাথ, দীন দ্যাল কুপানিধি। काम त्काध मन लांछ, नव विधि अख्छन-शार्तम। প্রভু রাথো মেরে লাজ, তুমু দাবে অব মৈ পড়া। ताधा-सामी खक ममत्रथ, जुम विन जाअव न कमता। অব করো দযা পরতক্স, তুম্ দর এতি বিলম্ কেউ॥ দয়া করো মেরে সাইয়া, দেও প্রেম কি দাত্। ছঃখ্ স্থ্ কছু ব্যাপে নহি, ছুটে দব উৎপাত।

প্রার্থনা-কার্য এইভাবে সমাপ্ত হইলে, বেলা হইবার সঙ্গে সঙ্গে চতুর্দিকে কর্মের সাড়া পড়িয়া যায়। তপোবনে অধ্যাপকগণ ছাত্রদের সঙ্গে মাচাং, বারান্দা, বেদী বা ঘাসের উপর বসিযা সাহিত্য, গণিত ও বিজ্ঞানের আলোচনা করিতেছেন,—শিক্ষকের হাসি-তামাসার গল্প শুনিতে শুনিতে বালকগণ পাঠ্য বিষযগুলি অজ্ঞাতসারে কেমন সহজে আয়ত্ত করিয়া লইতেছে! ডাক্তারখানায় ভিড় জমিযা গিয়াছে, চিকিংসকগণ বোগীদিগকে পরীক্ষা করিয়া কাহাকেও 'ইন্জেক্সন' দিতেছেন, কাহারও ঔষণ, কাহারও বা পথ্যের ব্যবস্থা করিতেছেন। বেলা ক্রমে বাড়িয়া চলিল, কর্মপ্রবাহ দিগুণ বেগ ধারণ করিল। 'পাওয়ার হাউস' হইতে নানাস্থানে তড়িংশক্তি বিতরিত ইইতে লাগিল—কারখানা, প্রেস, ক্টীর-শিল্প ও গৃহনিশ্যাণ বিভাগে তুমুল-

বেগে काक চলিতে লাগিল। মহিলাদিগের, বালিকাদিগের নানারকম ক্লাস বিদিয়া গেল। কোখায়ও দেলাই, কোখায়ও চিত্ৰান্ধন, কোখায়ও স্কল, এবং কোথায়ও কলেজের পাঠ চলিতে লাগিল। নানা বিভাগে নানা কাজ আরম্ভ হইল। ব্যাক্ষের গৃহে কর্ত্তপক্ষ গ্রামের ক্লমকদিগকে লইমা দরবার করিতেছেন। 'কেমিক্যাল ওয়ার্ক দে'র একাংশে ঔষধপত্র তৈয়ারী হইতেছে. অক্সদিকে তাহা দেশ-বিদেশে পাঠাইবার জন্ম পার্ষেলে প্যাক করা হইতেছে। ডাকঘরে সকলে ভিড করিয়াছে। মধ্যাহ্ন হইল, ফাঁকমত স্থান ও আহারাদি সারিয়া নিল। আহারান্তে সামান্ত বিশ্রাম করিয়া যে যাহার কার্য্যে পুনরায় লাগিয়া গেল। চারিদিক কর্মকোলাহলে আবার मुथविष रहेमा छेठिन। मुल्लानकश्च श्रवस-लिथाय मरनानिर्दंश कविर्तनन, विश्वविद्धान्तकत्म गत्वर्गा-कार्या চलिए नागिन, निद्यकृष्टीवश्वनिए नकतन আবার কর্মনিরত হইল। ক্রমে অপরাহ হইয়া আসিল, সকলে পুনরায শ্রীশ্রীঠাকুর-সমীপে বিকালের প্রার্থনায় থাগদান করিতে উপনীত হইলেন। সকলকে লইয়া শ্রীশ্রীঠাকুর প্রার্থনা শেষ করিলেন।* ক্রমে সন্ধ্যা ঘনাইয়া আসিল। কোথাও সঙ্গীত ও বাছাযন্ত্রের স্থাধুর ধ্বনিতে আরুট হইয়া লোক-সমাগম হইল, প্রাঙ্গনে ছেলেমেয়েরা দৌড়াদৌড়ি ছুটাছুটি করিয়া খেলা করিতে লাগিল। পদ্মাতীরে কত লোক জমায়েত হইয়াছে-গল্পঞ্জব, আলাপ-আলোচনায় স্থানটী মুখবিত হইয়া উঠিয়াছে। বাত্রি অধিক হইতে চলিল। কোথায়ও জ্যোতির্বিদ্যাণ শ্রীশ্রীঠাকুরের নিকট বসিয়া কোষ্ঠা-বিচারের নানা বহুলোর মীমাংসা লাভ করিতেছেন, অধ্যাপক ও ছাত্রগণ নিবিষ্টচিত্তে পাঠনিমগ্ন, বিশ্রামগৃহে আগস্কুক ভদ্রমহোদয়গণকে লইয়া কন্মিগণ শ্রীশ্রীঠাকুরের আদর্শ ও কর্মপদ্ধতি সম্বন্ধে আলোচনা করিতেছেন, সাধনগৃহে কেহ কেহ নীরব সাধনায় ধ্যাননিরত, অভিনয়-গৃহে শ্রীশ্রীঠাকুরের ভাবধারা-অবলম্বনে ক্ষীদের স্বর্রচিত কোন নাটকের মহলা চলিতেছে। অধিক রাত্রি পর্যান্ত বৈচ্যতিক আলো সমানভাবে জ্বলিতে থাকে। কণ্মক্লাস্ত হইয়া কন্মিগণ কেহ বা পদ্মার ধারে, কেহ গুহের বারান্দায়, কেহ প্রাঙ্গনে ঘাসের উপর যিনি যেখানে স্থবিধা পাইতেছেন ক্ষুত্র ক্ষুত্র শয়া রচনা করিয়া নিদ্রাদেবীর ক্রোড়ে আশ্রয় লইতেছেন। দিনের পর দিন, মাসের পর মাস, বংসরের পর বংসর

^{⇒ ।} এতকাল শ্ৰীঠাকুর জননীদেবীর পার্ষে বিসিন্না সকলের সজে প্রত্যাহ চুই বেলা প্রার্থনা করিরাছেন। জননীদেবীর বর্গারোহণের পর হইতে শ্রীশ্রীঠাকুর সমবেত প্রার্থনার আর বোগদান করেন না। এখন আশ্রমবাসী নরনারী সকলে শ্রীশ্রীঠাকুরের সমীপে উপস্থিত হইরা নিজেরাই তাহা বধারীতি সম্পাদন করিরা থাকেন।



সমবেত প্রাথনায় জননীদেবীর সহিত শ্রীশ্রীঠাকুর অ কুলচক্র

(১৩৪১ यन)

এই ভাবে চলিয়াছে। কম্মিগন প্রতিকার্য্যে, প্রতিপদে শ্রীশ্রীঠাকুরের উপদেশ ও সাহায্য লাভ করিয়া এবং সর্বাহ্মণ তাঁহার সান্নিধ্যে থাকিয়া পরম উৎসাহে কাজ করিয়া যাইতেছেন।

বাংলার পল্লীতে যেখানে দেশের প্রাণশক্তি আজ চিরনিস্রায় অভিতৃত সেই প্রাণে সাড়া তুলিবার জন্ম পল্লীসন্তান শ্রীশ্রীঠাকুর তাঁহার এই নিরালা পল্লীগ্রামেই সংসঙ্গ প্রতিষ্ঠানটীর পত্তন করিয়াছেন। কত প্রতিকৃল অবস্থার ভিতর দিয়া চলিতে চলিতে আজ ইহা ফটিকের মত দানা বাধিয়া উঠিতেছে! নগরীর কোলাহল হইতে দ্রে বাংলার প্রাণবাহিনী পদ্মানদীর ধারে—বাংলার হুংখ-বেদনাকে সত্য করিয়া প্রাণে প্রাণে অমুভব করিয়া—তাহা নিরাকরণের জন্ম আজ কত বংসর ধরিয়া তিনি ধীরে ধীরে গড়িয়া তুলিতেছেন এই প্রতিষ্ঠানটী।

সংসক্তে শ্রীশ্রীঠাকুরের অফুপ্রেরণায় সহস্রাধিক কন্মী আজ যে এই অভিনৰ কৰ্মপ্ৰতিষ্ঠানটা গড়িয়া তুলিয়াছেন, জাতিব ভবিষ্যুতের দিক দিয়াও তাহা যে সমুদ্ধির স্টক তাহা নি:সন্দেহে বলা যাইতে পারে। প্রতিষ্ঠান আজও শিশু, আজও তাহার অকপ্রত্যকগুলি পূর্ণভাবে পরিণতি লাভ কবে নাই-ক্ষা বলিতে কি. শিশু-দেহের প্রত্যঙ্গ-নিচয়েরই মত সর্ব-সম্ভাবনা লইয়া ইহা গডিয়া উঠিতেছে। সংসদ্ধের গবেষণা বিভা**গে** নানা প্রকার বৈজ্ঞানিক যন্ত্রাদির সহযোগে, যাহাতে মানব সাধারণের তুর্দ্দশাসমূহের লাঘব করা যাইতে পারে সে বিষয়ে পরীক্ষা-কার্য্য চলিতে থাকিবে , সৎসক্ষের প্রেস এবং পাব্লিশিং বিভাগ দেশের যাবতীয় সমস্তার মীমাংসা-বাণী প্রচার করিয়া সকলের নিকট বাঁচার অমর মন্ত্র ঘোষণা कनिटव ; जल्जित त्रजाञ्चन विकारण नानाविध द्याग-यञ्चणानि मृत्रीकद्रत्यव মহৌষধসমূহ স্বল্পব্যয়ে দেশীয় উপাদানে প্রস্তুত হইতে থাকিবে: সৎসঞ্জের **গৃহশিক্ষ বিভাগে** নিত্য প্রয়োজনীয় দ্রবাসম্ভার প্রস্তুত হইয়া ভেজাল-শৃত্য, বাঁটী ও স্বাস্থ্যকর বাজ-সরবরাহে ঘরে ঘরে ছড়াইয়া পড়িয়া গ্রামের স্বাস্থ্যকে অটুট করিয়া তুলিবে--সেই সঙ্গে এই সমগু কুটীর-শিল্পে পল্লীর নর-নারী-निक्तिरम्पर नकलन्त्रहे श्राराजनौत्र व्यर्थाभाक्तान्त भथ कतिया मिरवः সংসক্ষের কারখানা সমূহ উদ্বত ও নবোদ্রাবিত ষদ্রবাজিব নির্মাণে দেশের যন্ত্র-সমস্তা-সমাধানে অগ্রসর ইইবে; সৎসক্তের ইঞিনিয়ারিং বিভাগ স্বগ্রামে ও অক্তাক্ত স্থানে গৃহ, রান্তা-ঘাট ও জল-সমস্তাদির নিরাকরণ করিয়। একদিকে যেমনই দেশের স্থখ-সমুদ্ধি-বুদ্ধির পথ প্রদর্শন করিবে, অন্তদিকে তেমনি সেই কর্মপ্রচেষ্টাসমূহে দেশের বেকার-সমস্তারও সমাধান স্থানা করিতে থাকিবে: সংসজের চিকিৎসাবিভাগ

ব্যাধি-ষন্ত্রণাগ্রস্ত আতুরগণের সেবায় দেশের বোগ-ক্লিষ্টের ভরসাম্বল मां जारेर : मरमदा अनमी-महाम ७ शाजी-विकाश প্রস্থতি-সাধারণের নিশ্চিম্ভ ও স্থখপ্রসবের ভরসা প্রচার করিয়া স্বস্থ ও বলিষ্ঠ শিশুতে দেশ ভরিষা দিবার আশার স্থচনা করিবে: সৎসক্ষের সাধন-বিভাগ জনসাধারণের মনে প্রাণের স্বস্থতা ও শাস্তি-বিধানের माजाङेरव--मर्र्वाभिव ज्ञश्मदक्त मिका-विद्याश হইয়া প্রচলিত শিক্ষা-পদ্ধতির দোষ-ক্রটিগুলি নিরাকরণ করিয়া দেশের কিশোর-গণের জদয়ে ইষ্টস্বার্থপরায়ণতার বীজ বপন করিয়া এবং ইষ্টপ্রাণ শিক্ষকের তত্তাবধানে তাহাকে অঙ্করোদ্যমে ও ফলনে সাফলামঞ্জিত করিয়া কিশোরগণকে কর্ত্তব্যনিষ্ঠ, দক্ষ ও নিপুণ করিয়া জগতের বৃকে স্বচ্ছন্দে বিচরণোপযোগী করিয়া ছাডিয়া দিবে—যাহাতে দেই শিক্ষিত কিশোরগণের মধ্য দিয়াই আয়ের ইষ্ট-চলনপরতা দেশময় প্রচারিত ও প্রসারিত হইতে পারে—দেশের সকলকে ইষ্টের টানে একমুখী করিষা আধাের আদর্শে অচ্যত করিয়া তুলিতে— रेष्टेयार्थभतायन এकानर्भत चारमम-भानरन निष्ठांच छात्र रम्भरक रम्भ-नारमत যাথার্থ্য-লাভে সমর্থ করিতে পাবে। সংসক্ষের কৃষি ও **শ্রেমশিল্পাদির** উত্তর্জন-পত্না এবং সৎসক্ষের সেবামূলক ব্যবসায়াত্মিকা বৃদ্ধি সকলের অমুসরণীয়। সৎসজের সমাজ-সংস্থাবের পরিক্রিয়মান পরিকল্পনাগুলি আ্যা-স্মাজের ব্যাপক সংস্কার-মূলক পথ-প্রদর্শক। ভারত বর্তুমানে গভীর তুদ্ধশার স্রোতে নিমজ্জ্মান হইলেও, কি কবিয়া শুভের আবাহনে এবং অশুভের নিয়ন্ত্রণে সমাজ-শুদ্ধি, বংশ-শুদ্ধি ও চলন-শুদ্ধির পথে তিলে তিলে দক্ষ ও নিপুণ ভবিষ্য বংশধবের স্বন্ধনের স্থচনা করিয়া. ন্তায়ের পথে, শান্তিব আশ্রয়ে ও প্রেমেব পতাকাতলে অবস্থান করতঃ ধীরে ধীরে মোক্ষের পথে অগ্রসর হইতে পারে—সেই পথই আজ প্রদর্শন করিতে যাইতেছে—শ্রীশ্রীঠাকুরের প্রতিষ্ঠিত এই অভিনব "সৎসঙ্ক প্রতিষ্ঠানটী"।

নবম অধায়

শ্রীশ্রীঠাকুর অনুকূলচন্দ্র ও দেশবন্ধ চিত্তরঞ্জন

সে আজ প্রায় পনর বংসর পূর্বের কথা। চিত্তরঞ্জন তথন তাঁহার ভবানীপবের বাডীতে বাদ কবেন। দেশে অসহযোগ আন্দোলনের পড়িয়া গিয়াছে। নেতৃগণ সকলেই মহাবাস্ত। সংসক্ষে তথন 'Wind Power Dynamo' নামে একটা যন্ত্ৰ আবিষ্কৃত হইয়াছে। ইহাব সাহায়ো বায়-মণ্ডল হইতে বিনা খরচায় তড়িংশক্তি-সংগ্রহেব ব্যবস্থা হইয়াছে। দেশবাসীর যথার্থ বন্ধ ছিলেন। লুপ্তপ্রায় কুটার-শিল্পের পুনরুদ্ধার এবং বৈজ্ঞানিক গবেষণার সাহায়ে জাতীয় উন্নতি-সাধন বিষয়ে তাঁহার উৎসাহের অভাব ছিল না। উক্ত যন্ত্রটার নির্মাণ-কায্যে সাহায্যলাভের আশায় সংসঙ্গের কতিপ্য ক্মী তাহার সহিত সাক্ষাং কবিতে গিয়াছিলেন। 'সংসঙ্গের' কথা ও কি নি ১:৫:০০ কথা উঠিতেই, নিজ হইতেই বিশেষ আগ্রহ-সহকারে দেশবন্ধু বলিলেন,—"তিনি কি সেই অহুকূল ঠাকুর, খার কথা আমি বারীনের কাছে কত ভ'নেছি? তাঁ'র সঙ্গে দাক্ষাং কর্বার যে আমাব অনেক দিনের সাধ র'য়েছে !" শ্রীযুক্ত বারীক্রকুমার ঘোষ ক্রী এব বৈ:৵ব ক্রিষ্ঠ ভাতা। দ্বীপান্তর হইতে ফিরিয়া আসিয়া তিনি কিছুদিন সংসঙ্গে থাকিয়া শ্রীশ্রীঠাকুরের সঙ্গ করিয়াছিলেন এবং দেশবন্ধর পৃষ্ঠপোষিত 'নারায়ণ' পত্রিকায় 'পাবনার মধুচক্র' নামে একটা প্রবন্ধ লিখিয়া শ্রীশ্রীঠাকুরের আদর্শ ও কার্য্যাবলী সম্বন্ধে আলোচনা কবিয়াছিলেন।

দেশবন্ধুর সহিত সংসঙ্গের কমিগণের সাক্ষাতের সময় শ্রীশ্রীঠাকুর কলিকাতায় হরিতকীবাগান লেনে অবস্থান করিতেছিলেন। তাঁহার আগমনে লোকের অত্যস্ত ভিড় হওয়ায় মাণিকতলায়ও আর একটি বাড়ী ভাড়া করা হইয়াছিল। শ্রীশ্রীঠাকুরের কথা জিজ্ঞাসা করিতে করিতে দেশবন্ধু যথনই জানিতে পারিলেন যে, তিনি উপস্থিত কলিকাতায়ই আছেন, তাঁহার কি আগ্রহ শ্রীশ্রীঠাকুরকে দেখিবার জন্ম! দেশবন্ধু তাড়াতাড়ি চেয়ার হইতে উঠিয়া দাড়াইলেন এবং এক-নিঃশাসে এই কথাগুলি বলিয়া ফেলিলেন,— "এখানে তিনি ? বাড়ীর নম্বর কত্ত ? কোন্ রাস্তায় ?……আজ্রই আমি তাঁর সঙ্গে সাক্ষাৎ কর্ব।" সেদিন আর কথাবার্ত্তা হইল না। পরদিন সিরাজগঞ্জ কন্ফারেন্দে দেশবন্ধু সভাপতি হইয়া যাইতেছেন, সে কারণে প্রত্যুয়েই সংসক্ষ

বাড়ীতে সংবাদ পাঠাইলেন যে, সিরাজগঞ্চ হইতে ফিরিয়া আসিয়াই তিনি শ্রীশ্রীঠাকুরের সহিত সাক্ষাৎ করিবেন।

ইহার পাচ ছয় দিন পরে একদিন সন্ধ্যাবেলায় চিত্তরঞ্জন মাণিকতলার বাসায় औশীঠাকুরের সহিত সাক্ষাৎ করিতে আসেন। সেদিন বাড়ীতে তুমুল कीर्खन চলিতেছিল। निक्कान स्विथायक कथावाखा विनवात कन्न छांशांक দোতলার ছাদে লইয়া যাওয়া হইল, সেথানে শ্রীশ্রীঠাকুর একখানা মাছুরের উপর শুইয়া ছিলেন। দেশবন্ধুকে দেখিয়াই এশীঠাকুর তাঁহার স্বাভাবিক স্বমধুর 'দাদা' সম্বোধনে তাঁহাকে নিজের কাছে বসাইলেন এবং কুশলপ্রশ্লাদি জিজ্ঞাসা क्रिलन। উভয়ের মধ্যে নানা क्रथावार्का চলিতে লাগিল। অসহযোগ আন্দোলন, চরকা, খদর ও মহাত্মাজী সম্বন্ধে কত কথা হইল! দেশবন্ধ বলিলেন,—"নন্কোপারেশনের জন্ত অনেক খাট্তে হ'য়েছে।" ঐশীঠাকুর জিজ্ঞাসা করিলেন—"নন্কোপারেশন্ কি আরম্ভ হ'ল ?" দেশবন্ধু উত্তরে विनातन-"मुख्य कथा विनाद कि. अमहासाग जात्मानन श्रक्के अख्यादि वर्थन । আরম্ভ হয় নাই।" এীশ্রীঠাকুর বলিলেন,—"এরপ আন্দোলন পাশ্চাত্য দেশেরই যোগা, এ দেশের লোকের ইহা প্রকৃতিগত নয়, তাই বোধ হয় লোকে ইহা নিতে চায় না। চাণক্যের নীতিই এ দেশবাসীর পক্ষে উপযুক্ত; চাণকাই এ দেশের আদর্শ রাজনৈতিক।" দেশবন্ধু বলিলেন,—"দেশের অর্থ বিদেশে চ'লে যাচ্ছে, তাই ইহাকে বাধা দে'বার জন্ত, এই আন্দোলনের কতকটা সার্থকতা আছে ব'লে অনেকে মনে করেন, আমার কিন্তু এই আন্দোলনে মোটেই আন্থা নাই। মহাত্মাজীর কথায় আরুট হ'য়ে এক বংসর তাঁ'র নির্দেশমত কাজ করতে রাজী হ'য়েছিলাম, কিন্তু নিরাশ হ'য়ে বংসরাস্তে हेश ছে'ए मिरा अताकामन गठेन क'रतिছ। চत्रका এवः अमरति स দেশোদ্ধার হ'বে সে সম্বন্ধে আমার তেমন বিশাস নাই,—ইহাতে লোকের যংসামান্ত অর্থাগমের একটা উপায় হ'তে পারে এই মাত্র।" সঙ্গে সঙ্গে শ্রীশ্রীঠাকুর বলিলেন,—"ভগু ধদরে বিশেষ কিছুই হ'বে না। আজ-কাল কন্মীবা অনেকেই জেলে যান, তাতেও কোন ফল হ'বে ব'লে আমার মনে হয় না। তারপর, ইংরেজ এমন শক্তিহীন নয় যে, খদর পরলেই বা জেলে গেলেই তারাও ভয়ে দেশ ছে'ডে দে'বে। আর দেখন, জ্বেলে গৈলে ক্ষতি বৈ লাভ নাই। তাতে মাহুষের মহুদ্রত্ব নষ্ট হয়, স্বাস্থ্য ও শক্তির অপচয় হয়।"

দেশবন্ধু উৎকর্ণ হইয়া শুনিতে লাগিলেন, প্রীশ্রীঠাকুর বলিয়া যাইতে লাগিলেন,—"ইংরেজ এদেশে এসেই সেবাঘারা লোকের অন্তর জয় ক'রে ছিলেন। আমরাও যদি দেশবাসীর ত্ঃখ-দৈশ্য অন্তরের সহিত বৃ'ঝে তা' দ্র কর্বার জন্ম আপ্রাণ চেষ্টা করি, আর সেই করার ফলে যখন সকলে ইংরেজের চেয়ে আমাদের সেবার দান বেশী ব'লে অন্তরে অন্তরে অন্তর কর্বে, তথনই স্বরাজ আপনি এসে উপস্থিত হ'বে। ইংরেজেরা এদেশে তা'দের commerce and culture (বাণিজ্য ও ক্লাষ্ট্র) নিয়ে এ'সেছিলেন। Commerce (বাণিজ্য) দিয়ে তাঁরা দেশবাসীর নিতানৈমিন্তিক যাবতীয় অভাব অভিযোগ খ্ব কম ধরচে দ্র কর্তে লাগ্লেন, আর মিশনারীগণ সর্বত্ত বিভালয় স্থাপন ক'রে, নিজেরা পুন্তক লি'থে, এবং নিজেদের প্রেসে তা'ছাপিয়ে, এক-রকম বিনাম্ল্যেই জনসাধারণের মধ্যে জ্ঞান-প্রচারে মনোযোগী হ'লেন। দেশবাসী দেখ্ল ইংরেজের মত স্থল নাই। বান্তবিক্ই সেবা ছাড়া দেশ-জয়ের অন্ত উপায় নাই। সেবা দিয়া মাহ্যুযের যত-কিছু অভাব সব দ্র ক'রে ডা'দিগকে স্থ রাখা এবং উন্নত করাই আমার মতে শ্রেষ্ঠ রাজনীতি।"

দেশের প্রচলিত রাজনীতি দেশবন্ধুরও ভাল লাগিত না; উপায়ান্তর ছিল না বলিয়া বাধা হইয়াই তিনি তাহাতে যুক্ত বহিয়াছিলেন। উপযুক্ত লোকাভাবে এ দায়িত্ব অন্ত কাহারও হাতে তুলিয়া দিয়া নিজে যে সরিয়া দাঁড়াইবেন দে পথও ছিল না। দেশে যে সত্যি সত্যি আজ মান্তবের অভাব, আর সেই জন্মই যে কোন কাজই অগ্রসর হইতেছে না, একথা উল্লেখ করিয়া শ্রীশ্রীকুর বলিতে লাগিলেন,—"দেশে উপযুক্ত মান্ত্র হ'বে কি ক'বে? সমাজের আজ কি ঘোর তৃদ্শা! ইহা যে একেবারে প'দে গিয়েছে। কোন পরিবারেই স্বামী-ত্রীতে প্রণয় নাই, ঘরে ঘরে শিশুমৃত্যু, সর্বত্র ঘোর অশান্তি! আমাদের উন্নতির অন্তরায়গুলি দূর ক'বৃতে হ'বে। লক্ষ্য যদি ঠিক হয়, তথন যাওয়া।—সে চিং হ'য়েই পারি, কাং হ'য়েই পারি, সাঁতার দিয়েই পারি, আর বৃকে হেঁ'টেই পারি। এই জন্ম আগে লক্ষ্য ছির হওয়া দরকার। আমাদের প্রধান লক্ষ্যই হ'বে—প্র মান্ত্র চাই। দেশে যা'তে স্বসন্তান হয় তাই কর্তে হ'বে।"

তারপর শ্রীশ্রীঠাকুর বলিলেন,—"আপনারা নিম্নজাতির জলচল কর।
ইত্যাদি যে আন্দোলন কর্ছেন ওটা এখন এই বাঙ্গলা দেশে আর তত
বেশী দরকারী নয়, ও-ড' প্রায় চল্ হ'য়েই গে'ছে। এখন ত' প্রায় সকলেই
সকলের হাতে জল থায়। তার চেয়ে বেশী দরকার হ'ছে, বিবাহ সম্বন্ধে
reform (সংস্কার) আনা,—বিবাহ-সমস্তাটা যদি solve (মীমাংসা)
করা যায় তবে স্বসন্তান হ'বে, তখন আর দেশে কর্মীর অভাব হ'বে না।
ভাল সন্তান জ্বন্নাতে হ'লে স্বামী-স্ত্রীর মধ্যে ভালবাসার intensity
(গভীরতা) ও continuity (নিরবচ্ছিয়তা) থাকা চাই। ভালবাসার
intensity (প্রাগাঢ়তা) থাক্লে সন্তানের longevity (আয়ু) বে'ড়ে য়য়।"

শীশীঠাকুর আরও বলিলেন,—"আবার বালবিধবাদিগের বিয়ে হওয়া উচিত। যে নিজেকে বিধবা ব'লে জানে, স্বামীকে যে accept (গ্রহণ) ক'রেছিল, তার বিয়ে হওয়া উচিত নয়। কিন্তু যার conception (গর্ভাধান) হয় নাই, অথচ বিয়ে কর্তে চায়, তার বিয়ে হওয়া উচিত। আর উপয়ুক্ত পাত্র না পে'লে আজীবন কুমারী থাকাও ভাল। পাত্রপাত্রী যদি according to choice (পছন্দসই) বিয়ে কর্তে পারে তবেই ভাল হয়। এখনকার মত গয়-দান, ঘটি-দান গোছের বিবাহ আর না-থাকাই সক্ষত। ঐরপ বিবাহ হ'লে স্বামী-স্রীর মধ্যে প্রেম বেশী গাঢ় হ'বে এবং তার থেকে যে issue (সন্তান) পাওয়া যা'বে তারা খ্বই স্কন্থ, সবল ও বৃদ্ধিমান হ'বে। এইরপ এখন কর্তে পার্লে বিশ পচিশ বংসর পরে এমন কতকগুলি brain (মন্তিক্ষ)-ওয়ালা মান্ত্র্য পাওয়া যাবে, যারা দেশের সভি্যকারের কাজ কর্তে পার্বে।"—ইত্যাদি কত কথাই শ্রীশ্রীঠাকুর আলোচনা করিলেন। দেশবন্ধু অবাক বিস্ময়ে শ্রীশ্রীঠাকুরের কথিত বাণীগুলি অন্তরের সবটুকু শ্রদ্ধা এবং আগ্রহ-সহকারে গুনিয়া যাইতে লাগিলেন, মাঝে মাঝে তাহার বদনমগুল আশার উজ্জ্বল আলোকে দীপ্তিমান হইয়া উঠিতে লাগিল।

জাতির ভবিশ্বং কল্যাণ কিসে হইবে তাহা স্থনিশ্চিত জানা না থাকায়. এতদিন আন্দোলন চালাইতে পদে পদে নিজেকে কিরুপ বিপন্ন বোধ করিয়াছেন, দেশবন্ধ অবশেষে তাহাই শ্রীশ্রীঠাকুরেব কাছে অকপট হৃদয়ে প্রকাশ করিয়া কত চঃথ করিলেন। এই কথা শুনিয়া শ্রীশ্রীঠাকুর কহিলেন— "দেখুন দাশদা, যিনি আত্মন্ত স্বটা দেখেন এমন একজন দ্রষ্টাপুরুষ পিছনে না থাকলে, কোন কাজেই কেহ সফলকাম হ'তে পারে না। প্রীকৃষ্ণ সার্থী ছিলেন ব'লেই নানা সমস্তা-সঙ্গল ভারত্যুদ্ধে বড় বড় মহার্থীদিগকে পরাস্ত ক'রেও অর্জ্জন জয়ী হ'তে পে'রেছিলেন; রামদাস ছিলেন তাই প্রবলপরাক্রান্ত মোগল সম্রাটের সঙ্গে লড়াই ক'রে শিবান্তী বিরাট মহারাষ্ট জাতি গঠন ক'রতে পে'রেছিলেন; চক্রগুপ্তের বিশালসামাজ্যস্থাপনও চাণক্যের জন্মই। আবার দেখতে পাই, রাণা প্রতাপসিংহ এত বড় স্বার্থত্যাগী স্বদেশপ্রেমিক বীর হ'য়েও শুধু চালকের অভাবে কোন ক্লতকার্য্যতা লাভ করতে পারেন নাই, দারুণ ব্যর্থতার বোঝা নিয়েই জীবনটা কাটিয়ে গেলেন।" শ্রীঠাকুরের কথাগুলি দেশবন্ধুর মনে কেমন এক উদ্দীপনার স্বষ্টি করিল, উৎকণ্ঠার সহিত আবেগভরে তিনি বলিয়া উঠিলেন,—"তা'হ'লে আমায় কি করতে হবে ব'লে দিন !"

শ্রীশ্রীঠাকুর—এই সকল সংস্কারের জন্ত শক্তি নিয়ে কাব্দে লাগুন।

চিত্তরঞ্জন—শক্তি আমায় কে দিবে ?

শ্রীশ্রীঠাকুর—যে মুহর্ত্তে আপনার ভালবাসাখানা তার উপর পড়বে সেই মূহুর্ত্তেই শক্তি এসে যা'বে। তাকে ধ'রে খুব নাম কর্তে হয়। তাঁ'তে যুক্ত হ'লেই শক্তি পাওয়া যায়।

শীশীঠাকুরের কথা শুনিষা চিত্তরঞ্জন ব্যাকুলকণ্ঠে বলিলেন—"আমার কি হবে ?" শুনিবামাত্রই শীশীঠাকুর দৃপ্তকণ্ঠে উত্তর করিলেন, —"এখনই হবে, এই জন্মেই—এই জেদ্ চাই। প্রমিপিতাকে ডাকুন, শিবাজীর মত হওয়া চাই, ভাবনা কি ? তবে নাম করা চাই-ই, আর এতে তো লোক্সান নাই দাশদা! এই যে বলে—'হতো বা প্রাপ্যাসি স্বর্গং জিত্বা বা ভোক্ষাসে মহীম'—।"

দেশবন্ধ-নাম কি ?

শ্রীশ্রীঠাকুর—আমাদেব system-এর (শরীর-বিধানের) ভিতর ক্রিয়াপ্রতিক্রিয়ার দক্ষণ প্রতিনিয়তই যে সমস্ত শক্ষ স্থভাবতঃই হ'চ্ছে তাকেই নাম, নাদ বা বীজ বলে। এই নামের স্থল-স্ক্র হিসাবে স্তর-ভেদ আছে। ব্রীং, ক্লীং, ওঁ, বং প্রভৃতি প্রত্যেকই এক-একটী স্পন্দন। আমাদের brain cells (মন্তিছ-কোস)গুলি বহিন্দুর্থীন প্রবৃত্তির চাপে মুদিত থাকে, কোন বীজমন্ত্র মনোযোগের সহিত মনে মনে অনবরত উচ্চারণের ফলে, আমাদের স্নায়র উপর ক্রিয়া করিয়া মন্তিক্রের কোষগুলিকে উত্তেজিত করিয়া তোলে, সেগুলি পূর্ব্বের চেয়ে অধিক সাড়াপ্রবণ হয়, cells (কোষ)গুলি ফুটে উঠে, যাহা পূর্বের বোঝা কঠিন হ'ত তাহা তথন সহজে বুঝা যায়, বৃদ্ধি বিকশিত হয়, জ্ঞানের দরজার যেন চাবি খু'লে যায়।

দেশবন্ধু— নাম ত' অনেক ক'রেছি, কিন্তু ফল ত' কিছু পেলাম না! শ্রীশ্রীসাকুর—কি নাম কর্তে হয়, কি ভাবে কর্তে হয়, তা' ভ'নে নিতে হয়, আর তাই নিয়মমত ঠিক ঠিক চালা'তে হয়।

দেশবন্ধ নামদীক্ষা-গ্রহণের জন্ম তীব্র ব্যাকুলতা প্রকাশ করিতে লাগিলেন। শ্রীশ্রীঠাকুর তাঁহাকে জননীদেবীর নিকট হইতে সকল বিষয় যথাযথ জানিয়া লইবার জন্ম বলিলেন। জননীদেবী তথন অন্ম ঘরে ছিলেন, দেশবন্ধু তাঁহার নিকট উপস্থিত হইয়া দীক্ষাগ্রহণের আকুল প্রার্থনা নিবেদন করিলেন। দেশবন্ধুর কথা উনিয়াই জননীদেবী বলিয়া উঠিলেন,—"তোমরা বড় লোক, আমাদের কাছে নাম নেওয়া কি তোমাদের শোভা পায়? বড় লোকদের আমার আর বিশাস হয় না, তা'রা মনে করে ভগবানকেও তা'রা অন্থ্রহ করে। এইত' সেদিন—পাল বল্ছিল, সংসঙ্গে এসে সে সংসক্ষকে ক্বতার্থ ক'রেছে।"

মায়ের কথা শুনিয়া দেশবন্ধু কাতরস্বরে বলিতে লাগিলেন,—"মা, আমি

পাপী. আমার উপর দয়া হ'বে না, তা'ত জানিই, আমি নিতান্ত অমুপযুক। জগন্নাথ সবাইকে দয়া করেন, আমিই শুধু তাঁর দয়া-লাভে বঞ্চিত। জগল্লাথের মন্দিরে কত জনেই যায়, আমি কিন্তু অভিমানে কোনদিন প্রবেশ করি নাই।" দেশবন্ধর সরল অকপট বচন শুনিয়া জননীদেবী বলিলেন—"কভ জনকেই দে'খেছি, স্বাই নাম নেয়, তুই দিন পরে हि'ए एस. चात तल—'अए किছ हम ना'. चात निमा करत। তমি এত বড লোক, দেশময় তোমার নাম-যশ, কত লোক নেতা ব'লে তোমায় মান্ত করে। তুমি হয়ত মনে কর, তুমি এখান থেকে নাম গ্রহণ ক'রে সংসক্ষকে চরিতার্থ ক'চ্ছ। এমন ভাব থাকলে তোমার নাম নিয়ে কাজ নাই বাপু। যদি সংসক্ষের ভাবধারা পরমণিতা হ'তেই এসে থাকে একথা সতা হয়, তবে তা' গ্ৰহণ কবৃলে নিজেৱই ত' লাভ বেশী—কুতার্থ হ'লে সেই হ'য়েছে যে নাম পে'য়েছে।" এইবার দেশবন্ধ বিনয়-সমন্বিত দৃঢ়তার সঙ্গে विलान,-"मा, ठिखतक्कन यथन या' গ্রহণ क'रतरह जा' टि'रव ठिरखरे क'रतरह. সে একবার যা' ধরে তার শেষ না দে'থে ছাড়ে না।" মা তাঁহার নিষ্ঠা, আগ্রহ ও ব্যাকুলতায় পরম সম্ভুষ্ট হইলেন। ছই জনে আরও কত কি কথাবার্তা हरेल। **माराय कार्क नाधन-श्र**भानौ आनिया नरेया रमभवक ठिखबक्षन দেই রাত্রেই (১৩৩১ সনের ৩১শে জো**ষ্ঠ) দীক্ষাগ্রহণপূর্ব্বক** শ্রীশ্রীঠাকুর অমুকলচন্দ্রকে শ্রীগুরুপদে বরণ করিয়া বাড়ী ফিরিলেন।

ইহার কয়েক দিন পরে দেশবন্ধু আবার শ্রীশ্রীঠাকুরের সঙ্গে সাক্ষাৎ করিতে মানিকতলার বাসায় আসিয়াছিলেন। সাধন-ভজনের বারা কি ভাবে ইচ্ছাশক্তিবৃদ্ধি করিয়া চরিত্র সবল করা যায়, ছেলেমেয়েদিগকে কি প্রণালীতে শিক্ষাদান করিলে দেশে আদর্শ মান্ত্র্য গড়িয়া উঠিতে পারে, ক্টার-শিল্পের প্রবর্ত্তন করিয়া কি ভাবে দেশের অভাব দূর করা যায়, বিজ্ঞানের সাহায্যে কি ভাবে জাতীয় সম্পদ বৃদ্ধি করা যায়, ব্যাঙ্ক খুলিয়া কি ভাবে দরিক্র ক্রষক ও শিল্পীদিগকে সাহায্য করা যায় ইত্যাদি কত কথাই সেদিন হইল। ইহার কিছুদিন পর শ্রীশ্রীঠাকুর কলিকাতা হইতে সংসক্ষে প্রত্যাগমন করেন। দেশবন্ধুর একাস্ক ইচ্ছা, আশ্রমে আসিয়া কিছুকাল শ্রীশ্রীঠাকুরের সঙ্গ করেন, কিন্তু নানা আবলো তাহা কার্য্যে পরিণত করিতে বিলম্ব ঘটিতে লাগিল। অবশেষে ১৯২৫ সনের ১১ই মে তিনি সম্বীক্র আশ্রমে আসিয়া পৌছিলেন। পদ্মাতীরে একখানা বাড়ীতে তাঁহার বাসস্থান নিন্দিন্ত হইল। সেধানে তাহার শমনগৃহের সন্মুখেই একটা প্রশন্ত বাধান বেদী ছিল, এই বেদীর উপর বসিয়া শ্রীশ্রীঠাকুরের সঙ্গে তিনি নানা বিষয়ে কত গল্প করিতেন। জাতীয় সাহিত্য, ইতিহাস, সমাজ ও শিক্ষা প্রভৃতি বিষয়ে কথাবার্ত্তায় এক-এক দিন গভীর রাত্রি পর্যান্ত

ত্ইজনে জাগিয়া থাকিতেন। দেশের ভবিষ্যৎ সম্বন্ধ শ্রীপ্রীঠাকুরের সঙ্গে নানা উদীপনাময়ী, আলোচনায় দেশবন্ধু অস্ত্র দেহেও প্রাণের প্রাচ্র্য্য অমুভব করিতেন,—কত ভাবী স্থা-কল্পনায় তাঁহার অস্তর্থানা পূর্ণ হইয়া উঠিত।

আশ্রমে যে বাডীটাতে চিত্তরঞ্জন বাস করিতেছিলেন, তাহ। খরিদ করিয়া লইয়া দেখানে পছন্দমত গৃহাদি প্রস্তুত ক্রাইবেন এবং দার্জ্জিলিং হইতে ফিরিয়া আসিয়াই নিয়তরূপে তথায় বাস করিবেন, সংসঙ্গ হইতে একখানা সাপ্তাহিক ইংরেজী সংবাদপত্র পরিচালনা করিয়া শ্রীশ্রীঠাকুরের সমাজ-সংস্কার ও গঠনমূলক উদার ভাবরাজি দেশের সর্বত্ত প্রচার করিবেন এবং জীবনের অবশিষ্ট কাল শ্রীশ্রীঠাকুরের নির্দেশমত তাঁছারই আরন্ধ পল্লীসংগঠন-কার্য্যে নিরত থাকিবেন-ইত্যাদি কত ইচ্ছা প্রকাশ করিলেন। कथा वनिতেছি, ইशांत किছু मिन পরেই (कुनांरे মাসে) निश्चिन-ভाরত-কংগ্রেস কমিটির একটা বিশেষ অধিবেশন হওয়ার কথা ছিল। দেশবন্ধ মনস্ত করিয়াছিলেন, সংসক্ষেই সেই কমিটির অধিবেশন যাহাতে হয় তাহার ব্যবস্থা করিবেন এবং তখন সকল প্রদেশের নেতৃবন্দের নিকট শ্রীশ্রীঠাকুরের আদর্শ ও কার্যাবলী প্রচার করিয়া তাঁহাদিগকেও শিক্ষা, সমাজ, রাষ্ট্র ও ধর্মের গঠনমূলক সেবাকার্য্যে যোগদান করিতে অন্তপ্রাণিত করিবেন। সংসঙ্গে দে-সময় একটা ব্যাঙ্ক-স্থাপনের কথাবার্ত্তা চলিতেছিল, দেশবন্ধ সর্ব্বপ্রথম এই ব্যাঙ্কের একজন ডিরেক্টর হইলেন। ইতিপর্বে সংসঙ্কের কতিপয় কর্মী শ্রীশ্রীঠাকুরের ভাবধারা-অবলম্বনে 'Commerce and Culture' (ক্মার্স এও কালচার) নামে একটা যৌথ কারবার খুলিয়াছিলেন, নানাকারণে ইহার কান্ধ ভাল চলিতেছিল না। ইহাকেও পুনক্ষ্মীবিত করিবার জন্ম তিনি কোম্পানীর ডিরেক্টরগণের নিকট চিঠি-পত্রাদি লিখিলেন। মহাত্মান্ত্রীর তথন वक्रामन-পরিভামণের কথা ছিল, তাঁহাকেও সংসঙ্গে আসিবার জন্য সবিশেষ অনুবোধ জানাইয়া পত্ৰ দিলেন।*

* প্রদক্তমে উল্লেখ করিতেছি যে, বঙ্গ-ভ্রমণ-কালে মহাস্থালী দেশবন্ধুর অসুরোধ রক্ষার্থ বিশেব আগ্রহের সহিত সৎসক্ষ-পরিদর্শনে আগমন করিরাছিলেন। তথন দেশবন্ধুর পুত্র চিররঞ্জন (ভোখল) সত্ত্বীক আশ্রমে ছিলেন। ইহারা ইতিপুর্বেই দীকা গ্রহণ করিরা সৎসক্ষে আসিরা শ্রীন্টাকুরের সারিধ্যে বাস করিতেছিলেন। মহাস্থালী তাহাদিগকে আশ্রমে দেখিরা পুবই আনন্দ প্রকাশ করিলেন এবং বিদায়কালে পুনঃ পুনঃ বলিরা গেলেন, তাহারা বেল নিরতরূপে শ্রীন্টাকুরের কাছেই বাস করেন। আশ্রমে পদার্গণ করিবানাত্র মহাস্থালীকে মাল্যভূবিত করিরা অভিনন্দন প্রদান করা হয়। অতঃপর তিনি শ্রীন্টাকুর ও জননীদেবীর সহিত সৎসক্ষের ব্যবভীর কর্মপ্রতিটান পরিদর্শন করতঃ বিশেব আনক্ষের সহিত উচ্চপ্রশংসা-স্চক মন্তব্য প্রকাশ করেন। শ্রীপ্রীতাকুরের জননীকে মহাস্থালীক

দেশবন্ধু যে কয়দিন সৎসঙ্গে অবস্থান করিয়াছিলেন, তাঁহার শরীর ক্রমেই বেশ স্বস্থ হইতেছিল। আশা করা গিয়াছিল, আরও কিছুকাল কর্মকোলাহল হইতে দরে থাকিয়া এইরূপ শান্তিপূর্ণ জীবন কাটাইতে পারিলে তিনি সম্পর্ণ নিরাময় হইয়া উঠিবেন। তাঁহারও একান্ত ইচ্চা চিল, কিছ অধিককাল শ্রীশ্রীঠাকুরের সাল্লিধ্যে বাদ করেন, কিন্তু আত্মীয়-স্বন্ধনের পীড়াপীড়িতে তিনি বেশীদিন সংসঙ্গে থাকিতে পারিলেন না, তাড়াতাড়ি मार्क्किनिः योटेट् वाधा हर्टेन्न। तमनवस्न मीर्घकान यावक এक्छन विश्वस সহকারীর খুবই অভাব অম্বভব করিতেছিলেন। শ্রীশ্রীঠাকুরকে এ-বিষয় জানাইলে, তাঁহার আদেশে সঙ্ঘ-ভাতা শ্রীয়ক্ত মনোহরচক্র বস্থ মহাশয় প্রাইভেট সেক্রেটারীর কার্য্যভার গ্রহণ করিয়া দেশবন্ধর সহিত দাজ্জিলিং গমন করেন। মে মাদের মধাভাগে চিত্তরঞ্জন সংসক্ত হইতে দাৰ্জ্জিলিং ষাত্রা করেন। হায়। কে জানিত, সেদিন তিনি আমাদিগের নিকট চইতে চিরবিদায় লইয়া যাইতেছেন। দেশের নানা সমস্তার সমাধান সম্বন্ধে শ্রীশ্রীঠাকুরের মুখে এতদিন আলাপ-আলোচনা শুনিয়া এবং সংসঞ্জের তৎকালীন কর্মপ্রতিষ্ঠানগুলি স্বয়ং পরিদর্শন করিয়া দেশবন্ধ এত মুগ্ধ হইয়াছিলেন বে, যাইবার সময় ঈশ্বরদির পথে তিনি সংসঙ্গের তদানীস্তন সম্পাদক শ্রীযুক্ত স্থশীলচন্দ্র বস্ত্র, বি-এ মহাশয়ের নিকট পুন: পুন: বলিয়াছিলেন—"কি আশ্র্যা! এতদিন আমার জীবনের যত চিন্তা, আশা, আকাজ্ঞা অস্পষ্ট ছিল, তাহা যেন শ্রীশ্রীঠাকুরের সঙ্গ পে'য়ে অধিকতর স্বস্পষ্ট হ'য়ে ফু'টে উ'ঠেছে।

"মা" বলিয়া সম্বোধন করিতেন। তৎকালে জননীদেবীর আদর-আপ্যায়নার মহাস্থাজী এত সন্তুষ্ট হইরাছিলেন বে, অতঃপর ভারতের বেধানেই বধন তিনি পিরাছেন, নেতৃবর্গের সহিত শ্রীশ্রীঠাক্র অমুকুলচন্দ্র-প্রবর্ত্তি সংসঙ্গ-আন্দোলন সম্পর্কে আলোচনা-প্রসঙ্গে অনেক স্থানেই জননীদেবীর ভূয়সী প্রশংসা করিয়া বলিয়াছেন—"I have never seen such a masterful woman in my life" (এমন মহীয়সী নারী জীবনে আমি কথনও দেখি নাই)। অনেক দিনের কথা। সংসঙ্গের কার্য্য-ব্যপদেশে একবার আমি বোস্বে পিয়াছিলাম। তথন আমেদাবাদ হইতে সবরমতী আশ্রমে মহাস্থাজীর সহিত সাক্ষাৎ করিতে বাই। আমি পাবনার সংসঙ্গ-প্রতিষ্ঠান হইতে আসিয়াছি সংবাদ পাইয়াই মহাস্থাজী আমাকে তৎক্ষণাৎ ভাকিয়া পাঠাইলেন এবং উল্লসিভকঠে জননীদেবী ও শ্রীশ্রীঠাক্রের কথা পূনঃ পূনঃ জিজ্ঞানা করিলেন। প্রায় এক-ঘণ্টা কাল তাহার সহিত সংসঙ্গের আদর্শ ও কর্মপদ্ধতি সম্বন্ধ আলাপ হইয়াছিল, তিনি মনোবোগের সহিত সমুদার ত্রনিলেন; আলোচনা-প্রসঙ্গে ইহা বিশেষভাবে লক্ষা করিলাম বে, সংসজের ভাবধারা এবং ইহার কর্মপতি তিনি সর্বনাই বিশেষ আগ্রহের সহিত লক্ষ্য করিয়া আসিতেছেন। মহাস্থাজী দেশবন্ধকে অস্তরের গহিত ভালবাসিতেন; দেশবন্ধর দীক্ষাগুরু বলিয়া, তিনিও শ্রীশ্রীটাক্রেরর প্রতি কেমন শ্রদ্ধাপুর্ণ উচ্চধারণা পোষণ করেন, দেখিয়া অবাক হইয়াছি!

আমার জীবনের সকল আদর্শ সম্বন্ধে এমনতর মিল আর কারও সঙ্গে এ পযান্ত হয় নাই।"

না-জানি কি কুক্ষণেই তিনি দাজিলিং গিয়াছিলেন! দেশবনুব তিরোধানে বাংলার গৌরব-রবি দহসা অন্তমিত হইল—ভারতাকাশের অত্যজ্জল জ্যোতিষ্ক জীবন-মধ্যাফেই নির্বাপিত হইল। সে বিষাদের দিন—দেই ১৩৩২ সালের ২রা আষাঢ় ভারতবাসী কোনকালে ভূলিতে পারিবে না। ভাগাহীন চিরবঞ্চন পিতার মৃত্যুসময়ে তাঁহার নিকটে ছিলেন না, তিনি তখন সংসকে অবস্থান করিতেছিলেন। তুর্ঘটনার সংবাদ পাইয়া তিনি আশ্রমের কতিপয় কন্মীর সহিত শিলিগুড়ি পৌছিয়া. যাহারা শবদেহ লইয়া কৰিকাতা আসিতেছিলেন তাহাদের সহিত যোগদান করেন। পিতল্লাদ্ধ উপলক্ষে শ্ৰীশ্ৰীঠাকুরকে কলিকাতা লইয়া যাইবার জন্ম চিররঞ্জন বিশেষ চেষ্টা করিয়াছিলেন, কিন্তু দেশবন্ধুর অভাবে শ্রীশ্রীঠাকুরের প্রাণে যে মর্মান্তিক আবাত লাগিয়াছিল তাহাতে এই শোকপূর্ণ ব্যাপারে যোগদান করা তাহার পক্ষে অসম্ভব ছিল। জননীদেবী এবং আশ্রম-সেবক অনেকেই সে-সময় উপস্থিত থাকিয়া স্বৰ্গগত মহাত্মার পারলৌকিক ক্রিয়াদি যথারীতি নির্বাহ করিয়াছিলেন। পিতার একমাত্র পুত্র—তাহার বড়ই আদরের তুলাল চিরবঞ্জন জীবন-সর্বস্থ পিতদেবকে হারাইয়া শোকে মুছুমান হইয়া পড়েন। তথন শ্রীশ্রীঠাকুর তাঁহাকে সাম্বনা দিয়া যে পত্রথানি লিথিয়াছিলেন, প্রসক্ষজ্ঞযে নিমে তাহা উদ্ধত করিতেছি:--

"ভোগল,

লক্ষী আমার।

যদিও লাগ বজ্ব একেবারে একদম্ তোর মাথায় ভে'দে প'ড়েছে, তথাপি
তুই পরমণিতার দস্তান—কুস্থম-কঠোরের তনয়—ভোগের কোলে ত্যাগের
ছলাল। তুই যে চিরসহনশীল দল্ল্যাসী—ব্যথাহত অকম্পিত যে রে তুই—
ওরে তুই যে দাশদার আয়জ! দাঁড়াত' একবার—দাঁড়াত' লক্ষ্মী সোজা
হ'য়ে—স্থির বিক্টারিত মনশ্চক্ষে একবার চে'য়ে দেখ্তো তার মুখের পানে—
বল্ অহিংস অথচ মধ্র ভৈরব নিনাদে—ভারত আমার বাবা, ভারত আমার
মা, ভারত আমার ভাতা-ভগিনী। তার কাছে যুক্তকরে প্রাণ ঢে'লে বল্—
আমায় বল্ দাও—মন্বলে নিযুক্ত কর—আমায় সেবার অধিকার দাও।

ওরে কাঁদ, যত ইচ্ছা কেঁ'দে নে—কিন্তু আপনহারা হ'স্নে। ব্যথা যত পারে আঘাত কঙ্কক্ কিন্তু কিছুতেই ভে'ঙ্গে পড়িস্ না। সবটুকু প্রাণ দিয়ে তাঁকে আ'ক্ড়ে ধর্বি—দেখিস্ সব আঘাত মধুর হ'ষে যাবে। সব আধার কোথায় ছু'টে বা'বে—উবার আলোক নিমিবে ফু'টে উঠ্বে। ভয় নেইরে— এডটুকুও ভয় নেই।

প্রায়ই দাশদাকে স্বপ্নে দেখি—বলেন, 'আর আমি কখনও তোমায় ছে'ড়ে যা'বনা।'····মাকে দেখিস্—ছটী মেয়ে ও স্থজাতা মাকে ও আর আর সকলের প্রতি নজর রাখিস। তোর যে সবই সইতে হ'বে লক্ষ্মী।

মহাত্মাজী কোথায় ও কেমন আছেন ? বদি ইচ্ছা করে, চলে আস্বি— স্থবিধা হ'লেই।

> তোরই দীন "আমি

দেশবন্ধর মহা-প্রয়াণের পূর্কে মহাত্মাজী দার্জ্জিলিং গমন করিয়া কিছুকাল তাঁছার সহিত বাস করিয়াছিলেন। মহাত্মাজীর নিকট গুনিয়াছি, দেশবন্ধ তখন সর্বদাই তাঁহার কাছে কেবলই শ্রীশ্রীঠাকুরের সম্বন্ধে নানা গল্প করিতেন, আর বলিতেন—"পৃথিবীতে অনেক লোকই দে'খেছি কিন্তু শ্রীশ্রীঠাকুর অমুকুলচন্দ্রের মত সর্ববিষয়ে এমন অসাধারণশক্তি-সম্পন্ন অপূর্ব্ব প্রেমিক কর্মী আর কোধায়ও দেখি নাই। দেশবন্ধর মৃত্যুর পর মহাত্মাজীও বলিয়াছেন—"শ্রীশ্রীঠাকুর অমুকুলচক্রের সঙ্গলাভ করিবার পর দেশবন্ধকে ষেমন মিষ্টি লাগিয়াছে, এমন আর পূর্বেদেখি নাই। এত্রীঠাকুরের সম্বন্ধে কি উচ্চ ধারণাই-না তাঁর ছিল!" দেশবন্ধুর মৃত্যুর পর মহাত্মাজী তাঁহার 'Young India' পত্রিকায় 'At Darjeeling'-নীর্যক একটা প্রবন্ধ প্রকাশ করিয়া দাচ্ছিলিং অবস্থানকালে দেশবন্ধুর সহিত তাঁহার তংকালীন আলোচনা-প্রসঙ্গ লিপিবদ্ধ করিয়াছিলেন। প্রবন্ধটী তথন বাংলার প্রায় সকল প্রধান ইংরাজী পত্রিকায়ই প্রকাশিত হইয়াছিল। শ্রীশ্রীঠাকুর সম্বন্ধে দেশবন্ধ মহাত্মাজীর নিকট যে সকল কথা বলিয়াছিলেন তাহা উল্লেখ করিতে করিতে এক স্থানে তিনি উদ্ধত করিতেছেন—"* * * I have learnt from my Guru (Spiritual Guide) the value of truth in all our dealings. I want you to live with him for a few days atleast. Your need is not the same as mine, but n he has given me strength, I did not possess before. I see things clearly which I saw dimly before."-Young India, July, 1925. অর্থাৎ—"আমাদের জীবনে সত্যের মর্ব্যাদা কভটুকু তাহা আমি আমার গুরুদেবের নিকট হইতে শিক্ষা করিয়াছি। আমি ইচ্ছা করি,



চিত্তরঞ্জনের আদ্ধনাদরে শ্রীশ্রীঠাকুর সম্বকৃলচন্দ্রের কুস্তমদাম-স্তসচ্ছিত প্রতিকৃতি (১৩৩২ সন)

মাসিক বহুমতীর গৌজন্তে)

কিছুদিন আপনি তাঁহার সন্ধ করুন। আমার যাহা প্রয়োজন, তাহা আপনার না হইতে পারে কিন্তু তিনি আমাকে এমন শক্তি দান করিয়াছেন যাহা পূর্বের আমার ছিল না। যে সকল জিনিষ আমি পূর্বের অস্পষ্ট দেখিতাম তাহা আমি এখন স্পষ্ট দেখিতে পাইতেছি।"

দেশবন্ধর জন্য শ্রীশ্রীঠাকুর কত সময় কত ত্বংথ করেন তাহা বলিবার নয়। তাঁহার অলোকসামাত্ত গুণগ্রাম সম্বন্ধে শ্রীশ্রীচাকরকে অনেক দিনই অনেক কথা বলিতে শুনিয়াছি। সে-দিনের তই-চারিটা কথা প্রসক্ষক্রমে উদ্ধন্ত করিতেছি।—১৯৩৭ সনের ২রা এপ্রিল। বাঁধের ধারে অনেকে শ্রীশ্রীঠাকুরকে বিরিয়া বসিয়া আছেন। কথায় কথায় দেশবন্ধর কথা উঠিল। শ্রীশ্রীঠাকুর বলিতে লাগিলেন—"এমন একটা ভাবপ্রবণ অথচ দৃঢ় এবং স্থকোশলী নেতা আর কখনও দেখা যায় না। মা তাঁকে দীক্ষাগ্রহণ সম্বন্ধে কত কড়া কথা শু'নিয়েছিলেন, কিন্তু দাশদা তথন এমন একটা pose নিলেন যে, মায়ের কঠোর মনও নিমেষে গ'লে গেল। এমন sincerity (সরলতা) এবং সত্যের প্রতি টান আর কোথাও দেখি নাই। একদিন গভীর রাত্রিতে দাশদা এই বাঁধের উপর একাকী দা'ডিয়ে বলছিলেন,—'মা, তোকে কি স্বাধীন কথনও দেখতে পা'ব না ?' আমি পিছনে আস্ছিলাম, দাশদা তা' জানতেন না, আমি টে'চিয়ে ওঁর वनाव भरतरे व'रन फेंक्नाम,--'निक्तररे भावत,-- তবে काक खरनक वाकी।' খানিককণ নীরব থাকিয়া শ্রীশ্রীঠাকুব বিমর্ধ-বদনে বলিতে লাগিলেন—"দাশদাকে ছে'ড়ে দিতে আমার মোটেই ইচ্ছা ছিল না। মনে হ'চ্ছিল, দাশদা যথন গাড়ীতে উঠলেন (দাৰ্জ্জিলিং-এ যাওয়ার জন্ম) তথন তাঁকে টে'নে গাড়ী থেকে नामारे।" नकत्नरे ने की शिक्षाद्वात कक्ष्म छेमान मृष्टि नक्षा करिया নতমুথ হইলেন। কিছুক্ষণ পরে শ্রীযুক্ত কুঞ্চদা বলিলেন,—"আপনার সঙ্গে দীর্ঘ আলাপের পরেই ড' তিনি তার 'Forward' কাগজে village reconstruction-এর (পল্লীসংস্কারের) scheme (পরিকল্পনা) ছাপিয়ে দিলেন। নাগপুর Congress-এও আপনি তাঁকে যেমন যেমন চলতে ও বলতে ব'লে দি'য়েছিলেন তিনি ঠিক তেমনটিই চ'লেছিলেন। দেখানে মাত্র তু'-ভোটে তিনি মহাঝান্ধীর নিকট হে'রে গেলে মহাঝান্<u>ত্</u>ৰী नांकि व'लिहिलन,—'आभातरे तिल এरे त छ'-छाटि आभात किछ ह'न, এত' आমার জিত নয়,-এবে আমার হার, দেশবন্ধরই জয়।' তখন কথায় কথায় শ্রীশ্রীঠাকুর বলিলেন,—"আমার এই মেঠো পাড়াগেঁয়ে কথা সবাই বোঝে না। আমি অশিক্ষিত লোক, ঠিক ঠিক সবটা বৃঝিয়েও বল্তে পারি কি না জানি না। কিন্তু দাশদাকে যা'-কিছু বল্তাম, আকার-ইদিতেই তিনি সব বৃ'ঝে নিতেন এবং তেমন তেমন ঠিক ঠিক চল্তে চেষ্টা কর্তেন। বল্তে কি, দাশদা কয়েকদিনের মধ্যেই আমার ভাষার A, B, C, D যেন মুখস্থ ক'রে ফে'লেছিলেন। আমি যা' বল্তে যা' বৃঝি, তিনি তা' অল্প কয়েকদিনের মধ্যেই আয়ত্ত ক'রে ফে'লেছিলেন। তিনি যেন শিশুর মত আমার কথাগুলো গিল্তেন্।" বলিতে বলিতে শীশ্রীঠাকুর নীরব হইলেন।

দেশের কত গণ্যমান্ত ব্যক্তিকেই নানা সমস্তা সম্বন্ধ শ্রীশ্রীঠাকুরের সঙ্গে আলোচনা করিতে দেখিয়াছি। কতজনেই তাহার আদর্শ ও মতবাদ সর্বাস্তঃকরণে মানিয়া লইয়াছেন, কিন্তু বাস্তব কর্মে তাহা প্রতিফলিত করিবার মত তীব্র আগ্রহ ও অট্ট আপ্রাণতা কোখায়ও এপর্যান্ত দেখিতে পাই নাই। চিত্তরঞ্জনের মন্তিষ্ক ছিল সম্পূর্ণ অন্ত ধরণের। তাহার মত এমন একনিষ্ঠ উদ্দাম কর্ম্মী এ অধংপতিত জাতিতে সম্ভব হয় না। শ্রীশ্রীঠাকুরকে ইষ্টপদে বরণ করিয়া অবধি তিনি যেন অকূল সমূদ্রে আশ্রয় লাভ করিয়া পরম নিশ্চিম্ত হইয়াছিলেন—কত বল, ভরসা, আশা ও উদ্দীপনায তাহার অন্তরপানা ভরিয়া উঠিয়াছিল, কিন্তু তৃঃপের বিষয়, কাষ্যে তাহা মূর্ত্ত করিয়া তুলিবার অবসর প্রেইলেন না। কে জানিত তাহার জীবন-প্রদীপ তথন নির্কাপিত-প্রায়! কালের কঠোর বিধানে মনের আশা মনে লইযাই তিনি দেশবাসীর নিকট চিত্রবিদায় গ্রহণ করিতে বাধ্য হইলেন।

प्रमाय जशाय

বাধাবিঘু ও বিরুদ্ধাচরণ

শীশীঠাকুর জনমঙ্গল-কার্য্যে আত্মনিয়োগ করিয়াছেন অবধি কত অক্বতজ্ঞ স্বার্থান্ধ ব্যক্তি ষড়যন্ত্র করিয়া কত সময় তাহার জীবন সন্ধটাপন্ধ করিয়া তুলিয়াছে, কত জনে কত মিখ্যা মামলা-মোকদ্দমা ও বাধা-বিপত্তি স্বষ্ট করিয়া তাঁহাকে বিধবস্ত করিতে চেষ্টা করিয়াছে, প্রতিনিয়ত কত নিন্দা ও অপমান নীরবে সন্থ করিয়া তিনি পারিপার্শিকের হিত-সাধনে প্রাণপাত পরিশ্রম করিতেছেন, বর্ত্তমান অধ্যায়ে আমরা তৎসম্বন্ধে উদাহরণস্বরূপ কতিপয় ঘটনার সংক্ষিপ্ত আলোচনা করিব।

कृष्ण्डल मारमज विरक्षांश

শ্রীশ্রীসাকুর অম্বুক্লচন্দ্রের বাড়ীর নিকটেই কাশীপুর গ্রামে রুষ্কচন্দ্র দাস নামে এক বাক্তি বাস করিতেন। বালাকাল হইতেই শ্রীশ্রীঠাকুর তাহাকে বিশেষ স্নেহের চক্ষে দেখিতেন। শীশীঠাকুরই অর্থসাহায্য করিয়া তাহাকে বি-এ পর্যান্ত পড়াইয়াছিলেন। কৃষ্ণচন্দ্র তুই তুই বার চেষ্টাই করিয়াও বি-এ পরীক্ষায় উত্তীণ হইতে পারিলেন না। দার্শনিক হইবার তাহার প্রবল আকাজ্ঞা ছিল, কিন্তু দর্শন-শান্ত্রের পরীক্ষায়ই তুইবার অক্নতকার্য্য হইয়া ডিনি হতাশ হইয়া পড়েন। । মনের 🖁 ছঃখে 🖁 শীলীঠাকুরের 🖟 নিকট আসিয়া কালাকাটি করিলে. শ্রীশ্রীঠাকুর তাহাকে নানরূপ আশ্বাস-বাক্যে বিশেষভাবে উৎসাহিত করেন এবং বলেন—"ভাবিস কেন, তইও অবশ্যই দার্শনিক হ'তে পারবি।" তখন হইতে স্বযোগ পাইলেই কুঞ্চন্দ্র শ্রীশ্রীঠাকুরের সঙ্গ করিতে আসিতেন এবং তাঁহার সহিত নানা বিষয়ে আলাপ-আলোচনায় জ্ঞানলাভ করিতেন। এইভাবে কিছুকাল অতীত হইলে কুফচন্দ্র স্বায়ীভাবে শ্রীশ্রীঠাকুরের নিকট বাস করিতে লাগিলেন। তদবধি শ্রীশ্রীঠাকুর ভিক্ষা করিয়া এই ব্যক্তির সংসারের যাবতীয় ব্যয় নির্বাহ করিতেন। ইহার পূর্নে একটা ঘটনা ঘটিয়াছিল। ক্লফচল্রের পঠন্দশায় তাঁহাকে শ্রীশ্রীঠাকুরের সহিত একাসনে বসিতে দেখিয়া হিমাইতপুর গ্রামের একজন ব্রাহ্মণ একদিন ক্লফচন্দ্রকে পাতৃকা-প্রহার করিয়া বিশেষভাবে অপমানিত করিয়াছিলেন। ইহাতে শ্রীশ্রীঠাকুর অত্যন্ত ব্যথিত হইয়া তাঁহাকে সাম্বনা দিয়া বলিয়াছিলেন— "তুই মোটেই তৃঃধ করিস্না, চেষ্টা কর্লে তুইও একদিন ব্রাহ্মণের মত

হ'তে পার্বি।" সেইদিন হইতে শ্রীশ্রীঠাকুরও ক্লফচন্দ্রের প্রতিষ্ঠা ও উন্নতির জন্ম আপ্রাণ চেষ্টা করিতে লাগিলেন।—ইচ্ছা করিয়াই তিনি প্রায়শঃ ক্লফচন্দ্রের অশেষ গুণগ্রামের কথা সকলের কাছে বলিতেন এবং তাঁহার উপর নানা দায়িত্বের ভার অহরহঃ প্রদান করিতেন। ইহাতে শ্রীশ্রীঠাকুরের শিশ্বগণ বভাবতঃই ক্লফচন্দ্রের প্রতি আকৃষ্ট হইতে লাগিলেন। তাঁহারা জাতিবর্ণনির্বিশেষে সকলেই ক্লফচন্দ্রকে শ্রন্ধা করিতেন, এমন-কি অনেক ব্রাহ্মণ তাঁহাকে প্রণাম করিতে লাগিলেন। শ্রীশ্রীঠাকুরের অপার ক্লপায় অত্যক্লকাল মধ্যেই এইরপ আশাতীত উচ্চপদ লাভ করিয়া ক্লফচন্দ্র নিজ বৃদ্ধি এবং ক্লমতার বলেই ইহা অর্জন করিয়াছেন, এই অহন্ধারে স্থীত হইয়া উঠিলেন। তথন হইতেই ইহার ফলস্বরূপ উপকারীকে অস্বীকার করিবার ত্ব্নিজ প্রায়শঃ তাঁহার মনে উদয় হইতে লাগিল এবং সেই পাপ-প্রবৃত্তি কার্য্যে পরিণত করিবার স্বযোগ খুঁ জিতে লাগিলেন।

১৩২৭ সনের কথা। শ্রীশ্রীঠাকুরের তথন খুব অন্থখ—জ্বর ও কাসিতে ভ্গিতেছিলেন। বাযুপরিবর্ত্তনের জন্ম তাঁহাকে কার্সিয়াং লইয়া যাওয়া হইল। তথন হইতেই ক্ষণ্টক্স শ্রীশ্রীঠাকুরের কয়েকজন শিশ্রের নিকট গোপনে প্রচার করিতে লাগিলেন যে, ছয় মাসের মধ্যেই শ্রীশ্রীঠাকুর ইহধাম ত্যাগ করিয়া যাইবেন। শ্রীশ্রীঠাকুরের সহিত ভক্তগণ অনেকেই কার্সিয়াং গিয়াছিলেন, ক্ষণ্টক্স কিন্তু কার্সিয়াং না গিয়া গৌহাটী রওনা হইলেন এবং তথায় নিজেকে "শত্যাশ্রয়ী" নামে প্রচার করিতে লাগিলেন। শ্রীশ্রীঠাকুরের পীড়ার সময় তিনি সকলের কাছে বলিয়া বেড়াইতে লাগিলেন যে, শ্রীশ্রীঠাকুরের জীবনের কোনই আশা নাই। শ্রীশ্রীঠাকুরের তিরোধান হইলে তিনিই (ক্ষণ্টক্স) যে তংস্থলবন্তী হইবেন এই কথাও তথন হইতেই আকার-ইন্সিতে অনেকের নিকট প্রকাশ করিতে লাগিলেন। বিধির বিধান অন্তর্মপ হইল। শ্রীশ্রীঠাকুর ক্রমশং আরোগ্যলাভ করিতে লাগিলেন এবং কিছুকাল মধ্যেই বাড়ী ফিরিয়া আসিলেন।

স্থামে প্রত্যাবর্ত্তন করিয়া শ্রীশ্রীঠাকুর ক্লফচন্দ্রের দারিন্দ্র দেখিয়া তাঁহার পরিবারবর্গের ভরণ-পোষণের জ্বন্য বড়ই চিস্তিত হইয়া পড়িলেন। সেই সময় শ্রীশ্রীঠাকুরের জনৈক শিশ্র শ্রীযুক্ত সতীশচন্দ্র বস্থ মহাশয় শ্রীশ্রীঠাকুরের আদর্শ-প্রচার উদ্দেশ্যে একটা প্রেস-স্থাপনের জ্বন্য তাঁহাকে তিন হাজার টাকা দিয়াছিলেন। এই অর্থনারা শ্রীশ্রীঠাকুর একটা প্রেস খরিদ করিলেন এবং ইহার কার্যাপরিচালনার ভার ক্লফচন্দ্রের উপর অর্পণ করিয়া লভ্যাংশ ন্বারা তাঁহার জ্বীবিকা-নির্বাহের ব্যবস্থা করিয়া দিলেন। ক্লফচন্দ্র এই প্রেস হুইতে অক্যান্ত কার্য্যের সঙ্গে সংস্বদ্ধের আদর্শ-প্রচারকর্মে একটা পাক্ষিক

পত্রিকা প্রকাশ করিতে লাগিলেন। কাজের স্থবিধার জন্ম শুশ্রীঠাকুরের প্রদত্ত এই প্রেসটা কুষ্ণচন্দ্রের কাশীপুরস্থ নিজ ভবনেই স্থাপন করা হইল।

ইহার বংসবাধিক কাল পরে শ্রীশ্রীঠাকুর পুনরায় জ্বরে আক্রান্ত হইয়া অস্কৃত্ব ন। তাঁহার এই বারের পীড়ার সময়েও ক্লফচন্দ্রের মনে পূর্ব্ব-পোষিত সেই পাপ-প্রবৃত্তি আবার জাগিয়া উঠিল। হীন আয়প্রতিষ্ঠার অহঙ্কারে অন্ধ্বইয়া ক্লফচন্দ্র এইবার শ্রীশ্রীঠাকুরের প্রেসটাকে নিজস্ব সম্পত্তি বলিয়া দাবী করিয়া বসিলেন এবং নিতান্ত অক্তন্তের ত্রায় সংসঙ্গের পান্দিক পত্রিকায় জনসাধারণের অবগতির জ্ব্য প্রচার করিয়া দিলেন যে, হিমাইতপুর সংসঙ্গ আশ্রমের সঙ্গে তাঁহার প্রেয়ার প্রেসের কোনই সম্পর্ক নাই। শ্রীশ্রীঠাকুরের প্রথম বারের অস্থপের সময় ক্লফচন্দ্র একাকী ছিলেন, এবার তাঁহার প্রধান সহায় হইলেন পূর্ব্বাক্ত অধ্যাপক মহাশয়।

শীশীঠাকুরের শিশ্বগণের মধ্যে যাঁহারা নানাকার্য্য-বাপদেশে রুক্ষচন্দ্রের নিকট যাতায়াত করিতেন, তাঁহাদের সরল বিশ্বাদের স্থাোগ লইয়া শীশীঠাকুরের অস্থাখের সময় তিনি ত্রহ দার্শনিকত। ও তত্ত্বকথার অবতারণা করিয়া নানা ত্র্কোধ্য ভাষায় তাঁহাদিগকে ব্ঝাইতে লাগিলেন যে, পূর্কের অস্থাখই শ্রীশীঠাকুরের প্রাণনাশের কথা ছিল কিন্তু এবার তাঁহার মৃত্যু নিশ্চিত—শীশীঠাকুরের চৈতক্তথারা এখন তাঁহারই (রুক্ষচন্দ্রের) দেহের ভিতর নামিয়া আসিয়াছে। এই কথার সমর্থন করিবার জন্তু তিনি শীশীঠাকুরের

ভাববাণী হইতে নিম্নলিখিত উক্তিটা বিচ্ছিন্নভাবে উদ্ধৃত করিতেন, ষণা—"The medium may not last long, it may not last for more than five years." (মধ্যবর্তী-দেহ দীর্ঘকাল নাও থাকিতে পারে, ইহা পাঁচ বৎসরের বেশী নাও থাকিতে পারে)। প্রীপ্রীঠাকুরের ভাববাণীর কিম্নংশের বিবৃতি প্রকাশ করিয়া রুক্ষচন্দ্র ইতিপূর্বের যথেষ্ট খ্যাতি অর্জ্জন করিয়াছিলেন। সেই স্থযোগ অবলম্বন করিয়া সকলের নিকট এখন তিনি প্রচার করিতে লাগিলেন,—"প্রীপ্রীঠাকুরের নিঙ্কেরই কথিত বাণী অমুসারে তাঁ'র দেহত্যাগ স্থনিশ্চিত, পাঁচ বংসর এইবার পূর্ণ হ'তে চ'ল্ছে, এবার যদি তিনি রোগমুক্ত হন তব্ও তাঁ'রই কথামত তাঁ'র এই দেহের আর কোন মাহাত্ম্য থাক্বে না—বরং ইহা বিশ্বে সত্যপ্রচারের পক্ষে ঘোর অন্তরায় হ'রে পড়বে, কারণ সাধারণ মাহম্ব এই দেহকেই 'ঠাকুর' ব'লে ধ'রে আছে; স্তরাং সত্যপ্রচারের বাধাস্বরূপ তাঁহার এই সাধারণ শরীবটী যে-কেহ নাশ কর্তে পার্বেন তিনিই জগতে যথার্থ সত্যধর্ম-প্রচারের পরম সহায়ক ব'লে সকলের শ্রদ্ধা ও পূঞা পা'বেন।"

এইরূপ নানা ঠেয়ালী অর্থহীন কথা অহনিশ বলিতে বলিতে কৃষ্ণচন্দ্র ক্ষেক-জনকে আপন দলভুক্ত করিয়া লইলেন এবং ভাহাদের দ্বারা গোপনে শ্রীশ্রীঠাকুরকে হত্যা করিবার ষড়যন্ত্র করিতে লাগিলেন। এদিকে ষড়যন্ত্রকারিগণ যথন তাহাদের হীন উদ্দেশ-সাধনের জন্ম ক্ষিপ্রপায়, তথনও শ্রীশ্রীঠাকুরের ক্ষেহমমতা লাভে প্রতিদিন পরিপুষ্ট হইতেছেন।—শ্রীশ্রীঠাকুর স্বীয় সহজ চিব-অভাাসমত কত আদর কবিয়া স্নানকালে উাহাদের গায়ে তৈল মর্দন করিয়া দিতেছেন, আব্দার করিয়া তাঁহাদের দারা অন্নবাঞ্চনাদি প্রস্তুত করাইয়া একট সঙ্গে আহার করিতেছেন এবং তাঁহাদের পরিবারবর্গের দৈনন্দিন সকল অভাব-অভিযোগ দুর করিতেছেন। তাঁহাদের প্রতি অক্কৃত্রিম ভালবাসার যত-কিছু কার্যা যিনি কতকাল যাবত এমনইভাবে সর্বাক্ষণ করিয়া আসিতেছেন, তাহারই বুকে ছুরি মারিবার জ্বন্ত আজ তাহারা উদ্বত इरेबाइन,-क्रिक राष्ट्रश्वकातीत मत्न क्रिन हिसा रठा छेन्य इरेबा छाराटक বৃশ্চিকদংশন-যন্ত্রণায় অন্থির করিয়া তুলিল। তীত্র অন্ত্তাপ-অনলে দগ্ধ হইয়া উন্মন্তের মত ছুটিয়া গিয়া একদিন রাত্রে সেই ব্যক্তি শীশীঠাকুরের পদতলে লুটাইয়া পড়িলেন এবং তাহার নিকট আত্যোপাস্ত সকল ঘটনা । বিবৃত করিলেন। এদিকে কৃষ্ণচন্দ্র এ সংবাদ পাওয়ামাত্র সেই রাত্রেই অস্তান্ত সহযোগী, মাতা ও ভাতাকে সঙ্গে লইয়া ভীত ও সম্ভতচিতে পাবনা ত্যাগ কবিয়া বংপুর পলায়ন করিলেন। গুপু ষড়যন্ত্র ইতিমধ্যে সর্বসাধারণের মধ্যে রাষ্ট্র হইয়া পড়িল। শীশ্রীঠাকুরকে হত্যা করিবার অভিযোগে পুলিশকর্তৃক

ধৃত হইবার ভয়ে কৃষ্ণচন্দ্র ও তাঁহার দলের লোকেরা, নিজেদের উক্ত প্রকারে গোপনে হঠাং পাবনা-পরিত্যাগের কারণ সমর্থন করিবার জ্ঞা, শ্রীশ্রীঠাকুর ও তাঁহার পার্বদ অনেকের নামে নানা মিথ্যা অপবাদ প্রচার করিতে লাগিলেন। তদবধি ইহারা শ্রীশ্রীঠাকুরকে ক্ষতিগ্রস্ত ও লোকচক্ষে হীন প্রতিপন্ন করিবার মানসে কত জ্বন্থ চেষ্টাই যে করিয়াছেন তাহার অবধি নাই। শ্রীশ্রীঠাকুরের প্রতি তাঁহারই স্বত্ব-পালিত আশ্রিত কর্ত্বক নৃশংস কুতন্ত্ব আচরণের এই একটী পর্ব্ব।

কৃষ্ণচন্দ্রের এবন্ধিধ ত্র্ব্যবহারেও তাঁহার প্রতি শীশ্রীঠাকুবের কোনদিন স্নেহ-যত্নের বিন্দুমাত্র অভাব ছিল না। নানাভাবে বহুকাল শ্রীশ্রীঠাকুরের বিক্ষাচরণ করিয়া কৃষ্ণচন্দ্র রোগাক্রান্ত এবং আর্থিক ও পারিবারিক নানা তর্দ্দশায় বিপন্ন হুইয়া পড়েন। শ্রীশ্রীঠাকুর তথন কৃষ্ণচন্দ্র ও তাঁহার পরিবারবর্গের সেবাশুশ্রমা ও ভরণপোষণের জন্ম অকাতরে অর্থব্যয় করিয়াছিলেন। কৃষ্ণচন্দ্র যাহাতে শারীরিক ও মানসিক স্বস্থতা লাভ করিয়া পুনরায় লোক-সমাজে যশ ও প্রতিষ্ঠার অধিকারী হুইতে পারেন তজ্জ্ব্য শ্রীশ্রীঠাকুরের আপ্রাণ চেষ্টার এক মৃহুর্ভ বিরাম ছিল না। কিন্তু এত পরিশ্রম করিয়াও শ্রীশ্রীঠাকুর তাঁহাকে রক্ষা করিতে পারিলেন না, দীর্ঘকাল নানা উৎকট রোগ্যন্ত্রণা ভোগ করিয়া কৃষ্ণচন্দ্র অকালে পরলোক গমন করেন।

'শনিবারের চিঠি'র অস্ত্রীল সাহিত্য-প্রচার

দশ বংসর পূর্দের কথা। শ্রীহবিপ্রসাদ মল্লিক নামে এক ব্যক্তি স্থী ও তিন চারিটা পুত্রক্যা লইয়া একবার সংসক্ষে আসিয়া উপস্থিত হইয়াছিলেন। তিনি বলিতেন,—"আমি একজন সমাজ-সংস্কারক, সমাজ-সেবাই আমার জীবনের একমাত্র ব্রত।" সংসক্ষে পদার্পণ করিয়াই এই ব্যক্তি প্রত্যুহ নিত্য নৃতন দাবী উপস্থিত করিতে লাগিলেন। তাঁহার ছেলেমেয়ের হুধের অভাব, সিগারেটের জ্যা হাত-ধরচের পয়দা নাই, চাকরের অভাবে তাহাদের কত কষ্ট—ইত্যাদি নানা প্রয়োজন-উল্লেখে প্রায়শঃ তিনি অর্থ চাহিতেন। কাহারও অস্থবিধার কথা শুনিলে শ্রীশ্রীঠাকুর তাহা পূরণ না করিয়া পারেন না। সংসক্ষের নানা কষ্ট ও অভাবের মধ্যেও শ্রীশ্রীঠাকুর ভিক্ষা করিয়া হুই-এক টাকা রোজই তাঁহাকে দিতে লাগিলেন। এতঘাতীত সংসক্ষের সাধারণ ভোজনাগার 'আনন্দবাজারে' প্রত্যুহ হুইবেলা তাঁহার স্থীপুত্র-পরিবারের আহারের ব্যবস্থা করিয়া দিলেন। ইহাদের স্বামী-স্বীতে মোটেই প্রণয় ছিল না; প্রায়শঃ স্বীর সক্ষে ঝগড়া করিয়া স্বামী আসিয়া শ্রীশ্রীঠাকুরের নিকট নালিশ করিতেন, স্বীও স্বামীর নামে সর্ব্বদাই নানা অভিযোগ

করিতেন, উভয়ের মধ্যে মাঝে মাঝে হাতাহাতি পর্যন্ত হইত। তাঁহাদের ঈদৃশ কুৎসিত আচরণে প্রতিবেশী সকলে ত' অস্থির হইয়া পড়িয়াছিলেনই, শ্রীশ্রীঠাকুরকেও এজগু দিবারাত্র যন্ত্রণার একশেষ ভোগ করিতে হইত। একদিনের ঘটনা আজও বেশ শ্বরণ আছে। সেদিন ১৯২৮ সনের ৩০শে এপ্রিল শনিবার, রাত্রি প্রায় তিন ঘটকা। মন্ত্রিকবার্ স্ত্রীর সহিত ঝগড়া করিয়া শ্রীশ্রীঠাকুরের নিকট নালিশ করিতে আসেন ও তাঁহাকে নিম্রা হইতে তুলিয়া এক তুমূল কাণ্ডের স্পষ্ট করেন। শ্রীশ্রীঠাকুর তাঁহাকে প্রকৃতিস্থ করিবার জগু কত ব্ঝাইলেন কিন্তু তিনি কোন কথা শুনিবার পাত্র নহেন। কোনপ্রকারেই তাঁহাকে শান্ত করিতে না পারিয়া, শ্রীশ্রীঠাকুর মন্ত্রিকবার্র পাযের জ্বতা দ্বারা নিজের অঙ্গে তুই শতেরও অধিক বার সজোরে আঘাত করিলেন—ইহাদের তৃষ্পর্মের জগু নিজেই কঠোর শান্তি গ্রহণ করিয়া আপন দেহ ক্ষতবিক্ষত করিলেন।

এইরপে দিন যাইতে লাগিল। লোকপরম্পরায় জানা গেল যে, মল্লিকবার্
হিন্দুর ঘরেই জন্মগ্রহণ করিয়াছিলেন কিন্তু ইতিমধ্যে তিনি একবার প্রীষ্টান
ধর্ম গ্রহণ করিয়াছিলেন; ইহাতেও তাঁহার ধর্মপিপাসার নির্ত্তি না হওয়ায়
তিনি নাকি অবশেষে মুসলমান ধর্মেও দীক্ষিত হইয়াছিলেন। আরও শুনা
গেল, তিনি কুলতাক্তা এক বিধবা ব্রাহ্মণকত্তাকে মিশনারীদের নিকট হইতে
ঐ কত্তার ইচ্ছার সম্পূর্ণ বিরুদ্ধে বিবাহ করিয়াছিলেন। এইবার মল্লিকবার্
আর একটা ন্তন দাবী উপস্থিত করিলেন—কলিকাতায় বাড়ী-ভাড়া বাকী
পড়ায় সেধানে তাঁহার মালপত্র সব আটক পড়িয়াছে, তাহা ছাড়াইয়া না
আনিলে রক্ষা নাই। দারুণ অভাবের মধ্যে শ্রীশ্রীঠাকুর অতিকটে তাঁহার
এই দেনাও পরিশোধ করিয়া দিলেন।

ইতিমধ্যে গ্রীমাবকাশ উপলক্ষে রাজসাহী কলেজের তদানীস্তন অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনীকুমার মুখোপাধ্যায় মহাশয় সপরিবারে সংসক্ষে আসিয়া কিছুকাল বাস করিয়াছিলেন। একদিন মল্লিকবাবু অখিনীবাবুর নিকট বলিলেন— "দেখুন, কয়দিন ধরিয়া আমি অনাহারে আছি। তিন দিন হইল ঠাকুর আমাকে খাবাব দিতে 'আনন্দবাজারে' নিষেধ করিয়াছেন এবং আর-সবাইকে বলিয়া দিয়াছেন, কেহ যেন আমাকে কোনপ্রকার সাহায্য না দেয়। আপনি আমাকে কিছু অর্থ দিন, কিন্তু এ বিষয় ঠাকুরকে কিছু বলিবেন না।" এই কথা শুনিয়া অখিনীবাবু অবাক হইয়া গেলেন। যে কয়দিন তিনি সংসক্ষে আছেন, শ্রীশ্রীঠাকুরের প্রেমপূর্ণ মধুর ব্যবহারে তাঁহার প্রতি অখিনীবাবুর গভীর শ্রন্ধা জল্মিয়াছিল। মল্লিকবাবুর উক্তরূপ অভিযোগের কথা শুনিবামাত্র তিনি শ্রীশ্রীঠাকুরের নিকট গিয়া সকল কথা বলিয়া দিলেন। এীপ্রীঠাকুর শুনিয়া অবাক হইয়া গেলেন, কারণ মল্লিকবাৰু প্রতাহ 'আনন্দবাজার' হইতে আহাধ্য ত' পাইতেছেনই, অধিকল্ক সেই যাসে তিনি তাঁহার নিকট হইতে অন্যন ত্রিশ টাকা চাহিয়া লইয়াছেন। এতীঠাকুর অধিনীবাবুকে বলিলেন,—"এখনই আপনি মল্লিকবাবুকে ডাকাইয়া আনিয়া আমার সম্মুখে জিজ্ঞাসা করুন দেখি ?" মল্লিকবাবুকে ডাকিয়া পাঠান হইল, অস্ত্রস্ততার ভাগ করিয়া তিনি আসিতে অস্বীকার করিলেন। এই ঘটনার কয়েকদিন পরেই মল্লিকবাব তাঁহার স্ত্রীর সহিত কলহ করিয়া কাহাকেও কিছু না জানাইয়া হঠাৎ একদিন বাত্তিযোগে গোপনে কোণায় চলিয়া গেলেন, স্বীপত্রপরিবার সকলেই সংসক্তে রহিয়া গেল। পরস্পর শুনা গেল, পাবনা সহরে লোকের নিকট শ্রীশ্রীঠাকুরের বিশ্বদ্ধে নানা নিন্দাবাদ করিয়া অর্থসংগ্রহ করতঃ তিনি কলিকাতা গিয়াছেন। কয়েকদিন পরেই মল্লিকবান কলিকাতা হইতে সংসক্ষের সেক্রেটারী মহাশয়ের নিকট তথাকার শাধা-সংসক্তে থাকিবার অমুমতি চাহিয়া একধানা পত্র লিখিলেন। ইহার কিছদিন পরেই ভাইস-প্রেসিডেণ্ট শ্রীযুক্ত ক্লফপ্রসন্ন ভটাচার্ঘ্য, এম-এ মহাশয় কোন কার্য্যোপলক্ষে কলিকাতা গিয়াছিলেন। তিনি দেখিলেন, মল্লিকবাব শাখা-সংসঙ্গেই অবস্থান করতঃ আহারাদি করিতেছেন। তথায় লোকমুখে তিনি ভনিতে পাইলেন যে, মল্লিকবার নানাস্থানে সংসঙ্গের অযথা নিন্দা করিয়া পাকেন। রুঞ্দার সহিত সাক্ষাৎ হইলেই, তিনি মল্লিকবানকে किछाना कतिरानन,—"देक, जाभिन किছ ना-व'रान ए ह'रान এरानन १ जाभनात ত্তীপত্রাদি সকলে আপনার জন্ত উদ্বিগ্ন আছেন।" মল্লিকবাবু বলিলেন,— "আমি আর শীগণির যাচ্ছি না।" क्रक्षना বলিলেন,—"আপনি यनि না যেতে পারেন তবে আপনার স্ত্রীপুত্রদের নিয়ে আহন। জানেন ত' আমাদের কত অভাব, একবেলামাত্র ভাত জোটে, তাও কত কষ্টে।" মল্লিকবাবু এ সকল কথায় মোটেই কর্ণপাত করিলেন না।

ইহার কিছুদিন পরেই মল্লিকবাব্র লিখিত একখানা পত্র শ্রীশ্রীঠাকুরের হস্তগত হইল। এই পত্রে মল্লিকবাব্ লিখিয়াছেন—"আমাকে যদি পত্র-পাঠ কিছু টাকা না পাঠান তবে যত পারি আপনার আশ্রমের নামে নিন্দা করিতে থাকিব। আমার পরিবারকে আপনারা আট্কাইয়া রাখিয়াছেন, শীঘ্র তাহাকে পাঠাইয়া দিন…।" ইত্যাদি আরও কত কথা। চিঠি পাঠ করিয়া সকলে স্তম্ভিত হইলেন। তখনই আশ্রমবাসী জনৈক ভদ্রলোকের সঙ্গে মল্লিকবাব্র পরিবারবর্গকে কলিকাতায় পাঠাইয়া দেওয়া হইল। ভদ্রলোকটি মল্লিকবাব্র লিখিত পত্রের ঠিকানায় তাঁহার জীকে রাখিতে গিয়া জানিতে পারিলেন যে, মল্লিক বাবুর নামীয় কোন লোক

তথায় থাকেন না। অবশেষে তিনি নিরুপায় হইয়া তাঁহার ও মল্লিকবাৰু উভয়েরই পরিচিত এক বন্ধুর বাড়ীতে তাঁহাদিগকে রাখিয়া আদেন।

অতঃপর শুনা গেল, ক্বন্ধচন্দ্রনাসের দলভুক্ত সেই অধ্যাপকের সঙ্গে যোগ দিয়া মিলকবাবু বিশেষ একটা দল গঠন করিয়া অসীম উৎসাহের সহিত্ত সৎসব্দের নামে নানা কুৎসা রটনা করিতেছেন। ব্যাপকভাবে দীর্ঘকাল এই কার্য্য চালাইবার অভিপ্রায়ে তাহারা 'শনিবারের চিঠি'র শরণাপম্ম হইলেন। বেশ একটা মগুলী গঠিত হইল। উক্ত পত্রিকার সম্পাদক মহাশয়গণ মিলকবাবু এবং অধ্যাপক মহাশয়ের প্রদত্ত কতকগুলি নিতাম্ব জ্বন্থা মিথ্যা প্রসক্ষের উপর ভিত্তি করিয়া উপত্যাসচ্ছলে অঙ্গীল সাহিত্য প্রচার কবতঃ, সমাজ-সংস্থারের অছিলায়, সংসক্ষের অর্থা নিন্দা জুড়িয়া দিলেন। বলা বাহুল্য, তাঁহারা এসপদ্ধে সংসক্ষের কর্তৃপক্ষের নিক্ট ঘুণাক্ষরেও কিছু জানিবার প্রয়োজন বোধ করিলেন না। ইন্দ্রিয়পরবশ হীনক্ষিসম্পন্ন এক শ্রেণীর পাঠকবর্গের নিক্ট 'শনিবারের চিঠি'র এই সকল অপ্রাব্য আলোচনা খুবই মৃথবোচক হইয়া উঠিল। বাংলার সর্ব্যে ইহা লইয়া হৈ চৈ পড়িয়া গেল। শ্রীশ্রীঠাকুরের বিক্বন্ধে বৃত্তিস্বার্থপরায়ণ কুলোক কর্ত্তক অসংখ্য অমূলক নিন্দাপ্রচারের ইহাই আর এক দফা।

প্রসঙ্গক্রম ইহা উল্লেখ করা প্রয়োজন যে, 'শনিবারের চিঠি'র সম্পাদক মহাশয় এই প্রকার অলীল সাহিত্য ও মিথাা সংবাদ প্রচার করিবার অপরাধে কলিকাতার পুলিশকর্ত্ক গ্রেপ্তার হইয়াছিলেন। 'প্রবাসী' প্রেসে পত্রিকাগানি মুদ্রিত হইত বলিয়া তাহাও খানাতল্লাসী হইয়াছিল এবং অবশেষে সম্পাদক মহাশয় উক্ত অপরাধে রাজদ্বারে দোষী সাব্যস্ত হইয়া সমুচিত দণ্ডিত হইয়াছিলেন।

প্রতিবেশীর মিখ্যা অভিযোগ

 विषय मण्यर्ग উপেका अनर्यन कतिरामन। উপায়ास्तर ना थाकाয় किम्मण বাশ হুইটার অগ্রভাগের কিয়দংশ কাটিয়া তার চলিবার পথ স্থগম করিয়া লন। এই সামাত্ত কারণে ক্রন্ধ হইয়া ভদ্রলোকটী তাহার কতকগুলি বাধ্য লোকজন ডাকিয়া তারের লাইন কাটিয়া ফেলিতে হকুম দেন। তাহারা অনেকটা স্থানের ভার কাটিয়া এবং কভকগুলি খুঁটি উঠাইয়া ফেলিয়া বিশুর অনিষ্ট করে। বছদিন তডিং-চলাচল বন্ধ থাকায় প্রেদের কাথোর যথেষ্ট ক্ষতি হইল। তথন বিশ্ববিজ্ঞানকেন্দ্ৰ, 'ওয়ার্কদপ', 'কেমিক্যাল ওয়ার্ক স', 'পাওয়ার হাউদ' প্রভৃতির নির্মাণ-কার্যা চলিতেছিল। বাড়ীগুলি তাড়াতাড়ি শেষ করিয়া কাজে লাগাইবার জন্ম তথন শ্রীশ্রীঠাকুর কর্ম্মীদিগকে লইয়া দিবারাত্র অক্সান্ত পরিপ্রায় করিতেছিলেন। কিন্তু তডিৎ-শক্তির অভাবে এই সকল কার্যোর খুবই বিদ্ন ঘটিল। এইরূপ নানাভাবে বিপুল অনিষ্ট করিয়াও ভদুলোকটী নিরস্ত হইলেন না। আশ্চর্য্যের বিষয় একদিন তিনি আদালতে উপস্থিত হট্যা এট মর্ম্মে অভিযোগ করিলেন যে, সংসঙ্গের কর্ম্মিগণ তাঁহার জমি হইতে প্রায় পাঁচ শত বাঁশ কাটিয়া নিয়াছে। আদালতের বিচারে এই অভিযোগ মিথা৷ প্রমাণিত হইল এবং মজুমদার মহাশয় নিজেই মিথা৷ মোকদ্দনা রুজ করিবার অপরাধে অভিযুক্ত হইলেন। এইরূপে বিফলমনোরখ হুইয়া এইবার তিনি ঘটনাটাকে নানারূপে অতিরঞ্জিত করত: সংসক্ষের বিৰুদ্ধপক্ষীয় গ্ৰামন্থ কতিপয় স্বাৰ্থান্দ পৰ্যশ্ৰীকাতৰ ব্যক্তিকে উত্তেজিত করিতে লাগিলেন। তথন হইতে, শ্রীশ্রীঠাকুরকে লাঞ্চিত করা ও কন্মিগণকে নানাভাবে বিধ্বস্ত করাই হইল তাহাদের একমাত্র উদ্দেশ্য।

লুঠ-ভরাজের অমূলক অপবাদ

প্রায় দশ বংসর পূর্কের কথা। একদিন গ্রামের কয়েকটা ছেলে জমিদার · · · নাহা চৌধুরী মহাশয়ের ভাতৃস্পুত্রের অধিনায়কতে শ্রীশ্রীঠাকুরের নামে সংসঙ্গ তপোবন বিভালয় ও পাবনা কলেজের কয়েকজন ছাত্রের সম্মুথে কুংসিং ভাষায় গালাগালি করে। ইহাতে কলেজের একটা ছাত্র প্রতিবাদ কবিতেই জমিদাব-বাব্র ভাতৃস্মুরটা কল ধারা ঐ ছাত্রকে প্রহার করে। এ পক্ষের ছাত্রগণ তাহাকে রক্ষা করিবার জন্ম অগ্রসর হওয়ায় তাহাদের সহিত হাতাহাতি হয়। ইহারা কল কাড়িয়া লইয়া আনে এবং শ্রীশ্রীঠাকুরকে সমৃদয় বিষয় জ্ঞাপন করে। শ্রীশ্রীঠাকুর তংক্ষণাং সংসক্ষের অন্যতম কর্মী ৺ভাক্রার ষতীন রায় মহাশয়কে ভাকিয়া ছাত্রগণকে লক্ষে লইয়া উক্ত জমিদার-বাবৃকে সমস্ত বিষয় জ্ঞানাইতে ও তিনি যাহা উপয়ুক্ত বিবেচনা করেন তদ্বহায়ী কার্য্য করিতে পাঠাইয়া দেন। জমিদার-

বাবু সকল ঘটনা শুনিয়া ষতীনবাবুর নিকট বিশেষ দুঃখ প্রকাশ করেন এবং অবিলক্ষেই ইহার যথোচিত ব্যবস্থা করিবেন, এইরূপ অভিমত প্রকাশ করেন।

কিন্ত তৃংথের বিষয়, পরদিন হইতেই দেখা গেল যে, গ্রামের কয়েক জন গুণ্ডা ছেলে সংসঙ্গের কর্মিগণকে দেখিলেই অকারণ মার-ধর ও গালি দিয়া অত্যাচার করিতেছে। ইতিমধ্যে একদিন জনৈক আশ্রম-কর্মী বার্ বৃদ্ধিমচন্দ্র রায়, বি-এ পাবনায় কর্য্যোপলকে যাইতেছিলেন, পথিমধ্যে জমিদার-বার্দের পাড়ার একটি রাস্তার উপর কয়েকটা ছেলে তাঁহাকে নির্থক মারপিট করে। এ সংবাদ পাইবামাত্র শ্রীপ্রীঠাকুর স্বয়ং জমিদার-বাব্র নিকট গমন করেন এবং এরপ আর না ঘটে তজ্জ্যু সময়োচিত ব্যবস্থা করিতে সবিশেষ অম্বরোধ করেন। জমিদার-বাব্ বলেন যে, গ্রামের ছেলেদের বা বাড়ীর ছেলেদের কাহারও উপর তাঁহার কোনেই হাত নাই। এদিকে বৃদ্ধিমবাব্ সংসঙ্গে না ফিরিয়া বরাবর তাঁহার কাষ্যের জন্ম পাবনায়ই চলিয়া যান। সেখানে যাইয়া তিনি দেখিলেন যে, জমিদার-বাব্র আতৃপুত্র ও তাহার মাতৃল মোক্তারের বাসায় তাঁহারই নামে নালিশ কল্ক করিবার জন্ম প্রস্তুত হইতেছে। এই অবস্থায় বৃদ্ধিমবাবৃত্ব আদালতে উপস্থিত হইয়া তাহাকে মারপিট করার অভিযোগে দর্থান্ত করেন।

এই ঘটনার পর আরও তুই চারি জন কমীকে উহারা মারপিট করে; প্রত্যেকেই থানায় এজাহার দেয়। তংপর একদিন রাত্রে দশ এগার ঘটিকার সময় দেখা গেল, আশ্রমের এক চালাঘরের মট্কায় আগুন জলিয়া উঠিয়াছে. তথন হইতে প্রতি রাত্তে ঢিল পড়িতে লাগিল। শ্রীশ্রীঠাকুর গ্রামের অনেকের নিকট শাস্তি ভিক্ষা করিয়া বেড়াইলেন। অনেকেরই বাড়ী ঘ্রিয়া এবং হাতে ধ্রিয়া বলিয়া কহিয়া গোলমাল মিটাইতে কত চেষ্টা क्तिलन, किन्न किन्नरे कन रहेन ना। এই সময় आत এकটी घটना घटि। একদিন গ্রামের একটা ছেলে ও আশ্রমের একটা ছেলে পাবনা কলেজ হইতে বিকালে বাডী ফিরিতেছিল। এমন সময় গ্রামবাসী সেই ছেলেরা তাহাদিগকে পথিমধ্যে ধরিয়া বাইসাইকেল হইতে ফেলিয়া দিয়া গুরুতর প্রহার করে। গ্রামের দেই ছেলেটী সংসঙ্গের সংশ্লিষ্ট নহে, কিন্তু ঘটনার প্রথমাবস্থায় প্রতিবাদ করিবার দক্ষণ সে প্রহৃত হইয়াছিল। বালকের **অভিভাবক (তাহার জোষ্ঠতাত) এই ঘটনার প্রতিকাবের জন্ম আদালতের** আশ্রয় গ্রহণ করেন। ইহাতে ঐ পক্ষ তাহাকে ভয় প্রদর্শন করায় তিনি অভ্যাচারিত হওয়ার আশবায় ভীত হইয়া শান্তিরকার ব্যক্ত আদালতে দর্থান্ড করেন।



শ্রীশ্রীঠাকুর অমুকূলচন্দ্র (যৌবনে)

ইহার পরদিন বেলা নয় দশ ঘটকার সময় হঠাং আশ্রমে সংবাদ আসিল, প্রিশ স্বপারিন্টেণ্ডেন্ট্ আসিয়াছেন, পার্শবন্তী মাঠে তিনি স্বশীলবার্, প্রভাসবার্ ও অবিনাশবার্—সংসদের এই তিন জন কন্দীকে ভাকিয়া পাঠাইয়াছেন। তাঁহারা সংবাদ পাইবামাত্র হঠাং এই তলবের কারণ বুঝিতে না পারিয়া ক্রতপদে মাঠ পার হইয়া অগ্রসর হইয়া দূর হইতে দেখিলেন, ভিড় জমিয়া গিয়াছে। কাছে গেলেই, একদল লোক চীংকার করিয়া বলিয়া উঠিল—"ওঁরাই আমাদের সব লুঠ করিবার আদেশ দিয়াছেন।" তাঁহারা ভানিয়া হতভব হইয়া গেলেন। জিজ্ঞাসা করিয়া জানিলেন য়ে, ভাহাদের বাড়ীবর নাকি লুঠ হইয়াছে, এই সংবাদ দিয়া পুলিশ স্বপারিন্টেণ্ডেন্টকে তাহারা লইয়া আসিয়াছে, আর আশ্রম-কন্মীরাই নাকি সেখানে গাড়াইয়া সেই লুঠ করাইয়াছেন। পুলিশ স্বপারিন্টেণ্ডেন্ট্ দারোগার হাতে তদন্তের ভার দিয়া চলিয়া গেলেন। দারোগা গ্রামের জমিদারের রিপোট অম্পারে শ্রিফুক্ত স্বশীলচক্র বস্ত্র, বি-এ, শ্রীযুক্ত প্রভাসচক্র চক্রবন্তী, বি-এল, শ্রীযুক্ত প্রভাসচক্র চক্রবন্তী, বি-এল, শ্রীযুক্ত প্রভাবাশ্রক অধিকারী, এম্-এ, বি-এল মহাশয়গণকে লুঠ করার অভিযোগে গ্রেপ্তার করতঃ জামিনে খালাস দিলেন।

সংসঙ্গের এই সকল বিশিষ্ট কমিগুণ কেন ঈদুশ জ্বন্ত কাৰ্য্য করিবেন কেহই ভাবিয়া পাইল না। এদিকে এত্রীঠাকুরকে লোকচকে হীন প্রতিপন্ধ করিবার মানসে 'আনন্দবান্ধার' পত্রিকায় এই বলিয়া মিথ্যা সংবাদ প্রকাশ করিয়া দেওয়া হইল—"সৎসব্দের প্রতিষ্ঠাতা শ্রীশ্রীঅমুকুলচক্র গ্রেপ্তার— জামিনে খালাদ।" বাংলাময় বটিয়া গেল যে শ্রীশ্রীঠাকুর গ্রেপ্তার হইয়াছেন। দেশময় হলস্থল পড়িয়া গেল। আমি তথন সংসক্ষের প্রচার উপলক্ষে বোম্বে हिनाम। थरात्रत कांगरकत धरे मःवाम छथन स्मथात्म यर्थहे हांकरनात স্ষ্টি করিয়াছিল। বাই হউক আমি তৎক্ষণাৎ আশ্রমে টেলিগ্রাম করিয়া मिक मःवान कानिया ज्याकांत्र क्रमाधात्रापत यन श्हेर्ट वह लाख धात्रण দুর করিতে চেষ্টা পাইয়াছিলাম। প্রসক্তমে নিভান্ত ছঃবের সহিত উল্লেখ করিতেছি যে, এই মিখ্যা সংবাদের প্রতিবাদ জানাইয়া তাহা প্রকাশ করিবার জন্ত উক্ত পত্রিকার সম্পাদক মহাশয়কে বিশেষভাবে অমুরোধ করা হইয়াছিল, কিন্তু আশ্চধ্যের বিষয়, তিনি তাহা প্রকাশ করিবার कान श्रास्त्रनीय्रा ताथ कविरानन ना। य तमा मन्नामरकद कृष्टि धदः माविष्टवांथ এবতাকার, সে তুর্ভাগা দেশে কোন সদম্প্রানের সাফল্য-অর্জন ৰে কত স্থদুৱপবাহত তাহা সহজেই অহুমেয়।

উপরোক্ত ঘটনায় পুলিশের তদম্ভ চলিতে লাগিল। অবশেষে পুলিশ কর্তুপক্ষ এই মর্শ্বে চূড়াম্ভ রিপোর্ট দাখিল করিলেন বে, সংসঙ্গের ক্ষিগুণের বিরুদ্ধে দুঠ-ভরাজের অভিযোগ সর্বৈব মিথা। এবং তাহা নিতান্ত বড়যন্ত্র ও ঈর্বাস্লক। মহকুমা ম্যাজিট্রেট এই বিপোর্ট পাইয়৷ সংসক্ষের কমিগণকে মোকদ্দমার দায় হইতে মৃক্ত করিয়৷ দেন; অধিকন্ত এই মিথা৷ অভিযোগ আনিবার জন্ম অপর পক্ষ কেন দগুনীয় হইবে না তাহার কারণ দর্শাইবার জন্ম অভিযোগকারীদিগের উপর আদেশ জারি করেন। অভিযোগকারিগণ অভংপর অহতপ্ত হইয়৷ অপরাধ স্বীকারপূর্বক লিখিত আবেদনে ক্ষমা প্রার্থনা করিলে, ম্যাজিট্রেট তাহাদিগকে অব্যাহতি দেন। দেখা গেল, গ্রামে সংস্কার-কার্য আরম্ভ করিয়৷ শ্রীশ্রীঠাকুর প্রথম প্রতিবেশীদারাই নিগ্যাতিত হইলেন।

গ্রামের জনৈক জমিদারসাহা চৌধুরী শ্রীশ্রীঠাকুরের বাল্যবন্ধ ছিলেন এবং পবে তিনি শিষ্যও হইয়াছিলেন। এক সময় এই বাক্তির উপর সংসঙ্কের কার্যাদি পরিচালনা করিবার ভার ছিল। তাঁহার হাত দিয়া যে-সমস্ত টাকাপয়দা খরচ হইত বার বার অন্মরোধ সত্ত্বেও তাহার কোন হিদাব-নিকাশ না দেওয়ায়, ঐ ব্যক্তির নিকট হইতে এই দায়িত্ব উঠাইয়া লইয়া তাহা অন্সের হত্তে অর্পণ করা হয়। তদবধি তিনি নানাপ্রকারে শ্রীশ্রীঠাকুরের কার্যো বাধা জন্মাইবার জন্ম লাগিয়া যান এবং শ্রীশ্রীঠাকুরের দারা উপক্বত আরও কয়েক জনের সাহায্যে নানা মিথ্যা নিন্দা-কুংসা রটনা করিয়া খবরের কাগজের সাহায্যে তাহা প্রচার করিতে থাকেন। দরিদ্র চাষীদের জন্ম শ্রীশ্রীঠাকুর যে বাাঙ্ক স্থাপন করিয়াছেন তাহা হইতে তাহাদিগকে কম স্থদে টাকা ধার দেওয়া হইতেছে বলিয়া কুশীদজীবী জমীদারগণও ক্ষেপিয়া উঠিয়া এই সকল নিন্দুকের সঙ্গে যোগদান করিয়া শ্রীশ্রীঠাকুরের বিরুদ্ধে নানা মিথা৷ ষড়যন্ত্র আরম্ভ করেন। এই দকল হীনস্বার্থবৃদ্ধিপরায়ণ চুষ্টলোকের সমবেত চেষ্টায়ই যে লুঠ-তরাজেব এই মিথাা অভিযোগ সংঘঠিত হইয়াছিল তাহা वनार्थे वाहना। कर्डभक यमि छात्र विठात कतिवात स्रायां ना भारेरजन তবে সে যাত্রা এই সকল কুলোকের যড়যন্ত্রে কর্ম্মিগণকে যে নিরর্থক দণ্ড ভোগ করিতে হইত, তাহাতে আর সন্দেহ ছিল না।

পারিপার্শ্বিকের ছীন আক্রমণ

বংসর তৃই পূর্বের কথা। এইরপ আর একটা অশাস্তির কারণ ঘটিয়াছিল
্ব জমি-'একোয়ার' লইয়া। যে জমি কখনও আবাদ হয় নাই কিংবা
যাহা এত জঙ্গ্লা যে কোন কালে কাজে লাগিবে বলিয়াও ধারণা করা
যায় না, যাহা বিক্রয় করিতে গেলে ক্রেডা পর্যান্ত খুঁজিয়া পাওয়া যায় না,
এমন-সমস্ত জ্মীর কতক অংশ 'একোয়ার' করিয়া সংসদ-প্রতিষ্ঠানের উন্নতি

সাধন করতঃ তদ্বারা গ্রামবাসী তথা দেশবাসীর উপকার করিবার উদ্দেশ্তে চেটা চলিয়াছিল। সরকারী স্বাস্থা-বিভাগের ভিরেক্টর মহোদয় এই সকল জমি পরিদর্শন করিয়া মন্তব্য করিয়াছিলেন—"সংসক্ষের চতুর্দ্দিকে কতকগুলি স্থান অতান্ত কদর্যা এবং খানা, ভোবা ও জন্দলে পরিপূর্ণ। এই সকল অস্বাস্থ্যকর স্থানের জন্ত সংসন্ধ ও নিকটবর্তী পল্পীবাসী সকলে 'মালেরিয়া', 'টাইফয়েড্' প্রভৃতি নানা রোগে প্রায়শঃ ভূগিয়া থাকে। সংসক্ষের কর্মান্ত প্রতিষ্ঠানের প্রসাবের জন্ত জমির প্রয়োজনীয়তা ছাড়াও অত্যের অধিকৃত এই সকল ভোবা ও জন্ধলাকীর্ণ স্থানের অবস্থা উন্ধত করিয়া স্থানীয় অধিবাসীদিগকে ক্ষের রাধিবার ব্যবস্থা করা অতি সম্বর একান্ত প্রয়োজনীয় বলিয়াই আমার্য মনে হয়।" উপরোক্ত অবস্থায় সংসক্ষের জন্ত গভর্গমেন্টের তরফ হইন্ডে পঞ্চাশ বিঘা জমি 'একোয়ার' করার নোটিশ প্রচার করা হয়।

শ্রীশ্রীঠাকুরের জনহিতকর প্রচেষ্টাকে ধর্ক করিবার জ্বন্স বছ দিন হইডে কতিপয় স্বার্থারেষী লোক নানাপ্রকার হীন চেষ্টায় কিরূপ লিপ্ত আছে তার্ল পর্বে উল্লেখ করিয়াছি। সংসক্ষের কর্মপ্রতিষ্ঠানগুলির প্রয়োজনামুদ্ধপ প্রসার-করে জমি-'একোয়ার'-প্রস্তাবের ব্যাপারটা অবলম্বন করিয়া, সংস্কের বিরুদ্ধে স্থানীয় লোকের এক দলকে উত্তেজিত করিবার জন্ম ঐ সকল ব্যক্তিরা বড়বন্ধ চালাইতে থাকে। বোর্ডের ট্যাক্স কমাইবার জন্ম চেষ্টা হইবে এইরপ বিজ্ঞাপন দিয়া নিরীহ গ্রামবাদীদিগকে একত করতঃ চুইটা সভা হয়। ইহার কয়েকদিন পর্বেন্থানীয় কাশীপুর হাটেও একটি সভা হইয়াছিল। এই সভায় ইউনিয়ন-বোর্ডের ট্যাক্সের প্রতিবাদ করিবার অছিলায় উঠিয়া কয়েক জন বক্তা হীন ভাষায় সংসদকে নির্থক আক্রমণ করিয়া গালাগার্লি দেয়। পরে সভার কয়েক জন উত্যোক্তা সংসঙ্গের জমি-'একোয়ারেরু বিরুদ্ধে প্রতিবাদ করিয়া কয়েকটা প্রস্তাব গ্রহণ করে। সভার অভিরঞ্জিত থবর সংবাদপত্তে প্রকাশ করা হয়। তৎপর হিমাইতপর গোখেল-লাইত্রেরীর্ট প্রাঙ্গনে এই গ্রামে একটা বাদ্ধার বদাইবার পরামর্শের জন্ম আর একটা সভা আহত হয়। এই সভায়ও কয়েক জ্বন বক্তা সংসঙ্গকে লোকের চক্ষে হেয় প্রতিপন্ন করিবার জন্ম অকারণে নানাপ্রকার মিথ্যা দোষারোপ করে। ষড্যন্ত্রকারিগণ এই ভাবে শীলীঠাকুএকে বিপন্ন করিবার নানা উপাই খুঁ জিতে থাকে।

তদব্ধি তাহারা আশ্রমবাদীদিগকে কথনও ভয় দেখাইত, কথনও তাড়া করিত, কথনও বা কাহারও গৃহে গোপনে আগুন লাগাইয়া দিত। ইতিমধ্যে একদিন তুপুরে তুর্বভূজেরা পদ্মার সর্ব্বসাধারণের স্নানের ঘাটে যাইবার সময়, সংসক্ষের উচ্চইংরাজী মহিলা-বিভালয়ের প্রধান শিক্ষক

4

মুখোপাধ্যায়, বি-এ মহাশয়কে প্রহার করিল। গ্রামের করেক জন উত্তেজিত গুণ্ডা আশ্রমের মহিলাগণকেও স্নানের ঘাটে ধাইবার সময় পথ-রোধ করিয়া অপমানিত করিতে ছাড়িল না। গ্রামের বহু মুসলমান দিন-মন্ত্র আশ্রমে কান্ত করিয়া জীবিকা-অর্জন করিয়া থাকে, গুগুারা তাহাদিগকেও দিন-চপুরে প্রকাশ্র স্থানে ভয় দেখাইয়া আশ্রমে যাইতে নিষেধ করিল। এমনও হইল ইহারা তিন-চারিম্বনকে দিনের বেলায়ই প্রহার করিল: নানাম্বানে আশ্রমের জমির সীমা-নির্দেশক পাকা ভড় বেষ্মাইনীভাবে ভাঙ্গিয়া চরমার করিয়া দিল। এই সকল চক্রীরা সংসন্ধ-পল্লীর চতুপার্বে জনতার সৃষ্টি করিল। সংস্কের লোককে পাইলেই ভীষণভাবে श्रेष्ट्रांत कतित्व, महिनागंगत्क व्यथमानिष्ठ कतित्व. वास्रम नृष्ठे कतित्व-हैजामि नानाक्रभ जय मिथाहेया खखात मन मर्सव प्रतिया दिखाहेर नागिन। সংসক্ষবাসীর উপর অত্যাচারের ঘটনা সমূহ ক্রমশঃ বৃদ্ধি পাইয়া জটিলতর হইয়া উঠিতে লাগিল। সংসঙ্গের পক্ষীয় গরীব পারিপার্থিক শ্রমিকদিগের কাহারও গরু-বাছুর দীমানার বাহির হইলেই, শশু খাউক বা না খাউক খোঁয়ারে পাঠাইয়া তাহাদিগকে অর্থদণ্ড করা হইল—ইত্যাদি যে সকল বীভৎস ব্যাপার এবং ভীষণ গণ্ডগোলের স্বষ্ট হইল, তাহাতে এক কথায় বলিতে গেলে, সংসদ-পল্লীবাসীর ধন-প্রাণ লইয়া টানাটানি পডিয়া গিয়াছিল। অভ্যাচার ও উৎপাত এতই প্রবল হইয়া উঠিয়াছিল যে, এই বিংশ শতাব্দীর যুগেও ব্রিটিশ-রাজত্ব যেন মগের মৃল্লকে পরিণত হইয়াছিল। বছদিন এইভাবে চলিল। তৎপর সৎসক্ষ-সংশ্লিষ্ট নানা স্থানের বহু বিশিষ্ট ব্যক্তিগণের চেষ্টায় সরকার বাহাত্ররের দৃষ্টি এবিষয়ে আরুষ্ট হইলে, তাঁহাদের তৎপরতায় অত্যাচার আন্তে আন্তে প্রশমিত হয়।

এখানে ইহা উল্লেখযোগ্য যে, এই জমি-'একোয়ারের' মামলা সম্পর্কে উক্ত ঘটনার কিছু দিন পরেই বিভাগীয় কমিশনার মহোদয় সরজমীনে তদন্তের জন্ম আসিয়াছিলেন। বছ গ্রামবাসী এবং জেলা ম্যাজিষ্ট্রেট্কে সঙ্গে লইয়া তিনি স্থানগুলির অবস্থা তব্ব তব্ব করিয়া স্বয়ং পরিদর্শন করেন এবং তাহা যে অনতিবিলম্বে সর্ক্র্যাধারণের মন্দলের জন্ম সংস্কের পক্ষে 'একোয়ার' হওয়া একাস্তই প্রয়োজনীয় এরপ মস্তব্য প্রকাশ করতঃ সংস্কের অহুক্লে মোকদ্মাটীর চূড়ান্ত নিশান্তি করেন।

গুণার আকল্মিক উপদ্রব

কয়েক বংসর পূর্বের কথা। তখন মাননীয় মি: এস্, এন্ ব্যানার্জি, আই-সি-এস্ মহোদয় পাবনার জিলা ম্যাজিট্রেট ছিলেন। সে দিন দোল-পর্বা।

পাবনার কতিপর গুণ্ডা যুবক সন্ধ্যা-স্থাগ্যে মারাত্মক অন্ত-শন্তে সক্ষিত হইয়া মোটরবানে করিয়া সংসত্ব-প্রান্ধনে আসিয়া উপস্থিত হইল। সে সময় चालभागी थात्र नकरनरे कानीशूद धारम चनस महादाखद गृरह निमक्षिक रहेश शिवाहित्तन। त्कर त्कर मृत्यां कितियांहन, अत्नत्करे फिरवन নাই: স্বতবাং আশ্রমটী তখন পর্যন্ত নিতান্ত জন-বিরল ছিল বলিলেও অত্যক্তি হয় না। এই অবকাশে গুণারা তাহাদের বকার্যসিদ্ধির উদ্দেশ্রে ইতন্তত: ঘুরিতে থাকে। একটা মেয়ে আশ্রমের সমূধে নলকুপ **रहेर्ड कन जुनिर्डिहन, ख्रुवादा जाराद गारा क्रूम निर्क्त करत।** अहे वार्थत थारत जरभावन विद्यानस्थत खरेनक निक्रक শীযুক্ত স্থপময় দেনগুপ্ত মহাশয়কে পাইয়া বিনা কারণে হঠাৎ অতর্কিতে তাঁহার মাপায় ছোরা দিয়া ভীষণভাবে আঘাত করে; স্থপময়বাব আহত হইয়া ভূমিতে পড়িয়া যান, তাঁহার সেই আঘাত হইতে তীর-বেগে বক্ত নির্গত হইতে থাকে। গুগুারা তখন আশ্রমের অক্যাক্ত কর্মীদিগকে খুঁ জিতে থাকে। গুণ্ডাদিগকে এইভাবে ছোৱা-হত্তে নিৰ্ভীক্ষদয়ে ষ্ণাত্থা বিচৰণ করিতে দেখিয়া মহিলাদিগের মধ্যে একটা ভয়ানক চাঞ্চল্য ও আতকের সৃষ্টি इस । महमा अंके न्याभाद क्रमीरम्दीय मृष्टि-श्लाष्ट्र इस । क्रमीरम्दीय **टामित्नव अम्मा माइटमव कथा अवन इहेटल** अथन अवीरव दामांक इव। যথন গুণ্ডারা আশ্রমবাদীদিগের প্রাণ লইবার জন্ম ক্ষিপ্তের ন্যায় ছুটাছুটি করিতেছিল তখন তিনি অকুতোভয়ে দৃপ্তা সিংহিনীর মত অগ্রসর হইয়া দলের অগ্রবর্তী যুবকদিগের যাহারই হাতে ছোরা দেখিলেন বলপূর্বক ভাহা কাড়িয়া লইতে লাগিলেন। জননীদেবীর সে ভীষণ কদ্রমূর্ত্তি দেখিয়া **छाँहारक वांधा श्रमान कतिराज श्रश्नाहात कांहात्र माहरम कुनाहेन ना ।** ইতিমধ্যে দেখিতে দেখিতে সংসক্ষ-প্রাক্ষনও জন-কোলাহলে ভরিয়া উঠিল। সকলে পলায়মান ভূৰ্ব ভগণের পশ্চাদ্ধাবন করিলেন-একটা যুবক ধৃত হইল এবং অন্যান সকলে সবিয়া পড়িল।

এই ঘটনায় প্লিশের জোর তদন্ত চলিতে লাগিল। ক্রমে এই ব্যাপারসংশ্লিষ্ট সকল অপরাধীই একে একে ধৃত হইল। দেখা গেল ইহারা
অনেকেই স্থানীয় বহু বিশিষ্ট ব্যক্তিগণের কাহারও পুত্র, কাহারও লাতৃপুত্র,
কাহারও বা ভাগিনেয় প্রভৃতি অতি নিকটতম আত্মীয়। সরকারপক্ষ
হর্ক্ ভদিগের সম্চিত দশুবিধানের ব্যবস্থা করিতে তৎপর হইলেন কিছ
শ্রীশ্রীঠাকুর ইহাদের মৃক্তির জন্ম উঠিয়া পড়িয়া লাগিলেন। তিনি
বলিলেন—"মাহ্র একবার দোষ কর্লেই চিরকালের জন্ম প'চে যায় না।
এ-যাত্রা ভা'দিগকে ক্ষমা কর্লে ভা'দের অস্তরে অন্তশোচনা আন্বে এবং

স্মাত্মসম্মানবোধ ক্ষে'গে উঠ্বে, কিন্তু শাসন কর্লে হিংসা, কাম ও ক্রোধপ্রার্ত্তি শতগুণ বৃদ্ধি পা'বে।" সরকারপক আসামীদিগকে কিছুতেই ছাড়িতে
চাহেন না। অবশেষে শ্রীশ্রীঠাকুর জিলা ম্যাজিট্রেট মহোদয়কে স্বয়ং
স্বিশেষ অহ্বোধ জানাইয়া সম্মত করতঃ অপরাধী যুবকদিগের মৃক্তির
ন্যবস্থা করেন।

চিত্রকর সভ্যচরণ ঘোষের বিশাসম্বাভকতা

শ্রীসত্যচরণ ঘোষ নামে জনৈক চিত্রশিল্পী গত ১৯২৫ সনে শ্রীশ্রীঠাকুরের চরণে দীক্ষাগ্রহণান্তর সংসঙ্গের সভ্যশ্রেণীভূক্ত হইনা সন্থীক আশ্রমে বাস করিতে থাকেন। শ্রীশ্রীঠাকুর তাঁহাকে সংসঙ্গের কলাকেন্দ্রের কার্য্যে নিযুক্ত করেন। ১৯২৭ সাল হইতে সত্যচরণ এই বিভাগের সম্পূর্ণ ভার গ্রহণ করিয়া একমাত্র চিত্রশিল্পী হিসাবে তথায় কার্য্য করিতে থাকেন এবং শ্রীশ্রীঠাকুরের ভাবরান্দ্রি তাঁহারই নির্দ্দেশ অহুষায়ী ও তাঁহারই প্রদন্ত অর্থ-সাহায্যে চিত্রে পরিক্ষ্ট করিতে থাকেন। বলাবাহুল্য অন্যান্ত কন্মীদের মত, সত্যচরণেরও সংসার-পরিচালনার যাবতীয় ব্যয়াদি শ্রীশ্রীঠাকুরই স্বয়ং নির্বাহ করিতেন।

শ্রীশ্রীঠাকুরের বিভিন্ন অবস্থার নানাপ্রকার ফটো এই চিত্রশালায় তৈয়ার করিয়া ভারতের নানা প্রদেশবাদী শিশ্ব ও ভক্তগণের নিকট বিক্রয় করা হইত। ইহাতে এই বিভাগে প্রতি বংসর বহু টাকা আয় হইত, কারণ শ্রীশ্রীঠাকুরের ফটো সহত্র সহ্র শিশ্বগণ প্রত্যেকেই তুই-চারিখানা করিয়া কিনিয়াই থাকেন, কেহ কেহ অধিক অর্থ বায় করিয়া মূল্যবান ছবিও অন্ধিত করাইয়া থাকেন। সংসক্ষ কলাকেক্রের প্রস্তুত এই সকল চিত্র ও ফটো প্রভৃতির বিক্রয়লন্ধ অনেক অর্থ বহুকাল যাবত উক্ত চিত্রকর মহাশরের হাতে আসে। কলাকেক্রের অধ্যক্ষ হিসাবে এই সকল অর্থ তাঁহার নিকটই ক্রমা থাকিত। বিশেষ তৃঃখ ও পরিতাপের বিষয়, প্রভৃত টাকাপয়সা পাইয়া সত্যচরণের মনে হীনস্বার্থমূলক নানা ত্রভিসন্ধির উদয় হইল এবং এই অর্থ কি ভাবে আত্মশাং করিবেন তাহার পাপ মন তাহারই উপায় চিস্তা করিতে লাগিল।

শীশীঠাকুর কর্মীদিগকে সম্ভানাধিক স্নেহে প্রতিপালন করিয়া থাকেন, সত্যচরণকেও তিনি যাবপরনাই যত্ন করিতেন এবং নিতান্ত আপন জন বলিয়া মনে করিতেন। সত্যচরণ তাহারই দক্ষিণহন্ত-স্বরূপ কার্যা করিয়া অক্সাত্ত কর্মীর ক্রায় সংসক্ষের প্রতিষ্ঠার জন্ম আপ্রাণ যত্ন ও পরিশ্রম করিতেছেন, ইহাই সকলের অন্তরের বিশ্বাস ছিল। কালক্রমে সত্যচরণের হীন পাপ-প্রবৃত্তি সাধারণের নিক্ট ধরা পড়িল। জানা গেল,

'मश्मक कनात्कल' नात्मत পরিবর্ত্তে 'अमताश्रदी कनानिनम्' नात्म 'क्राम् মেমো' ছাপাইয়া সভাচরণ সংসক্ষের চিত্রগুলি গোপনে বিক্রয় করিভেছেন। এই ব্যাপারের বিষয় তাঁহাকে জিজাসা করা চইলে সভাচরণ নিতার বিশাস্থাতকের মত সংস্কু কলাকেন্দ্রের হাবতীয় ছবি নিংস্কোচে নিজম্ব সম্পত্তি বলিষা দাবী করিলেন এবং থানায় সংবাদ দিয়া পুলিশের সাহায়া লইয়া জোর করিয়া সংসক্ষ কলাকেন্দ্রের গচে অবস্থান করিতে লাগিলেন। চিত্রকর এইবার গ্রামবাসী আশ্রমের বিরুদ্ধপক্ষীয় দলের সঙ্গে মিশিয়া সংবাদ পত্তের সাহায্যে ও লোকমুখে শ্রীশ্রীঠাকুরের নামে নানা মিখ্যা কুৎসিং অপবাদ রটাইতে লাগিলেন এবং সংসক্ষের কর্ত্তপক্ষের বিশ্বদ্ধে কয়েকটা ফৌজদারী ও দেওয়ানী মোকদমা রুজ করিয়া এক বীভংগ ব্যাপারের সৃষ্টি করিলেন। এই ঘটনার পর হইতে সংসক্ষের স্থনাম নষ্ট করিবার জ্ঞা সভাচরণ গ্রামস্থ কুটিল ও পরশ্রীকাতর লোকদের সহিত মিশিয়া কতভাবে কত হীন চেষ্টাই যে করিয়াছেন তাহার অবধি নাই। এএই ঠাকুরের বিরুদ্ধে নানা নিন্দাবাদ প্রচার করিয়া, দরিদ্র সংসক্ষের বহু অর্থ আত্মসাং করিয়া এবং সংসক্ষ কলাকেন্দ্রের অসংখা ছবি লইয়া গিয়া সতাচরণ সংসক্ষের যে ভীষণ ক্ষতি করিয়াছেন তাহা কোনকালেই পূর্ণ হইবার নহে। এত অন্তায় করিয়াও সভাচরণ যখন স্ত্রী-পুত্র লইয়া সংসঙ্গ হইতে চলিয়া যান, তখন শ্রীশ্রীঠাকুর মনোবেদনায় নিতাম্ভ কাতর হইয়া, সতাচরণকে বুকে জড়াইয়া ধরিয়া —"ওরে আমার কত বংসরের পালিত পুত্র, ওরে আমার মাণিক, ওরে আমার আদরের তুলাল নয়ন-পুত্তলি, তুই আমায় ফে'লে কোখায় যা'বি--", ইত্যাদি কত কথা বলিয়া বালকের মত চীৎকার করিয়া কাঁদিয়া অঞ্জলে বক্ষ ভাসাইয়াছিলেন, সে কি হৃদয়-বিদারক দশু। কিন্তু সভাচরণ নিতান্ত অক্বতজ্ঞের মত সমুদয় উপেকা করিয়া শ্রীশ্রীঠাকুরকে ছাডিয়া চলিয়া গেলেন।

এখানে উল্লেখযোগ্য যে, সত্যচরণ সংসক্ষের বিরুদ্ধে যে সকল মামলা-মোকদ্দমা উপস্থিত করিয়া শ্রীশ্রীঠাকুর ও কর্মীদিগকে অকারণে দীর্ঘকাল নানা প্রকারে বিধ্বস্ত করিয়াছিলেন, তংসমূদয়ই নিম্ন ও উচ্চ আদালতের বিচারে মিখ্যা প্রমাণিত হইয়াছে এবং তাঁহার বিরুদ্ধে বহু টাকা সংসদ্ধের প্রাণ্য বিলিয়া 'ডিক্রী' হইয়াছে।

শীশীঠাকুরের জনমন্দল-কার্য্যে বাধা জন্মাইতে, এইরূপ কভজনে কত হীন চেষ্টা প্রতিনিয়ত করিতেছে, তাহার যথাযথ বিবরণ দিতে গেলে, আলোচনা অত্যন্ত দীর্ঘ হইয়া পড়িবে। কিরূপ প্রতিকূল পরিবেষ্টনীর মধ্যে থাকিয়া শ্রীশ্রীঠাকুর তাঁহার প্রতিষ্ঠানটির ভিত্তি গড়িয়া যাইতেছেন এবং এজন্ত তাঁহাকে প্রতিপদে কড লোকনিন্দা, অপবাদ ও অত্যাচারের পাহাড় ঠেলিয়া অগ্রসর হইতে হইতেছে তাহারই কিঞ্চিৎ মাত্র আভাস আমরা বর্ত্তমান অধ্যায়ে দেওরার চেষ্টা করিয়াছি।

দেশের ও দশের মকলকার্ব্যে বাঁহারাই আত্মনিয়োগ করেন নির্বাতনভোগ তাঁহাদের একমাত্র প্রস্কার। শ্রীশ্রীঠাকুরের প্রেমমর উদার ব্যবহারের সহিত পারিপার্ষিক জনসাধারণের মিল হইল না। তাহারা চাহিল রম্ভিন্মোতে গা ঢালিরা চলিতে, অক্সের অনিষ্ট সাধন করিয়া নিজের স্বার্থ উদ্ধার করিতে, কিন্তু শ্রীশ্রীঠাকুর চাহিলেন পারিপার্ষিকের প্রত্যেককে পরস্পরের স্বার্থরক্ষায় আপ্রাণ করিয়া তুলিতে। গ্রামের জমিদারগণ মনে করিলেন তাঁহাদের প্রতিপত্তির হানি হইতেছে, স্বার্থপর প্রতিবেশী দেখিল তাহার হীন স্বার্থে আঘাত লাগিয়াছে—তাই চারিদিক হইতে বৃত্তিস্বার্থপরায়ণ অহংসেরী জনগণ কর্তৃক শ্রীশ্রীঠাকুরের উপর বিকন্ধাচরণের নানা অভিনয়্ন প্রথম হইতে আরম্ভ করিয়া অত্যাপি সমানভাবে চলিতেছে। নিন্দুকেরা নানা অমূলক অপবাদ প্রচার করিয়া শ্রীশ্রীঠাকুরের বিক্লমে জনসাধারণের মনে বিবেষ-ভাব স্বান্থী করিতে প্রাণাম্ভ চেষ্টা করিয়াছে। পাঠকবর্গের অবগতির জন্ত প্রসক্রমে উদাহরণ স্বরূপ আমরা নিয়ে কতিপয় প্রত্যক্ষদর্শী বিশিষ্ট ব্যক্তির বিবৃতি উল্লেখ করিতেছি। যথা:—

শীষ্ক রাজেন্দ্রমার শান্ধী বিভাভ্ষণ, এম্-আর-এ-এদ্ মহোদয়
লিখিতেছেন—"সংসক আশ্রম দেখিয়া আমি বড় আনন্দ লাভ করিলাম।
এরপ আশ্রম দেশে যত বৃদ্ধি হয় ততই মকল। আমি পাবনা আসিয়া
বহু ভদ্রলোকের সঙ্গে এই বিষয়ে আলোচনা করিয়াছি কিন্তু অনেকের
মুখেই এই আশ্রমের বিরুদ্ধে নিন্দাবাদ শুনিয়াছি। বাত্তবিক আমি
স্বচক্ষে ইহার কার্যুতা দর্শন করিয়া আমার যে ধারণা পাবনায় আসিয়া
হইয়াছিল তাহা বিলুপ্ত হইল। ইহাকে সংসক-আশ্রম নাম না দিয়া
যদি ঋবি-আশ্রম নাম দেওয়া হইত তবে যেন আরো ভাল মনে
করিতাম। এই আদর্শে স্থানে স্থানে আরও কয়েকটি আশ্রম হইলে
দেশের কল্যাণ হইবে। অনেকগুলি উচ্চশিক্ষিত লোক ইহার উন্নতিকরে এখানে বাস করিতেছেন—ইহারা অনেকেই সপরিবারে বাস
করিতেছেন। পাবনা আসিয়া আর একটা কথা শুনিয়ছিলাম যে,
মহাত্মা অত্ত্ল ঠাকুর অনেককে সম্মোহন-বিভায় বনীভৃত করিয়া সর্বস্থাস্ত
করেন, আমাকেও সেরপ করিবেন বলিয়া তাঁহারা আমাকে ভয় দেখান।

কিন্তু ঠাকুরকে দেখিয়া সেরপ মনে হইল না, বরং আমি তাঁহাকে দেখিয়া স্থাই হইয়াছি। তাঁহার সাধারণ পরিধেয় কল্প দেখিয়া আনন্দ হইল। যদি তাঁহাকে গেরুয়া-বল্পে শোভিত দেখিতাম তবে বোধ হয় আমার অন্ত ধারণাও হইত। ভিক্ষার হারা তিনি প্রতিষ্ঠানটার উন্নতি করিতেছেন। আশাকরি প্নরায় আসিয়া ইহার আরো উন্নতি দেখিতে পাইব। আমি এতটা মৃশ্র হইয়াছি বে, আমার একটা পুত্রকেও এই আশ্রমে শিক্ষা করিবার জন্ত পাঠাইয়া দিব মনস্থ রহিল। এধানে বিলাসিতা বা তাহার ভাব পর্যন্ত নাই। এধানে যাঁহারা আছেন তাঁহাদের বিলাসের চিক্সাত্রও দেখিলাম না।

স্থানীয় পাবনার লোকেরা অনেকেই কেন যে এই আশ্রমের বিক্রমভাব প্রকাশ করেন তাহা ব্রিলাম না। তবে ইহা হিংসাবৃদ্ধি ছাড়া কি হইতে পারে ? আর একটা কথা শুনিয়াছিলাম যে, এই আশ্রমে একটা বিবাহিতা বালিকার পুনরায় বিবাহ হইয়াছে। সেই বালিকার পিতার সঙ্গেও আমার দেখা হইলে, ইহা যে কেবল হিংসাবৃদ্ধিগত তাহা আমি বৃষিতে পারিলাম। যাহারা পাবনায় আসিয়া এই আশ্রমের বিক্রমে কথা শুনিবেন তাঁহারা এই আশ্রমটা স্বচক্ষে দেখিয়া নিজেদের কাণ পাতলা করিতে পারিবেন।"

ন্ধনামধন্যা স্থাসিদ্ধা লেখিকা শ্রীযুক্তা অন্তরপাদেবী মন্তব্য প্রকাশ কবিতেছেন—

শৃনংসক-আশ্রমের বিরুদ্ধে গুরুতর অভিবোগ শুনিয়া মন খুবই ইহার স্থপক্ষে ছিল না, কিন্তু সভা কথা বলিতে কি, অগ্যন্ত এরপ অগ্যায়ের বিরুদ্ধে বেরপ মনোভাব হয় এবারে কেনই যে তেমন হয় নাই তাহাই একটু বিশ্ময়ের বিষয়! মনে হয়, দোবারোপটা এতই অন্তৃত ভাবের যে তাহাতে কোন দ্বিরমন্তিক লোকে পূর্ণ বিশাস স্থাপন করিতে পারে না। তারপর মনে হইল খুনী আসামীরও যখন স্থপক্ষ-সমর্থনের পথ আছে, তখন এ রাই বা কি বলেন তাহা বলিতে দিবার স্থবোগ এ দেবও দেওয়া সক্ত। নিজেই গিয়া সত্যাহসন্ধান করিব। যাই হউক, এখানে আসিয়া এমন তৃপ্ত ও এমন নিশ্চিত হইয়াছি, এমন আনন্দলাভ করিয়াছি এবং তার সক্ষে আমার দেশের লোকের (অন্ত একটা দলের) এই হীন ঈর্ষাপ্রস্তত সন্ধার্ণতার পরিচয়ে এতই মর্মাহত হইয়াছি তাহা বলিতে পারিব না।"

. একাদশ অধ্যায়

সমস্তা-সমাধানে মতবাদ

জগতে নানা সমস্তা উঠিয়াছে—ব্রাহ্মণের সমস্তা, ক্ষত্রিয়ের সমস্তা, বৈশ্বের সমস্তা, শৃত্রের সমস্তা,—আবার শিক্ষার সমস্তা, স্বাস্থ্যের সমস্তা, ব্যক্তিবের সমস্তা, সমাজের সমস্তা, নারীর সমস্তা, রাষ্ট্রের সমস্তা, ধর্মের সমস্তা ইত্যাদি। এ সমস্তার মহাসমৃত্রে পড়িয়া দিক্জান্ত সকলে হাব্ডুব্ থাইতেছে। আজ বাংলার এই নিভ্ত পল্লীর ক্রোড়েও বিশ্বমানবের সমস্ত সমস্তার তেউ আসিয়া লাগিতেছে, তাই শ্রীশ্রীঠাকুর তাহা প্রাণ দিয়া অমুভব না করিয়া পারিতেছেন না। দেশের জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে জাতীয় জীবন-ধারার অমুক্ল করিয়া তিনি এই সকল মহা সমস্তার যে সহজ্প সরল মীমাংসা-বাণী প্রদান করিয়াছেন, তাহাই সংক্ষেপে আমরা বর্ত্তমান অধ্যায়ে উদ্ধৃত করিব। নানা সমস্তার সমাধান সম্বন্ধ শ্রীশ্রীঠাকুর স্বীয় বিচিত্র অভিজ্ঞতা ও অম্বর্গ প্রির বলে যে অসংখ্য তথ্যপূর্ণ অল্রান্ত অম্ল্য বাণীসমূহ দান করিয়াছেন, তাহার সহস্রাংশের একাংশও এখানে প্রকাশ করিবার স্থান নাই। স্থতরাং আমরা মানব-সাধারণের কয়েকটা অতি প্রয়োজনীয় বিশেষ-জ্ঞাতব্য বিষয়ে তৎপ্রদন্ত বাণীর কিয়্বদংশমাত্র উপস্থিত করতঃ তৎসম্বন্ধে পাঠকবর্গকৈ একট পরিচয় দেওয়ার চেষ্টা করিতেছি।*

স্থান্থ্য

"ষে চেতনা বহু পরিবর্ত্তনকে ভেদ করিয়া অপরিবর্ত্তিত ভাবে সর্কেন্দ্রিয়ের সহিত শ্বৃতিকে বহন করিয়া বোধ ও বিবেচনাকে লইয়া চলিতে থাকে, আমি মনে করি, এক কথায় ইহাকেই আমরা আয়ু বলিয়া থাকি। ডাই এই আয়ুকে অকুন্ধ ও অকাট্য রাখিতে হইলে শারীরিক বিধানগুলি যাহাতে কুন্ধ ও সবল থাকে—পোষণ ও রক্ষণঘারা তাহাই করণীয়। দেখা যায় এই বিধানগুলির অক্ষ্তা আসে প্রধানতঃ মানসিক অক্ষ্তা, কর্ম ও আচরণের অক্ষ্তা, আহার্য্য ও পরিপোষণের অক্ষ্তা, চলন ও চেষ্টার অক্ষ্তা ক্রিত। তা'হ'লেই, আমরা সাধারণতঃ যদি এইগুলির প্রতি একটু নজর

পরবর্তী অধ্যারে গ্রন্থরাজির পরিচর প্রদান কালে ক্রের কথিত আরও
 ক্তকগুলি নীমাংসা-বাদী উদ্ধৃত করা হইরাছে।

রাখিয়া চলিতে পারি—ষাহাতে বিধানগুলির স্বস্থতা বিকৃতি-প্রাপ্ত না হয়, তা'হ'লেই জীবনকে অনেকাংশেই দীর্ঘ করিয়া তুলিতে পারি। ধর্মনীতি মাম্বকে ইহাই নানা রকমে নানা অবস্থার ভিতর দিয়া কত ধরণ ও কত ভলীতে কহিয়া আসিতেছে। তাই গীতায় আছে—'ষাহাদের আহার, বিহার, চেষ্টা, কর্ম, জাগরণ ইত্যাদি উপযুক্তভাবে নিয়ন্ত্রিত, যোগ তাহাদের সমস্ত ত্ংথকে হনন করে।' আর এই যোগ মানে হ'ছে কিন্ধ ইষ্ট-প্রতিষ্ঠা ও ইষ্টাম্বক্তি।

"স্বাস্থ্য-রক্ষাব সহজ উপায়-এমন-কোন অবস্থায় না পড়া যাহাতে প্রাণন-ক্রিয়ার তুর্বলতা ঘটে, যেমন অবৈধ আহার-যাহাতে পরিপাকের অবসরতা ঘটিয়া পোষণের অভাব ঘটে: নিয়মিত নিঃস্রাব—বেমন প্রস্রাব, বাহু, ঘর্ম, লালা, ভক্র ইত্যাদির যথাযোগ্য নিম্রাবণ, যাহাতে শরীরের বিষাক্ত দ্রবাগুলি निः एक इहेबा भिन्ना भावीविक ध्वः म ना घोषा ; बार्षाभयुक कहा ७ हनन-অর্থাৎ চেষ্টা ও চলনকে এমনতর ভাবে নিয়ন্ত্রিত করা যাহাতে মন্তিছ, মাংসপেশী ও বন্তাদির কোনরূপ অক্যায় অবসন্ধতা না ঘটে; আর সর্কোপরি ইষ্ট বা ভগবদমুর্ন্তি, যাহার দক্ষণ পারিপার্শিকের আকর্ষণে চেতনাকে বছণা বিভক্ত করিয়া সম্ভাকে নিঃশেষ করিয়া না ফেলে। এই জন্মই শাল্পে মাতা পিতা ব। গুরুতে অমুবক্তির সাধবাদ এত বিশেষভাবে বহিয়াছে—এমন কি, বৈছাশান্ত্রে ইষ্টামুরক্তি না-থাকা একটা অরিষ্ট বা মৃত্যুর লক্ষণের ভিতর গণ্য করা হইয়াছে। মনকে যতই ইষ্ট ও উন্নতিতে উৎফুল্প রাখা যায় ততই দেবাপরায়ণ, কর্মপটু, উদ্বন্ধ, আশাবাদী হইয়া আযুকে বৃদ্ধির সহিত উপভোগ করা याहेर्रि । आंत्र हेहा हाज़ा रव नमख आहात, विहात ७ ठान-ठनरन कीवनी-निक উৎফুল্ল ও উদ্বোধিত হয় সেইগুলিই ধর্মপ্রাদ ও জীবনীয়। এক কথায় এই দাড়াচ্ছে, অটুটু বান্তব ইষ্টপ্রাণতার সহিত যুক্ত চাল-চলন ও যোগ্যা স্ত্রীর ষ্থাযোগ্য আমন্ত্রণ ভিন্ন স্বয়ং কামবশ না হওয়া হইলেই প্রাণন-শক্তির অপলাপ না হইয়া আয়কে সাধারণতঃ দীর্ঘই করিয়া তোলে।

"স্বাস্থ্য ভাল রাখিতে হইলে প্রথমেই চাই পারিবারিক শান্তির ব্যবস্থা।
স্বাস্থ্যের নিয়ন্ত্রণে প্রধান ও প্রকৃষ্ট শিক্ষক যদি নিজ নিজ পরিবারই হয়, ত'
তা'র চাইতে স্থন্দর ব্যবস্থা আর কি হইতে পারে ? বাসগৃহাদি যথোপযুক্ত
আলো ও বাষ্ চলাচলের মতন হয়, জল তৃপ্তিদায়ক, পুষ্টিপ্রদ ও রোগনাশক
যাহাতে হয়, তাহার দিকে বিশেষ নজর রাখা উচিত। পরিবারের প্রত্যেকে
প্রত্যেককে যা'তে উন্নতিম্থর উৎফ্রতাকে চারিয়ে দিতে পারে এমন
একটা সহজ চলন ও বলন প্রত্যেকের ভিতর বজায় থাকে, তা'র দিকে
একটা পারিবারিক সমবেত নজর থাকা নেহাৎ নিতাস্কই বাস্থনীয়, কারণ

হতাশাস এবং জ্বসাদ হইতেই সাধারণতঃ স্বাস্থ্য ভাকিতে স্থক করে, জনাচার ও জনিয়ম তাহাকে জারও তীব্র করিয়া তোলে। প্রত্যেকেরই বিশেষভাবে জ্ঞানা থাকা উচিত কি জ্বস্থায় কেমনতর জ্ঞাহার, গুল্লামা ও সেবার প্রয়োজন। শিক্ষার বিশেষতঃ স্ত্রীশিক্ষার দিক দিয়া এটা নেহাংই বাধ্যতামূলক হওয়া উচিত, জামি ইহাই মনে করি, কারণ পোষণোপযুক্ত সহজ্ঞপাচ্য বলপ্রদ জ্ঞাহারই জীবনকে ক্রমাগতি বোগাইতে থাকে,—আর ইহারই জ্ঞভাবে শারীরিক প্রত্যেক বিধানেরই জ্ঞায়ুর গতি বিক্বত ও মন্দ হইয়া উঠে।

"তার পর চাই প্রত্যেকেরই তা'ব পারিপার্ষিকের যথোপযুক্ত সেবা ও সম্বর্জনা এবং তাহা হইতে পুষ্টর আহরণ—এ পুষ্ট কিন্তু শারীরিক এবং মানদিক তৃ'য়েরই, আর ইহা করিতে গেলেই সম্যক ও উপযুক্ত চেষ্টা ও চলনের প্রয়োজন। এই চেষ্টা ও চলনেক এমনতর ভাবে নিয়য়িত করিতে হইবে—ইহা হইতে পরিশ্রম-জনিত যে অবসাদ আসে তাহা শারীরিক ও মানদিক উন্নতিকেই আমন্ত্রণ করে। এগুলি উপযুক্তভাবে ঘটাইতে না পারিলেই গুরু শারীরিক উন্নতির জন্ম কিছু কিছু ব্যায়ামেরও প্রয়োজন।

"তার পর আর একটা জিনিব হ'চ্ছে উপযুক্ত বিবাহ। যে বিবাহে মাম্মষের বৃত্তিগুলি তুই ও পুই হইয়া উন্নত-প্রগতিপরায়ণ হয় সাধারণতঃ তাহাই প্রাণদ এবং সর্বপ্রকারে উন্নতিকে উদ্দীপ্ত করিয়া তোলে। তাই বিবাহের প্রতিবিশেষ নজর রাখিয়া ইহাকে নিয়ন্ত্রণ করা উচিত মনে করি।

"আহাধ্য আমাদের এমন হওয়া উচিত, শারীরিক ও মানসিক অবস্থা বিশেষে যা' তৃপ্তিক্তনক, সহজপধ্য, বল ও পৃষ্টিপ্রদ ও রোগনিবারক। আমিষ আহার সাধারণ ও সহজ খাত হইতে পারে না। বে-কোন রকম আমিষ আহারই পরিপাক বিধানে যাইয়া এমনতর অল্পবিশুর বিষের স্বষ্ট করে যাহা সমস্ত বিধানকে কিছু-না-কিছু ক্ষতিগ্রস্ত করেই—বিশেষতঃ আমাদের ভারতববীয় আবহাওয়ায় তো ইহা সমধিকই হইয়া থাকে। য়াহারা আমিষাহার করেন, তাঁ'দের পক্ষে ইহার বিষকে সহজে নই করিয়া ফেলিতে পারে—সঙ্গে এমনতর কিছু আহার না করিলে অল্পে-সাবাড়ের আমন্তবের হাত এড়ান সম্ভব কিনা ব্রিতে পারি না। তাই আমি বলি, মাছষের সাধারণতঃ নিরামিষাশী হওয়াই ঠিক। নিরামিষাহার বিধানে বে শুউপত্রব স্বষ্ট করে তাহা শারীরিক কোষগুলির পক্ষে নেহাংই অকিঞ্চিংকর। তাই নিরামিষাহার কোষগুলির পক্ষে প্রায় নিরুপত্রব আহায় বলা যাইতে পারে। অবশ্র এই নিরামিষাহারেও শারীরিক অবস্থাভেদে নিয়্মিত ব্যবস্থা হওয়া উচিত। আরো আমার মনে হয়্ম অতি পূর্বকালে কোনও দেশে

কোথায়ও আর্ব্যেরা আমিষাহারী হইয়া থাকিলেও সেই আমিষাহারই বেশ করিয়া সেই আর্ব্যদিগকে শিক্ষা দিয়াছে যে, নিরামিষাহার মামুষের পক্ষে কড জীবনীয়, কড প্রাণদ। তাই তাহারা নিরামিষাহারকে তা'দেরই প্রশীড শাস্ত্রে অভ করিয়া হুখ্যাতি করিয়া গিয়াছেন। তাই আয়ুকে যদি বিশেষভাবে নিরুপদ্রবই করিতে হয় তবে নিরামিষাহারই শ্রেষ্ঠ।

শাছ মাংসকে আমি মাছবের range of life shorten (আয়ুঙালকে থর্ব্ব) করে বলিয়া মনে করি, কারণ ইহা system-এর (শরীরবিধানের) ভিতর এত বেশী toxin (এক প্রকার বিষ) liberate করে (ছেড়ে দেয়) যা'তে নাকি কোষগুলি whipped (তাড়িত) হইয়া নিজের existence (ছিতি) কে রক্ষা করিবার জন্ম আল সময়ের ভিতর অনেক বেশী division-এ (বিভাগে) পর্যাবসিত হয়—তাহাতে সেই cell (কোষ) গুলির যে time-এ (সময়ে) তাহাদের ঐরকম পরিণতি সংঘটিত হইত তাহার অনেক পূর্ব্বেই সেই রকম ঘটিয়া থাকে । মনে কক্ষন বিশ বছরে যাহা হইত পাঁচ বছরেই তাহা সংঘটিত হয় । তা'র মানে বিশ বংসরের আয়ু পাঁচ বংসরে কমাইয়া আনে—আর nerve (আয়ু) গুলিও কেমনতর irregular (অনিয়ন্ত্রিত), irrhythmic (ছন্দাইন) হইয়া দাঁড়ায় এবং correct (যথার্থ) sensation (বোধ)ও carry (বহন) করে না । তাই আমি সব সময় ব'লে থাকি আপনারা normally (স্বাভাবিকভাবে) vegetarian (নিরামিষাশী) থাকুন ।

"মাছ মাংস থে'লে আমাদের পেটের পাকরসে পীড়িত হ'য়ে এক রকম বিষ ছে'ড়ে দেয়, তা'র ফলে আমাদের বিধানের জীবকোষগুলি—ছোড়াকে চার্ক্ মার্লে যেমন ছট্ফট্ ক'রে ওঠে, তেমনতর রকমেই ছট্ফটিয়ে বিব্রত হ'য়ে উঠে—আবার অনেক কোষগুলি ম'রেও যায়;—আর সেই জ্প্রেডা'রা তাড়াতাড়ি নিজের বংশর্দ্ধি কর্তে থাকে—সামাল হ'তে ওদের আক্রমণ থেকে। সেই জন্ত মাছ মাংস থে'লে আপাততঃ দেখা যায়, হয়তো শরীরটা একট্ পুষ্টলাভই কর্ছে। কিন্তু যে পুষ্টি আমাদের বৈধানিক কোষগুলি যাভাবিক চলনে চল্তে চল্তে যতদিন চল্তে পারতো তা'কেই থরচ ক'রে—তা'তে তা'র ফলে আমাদের জীবন-পরিধির থর্কতাই ছ'টে থাকে। আর ঐ আহার্ষ্যে আমাদের বিধানে ঐ রকম চাব্ কানির সঞ্চালন করে ব'লেই আমাদের আয়ুগুলিতে এক রকম উত্তেজনা ও অবসাদ প্রায়শঃই লে'গে থাকে। আবার এই অবসাদের অবস্থা আস্তেই ইচ্ছা করে আবার থাই। কারণ, না থে'লে তো আর ঐ উত্তেজনা—যা'তে নাকি চম্ চম্ ক'রে চল্তে গারি—তা' আর ছ'টে উঠে না—তাই ঐ রকম বেঁাকের

সৃষ্টি হয় আর ঐ ঝোঁকের থাতিরেই ঐ আহার্য্যের কত রকম এৎকাঁক সংগ্রহ করতে থাকে।

"আবার ঐ উত্তেজনার ফলেই আমাদের স্বভাবও অনেকটা অমনতর চঞ্চল হ'য়ে ওঠে—আর ওতেই লোকে বলে, মাছ মাংস আহার কর্লে রজোগুণী হয়। রজোগুণের প্রধান গুণই হ'ছে কঠোর অন্তরাগ বা আসজি—য়া' নাকি কিছুতেই দমিত হ'তে চায় না। আর তা'বই ফলে সে এত দক্ষ ও ক্রিপ্রকর্মা ও অবিপ্রান্ত হ'য়ে উঠে—এই হ'ছে রজোগুণের আসল মা'—তা'ই। মাছ মাংসের রজোগুণ কিছু আয়ক, হর্কলতা-হেতু তা'তেই অতি সম্বরেই রভিয়ে ওঠে—তা'র সম্মুখে যা'ই কিছু আয়ক, হর্কলতা-হেতু তা'তেই অতি সম্বরেই রভিয়ে ওঠে; আর এই রভিয়ে উঠার দক্ষণ চলনও তেমনতর হয়। নিরবছিয় লে'গে-থাকা—নিরবছিয় আসজি বা অন্তরাগ—য়া' নাকি প্রকৃত রজোগুণের আসল প্রাণ-প্রকৃতি তা' কিছু আমিবাহারী রজোগুণ কিছুতেই হ'য়ে ওঠে না। সে ক্রমাগত কিছুতেই লে'গে থাক্তে পারে না। তা'র করার অভিযান কাটা-কাটা—প্রত্যেক কিছু করার পরেই অবসাদ অবশুস্ভাবী। তথন আবার তা'কে চে'ভিয়ে তুল্তে—আবার ঐ রকম বা তা'র চাইতেও উত্তেজ্ঞিত কর্তে পারে—এমন আহারের নিতান্তই প্রয়োজন।

"আমিষাহারী যে ষত বড়ই হোক্ না কেন, এ চরিত্র তা'র কিছু না কিছু থাক্বেই। কিন্তু উপযুক্ত নিরামিষাহারীদের ও সব কিছু নেই কো। আহার্য্য তা'দের পেটের পাকরসে নিপীড়িত হ'য়ে কমই বিষ স্পষ্ট করে—আর, যা' করে, তা' বৈধানিক কোষের পক্ষে অতীব তুচ্ছকরই। আর সেই জগ্র বৈধানিক কোষেও তা' হ'তে সহজ ভাবেই পৃষ্টি পায়; আর আমিষ আহার্য্যের মতন অমনতর চাব্কানি ও উত্তেজনার স্পষ্ট করে না ব'লে স্নায়ু ও মন্তিষ্ক অমনতর নিয়ত উত্তেজনা–অবসাদ–পরায়ণও হয় না। তাই তা'দের স্বভাবও প্রায়শঃ ঐ আমিষাহারীদের মতন রজ্যোগুণসম্পন্ন নয়কো। তা'দের সব বিষয়েই অল্পই হৌক আর বিস্তরই হৌক, কেমনতর একটা লাগোয়াভাব থেকেই যায়।

"আবার অমনতর কোন বিষয়ে তা'রা অতি সহজে অমুরঞ্জিতও হ'তে চায় না। এই দে'খেও অনেকে ব'লে থাকেন—নিরামিষ খে'য়ে ওদের স্বাথা এমনতর বোকা বা ঢিলে হ'য়ে গেছে, তাই ওরা সহজে কিছু নিতেও চায় না, ব্রাতেও চায় না। ব্যাপার কিছু তা' নয়কো। তা'দের ভিতর একটা নিরপেক ভাব, বছু ভাব সহজতঃ লেগে থাকে ব'লেই অমনতর হ'য়ে থাকে—তা'রা, যাই কিছু আম্ক, ঐ অমনতর থাকার দক্ষণ, সমন্ত জিনিষটার

অদি সদ্ধি দে'থে, ভে'বে, বৃ'ঝে, তবে তা'তে বঙিন হ'য়ে উঠ্তে চায়। আর

ঐ রক্মে কোন কিছুতে তা'রা বঙিন হ'য়ে ওঠে ব'লেই সে রং তা'দের
সহজে ছু'টে বায় না—লাগোয়া চলনেই চলতে থাকে। এ সবই ঘটে
কিন্তু তা'দের স্বায়্ ও মন্তিজ-কোষের সহজ স্থৈর্য হেতৃই। আর ঐ
বৈধানিক কোবগুলি নিয়ত অমনতর বেতাল প্রবৃত্তিতে চম্কে থাকে
না ব'লেই তাহাদের জীবন-পরিধিও অটুট থাকে তো বটেই – তা' ছাড়া
আরোতে যে বে'ড়ে ওঠে না—তা' নয়কো—বে'ড়েও যে'য়ে থাকে।
জীবনের চলনা বদি তাঁ'দের বাঁচা ও বৃদ্ধি পাওয়ার প্রতিকৃল না হয় তাই
লোকে ব'লে থাকে—সবগুণী হ'তে হ'লেই নিরামিষ আহারই শ্রেষ্ঠ।
তাই ভন্তে পাওয়া যায়, আমিষাহারী মনীষীরা অনেক সময়, নিরবচ্ছিত্র
লাগোয়া থাক্তে হয় এমনতর কাজের বেলায় নিরামিষ আহারকেই তা'র
অন্তব্ল ব'লে গ্রহণ ক'রে থাকেন। এই তো হ'চ্ছে আমিষ নিরামিষ
আহারের চৃত্বক তাৎপর্য্য।

"আর পচা, বাদি, বিষ-উদগারী, কটু, ঝাল, অত্যস্ত উত্তেজক আহাধ্যকে তমোগুণী ব'লে থাকে এই জন্মই—কারণ সেগুলি স্নায় ও মন্তিচ্চকে অত্যস্ত অবসাদগ্রস্ত ক'রে অলস, অবশ কর্তে কর্তে জীবনকে খতমের দিকে টেনে নিয়ে যায়—তাই সেগুলিকে তমোগুণী আহার ব'লে থাকে।

"তাই সান্ত্রিকাহারই আমার মতে—আমার মতে কেন—গাঁ'রা জানেন বা
ভুক্তভোগী প্রত্যেকেরই মতে জীবন ও বৃদ্ধিদ, সবার পক্ষেই ইহা সমীচীন—
এমন কি প্রকৃত রজোগুণী হ'তে হ'লেও। তবে বিশেষ অবস্থায়—
যেমন রোগে বা তেমনতর কিছু, যা'তে নাকি ঐ রকম চাবকানি-সঞ্চারণই
তথনকার পক্ষে জীবনকে বাঁচায় চালিত কর্তে পারে, ঔষদের মতন তাই
তথনই প্রযোজ্য।

"পেঁয়াজ, রন্থন এই চুইটা আমিষ জাতীয় খাছা। ইহারা বৈধানিক কোষগুলিকে বেতিয়ে এমনতর একটা অসংবদ্ধ দহনশীল চঞ্চল উত্তেজনার স্বষ্টি করে, যার ফলে স্নায়ুকোষগুলি বিধ্বস্ত ও অবসাদ-সম্পন্ন হ'য়ে ওঠে—ফলে স্নায়ুকোষগুলি তা'র পারিপার্শিকের সাড়া স্বাভাবিক ভাবে নিতে না পে'রে একটা বোধ-বিশৃঞ্চলার স্বষ্টি করে। একটু নজর কর্লেই বেশ দেখতে পাবেন যা'রা আহার্য্য মাঝায় বা অধিক মাঝায় পেঁয়াজ রম্বন ক্রমাগত ব্যবহার করে তা'দের মন্তিকের বোধ-উদ্দীপনা এত কম ও বিশৃশ্বল, যা'র ফলে স্বাভাবিক সহজ্ব জ্ঞান এতথানি অবনত হ'তে দেখা যায়— ছনিয়ায় তা'দের জীবন-চল্না যেন বিপদসন্থল হ'য়ে উঠে—পারিপার্শিকের সাড়া অমনতর বিকৃত বিশ্ব্ব অসংবদ্ধ ভাবে যদি মন্তিককে উত্তেজিত করে, তবে তা'রা তা'দের পারিপার্শিক-

গুলিকে নিয়ন্ত্ৰণ ক'রে জীবন ও বৃদ্ধিকে পুরণ ও পোষণই করতে পারে না— करल कीवन त्कमन अकृषा नीह. व्यत्नकृषा भाषाचाराम ह'रम विक्रित्ताचारव ইতন্ততঃ চলতে থাকে। যার জৈবিক কোষগুলির উপর—মুখ্যতঃ এমনতর প্রভাব, তা'কে জীবন ও বৃদ্ধির যাত্রীদের বর্জ্জন ক'রে চলাই তো সমীচীন ব'লে মনে হয়। আমার মনে পড়ে, আমি তথন ছোট ছিলাম-একদিন এক মেসে আন্ত আন্ত পৌয়াজ ও আলু দেওয়া থি চুড়ী খে'য়েছিলাম। তা'র ফলে কিছক্ষণের ভিতরেই আমার শরীরে এমন একটা দহনশীল ব্যতিক্রম উপস্থিত হ'লো যা'তে ১০৫° জ্বরে অভিভূত হ'য়ে পড় লাম। একাদিক্রমে পাঁচ সাত দিন ভূগতে হ'য়েছিল। আমি অভান্ত নয় ব'লেই অমনতর হ'য়েছিল বোধ হয়, কিন্তু যাহারা অভ্যন্ত, দ্রব্যের ক্রিয়া তা'দের বিধানে তো ঐ আমার যেমন হ'রেছিল তেমনতরই হ'রে থাকে ৷ অভ্যাসের দক্ষণ তা'রা বরদান্ত করতে পারে, আর অনভ্যাসীরা তা' পে'রে উঠে না—এই যা' তফাং। আমার মনে হয় পেঁয়াক্ত রস্থনের অমনতর গুণ আছে বলেই ইহা মামুষের বিধানকে অমনতর বেতালে বেতিয়ে বিকৃত বিশৃষ্টল ক'রে স্নায়কোষগুলিকে ষ্মবসর ক'বে তোলে। তাই হজরত বস্থল ও ম্বার সাধু মহাপুরুষেরা স্বাই তা' বাবহার করতে জ্বোরের সঙ্গে নিষেধ-বাণী জারি করিয়াছেন। হজবত ত' এমনও বলিয়াছেন—"বে কেই উহা ভক্ষণ করিবে তাহারা যেন আমাদের মসজিদের সমীপবর্ত্তী না হয়।"

"পৌষান্ধ, রহুন কিখা ঐ জাতীয় উত্তেজক দ্রব্যাদির প্রতি তা'দেরই ঝোঁক হয়, বেন না থে'যে থাক্তে পারে না, যা'রা temperamentally sexual (স্বাভাবিক ভাবে যৌন-প্রবণ) অথচ dull and inconsiderate in manipulations (যৌন ব্যাপারে স্থুলবৃদ্ধি ও অবিবেচক)। তা'দের প্রায়ই দেখ্তে পাওয়া যায় irritant (ক্রোধপ্রবণ), egoistic (দান্তিক) এবং short-tempered (চঞ্চলমনা)। এই মৃহুর্ত্তে এক রকম ব্রুল, অন্ত মৃহুর্ত্তে তা'দেরে দেখতে পাবেন ঠিক অন্ত রকম—যেন কোন রকমেই তা'দের প্রতি confidence (বিশাস) রে'থে চলাই কঠিন। তা'দের ভিতর হরদম স্বোতের মতন sexual desire (কাম-বাসনা) চল্তে থাকে অথচ desire (বাসনা) মাফিক তা'দিগকে তেমনতর ভাবে fulfil (সার্থক) কর্তে পারে না ব'লেই, তা'কে পূরণ কর্তেও পোষণ করার urge (আকৃতি) ভিতরে থাকার দক্ষণ প্রথমতঃ ওগুলি মৃথরোচক না হ'লেও, 'ইর thrashing action (পিটুনী ক্রিয়াকে) পাওয়ার জন্ত ঐ সমন্ত দ্রব্য খা'বার প্রলোভনকে কিছুতেই ত্যাগ করতে পারে না।

"অনেক সময় দেখা যায় sexual temperament-এর (কামপ্রবণ)



শ্রীশ্রীঠাকুর অনুকৃলচন্দ্র (ত্রিংশৎ নর্ষে)

ষা'রা, তা'রা পেটে সহু করা যায় এমনতর ভাবে accumulation of toxin (বিষ-পুঞ্জীকরণ) পছন্দ করে, কারণ তা'তে পেটে ঐ toxin (বিষ) থাকার দক্ষণ nerve-centres (স্নায়্-কেন্দ্রগুলি) excited (উদ্ভেজিত) হয়--তা'র ফলে sexual impulse (কামের ঝোঁক)গুলিকে work out কর্তে (কাছে লাগাইতে) অনেকটা স্থবিধ। অভভব করে-তাই toxin accumulation (বিষের সংগ্রহ) হয় যে সমত পাছে, সে স্ব খাছের প্রতি তা'দের একটা সহজ টান।

"আমিষ আহাব শরীব-বিধানের পক্ষে কোন হিসাবেই গ্রহণীয় হওয়া উচিত নয়। তবে কথনও কোন বিশেষ অবস্থায় আপনাবা যদি মাছ মাংস ব্যবহাব কবেনও তাহাতে এমনতর অপরাধ হইবে না যাহাতে নাকি আপনাদের জাতিপাত ঘটিতে পারে—বরং অবস্থামত উহা না ব্যবহার করাই অসক্ষত। যেমন হয়ত আপনি এমন অক্ষ্ হইয়া পড়িয়াছেন যাহাতে আপনাব cell division-কে (কোষ-বিভাগকে) accelerate (বৃদ্ধি) করিতে হইতে পাবে এবং তাহাতে হয়ত আপনার জীবন রক্ষা পায়, সে স্থলে উহা ব্যবহার অতি সমীচীনই। হয়ত আপনারা কেহ সৈক্স-বিভাগে যাইয়া যুদ্ধ-ব্যাপাবে কাহারও captive (বন্দী) হইয়া পড়িয়াছেন যেথানে হয়ত যে-কোন মাণ্স ব্যবহার না কবিলে জীবনই রক্ষা হয় না; আমি বলি সেখানে আপনি সক্ষ করিতে পারেন যতদ্র সম্ভব এমনতর ভাবে animal diet (আমিষাহার) ব্যবহাব কক্ষন, বাঁচিয়া থাকুন—তথন উহাই আপনার ধর্ম হইবে।

"আমাব মতে শিশুমুত্যুর একটা প্রধান কাবণ, বিবাহ-বিদ্রাট; দ্বিতীয় কাবণ, অসংস্কৃত প্রস্থৃতি অধাং গর্ভাধান হইতে যে সমস্ত বিধান মানিয়া চলিলে মাতা ও শিশুর স্বাস্থ্য ও আয়ু অক্ষা, উদোধিত ও বৃদ্ধিপ্রাপ্ত হয় তা' না করা; তৃতীয়, স্বাস্থ্যের সেবা ও শুশ্রমার অনভিজ্ঞতা। ইহার সহিত অক্সান্ত খুঁটিনাটি বিরুদ্ধ ব্যাপারের যোগ হইয়া এই মহা আপদ আমন্ত্রিত হইয়াছে। কাজেই শিশুর স্বাস্থ্যবক্ষার জন্ম এ সকল বিষয়ে মনোযোগী হইতে হইবে।

"তারপর ব্যায়ামেব কথা। ব্যায়াম কর্লে স্বাস্থ্য ভাল এবং আয়ুবৃদ্ধি ইইতে পারে। মানুংমর পক্ষে এই স্বাভাবিক শারীরিক বিধান ও মন লইয়া যতখানি চেষ্টা ও কর্ম্ম করা উচিত তা'না করিলেই—আলাহিদা এমনতর কিছু করা উচিত যা'তে এই অভাবগুলির পরিপূরণ হইতে পারে, আর আমার মনে হয় সেখানে তেমনতর ব্যায়ামের দরকার। নতুবা কতকগুলি কস্বত করিয়া শরীরকে অন্থায়ভাবে উত্তেজিত করিয়া যে পৃষ্টির সৃষ্টি করা

হয়—তাহাতে আয়ু বৃদ্ধি হওয়া দূরে থাকুক, কমের দিকেই বক্রগতিসম্পন্ন হইয়া চলিতে থাকে। আবার দেখুন এই মান্ন্যের হয়ত পূর্বপুরুষ গরিলা, শিম্পাঞ্জী ইত্যাদি জঙ্গলে থাকে, জংলী চরিত্রে চলাফেরা, আহরণ, অন্বেষণ ইত্যাদি কবে—তা'দের শারীরিক বল এত বেশী, তা'দের পূর্ণ কোন একটার সহিত সাধারণ কোন মান্ন্যেরই পারিয়া উঠা সন্দেহজনক।

"নানারকম শ্রমদাধ্য থেলা প্রবর্ত্তিত করাও মানন্দ ও স্বাস্থ্যবৃদ্ধির জন্ত বিশেষ প্রয়োজনীয়। থেলা জিনিষ একটা মান্ন্যের স্বাভাবিক recreation (আমোদপ্রমোদ)—যা'তে মান্ন্যকে ফ্রতির ভিতর দিয়া উত্তম ও কর্মপটুতায় উদ্দীপ করিয়া তোলে। নিজ নিজ বৈশিষ্ট্যে স্বীপুরুষ স্বাবই পক্ষে ব্যায়াম ও থেলাবুলা বিশেষ প্রয়োজন।

"এইবার জীবনীশক্তি ও আয়ু বৃদ্ধির জন্ম, অবশাপালনীয় কতিপয় প্রয়োজনীয় নিয়ম সম্বন্ধে নিমে উল্লেখ করা যাইতেছে। যথাঃ---

- ১। ইটে সহজ আপ্রাণতা, তচ্চিত্রপরায়ণতা ও কংপ্রতিষ্ঠ হ'য়ে তংস্বার্থপ্রায়ণতা।
- >। পারিপার্থিকের প্রতি সেবা, সম্বন্ধনা, সাহায্য ও সাহচর্ঘ্যপরায়ণ হ'ষে তা'দিগকে ইষ্টম্বার্থ ও ইষ্টপ্রতিষ্ঠায় প্রবৃদ্ধ ক'রে তোলা।
- ৩। নিয়মিত সন্ধ্যা, প্রার্থনা, রান্ধমূহর্তে শ্ব্যাত্যাগ এবং প্রথমে একক
 ভ্রমণ ও তংপন অর্দ্ধ হইতে এক ড্রাম থানকুনী পাতার রস একটু ত্ব ও
 ইক্ষুভ দিয়ে বা শুধু ইক্ষুভ দিয়ে খে'য়ে বেশী পরিমাণে জল খাওয়ার
 পর সন্ধিগণ সহ ভ্রমণে আরও স্থবিধা হ'তে পাবে। এতে একটু বেশী
 পরিমাণে প্রভ্রাব হ'যে শ্বীবেব toxin (বিষ)গুলি প্রায়ই বেরিয়ে যে'য়ে থাকে।
- ৪। বেশ সাদাসিদে, সহজ-পৃষ্টিকর, স্থপাচ্য আহার সাধারণতঃ দিনরাত্রে তুই বার।
- ৫। ক্ষাকে কথনও জব্দ না করা—regulated uncivilized
 (নিয়মিত অসভ্যন্তনাচিত) রকমে জীবন সম্ভব্যত ক্য প্রয়োজনের ভিতর
 দিয়ে চালান।
- ৬। বিরুদ্ধ ভাবের সংঘাতে temper (মেজাজ) lose (নই) না করা
 —অস্ততঃ unprofitably (জ-লাভজনক ভাবে) temper lose না করা।
- ৭। Unregulated (অনিয়ন্ত্রিত)ভাবে—যাতে নাকি শরীর ও মনের অবদাদ আদে এমনতর ভাবে জ্রী-সহবাদ না কর!—অন্ততঃ স্ত্রী কর্ত্তক solicited (অন্তক্ষ বা প্রাথিত) না হ'ন্নে sexually engaged (যৌন ব্যাপারে রত) না হওয়া।

- ৮। Life with Superior Beloved (ইইগত জীবন), life in seclusion (নি:সঙ্গ জীবন), life with immediate environment (পারিপার্থিক জীবন) i. e., life with family, and life for and with the public (পারিবারিক জীবন এবং সর্ক্সাধারণের জন্ম ও তাহাদের সহিত জীবন)—এ কষ্টা factor (কাধ্যকে) সম্ভব্মত বেশ ক'রে observe (লক্ষা) করা।
- ক্ব্যাধি-সংক্রমণের বিন্তার-প্রতিরোধী আচার-নিয়মকে প্রতিপালন
 ক'বে শুদ্ধ ও পরিকাব-পরিচ্ছন্ন থাকার অভ্যাসকে জীবনে সহজ ক'বে তোলা।
- ১০। শুধু ভাবপ্রবণ না হ'য়ে ভাব ও বোধগুলিকে করা ও বলার ভিতর দিয়ে জীবনবৃদ্ধির অমুকূল ক'রে বাস্তবে পরিণত করা।
- ১১। শরীর ও সময়ের উপযুক্ততা হিসাবে মাঝে মাঝে নামমাত্র আহার বা বিধিপুর্বক উপবাদ প্রভৃতি করা।"

শিক্ষা

"শিক্ষাই হ'চ্ছে তা-ই যা' নাকি মাত্র্যকে বাঁচা ও বৃদ্ধি পাওয়ায় উন্নীত করে অর্থাং বাঁচিয়ে উন্নত প্রগতির পথে আবো হইতে আরোতর ভাবে চালায়—আন এই হ'চ্ছে শিক্ষাব সার্থকতা। এ কিন্তু করা ও কায়দার ভিতর দিয়ে, চিন্তার ঐশ্বংয় ঐশ্বয়বান্ হ'য়ে করাকে আরো ক্ষুটতর ক'রে—থাকা এবং চলায় প্যাবসিত করা। না হ'লে শিক্ষা জীবনকে কি দিতে পারে, ভা'তে হ'বেই বা কি?

"শিক্ষার প্রথম ও প্রধান উপকরণই হ'চ্ছে আদর্শে প্রণত হওয়। অর্থাং প্রকৃষ্টভাবে নত হওয়া। স্থদয়ে এমনতর একটা টানের উদ্বোধন করা আদর্শকে মে'নে নিতে, তাঁ'র পছলদই হ'য়ে চল্ডে, যা'তে সহজভাবে সর্বান্তঃকরণে ভাল লাগে। এতে যিনি শিক্ষক তিনি যদি প্রকৃত আদর্শবান্ হন, আর ছাত্রের ভিতর তাঁ'র সংসর্গে ঐ রকম ভাবের উদ্বোধন হয়—তা'হলে ছাত্রের শিক্ষা এমনতর সহজ ও অটুটভাবে নিয়ন্তিত হয় যা'তে সে বৃক্তেই পারে না শিক্ষা জীবনের পক্ষে কতথানি শ্রমসাধ্য। শ্রমগুলি তা'র আরামের কস্বং ব'লেই মনে হয়। মনে রাধার জন্ত শ্বতির অন্তশীলনই কর্তে হয় না। তা'র মন এমনই হ'য়ে ওঠে,—মনে রাধা তা'র সহজ ও স্বভাবসিদ্ধ, কারণ শ্বতি সেপানেই উৎকৃল্ল হ'য়ে উঠে—পছন্দ বা ভাল-লাগা স্বেপানে মুথর ও প্রক্ষাটিত।

"তারপর এই এমনতর আদর্শ শিক্ষক—তিনি বদি জীবন ও তা' যাপনের নিয়মগুলিকে বাস্তবতায় ছাত্রের সমূধে ধরিয়া ছাত্রকে তাহাতে আরুষ্ট করতঃ ক্রমোন্নত প্রগতির পথে চলিয়া—চালাইতে থাকেন, তা' হ'লেই ছাত্রের জীবন করায়, থাকা ও চলার সমৃদ্ধিতে তা'র অজ্ঞাতসারে জানায় সমৃদ্ধ না হ'য়েই পার্বে না; আর এই চলার জানায় ছাত্র যে কত পাহাড় পর্বত উল্লেখন ক'রে, কত যে সমৃদ্র মন্থন ক'রে মহান্ ও প্রকৃত জ্ঞানের অধীশর হ'য়ে উঠ্বে তা' সে জ্বে'নেও জান্বে না। জীবনে তা'র শিক্ষার গল্পগুলি প্রণয়-কথার মতন ব'লে মনে হ'বে—আর সে মান্থবের কাছে বল্বেও তা-ই। তা'তে জাবার প্রণয়-কথা মান্থবের ভিতর যেমনতর ক'রে চারিয়ে যায় শিক্ষাও প্রতি জীবনে তেমনতর ভাবে চারিয়ে যা'বে।

"তা-হ'লেই হ'ছে শিক্ষা ক্রতগতিতে চালানোর উপকরণেব ভিতর শিক্ষকই প্রথম ও প্রধান। আর আমরা এখনই আমাদের ঘা' যা' জীবনের প্রয়োজন, জীবন-যাপন করতে গেলে, উন্নত প্রগতিতে চলতে গেলে যেগুলি করণীয় কার্যাতঃ সেগুলি আরম্ভ করতে পারি। আব এই কায্যতঃ করার ভিতর দিয়ে আমাদের চিম্ভা-সম্পদকে উদুদ্ধ ক'রে আরোর পথে চলাকে সংগ্ৰ-সম্পন্ন ক'রে তুল্তে পারি। আর আদশবান্ শিক্ষক বলতে এই বুঝি—যা'ব শিক্ষাগুলি তা'ব কোন বিশেষ আদর্শকে দার্থক করার আকুতি নিষে উদ্ধ ও সার্থক হ'য়েছে। আমরা আক্রকাল পেটের দাযে শিক্ষকতা করি, আর তাই গাওয়া দিন দিন আমাদের সন্মুখ থেকে দুরে স'রে দাড়াচ্ছে-করাটা শিথিল হ'য়ে পড়েছে। এত ভড়ং, তবু সব ফকা! শিক্ষকের শিক্ষকভায় প্রাণ উপ্চে' একটা আকুল প্রিযকম্পনে উন্নত প্রগতি-পরায়ণ করায় জানাকে উদ্বন্ধ ক'বে ছাত্রের প্রাণে জীবনকে উগ্রে দেয় না .—তাই শিক্ষকের প্রাণ কোন ছাত্রকে প্রাণবান ক'রে করা ও জানার ভিতর দিয়ে সেবা ও সাহচয়ে তা'র পারিপাশ্বিক জীবনে প্রাণবান ক'রে তোলে না,--দে পারিপার্শিকের জীবন ও বৃদ্ধির স্বার্থও হ'য়ে উঠে না। नाना कांग्रनाग्र त्म भाविभार्थित्कत कोयन त्थर्तक कोयतनत नाना छेभकतन অপহরণ ক'রে নিজেকে সমুদ্ধ করতে চায়, আর পারিপার্ষিকও তাই আপ্রাণ তা'কে নানা রকমে চুরি ক'রে প্রত্যেক নিজ জীবনকে যাপনক্ষম ক'রে রাখ্তে ব্যস্ত হ'য়ে ওঠে;—তাই সমাজে এত অক্বতজ্ঞতা, এত কণট সাহাযালিঞ্গুতা, হিংসা, পরশীকাতরতা ফেনিয়ে নানারকমে নানা कांग्रमात्र नानान् डांटि कृ'ल छेन्ट छेर्ट ।

"তবেই আমরা এখনই শিক্ষাকে জীবন-যাপনের অমুকৃল ক'রে কার্য্যকরী বাস্তবভার ভিতর দিয়ে চল্তে স্থক কর্তে পারি; আর বাঁ'রা এমন শিক্ষক আছেন তাঁ'রা অস্ততঃ একটা আদর্শপরায়ণতার বাস্তব প্রচেষ্টা নিয়ে যতটুকু সম্ভব কার্য্যকরী ক'রে সেটুকুও ভাব, ভঙ্গী ও ভালবাসার সহিত ছাত্রের ভিতর চারিয়ে দিতে পারেন। তা'হ'লেও অস্কতঃ প্রকৃত আদর্শ শিক্ষকতার এতটুকুও স্বন্তিবচন হয়।

"আর দীকা ছাড়া শিকা সম্ভব হয় না। দীকা মানেই হ'ছে উপদেশ অর্থাং বে উপদেশ এমন করার জ্ঞান দান করে যা'তে নাকি মামুবকে পাপ (অর্থাং বাঁচা ও রৃদ্ধি পাওয়া হইতে পাতিত করে যা' তা') হ'তে মুক্ত ক'রে জীবন ও বৃদ্ধিকে উদ্দীপ্ত ক'রে তোলে, আর তা' করায় প্রবৃত্ত করিয়ে দেয়। আর শিক্ষা মানে আমি এই বৃঝি, অভ্যাস দারা সেই উপদিষ্ট বিষয়গুলি আয়ন্ত করিয়া জানার উদ্দীপ্তিকে চরিত্রে প্রতিফলিত করিয়া প্রকৃত জীবন লাভ করা। তা'হ'লেই দীক্ষা না হইলে শিক্ষা কিরপে সম্ভব হ'বে ? যেখানে যা'ই শিখ্তে যা'ব আমরা—তা' এমনতর ক'রেই। কিন্তু এই শিক্ষকের প্রতি যতই আমরা অমুরক্ত হ'তে পার্বো, জানা আমাদের ততই বেমালুমভাবে চরিত্রে প্রকৃত হ'য়ে উঠ্বে। তাই এখনও দীক্ষাও আছে, শিক্ষাও আছে; নাই একান্ত অমুরক্তি—শিক্ষক বা আদর্শপ্রাণতা—তাই শিক্ষা ব্যভিচারিণী নারীর মত জীবনকে কোনপ্রকারেই সার্থক করিয়া তোলে না। শিক্ষাগুলি অজ্ঞানা বেকুবের মত জানার কলরবে নেহাং ব্যর্থ স্পদ্ধায় গণ্ডগোল সৃষ্টি ক'রে হাউমাউ ক'রে বে'ড়াছে।

"প্রশ্ন হ'তে পারে আমাদের বিশ্ববিভালয়ে তো বহু বহু প্রফেসারের কাছে পড়তে হয়, প্রত্যেকের প্রতি একান্ত অমুরক্তি সম্ভবই বা কেমন ক'রে—আর তাহাতে তো বহুতে অম্বরক্তিই হয়! মনে করুন, আমাদের এই কলিকাতা বিশ্ববিভালয়—দেই মহামাত্ত আশুবাবুর আমলের: মনে कक्रन जिनि कनिकाजा विश्वविद्यानस्यत्र श्वाठाश्च, श्वापन वा अवि ছिल्नन ; তাঁকে যদি আমরা বল্তাম ভগবান আশুতোষ মুখোপাধ্যায়। তিনি বিশ্ববিত্যালয়ের যতগুলি শিক্ষার শাখাকেন্দ্র ছিল প্রত্যেকটীরই সম্পাদক ছিলেন। শিক্ষাকে কি ক'রে নিয়ন্ত্রিত করতে হ'বে—সমস্ত শিক্ষককেই হাতে-কলমে উপদেশ দিয়ে ব্যবস্থা ক'বে দিতেন। আর সবাই—কি শিক্ষক, কি ছাত্র—তা'তে এই ভাব, ভালবাসা ও বাবস্থার দরুণ আরুট হ'য়ে থাক্ত। ছাত্রেরা ভাব্ত, তা'রা শিক্ষায় বিশেষভাবে পারদর্শী হ'লে তিনি কত উৎফুল্ল হ'বেন। শিক্ষকেরা ভাব্তেন, ছেলেরা বিশেষভাবে পারদর্শী হ'লে তিনি শিক্ষকদের ছাত্রদিগকে নিয়ে' কতই হয়ত আমোদে আটখানা হু'য়ে পড়বেন। এই প্রলোভনই শিক্ষক ও ছাত্রদের বেন একটা প্রধান প্রেরণা হ'য়ে উঠেছিল। তিনি হাতে-কলমে প্রত্যেক ছাত্র ও শিক্ষকের সেবায় সবারই স্বার্থকেন্দ্র হ'য়ে দাঁড়িয়েছিলেন। তাই ছাত্র, শিক্ষক, বিশ্ববিভালয়ের ষা'কিছু সেই ভগবান আশুতোবে দার্থক হ'তে উদ্গ্রীব হ'য়ে থাক্তো। তাঁ'র পোষণ ও তৃষ্টির দিকে স্বারই যেন একটা স্বাভাবিক ঝোঁক ছিল।
তাঁ'র তৃপ্তি ও তৃষ্টিতে স্ব-শুদ্ধ তৃপ্ত ও তৃষ্ট হ'য়ে একটা আনন্দের অভিনদ্দনমুখ্য আলোড়ন প'ড়ে যে'ত। মনে করুন, তিনি যা' করে' গে'ছেন—
ঐটী যদি স্বাভাবিক হ'য়ে সহজ্ব উন্ধৃতির উদ্দীপনায়, অহুবক্তির চেতনআবেশে শতগুণ সম্বেগে প্রস্ফৃতিত হ'য়ে চল্ত— যেমন চ'লেছিল ব্যাস,
বশিষ্ঠ, ষাজ্ঞবন্ধ্যকে নিয়ে—তবে কি দাড়াত, কল্পনায় ভে'বে দেখ্লেই একটু
একটু কেমন লাগে বোধ কর্তেও পারেন।

"আজকাল শিক্ষায় আমাদের আদর্শ একেবারেই নাই। অথচ শিক্ষার প্রথম উপকরণই হ'চ্ছে আদর্শ। আদর্শে আছে অফুড়ভি; আর শ্রদ্ধা, দল, প্রশ্ন, দেবা, ব্যবহার ও উপাদনা দারা আদর্শ হইতে তাহার অফুড়ভির প্রকাশ লইয়া,—তাহা অফুভব করিয়া চরিত্রে তাহা প্রতিফলিত করাই হ'চ্ছে দম্যক্ শিক্ষা! আবার ইবা, আক্রোশ বা হীনভাব হইতে উদ্দীপ্ত যে শিক্ষা তাহা জীবন ও চরিত্রকে অল্পই স্পর্শ করিতে পারে—যদিও অবিশ্বস্ত ও অবাধ্য সংগৃহীত ঐশ্বর্য্যে অধিরুত্ব হইতে পারে; কিন্তু ইষ্ট, আদর্শ বা প্রেমাম্পদে ভক্তি ও প্রেমের উচ্ছলতা ও প্রয়োজন হইতে যে শিক্ষা আবস্ত হয় তাহা বস্ততঃ জীবন ও চরিত্রকে আক্রমণ করিয়া বংশামুক্রমিকতাকেই রঞ্জিত করে। আর তাই আদর্শবিহীন শিক্ষা আমাদের কর্মণক্তি বাড়িয়ে না দিয়ে আমাদের পঙ্গু ক'রে তোলে।

"ছাত্রদের ভিতর যে কোন আদর্শ সঞ্চারিত হ'চ্ছে না—এ'তে বোঝা যায় শিক্ষকেরা আদর্শে পাক্তি। শিক্ষকের প্রথম এবং প্রধানতম কর্ত্তব্যই হ'ল—আদর্শকে গরিমাম্য করিয়া, বিশদ করিয়া, দক্ষেহে ছাত্রের সম্মুথে ধরা। তা'দের ক্লাসে যা'বার আগেই নিজেদের মনোভাব এমনি ক'রে যে'তে হ'বে যা'তে ঐ ভাব আসে। আব, তজ্জ্যু শিক্ষকদের হওয়া চাই কর্মময়ভাবে এককেন্দ্রীভূত (actively unit-centric)—কোন মূর্ত্ত আদর্শে নিরলসভাবে অন্তরক্ত থাকা। এমন কর্লে তা'দের সর্বদাই ছাত্রবং মনোভাব থাক্বে। তা'দের আদর্শ ছাত্রদের ভিতর সঞ্চারিত কর্তে হ'লে দেশের প্রত্যেক শিক্ষককে মুখ্যভাবে প্রধানতঃ হ'তে হ'বে এমন ধারা ছাত্র;—আর এই ছাত্রবং সম্প্রভাব তা'দের ভিতর যতথানি থাক্বে জাগ্রভ কৃতকার্য্যতার সহিত সঞ্চারিত কর্তে পার্বেন ছাত্রদের ভিতর তা'দের আদুর্শকে।

ি "মাহুষের জীবনে যদি দায়িত্বপূর্ণ কিছু থাকে তবে তা' শিক্ষকতা। শিক্ষকের চরিত্র ছাত্রদের শ্রদ্ধার ভিতর দিয়া অজ্ঞাতসারে তাহাকে এমনতরভাবে আক্রমণ করে যাহা তাহার পর-জীবনকে অবশভাবে চালাইয়া লইয়া বেড়ায়; শিক্ষক যদি আদর্শে উন্মুখ না থাকে, তাহার চরিত্র যদি আদর্শের ভাবে অফুলিপ্ত থাকিয়া কন্মমুখর না হয়, তাহার চরিত্র যদি ছাত্রের চাহিদার দরজাকে উন্মোচন করিয়া, প্রাণকে স্পর্শ করিয়া উন্নতিতে অবাধ না করিয়া ভোলে, সে শিক্ষকতা যে অধর্মের পরমাশ্রয় ডাহাতে বিন্দুমাত্র সন্দেহ নাই।

"তারপর শিক্ষাটা হ'বে কার্যকরী ও শিল্পপ্রধান। মামুষ 'আটই' পড়ুক আর বিজ্ঞানই পড়ুক—'আটের' সাথে এমনতর কার্যকরী কিছু অবশ্যকরণীয় থাকা উচিত যা'তে ছেলেরা তা' থাটিয়ে বিভালয় থেকে বেরিয়েই তথনই তা'র উপর দাঁ'ড়াতে পারে; আর বিজ্ঞান—পদার্থ ও রসায়নবিভা ইত্যাদি বিষয়কে শ্রেণীবদ্ধ ক'রে এমনতর কার্যকরী শ্রমশিল্প-বিভাগসমূহে ভাগ কর্তে হয় যা'তে নাকি তত্ত্বসম্বনীয় বক্তৃতাব সহিত হাতে-কলমে কান্ধ করিয়া তা'রা অধ্যয়ন-ব্যাপাব শেষ কর্তে পারে। তা' হ'লেই তা'র ফলে তা'রা এমনতব কাগুজ্ঞান নিয়ে বে'করে যা'তে বাইরে এসে 'চাকব কিন্বে কে, চাকব কিন্বে কে'—ব'লে চেঁচিয়ে 'ইতো ভাইগুতোনইঃ' হ'য়ে সর্কানশের ক্রোডে ঢ'লে না পড়ে। যদি সভাই শিক্ষিত হইতে চাও হাতে-কলমে করাকে অবলম্বন কর, আর এই করার উপর দাড়াইয়া উপপত্তির অমুধাবন করিও,—দেখিও জ্ঞানী বেকুব হইতে হইবে না।

"আর অবশ্য এটা বলাই বাহুল্য—আয্যদের আদিম সহজ শিক্ষা— গা'র উপর দাঁড়িয়ে তাঁ'রা নিজেদের খাত্মের সংস্থান করতেন, সে ক্লিকার্যটা রাথা চাই বরাবর—তা'র যত রকম উৎকর্ষ হ'তে পারে হাতে-কলমে—যদি আর-কিছু নাই পায় তবে যেন অস্ততঃ মাটা নে'ডেও চারটা খে'তে পারে।

"পুরুষ যেমন শিক্ষিত হ'বে মেয়েরাও সেইরপ শিক্ষিত হ'বে— তবে ধাতের (temperament-এর) পার্থক্য থাকিবে। তু'জনেরই শিক্ষা যত বেশী হয় তত মঙ্গল,—মেয়েদের বৈশিষ্ট্য বজাগ রাখিনা তাহাদিগকে উন্নত করিতে যাহা যতটুকু প্রয়োজন তাহাই করণীয়। প্রয়োজন হইলে তাহারা সমস্তই করিতে পারে—আমাদেব দেশে পূর্বেল আনক মেথেই লড়াই জানিত। তা' বলিয়া তাহাদের বৈশিষ্ট্য লড়াই করা নয়, বা গোয়েন্দাগিরি করা নয়। অন্তিয়কে উন্নত করিতে, সমৃদ্ধ করিতে হইলে যাহা যাহা প্রয়োজন তাহাই তাহাদের করণীয় বলিয়া মনে হয়। নারীয় এবং পুরুষের প্রভেদ হ'ল এই য়ে, নারী সম্বন্ধিত ক'রে স্থা, পুরুষ রন্ধিপ্রাপ্ত হ'য়ে স্থা; পুরুষের ধর্ম হ'চ্ছে আহরণ ক'রে পূরণ করা, আর নারীয় ধর্ম হ'ল পুরুষ যাহাডে সম্বন্ধিত হয় তাই করা আর পুরুষের সংবর্ধন দে'থে সার্থক হওয়া। মেয়েদের তুই, পুই, সম্বন্ধিত ক'রেই আয়প্রপ্রাদ—আর ছেলেদের অভাব

পূর্ণ ক'রেই তৃপ্তি। পুরুষের কর্মে বিস্তার বেশী, আর নারীর গভীরত্ব বেশী। নারীর কর্মের প্রদার বেশী আদিতে পারে না, তা'রা ছনিয়াটাকে উপভোগ করে পুরুষের মধ্য দিয়া—তাই অস্তরতর আর তীব্রভাবে কেন্দ্রীভূত তা'দের কর্মক্ষমতা। নারীর অস্তনিহিত বোঁক মাতৃত্বে, তাই মেয়েদের শিক্ষাও এই সংবর্জন করার জ্ঞা,—এই মূল স্থ্রের উপর দাঁড়িয়ে নারীর বেমন বেমন করা উচিত তাহাই নারীর করণীয়, আর তা' হ'লেই দেখা যায় পুরুষকে সংবর্জিত করার জ্ঞা—তা'কে উন্নত ও সম্যক্রপে ভূষিত করার জ্ঞা নারীরও স্ব-কিছ শেখা প্রয়োজন।

"মেয়েদের বৈশিষ্টো আছে—নিষ্ঠা, ধর্ম, শুশ্রুষা, সেবা, সাহাষ্য, সংরক্ষণ, প্রেরণা ও প্রজনন। নারীকে শিক্ষিতা করিতে হইলে শিক্ষার ধারা এমনতরই হওয়া প্রয়োজন—যাহাতে তাহারা বৈশিষ্ট্যে বর্জনশীল, উন্নতিপ্রবণ ও অব্যাহত হয়;—তবেই সে শিক্ষা জীবন ও সমাজকে ধারণ, রক্ষণ ও উন্নয়নে সার্থক করিতে পারে—কারণ বৈশিষ্ট্যকে উন্নজ্যন করিয়া শিক্ষার অবতাবণা করা, আর জীবনকে নপুংসক করিয়া দেওয়া একই কথা।

"বৈশিষ্টাকে বজায় রাপিয়া মেয়েদের শিক্ষা যতদ্রই কেন অগ্রসর না হোক্—তা'র ভিত্তিতে যেন ধর্ম কাহাকে বলে, আদর্শ কি, শ্রেষ্ঠ কাহাকে বলে, শ্রেষ্ঠকে কি করিয়া চিনিতে হয়, শ্রেষ্ঠকে কেমন করিয়া বরণ করিতে হয়, সতীত্ব কাহাকে বলে, সতীত্ব মায়্রস্বকে কেমন করিয়া তোলে, সেবা কি, শ্রুদ্ধাভক্তি কাহাকে বলে, কি করিয়া সম্বর্জনা করিতে হয়, কিসে স্লস্কান লাভ হয়, পারিবাবিক শাস্তিরকা করিয়া কি-করিয়া উরতিকে ডাকিয়া আনা চলে, পতিত্বকে কি-করিয়া চিনিতে পারা য়য়, সস্তানকে কি-করিয়া পালন করিতে হয়, কি-করিয়াই বা শিক্ষা দিলে তাহার ভবিয়াৎ জীবন উজ্জ্বলতব হইয়া দাড়াইবে, সঞ্চয়ের নিয়ম কি, অত্যের কট্রের সৃষ্টি না করিয়া কি-করিয়া তাহার উরতি করা য়ায়—ইত্যাদি বিশেষ করিয়া অভিনিবেশ-সহকারে চরিত্রগত করিবার ব্যবস্থা থাকে।

"শিশুশিক্ষা সম্বন্ধে বলা যাইতে পারে যে, শিশু তা'র পারিপার্দ্রিকের বোধগুলি বহন করে চোথ দিয়ে। তাই দেখা যায় শিশু মাথা ঘুরিয়ে এদিক ওদিক চায়, হাসে, কাঁদে। চোখই প্রথমে তা'র ভিতরে পারিপাশ্বিককে নিয়ে যায় অন্নভবের সহিত; আর মস্তিক ছাপ নেয়, সক্রিয় হয়, সম্বন্ধিত হন্ধ চোখ দিয়ে প্রথমে, তারপর খোলে তা'র কাণ, তারপর অন্ত সব। তা'হলে শিশুকে ভালভাবে পালন কর্তে হ'লে প্রথমেই চাই পিতামাতা এবং পরিবারের এমনতর চাল-চলন যা'তে সেই ছাপগুলি উত্তর জীবনে তা'কে উদ্বন্ধনের দিকে নিয়ে যায়; আর ওখানে গ্লদ হ'লেই—বিশেষতঃ

মাতাপিতা ভাইবোনের ভিতর—তা' উন্মৃলিত করা বড়ই কঠিনসাধ্য,—
তা' তা'র জীবনকে অসংযত, বিক্বত, অবনতিপ্রবণ ক'রে তুল্বেই।
হিন্দুশাস্ত্রে তাই দৈনন্দিন আচাব-ব্যবহার হ'তে বছবিধ সংস্কারের বিধি
দেওয়া আছে,—আর ওগুলিকে সংস্কার ব'লেই অভিহিত করা
হ'য়েছে। আসল কথাই হ'চ্ছে পিতামাতার ভিতর অন্তরাগ। স্ত্রী পুরুষকে
বেমনতর ভাবে সংবর্জন করিয়া আমন্ত্রণ করে সস্তানের জন্মগত ঝোঁক
এবং প্রবৃত্তিও তেমনতর হয়। তা' হ'লে ধব্তে গেলে ধাতু, চরিত্র আর
শিক্ষা নির্ভর ক'চ্ছে মাতাপিতার উপর—মুধ্য এবং গৌণভাবে। আর
সংস্কার মানে সেই সংস্কার বা সম্যক্ করা যা' আমাদের উষ্পরনের ও উন্নয়নের
দিকে নিয়ে যায়।

"স্ততরাং বিশেষ কবিষা মাই শিশুর শিক্ষার ভিত্তি। ছেলেমেয়েদের বোধের পাল্লা মায়ের যদি নথদর্পণে না থাকে-কি দে পছন্দ করে, কেমন কথায় ভয় করে, আঁংকে ওঠে কেমন করিয়া, কেমন করিয়া তা'র ভিতর সন্দেহ বা বিশ্বাস সৃষ্টি করিতে পারা যায় ইত্যাদি প্রয়োজনমত প্রয়োগ করাই হইয়া ওঠে না :--আর বোধের মাপকাঠি হাতে থাকিলে অতি সহজেই এই সমত্ত সম্ভব হটয়া শিশু বা ছেলেকে ভবিশ্বং বিপদের হাত হইতে অনেক সহজেই রক্ষা কবা যায়। তাই বলি,--নারী ! তুমি ভূলিও না--मास्ट्रायत-माधात्रनजः एक्टलरम्परम्रापत-निका मारम्पत्र त्वांध, वाका, ठलन, চরিত্র ও দক্ষতা হইতেই পাইয়া থাকে: তোমাদের এইগুলি ঘতই পুষ্ট ও পটু হইবে, মান্নবের—অন্ততঃ ছেলেমেয়েদেব—শিক্ষার ভিত্তি ততই नित्तर इहेर्द : हिमाव कविया हिन्छ--- भक्तारा भागारिक इहेरव ना। ছেলেমেয়েদের সম্মুধে এমনতর কিছুই ধরিও না--যাহা বদ্ধিত হইয়া তাহার পরবর্ত্তী জীবনে জাহান্নমের জয়গান করে। সম্ভানেব দক্ষণে এমন কিছু করিও না যাহাতে তাহার ভক্তি বা তোমার প্রতি টানের কোনরূপ অপলাপ ঘটে:—টানের অপলাপে তোমাবও কট তাহারও সমূহ বিপদ; তাই তাহার ধাতু, চরিত্র ও অবস্থা যেন তোমাতে স্ব-সময় জাগরক থাকে। কোন শিক্ষা দিতে হইলে—বেশ করিয়া বুঝিয়া, প্রয়োজন ও অবস্থাতে নক্ষর রাথিয়া, ভাব ও ভাবের গতির প্রতিক্রিয়ার সময়ে যদি বোধ ও মীমাংসাকে আনিয়া দিতে পাবে---আদর ও সহাত্মভৃতি লইয়া—দেখিবে শিক্ষা তাহার সহজেই চরিত্রকে ম্পর্শ করিয়াছে। ছেলেদের, মেয়েদের এবং শিশুদের শিক্ষা সম্বন্ধে ইহাই আমার চুম্বক কথা।"

সমাজ

বিবাহ-সংস্কার:---

"বিবাহ করাটা মাস্থবের একটা normal hankering (স্বাভাবিক আকাজ্ঞা)—তা'দের একটা inner instinct-ই (ভিতরের প্রবৃত্তিই) যেন তা'রা বহু individual-এ (ব্যক্তিতে) পরিণত হ'তে চায়—আর এই hankering (আকাজ্ঞা) থেকেই হ'যেছে স্থীপুরুষের মিলন-প্রবণতা। তাই এই মিলন-প্রবণতাকে এমনতর ভাবে manage (নিয়ম্মিত) কর্তে হ'বে ষা'তে superior (শ্রেষ্ঠ), efficient (স্থদক্ষ), individual embodiment-এব (ব্যক্তি প্রতীকের) আবির্তাবটা এক রকম normal (স্বাভাবিক) হ'যে উঠে। তাই বিবাহ-সংস্কার যদি বিধিমত না হয়, তা' হ'লে এ কিছুতেই হ'তে পারে না।

"আবার এই মিলনে যদি উভয়ে উভয়ের cherishing and nourishing (তৃপ্তিকর ও পৃষ্টিদায়ক) হ'ষে উন্নতিকে excite (উত্তেজিত) না করে, তা'হ'লে being-এর (সন্তার) longevity affected (আয় বিপদগ্রস্ত) হ'য়ে একটা ভীষণ deterioration-এ (অবনতিতে) নিয়ে যায় । তবেই বিবাহ ক'রতে হ'লেই বিধিমত তা'কে apply (বাবহার) ক'বৃতেই হবে—যদি বাঁচা ও বৃদ্ধি পাওয়া আমাদের normal (স্বাভাবিক) কামাই হয়,—তা' নয় কি ? তবে যা'দের এমনত্রর অবস্থা হ'য়েছে বিয়ে না-ক'রেই তা'দের উন্নতি অবাধ হ'তে পারে, কিংবা বিয়ে ক'রলে যা'দের অধোগতি অনিবায়—তা'দেব এ ব্যাপার হ'তে দুরে থাকাই যুক্তিযুক্ত।

"আবার মহাপুরুষেরা এমনতব কোন কথা বলেন নি যে, বিয়ে ক'রে গার্হস্থা আশ্রমে চুক্লে ধর্ম করা অর্থাথ বাঁচা ও বৃদ্ধি পাওয়া হ'বে না,—
বরং গার্হস্থা আশ্রমে চু'কে যা'তে মানুষ ঐ ধন্মকে অটুট বে'থে অনায়াদে
চল্তে পারে তা'র কথাই বেশী বলেছেন—তা'দের সন্মানও বেশী দিয়েছেন;
আর বাস্তবিক হয়ও তাই। এমন খুব কম ঋষিব কথাই বোধ হয় জানা য়য়
য়া'বা গার্হস্থাশ্রমী ন'ন, ববং অনেকেরই বহু পুত্র-কলত্রাদিই ছিল,—তা' হ'লে
তা'রা অমন কথা কি ক'রে বলেন ?

"মান্থবের ঐ normal hankering-টাকে (স্বাভাবিক কামনাকে) জয় কুরা বর্ম বটে, সে বিষয়ে কোন সন্দেহ নাই,—কিন্তু জয় করা মানে extinct (নিশৃল) করা নয়। জয় করা মানেই হ'চ্ছে যা'কে আমি জয় করি সে আমার property (সম্পত্তি) হ'য়ে থাকে,—আমার ইচ্ছামত আমি তা'কে যা' ইচ্ছা কর্তে পারি। ষা'কে জয় ক'রেছি সে আমাকে তা'র মত চা'লাতে বা entice (প্রলুক্ক) কর্তে পারে না,—তাই এই কামকে ধে জয় কর্তে পারে নাই তা'র তো সর্বনাশ অনিবাধা। Environment (পারিপার্থিক) তা'কে তো শকুনের মতন ছি'ড়ে ছি'ড়ে টুক্রো টুক্রো ক'রে সব্বন্ধনাশে নিঃশেষ ক'রে দেবে সব্বই।

"তাই কাম যা'কে কামুক কর্তে পারে না, সে যে শ্বভাবতঃই মূজ,—
তাই ধর্ম তা'কে সহজেই ধ'রে রাখ্তে পারে। তাই যে পুরুষ কামুকতায়
inclined (প্রবৃত্ত) হ'য়ে বিবাহ কর্তে চায় সে বিবাহ-ব্যাপারে একদমই
অফুপ্যুক্ত। আর যতদিন তা'র এমনতর সম্বেগ আছে, ততদিন তা'র
ইহা করাও উচিত নয়। পুরুষ যা'তে বিয়ে-পাগলা হ'য়ে কামপরায়ণতায়
মেয়েদের দিকে অস্বাভাবিক ভাবে inclined (প্রবৃত্ত) না হ'য়ে পড়ে
সেদিকে দৃষ্টি রাখা উচিত।

"শাস্ত্রে আছে—মেয়েরা প্রাণী হ'য়ে, সদ্ভাবে সিক্ত ও সমুন্নত হ'য়ে স্বামীকে আরাধনা কর্ত,—আর সেই ভাবদ্বারা স্বামী যদি inclined (ইচ্ছুক) হ'তেন তবেই তা'রা শ্রেষ্ঠ সম্ভানের জনক-জননী হ'তেন। তাই সিদ্ধ বন্ধারীই বিবাহের উপযুক্ত পাত্র হ'তেন। কাম তা'দেব বিবাহকে উদুদ্ধ ক'রে তুল্ত না,—তাই হিন্দুর বিবাহ কামজ ছিল না,—আব তা' সাধাবণতঃ হওয়াও উচিত নয়। বিবাহের ঘটক ছিল নারীর শ্রদ্ধা, ভক্তি।

"সমাজে অধুনা-প্রচলিত বিবাহ-ব্যাপার্টা যত শীঘ্র rectifical (পরিশুদ্ধ) হ'বে, দেশের atmosphereও (আবহাওয়াও) তত শীঘ্র পরিক্ষত হ'তে থাক্বে,—becile personalityও (বীধ্যবান ব্যক্তিত্বও) ততই grow (জন্মগ্রহণ) কর্বে,—আর তা' দিয়ে তপন আদেশ, দশ ও দেশ দবগুলিই উন্নত হ'বে। আব এই বিবাহের জন্ম এখনই আমরা মেয়েদের consent (মত) নিয়ে তা'দের সম্বন্ধ সংঘটন কর্তে পাবি; আর মেয়েবা যদি তা'দের বর অমনতর consent (মত) দিয়ে accept (গ্রহণ) করে, তবে তা'দের conscience-ই (বিবেকই) whip (আঘাত) কর্বে তা'দের স্বামীকে বহন করতে with a cherishing and nourishing attitude (ভৃপ্যিদায়ক এবং পুষ্টিপ্রদভাবে),—তা'হ'লে নারীর বধু-আখ্যা অনেকটা fulfilled (সার্থক) হ'বে মনে হয়।

"আর যা'তে স্বামীর প্রতি শ্রদ্ধা ও ভক্তি নিবদ্ধ থাকে এমনতর difference of age and intellect (বয়স ও বৃদ্ধির পার্থক্য) যা'তে হয় তা'ও আমাদের কর্তে হ'বে। মহামুনি স্কাত ব'লেছেন—মেয়ে ও ছেলের ভিতর অন্ততঃ দশ হইতে বার বছর age-difference (বয়সের পার্থক্য) না হ'লে, সম্বান সর্কেন্দ্রিয় ত্র্কল লইয়া জন্মগ্রহণ করে,—আমারও মনে হয় তাই। আরো

শাস্থকারগণ নাবালিকা কন্তাকে ঋষি বা তত্ত্বা বরে ষেমন সম্প্রদানের কথা ব'লেছেন তেমনি puberty set up ক'রেছে (যৌবন আরম্ভ হইরাছে) এমনতর মেয়ে—পিতামাতা উপযুক্ত বরে দিতে না পারলে,—অপেক্ষাক'রে ক্ষেচ্ছায় বর নির্কাচন কর্বে একথাও ব'লেছেন। মেয়েরা তা'দের পচ্ছন্দমত বিয়ে করলে পছন্দেরও কত ভূল হ'তে পারে, কারণ আমাদের মেয়েরা শিক্ষাই পায় না! এও হ'তে পারে, কিন্তু তা'রা যে শিক্ষা পায় না তা'র ফলও আমরাই ভোগ করি! আর পছন্দ ক'রে যে ভূল হয় তা'র একটা পার আছে, কারণ সে বৃষ্তে পারে যে তা'রই স্বেচ্ছাকৃত এই ভূল—এই ভূলকে সংশোধন ক'রে নিতে হ'বে তা'রই অথবা বইতে হ'বে তা'কেই বিনা বিরক্তিতে—তা'ই সাধারণতঃ চেষ্টাও আসে তেমনতর। আর এপন যতথানি ভূল হ'চ্ছে consent (মত) নিয়ে কর্লে তা'র চাইতে কম ভূল হওয়াই স্বাভাবিক। তাই গড়ে সমাজও পা'বে স্বন্থের সংখ্যা বেশা।

"বিয়ে ঠিকমত হ'লে আমাদের জাতির সব-রক্ষের সংস্থার দেখতে দেখতে হ'য়ে যা'বে। আমরা কি দেখতে পাই ? সাধারণতঃ পুরুষ মেয়েদের কাছে admired (প্রশংসিত) হ'তে চায়, উদ্দীপ্ত হ'তে চায়, honourably (সম্মানিতভাবে) উদ্দীপ্ত দেখতে চায়—মেয়েদের কাছে গৌরবে অধিষ্ঠিত थाका भुक्रस्यत रयन এकটा जृश्वि। ह्यालामात्र এक हे तयम रु'लारे, स्रोतन म्लान कराति है तिथे भी था। यो वांशित भर्ग-भितिष्ठित होन-हनन मद दम्दन যা'চ্ছে-—অবশ্য মেয়েদেরও তেমনি। তা'র মূলে আছে unconsciously (অজ্ঞাতসাবে) উভয়ে উভয়ের নিকট admired and attracted (প্রশংসিত ও আরুট্ট) হ'তে চায়। তা'হ'লেই মেয়েদের চাহিদা যদি অমনতর উন্নত হয় তবে পুরুষের একটা normal inclination (স্বাভাবিক প্রবৃদ্ধি) হ'বে তা' fulfil (পূৰ্ণ) করা—এতেই যে একটা কি pushing thrash (প্রেরণা) দেবে towards up-heaval অর্থাৎ উন্নতির দিকে—তা' বলা ষায় না! আর এই পছন্দের ব্যাপারে এক বর্ণের মেয়ের অন্ত বর্ণের ছেলের প্রতি পছন্দের প্রশ্ন উঠিতে পারে, দে-ক্ষেত্রে অন্থলোম এবং প্রতিলোম বিবাহের লাভ-ক্ষতি সম্বন্ধে সতর্ক দৃষ্টি রাখা কর্ত্তব্য। মামুষের ভিতর যে instinct (স্বাভাবিক প্রবৃত্তি) থাকে সেগুলি quality-র (গুণের) বীজ-শ্বরূপ, আর temperament (শ্বভাব) হ'চ্ছে সেই বীজগুলি থাক্তে পারে এমনতর আধার এবং insulation—তাই instinctকে (স্বাভাবিক 'প্রাবৃত্তিকে) qualification-এ (গুণে) উদ্দীপ্ত করতে হ'লে temperament (স্বভাব) মাফিক nourishment-এর (পুষ্টির) দরকার। তা' না দিলে সে বান্ধণ, ক্ষত্রিয়, বৈশ্ব যে বর্ণেরই হউক তা' germinates করে না

(জন্মায় না), আব germinate করলেও (জন্মাইলেও) তা'র educated growth হয় না। তাই যে temperament-এ (স্বভাবে) যেমনতর nourishment (পুষ্টি) দরকার, উপযুক্তভাবে তা'র তেমনতর পরিচর্য্যা ও পরিবেশনের উপব তা'র উপযুক্ত growth (বৃদ্ধি) নির্ভর কবে—আর তা' করলেই আপনি দেগতে পাওয়া যা'বে কেমনতর কি হয়।

"কোন কিছুর আবাদ কম হ'য়েছে এমনতর জায়গায় দেখতে পাধ্যা যায় দেই soil-এর (মাটির) উপযোগী বীজগুলির একটা এমনতর virile growth (বলশালী জন্ম) হয়, কোন আবাদ বেশী হ'য়েছে এমনতর জায়গায উত্তম পরিপোষণেও তা' হয় না। সেইজ্ঞ আবাদ কম হ'যেছে এমনতর জায়গায় যদি সাধারণতঃ আবাদ হয়, এমনতর জায়গায় যদি উভ্তম বীজ উপ্ত করা গায় তা'ণ ক্ষল যে খব ভাল হয় তা'তে কাহারও সন্দেহ নাই। তাই উচ্চবর্ণের ছেলে যদি গ্রহণোপযুক্ত নিম্নবর্ণের মেযের সহিত মিলিত হয়, সাধারণতঃ ফল ঐ রকম উত্তমত হইয়া পাকে। ভাই ইহা ধর্মাদ ও শারাফুনোদিত, কিম প্রতিলোম ঠিক তা'ব উল্টো। প্রতিলোমে যেমন উচ্চ সহজ সংস্কারগুলি অপহত অনাদত হুইয়া নিমু সংস্কারে বাধ্য ও বি-নীত হয়,—তাই দে বেমন নিমকে আরও ত্রকল করিয়া মূর্ত্ত করে অবসন্ন করিয়া তা'র শিশুকে,—তা'র পিতা ও মাতাব সহজ ও প্রষ্ট সংস্কার গ্টতে—আর দেইজ্লুট সে অসম হইলেও পাপ ;—অ_পলোম তেম্নই পুরুষের উচ্চ সহজ সংস্থারগুলিকে আগ্রহে আনন্দে বিশ্বিত হইসা ধাবণ করে বলিয়া সে মুর্ত্ত করিতে পারে তা'র শিশুকে—আরোতর করিয়া—তা'র পিতা ও মাতার উচ্চ দহজ দংস্কারগুলিতে—তাই দে বিষম হইলেও পুণা ও পবিত্র। তাই আমি বলি, অমুলোম যেমন উন্নত প্রদুব করে প্রতিলোম তেমনি অবনতিকে বৃদ্ধি করে ;—তাই প্রতিলোম বিবাহ এমনতর পাপ যাহা নিজের বংশকে ধ্বংসে অবসান তো করেই, তাহা ছাডা পারিপার্থিক বা সমাজকেও ঘাড ধরিয়া বিধ্বন্তির দিকে চালিত করে। অন্সলোম জীবন ও বৃদ্ধিকে ক্রমোল্লয়নে অধিরুঢ় করে বলিয়া তাহা ধর্ম ও পুণাের প্রস্বিতা: আর প্রতিলোম সংসর্গ জাতির বংশারুক্রমিক অর্জ্জিত অভিজ্ঞতা ও ব্যক্তিত্বের অপঘাত ঘটাইয়া—হীনত্বে সংবদ্ধিত ও পরিচালিত করিয়া মূর্ত্ত করে বলিয়া—তাহা অধর্ম, হীনতা ও পাপেরই জননী।

"উচ্চবর্ণের প্রতি নিম্নবর্ণের একটা সহজ শ্রদ্ধা থাকেই। তা'ছাড়া, যদি মেয়েরা স্ব-মনোনীত কোন উচ্চবর্ণের পুরুষকে লাভ করে,—তা'হ'লে সে শ্রদ্ধার উৎকর্ম কতথানি active (কর্মাঠ) হ'য়ে ওঠে ভাবিলেই বোঝা যায়। জার উচ্চবর্ণের পুরুষ ও নিম্নবর্ণের স্ত্রী যদি হয়,—তা'হ'লে তা'দের

সম্ভতি স্বস্থ ও সবলদেহ এবং উচ্চবর্ণামুরূপ প্রকৃতিসম্পন্ন স্বভাবত:ই হ'য়ে থাকে। তাই স্থপ্রজ্বননের দিক দিয়া ইহা তুচ্ছ নয়। আর স্মাজের দিক দিয়া এই প্রকার বিবাহে প্রত্যেক বর্ণের ভিতর একটা অচ্চেন্ত জমাট ভাব বজায় থাকাই স্বাভাবিক। আর বিপ্র. ক্ষল্রিয়, বৈশ্য—এই তিন বৰ্ণ ই আৰ্যাক্সাতি,—difference of cultural heredity হিসাবে (ক্লষ্টগত বংশামুক্রমিকতার প্রভেদে) এই বিভাগ। অতএব জাতির দিক দিয়া বা species-এর দিক দিয়া কোন প্রকার বৈষম্য নাই। স্বতরাং স্থপ্রজননের উংকর্য এমনতব ভাবে বন্ধায় থাকাই স্বাভাবিক। আরো কথা, higher culture-এর (উচ্চতর কৃষ্টির) সাথে lesser culture-এর (নিম্নতর কৃষ্টির) মিলনে lesser (নিম্নতব) higher-এ (উচ্চতরে) পর্যাবসিত হয়: আর higher (উচ্চতর) আরও higher-এর (উচ্চতরেব) দিকে যায় --যদি higher-এর (উচ্চতরেন) সহিত lesser-এর (নিম্নতরের) মিলনের ভিত্তি regard ও admiration-এর (শ্রদ্ধা ও প্রশংসার) উপর দাডায়। যেমন, কোন শিক্ষক যদি কোন ছাত্রকে শিক্ষা দেন, তবে ছাত্রের উংকর্ষের সাথে সাথে শিক্ষকের জ্ঞানেরও উংকর্ষ আসে—ইহা অবশুস্ভাবী। আমার মনে হয়, তাই ঋষিগণ অন্তলোম অসবর্ণ বিবাহের এমনতর প্রশংসা করিয়াছেন। কোন কুক্ষণে কেমন করিয়া অনুলোম অসবণ বিবাহ ও আদর্শ শিক্ষা পীডিত বিধ্বস্ত হইয়াছিল, আর তথন থেকেই জাতি, সমাজ ও দেশ অধঃপাতের দিকে অবাধে ছুটিয়াছে।

"মাবার এই বিবাহ ব্যাপারে স্ত্রী-পুরুষের ধাতুগত বৈশিষ্ট্যর দিকেও লক্ষা করিবার আছে। ধাতু বা temperament হ'চ্ছে বৈধানিক বৈশিষ্ট্য (characteristics of the system), যা' নাকি অনেকথানি মাছ্মের বোধ, চিস্তা, চরিত্র ও চলনকে নিয়ন্ত্রিত করে; তাই পুরুষের বৈশিষ্ট্য জীবনকে উপ্ত করা—নারী সেথানে ধারণ করিয়া মূর্ত্ত করে ও বৃদ্ধিতে নিয়োগ করে, আর এটা সাধারণতঃ এককালীন একককে;—পুরুষ এই সময বহুতে উপ্ত করিতে পারে, তাই নারীর বৈশিষ্ট্য একগামিনী হওয়া, আর এটা তার স্বস্থ মনেব সম্পদ। পুরুষ কিন্তু স্বভাবতঃই বহুগমন-প্রবাতা লইয়া জীবনধারণ করে। তাই আমি বলি, 'হে নারী! তোমার স্থামী আদর্শে, চরিত্রে, জ্ঞানে ও সেবায় উচ্ছল থাকিয়াও যদি বহুভার্য্যাসম্পন্ন হন, আর তা' যদি ভোমার স্থামীর পক্ষে অমন্ধলপ্রদ না হয়,—তৃঃখিত হইও না, বরং ভালবাস, যতু লও;—দেখিবে তোমাতে তোমার স্থামী আরো তৃমি-প্রবল হইয়া উঠিয়াছেন,—চিন্তা করিও না!' পুরুষ যদি উপযুক্ত হয়, ইইনিষ্ঠায় অটুট ও আপ্রাণ থাকে—জীবনটা যা'র একটা incessant



পুরী সমুদ্রসৈকতে শ্রীশ্রীঠাকুর অন্তকূলচন্দ্র, জননীদেবী ও অনস্তনাথ (সপত্নীক মি: এ, সি, পাল দীক্ষা গ্রহণ করিতেছেন)

(নিবস্তর) বিজ্লী-রেখার মতন দীপ্তি দিতে দিতে ব'য়ে যায়, তা'দেরই বহু-বিবাহ একান্তই স্মীচীন---স্মীচীন কেন, নিতান্তই দ্বকার। আর যা'রা স্ত্রীতে inclined (আনত) হ'য়ে পড়ে, স্ত্রী-নিষ্ঠা যা'দের ভতের মতন घाएं हि'ए वरम-जा'रनत वर्-विवार ज' मृद्यत कथा, श्रास्त्र मृद्धारक ध যাওয়া উচিত নয়—তা'দের নিজের sexual satisfaction-এর (কাম-চরিতার্থের) জন্ম জাতিটাকে, বর্ণ ও জীবনগুলিকে জাহান্নামে দেওয়া উচিত নয়। পুরুষের স্থী-নিষ্ঠা একটা অসম্ভব ব্যাপার; ইই-নিষ্ঠাই হ'চ্ছে স্বাভাবিক कथा। श्रीरा थाकरव जानवामा, भमाजा हेजामि-श्री ह'रव जाहात महधर्मिणी। পুরুষের স্ত্রী-নিষ্ঠা যথনই হয়, জাতি ত' তথনই সাবাড হওয়া স্থুক করে-আর আজকাল ব্যাপাবও তাই হ'যেছে। স্ত্রী-নিষ্ঠা যদি হয় তবে তো বহু খ্রী হ'লে সর্বানাশের ব্যাপার—একটা বিরাট ঘনীভূত কিছুত কিমাকারে পর্যাধসিত হয়ই বা হ'বেই। সিনি আদর্শে অটুট, আদর্শ প্রতিষ্ঠায় শাপ্রাণ, নারী যা'ব ভাহারই ইশ্বন হওয়। ছাড়া আরু কিছতেই ডাহাকে নিজেতে অবনত করাইতে পাবে না, এমনতর পুরুষই বস্তুতঃ বহু স্ত্রী গ্রহণে সমর্থ :--নতুবা ইহা মাহার নাই বছ ত্রী গ্রহণে সে পিল্ল, তুকাল ও মৃ্ড় হইয়া পড়িবে তাহাই আশা করা যায়। ঐ অমনতর ইটনিষ্ঠ পুরুষের যদি বহু প্রী इय এবং উপযুক্তকপে বিধি-মাফিক यनि breed (সন্থান উৎপাদন) करन, তা'হ'লে সমাজ ও দেশ তেমনি মহান সস্থান-সম্বতিতে ভরপুর হ'য়ে উঠ্বে। ঋষিরা ইহাই চাহিয়াছিলেন,—তাই বিধিও সেইরূপই দিয়াছেন। উৎক্ট পুরুষকে বহু শ্বী বরণ করিলে দেই পুরুষেরই বহু উৎক্ট সম্ভতি জন্মিতে পারে এবং সমাজের ভিতব যাহারা নিক্নষ্ট আছে তাহারা याशास्त्र निकृष्टे উৎकृष्टे, ट्यानज्य अग्र श्वी जाशास्त्र (थांक क्रिट्र এवः বিবাহ করিবে;—তার ফলে আধ্যসমাজ-দেহই পুষ্টলাভ করিবে এবং যাহারা তেমন উৎক্লপ্ত নয় তাহারা উৎক্রপ্তের পুদ্দক হইয়া উৎকর্ষ লাভ করিবে ;—ইহাই বোধ হয় জীবের স্বাভাবিক উৎক্লপ্তে অভিমুগী হইবার সহজ ও সাধারণ উপায়।

"একগামিনী হওয়া নারীর বৈশিষ্ট্য হইলেও অবস্থাবিশেষে বিধবা-বিবাছও সমাজের পক্ষে একাস্থ বাজনীয়। শান্ত্রে এইজন্তে বিধবা-বিবাহের বিধি দেখিতে পাওয়া যায়। যদি কোন বিধবা নিঃসন্থান হয় আর বিবাহে ইচ্ছুক হয়, বুঝিতে হইবে সে ভাহার স্বামীকে গ্রহণ করে নাই—ভাহার বুভিগুলি কাহাতেও সার্থক হয় নাই—ভাই তা'র ঐ ক্ষ্ধা অভ্পত্ত। ভাহাকে এমনতর অবস্থায় উপযুক্ত পুরুষে গ্রন্ত করাই সমীচীন—নতুবা ভাহার দারা সমাজ কলঙ্কিত হইতে পারে। বিবাহ করিলে সে নিজে এবং সমাজ জুই-ই

অবনতির হাত হইতে পরিত্রাণ পাইতে পারে। আর মান্তবের যথন ঐ কৃষা প্রণব হয়—সে যথন কোন-কিছুতে দাঁড়াইতে না পারে, তা'র কাছে শত নিয়ম, শত সংকথা, শত বিভীষিকা নিক্ষল,—অতএব তাহাকে পরিণীত না করিয়া নিয়ন্ত্রিত করা এক রকম তুঃসাধ্য—তা'র বিবাহই বাঞ্চনীয়।"

প্রসঙ্গক্রমে আর্য্য বিবাহপদ্ধতির মহান সম্পদ ও স্থদৃত সমাজবন্ধন সঙ্গক্ষে শ্রীশ্রীঠাকুরের মারেন্টনাণ কিয়দংশ নিয়ে উদ্ধৃত করা গেল। যথা:—

"আমার মনে হয় আগাদ্বিজগণের অন্তুলোমী অন্তর-বর্ণের মিশ্রণে ধে যে সম্ভান উংপন্ন হয় তাহার। বাস্তবতায় পিতৃবর্ণেরই হ'যে থাকে--মাতৃবর্ণান্ত-পাতিক ঐ পিতবর্ণের ভিতরে gradation বা থাকের যা-কিছ difference (প্রভেদ) হয় মাত্র। আবার এদের ভিতৰ বিবাহাদি ব্যাপারও ঐ থাক-অমুপাতি অমুলোমক্রমেই হওয়া উচিত—আর এর ভিতর দিয়ে যে advent of hereditary instincts (বংশায়ক্তমিক বৈশিষ্ট্যের আবিভাব) through অফলোম Eugenics হয় সেগুলি জাতি ও কৃষ্টির একটা মহান সম্পদ স্বরূপ। কাবণ, ঐ মাতবর্ণের temperament-এর ভিতরে ঐ evolving, higher fulfilling instinctগুলি admiration-উত্তৰ enchanting urge-এর nurture-এ এমনতরভাবে গজিয়ে উঠতে খাকে, যা'তে জাতি ও ক্ষির evolution with all its phase, invention-এর আশীষ বহন করতে করতে গ্রিমামণ্ডিত পরিস্থিতির অমরণ সম্বন্ধির আধিপতা বাস্তববাহী ক'বে তোলে। আর এই প্রত্যেক পিতবর্গ বা প্রত্যেক পিত-থাকেব একটা elating affectionate urge স্বতঃই থাকার দক্র মাতবর্ণের প্রতি-প্রত্যেকের তা'দের প্রতি একটা ovational urge থাকাৰ normal ইষ্টাপত কৃষ্টিস্ত্ৰে সমগ্ৰ জাতিটা যেন নিজ নিজ বৈশিষ্ট্যকে অক্ষন্ন রে'থেও charming ovation-এর cohesive urge-এ একটা normal বিরাট ক্রমবিবর্দ্ধনী crystallisation-এ উপনীত इ'रा थारक—एनथल गर्न इस. यह गिल एम विदाि अवधानां नी अकिं। পুরুষ। এতে class-war তো স্থানই পায় না বরং class-worth এত বে'ডে যায় যার ফলে কেউ-হারা হ'লে স্বার অন্তিত্ব যেন কে'পেই ওঠে। প্রতি-প্রত্যেকেই যেন চায তা'র পরিশ্বিতির প্রতি-প্রত্যেককে নিয়ে আরো আরোতে বিস্তার লাভ ক'রে নিজেকে হরদম আবো ক'রে তুলতে। কারণ প্রতি-প্রত্যেকেই মনে কবে, তা'র পরিশ্বিতির প্রত্যেকেই যেন তা'র 🎙 নিজের পক্ষে বাঁচা-বাড়ার পরম সম্পদ—বিপদে আপদে রক্ষা পাওয়ার সহজ ও ছুর্ভেদা ছুর্গ, বৈশিষ্ট্যামপাতিক প্রত্যেকের উন্নতিই যেন প্রত্যেক নিজের উন্নত হ'বার পরম স্বার্থ। এটা তা'রা প্রতিনিয়ত বান্তব জীবনে দেখুতে থাকে, প্রতাক্ষ কর্তে থাকে—যা' আমরা আমাদের চক্তে এখন আর তেমনতর দেখার অভ্যন্ত নই—যদিও বান্তবিক আমাদের প্রতিপ! বিক থেকেই আমরা উন্নতভাবে বাঁচা-বাড়ার উপকরণ সংগ্রহ ক'বে থাকি আর নিজেদের বাহাত্রী ফলাতে গিয়ে অমানবদনে একটা ঢোক গিলেই একছের ঐ পরিস্থিতির অবদানগুলিকে,—nurture-কে অম্বীকার ক'রে ফেলি।

"মার্যাকৃষ্টি কিন্তু এখনও দাড়িয়ে আছে তা'র ঐ মৌলিক দর্শনের উপরেই।
ঐ দর্শনটা যা'দের কাছে যত কঠোর বাহুব হ'যে দাড়িয়েছিল, তাঁ'রাই
হ'যেছিলেন ব্রাহ্মণ। তাই তাঁ'রা ছিলেন কৃষ্টির জীবন্ত প্রতীক। আবার ঐ
তা'দেব instinctগুলি Eugenics-এর ভিতর দিয়ে যখন normal
characteristic হ'য়ে দাড়িয়েছিল, একটা 'ক্যাকে' পরিণত হ'য়েছিল, তাঁ'দের
সেই সন্থান-সন্ততিদিগকে বিপ্র বলা হ'ত—বিপ্র মানেই হ'ছে born with
perfect fulfilling instincts. আবার এই বিপ্র-ক্ষত্তিম্ব-বৈশ্যদের ভিতর
অন্থলোমক্রমিক সেই সেই অন্তর-বর্ণের সন্থানসন্ততি যা'রা উৎস্টে হ'তে লাগল,
ঐ higher instinctগুলি মেয়েদের admiring enchanted urge-এর
ভিতর দিয়ে reverential affectionate nurture-এ তা'দের temperament-এ সংস্থিত ঐ higher instinctগুলি peculiarly blended
হ'য়ে, মূর্ত্ত হ'নে, জাতিব instinctগুলিকে finer ও rich in varieties
ক'বে তুল্ল। তাই তা'রা কোনক্রমে সমাজ হ'তে discarded তো হ'তই
না—ববং গভীবভাবে compact-ই হ'য়ে উঠত।

"মার, জনের—প্রতিজনের—মনতর ovational homage-ই হ'ছে ঐ cohesive urge—যা' দিয়ে জাতি পরস্পর একাদর্শপ্রাণতায় আরুষ্ট হ'য়ে রুষ্টিপরিচর্যার ভিতর দিয়ে, অন্থলামী Eugenic uplift-এ, একগাট্টায় normal evolution-এ evolve ক'রে থাকে। শুধুমাত্র material interest of equalisation—যা' দিয়ে person-এর প্রতি person admiration বা affection-এ entwined নয়, তা'তে ওই cohesive urge weakened হ'তে হ'তে একটা বিরাট বিক্লত pulverisation-এ উপনীত হয়—এক সংসারে পিতায শ্লখভক্তিসম্পন্ন, equally interested ভাইদের ভিতর ভাতপ্রাহিতা যেমন ক'রে স্থান পে'য়েছে—এই তো তুনিয়ায় হর্দম দেখ ছি।

"তাই আবার ওঁরা পরস্পর প্রত্যেকেরই সর্বতোভাবে, আচরণীয় বলেই ঋষির। ব্যাখ্যা ক'রে গেছেন। অবশ্য এ সবই অফ্লোমক্রমিক homage and admiration-এর ভিতর দিয়ে—জোরের দাবী দিয়ে নয়কো—পুত্রের দাবী পিতার কাছে থেমনতর কিংবা শিষ্যের দাবী গুরুর কাছে থেমনতর—এই তো আমি যা' বৃঝি।

চাতুর্বণ্য :---

"বৰ্ণ জাতি নয়কো। বৰ্ণভেদ মানেই classes of culture (কৃষ্টিব শ্রেণী)—যা' নাকি একটা বা কডগুলি family-র (পরিবারের) ভিতর পুরুষ-পরস্পরায় চলছে—তাই নিয়ে হ'ল বর্ণ। আব সেই সেই family-তে (পরিবারে) সেই culture-এর (কৃষ্টির) instinct (বৈশিষ্ট্য) গুলিও প্রত্যেক individual-এর (ব্যষ্টির) ভিতর more lively (আরও জীবস্ত)—তাই এই বকমে অনেক বর্ণ স্বাভাবিকই। সেইগুলিকে চারিটী grand division-এ (প্রধান বিভাগে) ভাগ করা হ'য়েছে-বিপ্র, ক্ষত্তিয়, বৈশ্য, শুদ্র। আর এ সব-দেশে আছেই, আর থাকতেই হ'বে। যে বর্ণ বা বর্ণগুলি nourish (পুষ্ট) করে এবং elate (উল্পাসিত) করে ও fulfil (পরিপূর্ণ) করে through love and service (প্রেম ও সেবাদারা), সেই বর্ণ বা সেই সেই বর্ণ যা'দিগকে fulfil (পর্ণ) করছে, তা'দেব কাছে normally regard and admiration (স্বাভাবিকভাবে প্রদা ও প্রশংসা) পে'য়েই থাকে: কারণ তা'দের interest (স্বার্থ) elated ও elevated (উল্লাসিত ও উন্নত) হ'চেচ with love, nourishment and service (প্রেম, প্রষ্টি ও সেবাদ্বারা)। সেই রকমে ব্রাহ্মণ যা'রা তা'রা অক্তান্ত বর্ণের সকলকে fulfil (পরিপূর্ণ) করে ব'লে তা'রা বলে, তা'বাই বলেছে—'বর্ণানাং ব্রাহ্মণো গুরু:।' ক্ষত্রিয়, বৈশুও যেখানে বেমন যতটকু--সেই জায়গায় ঠিক তাই তেমনি admiration and regard (প্রশংসা ও শ্রদ্ধা) পে'য়ে এসেছে।

"তা'হ'লে বর্ণভেদ—জাতিভেদ নয়কো। থাওয়া-দাওয়া, চলা-ফেরায় এদের ভিতর কোন difference (পার্থকা) নেইকো, শুধু honourable treatment (সম্মানজনক ব্যবহার) ছাড়া। তাই যে বর্ণ যত অধিককে service (সেবা) দিয়ে fulfil (সার্থক) কর্তে পারে বা পে'রেছে, regard বা admiration-এব (শ্রদ্ধা বা প্রশংসার) আসনও সেখানে ততথানি সে পায় বা পে'য়ে এসেছে—তা'তে আর বলবাব কি আছে? কারণ এ রক্মট। করাই সমাজ ও জাতির দিক দিয়ে স্বস্থতা ও উন্ধতির লক্ষণ।

"বর্ণভেদটা যদি ঠেলে নিয়ে জাতিভেদে পর্যাবসিত করা যায় তবে যা' গোলমাল হৎয়া উচিত তাই হয়—তাই বোধ হয় হ'য়েছেও। বর্ণগুলি তো জাতি হিসাবে একই, কিন্তু বর্ণ তো জাতি নয় ? কারণ জাতি তা-ই যা' নাকি কোন-একটা stock (গুচ্ছ) থেকে descent করে (উত্তুত হয়), যা'র ভিতর কোন সমাজ বা individual-এর (ব্যক্তির) difference (পার্থক্য) থাকে না। আমরা সবই Aryan stock-এর (আর্যাবংশের) মামূব, জাই জাতিরও difference (পার্থকা) নাই। আর মামূবের জীবনের ও যাপনের প্রয়োজনীয় যা' কিছু তা'র এক-একটা, এক-একটা family (পরিবার) যদি প্রধানতঃ culture করে এবং স্বাইকে fulfil (সার্থক) করে service (সেবা) দিয়ে, জা'হ'লে যা'দের fulfil (পরিপূর্ণ) ক'চেছ, যা'দের interest-কে (স্বার্থকে) elated (উল্পন্ত) ও active (কর্মাঠ) ক'রে তুল্ছে, তা'দের সাথে difference (পার্থক্য) হওয়াটাই যে ঘোর অস্বাভাবিক ব্যাপার।

"তাই সত্যিকার বর্ণাশ্রম কোথায়ও কোনপ্রকার অবনতি তো আন্তেই পারে না, বরং বর্ণাশ্রমের অভাবই সমূহ ক্ষতি এনে দিয়ে থাকে—আর হ'য়েছেও তাই। দিকৃ দেখি বর্ণাশ্রম মাথাতোলা তা'র সমস্ত serving zeal (সেবার উৎসাহ) নিয়ে—ছ'দিনের ভিতর কি দাঁড়ায় ছনিয়াটা অবাক্ হ'য়ে দে'খে নেবে। আর আর্য্যের বর্ণাশ্রম কতথানি যে scientific (বিজ্ঞানসম্মত), কতথানি reasonable (যুক্তিযুক্ত), আর কতথানি efficient (কায্যকরী) তা' দে'খে স্তম্ভিত হ'তে হ'বে না এমন্তর কেউ থাক্বে ব'লে মনে হয় না।

"বর্ণাশ্রমে hatred (গুণা) কোথাও নাই—বরং আছে admiration (প্রশংসা), আছে honour (সমান), আছে respect (শ্রদ্ধা) and respectful (সপ্রদ্ধ) inclination (আনতি)। আমরা প্রত্যেকই প্রত্যেককে hatred (খ্বণা) ঢুকিয়ে দিই তাহা পূর্বতনদিগের কথিত বর্ণাশ্রম, না ইহা আপনাদের তৈরী বর্ণাশ্রম ? আপনারা অহং-কণ্ডতির জালায় অন্থির হ'য়ে hatredful (মুণাপূর্ণ) বর্ণাশ্রম ধর্ম তৈরী ক'রতে পারেন, কিন্তু তাই ব'লে ত' তা'রাও যা'কে বর্ণাশ্রম ব'লেছেন তা' তো আর তা' इ'रव ना। व्यापनारतत रव्यक-पूर्वकारतत जाव, जावा ও निरामश्वनिरक পর্যালোচনা ক'বে দেখ্তে পারেন—তা'দের প্রতি এমনতর অন্থ্রহ কর্বারই অবসর নেইকো। তাই ব'লে বিধান-বেষ্টিভ হুর্ভেগ্য-বর্মার্ভ সেই মহান্ পুরাতনরা কখনই খিল হ'বেন না। যতই আপনাদের চক্ষ্ যত বেশী ও যত finer (স্ক্রতর) আলোক-সহনশীল হ'য়ে উঠ্বে, সে আলোকে তা'দিগকে দেখ তেই হ'বে—দেখ বেনও—আর ভক্তি-অবনত হ'য়ে এখন-অশরীরী সেই তা'দের চরণে মাথাটা ক্লতার্থ হ'য়ে লুটে পড়বেই পড়বে---আমি ত' দেখতে পাই এই হ'চ্ছে তা'দের বিরাট বৈশিষ্ট্য। Equality-র (সাম্যের) যুগই আম্থক, fraternity-র (ভাত্তের) যুগই আম্থক, বর্ণ থাকবেই—দে লোক হ'তে লোকান্তর ঘুরবেই, মাহুষের বাঁচা-বাড়াকে সার্থক

ক'রে তুল্বেই, যতক্ষণ পর্যন্ত তা'রা বাঁচা-বাড়ায় সার্থক হ'তে চায়। তবে এই বর্ণাশ্রম যত acquisition-এর (অর্জ্জনের) ভিতর দিয়ে instincts (যাভাবিক বৈশিষ্টা) হ'তে হ'তে heredity-কে (বংশাফুক্রমিকতাকে) অতিক্রম ক'রতে ক'রতে চলে, এর knack (কৌশল) ও fineness (উৎকৃষ্টতা) ততই বাড়তে বাড়তে গিয়ে জ্লাতি ও জনসমাজকে ততই আরোতর উন্নতিতে অধিষ্টিত ক'রে চালাতে থাকে;—আর যেখানে তা' হয় না, সেখানে প্রত্যেককেই যে যে বর্ণের করণীয় যা' তা'র প্রথম ভাগ থেকেই হুক্ল কর্তে হয়—আর এর ভিতর দিয়ে জনগণের উন্নতির ভালমন্দ তারতম্য ইত্যাদি ঘটে' থাকে—আর heredity (বংশাফুক্রমিকতা) বর্ণাশ্রমের বিশেষ বৈশিষ্ট্য এখানেই।

"কিন্তু ঋবিরা বলেন, স্বাইকেই ব্রাহ্মণ হ'তে হ'বে ঐ বর্ণাশ্রমের ভিতর দিয়েই—প্রাণপাত আলিন্ধনে কৃষ্টিকে বা আর্য্যকৃষ্টিকে অবলম্বন ক'রে। আর ব্রাহ্মণ মানেই হ'চ্ছে—নখদর্পণে তা'র যা-কিছু জ্ঞাতির বাঁচা-বাড়ার উন্নতি চলনার নিয়ম, নিয়ন্ত্রণ ও লওয়াজ্ঞিমা।

"বর্ণভেদের গোডার ব্যাপারই হ'চ্ছে culture (কৃষ্টি), যা' দিয়ে জীবনকে বৃদ্ধির পথে উন্নত করতে হ'বে। যা' যা' জীবন ও বৃদ্ধির পক্ষে—দৈনন্দিনই হউক আর বেমনই হউক--নিতা প্রয়োজনীয়, তারই এক-একটা division (বিভাগ) নিয়ে বা এক-একটা aspect (দিক) নিয়ে যা'রা work out ক'রে (কাজে লাগিয়ে) তা'র আবার উন্নত নিয়ন্ত্রণ ক'রে মান্তবের necessitiesগুলি (প্রয়োজনগুলি) fulfil (পরিপূর্ণ) ক'রে তা'দের being and becoming-কে (জীবন ও বৃদ্ধিকে) service (সেবা) দিয়ে, তা'দিগকে উন্নত সম্বেগশালী ক'রে তুল্ছে, সে বা তা'রাই হয় বর্ণ of culture for that aspect; আর এ যে-দেশে যা'রাই জীবন-বৃদ্ধির উন্নতপন্থী তা'দের দেশেই যেমন ভাবেই হউক-এ থাকতেই হ'বে: কারণ ওগুলি হ'চ্ছে মামুষের বেঁচে থাকা, উন্নত ত্তরে চলার লওয়াজিমা ছাড়া আর কিছুই নয়কো। প্রয়োজনের সবগুলিকেই প্রত্যেকেরই যদি সব aspect (দিক) নিয়ে deal (ব্যবহার) ক'বে নিজের জীবনকে ওগুলি supply (সরবরাহ) ক'রে উন্নত ন্তরে চালাতে হয়, তা' এক-রকম অভাবনীয়—আর যদি করেও, তা'-হ'লে জীবন-চলনা এমনতর মন্থর হ'য়ে উঠবে, যা'র ফলে তা'কে অচল বল্লেও অক্সায় বলা হ'বে না। তা'হ'লেই ঐ division (বিভাগ) বা aspect (দিক)গুলিকে work out ক'রে জীবনের needs (প্রয়োজন)গুলি fulfil (পরিপূর্ণ) ক'রতে হ'লেই কা'কেও বা কা'দেরও ওর এক-আধটা নিয়ে work out করতে হ'বে—তা' বংশাহক্রমিক ভাবেই হউক আর

profession (বাবসা) স্বরূপ ধ'রেই হউক—কিন্তু ক'রতেই হ'বে তা'। ক'রতে হ'বে না, একথা কি আমর। কথনও করানা ক'রতে পারি ? আর ঐটে যথন সন্তানসন্ততিক্রমে শংশংগ্রু মিক ভাবে চল্তে থাকে, তথন ঐ skill to work out the thing or affair (কোন কিছু করার নৈপুণ্য)—ওটা ক্রমশংই সন্তান-সন্ততিদের ভিতর instinct-এ (স্বভাবে) পরিণত হ'ষে উঠ্তে থাকে। আবার তার ফলে সেপ্তলিকে finely (স্পাভাবে) and superiorly (শ্রেষ্ঠভাবে) easily (সহজে) out put (উৎপাদন) করার capacity (সামর্থ্য) with an inventive genius (উদ্ভাবনী প্রতিভাবারা) মাথাতোলা দিয়ে ক্রম-পরিপুষ্টতে চ'ল্ডে থাকে। তা'র ফলে মামুষ ঐ অমনতর elevative (উন্নয়নকারী) চলনার লওয়াজিমাও তা'দের as a service of being and becoming (জীবন-বৃদ্ধির সেবাধ্বরূপ) পে'তে থাকে। তারই ফলে আবার সমাজ ও দেশ প্রত্যেক individual (ব্যক্তি) হিসাবে একটা উদ্দীপ্ত দীপক সম্বেগশালী হ'য়ে নিকাধভাবে চল্তে চল্তে চল্তে চলে। এই হ'ছে heredity-র বংশাফুরুমিক বর্ণের তাৎপর্য্য।

"আবার এই বংশাফুক্রমিক বর্ণের গোড়ার ব্যাপারই কিন্তু ঐ আর্ধ্য culture-কে (কৃষ্টিকে) with service as a division of labour (শ্রমবিভাগ হিসাবে স্ব স্থ সেবাদারা) work out ক'রে প্রত্যেক being-কে (জীবকে) accelerate (ক্রমবর্দ্ধমান) করা—আর এতে প্রত্যেকে প্রত্যেককে fulfil (সার্থক) ক'ন্ডে ব'লে, প্রত্যেকের কাছে প্রত্যেকের মতন important and admired—(প্রয়োজনীয় ও প্রশংসিত)— কাউকে কাউর ignore (অস্বীকার) করা অসম্ভব। আর তা' যত সম্ভব হ'য়ে থাকে, বিন্বন্তিপ্রাণ সর্বনাশও ততদুর ও ততথানি সম্ভব হ'য়ে ওঠে। তাই আমার এ idea (ভাব) যা'বা being and becoming-এর (জীবন ও বৃদ্ধির) পকে elating and reasonable (উল্লয়নকারী ও যুক্তিযুক্ত) মনে করে, তা'রাই তা' কর্তে পারে। এর স্থবিধা যে এন্ডার, (य-प्रात्में दर्शक ना त्कन कि क्रुपिन व हानातन आमात मतन इम्र डाशपिशतक এ ঠিক পে'তেই হ'বে। অবশ্র এটা দাধারণতঃ দেশকালপাত্রভেদেই--অবস্থামাফিক নিয়ন্ত্ৰিত হ'য়ে থাকে; তাই যেখানে যেমন আকারে এটা সম্ভব-more profitable (আরও লাভন্সনক), দেখানে তেমনি ক'রে এটাকে apply করতে (কার্যো লাগাতে) হ'বে।—এই হ'চ্ছে আমার কথা।

"প্রত্যেকটা সমাজই যেন এক একটা পূর্ণ বিধান (system)—আর এই বিধানের প্রধান প্রধান অঙ্গই হ'চ্ছে—বিপ্রা, ক্তিয়, বৈশ্ব, শূদ্র ;—যে-কোন প্রকারেই হউক, যে সমাজ বাঁচিয়া আছে ও উন্নতিতে অগ্রসর হইতেছে সেখানেই এই চতুর্বিধ ক্রিয়া (function) আছেই; আব ডা' যেমন স্বস্থ ও সবল হইবে, সমাজের উন্নতিও তেমনতর হইবে! তাই আমি বলি——

'ষিনি বা বাহারা ইটে উপাসনা ও অন্তরক্তিকে অটুট করিয়া—অধ্যয়ন, গবেষণা, অধ্যাপনা, তাঁহার ও তাহার যজন ও যাজন, দান এবং প্রতিগ্রহের সহিত প্রত্যেক বাষ্টিকে নিজেরই বিভিন্ন মৃত্তিবোধে, তাহার জীবন, যশ ও রন্ধির সেবা করিয়া বন্ধ বা বৃহত্তের ভাবে অবস্থান করেন তিনি বা তাঁহারাই বান্ধণ; যদি দার্থক হইতে চাও—বান্ধণ হইতে চেষ্টা কব,— আর তাহা এমন করিয়া, যাহাতে রান্ধণয় তোমাব স্বভাব ও চরিত্রে অন্থপ্রবিষ্ট হইয়া তোমাকেই মূর্ত্ত বন্ধা বনিয়া মানুষ বোধ করিতে পারে।

'আবার ষিনি বা বাঁহারা ইটে উপাসনা ও অন্তর্বক্তির সহিত জানা, গবেষণা ইত্যাদির অন্তধাবন করিয়া, জীবকে ক্ষত ও বেদনা হইতে ত্রাণ ও নিবাময় করিয়া জীবন, যশ ও রদ্ধির সেবায় জীবনকে বাস্তবভাবে উৎসর্গ কবিষাছেন—তিনি বা তাঁহাদেরই ক্ষত্রিয় বলা যায়; যদি বীর এই ভোমার কাম্য হয়, নিষ্ঠার সহিত ক্ষত্রিয় বকে অভ্যর্থনা কর।

'আর যিনি বা যাঁহারা ইন্টপ্রাণ হইষা উপাসনা ও অন্তর্বক্তিব সহিত জানা, গবেষণা ইত্যাদির অন্তধাবন করিয়া তাহার উৎকর্ষ ও প্রতিষ্ঠার উদ্দেশ্যে, সেবায় মান্যযের প্রযোজন পূরণ কবিষা, অর্থ ও ঐশ্বর্যা আহরণ করিয়া, তং-উল্লভিকল্পে মান্যযেব উদ্ধিনের জন্ম দান করিয়া দার্থকতাকে অর্জন কবেন, তিনি বা তাঁহারাই প্রকৃত বৈশ্য; যদি তোমার ইপ্রতিষ্ঠাদাবা জনদেবায় মান্যযেক সমুদ্ধ কবিষা নিজে সমুদ্ধ হইতে চাও,—তবে বৈশ্যবের আরাধনা হইতে বিমুধ হইও না।'

"তা'হ'লেই এখনই আমরা আগাদিজ সমাজের এইভাবে সংশ্বার করিতে পারি। যাহাবা রান্ধণ আছেন, এঁদেব প্রথম চাই খুব ক'রে আঁ'ক্ড়ে ধরা ইষ্ট-প্রাণতাকে—আর এটা বাক্য ও কর্মেব ভিতর দিয়ে জীবনে ফুটিয়ে তুল্তে হ'বে—স্বাস্থ্যের সমীচীন নিয়মগুলির সহিত আচরণে। দৈনন্দিন জীবনে যা' Brahminic culture (রান্ধণ্য-ক্লাষ্ট), তা'ব সাধনা কিছুনা-কিছু ক'র্তেই হ'বে। আর এগুলি নিয়ে যতদ্র সম্ভব tremendously (ভীমবেগে) public-এর (জনসাধারণের) প্রত্যেককে সেবার ভিতর দিয়ে তা'দের অন্তরে এই আদর্শের প্রতিষ্ঠা কর্তে হ'বে। রান্ধণরা চাক্রী বাক্রী যাই-কিছু করুন—তা'দের জীবনকে উক্তরূপে চালিয়ে—আর যা'-কিছু-সব!

"আমার মনে হয় এমনি করতে করতে ইষ্ট ও পূর্ত্তের সেবাই তাঁ'দের ত'য়ে উঠবে normal (স্বাভাবিক) চাকুরী—আর এই চাকুরী অ্যাচিত-ভাবে তাঁ'দিগকে ভরণপোষণ ক'রে পরম সমন্ধির পথে নিয়ে যা'বে। ব্রান্ধণদের ভিতরে যদি স্থপ্তাবেও Brahminical instinct (ব্রাহ্মণ্য ধারা) বজায় থে'কে থাকে-তা'দের যদি শিখান যায় with vigorous impulse (আপ্রাণতাব সহিত)—তোমার সামনে ঘা-কিছ দেখছ এগুলি তোমার বা তোমার ইটেরই বিভিন্ন জাজ্জলামান মূর্ত্তি, তোমার স্থপ-তঃথ, ভাল-মন্দ যা' কিছ চাহিদা ঠিক তেমনতরই ভাবে নানা রকমে এঁদের ভিতরে জাগরক আছে—অতএব Do to others as you wish to be done by them (অন্তের প্রতি তেমন ব্যবহার কর, তুমি অন্তের নিকট যেমন বাবহার পাইতে চাও)—দেখ বেন ঘাম দিয়ে তার ignorance-এর (অজ্ঞতার) জর ছ'টে যা'বে—চলন, বলন ও সেবা—তংক্ষণাং এমনতর একটা pose (হাবভাব) নিয়ে তা'র চরিত্রকে উদ্দীপ ক'রে--- সারম্ব হ'বে যেন আর দে মাড়বই নাই, সব বদলে যা'চ্ছে—এটা এইজন্ম বল্লাম, যা'বা সত্যিকার ব্রাহ্মণ ছিলেন এটা ডাঁ'দের normal instinct (স্বাভাবিক বৈশিষ্টা) ছিল। 'তা'দেব সস্থান-সম্ভতি--গা'রা অতান্ত নিকট অবস্থায়ও জীবনগাপন ক'ক্ষেন ignorance-এর (অজ্ঞতার) কোলে—ধাকা বেশ ক'রে দিতে জানলে তংক্ষণাংই সাডা পাওয়া যে'তে পাবে।

"আর বর্ত্তমানে যা'রা কারস্থ আছেন সাধারণতঃ তা'দেব ক্ষত্রিয় ব'লে গণ্য করা যায়; তাঁহারা ইষ্ট বা আদর্শ ও Brahminic culture-কে (বান্ধণা-ক্ষষ্টিকে) আপ্রাণ অবলম্বন করিয়া মান্ধ্যের প্রত্যেক individual-এর (বাষ্টির) service (সেবা) দিয়া being and becoming-এব (জীবন ওর্বিদ্ধর) যা-কিছু বাস্তব ক্ষত ও অন্তরায় তাহাদেব প্রতিরোধ করিয়া অপসারণ করতঃ তাহাদের বক্ষা করিয়া শান্তি স্থাপন করিতে পারেন। আর এখন এই উদ্দেশ্য-পবিপ্রণার্থ সাম্রাজ্যের শান্তি রক্ষা করা ও executive functions (শাসন-সংক্রান্তকার্য্য)গুলি adopt (গ্রহণ) করিতে পারেন—আর তাঁ'দের আর্যা আদর্শ ও ক্ষষ্টির পরিপোদণ-উদ্দেশ্যে উদ্দুদ্ধ ও অন্ধ্রপ্রণিত হইয়া চাকুরীকে অবলম্বন করিলেও উন্নয়নের পথ নেহাং ক্ষম্ম হইবে না, যদি চাকুরী তাঁ'দের জীবনের temperamental function-কে (ধাতুগত কার্য্যকে) অপ্যান্ড না করে। যেখানে অপ্যান্ড করে সেধানে তাঁ'রা যদি principle-কে (আদর্শকে) ত্যাগ ক'রে চাকুরীকেই principle (আদর্শ) করিয়া লন তবে কিন্তু সর্ব্বনাশ।

"বৈশ্বদের main function (প্রধান কর্মা) হ'ছে ব্যবসা, industry

(अमिन्ह्र), commerce (वांशिका) ও manufacture (वक्कनिर्मान)-এর ভিতর দিয়া বৃহৎ হইতে বৃহত্তর পারিপার্শ্বিকের সেবা করিয়া সম্পদ-আহরণে ইষ্ট ও culture-এর (ক্লাষ্টর) পরিপোষণ করিয়া সার্থকভার ভিতর দিয়া নিজের ও পরিবার-পরিজনের পৃষ্টি। তা'দেরও দৈনন্দিন জীবন অনেকটা ব্রাহ্মণের দৈনন্দিন জীবনেব তল্য হওয়া নিতান্তই প্রয়োজন। তাহা না হইলে পাতিতোর আক্রমণ হইতে এডাইয়া থাকা এক-রকম অসাধা, কারণ, সর্ব্দপ্রকার সম্পদ সর্ব্দাই তা'দের সেবা করিয়া থাকে। তা'দের মধ্যে যদি ঐ সম্পদ আধিপতা করিতে পারে তা'বা কেন--সমস্ত জাতির সন্দরাশ একদম স্টান চলে এসে স্বটাকে সাবাড় করতে কিছুই লাগে না। যথনই সম্পদ এই আগ্য বৈশাদের হৃদযে আধিপতা করিয়া আদর্শ ও ক্লষ্টকে অবজ্ঞা করিয়াছে, ক্রডমতার লেলিংন ছবি মদমোহিত বৈশ্যদের হাতের ভিতর ঢকিয়া অমৃতবাহী Brahminic culture-কে (ব্ৰাহ্মণ্য-ক্লষ্টিকে) অবসাদগ্ৰন্ত বক্তাক্ত কলেবরে ঘাড-ধাকা দিয়া বিদায় দিয়াছে—আর তা'রই ফলে সর্বহারা, দিশাহারা, ক্ষীণজ্ঞান্ত জাতি বিক্ষিপ্তভাবে প্রাণভয়ে ইতস্ততঃ বেকুব চলনে ঘু'রে বে'ড়াচ্ছে। আজ যদি বৈশ্য বান্ধনাগর্কে দেবার শূল নিয়ে রুড় অমৃতের ডাকে ছঙ্কার ছে'ড়ে, বুক পে'তে আদর-আপ্যায়িতের সহিত প্রত্যেককে আগলে ধরে—আয় উমা কি ভঙ্গিতে যে এখনই নেচে' উঠে' জীবন, যশ ও বদ্ধিতে অঢ়েল ক'রে দেন-তা' আমাদের স্থ-কল্পনার দিখলয়েরও ও-পারে।

"আযাধর্মাবলম্বী aborigines (আদিম অধিবাসী) যা'বা তা'বাই বাস্তবিক শূক্ত—এক-কথায় তাঁ'বাই হ'চ্ছেন শুচীক্বত বা আয়ক্বত আদিম অধিবাসী। তাঁহাদের বৃত্তি এই প্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশুদের প্রয়োজনীয় প্রত্যেক কায়ে সাহায় কবা—আর এই হ'চ্ছে তাঁ'দের সেবা—হাতে-কলমে কৃষিকায় করিয়া raw material produce (কাঁচা মাল উৎপন্ন) করিয়া জাতির সমৃদ্ধির সৃষ্টি করা—আর এই Brahminical culture-এর (প্রাহ্মণ্য-কৃষ্টির) মত functions (ক্মা) আছে Brahminical culture-এর (প্রাহ্মণ্য-কৃষ্টির) মত functions (ক্মা) আছে তা'র output (উৎপাদন) করিতে করিতে যে নিন্ত experience (অভজ্ঞতা) লাভ করা যায় সেই experience-এর (অভজ্ঞতার) ভাণ্ডার লইয়া জাতিকে সর্বতোভাবে গড়ে' তোলা। এই আর্যাজাতির uphill motion এর (উর্দ্ধামী গতির) acceleration-ই (বিবৃদ্ধিই) হ'চ্ছে front-এ (সম্মুধে) ব্যাহ্মণ আর back-এ (পিছনে) শুল্ত।

"চাতুর্বর্ণা বিভাগ কতকটা আমাদের body-system-এর (শরীর বিধানের) মতন। শূল হ'চেছ এই whole system-এর (সমুদ্য বিধানের) carrier (বাহক) এবং supporter (সহায়ক), যা'র উপর ভর দিয়ে এই সমাজদেহ চলছে। বৈশাদের function (কর্ত্তব্য) হ'ল সমাজদেহকে সত্ত ও বত রাখা by the supply of proper nutrition and food (যথোপযুক্ত পুষ্টি এবং খাদ্য সরবরাহ দারা)। বৈশুশক্তি এই function discharge (কর্ত্তবা সম্পাদন) করতে যেদিন পরাবাধ ह'न, मिनि এই সমাজদেহ ভে'লে পড়লো। Stomach (পাকস্থলী) যদি boycott (অসহযোগ) করে, আমাদের body-system-এর (শবীর বিধানেব) যে অবস্থা হয় তাই হ'ল। এই বৈশ্রশক্তি যদি আবাৰ জাগে এবং legs, heart e brain-কে (পা, ক্লপিণ্ড ও মন্তিদকে) proper nutrition supply করে (উপযুক্ত পুষ্টি যোগায়), তবে আবাব সমাজদেহ জে'লে উঠবে। Body-system-এর মধ্যে heart (হাদপিও) যেমন, সমান্ধদেহের মধ্যে ক্ষত্রিয় তেমন। Heart-এর মধ্যে তু'লক্ষ cells (কোষ) আছে:—(1) White cells (সাদা কোষ), (2) Red cells (লাল কোষ)। Red cells-এর (লাল কোষের) কাজ হ'চেছ hody-কে fit (কার্যাক্ষম) রাখা এবং maintain (পরিপোষণ) করা by the proper distribution of red blood (লাল বক্ত উপযুক্ত ভাবে বিভব্ৰ দানা) · এবং white cells-এর (সাদা কোনের) কাজ হ'ছে hody-কে protect (রক্ষা) করা। ক্ষত্রিয়ত্বের মধ্যে এই দু'টি function (কার্যা) আছে . একটা সমাজদেহকে fit (কার্যাক্ষম) রাখা ও maintain (প্রতিপালন) করা. আর একটি disease-এর (রোগের) হাত থেকে protect (রক্ষা) করা। কিন্তু এই ছুই blood-এর supply (যোগান) নির্ভর করছে stomach-এব (পাকস্থলীর) উপর।

"সমাজদেহের brain (মস্তিক) হ'চ্ছেন ব্রাহ্মণ, যাঁদের working (কার্যাতা) নির্তর কর্ছে ক্ষত্রিয়শক্তি, বৈশুশক্তি এবং শূল্পক্তির উপর। তাঁ'রা যেমন যেমন এই তিন শক্তির নিকট support and help (সাহায়া ও সহাত্মভৃতি) পা'চ্ছেন, তেমন তেমন এই তিনকে regulate, control (নিয়মিত ও আয়ন্ত) কর্তে পার্ছেন। এই চারিশক্তির মধ্যে কেহই ছোট বড় নয়। একটা harmony (সমন্বয়) ও co-ordination-এর (সমবায়ের) যোগে এদের মধ্যে একযোগে একতানে কান্ধ হ'চ্ছে। কিন্তু body-র মধ্যে brain-এর স্থান যেমন সর্কোচ্চে এবং সর্কা উচ্চে থাকাটা legs, stomach ও heart-এর existence-এর পক্ষে নিতান্ত

দরকার, তেমন আন্ধাকে উচ্চ ব'লে স্বীকার করাতে লাভ হ'ছে অন্তান্ত বর্ণের বেশী। আন্ধাকে উচ্চ place দেওয়াতে, যে উচ্চতা তা'র মধ্যে inherent (স্বাভাবিক) হ'য়ে আছে, অন্তান্ত বর্ণ চল্তে পার্ছে ঠিকমত তা'রই guidance-এ (নির্দেশে)। Head-কে বড় স্বীকার করা যেমন body-র অন্তান্ত অঙ্গের পক্ষে লজ্জার নয়, বরং পরম গৌরবের, তেমনি অন্তান্ত বর্ণের পক্ষে আন্ধাকে বড় ব'লে মানা তা'দের বাঁচা-বাড়ার পক্ষে নিতান্ত প্রয়োজনীয়। Superior-এর উপর প্রদা রে'থে যদি তুমি সমাজকে পুনর্গঠন কর্তে লেগে যাও, তবে সে সমাজ টিক্বে—তা'র growth হবে healthy. কোন প্রকার jealousy-র (ঈর্যার) স্থান এ সমাজে থাক্বে না—অথচ full co-operation (পূর্ণ সহযোগ) থাক্বে।

"বৈশ্যেরা যদি ভারতীয় culture-কে (কুষ্টিকে) betray (অবজ্ঞা) না করত তবে আমাদের দশা আজ এমন হ'ত না। ধেদিন ক্ষত্রিয ও বান্ধণ্যশক্তি বৈশাশক্তির active support এবং co-operation (বাত্তব সাহায্য ও সহাত্মভূতি) হা'বাল দেই দিন থেকেই স্থক্ক হ'ল ভারতীয় culture-এর (কৃষ্টির) অধংপতন! তা'রা করল কি জানেন? ত্রন্সদেশ, জাভা, স্থমাত্রা, বলিদ্বীপ, এমন কি স্থানুর মেক্সিকো পধ্যস্ত তা'রা বাণিজ্ঞা-তা'রা ক্ষত্রিষ ও ব্রাহ্মণ্য-শক্তিকে বাচিয়ে রে'থেছিল। তা'দের সঙ্গে সঙ্গে গেল কিছু কিছু ক্ষত্রিয়েরা এবং ব্রাহ্মণেরা। তথনকার দিনে এই তিন শক্তির মধ্যে full co-operation ছিল। এমনি ক'রেই Indian আর্য্য culture দূর দেশে ছড়িয়ে প'ড়েছিল। কিন্তু কালক্রমে হ'য়ে পড়ল বৈশ্রেরা selfish. বিদেশে তা'রা বিয়ে করতে আরম্ভ করলো এবং বিদেশের সঙ্গে এই বৈবাহিক সম্পর্ক তা'দিগকে self-centred (আত্মসর্বস্থ) ও আর্যাকৃষ্টি-বিমুখ ক'রে তুল্ল। তা'রা চল্তে লাগ্ল তা'দের অনায্য স্ত্রী ও খণ্ডরের কথা মত। অনেকে বিদেশে বসবাস করতে লাগ্ল আধ্যক্ষষ্টির সঙ্গে সমন্ত সম্বন্ধ বিচ্ছিন্ন ক'রে। বৈশাদের মধ্যে যা'রা দেশে র'য়ে গেল তা'রাও ঐ বাহিরের বৈশাদের দেখাদেখি culture ও state-কে (কৃষ্টি এবং রাষ্ট্রকে) support (সাহায্য) করা বন্ধ ক'রে দিল। এমনি ক'রেই বৈশুদের বিরাট অর্থ ও সামর্থা culture ও state-এর সেবায় ব্যয়িত না হ'য়ে ব্যয় ্বহ'তে লাগ্ল তা'দের নিজেদের স্থা, স্থবিধা ও স্বাচ্ছন্দোর বৃদ্ধিকরণে। Service (সেবা) বাদ দিয়ে enjoyment-এর (ভোগের) sense (চাহিদা) বেড়ে উঠুল, ফলে যা' হ'বার তাই হ'ল। এখানে বাহিরের সঙ্গে देवराहिक मध्यहे आंभारमंत्र मर्खनाम अत्नाह अन्नभ वना शहरू भारत ना, কারণ বাহির থেকে new blood ত' চাই-ই আমার। তা' না হ'লে জাতি ত' পুষ্টই হয় না। তবে আদর্শের ভাবায়ুযায়ী ও-রকমটা হওয়া চাই, নতুবা একদম সর্বানাশ! আর্ঘ্য বৈশ্যেরা চিরকালই বাহির থেকে কল্পা নিয়ে এসেছে এবং through proper filtration (উপযুক্ত পরিশ্রুতির মধ্য দিয়া) তা'দের আর্ঘ্য ক'বে নিয়েছে। ব্রাহ্মনা-ক্রম্বির সঙ্গে যোগ রে'থে যদি বৈশ্বরা চল্ত তা'হ'লে এই বাইরের সঙ্গে বৈবাহিক সম্বন্ধ তা'দের আ্যুসর্বান্ধ ক'বে তুল্তে পার্ত না।

"এখনও যদি বৈশ্যেরা ইউপ্রাণতার সহিত ঐশ্যা আহরণ করিয়া তা'
দিয়ে ইউেব সেবা ও প্রতিষ্ঠার জন্ম লেগে যায় তবে সে instinct
আবাব মাথা তু'লে দাঁড়াবে। Instinct কখনও মবে না, dormant
(স্থ্য) থাকে। স্থায়েগ ও স্থবিধা পে'লে আবার দপ্ ক'রে জ্ব'লে
উঠে। Instincts হ'চ্ছে করার ঝোঁক বা knack (কৌশল),
যা' এক-এক মাহুষে এক-এক রকম। যা' heredity র ভিতর দিয়ে
acquired (আযত্ত) হ'য়েছে তা' কখনও মর্তে পারে না। বাহির থেকে
দেখলে মনে হয়, মরে গেল কিন্তু ভিতরে বেঁচে থাকে। এই instinct
যদি passion-এ (কামে) যুক্ত হয় তবে মাহুষকে অধঃপতনের পথে নিয়ে যায়,
আবার ইটো inclined হ'লে তা'কে tremendous (ভীমকশ্মা) ক'রে
ভোলে, প্রকৃত স্বাধীন ও অবাধ ক'রে তোলে।

"আর সব বর্ণেরই রাহ্মণ হওয়া লক্ষ্য ছিল। রাহ্মণ তিনিই যিনি সমস্ত রকম করাকে এবং তা'র কৌশলকে এন্ডামাল ক'রে practically (বান্তবভাবে) সমস্ত জানাকে জে'নে সর্ব্বভূতে সমদৃষ্টিসম্পন্ন হ'য়েছেন। স্কুতরাং practical জানার ভিতর দিযা হাতে-কলমে তিনি বৈশ্বত্ব ও ক্ষত্তিয়ত্বকে জে'নে পরে তিনি রাহ্মণরে পৌছেছেন। এই জন্ম রাহ্মণ থিনি, তাঁ'র পক্ষে অপর সমস্ত জানাকে control ও manipulate (নিমুদ্ধণ ও সামগ্রন্থা) করা সহজ ও স্বাভাবিক। এই জন্মই আমি বলি রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য প্রত্যোকের বাড়ীতে একটা laboratory (স্বেষণাগার), অন্ততঃ একটা cottage industry (কুটারশিল্প) এবং নিত্যপ্রয়োজনীয় তরিতবকানী উৎপাদন-উপযোগী কৃষি থাক্বে, আর এ শিক্ষা স্থীপুরুষ-নির্কিশেষে। আর এই শিক্ষা যদি আমরা এখনই introduce কর্তে পারি তা'তে বে social order গ'ড়ে উঠ্বে সেখানে যদি কখনও এক বর্ণের co-operation নাও পাওয়া যায় তবে whole system ভেক্তে পড়বে না, replace করা সহজ হ'বে। আর বিপ্র যা'রা তা'দের রাহ্মণত্বে পৌছাইতে গেলেই বৈশ্যবের ও ক্ষত্তিয়ত্বের সব জানাকে আয়ন্ত কর্তে হ'বে। এই

রকমটা হ'লেই সমন্ত বর্ণেব মধ্যে একটা co-ordination এবং cultural co-operation থাক্বে। আর অন্তলোম অসবর্ণ বিবাহের ভেতর দিয়েই এই cultural co-ordination এবং co-operation (কৃষ্টিগ্ত মিলন) স্বদৃঢ় ভিত্তির উপর স্থাপিত হ'বে।"

চতুরাশ্রম :---

"ঋষিপ্রবর্ত্তিত আর্যা চতুরাশ্রমের যেদিন থেকে বিলোপ-সাধন হইয়াছে, তথন হইতেই জাতিব অধঃপতন ফুরু হইয়াছে। জাতিকে বাচাইতে এবং বৃদ্ধি পা এয়াইতে হইলে প্রত্যেকেরই নিজ নিজ জীবনে উক্ত চতুরাশ্রমের ব্যবস্থা প্রতিপালন অবশ্রকরণীয়। কারণ Life-কে (জীবনকে) চার ভাগ করিয়া acquisition-এর (অর্জনের) gradual development-এর (ক্রমোয়তির) জ্মাই বিশেষ শ্রম করিয়া knowledge and experience (জ্ঞান ও অভিজ্ঞতা)কে অর্জন করার উদ্দেশ্যে ঋষিরা এই চতুরাশ্রমের রকমারি ব্যবস্থা করিয়াছিলেন।

"যে জায়গায় থেকে হাতে-কলমে পরিশ্রম ক'রে অমুসরণ, প্যাবেক্ষণ, অধিগমন ও ধারণার ভিতর দিয়ে জানাকে অর্জন করে' সতা অর্থাৎ যাহা জীবন ও রিদ্ধি পোষণীয় ও যা'তে তা' রিদ্ধির পথে চল্তে পারে, তা'কে লাভ করা যায়, তা'কেই আশ্রম বলা হয়। আশ্রম—খাও দাও আর ফূর্ত্তি কর, পারিপাশ্বিক ছনিয়ার ধার ধেরো না, ধেয়াল-খুসীকে বেপরোয়া চালাও—এমনতর জায়গা নয়, বা এমনতর কিছু নয়:—বরং অটুট ইউপ্রাণতায় উদ্দীপ্ত হ'যে সেবা, সহায়ভৃতি ও সাহচর্যের ভিতর দিয়ে প্রত্যেকটা পারিপাশ্বিকের জীবন ও রিদ্ধির বাধাকে স'রিয়ে য়থায়থভাবে তা'র পোষণীয় ও ভরণীয় যাবত যা'-কিছুর বাবস্থা ক'রে, প্রতি-প্রত্যেককে জীবন ও রিদ্ধির ছাতিসম্পন্ন ক'রে, প্রত্যেক অন্তরে নিনড় ও নির্ঘাতভাবে ইউ-প্রতিষ্ঠায় তা'দিগের অবাধ চলনে অমরণের দিকে চালিয়ে দেওয়া—আর এই কর্তে গিয়ে মায়্যুযের ভক্তি, জ্ঞান ও সহজ্ব-কর্মপ্রবণতার চলনে ইউসাক্ষাংকার হ'য়ে আপ্রাণ মঞ্চলময়তায় যা' হ'বার তাই হয়—এই তো গেল আশ্রমের কথা!

"আর মান্তবের যে চতুরাশ্রমের কথা বলা হ'য়েছে ও হ'চ্ছে, মান্তবের জীবন ও চলনার ক্রমবিকাশ ও বিবর্দ্ধনের চারিটী থাক্। প্রথমেই হ'চ্ছে, ঃব্রহ্মচর্য্যাশ্রম অর্থাৎ যাহাতে মান্তব বৃদ্ধি পায়, আর যা' দিয়ে দে অজানার ভেতর থেকে জানাকে কুড়িয়ে নিয়ে পারিপার্শ্বিক প্রত্যেক অস্তরে দীপ্ত হ'য়ে গুঠে—ইউপ্রাণতা অবলম্বন ক'রে—তাঁ'রই চিস্তন ও আচরণ—এই হ'চ্ছে সত্যিকার ব্রহ্মচর্য। আর এই কর্তে গেলেই মান্যুষের যা-কিছু রুদ্তি আছে সবগুলিকেই এতে লাগাতে হ'বে—তা' সব রকমে, আর সে রুদ্তি-গুলি লাগাতে গেলে ঐ করার অপলাপ হয় সেগুলিকে আলাদা ক'রে অকেজোভাবে রাখ্তে হ'বে। আবার যথন তা'র দরকার হ'বে সেই বকম স্থান বা অবস্থায় তা'তে তেমনি ক'রে প্রয়োগ কর্তে হ'বে যা'তে নাকি ঐ সত্য— অর্থাৎ জীবন ও বুদ্ধি—গোষিত হয় বা উদ্দীপ হয়;—এই হ'চ্ছে ব্রহ্মচর্যোর কায়দা।

"কিন্তু এটা বেশ ক'রে মনে রাগ্তে হ'বে—এর প্রথম ও পরম উপাদানই হ'চ্ছে অটুট ও আপ্রাণ ইউপ্রাণতা; এ ফেনন ক'বেই হৌক—এটাকে পুষ্ট কর্তে হ'বে—আর খুব-সে ক'রে অমোঘ ও নিন্দুভাবে বাড়াতে হ'বে। আর এ যত পুষ্ট ও পরিষ্কার হ'বে, দক্ষতা ও ক্ষিপ্রতা একটা শাস্ত অভিবাজিব ভিতর দিয়ে ততই তীর হ'য়ে দাঁডাবে—আর এই দক্ষতা ও ক্ষিপ্রতাই হ'চ্ছে এ পথ অভিক্রম করার একমাত্র পদক্ষেপ। যথন এমন ক'রে মান্নুয় তা'ব এ ইউ-আপ্রায়ে অটুট হ'য়ে, সত্যকে জেনে স্থায়ী হয় অর্থাং যেমন ক'রে বা যা' কর্লে যেমন যা' হয়—আর তা' যা' ক'বে জীবন ও বৃদ্ধিকে ধ'রে রাগ্তে পারে—তা' জানা একটা সহজ্ব নিশ্বয়তা লাভ করে;—তগনই সে তা'র মন্ত্র পারিপাশ্বিককে স্থান দিথে রক্ষা, পরিপোষণ ও পরিপালন কর্তে পাবে। সে তথন তা'দের আপ্রয়ন্ত হওয়ার উপযুক্ত পাত্র হ'য়ে দাঁডায়—আর এই হ'ল গৃহত্ব আপ্রামের স্বক্ত জীবন।

"আবার এমনি ক'রে সেবা, সাহচর্য্য ও সহামুভৃতির ভিতর দিয়ে ভ্রোপর্য্যবেক্ষণের চলনায় চল্তে চল্তে, করার ভেতর দিয়ে জানাকে অর্জ্জন কর্তে কর্তে, ইউপ্রাণভায় আরোতর হ'তে হ'তে কোমার অন্তর এমনতর একটা বিস্তারে এদে পৌছুবে—যা'তে আশ্রম গ্রহণ ক'রে দ্বিত হ'যে, অন্তের স্থিতির উপযুক্ত হ'য়েছিলে তাব দকণ তোমাব ঐ গৃহস্থাশ্রমে থেকে তোমার পরিবার-পারিপার্শ্বিককে যেমন যেমন যা' ক'রেছ—সেটা আর তোমার জীবনের পক্ষে অত্যন্তই ছোট, দম-আট্কান মতন ব'লে মনে হ'বে, বৃহত্তর পারিপার্শ্বিকের ভাক তোমাকে উদ্বাস্থ ও উদ্বীপ্ত ক'রে তুল্ছে ব'লে নিয়তই তোমাব মনে একটা ছেঁংছেঁতানি ভাব মাথাতোলা দিতে থাক্বে —মনে হ'বে তোমার ইউ-উপভোগ ইউপ্রতিষ্ঠার ভেতর দিয়ে আরোতর বেগে না চল্লে যেন জীবনটা তোমার নিনড় স্থবির হ'য়ে উঠছে।—
ঐ হ'ছে তোমার বানপ্রশ্বের ডাক—মর্থাং বিস্তারে গমনের ডাক—বন মানেই হ'ছে বিস্তার। তোমার চলনাকে আর কেউ আট্কাবার নেই,

তাই ঐ বিস্তারের স্থান বনকেই মান্ত্রষ ঠিক ক'রে নিয়েছিল তথন,—
যথন তুমি গৃহস্থাশ্রমে অমনতর ভাবে দাঁড়াতেই পার্লে না, করার ডাক,
চলনার ডাক তোমাকে নিয়ত এমনতরই ক'রে তু'লেছে, যা'তে তোমার
জীবনধারণ-উপযোগী প্রয়োজনগুলো ধীরে ধীরে আরো আরো ভাবে ক'মে
যা'চ্ছে, অথচ এই কম দিয়েও তুমি বেশ ঝর্ঝরেভাবে জীবনযাপন ক'র্তে
পার্ছ। এতে ঐ গণ্ডীতে থাকা তোমার আরও মৃক্তিতে যেন জোর ক'রে
হাত ধ'রে একটা পরম আবেগম্য টানে বিস্তাবের প্রলোভনে বিহ্বল ক'রে
তুল্ছে—তুমি কি আর দাঁড়াতে পার ? তোমার ছেলে, মেয়ে, নাতি, পুতি
যা'রা আছে তা'দেব উপর তোমাব ঐ আশ্রমে যা' কিছু ক'রেছ বা যা' কিছু
কর্ত্বব্য তা'র ভাব দিয়ে দিলে ছুট্—আর কি!

"আরম্ভ হ'লো তোমার বৃহত্তর জীবন—নন্দিত বিশুংল বালপ্র আশ্রম। এই বিস্তারের বৃকে দা'ড়িয়ে তোমান জীবনের চলন। আরোতর বেগে ছুটতে লাগ্লো। গৃহস্বাশ্রমে মনভ্যাদেন দক্ষণ ভোমার জীবনের প্রযোজনীয় উপকবণ—যেমন যেমন কর্লে তোমান এই চলা আরও ম্বাধ হ'তে পারে তার জন্ম হয়তো বেহিসাবী ভাবে আপ্রাণ টানে কত রুচ্ছু সাধনা ক'রে তোমার এই বাঁচন ও বর্জনটাকে যা'তে আরও কায়েম কর্তে পার অভি নগণ্য প্রযোজনের ভিতর দিয়ে আপ্রাণ চেষ্টায় তা' সব কর্বায়ন্ত ক'রে নিলে; তা'তে সিদ্ধ হ'লে ত্মি—জীবনের চিন্তাও ভূলে গেলে, মৃত্যুকে ভাব বারও আর অবসর বইল না—ভূত্যের মতন পর্ম গতিতে স্বলোকন কর্তে কর্তে, স্থিব চিত্তে মান্থ্যের জীবন ও বৃদ্ধির পথে তা'রই সেবায় আপনভোলা উদ্ধাম ইইপ্রতিষ্ঠা নিয়ে চিন্তা, চলন, বাক্য ও ক্মে জীবের জীবন, ব্যাপন ও বর্জনের পরিবেশন নিয়ে আত্মপ্রসাদের আবেগে চল্তে লাগ্লে।

"এর ভেতরেও ইইপ্রাণতায় উদ্বুদ্ধ তোমার পর্যালোচনা, পরিবেক্ষণ, পরিবেক্ষণ, পরিবেশন ও নিষন্ত্রণ ইত্যাদি চল্তেই লাগ্লো। তারপর এমনতর চল্তে চল্তে ঐ চলনাই নিয়ে এল তোমার দল্লাদ;—অর্থাৎ তুমি বন্ধার্ধার্থা আশ্রম থেকে এতদ্র পর্যন্ত যা' ক'রেছ, যা' হ'য়েছ, এমনকি তোমার আব্রন্ধন্তম্ব পযান্ত যা' কিছু দব ইইনিক্ষিপ্ত হ'যে তা'তে গ্রন্ত হ'য়ে উঠ্লো—আর এই হ'লো তোমার দল্লাদ আশ্রমেব ক্ষন। তা' হ'লে একবার কল্পনা ক'রে দেখুন, প্রত্যেক আর্যা দিজেরই একটা শেষ পরিণতি হ'ত ইই-উদ্বুদ্ধ একটা বিরাট দার্কান্ধনীন মহান্তর্য—প্রত্যেকেই যেন একটা বিরাট জনসাধারণের প্রত্যেকেব প্রতিনিধি—মায তা'দের প্রত্যেক খুঁটনাটার—আর এই গল্পিয়ে উঠ্তো একটা অটুট আপ্রাণ ইইপ্রাণতার মেক্দণ্ডের উপর।



তা'হ'লে দেখন এ সভ্যতা ছিল কি সভ্যতা! ছনিয়ার কোন জাতিই এখনও এর পরিকল্পনাও কর্তে পে'রেছে ? প্রত্যেকেই ছিল বাস্তব হাতে-কলমে-গড়া ভক্তি, কর্ম ও জ্ঞানের জ্ঞান্ত উংস।"

অস্পৃত্যতা :---

"স্বাস্থাকে অক্ষুণ্ণ রাথার উদ্দেশ্যেই এক সময়ে ছুংমার্গের প্রচলন হইয়াছিল। প্রাচীন যুগে ইহা কতকগুলি নিদ্দিষ্ট ব্যাধিগ্রন্থ ও দ্বণিত কর্মজীবীদিগের মধ্যে মাত্র সীমাবদ্ধ ছিল কিন্তু পরবর্ত্তী কালে ইহা সমাজ ও জ্বাতিগত হইয়া উঠিয়াছে। যাজ্ঞবন্ধ্য, মহু, যজুর্বেদ প্রভৃতি সকলেই নানারকমে তৃষ্ট ও অপবিত্র থাছ গ্রহণ করিতে নিষেধ করিয়াছেন। সমাদ্দে বৈষম্য স্থান্ট করিয়া সম্প্রদায়-বিশেষকে নির্যাতিত করিবার উদ্দেশ্যে কোন দিনই এ প্রকাব ব্যবস্থা ছিল না। শুদ্ধ স্বাস্থ্যরক্ষাকপ্পে এবং সংক্রামক ব্যাধির আক্রমণ হইতে অব্যাহতি পাওয়ার জন্মই তাহারা এরপ নিয়ম প্রবর্ত্তন করিয়াছিলেন। ব্যাধিগ্রন্ত, কু-আচারসম্পন্ন ও মপরিছের ব্যক্তি হইতে দ্বে থাকা যে সমীচীন তাহা বৈছ এবং মনগুল্ব বিদ্যাণ একবাক্যে স্বীকাব করিয়া থাকেন। ঋষিরাও এইজন্মই ইহাদিগকে অস্পুত্র বলিয়াছেন, দ্বার বশবন্তী হইয়া নহে—কেবলমাত্র শারীরিক এবং মানসিক স্বাস্থ্য-প্রতিপালনের দিকে লক্ষ্য রাগিয়া।

"ঋষি, বৈজ্ঞানিক ও পণ্ডিতেরা বলেন, অন্ধ বা আহাধ্যবস্থ এমন কি গাতার মানদিক ভাবকেও বহন করিয়া থাকে, তাহা হইলেই কাহারও নিকট অন্ধ গ্রহণ করিতে হইলে যাহাতে উন্নত মানদিক ভাবকে পাইতে গারি তাহাই করা উচিত। আবার যাহাতে ঘণা, অপ্রবৃত্তি, অস্বচ্ছন্দতা বা মানদিক চাঞ্চল্য উপস্থিত হয় এমনতর স্থান, পাত্র ও আহার্য্য হইতে বিরত থাকাই উচিত। কারণ স্বাস্থ্য যেমন মনকে নিয়ন্ত্রিত করিতে পারে মন্ও তেমনি স্বাস্থ্যকে বলে আনিতে পারে,—তোমার মন যত শুদ্ধ, সৃস্থ ও সবল থাকিবে, তোমার স্বাস্থ্যও অনেকাংশেই তা'র অন্ধ্যমন করিবে;—আব এই স্বাস্থ্য লাভ করিতে গেলেই নজ্ব রাখিতে হইবে তোমার পারিপার্থিকের পরিশুদ্ধতার প্রতি; অশুদ্ধ পারিপার্থিক স্বাস্থ্য ও মনকে যত বিগ্ডাইয়া দিতে পারে এমনতর আর কমই আছে।

"ব্যক্তি, স্থান এবং অবস্থা-বিশেষে খাদ্যগ্রহণ সম্বন্ধে স্পৃষ্ঠতা বা অস্পৃষ্ঠতার কথা উঠিতে পারে, তাই বলিয়া কোন সম্প্রদায়বিশেষ কথনও অস্পৃষ্ঠ হইতে পারে না; তাই সামাজিক হিসাবে স্পৃষ্ঠতা অস্পৃষ্ঠতা কোন কথাই আমি বলি না। এখানে সংসঙ্গে যা'ব ষেমন ইচ্ছা সে তেমন করে, কেহ মুদলমানের দক্ষে থায়, কেহ থায় না। যে থায় না তাহাকে থাইতেই হইবে এমন কথা আমি বলি না। দকলের হাতে থাইলেই যে আমরা উদ্ধার পাইয়া গেলাম দে বৃদ্ধিও আমার নাই; আবার দকলের হাতে না থাইলেই যে শুদ্ধ হইলাম তা'ও বলি না। স্পৃশুতা, অস্পৃশুতার আন্দোলন দিয়া দেশের বেশী-কিছু উন্নতি হইতে পারে দে বিশ্বাস আমার নাই। যথন ভাই ভাইকে পৃথক করিয়া দেয়, এক ভাই আর এক ভাইয়ের দক্ষে একত্র থাইয়াও বিরোধিতা করে, তখন থাইলেই যে মিল হইবে তা' নয়। আমার মনে হয় দেবা আগে দরকার। অন্মের রাঁধা থাই বা না থাই কা'বও হুখ-স্থবিধা যা'তে আমার দ্বারা হয় দেকত্য যদি চেষ্টা করি, তা'তে যভটা ফল হ'বে—তা'র তুলনায় অস্পৃশ্যতা-বৰ্জ্জনের ফল কিছুই নয়।

"সহয়ত, অস্পৃত্ত—এ সকল কথা আমার স্বীকার কর্তেই ইচ্ছা করে না। আমার মনে হয় তা'দের হীন, অস্পৃত্ত ব'লে ব'লে আরো হীন ক'রে দেওয়া হ'চ্ছে, আর তা'দের আলালা সম্প্রদায় ক'রে দেওয়া হ'চ্ছে! তা'দের উন্নত কর্তে হ'লে প্রাণপণে তা'দের সেবা দাও, তা'দের ভালবাস, তা'দের সমাজ, স্বাস্থ্য, শিক্ষা ও শিল্পের উন্নতি কর এবং তা'রা যা'তে উৎকৃষ্টদের সংস্পর্শে বেশা থাক্তে পাবে তা'র উপায় কর। এমনি না কর্লে কি অমন ক'রে হয় ? আর জাতির ভিতর জমাট বাঁধন থাকে অহ্লোম অসবর্ণ বিবাহে — সাহা এক জাতি হ'তে অপর জাতিতে ছিট্কে যে'তে দেয় না অথচ বর্ণবিভাগ বা প্রেণীগুলি থাকে ঠিক; কাজেই বিধিমাফিক অহ্লোম অসবর্ণ বিবাহের যতদুর সম্ভব প্রচলন অস্পৃত্যতা-দ্রীকরণের প্রধান ও একমাত্র উপায়।"

ছুঁৎমার্গ গ্রহতেই 'অন্তর্মত' 'অস্পুশু' ইত্যাদি নানা সম্প্রদায়ের উদ্ভব হইয়াছে। আর সাম্প্রদায়িক সমস্তাই আদ্ধ দেশ ও জাতির পুনরুখানের পথে প্রধান অস্তরায় স্বাষ্ট করিয়াছে। এই অস্পুশু ও অন্তর্মতের কল্যাণ কোন্ পথ অবলম্বন করিয়া হইতে পারে তাহা লইয়া নানা মতবাদ এবং সাম্প্রদায়িক ভেদবৃদ্ধিতে দেশ ও জাতি বিধ্বস্তির চরমে পৌছিয়াছে। এই ছ্দিনে জাতি-সংগঠন উদ্দেশ্যে এই মহান্ অস্তরায়ের সমাধানের জন্ম শ্রীশ্রীঠাকুর কথাপ্রসঙ্গে যে মীমাংসা-বাণী দান করিয়াছেন, নিম্নে তাহার আলোচনা উদ্ধত করা হইল :—

প্রশ্ন। বাংলার নবশায়কেরা কোন্ জাতীয় ? আচার্য্য রঘুনন্দনের ব্যবস্থাস্থারে তো বাংলায় ব্রাহ্মণ ছাড়া ক্ষত্রিয় ও বৈশ্য পর্যস্ত নাই—সবই নাকি শুক্ত ?

শ্রীশ্রীঠাকুর। নবশায়কেরা আমার মনে হয় ঐ বৈশ্রবর্ণেরই অন্তর্গত

নয়টী শাখা বা বৈশ্বাচারপরায়ণী নয়টা শাখা। বিশেষ বিশেষ বৈশ্বস্থৃত্তিকে ওরা পুরুষাফ্ত্রুমে specialise (বিশেষভাবে অফুশীলন) ক'বে চল্ড—বিশেষভঃ যা' নাকি মাফুষের immediate নিত্যনৈমিন্তিক service-এ লাগে।

জানি না আচার্য্য রঘুনন্দন কি ব'লে গিয়েছিলেন; কিন্তু তিনি হয়ত সংস্কারহীন দ্বিজ—আর্যকৃষ্টির আচার ও নিয়মকে যা'রা মান্ত না, না মেনে পাতিত্য অভিমুখে চল্ছিল—ঐ তা'দিগকে নিদ্দেশ ক'রেই ওই কথা ব'লেছিলেন। দ্বিজ্ঞগণ যদি আর্য্যাচার ও সংস্কারবিহীন হন, পাতিত্য তা'দিগকে শুদ্র category-তে (শ্রেণীতে) নিয়ে যে'তে থাকে—সেই হিসাবে তা'রা শুদ্র হ'তে পারে। তা'ই ব'লে তা'রা শুদ্রজাত নয়কো। কিন্তু আচার-বিহীন হ'লেও মান্তুদের অন্তর্নিহিত instinctগুলি দশ বিশ হাজার বছরেও নাকি ম'রে যায় না—এ আপনাদের বিজ্ঞানেরই কথা।

তবেই তা'দের যদি গোত্রজ্ঞান থাকে—মার যদি আর্থ্যাচারপরায়ণ হয়, আর্থ্য ইষ্ট ও ক্লষ্টকে যথাযথ আপ্রাণতায় অবলম্বন করে, তা'হ'লেই আবাব তা'রা যে স্বমহিমায় প্রতিষ্ঠিত হ'তে পারে দে দম্বন্ধে আমার তো কোনই সন্দেহ নাই। তাই আমি বলি, 'ফে'রো, উঠে দাড়াও, ইষ্ট ও ক্লষ্টিকে আপ্রাণতার সহিত্ত আ্রা'ক্ড়ে ধর, আ্যাচার ও সংস্কারাদির যত পার অমুধাবন কর্তে থাক—স্বমহিমায উদ্ভাসিত হ'যে তোমার সব দিগস্তকে তাক লাগিয়ে দাও!'

প্রশ্ন। তা'ছাড়া, বাংলাব সাহা, শুঁড়ি ও স্থবর্ণবণিকগণেরও তো অন্নন্ধলাদি অস্পৃখ্য--তা-স্ট বা কেন ? এদের এত হীনত্ব এলো কোখেকে ? এরই বা প্রতিবিধান কি ?

শ্রীশ্রীঠাকুর। সাহা, স্বর্ণবণিক ইত্যাদিরা বৈশ্য ব'লেই মামার মনে হয়। সাহা—যাহারা মদ চোলাই কর্ত, মদের ব্যবসা কর্ত, দেশের পক্ষে অত্যন্ত ক্ষতিজনক জে'নেও নিয়মকে অস্বীকার ক'রে তা'দের ঐ উপজীবিকা চালা'তে থাক্ল, তা'রাই চোলাই-করা সাহা শুড়ি ব'লে পাতিত্য-লাভ কর্ল। প্রতিলোমজ শৌগুক এরা নয়—শৌগুকের ব্যবসা মবলম্বন ক'রে দেশের অকল্যাণ সাধন ক'চ্ছিল ব'লে এরা হয়ত শুড়ি নামে অভিহিত হ'য়েছে। আর স্বর্ণবিণিকেরা দেশের precious wealth (বহুমূল্য সম্পত্তি), সোণা অন্তদেশে রপ্তানী ক'রে, দেশের wealth-কে manipulate ক'রে অন্তদেশের wealth বাড়িয়ে, দেশকে ত্র্বলতার সমাহিত ক'রে নিজেদের র্ভিস্বার্থের সেবা কর্ত ব'লেই তা'রা পতিত হ'য়েছিল—আরো শুনি, এরা নাকি আর্যা আদর্শকেও বছদিন ধ'রেই ignore-ই (অস্বীকারই) ক'রে আস্ছিল, তা'ও

একটা কারণ হ'তে পারে; কিন্তু বান্তবিক পক্ষে ওরা খাঁটি বৈশ্ব ব'লেই মনে হয়। আর সব পাতিত্যেরই প্রতিবিধান হ'চ্ছে, পাতিত্য-উৎপাদনী প্রবৃত্তিগুলিকে purposely (ইচ্ছাপূর্ব্বক) inhibit ক'রে (বাধা দিয়ে), ignore (অগ্রাহ্ম) ক'রে সপারিপার্শিক নিজের উন্নতিপ্রদ যা' তা'কে actively অটুটভাবে আঁ'ক্ড়ে ধরা—ইপ্ত ও কৃষ্টিকে জীবস্ত ক'রে তোলা, আর সেই আচার ও মভ্যাসে নিজেকে নিমন্ত্রিত করা যে আচার ও মভ্যাসের ফলে ইপ্ত, জাতি ও কৃষ্টির স্বার্থ ও প্রতিষ্ঠা অক্ষ্মভাবে সমৃদ্ধি-তৎপর যা'তে হয় তা'কেই নিজের বা নিজ প্রবৃত্তি-চাহিদার স্বার্থ ক'রে তোলা—মার ওরই ভিতর দিয়ে নিজেকে সর্ব্বতোভাবে সমর্থ, উন্নত ও সংবৃদ্ধ ক'রে তোলা—এই হ'চেছ যা-কিছু অবনতিরই মোক্থা উন্নত প্রতিবিধান—সহজভাবে যা' আমার মনে আসে।

প্রশ্ন। আচ্ছা, অরজলাদি কোন্ কোন্ জাতির গ্রহণীয় ? অবিলপ্নে কোন্ কোন্ জাতির মধ্যে অরজলাদি প্রচলিত হইলে জাতির সমূহ উরতি অনায়াসে হইতে পারে ? আর কোন্ principle-এর (নীতির) উপর দাঁড়াইয়া আর্য্যসমাজে এই বিধি প্রচলিত হইয়াছে ?

শীশীঠাকুর। অন্নন্ধলাদি ভোজন-সংশ্রব ইউ-প্রাণ বিজ্ঞসংস্থারী যা'রা শুধু তা'দেরই ভিতর চলিতে পারে। আর ইউপ্রাণ শৃত্র, অন্থলোমী উচ্চ শৃত্র—এদের সাথে জলের সংশ্রব রাখাই আর্যাঞ্জবিগণের ব্যবস্থ;—গাবার বাহারা বাহাজাতি তা'দের সহিত উপযুক্তমত যথাবিহিত শুধুমাত্র সেবা-সংশ্রবই আর্যাঞ্জবিরা ব্যবস্থা ক'রে গেছেন। কিন্তু যা'রা bad hygienic affirs (স্বান্থের ক্ষতিকারক কার্য) নিয়ে deal করে (ব্যবসায় করে) শুধু তা'দেরই সঙ্গে আর্যাঞ্জবিরা ছুঁথ-সংশ্রব নিষেধ ক'রে গেছেন—কারণ ঐ ব্যাপারে নিয়ত থাক্তে থাক্তে তা'রা immune হ'য়ে যায়, কিন্তু immune হ'লেও যা'রা ঐসব ব্যাপারে accustomed (অভ্যন্ত) নয় ওরা carrier (বাহক) হ'য়ে তা'দিগকে সহজেই contaminate (তুই) কর্তে পারে—এই বিবেচনায়ই ঐ ছুঁথদোষের বিধানের আবিভাব হ'য়েছল।

কিন্তু এমন যদি হয়—এ রকম বাহ্ জাতির যা'রা ঐ জাতীয় bad hygienic profession-এ (স্বাস্থ্যের ক্ষতিকর কর্মে) বহু পুরুষ ধ'রে লিপ্ত নয়কো বা ঐ সংস্রবে নিজদিগকে মিশ্রিতও করে না, অথচ মান্তবের মক্লপ্রদ পবিত্র profession (পেশা) ও কৃষ্টি নিয়ে ইউপ্রাণতার সহিত জীবনযাপন ক'চ্ছে, তা'দের কিন্ত ছুঁৎদোষ ঋষিরা ধ'রেছেন ব'লে আমার মনে হয় না। আরও আমার মনে হয় ঐ অমনতর reformed (সংস্কৃত) যা'রা—যা'দের অভ্যাস এমনতর চরিত্রগত হ'য়ে গেছে যে উন্নত সংশ্রবে, উন্নত নিয়ন্ত্রণে না

থেকেই বা না চ'লেই পারে না, কোথাও কোথাও তা'দের জ্বলও যে চ'লে গেছে খুঁজ লে তা'ও হয়ত অনেকই দেখা যা'বে।

এই আব্যবিধানের elevation গুলি habit, behaviour, চলন-চরিজের ভিতর দিয়ে স্বতঃ হ'রে উঠে'ই promotion পায়। প্রকৃতিই automatically (স্বতঃই) promotion (উন্নয়ন) দিয়ে থাকে। কতগুলি লোক অফুকম্পাবশতঃ যে তা'দিগকে অর্থাৎ ছোটকে বড ক'রে তোলে ঠিক তেমনতর নয়কো—এই হ'ল আর্যবিধান-যন্ত্রের একটা পর্ম বৈশিষ্ট্য আমার যা' মনে হয়।

নাম্বদ যপন ছোটদের আচার, ব্যবহার, চলন, চবিত্র, পছন্দ, পরিশ্রমা, জানা, কর্মপট্ড, অভ্যাস, আদান-প্রদান ইত্যাদিতে তা'দের প্রতি সঞ্জ্ঞ হ'যে ওঠে—হরদম দেখ তে পাওয়া যায়, ঐ ছোটদের অন্নপানীয়ও—অমৃতক্রহার্থ অস্তংকবণে তা'দেব বিশেষ আপত্তি ও দীন অম্বন্যে নিবারণ সত্তেও তা' উল্লঙ্খন ক'রে—সাগ্রহ সমাদরেব সহিত বড়রা গ্রহণ ক'রেছেন। এর লাখ প্রমাণ আছে, এখনও আমি অনেকই দে'থে থাকি। অশ্রদ্ধায় ইদিবিপ্রও অন্নপানীয় দান করে তা'ও গ্রহণ করা নিষেধ—আর শ্রদ্ধায় উপযুক্ত অতি ছোটও বিনীত অবদানেব সহিত যদি পবিত্র কোন অন্নপানীয় বাচা-বাডার অমৃক্ল ক'বে নিবেদন করে—আর তা'তে যদি সে দীপ্ত, তথ ও পুই হয়, তা'ও গ্রহণ করাই আর্যাবিধি। আবার ছিল্ল হ'বেও যদি কেহ ক্রম্মান্বিত ও ক্চিন্তাপরায়ণ হয়—বাচা-বাড়াব প্রতিক্ল, ইন্ত ও প্রতির অবাধ্য হয়, তা'র অন্নজ্ঞাদিও সর্বতোভাবেই পরিত্যজ্ঞা—ইহাও শান্ত্রেব বিধান।

প্রশ্ন। আপনি যে বল্লেন, আর্য্য খাওয়া-দাওয়া, আচার-বিচার সমস্তই 'hygienic standpoint থেকে, তবে আমরা যে নিমন্ত্রণ খাই তা' কেমন ধারা ?

শীশ্রীঠাকুর। সম্বন্ধে উচ্চ, শ্রেষ্ঠ ও সম্মানী যা'রা তা'দের wishes (ইচ্ছা), liking (পছন্দ), habits (অভ্যাস) ও idiosyncrasies (মেজাছ) যা'তে কোন রকমে ক্ষুর বা formality or courtesy-র sake-এ (মাচার-নিয়ম বা ভদ্রতার থাতিরে) compromise কর্তে (মেনে নিতে) বাধ্য না হন তা'র জন্ম ভোজনে তা'দিগকে নন্দিত ক'রে নিজের তৃপ্তিলাভ কর্তে ইচ্ছা হ'লেই তা'দের থাত্মসন্তার নিজে বহন ক'রে নতিনন্দিত চিত্তে তা'দিগকে দিয়ে আসাই হ'চ্ছে শ্রেষ্ঠ ও সমীচীন। আমাদের দেশে সিধে দেওয়ার চল বোধ হয় ঐ থেকেই হ'যেছে। এই প্রথায় তাঁ'রা ইচ্ছামত থাত্মস্ব্য প্রস্তুভ্ত ক'রে খে'য়ে তৃপ্তিলাভও কর্তে পারেন; তা'র জন্ম কোন formality-র obligation-এও পড়তে হয় না, আর সাধারণতঃ এতে তাঁ'রাও তৃপ্তিলাভ

ক'বে থাকেন—তুইও হন, নন্দিতও হন, hygienic administration-ও কোন formality কি obligation-এ লজ্জিত বাধ্য না হ'য়ে যথোপযুক্তই হ'য়ে থাকে আর উভয় পক্ষেরই time ও হান্ধামাও saved হয় ঢেব।

আর এর চাইতে একটু হীন হ'চ্ছে—কেউ যদি ইচ্ছা ক'রে কারু হাতে বা কারু বাড়ীতে খে'তে চান তখন তাঁ'র চাহিদা-মাফিক hygienic principle-কে (স্বাস্থ্যের নিয়মকে) observe ক'রে (পালন ক'রে) তাঁ'কে তা' ক'রে দেওয়া। এটা সমানদের পক্ষেও সমীচীন। আর্য্যদের খাওয়া-দাওয়া, আচার-ব্যবহার সম্বন্ধে hygienic principle follow করার (স্বাস্থ্যের নিয়মপালনের) প্রতি আবহমান কাল থেকে বড়ই আদর ও মনোযোগ। তা'র করাল যতই বিক্বত আকার ধাবণ করুক না কেন, আর্য্যদের ছিটে-ফোটা যেখানে আছে দেখানেই দেখতে পাওয়া যায়।

আর সব চেয়ে হীন হ'ছে—অমুরোধের obligation-এ ফে'লে,
নিজের ইচ্ছামত খাত্মরা প্রস্তুত ক'রে, সম্বন্ধে উচ্চই হোক, শ্রেষ্ঠই
হোক্, সমানীই হোক্, সমানই হোক্ বা ছোটই হোক্ স্বাইকে
খাওয়ান—যেমনতব আমাদের চল্তি ভোজ দেওয়ার প্রথা। এতে
ঐ বৈশিষ্ট্যগুলি তো observed হ'য়েই থাকে না, কত লোকের হয়ত
কত হৃষ্ট ব্যাধি আছে, অপকৃষ্টি তৃদ্ধনী immune—য়'দের দিয়ে হয়ত কত
কত লোক infected (আক্রান্ত) হ'তে পারে, এমনতর লোকের হাতে তা'দের
পরিবেশনে না খে'লে prestige-ই থাকে না—বাধ্য হ'য়ে এমনতর অবস্থায়
উপনীত হ'তে হয়। কত কত মাহ্য কিছ্-না-কিছু ব্যাধিগ্রন্ত হ'য়েই পড়ে
—কেউ জানে না, পাচ বছর পরে হয়ত এমন রোগে ধ'রে বস্ল, জীবন
নিয়েই টান পাড়াপাড়ি—তা'র কারণ খ্'জে পাওয়াই তৃদ্ধর। সমাজের
অতটুকু বেকুবীকে হয়ত কত flowers of the society অকালে অজ্ঞাতসারে জীবন বিস্ক্রন দিতে বাধ্য হ'ল—একি ভাল, একি সমর্থনযোগ্য হ

তাই কেহ ইচ্ছা ক'রে না চাইলে স্বেচ্ছা-প্রণোদিত হ'যে কাউকে নিজের হাতে পক অন্ধলন ইত্যাদি আহার্য্য খাইবার জন্ম অনুরোধ করিতে নাই। ইহা সৌজন্মের পরিচায়ক হইলেও বাঁচা-বাড়ার সাধারণতঃ অপঘাতকারীই হ'য়ে থাকে। স্বেচ্ছা-প্রণোদিত হ'য়ে কোথাও আহার্য্য উপকরণাদি খাওয়ানর মতলব হইলেই কিংবা কোথাও কর্ত্তব্য মনে করিলেই সেখানে সিধা দেওয়াই স্বস্তি ও পৃষ্টিপ্রদ—আর তা-ই হ'চ্ছে বান্তবিক সান্থিক নিমন্ত্রণ। অতিথি বা ক্ষার্ত্ত কেহ আসিলেই তাহাকে সিধা দিবার প্রস্তাব করা উচিত, অবশ্য আশক্তের বেলায় অন্ত কথা। সে-প্রস্তাব সন্বেও সে বদি পকারাদি বাজ্ঞা কয়ে তৎক্ষণাৎ শুদ্ধার্বী ইইয়া সরবরাহ করাই সমীচীন।

मातिका-वाशि

"Pauperism মানেই আমি বৃঝি দারিন্ত্রে পাওয়া। এই দারিন্ত্রের পে'তে হ'লেই মাছুবের প্রথমে থাকা চাই—Superior Beloved ব'লে—ইষ্ট বা আদর্শ ব'লে—কিছু না থাকা, বা with service fulfil করার urge as an interest বাস্তবতায় উপ্চে উঠে এমনতর প্রিয় ও পূজা ব'লে কিছু না থাকা—আর থাক্লেও তাঁ'কে নিজের প্রবৃত্তির ইন্ধনের প্রতীক্রপে place ক'রে রাখা। তা'ব আদিম আসন্তি বা libido প্রায়শঃই একটা uphill enthusiasm-এ কাউকে সার্থক কর্তে বা কাউতে সার্থক হ'তে active হ'য়ে তৃপ্তিলাভ কর্তে পারে না। আর এই থেকে, বা কারু bad nature, nurture বা manipulation-এর ফলে, কিংবা libido যখন distorted রক্ম ধ'রে চল্তে থাকে—তখনই মাথায় জন্মে motor ও sensory সায়ুর incoordination বা distorted co-ordination.

"যে মৃহুর্ত্তে এই incoordination আস্তে থাকে, তথন থেকেই তা'র চিন্তা, বিচার ও বিবেচনা অর্থাৎ sensory impulse-মাফিক কর্মপ্রবোধী স্নায় বা motor nerve response দিয়ে active হ'য়ে ওঠে না, তা'ব ভাব করাকে উদ্বুদ্ধ করে না। এই জন্ম তা'কে প্রথমেই একট্ট নজর ক'রে দেখ্লেই ব্রুতে পারা যায়, সে irresponsible. তা'র ঘাড়ে কোন একটা responsibility চা'পালেই সে যেন জলে-ভোবা মান্থ্যের মতন আঁকুবাঁকু কর্তে থাকে, কখন বা বিরক্ত হয়, কখন অবসাদগ্রন্থ হয়, কখনও বা চ'টেই লাল! কথায় আছে 'আল্সেকে কাজের কথা বল্লে সঞ্জিতের মতন ব্যাইয়া দেয়,'—তা'র বাক্বিলাসিতা বা বাক্যবাগীশী প্রকৃতি with cautious rationality মাথাতোলা দিতে থাকে!

"যা'কে আমরা কর্মপ্রবাধী স্নায়ু বল্ছি, তা'কে আমরা শিল্পী-সায়ুও বল্তে পারি। আল্সে মানে হ'চ্ছে—এ শিল্পী-সায়ুর সহিত বোধপ্রবাহী সায়ুর এমন একটা incoherence বা অসঙ্গতি, যা'র ফলে মান্তুয় ক্রমে ক্রমে বৃত্তি-প্রলোভী হ'য়েও অবশ, হতাশাদশী ও নিহুর্মা হ'তে থাকে। সে সংশ্লিষ্ট হ'তে চায় না কোন কাজে—কোন-কিছুতে সংশ্লিষ্ট হওয়াই যেন তা'র পক্ষে বিরাট শান্তি বা তা'র উপর একটা বিরাট injustice.

"তা'র motor nerve-এর ঐ রকম শিথিলতার দক্ষণ জীবন-যাপনের চাহিদা কিন্তু থে'মে যায় না;—আর প্রারুত্তির চাহিদার তোড়ে জীবনযাপনের necessityগুলিকে fulfil করার জন্ম ফাঁকিবাজী মতলব

সর্বতোভাবে justified হ'মে real মৃত্তি নিমে তা'দের বিবেচনায় আবিভূতি হ'তে থাকে। না-ক'রে-পাওয়ার philosophy with every zeal তা'র ভাল ক'রে এন্তামাল হ'মে ওঠে,—মাহুষের কাছ থেকে নিমে, সে নিজের জীবনকে nourish কর্তে চায়; আর তা' না-ক'রেও তা'র উপায় নেই; কিছ তা'র পারিপার্থিক যখন তা'দের জীবন-যাপনের কোন বিষয়ের জন্ম তা'র কাছে হাজির হয় কিংবা চায়, তখন বিবেকের শাসন যতই তা'কে ওই দেওয়ার ব্যাপারে induce কর্তে থাকে, অথচ কার্য্যতঃ তা' কর্বার ইচ্ছা বা প্রবৃত্তি একটা diverted বা distorted স্থার্থের nature-এ এনে তা'কে তা' কর্তে দেয় না, বৃত্তিস্থার্থ তখন এমনতরই তা'র philosophising dictation-এ তা'দের induce ক'রে তোলে যে, সে innately যতই নিজেকে meanly inferior ভাব্তে থাকে,—with every philosophical trick, ingratitude-কে সে ভতই support কর্তে থাকে—এর ফলেই সে হয় normally ungrateful.

"আবার ungrateful হ'য়েও পারিপার্শ্বিকের কাছে justified হ'তে চায়। পারিপার্শিক তা'কে otherwise consider কর্তে পারে, এই আশকায়ই দে হামবড়াই চালবাজীকে zealously মামুষের সন্মুথে ধ'রে নিজেকে establish করতে চায়।

"এই সব রকম থেকেই আদে তা'র সন্দেহ-বিলাসিতা। সব সময়েই doubt করে,—আমি তো যা' বলার তা' বল্লাম, যা' করার তা' কর্লাম, মাহ্ম বাাটারা কি ভাব্লে তা' কে জানে, আর তা' জান্তে পারা যায়ই বা কি ক'রে? তা'ই মনের কথা জানার আগ্রহ আপ্শোষের মতন তা'র অন্তঃকরণে উকি মারতে থাকে।

"এরই ভিতর দিয়ে সে demonstrate কর্তে থাকে মানুষের সামনে, সে মন্ত-বড় মানী লোক—তা'কে সমান না করা মন্ত-বড় অন্তায়, সব সময় দেখতে থাকে, কে তা'র প্রতি কেমনতর attitude দেখালে, তা'তে সে কতথানি ignored হ'ল!

"এমনই ক'রেই সে অত্যস্ত honour-sensitive হ'য়ে পড়ে। Irresponsibility ভূতে তা'কে গোড়াতেই পে'য়ে ব'সে আছে। প্রতি পদক্ষেপে সোহায়ের কাছে অবিশাসী হ'য়ে দাঁড়াচ্ছে—তা' বৃ'ঝেও, সে যে বিশাসী তা' খ্ব ক'রে মাহ্মেরে কাছে প্রতিপন্ন কর্তে চায়, honour-কে বিশাসের সাথে জড়িয়ে নিয়ে, তা'কে যে injustice করা হ'ল, dishonour করা হ'ল, disbelieve করা হ'ল—প্রত্যেক affair-এর ভিতর দিয়েই সে তা' বোধ করতে থাকে। কিছু করার জন্ম কিছু পয়সা দিয়ে তা'র কাছে

account চাইলেই সে বিরক্ত, ছঃখিত, মর্মাহত বা রাগাধিত হ'য়ে বলবে, 'মশাই, বাবে বাবে account চা'চ্ছেন, আমাকে dishelieve ক'চ্ছেন? আপনার এই মিখাা অপমানস্চক ব্যবহার নেহাৎই অস্কু,'—ইত্যাদি, जी।कार्ड

"'অস্কর্নিহিত mean inferiority থাকার দরুণ মামুষের sympathy-কে তা'র প্রতি আকর্ষণ করার মতলবে saintly-posed ugly attitude-এ চলতে থাকে। এমনই ক'রেই will to ugliness-এর সে যেন একটা prey হ'মে দাঁড়ায়-সান না করা, যেখানে সে খার, থাকে-প্রস্রাব, পুণু, কাশ এদিক ওদিক ছিটিয়ে ফেলতে থাকে. unhealthy চিমশে চুর্গন্ধ অপরিষ্কার বিচানা—তা' হয়তো কোন রকমের অক্ষচ্চন্দতা উৎপাদন করে ना. जवह नदीद-मर्क्य-अंहा जारेंद्र normal characteristic श्रा দাঁভায়। শুধ এই লক্ষণ দে'থেই তা'র সবটাকে determine করা যে'তে পারে।

"Ugly woman থেকে তা'র sexual impulse excited হয় বেশী— আবার এটা যথন অনেকটা insanity-র আকার ধারণ করে, তথন আবার দেবী ও উচ্চজাতীয়া স্থন্দরী ইত্যাদির কল্পনা ঐ ugly atmosphere-এ থেকেও তা'কে নন্দিত করতে থাকে।

"সে philosophy of negation-এর একটা মহান দ্রপ্তা ঋষি। তা'র কাছে যদি কেউ এমনতর কোন topic স্থক্ষ করে, বা এমনতর কোন admirable জীবনের কাহিনী বলতে থাকে, যা'তে তা'র characteristic-শুলিকে down করার ইকিত আছে দেই সব ব্যাপারে সে thoroughly wanting in admiration; কাউকে তা'ব সম্মুখে ভাল বল্লে পরে, তা'তে যদি তা'ব inferiority affected হয়,—তা'কে down করাব পণ্ডিতকল্প কণ্ডতি হ'তে দে কিছুতেই যেন রেহাই পে'তে পারে না। বছলোকের যিনি admiration-এর পাত্র, তাঁকে down না কর্লে যেন তা'ব অন্তিত্বই সন্ধটাপন্ন। তা'ই সে যে-কোন-প্রকারেই হউক, একটা twisting passion-exciting blasphemy-র দাহায়ে ঐ শ্রেষ্ঠকে opposition দিয়ে মামুখের কাছে down করার জভা দল করতেও পশ্চাৎপদ হয় না। এই সমস্ত জারগায় সে বেমন prudent 9 active— তা' দেখ্লে মনেও হয় না, দে কখনও আল্সে irresponsible বা ungrateful.

"এই inferiority যা'দের পে'য়ে ব'সেছে, তা'রা আবার স্বভাবত:ই, ষা'রা ইভর, ungrateful, treacherous, idle philosophersসাধারণতঃ generous justifying support-এ ঐ শ্রেষ্ঠদের অমন ধারা complex-ওয়ালা neighbour-দের প্রতি অত্বক্ষণাপরায়ণ হ'য়ে উঠেই থাকে। তাই তা'বা generous, able, constructively active, prosperous, great men-দের স্বভাবতঃই নিন্দাবাদ কর্তে থাকে,—হয় তো ব'লে ওঠে, 'চোর বেটারা না হয় বিশ পঞ্চাশ টাকা চুরি করে, আবার ধরা প'ড়ে জেলেও যা'ছেছ, আর এই যে ব্যাটারা মাম্থকে ঠকিয়ে লাখো-লাখো টাকা সংগ্রহ কর্ছে, মায়্র্য ভূলুঞ্চিত হ'য়ে ভক্তিবিহ্বলতায় যথাসর্বাস্থ দিয়ে এদের পূজো কর্ছে—এ ব্যাটাঞ্জর আর কিছুই হয় না, এদের ধ'রে সাজা টাজা দেবার উপায়ও নেই কো—যা'রা দিয়ে ফতুর হ'ছেছ তা'রাই আবার এদের supporter.

"এদের মনে এমনতর হওয়ার কারণই হ'চ্ছে ঐ inferiority-অমুস্যত পরশ্রীকাতরতা। তা'রা কখনই কোনরকমে মাম্ব্যকে বড় দেখতে পারে না, মাহুষ যা'তে বড় হয় এমনতর serviceable হ'তেও পারে না। <u>भाश्रम् क क क'रत ठेकिए</u> या'एक निरक्षत्र मिन-श्वक्रतानि आञ्जारक বজায় রাখতে পারে, সেই ধান্দাতেই পরিশ্রান্ত আর সেই ধান্দাতেই ব্যস্ত। নিজেদের ভিতরে philosophising justification of theft বা ঠকিয়ে জব্দ ক'রে নেওয়া ছাড়া অন্ত কোন রকমের পথ আছে, বা স্বাইকে ভাল লাগিয়ে মামুষকে profitably active ক'রে উদ্দ ক'রেও piously earn করা যে'তে পারে—তা' এদের ইয়াদে আসাই মুক্তিল। কেউ যদি কোন বড কাজ করে, কোন constructive work— যা' মাহুষকে profitable ক'রে তোলে এমনতর কিছু নিয়ে দাঁড়ায়, মস্ত-বড় একটা তুর্বলের রক্ষক এমনতর generous pose নিয়ে, ঐ কাজগুলির against-এ যা'রা দাঁড়িয়েছে, সেই inferior mentality-র idle, treacherous, ungrateful-দিগকে,—যা'রা ঐ সংকশগুলিকে নানারকম ষড়যন্ত্র ক'রে নষ্ট করতে ন্যায়-অন্যায় কোন চিম্বাই করছে না, তা'দিগকে support ক'রে, তা'দিগকে প্রশ্রয় দিয়ে প্রবীণ ক'রে নিজের শোভাবর্দ্ধন করার প্রলোভন যেন সে ছাড় তেই পারে না।

"সে কথনও Beloved-এ তৃপ্ত নয় ব'লে তা'র সমস্ত বৃত্তিগুলি কারু তৃপ্তি, স্বার্থ বা চাহিদার স্বেচ্ছাসংবেদনায় বিশেষ-রকম থতিয়ে নিয়ন্ত্রিত হ'য়ে সার্থক হ'তে পারে—এমনতর কেউ নেই ব'লে পারিপাশিকের impulse যথনত যে বৃত্তিকে excite করে, তথনই সে সেই দিকেই এমনতর ঝুঁকে পড়ে, যেন সামলান বেজায় মুস্কিল—যদি কোন রকম thrash না পায়; আর এই জ্লাই তা'র thoughts and opinions সব সময়ই vary কর্তে থাকে, শ্রেয়া কি তা' সে যেন কিছুতেই ঠিক কর্তে পারে না, urge to fulfil principle-এর চাইতে sexual urge যেন তা'র prominent; আবার সেইজন্ম তা'র বজ্জের মত তেজন্বিতাও এক ছম্কিতেই coward-এর মত দিশেহারা হ'য়ে যায়।

"আবার এমনতর ব'লেই, অনেকের tenacity ও intensity এক রকম নেই বল্পেই হয়। এটা follow করে distorted calculation-এর রাহাজ্ঞানি চলনার সহিত। আবার কোথাও intensity-ব দপ্দপানি এত বেশী—তা' যেন তা'কে সব সময় বিক্ষিপ্ত ক'রে রে'থেছে।

"আর একটা মজা দেখতে পাওয়া যায়—এদের higher Ideal বা principle বিষয়ে কোন commanding push দিতে গেলেই কেমনতর একটা turn নিয়ে, ঐ রকম push-এ তা'র যে complex excited হয় তা'রই support-এ incoherently নানারকম pose-এ কথা বল্তে থাকে —যাতে নাকি ঐ principle-টাই astern হ'য়ে তা'র interest-কে সাবাড় ক'রে দিল। কিন্তু ঐ fits কে'টে গেলেই যা'র। একটু sensibly sentimental, অস্ততঃ তা'রা একটা depressive আপশোষ নিয়ে অন্ততাপ করতে থাকে।

"আরো একটা মজার ব্যাপার হ'চ্ছে এই সে মনে করে, তা'ব কাঁধে কাঁধ মিলিযে কাজ করতে তা'র পাবিপার্শ্বিকেব কেউ যেন উপযুক্তই নয়কো। তাই দে কাউকে কোন দিক দিয়ে কোন রকমে support ক'রে active sympathetic-ও হ'তে পারে না, এবং sympathetic and serviceable manipulation-এ কাউকে কাজেও লাগা'তে পারে না,—কেউ কোন proposal দিলেই তা'কে না বু'ঝেই প্রাণপণে protest করতে থাকে; স্বাই যেন তা'র কাছে inferior, unworthy-বেকুব। কেউ আবার মনে করে, তুনিযার প্রত্যেকের কাছেই সে যেন ignored, তা'কে যেন কেউ বুঝ তেই পারলে না, আর এই বুঝ তে পারে না ব'লেই তা'র চাল, চলন, অভ্যাস, আচার, ব্যবহার কারু কাছে justified হয় না, সে অতব্ড honourable হ'রেও এমনতর ছনিয়ায় জ'ন্মে inferiorly পাকতে বাধ্য হ'চ্ছে,—অথচ তা'র philosophy-তে নিজের বেলায় বান্তবতায় কাজে responsibility ব'লে কিছু নেই কো; service ব'লে কিছু নেই কো; sympathy বা অফুকম্পা ব'লে কিছু নেই কো;—আর এগুলি কাউতে সার্থক হ'তে পারে এমনতর ব'লে তো কিছু নেই-ই, সে কোখায় কি ব্যাপারে কাহার দারা inferiorly behaved বা insulted হ'মেছে তা'র খতিয়ানী জ্মা-খরচ তা'র কাছে সঙ্গাগ। কারণ সে inferiorly যদিও live করে, তা'র চাইতে superior তো কেউ নেই! আর, superior যদি না হ'ল, তা'হ'লে কি তা'র শ্রেষ্ঠ হ'তে পারে!

"Underlying foolish বা wickedly mean inferiority তা'কে সব সময় follow করে ব'লে, elating কোন কিছুই হউক, কোন বড়লোকের কথা হউক, কি কোন বড় কাজের কথাই হউক—সবাই যেন তা'র ego-কে wound-ই কর্তে থাকে। তাই সে সব সময়ই তা'র ego-কে বাঁচানর জন্ত পগুতি reasonable দোষ-দৃষ্টির weapon নিয়ে সব সময়েই সজাগ থাকে—তাই সে সেই-সব বিষয়ে কোন কিছুই ভাবিবার আগেই এক চোটে তা'র প্রত্যেক পদকেই দোষদৃষ্টির মহরায় তৃষ্টবাক্যজালে অবশ বা নিকেশ ক'রে দিতে কোন দিকে দিক্পাত করে না। ফলকথা, যেথানেই দেখ্বেন, দে'থে বোঝে না, ভে'বে বোঝে, যা'দের ভাবা দেখাকে sordid ক'রে ব্রুদারী বেপরোয়া থারাপকে প্রতিপন্ন করে—দোষদৃষ্টি যা'দের মুখ্যভাবে বিশ্-গিতান-এই থাকে, যা'রা giant philosophers of negation, অমনতর রকমের wise pauperism যে তা'দের জগংকে একাধিপত্যে govern ক'ছে এ একটা নিশ্চিতই লক্ষণ।

"এই দারিদ্রা-রোগ এতই contagious, এদের সাথে কিছুদিন বসবাস কর্নেই মামুষের তা' টের পে'তে বেশী বিলম্ব লাগ্বে না। সে যতই জোরদার মামুষ হোক না কেন, কিছু-না-কিছু contaminated হ'বেই। তাই, এ সমন্ত ব্যাপারে nourishing and elating protest না ক'রেই থাকা বা ফেরা উচিত ন্যকো। কিন্তু সাবধানে নজ্ব রাখা চাই—ওরা vitally depressed না হ'বে ওঠে।

"ঐ motor sensory incoherence-এর জন্ম এবং বৃত্তির চাহিদার জবরদন্তির জন্ম তা'রা প্রায়ই অস্বাভাবিক ভক্তিসম্পন্ন হ'য়ে থাকেন। কারণ তা'রা কর্তে পার্বে না, কিন্তু বৃত্তির চাহিদা-মাফিক পাওয়া তো চাই-ই! ঐ রকম ভক্তির ভিতর দিয়ে যদি পাওয়াটা সার্থকই হ'য়ে ওঠে, তা'তে আর আপত্তি কি? তাই এরা অনেক সময়ে প্রেষ্ঠপ্রাণতার pose নিয়ে ভক্তিঢল-ঢল উচ্চ্ ঋলতায় বৃত্তিস্বার্থকে সহজ ও হুগম কর্তে প্রয়াসশীল হ'য়ে ইষ্ট বা
মহাপুরুষদের কথাগুলিকে বা তাঁ'দের চলন-চরিত্রকে মামুখের কাছে distortedly narrate ক'রে লোভবিহ্বলতায় ভিতর ভিতরে cruel designing attitude নিয়ে চল্তে থাকে; হাব, ভাব, চলন, চরিত্রকে এমন unnatural অস্বাভাবিক হন্দর ক'রে তোলে, তা' যেন তা'র normal temperament-এ
থাপই থায় না—তা'র কথা ও চলার সৌন্দর্য্য এবং প্রেষ্ঠকে সার্থক করার বাস্তব
করণের সাথে হরদম একটা বিরাট গ্রমিল বা difference-ই দেখ ছে



শ্রীশ্রীঠাকুর অনুকৃলচন্দ্র (চন্নারিংশৎ বর্মে)

পাওয়া যায়। সে আবার ঐ গরমিলটা যা'তে মানুষের দৃষ্টির অগোচরে রাখতে পারে, ভা'র জন্ত uncalculating বিশ্বাস করার pose-এ ডুবুরী সে'জে নিজের চলনকে মানুষের কাছে justified করার জন্ত অনুকম্পাকে আকর্ষণ ক'বে চলতে থাকে। কিন্তু এই difference—যা' আগে বল্লাম— এইটাই সভত্ত ভা'কে definitely identify করে।

"তাই এরা প্রায়শঃই বহুনৈষ্টিক, এই নিষ্ঠা আবার বেশই discrete. কোন নিষ্ঠা কাউকেই integrate ক'রে develop ক'রে তোলে না। এই লক্ষণটা যে-জীবনে দেখতে পা'বেন, বৃঝ্বেন, তা'র জীবনে disintegration মাথা গুঁজে ব'সে চোরের মতন silent creeping-এ চল্ছে—আরো বৃ'ঝে ব'লে দিতে পারেন, ত'ার জীবনের প্রায় ব্যাপাবই অমনতরই।

"এরা খ্ব miracle বা mysticism পছল করে, হেতৃবাদ শুন্লে এরা বড়ই depressed হ'য়ে পড়ে। তা'বা বলে, এমনই হঠাং বা অ্যাচিতভাবে যদি মনোবাসনা পূর্ণই না হ'ল, তা'হ'লে ভগবানের অহৈতুক রুপাসিদ্ধু নাম কি মিথা। গু সাধু ধ'রে তাবিজ-কবচ নিয়ে কাজ-বাগান বৃদ্ধি অর্থাং যা' যেমন ক'রে কর্লে পাওয়া যে'তে পারে তা' না-ক'রে-পাওয়ার বৃদ্ধি থেকেই ওবা অমনতর ক'রে থাকে। কিন্তু এমনি ব্যাপার—এই নাক'রে-পাওয়ার বৃদ্ধি নিয়ে চল্তে তা'রা এতই পরিশ্রম করে, কিন্তু service দিয়ে বা ক'রে-পাওয়াটা সে তুলনায হয়ত অনেকই অনাযাস্সাধ্য হ'ত—এ হিসাবটা তা'দের ইয়াদে কিছুতেই উপস্থিত হ'তে চায় না।

"আর এদের আরো একটা characteristic লক্ষণ হ'চ্ছে—প্রাদশঃই ভা'রা পরশীকাতর হ'বেই হ'বে। অন্তের উন্নতির ভিতর এরা নিজেদের interest কিছুতেই যেন বোধও কর্তে পারে না বা ধর্তে পারে না,— আর অন্তের উন্নতি যেন এদের existence-কে অবসন্নই ক'বে তোলে। সমন্ত nerve system—এ এমনতরই uncomfortable sensation feel করে—মনে হথ, তা'দের nerveগুলিকে ঐ যা'রা উন্নতিপরাধণ, তা'রা যেন কামারের তায় তৈরী করা ছাঁতি বা জন্ধরীর ভিতর চুকিয়ে সাঁড়াশী দিয়ে টেনে লম্বা কর্তে ব'সেছে। তাই তা'দের down কর্তে with zealous depressive eloquence এদের বন্ধপরিকর না হ'য়েই যেন উপায় নেই। আর এটা হয়—consciously-ই হোক আর unconsciously-ই হোক তা'দের underlying inferiority in contrast with them—ব্রী ধরাই প'ড়ে গেল, তা'রা অকাতরে যে অজ্ঞান মাহ্যদিগকে গোঁপে তা দিয়ে honourable pose নিয়ে exploit ক'রে চল্ছিল, ব্রী এখনই conscious না অচিরেই ধরা প'ড়ে যা'বে, এই আশন্ধায়। আর এই জন্ম উন্নতচননীল

ষা'রা তা'দের কাঁধে কাঁধ মিলিয়ে কিছুতেই চল্তে পারে না। ছেলেপুলে কোন অন্তায় কর্লে তা'দের বাপ বা guardian-এর কাছে এগুলো বেমন খুবই মুস্কিল ব্যাপার—অদৃষ্ট কি একটা ভূত যেন এগুতে গলা ধাকা দিয়ে ফিরিয়ে দেয়—এদেরও অবস্থা প্রায় অমনতরই হয়! তাই তা'রা ঐ অজানা ধাকার অত্যাচারে বেদম রঙ্গীন নিন্দা আরম্ভ ক'রে দেয়—অ্যাচিত নিন্দা বা না-দেখে নিন্দা বা দেখে অযথা distortedly তা'কে narrate করাও তা'দের characteristic লক্ষণ।

"Becoming-এর কোন-কিছু যে achieve করতে করার চলনে চলতে হয়, বুদ্ধি বা প্রবৃদ্ধির চাহিদাকে নিয়ন্ত্রিত করতে হয়—এ সবই যেন তা'দের পক্ষে বৃশ্চিকের তুলা ভীতিসঙ্কল। বৃদ্ধিকে নিযন্ত্রণে উন্নতিস্বার্থী করতে হ'লেই দে বলবে—'ওদৰ ব্যাপারে আমি নেই,—গরীব আমি, এক কোণায় প'ড়ে আছি, আমাকে নিয়ে টান-পাড়াপাড়ি কেন বাপু ?' আবার বুত্তিচাহিদা-পূর্ণ না-ক'রে-পাওয়ার 'কাক' অনুস্থাতভাবে মন্দাকিনীর মতন এদের অন্তরে প্রবহমান থাকার দরুণ এদের কাছে যদি কেউ কোন service পাওয়ার জন্ম-অর্থ ই হউক বা সামর্থ্যই হউক—ন্মন্ত করে, সে তা'কে তা'র প্রবৃত্তিপূর্ণী ইন্ধন ক'রে নিজে প্রবৃত্তির বা হামবডাই উদারতার মতন ক'বে ব্যবহার করবেই করবে। আর এই স্বভাবটা এমনতরই, মান্নবের বাত্তব উন্নতিতে যেন একটা বঞ্ছ-কপাট। এ স্বভাব থাক্লে তা'দের বুদ্ধিবৃত্তি এমনতরই হয়, তা'দের নিজেদের কোন profitable concern এ'লেই তা'কে twist ক'রে diverging বৃক্ষে চলে—যা'র ফলে তা'রা মান্থবের কাছে ব'লে বাহাত্রবীপূর্ণ অমুকম্পার স্বষ্টি করতে থাকে—এই এক মিনিটের জন্ম এমনতর একটা profitable ব্যাপার হ'যে উঠ্ল না—সব ঠিক-ঠাক, প্রস্রাব ক'রে ফিরে আসতে আসতেই অন্তে কান্সটা বাগিয়ে নিলে। সে হয়তো ২৩ ঘণ্টা ধ'রে প্রস্রাব চে'পে রে'থে প্রস্রাবের প্রয়োদ্দটা ঠিক for that moment রেহাই দিতে পারলে না।

"আর এরই জন্ম becoming-এর অনুসন্ধিংসা—্যা'তে সে profitable হ'তে পারে—তা' যেন সব সময়েই তন্দ্রাকুল চাহনী নিয়ে পরিশ্রান্তের মতন চল্তে থাকে, কিন্তু তা'র ঐ mean inferiority-র ego ষেখানেই সংঘাতবিদ্ধ হ'তে পারে বা হয়, তা'তে সে বড় conscious—তা'র বেলায় অনুসন্ধিংসা-প্রবৃত্তি নেহাং কম নয়কো। সে সব সময় ওরই ফন্দিবাজী বৃদ্ধি নিয়ে ভাবে ও চলে—তাই তা'রা প্রায়ই যেন ভেবেই দেখে, ভেবেই শোনে। আবার দেখার চাইতে তা'দের ঐ নীচতাকে support করে, এমনতর শোনার প্রস্থিতি যেন বেশী।

"আবার আর এক মন্ধা;—এই রকম বিধ্বন্ত ষা'রা, তা'রা অন্ত স্বাইকে তাবে—'ওরা pauper', কিন্তু নিজের দিকে নজর করে না। নিজের দিকে নজর না করারও মানে আছে। নিজের দিকে নজর কর্লেই তা'রা এমনতর depressed হ'রে পড়ে,—মনে করে hopelessly damaged হ'রে গেছে— দেই জন্ত তা'রা হরদমই resist কর্তে থাকে, অমনতর অনেকেই, কিন্তু সে নিজে নয়কো। বৃদ্ধি থাটিয়ে তা' justify কর্তেও কম্ব করে না। আবার সেই জন্তই, সে যে তা' নয় এইটাকে demonstrate করার থেয়ালেই হউক, আর ষা'তেই হউক, অন্তকে correct করার বৃদ্ধি কম জ্বোদা নয়কো।

"পূর্বেষ যা' বল্লাম, এমনতর যা'রা, তা'রা নিজের profitable concern-এ হয়তো নেতিয়েই পড়ল, কিন্তু যা'তে তা'র কিছুমাত্র profit নেই, তা'তে হয় তো ভূতের মতন থাট্তে লাগ্লো। কিন্তু ত্র্তাগ্যের বিষয় এই—অমনতর খে'টেও সে হয়তো বাড়ী ফির্ল একটা নিলার পদক নিয়ে, pity-র পাত্র হ'য়ে। এমনতর থাটে কেন, তা' জানেন ? ভিতরে mean inferiority থাকে, তাই তা'র মানের চাহিদা যথেই—মাহুষের চক্ষে সে মানী হ'য়ে দাড়াবে, এই আশায় তা'র মাহুষ বা পারিপার্ষিকের তা'কে যে একটা বিশেষ প্রয়োজন আছে, মুখ্যতঃ তা'কে সেইটাকে demonstrate করা।

"Inferiority মানুষেব মন্তিক্ষকে যদিও অনেক বৰুমেই আক্রমণ ক'রে থাকে, তবুও একজাতীয় inferiority-ব একরকম প্রধান অগ্রদ্ত হ'চ্ছে—পুংমৈথুন স্থভাব। বিশেষতঃ এর object-রা অতি সন্থবেই inner masculineness-এর দারিস্ত্রো down হ'য়ে একটা dull depressing inferiority নিয়ে বসবাস করে। এদের প্রধান ঝেলনবেংলাহাতে-ই হ'চ্ছে—যা'রা treacherous, ungrateful, যা'দের দারা বংশ ও জাতি আহত হয়, যা'রা treacherously depressor,—তা'দের with a zealcus mood support ক'য়ে খ্বসে বাহাত্রী নিয়ে, নিজের masculinity establish করার আহাত্মকী rationalising চালিয়াতী হ'তে কিছুতেই যেন বঞ্চিত হ'ডে পারে না। এরা সাধারণতঃ বেশী maso-effiminately well-dressed হ'য়ে বসবাস কয়ে, কথাবার্ত্তাও কয় ম্যাদাটে masculine মাফিক—যেন কেমনতর rationalising sentimental ম্যাদাটে আন্থারে মতন। বন্ধ্বান্ধবের প্রতি normal থাতির—যা' মানুষের থেকেই থাকে—তা' যেন স্থানই পায় না। এরা সব ব্যাপারেই এদের masculinity establish করতে ব্যতিব্যস্ত।

"ভাল কিছুতে obeisance বা conviction আসা তাই এদের বড়ই মুদ্ধিল, কারণ এদের ভালমন্দে বড় বেশী তোয়াকা নেই, এরা চায় তথু ভাই-ই, ৰা'তে এদের ঐ pauper masculinity glorified হ'নে মাছ্যের কাছে—'পুরুষ ঘটে'—এই আখ্যা পে'তে পারে। সেই জন্ত আপন-পর, ভাল-মন্দ, obeisance বা obligation বা'তে নাকি পুরুষের পুরুষত্ব—ভা'র distressed consideration—সে-সবের ধার-টার এরা কিছুতেই ধারতে চায় না।

"মনে করুন, কোন চোর কোথাও যদি চুরি ক'রেও থাকে, সাধারণতঃ মান্থবে চেষ্টা করে, তা'র চৌর্য্য যা'তে অপনোদিত হয়;—এরা কর্বে কিন্তু উল্টো; with glorious zeal ঐ চৌর্য্যের support ক'রে যদি তা'র masculinity-র কোন রকম establishment পায়,—আপ্রাণ হেতুবাদে এরা তা'কে support-এর জন্ম fight কর্বেই কর্বে।

"এদের থেকে আরো ঝুনো যা'রা, তা'রা nuisance-like বসবাস করে— জীবনে কোন aspiration-এর ধার ধারে না। Fetid humour-এ রাগান্বিত হ'তে তা'দের প্রায়ই দেখা যায় না। Dull spirited অথচ fetid luxury নিয়ে ইয়ার্কি, ফাঙ্গলামো, তামাসার চালিয়াতী ফৃডিতে তারা মন্দ মস্গুল থাক্তে পারে না—ইত্যাদি অনেক কিছু।

"Inferiority কাউকে enchanted হ'য়ে obey করতে পারে না—তা'র nerve প্ৰলি কোন একটা pressure-এ থাকতে বা কোন principle-এ enchanted হ'মে নিয়ন্ত্রিত হ'তে পারতপক্ষে একদমই নারাজ। আতকে তা'দের nerves যথন paralytic হতভম্ব হ'য়ে ওঠে, তথন তা'রা বড সহজ মামুষ। Obeisance বা obey করার ব্যাপারগুলি যেন ডা'র কাছে cynic insulting ব্যাপার। সে সব সময়েই চিস্তা ক'রেই স্থী হ'তে চায়—তা'কে তা'র efficiency হ'তে বঞ্চিত ক'বে রে'থেছে তা'র environment-এর তথাক্থিত efficient-রা। আর তাই philosophy of weakness, philosophy of inability, really efficient-দের সার্থ-পরতার mal-psychology খুবনে এন্তামাল ক'রে একটা sordid rational অর্থ-সার্থকভার micro-twisting-এর ভিতর দিয়ে plainly and highly magnify ক'বে মাহুবের কাছে ধ'বে নিজের দল বুদ্ধি ক'বে careful carelessness-এর pose নিয়ে তা'দের নেতা হওয়ার সথ অত্যন্ত। আর ঐ urge-ই অমনতর ক'রে তা'দের active ক'রে তোলে—ভিতরে ভিতরে वृषि এই,-- नार्गारापत कान तकरम शांकित नित्र efficient superior वाणित्मत त्वन क'तत त्मिरा मिरा ह'त्व-वामि कि जीक !-वात তা'তে তা'ৰ ত্নিয়াৰ principle-শৃত্য বৃত্তিস্বার্থপ্রধান চলনাও হাল-সে-विद्यान, खवाध हननाम हन्एछ थाक्रव ;—inferior खर्थाए खानर्गविद्योन, irresponsible, utopian, inactive idler-দের common interest-ই তাই ঐ হিসাবে তা'র interest. ঐ inferior-দের able, active ও efficient ক'রে superior efficiency-তে নেওয়া কোন রকম auto-initiative service-এর ধন্ধা তা'দের তো নেই-ই—বরং ওসব কথায় বিরক্ত হ'য়ে এমনতর vague উত্তর দেবে, হয়ত বল্বে—'এখন সাত মণ ভেলও জুট্বে না, রাধাও নাচ্বে না!'

"Inferiority-র আর-একটা প্রত্যক্ষ peculiarity হ'ছে—সে যা'দিগকে superior ব'লে মনে করে,—নানা কেরদানি, উদার নীতি ইত্যাদি নানা রকম philosophy আওড়িয়ে নানা রকম entice ক'রে তা'দের নিজের থাকে এনে এক্শা ক'রে তৃপ্তিলাভ করে! কিন্তু যা'দের সো inferior ব'লে মনে করে তা'দের সাথে কিছুতেই এক্শা হ'তে চায় না। তথন তা'ব নীতি-ফিতি, philosophy অন্তর্মণ।

"এমনি এমনি আরো যে কত তা'র ইয়তা নেই! এর ভিতরে যা'দের অক্স্তার জন্ম বা ill nurture-এর জন্ম motor-sensory co-ordination ভে'কে গেছে বা অনভ্যাসে অবশ হ'য়ে গেছে, তা'র সহজেই easy nurturing-এই প্রেষ্ঠপরায়ণ হ'য়ে উঠ্তে দেরী লাগে না। তা'রা curable-ও হ্য় easily;—যা'দের libido damaged হ'য়ে গেছে, এমন-কি damaged হ'য়ে wreckless-ও হ'য়ে উঠেছে, প্রেষ্ঠপ্রাণতা তা'দের ভিতর একটা crying hankering-এর মতন—curative force-এর মতন জেগেই থাকে। তা'রা হয়তো প্রতি দীর্ঘনি:শাসেই বলে,—'ধ'রে তোল, কে আছ কোথায় ?' এই দারিদ্রো-পাওয়া রোগ cure কর্তে তা'দের বড় বেশী জ্ঞাল পোয়াতে হয় নাকো। আর এগুলি তেমনতর heredity-কেও আক্রমণ করে না—আক্রমণ কর্লেও খুব কম।

"কিন্তু libido যা'দের distorted হ'য়ে গেছে, তা'দের সমস্থাই কঠিন।
আর এটা বেন syphilis-এর মতন heredity-কে আক্রমণ করে। অত্যন্ত কঠোর ও cautious nurture-এ এদিগকে manipulate ক'রে যদিও অনেকটা ঠিক করা যে'তে পারে, তথাপি প্নরায় ঐ রোগগ্রন্ত হওয়ার ভয় কিছু-না-কিছু তা'দের থেকেই যায়!

"আমাদের জন্মের সাথে সাথেই সাধারণত: প্রকৃতিই আমাদিগকে sensory ও motor nerve-এর temperament-মাফিক co-ordination ক'রেই দিয়ে থাকে। ছেলেদিগকে ভাল করার প্রলোভনে, বিভাবুদ্ধিতে দিগ্গজ করার প্ররোচনায় guardian-রা—কি একটা কথা আছে—'Spare the rod, spoil the child!'—এই motto অফুসরণ ক'রে প্রকৃতি-প্রদন্ত

ঐ motor ও sensory co-ordination-কে ভে'লে ছেলের ভবিশ্বং জীবনের জানা ও চিন্তাগুলিকে করার বাস্তব পরিণতিতে জানার ঐ প্রকৃতি-প্রদন্ত বোঁকের নিকেশ ক'রে দিয়ে বাক্-বিলাসী, বাঁচা বাড়ার পথহারা, বিক্ষিপ্ত, ধোঁয়াটে, ধাঁধাল ও ঝাঁঝাল চুর্বল inferiority-ওয়ালা ক'রে ক্লিষ্ট ও প্রান্ত হতদরিদ্র জীবন-লাভের দিকে জোর ক'রে নিক্ষেপ করতে থাকেন।

"Guardian-রা যা' আশা ক'রে ঐ রকম ক'রে তা'দের ছেলেপুলেকে acquisition-এর ভিতর দিয়ে brought up কর্তে চান, করার আফুপাতিক যা' হ'বার তাই যদিও হ'য়ে থাকে, কিন্তু অজ্ঞ জানা যে আশা দিয়ে তা'দের ঐ রকম ক'রেছিল, তা' মোটেই না দেখতে পেয়ে, না উপভোগ ক'রে অদৃষ্টকে শত বিক্কার দিয়ে হতাশার দীর্ঘ নিঃখাসে জীবনকে প্রতারিত ও পরিচালিত কর্তে থাকে;—আর সাধারণতঃ ঐথান থেকেই ফ্রফ হ'তে থাকে ছেলেপুলের ভবিশ্বং জীবনের অদৃষ্ট পথ চলা,—যদিও এর অনেকাংশই জাতক তা'র বাপ, মা ও পূর্কপুক্ষ্য-নিঃস্বত instinct বা সংস্কারের ভিতর থেকে লাভ ক'রে থাকে,—আর আভাস্তরিক ত্র্বলতাবশতঃ পারিপার্শিককে তা'র বাঁচা-বাড়ার অমুক্লে নিয়য়ণ কর্তে না পে'বেও অনেকটা ঘটে' থাকে। এই আভাস্তরিক ত্র্বলতা থাকলেই প্রথমেই পারিপার্শিকের্স সংঘাত থেকে একটা হপ্কান ভাবের স্কৃষ্টি হ'য়ে নিজের বাঁচা-বাড়ার ক্ষ্মিবৃত্তিব আবেগে ভালমন্দর সঙ্গে একটা compromising প্রবৃত্তি ভ্রের মত পেছু নেয়। তা'বা তা'কে যেন কিছুতেই shake off কর্তে চায়ও না, পারেও না। এই রকম ক'রেই তা'রা dolls of environment হ'য়ে পডে। যাক্ সে অনেক কথা।

"এই থেকে রেহাই পে'তে হ'লেই মান্ত্রম নিজের complexগুলির প্রভূষে তা'র personality ও individuality পারিপার্থিক ও প্রলোভনের টানে নানারকমে পর্যাবদিত হ'য়ে disintegrated না হ'য়ে পড়ে, সেই জন্ত guardians বা যা'দের প্রতি তা'দের আস্থা আছে, তা'দের কর্ত্তব্য—কোন একটা Superior Personality-কে তা'দের Superior Beloved-রূপে এমন ক'রে দাড় করান, যা'র ফলে তা'দের libido বা আদিম আদক্তি তা'তে অকাট্যভাবে বাঁধা পড়ে' যায়;—আর, তা' এমনতরভাবে সেই Superior Personality বা Superior Beloved-এর wishes-গুলি বাস্তবভাবে fulfil করার ঝোঁক এমনতর উপ্চে' ওঠে—ধেন, তা'দের তা' না-ক'রেই উপায় নেই—তা' না কর্লে ছ্নিয়ায় তা'র ঘেন আর-কিছুই ভাল লাগে না—তা'র wish-fulfilment-ই যেন সে তা'র নিজের স্বার্থ ও উপভোগ ব'লে মনে কর্তে পারে—এমন কি নিজের প্রবৃত্তির চাহিদার

সহিত জীবনের চলনার ভালমন্দের হিসেব-নিকেশগুলিও ঐ ঠা'র স্বার্থ ও প্রতিষ্ঠার মাপকাঠিতে মেপে মেপে চলাই জীবনের সহজ ও সাধারণ 'ক্যাক্' হ'য়ে ওঠে। আর, দ্বিতীয়তঃ হ'চ্চে মান, অভিমান, আগল্ঞ, আত্মন্তরিতা, সন্দেহ-বিলাসিতা ইত্যাদি—যা' নাকি দারিজ্যের অকপট অন্ত্চর ও মোসাহেব —ঐ Superior Beloved-এর fulfilment-এব নেশায ওগুলির বেক্বী প্রশ্নই যেন মনে না উঠাতে পারে।

"খা'দের অমনতন হয়েই-ছে, তা'দের বিচাব, বিবেচনা ও manipulation দিয়ে ওগুলি হ'তে অতি সম্বর নির্ত্ত হওয়াই চাই ;—নত্বা উন্নতিতে কঠিন হ'য়ে উঠ্বে। আর এর সাথে সাথেই ভাল ব'লে যা' মনে হ'ছে—ঐ ইষ্ট বা প্রেষ্টের স্বার্থ ও প্রতিষ্ঠার অন্তক্লভাবে—তা' প্রবৃত্তিগুলিব চাহিদার পড়তায় পড়ুক আর নাই পড়ুক—যতদূর সম্ভব পারিপার্শিক বা পারিপার্শিকের অন্ত কারুর ক্ষতিজনক না হয—অম্ভতঃ এমনতর গুলিকে—কাঙ্গেব ভিতর দিয়ে বাস্তবে পবিণত করা চাই-ই।

"আর, এদেব reform কর্তে হ'লে কোথাও hope, sympathy-র নানারকম pose নিযে চল্তে হয়, প্রত্যেকের profitable অন্তসন্ধিংসার excite কর্তে হয়,—তা'দের সম্মুপে specially profitable কিছু তা'দের consciously না ধ'বে—কিন্তু carn কর্তে পারে এমনতর নানা রকম arrangement সামনে নে'থে, কোথাও বা জায়গা মতন shock দিয়ে manipulate কর্তে হয়। আবার, ঐ instigation-এর ভিতর দিয়ে, খুব enthusiastically প্রেষ্ঠ-মানতিতে মারুই, উদ্দীপ্ত ক'রে তুল্তে হয়। তা'র সঙ্গে কান-কিছুব করার ভিতর দিয়ে—যা'রা খুব প্রত্তম, তা'দের অন্ততঃ agriculture-এব ভিতর দিয়ে—উদবার-সংস্থানের ব্যবস্থা কর্তে হয়। নেহাংই না পারে যথন, সে বৃষ্তে পারে না—এমনতবভাবে তা'র উদরান্নের জন্ত সাহায্য কর্তে হয়। আবার এই ক'রেও উপায়ের ভিতর দিয়ে উদরান্নের সংস্থান ঘটানর ভিতরেই তা'রা যা'তে নিংমার্থভাবে অন্তকে কিছু দিয়ে আনন্দ পায়—সেই রকমগুলিতে বিশেষভাবে তা'দের elate কর্তে হয়।

"এই রকম কাষদা-কান্তনের ভিতর দিয়ে, তা'দের প্রেষ্ঠবান্ ক'রে, motorsensory-র co-ordination এনে দিতে পার্লেই অনেক রক্ষা।

"ক'রে,—তা'র পরিণতিগুলিকে যে উপভোগ করা একটা বিরাট আনন্দ, হামেসা তা'দিগকে এমনতর atmosphere-এই রাখতে হয়। আর প্রবৃত্তিগুলি যা'তে প্রেষ্ঠস্বাথী হ'য়ে becoming-এ নিয়ন্ত্রিভ হ'তে থাকে, cautiously এমনতর ইচ্ছা তা'দের ভিতর জাগিয়ে রাখতে হয়—যেন নেশুলি না ক'রেই তা'বা পারে না। "আর, যা'র বে দোষগুলি prominently active হ'রে দাড়িরেছে, through manipulation-ই হউক, shock দিয়েই হউক, বেখানে বেমনতর প্রয়োজন—তা'র নিরসনেই তা'দিগকে অভ্যন্ত ও সহজ্ব ক'রে তু'লে চল্ডে হয়। এমনি ক'রে cautiously চেষ্টা কর্তে কর্তে মাহ্মবের চরিত্র থেকে দারিন্দ্রে-পাওয়া ভূতকে তাড়ান যে'তে পারে। আমি সাধারণতঃ চূমকভাবে distortion caseগুলিকে উপলক্ষ্য ক'রেই দারিন্দ্রো পাওয়াকে narrate ক'রেছি;—ওর ভিতর ষেগুলি distorted নয়কো—অনেকটা easy—তা'ও প'ড়ে যায়, এই ভে'বে।

"এমনি ক'রে ক'রে সহজ একটা জহুকশার ভাবের ভিতব দিয়ে responsibility নেওয়ার বৃদ্ধি—as a luxury—ইষ্টস্বার্থ ও প্রতিষ্ঠামূলক fulfilment-এর ভিতর দিয়ে খুবসে বাড়িয়ে তুল্তে হ'বে। Responsibility shirk করার বৃদ্ধি যা'তে কিছুতেই না আস্তে পাবে, সে বিষয়ে বিশেষভাবে কঠোর হ'তে হ'বে।

"আর, এই কর্তে গেলেই সেবা-প্রবৃত্তিও ক্রমশঃ মাথাতোলা দিতে থাক্বে। একটা firm conviction, being-টাকে আরুষ্ট ও আরুত ক'রে তুল্বে,—তা'র ফলে যাজন-প্রবৃত্তি তুথোড় তর্তরে তীব্র ও স্নেহলদীপ্ত হ'য়ে উঠতে থাক্বে। তথন যজন যাজন চুইই দীপ্ত প্রতিভার মতন profitable অহসন্ধিংসা ও activity-র সহিত উভয়ে উভয়কে আলিকন ক'রে জীবনাকাশে শুক তারার মতন নানা রং-বেরঙে অশেষ দীপ্তিতে, চলচল কঠোরতায় তীব্র বন্ধীন হ'যে বাস্তব বিজ্ঞানে জলতে থাক্বে। এই রক্ম চল্নাব ভিতর দিয়ে যথনই আপনি দেখ্তে পাবেন, সে service-এর ভিতর দিয়ে, অহসন্ধিংসার সহিত তা'ব পারিপাধিককে elate ক'রে সহজ ও হন্দরভাবে আরপ্রসাদময়ী আহরণপটু হ'য়ে উঠেছে,—তা'র ভিতরকার pauperism-ও তেমনি ক'বেই সাবাড় হ'চ্ছে—নিশ্চিডভাবেই ব্রুবেন। এই হ'চছে আমার pauperism থেকে রেহাই পাওয়ার অভিজ্ঞতার তৃক্তাক।

"দেশ যথনই এই Superior Beloved-চ্যুত বা ইট্ট্যুত হয়, pauperism তথন তা'র রাক্ষী লালসায় মুখব্যাদান কর্তে কর্তে ক্রমেই জনসমূহকে, অর্থাৎ—ঐ ইট্ট ও আদর্শচ্যুত জনগণকে আক্রমণ কর্তে থাকে।—তা'রা হ'য়ে ওঠে বাক্বিলাসী, অপটু ও বিক্থি কর্মী, আলভ্যপ্রবণ, philosophers of negation, immense contaminators of প্রবৃত্তিপ্রণী depressed unfulfilment, leading pioneers of poverty—অন্তকে পৃষ্ট বা profitable না-ক'রে-পাওয়ার বৃদ্ধিচাতুর্গপৃষ্ট ঠক্—জোচোর,

— মান, অভিমান, দম্ভ, আরম্ভবিতা, সন্দেহবিলাসী হুকুমদার — নিজেকে নিয়মিত না ক'রে আরপ্রপ্তিমুগ্ধতায় পারিপার্শিককে ভাল হওয়ার প্ররোচনা দেখিয়ে উপভোগ-ইন্ধন-আহরণী বৈজ্ঞানিক যাজক;—cqualisation অর্থাৎ আমার মতন সব তোমরা হও—এমন্তর philosophy-র বক্তা, ঋষি, মুনি ইত্যাদি!"


শ্রেমশিল ও বেকার-সমস্তা

"অভিপ্রায় ও উদ্দেশ্য যদি না হয় কি ক'রে অন্যের পরিপৃষ্টি ও পরিবর্দ্ধন আনা বে'তে পারে, তবে শ্রমশিল্পের উদ্বোধন মান্তবের ভিতর কি-ক'রে হ'তে পারে ? 'Industry' মানেই হ'ল building up from within (ভিতর হইতে গঠন করা)। তা'হ'লে 'ইণ্ডাষ্টির' বা শ্রমশিল্পাদির মূলপ্রেই এই—মাহুষের কাছে যাওয়া, তা'দের প্রতি সহাত্মভৃতি দেখান, তা'দের স্থবিধা অস্থবিধা দেখা, আব তা-ই চিন্তা করা কি-ক'রে তা' পূরণ কবা যায়—যা'তে তা'রা পবিপুষ্ট, পরিবর্দ্ধিত হ'তে পারে, তু:ধ, কট, অস্থবিধার হাত হ'তে বাঁচতে পারে,—আর এই রকম অভাব ও বেদনা জানার সংঘাতেই সাহায্য করে to build up from within (অন্তর হইতে গঠন করা)—তা'তে লেগে যাওয়া আপ্রাণ হ'য়ে—অভাবের পূরণ করতে। আর এই থেকেই আদে লাভন্তনক পরিচালন—কি-ক'রে কোথায় কেমন ব্যবস্থা করলে অধোগতিকে পরিহার ক'রে উন্নয়নকে অকুল করা যায়;— আর এই করতে গেলেই আমাদের সকলের সাথে মধুর ও অকপটভাবে ব্যবহার করতে হ'বে,—আর এই দেবাপরায়ণ ভাব ও লাভন্তক পরিচালনায় স্যত্তে কর্মপুরায়ণ হ'য়ে অট্টভাবে অবিরাম লেগে থাকা চাই। তাই समितित्वत अहेश्वनि सर्थार अहे हिविज्ञश्वनि श्रक्त अवर श्रक्तहे त्मवक,--अ যা'তে নাই তা'র শ্রমশিল্পাদি করা একরকম আকাশকুস্কম। জগতে দেখা যায় না এমনতর মাহুধ বড় হ'য়েছে যা'র ভেতর এমনতর চরিত্র স্বভাবসিদ্ধ নয়। সেবার ভিত্তিব উপর আমশিল্প যদি হয়,—উদ্দেশ্য যদি হয় পরকে দেবা করা, আর **যদি মাহুষের উ**দ্ভাবনা ও আবি**কার তা'কেই** সার্থক করে.—তথনই তাহা স্থবিধা, স্থপ ও জীবনকে সৃষ্টি করে। কিন্তু মাতুষকে profitably elate (লাভন্তৰ্কভাবে উৎফুল) না ক'বে, service (দেবা) দিয়ে তা'কে সমৃদ্ধ করার প্রলোভন দেখিয়ে ভ'ষে যে তা'র কাছ থেকে বাঁচা ও ভোগের লওয়াজিমা আদায়ের বৃদ্ধি নিয়ে, তা'কে বেকায়দায় ফেলে' চিপে' অন্তঃদারশুক্ত করার পাণ্ডিত্য-এই বে ফাঁকি তাই জমায়েৎ হ'য়ে ষ্মতগুলি soil-কে (স্থানকে) possess (অধিকার) ক'রে বেকার ক'রে তু'লেছে। দেখিতে গেলে ভাহাকে অধিকার করিয়া যাহা যাহা আছে তাহা দৃষ্টি-গোচর হয়ই,—আর সেই জ্ঞানই বিজ্ঞান—সেই জ্ঞানই আধ্যাত্মিকতা। বৈজ্ঞানিকের জ্ঞানাও পর্যাবেক্ষণের মধ্য দিয়া, আর সাধকের জ্ঞানাও পর্যাবেক্ষণ ক'রে। বৈজ্ঞানিক বস্তুকে বিশ্লেষণ ক'রে ক'রে যা'ছে আর সাধক কারণকে লক্ষ্য ক'রে তাহার অন্তসন্ধান ক'রছে। তাই, উভয়ের বোধেরও তফাৎ হ'ছে। সাধকের বোধ অন্তভ্তির ভিতর দিয়া আদে, আর বৈজ্ঞানিকদের বোধ কোন বিশেষ ইন্দ্রিযেব মধ্য দিয়া—আর তা'র সঙ্গে সঙ্গে অন্তমান। বৈজ্ঞানিকের ঐ রক্ম মনোভাব এলে ভবে সে সাধক হ'তে পারে।

বিজ্ঞান সম্বন্ধে আলোচনা-প্রসঙ্গে একদিন অন্তভৃতি ও ইন্দ্রিয় দাবা বোধ বিষয়ক কথা উঠিয়াছিল, তংসম্বন্ধে শ্রীশ্রীঠাকুব বলিভেছিলেন,—

"কোন একটা বস্তু partially (আংশিকভাবে) হুইয়া তাহার above-এ (উর্দ্ধে) থাকিবা বে বোধ তা'কে বলি অমুভৃতি বা sensation,—বেমন যথন আমরা electric battery -র (তাড়িত কোষের) shock (ধাকা) feel কবি (অমুভব কবি),—সগুটা যেমন চোথ দিয়ে দেখা, কাণ দিয়ে শোনা,—তা' আমাদের being-কে (সন্তাকে) affect করে না (রঞ্জিত করে না)। কণাদ, Kekule-র অনুপরমান্ত্র নর্ত্তন জানাটা with sensation (অমুভৃতি দিয়া), St. Augustine, Swedenborg প্রভৃতিরও যা' শুনেছি তাই। সাধকের অমুভৃতি—যেমন কাচের উপর কোন-একটা-কিছুকে প্রতিফলিত করা যায়, কাচ তাহা বারা অমুবঞ্জিত হয় বটে কিন্তু তাহাই হইয়া যায় না এমনতর।"

"বৈজ্ঞানিক যদি যুগপং সাধক ও গবেষণা-তংপর হয়, তবে যে সমস্ত দর্শন তাব সন্মুখে এসে হাজির হয়—তা' অমুভৃতি দিয়ে, আর তা'কে য়ুলভাবে গবেষণার ভিতর দিয়া মুর্ত্ত কবাব মনোভাব যদি থাকে,—তা' হ'লেই অমুভৃতি দিয়ে পর্যাবেক্ষণ আর বিশ্লেষণ ক'রে পর্যাবেক্ষণ এই চুইয়েরই সামঞ্জস্ম আসিয়া বস্তুজগতেব পরিপূর্ণ বোধ অজ্জিত ও আয়ত্ত হ'তে পারে। সাধকের মনোভাব মানেই—সে চায় নিজের বৃত্তিগুলিকে বিশ্লেষণ করিয়া কারণকে বাহির করিতে—(আর এই বৃত্তিগুলি আসে পারিপার্ষিক হইতে)—তাই, কারণে তা'র আসক্তি প্রগাঢ়। মৃত্রাং তোমার যদি আদর্শামুসরণ না থাকে, গবেষণা করা তোমার পক্ষে একটা ভেলীর কণ্ডৃতি ছাড়া আর কৈছুই না; তোমার অসংবদ্ধ জানা শৃত্ধলিত হইয়া পূর্ব্ব ও পরের সহিত্ত কোন মতেই উপনীত হইতে পারিবে না,—আর ভূয়োদর্শন ভোমাকে চিস্তা ও করার জংলা পথে লইয়া হঠাৎ জোনাকি বিকিমিকি দেখাইয়া পথহারা করিয়া আরও বেকুব ও ভবয়ুরে বৈজ্ঞানিক ছাড়া কিছুই করিতে পারিবে না।



ষদি সত্য সত্যই গবেষণাই তোমার জীবনের উদ্দেশ্য হয় তাহা হইলে এমনতর বিজ্ঞানকেই অনুসরণ করিও যাহার পারস্পর্য্য অর্থ ও দর্শন লইয়া সার্থককে অনুসরণ করিতেছে।

"তা' হ'লে এই দাঁড়াচ্ছে, বস্তু বা বিষয়কে inquisitive (উৎস্ক) পর্যবেক্ষণের ভিতর দিয়ে তন্ধ ভন্ম ক'রে খুঁ'জে তা'কে জীবনের অমুক্ল কর্বার ঝোঁক স্বষ্ট ক'রে হাতে-কলমে করার ভিতর দিয়ে common sense-কে (সাধারণ বৃদ্ধিকে) normally grow করানর (স্বাভাবিক ভাবে জন্মানর) জন্ম বিজ্ঞান-শিক্ষা with a practical manipulation (কার্যাকরী পরিচালনার সঙ্গে) করা চাই, আর theoretical aspect (উপপত্তির দৃষ্টি) যা' ওর ভিতর দিয়ে সহজ্ঞাবে যা'তে grow করে (জন্ম), তা'র বাবস্থা করা চাই।"

একদিন কথায় কথায় গ্বর্ণমেন্টের অন্তিত্বের বিরোধী বৈজ্ঞানিক আবিষ্ণার স্বন্ধে কথা উঠিয়াছিল। প্রসঙ্গক্রমে আলোচনাটী নিম্নে উদ্ধৃত করা হইল। যথা:—

প্রশ্ন। আচ্ছা, আপনার এখানে ত' বিজ্ঞানের খুব চর্চা হয়,—রিসার্চ লেবরেটরী আছে,—যদি এখানে এমন-কিছু আবিদ্ধার হয় যাহা গবর্ণমেন্টের existence-এর (অন্তিহের) পক্ষে dangerous (বিপজ্জনক) তৎক্ষণাং ত' তাহা বন্ধ করিয়া দিবে ?

শ্রীশ্রীঠাকুর। কাহারও অন্তিথকে ক্র করে এমনতর আবিন্ধার ত'
মৃত্যুর কিন্ধর—যদি দে ক্রতা being in general-কে (জনসাধারণের
অন্তিথকে) অধিকতব অক্র না করে—আর মঞ্চলের দিকে না নেয়।
গবর্ণমেন্ট মানে কি? গবর্ণমেন্ট ত' আমরাই—মান্থবই; তা'-ছাড়া
একবার যদি আবিন্ধারই করিলাম—বন্ধ করিলেই বা তা'তে কি আসে
যায়? লোহা গরম করিয়া তাহাকে ইচ্ছামত আকার দিতে যদি শিথি
আর কোন অস্থবিধা নাই।

প্রশ্ন। সে আবিষ্কারকে কার্য্যে পরিণত করিতে গেলে গ্রেপ্তার, এমন কি জেল, মৃত্যু পর্যান্ত হইতে পারে—অথচ কার্য্যে কিছু করিতে পারা ষাইবে না?

শ্রীশ্রীঠাকুর। তা' নয়—গবর্ণমেণ্টের শক্রতা করিবার ইচ্ছা যদি আমার একদম না থাকে তাহা হইলে আমি যাহা করিতেছি তাহাতে তাহারা বাধা দেবে না। কারণ, আমার আবিদ্ধার শুধু বাঙ্গালী জাতির জন্ম নয়—মানব জাতির জন্ম,—স্তরাং বাধা আদিবে না। আমি যদি লাট সাহেবকে মারার জন্ম কিছু করি তবে তা'রা বাধা দিবে, তা'না হ'লে কেন বাধা দিবে ? অশোক রাজ্যলোভে হিংসাপরবল হইয়া জীবনে একটা-মাত্র যুদ্ধ করিয়াছিলেন—ভাহাতে নৃশংস হত্যাই প্রতিষ্ঠিত হইল; কিন্তু তিনি কাহারও হৃদয়ে প্রতিষ্ঠা পাইলেন না। পরে তিনি তাহার ভূল ব্ঝিতে পারিলেন, আর তাঁহাকে যুদ্ধ করিতে হয় নাই। তিনি লে পভাকা—culture-এর (উৎকর্ষের)—বহন করিয়াছিলেন তাহাতে ভারতের গৌরবর্দ্ধি ও জগতের কল্যাণ সাধিত হইয়াছিল,—মান্তব্য অভিত্র-বক্ষায উদ্ধায় হইয়া উঠিল,—কারণ তিনি ছিলেন মান্তব্য অভিত্র-বক্ষায উদ্ধায় হইয়া উঠিল,—কারণ তিনি ছিলেন মান্তব্য অভিত্রের অভিত্র-

রাষ্ট্র

"মান্থয সন্তিকোর স্বাণীনতা তথনই পায যথনই তা'র being-টাকে (সন্তাটাকে) পাবিপাশিক তা'র প্রবৃত্তির ভিতর দিয়ে থিঁচ্রে থ'রে ট্ক্রো ট্ক্রো ক'রে সাবাড় কর্তে না পারে—বরং তা'র আদর্শান্থপ্রাণ প্রবৃত্তিগুলি পারিপাশিকের সেবার ভিতর দিয়ে তা'দের প্রত্যেকটাকে সন্দীপ্ত ক'রে becoming-এর (বৃদ্ধি পাওয়ার) দিকে অবাধ ক'রে তোলে—তথনই সেই হয় তা'র পারিপাশিকের common interest (সাধারণ স্বার্থকেন্দ্র)— আর তথনই সে স্বাধীন। স্বাধীনতার এই আদর্শের ধর্মাশোক যেমনতর তা'র practical demonstration (বাস্তব পরিচয়) দিমে গেছেন এত বড়ভাবে আর কেউ দিতে পে'বেছেন ব'লে আমার মনে হয় না। তা'-ছাড়া কৃষ্ণ, বৃদ্ধ, যীশু, মহম্মদ ইত্যাদি প্রেরিত বা অবতারগণ মানব-সাধারণের জন্ম স্বাণীনতাব বীজ অকাতরে ছিটিয়ে গেছেন আর সেই বীজকে যিনি বা বা'র। যতটুকু পোষণ ও বর্দ্ধন ক'রে করা ও হাবভাবের ভিতর দিয়ে প্রকাশ ক'রেছেন তিনি, তা'রা বা সেই জাতি বা দেশ ততটুকু বা তত্বড় তেমনতর স্বাণীনতাকে উপলব্ধি ক'রেছেন।

"আর দেশ মানেই হ'চ্ছে আদেশ। যা'দের এমনতর আদর্শ নেই যা'র আদেশ না মেনে চল্লে মান্তবের being and becoming (জীবন ও বৃদ্ধি) উপোদ ক'বে অবদাদে অবদন্ধ হ'য়ে প'ড়ে মৃত্যুতে নিঃশেষ হ'য়ে যায়— বাঁচা আর বাড়ার আকৃতি ষদি এমন কোন আদর্শের আদেশ আঁ'ক্ড়ে 'রে লাথ ঝয়ার দিকে জক্ষেপ না ক'বে এগিয়ে না চলে, তা'র বা সে দেশের স্বাধীনতার আকাজ্জা বিকারী রোগীর চিস্তা ও প্রলাপে স্বাধীন হওয়ার মত—এই তো আমি বৃঝি! অধুনা-প্রচলিত কোন 'ism'-এ কি আছে তা' আমি বৃঝি না, আদল 'ism' ব'লে আমি একমাত্র তা'কেই বৃঝি যা' নাকি

আদর্শকে বা ইষ্টকে অর্থাৎ becoming-কে উন্নতির পথে চালিত করে এমনতর প্রেমিক চরিত্র—যা' প্রত্যেক individual-এর ভেতর দিয়ে environment-এ চারিয়ে তা'দেব ভিতর একটা বিবর্দ্ধনের আবহাওয়া স্বষ্টি করে, মান্থ্যকে ভালবাসা-মাধান সেবায় আবস্ত ও উদ্বুদ্ধ করে—একটা tangible সার্বাঞ্চিক সার্থক উন্নতির দিকে চালনা করে।

"তাই ষেধানে মূর্ত্ত স্বাধীনতার আদর্শ, সেধানেই বান্তব সেবা সহাক্ষৃতিভালবাসার আবহাওয়ায় চারিয়ে গিয়ে প্রত্যেকটা individual-কে (ব্যষ্টিকে) উদ্বুদ্ধ ক'রে collective body-কে (জনমগুলীকে) সহজ অন্তপ্রাণতায় উন্নতির দিকে অবাধ ক'রেই তোলে। আর যেধানে এমনতর হ'চ্ছে, আদর্শ সেধানেই। আবার ইহারই যেধানে যতটুকু হ'চ্ছে সেধানেই এই আদর্শের অভিব্যক্তিও ততটুকু।

"আরও এই collective body (জনমগুলী) যাঁ'র উপর দাঁড়িয়ে বাস্তবের দিকে হাত বাড়িয়ে তা'কে অধিগত কর্বার প্রচেষ্টায় চল্ছে সেই আদর্শবান্ collective body-কেই (জনমগুলীকেই) আমার মতে State (রাজ্য) বলা যায়।

"নেখানে ধর্ম নেই, ধর্মোদ্দীপ্ত আদর্শ নেই, আদর্শান্মপ্রাণতায় দেবা ও চলা নেই, খামথেয়াল দেখানে কুকুরের মত কামড়াকামড়ি কবে, রক্তারক্তি করে—অবশেষে সেই ক্ষতের পচা তুর্গদ্ধে তিষ্ঠানই মৃদ্ধিল। এই ত' ইউরোপের অবস্থা। তা' হ'লেই বুঝুন স্বাণীনতার পথ কোথায় ?

"তা'হ'লে রান্ধনীতি বলিতে আমি এই ব্ঝি—কোন পারিপার্শ্বিকের—কাহারও heing and becoming-কে (জীবন ও বৃদ্ধিকে) পুট না ক'বে যদি কেউ বাঁচ্তে চায় ও পুষ্ট হ'তে চায় তা'র ক্রমাগত আপশোবই পুষ্ট হ'তে থাকে, আর সে আপশোবের বাঁচা ভীম পরাক্রমে মান্থবের অন্তিথকে হীনতায় অবসন্ধ কর্তে থাকে। তাই পারিপার্শিকের সেবা ধর্মের একটা প্রধান অন্ধ—আর এ-ই প্রকৃত রাজ বা শ্রেষ্ঠ নীতি।

"আমাদের বৃত্তিগুলি একদম গোল—বেন একটা water-tight ball, আর মাফুষের মন এমনি আলাদা আলাদা ছিন্নভিন্ন কতকগুলি বৃত্তিচুয়ানো চেতনা;—তাই এমনতর মাফুষের কোন জানার সাথে কোনো জানার সাধারণতঃ সমাবেশ ও সার্থকতা নাই। এই বৃত্তিগুলি যথন সে-ছাড়া অন্ত কোন ইষ্ট বা আদর্শে ভালবাসার টানে সার্থক হ'য়ে আদর্শকে প্রতিষ্ঠা কর্তে উদ্দাম হ'য়ে ওঠে—তখনই এগুলি ক্রম generalisation—এ বিশ্রস্ত হ'য়ে একটা আর-একটাকে fulfil (পরিপ্রণ) ক'রে পর্যন্ত হয়, আর তখনই তা'র বৃত্তিভেদ। আর বৃত্তিগুলি যেন আদর্শস্ত্রে পারম্পর্য্যে

গ্রথিত হ'য়ে দীপ্তি পে'তে থাকে আর তথনই সে normal man (স্বাভাবিক মান্থব বা সহজ্ঞ মান্থব); তাই এই নীতি বধন এমনতর মান্থবের বিধানে নিয়ন্ত্রিত হয় তথনই তা' প্রক্লত রাজনীতি হ'তে পারে। তা' ছাড়া অবিশ্রস্ত রুত্তি-ভূতে-ধরা ভীমকর্মা কোন পুরুষ-ধুরদ্ধরের হাতে পড়ে' নিয়ন্ত্রিত হ'লেই ষা' হ'বার তা' হ'বেই,—য়ুদ্ধ ও অম্ব ছাড়া তা'র কাছে সেবার সরঞ্জাম উত্তম আর কি হ'তে পারে ?

"ষেধানে এমনতর আদর্শ মামুষ নেই, যা'র আদেশ বহন করাই জীবনের শার্থকতা, দেখানে দেশ মানে কি হুইতে পারে, আর দে দেবাই বা কি? णा'श'ल मिट्न प्राची कवित्र हरेल जाएमार मिना work out করিয়া তা'র success সমাধানে আদেশ-কন্তার wish (ইচ্ছা) গুলির fulfilment (পরিপূরণ) আনিতে হইবে—নতুবা দেশের সেবা ব'লে যে কথার প্রচলন আছে তা' কিন্তু সর্ব্বনাশের সৃষ্টি করিবে, কারণ সেবার ভিতর দিয়া যদি আদেশ-কণ্ডাকে প্রত্যেকে প্রতিষ্ঠা করিয়া, তাঁহাতে প্রত্যেক individual-কে (ব্যক্তিকে) উদ্দীপ্ত, উদ্বন্ধ uphill elevation-এ (উন্নতিতে) elate (উৎফুল্ল) করিয়া, তা'কে প্রত্যেকের interest (প্রয়োজন) করিয়া না তোলা যায় তবে দেবা কি হইল গ আর সে সেবা মামুষকে কি করিতে পারে ? অম্বর্থ হইলে ঔষধ দেওয়া, যা'দের খাবার নাই তা'দের খাবার দেওয়া, খালস্ত ও অভাবগ্রন্তকে শুশ্রুষা করা, তা'দিগকে vitally elevate (সন্ত্রীবতায় উন্নত) না ক'বে, তা'দের being-কে (স্তাকে) curative state-এ (নীরোগ অবস্থায়) না তুলে', resisting capacity-কে (প্রতিরোধের শক্তিকে) excited (উৎচেতিত) বা illuminated (উদ্দীপ্ত) না ক'বে, opposition-গুলিকে manipulate (পরিচালিত) ক'রে useful (প্রয়োজন পূরক) করার knack-এ (তৎপরতায়) না তলে'. libido-কে (আস্ক্তিকে) unit-centric (আদৃশারপ্রাণ) ক'রে Superior Beloved-এ (हाई) श्रिक्ति ना कदिए ए एएनद मिना में मिना कि সত্যিকারের সর্ব্ধনাশের সেবা নয়? এক-কথায় যে সেবা পারিপার্দ্বিকে আদর্শকে প্রতিষ্ঠা করে না. পারিপার্শিককে তা'র'interest-এ (স্বার্থে) interested (সার্থক) ক'রে তোলে না, আদর্শকে fulfil (পূরণ) করতে পারিপার্ষিকের প্রত্যেককে clated and elevated (উল্পাস্থ ও উল্পত) করে া যে সেবা তা'র আদর্শ-পূজায় তৃপ্তিলাভ করার উদ্দেশ্যে উদ্দীপ্ত হ'য়ে with sympathy nurse and nourishment-এর (সহাত্ত্তি, ভশ্রবা ও পুষ্টিদানের) ভীব্রভায় প্লাবনের মত পারিপার্দ্বিকের প্রত্যেকের ভিতর উপ্চে পড়েনা, সে সেবা মাহুষের being-টাকে (সন্তাটাকে) তা'র পারিপার্বিকের প্রত্যেকের বৃত্তি-কুধার আছতি দিয়া person-কে (ব্যক্তিকে) যে সাবাড় করে, একট তাকালেই এন্তেয়ার দেখতে পা'বেন।

"মান্ত্ৰৰ লাথ গৰণ্নেণ্ট হাত কক্ষক না কেন, পারিপাখিকের এমনতর প্রকার সেবা যতক্ষণ পর্যন্ত তা'র সম্যক্ interest (স্বার্থ) হ'রে না দাঁড়াচ্ছে, স্বার্থ মানেই টাকা নয়কো—সেবায় পারিপার্শ্বিককে জীবন, যণ ও বৃদ্ধিতে elated (উল্পান্ত) ক'রে তা'দের বাঁচা ও বৃদ্ধি পাওয়ার স্বার্থকেন্দ্র হওয়াই যে মাত্র্যরে প্রকৃত স্বার্থ—এ যতক্ষণ মাত্র্যের ইয়াদে না দাঁড়াচ্ছে, ততক্ষণ বিকৃত বিশ্বন্তি কি দেশকে ছাড়তে পারে ? না, তা' সম্ভব ? মান্ত্র্য যে মাত্র্যকে প্রকারে সমৃদ্ধ না ক'রে কাঁকি দিয়ে তা'র effect of activity (কর্ম্মের ফল) কে'ড়ে নিয়ে enjoy (উপভোগ) করে—এই ফাঁকির অন্তিম্ব ভূতের মতন আবছায়া জ্ঞান বা অজ্ঞান অন্ধকারে ঘূর্তে ঘূর্তে যেখানেই soil (স্থান) পা'বে, তা'কে possess (অধিকার) না ক'রে, সে কোখায়্ম দাঁড়াবে ? সে তো দাঁও পে'লে ধর্বেই—এ তা'র—মানে এ ফাঁকির—বেঁচে থাকারই যে আপ্রাণ আকৃতি।

"কল্যাণপ্রস্থ মানবের জীবনবৃদ্ধিকর সেবা, সাহচর্ঘ্য, সহাত্মভৃতি যা'তে মান্তবের বেঁচে থাকার সম্পদ, বড় হওয়ার লওয়াজিমা, সঙ্গে সঙ্গে ভাব্বার খোরাক ইত্যাদির জোয়ার লাগে এমনতর করার হাওয়া যে কোন রকমেই হোক তুলে' চালাতে পার্লেই আনাচে-কানাচে জীবন-গ্লাবনের উৎস ওঠে মরণ-পণে আরো জীবনে উদ্দীপ্ত সম্বেগে মান্তব চলতে থাকে— অঢ়েলভাবে—তথন যা' হ'বার আপনিই উপ্চে ওঠে—আর ঐগুলির অভাব যেখানে, অথচ চাই স্বাধীনতা, leader (নেতা) হওয়ার পরবরে নাচনী. হাত-নাড়ার তালবেতাল ছন্দ, মাথা-কোটাকুটি, ভেবরি ছে'ড়ে কাদা-হাজার কক্ক—এ তা'র ফল যা' তা' আপনিই এসে মামুষকে যা' দেবার তা' দে'বে, যা' করবার তা' করবে-এই তো যা' বৃঝি, যা' দেখি! মঙ্গলময় কথা কাজে যদি মূর্ত্ত হ'লে না ওঠে, কথার মন্ত্রল কথার বোধেই, কথার ভাবেই থেকে যায় —বাস্তবের গায়ে তা'ব যে কি হয় তা' যথন আর কোন ইন্সিয়ই বোধ করতে পারে না, তথন ত' বাস্তব অন্তিত্ব—তা'র অবোধাই। তা'হ'লে দেই নীতিই রাজনীতি যা' নাকি মামুষকে ব্যষ্টিভাবে এবং সমষ্টিভাবে স্বাস্থ্যে, শিক্ষায় এবং চারিত্রো নিয়শ্বিত করিয়া জীবন ও বৃদ্ধিকে ক্রমোন্নতির দিকে লইয়া যায়; आद त्यथात हेहा खीर्न, खिन ও मनीनिश्व त्मथात्नहे व्यक्तित्र ও वित्ताह व्यवक्रकावी। এই वासनीिक क्थनरे क्रुकार्या द'रक शादा ना, আদর্শ বা ইট্টনীতি যতকণ পর্যস্ত অবমানিত হ'য়ে মানমূখে করুণ চোখে ফ্যাল্ ফ্যাল্ ক'রে চে'য়ে থাকে। তাই সমাধানই সেখানে, আদর্শ বা ইটপ্রাণতা যেখানে উদ্ধাম, মুখর ও মুক্ত--রাজনীতি দেখানেই বাত্তবিক রাজনীতি।

"জনকে ক্রমোল্লভির দিকে বাঁচা-বাডার ঐশ্বর্যা ঐশ্বর্যাশালী ক'রে নিরস্তরতায় চালনা করাই হ'চ্ছে দেবা---আর এই জন দিয়েই হ'চ্ছে জাতি। জন বাদ দিয়ে জাতিকে স্বাধীন করার মরকোচ যদি রাজনীতির ব্যাপার হয় তা আমার বৃদ্ধিতে আদেনা। স্বাধীন হ'বে কে ? জন তো ? না জন বাদ मिरा शुख्यात्र त्यांना जानि-नामरथत्य-या' नाकि मन ७ हेक्किरावत **चर्ला**हत-এমনতর কিছ ? তাই যদি হয়, তা'তে যে আমাদের লাভ কোথায় তা'তো বঝতে পারি না। ঐশ্বর্যবান—ষা'দের দিয়ে তা'র ঐশ্বর্য অমুগমনশীল তাহাদিগকে দেবা সাহচ্য্য যা'ব যেখানে বাচা-বাড়ার পুষ্টি বেমনতর লাগে তেমনতর ক'রে দিয়ে,—বাচা-বাড়ায় পুষ্ট ক'রে ঐ স্বার্থপুষ্টির সরবরাহে নিজের স্বার্থকে পরমপ্রস্থ ক'রে নিয়োজিত করায়ই তো ঐ জন ও ঐশ্বধাবান-বিশেষকে পরিবেষ্টিত ক'রে যে প্রত্যেকটী পারিপাশিক যথনই অমন্তর চলনার মধ্যে বছধা সম্ভায় নানা রক্মারির ভিতর দিয়ে অথচ ঐ এক বাচা-বাড়াকে সমুদ্ধ করার চলনায় চলে' চল্ছে—তজ্জাত হ'য়ে, তথনই ত' সেই জাতিকে স্বাধীন জাতি বলা যে'তে পারে,—না আর কিছু

 অমনি ক'রেই তো স্বাধীনতা প্রক্লতি নিঙ ড়ে আপনি বেরিয়ে আদে ! এতে কোন দিন কোন রকম বিদ্রোহ স্বষ্ট করতে হয় না এই তো আমি জানি। কারণ প্রত্যেক অন্তিত্বই প্রত্যেক অন্তিত্বের বাঁচা-বাড়ার মুখা স্বার্থ, এর সঙ্গে কা'র বিজ্ঞোহ হ'বে ? ঐ বৃদ্ধির ষ্ঠনই বেখানে অপলাপ, রবাছতের ন্তায় গোলমাল তো দেখানেই এনে জোটে দেখতে পাই—আর অমনতর হ'লে স্বাধীনতা আপনা আপনি জাতিগতভাবে আসে, নতুবা আর কি ক'রে আস্বে ? আর ও-ছাড়া কোনও দিক দিয়ে কোনও শ্রেষ্ঠ উপায় নেই—দেখ তে পাওয়া যায় না। তাই ওকেই বান্ধনীতি বলতে হয়-আব এব চাইতে यि ट्या छेज कि ब्रू थाक या'ए अहे करत, ज्रा त्महेरिहे ता बनी ि - এहे তো আমি যা' বুঝি।"

রাজা-প্রজার সম্বন্ধ

জমিদার ও প্রজার অধিকার

'। "শুনি রাজ্-ধাতু মানে হ'চ্ছে দীপ্তি, শোভা; বা রঞ্ব্-ধাতু মানে রঞ্জন, অনুরাগ, আসজি, বর্গান্তরোংপাদন। এই যদি হয়, তা'হ'লে আমার মনে হয়, যিনি বান্তবিক রাজাই হন, তাঁ'র temperament ও instinct-এর ভিতর ওসবশুনিই আছে—আর থাকাই উচিত—তাই রাজা।

"আর প্রজা মানে—যা' ও'নেছি—প্র পূর্বক জন্-ধাতু থেকে প্রজা হ'ষেছে। "প্র" মানেই হ'ছে প্রকট্তরূপে—perfectly; আর জন্ ধাতৃ মানে জনন, to grow—প্রাত্তাব, to be in plenty.

"তা' হ'লেই দেখুন,—ৰা'রা প্রক্সা, তা'দিগকে রাক্সা এমনতর ভাবে নিয়ন্ত্রণ ক'রে থাকেন, যা'র ফলে তা'রা জ'য়ে, বেঁচে, বাঁচার পথে চ'লে, perfectly grow কর্তে পারে, বাড়তে পারে,—আর তা-ই তা'র অন্তরাগ ও আসজি। আবার, through manipulation, through achievement প্রক্সা যা'তে lower instinct থেকে higher instincts-এ acquisition-এর ভিতর দিয়ে যথাক্রমে উন্নত হ'তে পাবে তাই তাঁ'র normal স্বার্থ, চাহিদা ও activity. এর ভিতর দিয়েই প্রক্সারা সর্কাতোভাবে perfectly grow ক'রে থাকে; আর এমনি হ'য়েই তা'রা plenty-তে পর্যাবসিত হয় ও জীবন যাপন ক'রে বাড়তে থাকে; আর তাই প্রক্সাদের রাজার প্রতি অত অন্তরাগ, তাই তা'রা বাজার আপ্রাণ মঙ্গলকামী ও কন্মী।

"আমি এ কথাটা বল্ছি,—একটা কথার যে সৃষ্টি হয়, তা' মান্যুষের direct feeling ও sensation থেকে; তাই, কথাটাব ভিতর বীজাকারে statement of fact-ও নিহিত থাকে—আব, তাই দে'পেই আমরা বুঝ্তে পারি, কি ব্যাপারের বিস্ষ্ঠ কি শব্দ বা কথা। কথাটা যেন—বা শব্দটা যেন সাধারণতঃ কোন affair-এর বা বল্পর direct impulse-এর formulated অভিব্যক্তি। তাই, ঐ কথাগুলির অবভারণা কর্তে ইচ্ছে হ'ল।

"আছা, তবে জমিদাররা রাজাকে যথাবোগ্য সন্মানী ও রাজস্ব দিয়ে কি রাজার ভূমি ও কর্ত্তব্য গ্রহণ ক'রে থাকেন না? জমিদাররা যে রাজার কর দেন, তা'র মানেই হ'চ্ছে রাজার কর্ত্তব্য বা করা—যা' তা'দের প্রতি তিনিক্ষেপণ ক'রেছেন, তা'রই দক্ষিণা মতন নয় কি? ক্ব-ধাতু মানে করা, আর ক্র-ধাতুর মানে শুনেছি ক্ষেপণ করা। তা'হ'লেই জমিদারের কর্ত্তব্য তা'দের প্রজার প্রতি ওই রাজারই অফরুপ, আর প্রজারও কর্ত্তব্য ওই জমিদারের প্রতি অনেকটা ঐ রাজা—যা'হ'তে তিনি জমিদারী লাভ ক'রেছেন—তাঁ'রই মাফিক। তা'হ'লেই দেখুন, রাজার স্বার্থও যেমন প্রজা ম্থাভাবে—প্রজার স্বার্থও তেমনি রাজা ও জমিদার মুখ্যভাবে। আর, এই পরস্পর পরস্পরের মুখ্য স্বার্থ সম্বন্ধে—যা'তে জমিদার ও প্রজারা প্রত্যক্ষভাবে বুঝে' তদফর্রপ অফরাগ ও করায় নিয়ন্ত্রিত হ'তে পারে, সেই বিধিই কি শ্রেষ্ঠ বিধি নয় কো? তা'হ'লেই প্রজার প্রতি রাজার যে ক্ষমতা আছে তা'দের নিয়ন্ত্রিত করার জন্তে, তা'দের উন্বর্ধনের জন্ত যথোপযুক্তভাবে জমিদারেরও অনেকটা তদ্রপ থাকাই কি উচিত নয়কো? আবার, প্রজাদেরও রাজাকে সম্বর্ধিত করার

জ্ঞাত যে সমস্ত অধিকার থাকা উচিত, যথোপযুক্তভাবে রাজার nurture-এ পুষ্ট হ'য়ে, uplifting move-এ তা'দেরও কি তাই থাকা উচিত নয়কো ?

"তা'হ'লেই দেখুন, প্রশাব ভিতর যা'দের sphere of direct responsible service যত বিভূত ও বড়, যা'দের উন্নতি অবনতি ছারা যত বেশী প্রজা উদ্বন্ধিত বা আহত হয়, যা'দের সর্কবিধ উন্নতি যা'র direct স্বার্থ—এক-কথায়, প্রত্যেক individual-এর উন্নতির জন্ম যা'র যত বেশী auto-initiative resposibility, তা'রাই তো তা'দের তত বড় প্রধান বা guardian. এমনতর প্রধান সম্মিলিত হ'য়ে ঐ প্রধান ও জমিদারশের সাহচর্য্যে যদি জমিদারী পরিচালিত হয়, সেই কি সব চেয়ে ভাল হয় না ?

"আমার মনে হয়, ঐ প্রজাদের অমনতর selected উপযুক্ত প্রধান
সন্মিলিত জমিদারী-পরিচালনী পঞ্চায়েং এতেই ঋণসালিসী বোর্ড ও
আজকালকার ইউনিয়ন বোর্ডের অনেক ক্ষমতা, উন্নতিকল্পী অনেক বিধান,
খাজনা আদায়ী certificate ক্ষমতা ইত্যাদি যদি থাকে,—আর উপরে
state-এর ক্ষমতাপ্রাপ্ত এমনতর কিছু থাকে, যা' বা যা'রা ঐগুলি inspect
কর্তে পারে, মন্ত্রণা দিতে পারে বা খারাপ কিছুকে রোধ কর্তে পারে,—
আরপ্ত প্রজাবর্গের সর্বপ্রকার উন্নতিতে তা'রা উন্নতিলাভ কর্তে পারে
এমনতর ভাবে নিয়ন্ত্রিত হ'লে কি ঐ জমিদারী-পরিচালনী পঞ্চায়েতী
স্বিধাজনক হ'বে না ? এতে কি প্রজাপ্ত জমিদার উভয়েই শক্তিশালী হ'য়ে
উঠবে না ?

"তারপর দেখুন, মাছ্যের জীবন-চলনাকে ভাগ কর্তে গেলে কতগুলি main category-তে ভাগ করা যে'তে পারে। যেমন, তা'র individual life-এ আছে—বাঁচা-বাড়ার পথে বৃত্তি-প্রবৃত্তির বিশিষ্ট চাহিদা, বিশিষ্ট temperament ও তদ্মপাতিক উপভোগ, তা'র পরিবার পারিপার্শিক নিয়ে co-ordination-এ ভালমন্দ, ম্থ-তুঃথ ইত্যাদি; আবার এরই থেকে আসে তা'র hygienic life, life of home and humour, life of acquisition and activity, social life, life in riches and rights. এ আবার একটা uphill prosperous and profitable enjoyment-এর ভিতর দিয়ে acquire and enjoy কর্তে গেলেই কতগুলি factors এনে দাঁড়ায়—যেমন, time, invention and output; agriculture, industry and commerce; rent and rates. আবার এই চলনায় চল্তে গেলেই কতগুলি drawback-কে প্রায়শাই face ক'রে নিয়্মণ ক'রে দাঁড়াতে হয়ই—তা' যেমন unemployment, war, accidents and differences, designings and culprits.

"People-এর এইগুলিকে with auto-initiative responsibility বিনি বত স্থলরভাবে manipulate ক'রে তা'দের being and becoming-কে accelerating zeal-এ push দিয়ে প্রস্থতির পথে চালাভে পারেন, তাঁ'র প্রতি মাহুব স্বতঃই অহুরাগমুগ্ধ হ'য়ে,—আবেগময়ী interest-এ interested হ'য়ে, সমানে সমাসীন ক'রে সেই personality-কেই তা'দের স্বার্থ ক'রে তু'লে থাকে। আর, সেই মাহুবই হ'ছে এই মাহুবদের প্রকৃত প্রধান। আর, আমার মনে হয়, এই হ'ছে তা'দের প্রকৃতপক্ষে প্রকৃতিপ্রদত্ত auto-vote by natural election.

"তবেই বুঝুন, এমনতর পাঁচজন নিয়ে জমিদার যদি নিজে উক্তপ্রকারে actively engaged থেকে, তা'র নিজের মৃণ্য স্বার্থকে প্রজাদের ভিতর বাস্তবভাবে অবলোকন ক'রে তা'র জমিদারী পরিচালনার প্রয়াস পান, তা'হ'লে সে পরিচালনা কত সহজ ও কত স্থন্দর এবং কত efficiently profitable হয়, তা-কি সহজেই অন্থমেয় নয় ?

"তা-ছাড়া, জমিদার নিজে যদি তাঁ'র প্রাপ্য জংশ হ'তে প্রজাদিগের জমনতর efficient uplift-এর জন্ম certain percentage ব্যয় করেন, তবে কত হুন্দর হয়,—বিবেচনা ক'রে দেখুন দেখি ? আর যে প্রধানদের যে জমিদারের জমিদারীতে এই uplifting efficiency-র ratio and percentage যত বেশী, তদহুপাতিকভাবে এ রক্ষ auto-voting and natural election-এর রক্ষে আরো higher administration-এ যদি তাঁ'দিগকে engage করা যায়, তবে কি real and normal practical men দারাই আমাদের administration পরিচালিত হ'তে পারে না ?

"এমনি ক'বেই, through progress and development of administering capacity, যিনি হয়ত prime minister-এর পদের উপযুক্ত হ'বেন, তিনি কেমনতর মাহ্য হ'বেন, তা' সহজেই অহ্যেয়। শাসন-নিয়ন্ত্রণকে এই বিধি অহ্পাতিক ক'রে যেখানে যেমনতর প্রয়োজন যতদ্র সম্ভব নিখুঁত বিবেচনায়, তা' খাড়া ক'রে, সেই বিধিনিষেধ-মাফিক শাসন-সংস্কার কর্লে কি তা' আমাদের মঞ্চলপ্রদ হ'বে না ? আর এতে freedom and uplift কি প্রত্যেক individual-ই অহ্তব ও enjoy করতে পারবে না ?

"ভা'হ'লেই দেখুন, এই যদি হয়,—প্রত্যেক individual-এর interest and freedom কভধানি palpably accelerated হ'তে পারে, তা' হয়ত একটু চিস্তা কর্লেই বুঝ্তে পার্বেন। এতে প্রজা ও জমিদার উভয়েই প্রত্যক্ষভাবে বুঝ্বে, উভয়ের সম্বিদনে কতথানি শক্তি, স্থবিধা ও স্বার্থ

উদ্ধানশীলতায় অভিনন্দিত হ'য়ে উঠ্বে! আবার দেখুন, এই system-এ চল্তে চল্তে ঐ প্রধানদের ভিতর থেকেই হয়ত auto-election-এ premier, dictator হ'য়েও কি রাজা-প্রজার স্বার্থ-সম্বাধানক স্কুত্ব ও সবল করার শক্তি-স্বরূপ হ'য়ে দাড়ান সম্ভব নয় ?

"আমার বেকুব মাধায় যা' গঞ্জাল, যা' বৃঝি, তা'র চুম্বক এই যা' বল্লাম। জমিদার ও প্রজা ষতই মুখ্য উভস্বার্থী balance হা'রাবে, ততই, যেমনতর ক'রেই হোক, অচিরেই নানাপ্রকার সর্বনাশা রক্ষের ফ্টি ক'রে, সর্বহারা হ'তে থাক্বে। আমি যদি বজ্বের মত শব্দ কর্তে পার্তাম তা'হ'লে তা' তেমনি ক'রেই বল্তাম।"

अर्चा

"ধর্ম্মের আদি উপাদানই হ'চ্ছে বাঁচা ও বৃদ্ধি পাওয়া। আর এই বাঁচুতে इ'ल, दक्षि (भ'एछ इ'ल চाই, या'एक ध'एत এই ছुनियात भांচ प्राचन भक्षां तकरमत काम्हानि, भाग्न' तकम विषेक्त कांक्तानित्क विष्रि তা'দিগকে কাবেজে এনে বা ক্ষতি না করতে পারে এমনতরভাবে জবেদ রে'থে চলা যায়: তা'হ'লেই এই চলাটা আমার তেমনতর হওয়া চাই তাঁ'র মাকিক, গাঁ'কে ধরায় আমার এই বাঁচা ও বৃদ্ধি পাওয়া মাথা-তোলা দিয়ে পরম পবিপোষণে মোটাসোটা হ'য়ে বেশ কায়দা-মাফিক চলতে পারে—তা'হ'লেই এল, যা'কে ধ'রে আছি, তা'রই প্রতিপাল্যের পথে বক বাজিয়ে বেচল চলে গাল বাজিয়ে যাজন-ফোয়ারায় মদগুল হ'য়ে এস্তার হওয়া। তা'হ'লেই তা'র মানে—যা'কে ধ'রে আমার এই রকম জীবন স্থক হ'ল, তাঁ'র প্রতিপাতের ভিতর মহান একমাত্র খুঁটিই দেখা যা'চ্ছে লম্বর. তা'হ'লেই চাই—এই ধর্মের ভিতর—বাঁচা ও বৃদ্ধি পাওয়ার উপকরণের ভিতর-এ খোদা, ঈশব, ভগবান, ঐ রম্বল, ঐ কোরাণ, বেদ, গীতা, Bible, क्रेन्द्रशूब--ठा'रान्द्र महान, छेकीश, अमुछ-छिठान, क्रीवन-भाष ठलाद বিবেকময়ী চেরাগ। তাই এই থোদাকে বা ঈশ্বরকে যে না মানে, পয়গম্বর রম্বলকে, অবতারকে, ঈশরপুত্তকে যে না মানে, তা'দের নির্দেশকে যে না মানে, তা'রাই মরণ-পথের যাত্রী-কাফের। এই কাফেরদের সাথে আর্যাদ্বিজ, মুসলমান বা খুষ্টান বা বৌদ্ধ-যা'রাই হৌক না কেন-তের ফারাক থাকতে 'পারে। কিন্তু এই যে ফারাক তা' শরীর ও জীবনে নয়কো,— চলার কায়দায়। তাই ভগবান যীত ব'লেছেন, 'পাপীকে ঘুণা ক'র না, পাণকে ঘুণা কর।' জাবার কোরাণে হজরতও সজোরে এই কথাই ঘোষণা ক'রেছেন। তা'হ'লেই দেখা দায় ধর্মের দিক দিয়া,—আচরণে ধর্মকে যাঁ'রা অফুভব ক'রেছেন

তাঁদের দিক দিয়া, বাঁচা ও বৃদ্ধি পাওয়ার দিক দিয়া, তা'ব লওয়াজিমা যা'র বেমন দবকার তা'ব দিক দিয়া কোথাও কোনও ফারাক্ দেখতে পাওয়া যায় না—আর নাইও। হিন্দু-মুসলমান তো দ্রের কথা—মাছ্যের মাছ্যে যে ফারাক্, এই ফারাকের একমাত্র সমাধানই হ'চ্ছে ধর্মে। ধর্মে কোথাও দলাদলি, ভেদ, বিসন্থাদ পাক্তে পারে না। হিন্দুরা বলেন—পূর্বপ্রক্ষ বা ধর্ম-প্রবর্তবিক্ অবলম্বন করিয়াই পরবর্ত্তীর আবির্তাব হয়, আর এই যে পরবর্ত্তী—তিনি পূর্ববর্ত্তীরই পরিণতি মাত্র। ভগবান হজ্বত রস্থলও তা'র শ্রীমৃথ-নিঃস্ত কোরাণে এমনতরই বলিয়া গিয়াছেন।

"ষধন বঞায় সারা দেশ জলে ডু'বে ষায়, ঘর-বাড়ীতে লোকের থাকা অসপ্তব হয়, জকলে জীব-জানোয়ার ত' দ্বের কথা—শুনেছি বাঘ, ভালুক, বাঁদর, সাপ, মাহ্ম্য হয়তো এক গাছেই উঠে' নিজের অন্তিথকে বজায় রাধার আগ্রহে হিংসা ভূ'লে যায়, কেউ কা'কেও থায় না, কেউ কা'কেও কামড়ায় না। অন্তিথ বা জীবন আর তা'র রাখ্বার টান জীবের এমনতরই ভীষণ! জীবন বাঁচাবার টানে যথন জীব-জানোয়ারের এমন হ'তে পারে, হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খুষ্টান এতো আর কি? তবে চাই অমনতর ধর্মের প্রতি হাড়ভালা টান—তা'হ'লে সব চুকে যায়। ঐ রকম টানের মাহ্মবের ভিতর কি দেখা গেছে—আছে হিন্দু ব'লে কোন গণ্ডী, হিন্দু ব'লে কোন ভেদ, মুসলমান ব'লে কোনও গণ্ডী, মুসলমান ব'লে কোনও ভেদ, কি বৌদ্ধ-খুষ্টান ব'লে কোনও ভেদ, জীবনজড়িত প্রাণময় প্রেমের প্রাবনে তা'দের কি ঐ সব হামবড়াইয়ের আইনগুলি ভে'কে চুরমার হ'য়ে যায় নি? ঐ সব গণ্ডী ফণ্ডী—তা'দের নামের দোহাই দিয়ে আত্মন্তবিভার সেবাহারা ফাঁকিবাজির বদমাইসী ছাড়া কি আর কিছু বোঝা যায়?

"যথনই আমাদের দেশে এমনতর কোন পীর বা সাধ্র আবির্ভাব হ'য়েছে,—যা'রা মাহুবের জীবন ও বৃদ্ধিকে খোদায়—ঈশ্বরে উন্নীত ক'রে অসীম চলার সম্পদ দান ক'রেছেন, তা'দের কাছে গিয়া কি আমরা দেণ্তে পাই নি যে—হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খুষ্টান সব এক-গাট্টা হ'য়ে দাঁড়িয়েছেন ? স্বাতস্ক্রের ভিতর দিয়েও কি তাঁ'রা একপ্রাণ হ'য়ে ইটে নিবিড্ভাবে গেঁ'থে ওঠেন নি? তবে ধর্মের মিল নেই বা কেমন ক'রে হয়? আর কেউ কাউকে না-মানার কথাই বা কেমন ক'রে আসে? প্রার্ত্তি-উপভোগের পোদ-পাকাম যা'র যতদিন থাক্বে, তা'র কাছে ওসব শাস্ত্র-ফাস্ত্র, হদিসের মিথাা দোহাই-টোহাই গোঁফ পাকিয়েই দাঁড়িয়ে থাক্বে। কিন্তু প্রাণের ক্র্যা জাগ্লে ওসব কিছু টিক্তে পারে না বাবা! যা'রাই ধর্মকে অবলম্বন

ক'রে ভগবানের দিকে চ'লেছেন, তাঁ'দের স্বারই একই কথা, অবশ্য দেশ-কাল-পাত্র হিসাবে ষা' ফারাক্ দেখা যায় তা' ছাড়া। শান্ত্রের কথা বা ধর্মোপদেশগুলি যদি গুলিখোরি গল্পই হ'ত, তবে প্রত্যেক পীর পয়গম্বর অবতারদেরই বা ধর্মপ্রাণ ভক্তদেরই প্রত্যেক অবস্থার প্রত্যেক রকমের একই কথা হ'ত না। পাঁচশ' বছর আগেকার কথার সাথে পাঁচশ' বছর পরের কথার সাথে মিল থাক্তো না। ও বাবা। বিজ্ঞানের। পরীক্ষা বা experiment-এর data-র (ফলের) চাইতেও নিছক সত্যি।

"হিন্দরা অবতার-বাদ মানেন, হিন্দুরা জনান্তরে বিশ্বাসী, তা' ছাড়া কত মর্ত্তিপজার বিধিতে তা'দের শাস্ত্র ভর্ত্তি—এসকল কারণে হিন্দুর সঙ্গে मुननमात्नत গড़मित्नत कथा ज्यत्मरक উद्धिश करत्न। किन्न श्विरामत क्रिकारि मूर्तिभूक्षात कथा नारे। कातान-भत्नीक, वारेटवन वा वोक्ष-श्रशामिटाउउ মৃর্ত্তিপূজার কথা নাই। যেখানে ওসব ব্যবস্থা আছে,—দেবতা বা hero-দের পূজার কথা। ভগবান-পূজাব কায়দায়, ওসব পুতৃল টুতুল, গরু, মহিষ-ওসব নাই বাবা! দেবতা কথার মানে হ'চ্ছে যিনি, যে, বা যা'রা মান্ত্যের প্রয়োজনকে পূরণ ক'রে তা'দের পরিপোষণে স্বার্থ হ'য়ে দাড়িয়ে কৃতজ্ঞ অর্ণ্যের অধিকারী হ'ষেছেন। ঐ রকম পূজা-পার্ব্বণ যা'কিছু হিন্দুদের-ভগবদমুগ্রহসম্পন্নদেরই। ভগবান-পূজার একমাত্র চিজই হ'চ্ছে ্জ্যান্ত পুতৃল ঐ পয়গম্বর, পীর, ঋষি, আদর্শ বা ইষ্ট। এঁর বা এঁদের অমুসরণ না করলে, পূজা না করলে, ভক্তির টানে আনত না হ'লে, পোষণ ও বৰ্দ্ধনের সেবায় আপ্রাণ না হ'লে, বিগ্রন্থ জ্ঞানের-বিগ্রন্থ ভয়োদর্শনের অধিকারী কিছুতেই হওয়া যা'বে না। আর এই দর্শন বিশেষ দৃদ্ধ ও তীক্ষ্ণ না হ'লে খোদাকে বা ঈশ্বরকেও উপলব্ধি করা কিছুতেই या'रव ना। এ বাবা कঠোর সত্য-- नव মাণিকের এক জেলা। नवारे ঐ এক-কথাই ব'লেছেন। বাহু পূজার কথা আর্যাঞ্চিরা অবজ্ঞার স্থরে কেমন ক'রে বিনিয়ে বিনিয়ে ব'লেছেন-

> 'উত্তমো ব্ৰহ্মসন্তাবঃ ধ্যানভাবক মধ্যমঃ। অধমন্তপো জপক বাহ্যপূজাহধমাধমঃ॥'

³ "এর মানে—এই অন্তি যাঁ'তে বিরাট হ'য়ে উঠেছে, তাঁ'র প্রতি যে প্রাণঢালা টান, যা' নাকি শত বিপ্লব-বিধ্বন্তির ভিতরেও একটা নিবিড় তৃপ্তির অমুসরণ স্ঠি ক'রে, চলার আনন্দে চলায়, সেই ভাবই হ'ছে উত্তম। আর পর পর ওগুলি সব তা'র চাইতে অনেক কম। টান-ফান নাই অথচ বাইরের প্ৰাপালি নিয়ে মন্ত, এতে কিছু হয় টয় না বাবা, ওতে ভগু যা' হ'বার তাই-ই হয়।

"ধর্ম আচরণের দিক দিয়া হজরত রম্থলও যা' বলে' গিয়েছেন, আর্য্যদের ধর্মশাস্ত্র চিরকালই ঋদির নির্দ্ধেশব্ধপে তাহাই বহন ক'রে আস্ছেন। আর্যাধর্মশাস্ত্র তাই ছবি বা পুতুল-পূজা এমনতর বিকট তাচ্ছিল্যের সহিত নিরস্ত করতে ঘোষণা ক'রেছেন। তবে আর্যাঋষিদের প্রত্যেক মামুষকে উন্নতির পথে নিয়ন্ত্রিত করিবার এমন একটা ঝোঁক ছিল যা' নাকি হজরত রম্বলের ভিতর দেখতে পাওয়া যায়--এমন-কি আরো আরো অনেক কামেল-পীরের ভিতরেও একটু বুভূক্ষ্ আগ্রহের মতন নন্ধরে আসে। আর তা'র জন্মই ঐ পুতুল-পূজার ভিতর দিয়াও মূচুরা যা'তে সেই পথে চলতে চলতে একদিন ঐগুলির বান্তব ব্যাপার ব'ঝে শু'ঝে, তা'হ'তে বিরত হ'তে পারে এমনতর ফলী-ফিকির খাটিয়ে অধমাধ্য ব'লেও একদ্য নাকোচ ক'রে দেন নি। আর দেখা যায়, হজরত রস্থলও একরকম তা-ই ব'লেছেন। যা'রা পুতল-পূজা নিয়ে পুতুলকেই ভগবান ক'বে একটা বেপরোয়া জড়ত্বের আরাধনায় মন্গুল হ'য়ে আছে, কায়দা-কলম ক'রে তা'দিগকে ঐ পুতৃল বা ছবিপূজার **अ**निष्टेकांत्रिय त्रित्य ७७वि य निरत्रेष्टे अथम, छा'रानत छा' विराय नाम छिख्य এনে, অন্তর থেকে তা' যা'তে মু'ছে যায় তা'রই মতলব মত কথার ভিতর দিয়ে কত রকমে দিয়েছেন তা'র ইয়ত্তা নাই। কিন্তু তিনি ত' একথা ক্থনও বলেন নাই, যা'বা পুতুল পূজা ক'রেছে তা'দের ইয়াদে অর্থাৎ জ্ঞানে ভা'র অপক্ষতা বোঝবার মতন হ'লেও, সে যদি সতা অর্থাৎ জীবন ও বৃদ্ধির ধর্মাচরণকে অবলম্বনও করে আল্লাতাল্লাহ তথাপি তা'দের প্রতি রুপাপরবশ হ'বেন না। তা'হ'লেই এই ধর্মপথে যে যে আচরণ মামুষের জীবন ও বৃদ্ধিকে উংকর্ষে উন্নত ক'রে তোলে, সে ব্যাপারে এঁদের কা'রও ভিতরে মতাস্থর কোথায় ? মতান্তর ভাবি আমরা অল্পাষ্টসম্পন্ন যা'রা। খোদা সকলেরই একজনই-शृष्टोत्मत्र त्थाना, व्यार्गाटनत्र त्थाना, मूननमानत्नत्र त्थाना, त्वोकत्नत ष्पानामा मुख्यमात्र रुष्टि करदन नार्ट। তार्टे ठां'रक या'ता षरुख्य कदरख পে'রেছেন স্বারই এক কথা। তবে অবস্থাভেদে ঐ একই ভাবের বিভিন্ন অভিব্যক্তি মাত্র। আর দেবতা মানে হ'চ্ছে বাঁ'র। মান্থবের জীবন ও রন্ধির সেবা ক'বে উৎকর্ষে নিয়ন্ত্রণ ক'রে তা'দের হালয়ে উজ্জ্বল আবেগে শ্বতির সিংহাসনে প্রতিষ্ঠা পে'য়েছেন।

"তাঁ'রাও একদিন জ্ঞান্ত-শরীরী, দীপ্তকর্মা ও সেবা-উদ্দীপ্ত হ'য়েই প্রত্যেকের জীবন ও বৃদ্ধিকে উন্নতির পথেই নিয়ন্ত্রিত ক'রেছিলেন, যে স্মৃতি মান্ত্ৰ ভূলতে পারে না,—তা' খুষ্টানই হউক, আর্ঘাই হোক, মৃদলমানই হোক, বৌদ্ধই হোক, জৈনই হোক বা যেই হউক বা যা'ই হউক। এই দেবতাদের গুণকীর্ত্তন হজরত রহুল যে কত-রকমে ক'রে গেছেন তা' বলা ষায় না, আর প্রত্যেককে তা'দের স্তুতি ও পূজা কর্বার কথা যে কত-রকমে ব'লে গেছেন তা'বও ইয়ন্তা নাই। ঐ জ্যান্ত-শরীরী খোদাতালার সেবক, মান্ত্যের প্রিয়কারী, জীবন ও বৃদ্ধির হোতাদিগের জীবন জ্ঞানবিকীরণকারী জীবন যে মান্ত্যের জীবন-চলনায় কত অমৃত উদ্দীপনায় উদ্দীপ্ত ক'রে দেয় তা' বলাই বাহুল্য। হজরতের তা'দের প্রতি বহুল প্রশংসা ও ধ্রুবাদ তারশ্বরে তা'দিগকে এপনও অভিনন্দিত কর্ছে।

"হিন্দুর জন্মান্তর লইয়া মুসলমান বা খুষ্টানের সাথে কি কোন গোল আছে ? বুঝের গোলই সব গোল এনে দেয়। খোদার কাছে কি কোন দিন ফিন আছে ? দিন-রাত ব'লে কি কিছু আছে ? না, এখন পাচটা বাজ্ল, তখন সাতটা বাজ্ল ব'লে কি কিছু আছে ? যখন যা' হয়, তা'ই তখন তার দিন। 'রোজ কিয়ামত' বা re-surrection মানেই হ'ছে—রোজ কায়ামৎ বা re-rise—কায়াম হওয়ার রোজ বা আবার হওয়ার দিন! কর্মফল অনুযায়ী এ'তো ছনিয়ায় হরদমই হ'ছে রোজ। যেদিন সে হয় তা'রই দিন—ধাতার বিধানের বিচারে তা' যে অনবরত আপনা-আপনি চল্ছে।

"ভা', তাঁ'রা ভো আর আমাদের মতন অল্পান্টসম্পন্ন একটা যা'-ভা' বলার কেউ ছিলেন না যে, কারু সাথে কারু মিল থাক্বে না! আমরা আমাদের ব্ঝ-মাফিক মারামারি করি। ঐ মারামারির ভয়ে বাস্তব যা', ভা'ভো আর অভিত্পকুতিহারা হ'ভে পারে না; যা' আছে ভা' আছেই, যভদিন যা' থাক্বার থাক্বেই।

"আর অবতার-বাদের কথা যা' বলা হয়— ত্নিয়ার যা'-কিছু সবই তো
তাঁ'র অবতার—তা' থেকে তো সবই অবতরণ ক'রেছে, আর অবতরণ ক'রেও
সর্বতোভাবে তো তাঁ'তেই সবাই আছে! তবে হিন্দুরা তাঁ'দিগকেই অবতার
ব'লে থাকেন—ধোদায় যাঁ'রা চেতন আছেন বা থাকেন—আর তাঁ'রাই
হ'চ্ছেন, ঐ খুষ্টানরা যাঁ'কে বলেন ঈশবের সন্তান, ম্সলমানেরা যাঁ'কে বলেন
খোদার দোন্ত। আবার এঁরা যেমনই হউন বা যাহাই হউন না কেন, ঋষি তেঁ
বটেন-ই। কারণ খোদার দর্শন বা চেতনা এঁদের প্রত্যেকের ভিতরই মস্গুল্
শিচ্মান। কোরাণের ভিতরও তো দেখ্তে পাওয়া যায় এমনতর বহুত আছে।
ইহাদিগকে যাঁ'রা মানেন না, কোরাণের কথায় তাঁ'রা তো ম্সলমানই নয়।
একটা লাঠি সোজা ক'রে ধব্লেই লাঠি হয়্ম, আর ফেরালেই তা'কে কোংকা
বলে। লাঠিই বল আর কোঁংকাই বল—যা'ইচ্ছা বল্তে পার, কিন্ধ জিনিয় যা'



জন্মোৎসব-অভিষেকে জননীদেবীর সহিত শ্রীশ্রীঠাকুর অনুকৃলচন্দ্র (১৩৪• সনের ভাদ্র)

তা' থাক্বেই; তা'র যা'গুণ, তা' দিয়ে যা' হয়, তা' তুমি কিছুতেই মৃ'ছে ফে'লে দিতে পার্বে না। তা'হ'লে গরমিল কোথায় তা'তো ঠাহর পাওয়া গেল না। না, ঠাহর পে'য়েছে কেউ বলতে পাবে ? খোদাকে এ ছনিয়ার প্রতোকটীকে যে নিয়মের ভিতর দিয়া সৃষ্টি করতে হ'য়েছে, এ ছনিয়ায় আমাদের উদ্ধাতারূপে আস্তে হ'লেও তেমনি শরীরী হ'য়েই আমাদের মত স্থবহুংথের বোদ্ধা হ'য়েই, জীবন ও বর্দ্ধনের পোষণ-লিপ্স হ'য়েই তা'র পরম অভিযকে আরত ক'রে শরীরী হ'তে হ'রেছে; আর তা' না হ'লে এই বে इन-यवनानी दिन छे भाग कि र'छ १ छा' ना र'दन धना अथराता निग विनिक-হারা, বিভ্রান্ত, শুধু মরণপ্রবণই থেকে যে'তো হয়তো ৷ তাই আবার এই ভগবংচেতনা-বিমুখ-মাদের চলতি কথায় জীব বলে-তা'দের জীবঘটুকু वांन नित्न जा'रानत अधि व'रान किছू थाकरा भारत ? आव जा यनि না-ই পারে ঐ অন্তির অন্তিত্ব যদি একমাত্র রহমান খোদাই, ঈশ্বরই, ভগবানই হন, তবে ত' আর ঐ কাঠণোটা জান-ধেলাপী মন্দের আন্তিন-গুটানোর জায়গাই নাই। এই জীবশালা যুখনই ঐ খোদ-চেতনায় চেতন হয়, ঐ রহমান রহিমে, ঈশ্বরে, ভগবানে আমজ্জিত না হ'য়ে যায় কোথা ? খোদার দোন্ত দে ত' কেবল তথনই হ'তে পারে। তাই আর্য্যেরা ব'লেছেন, 'ব্রহ্মবিদ্ ব্ৰহ্ম এব ভবতি।' দিন্তনিয়াব খোদ অশ্বীবী একমাত্ৰ কাবণেরই—দিন তুনিয়াব গোদ একমাত্র চেতনার—জ্ঞান্ত, আব্রশ্বন্থচিৎসম্পন্ন জৈব-উপাধিসম্পন্ন, দোস্ত নরনারায়ণ মাহুষের মুক্তির একমাত্র অমৃত-মথিত রাজপথ—যা' নাকি সব আলিঙ্গনে এক-চুমুকে মান্তবের মৃত্যুকে নিংশেষ ক'রে অসীমের জ্যান্ত চলায় চলায়মান ক'বে তুল্তে পারে! আমরা শালা বুত্তি-ভাঙ্গীর দল, মরণ-পীরিতের প্রেমিক, অমন পুরুষকে আমাদের ভাললাগে না ? ভাব তে গেলে বুকটা যে পাঁচ হাত ফু'লে ওঠে না ?

"তা'হ'লে মাহুষের ঠিক চলার পথ একটাই। এক খোদ বা ভগবানে বিশ্বাস, তাঁ'র প্রেরিত পরগধর ও প্রকৃত ভক্তদিগকে সর্বতোভাবে গ্রহণ, আর তাঁ'দের নিদ্দেশগুলিকে মেনে ডা'কেই আপ্রাণ অন্নসরণ—এই হ'চ্ছে ধর্ম্মের মেরুদণ্ড। এক-কথায় যা' নাকি মাহুষের জীবন ও বৃদ্ধিকে উন্নতির পথে চালনা করে, আদক্তির বা টানের আচরণে সেই পথে চলা। বিশেষ বিশেষের বিশেষ কোন জীবনপ্রদ ব্যাপার নিয়ে অবজ্ঞা বা বিরোধের স্বাষ্ট না ক'বে, প্রত্যেকের প্রত্যেক পারিপাশিককে সেবায় উন্নত চেতনা দিয়ে সংবৃদ্ধ ক'রে, আদর্শ-প্রতিষ্ঠার স্বার্থকেক্র হ'য়ে, জীবন, যশ ও বৃদ্ধিতে প্রত্যেককে সমৃদ্ধত ক'রে খোদের চেতনায় অসামের পথে চলা। এই ত' হ'ল যা-কিছু সব ব্যাপার। প্রত্যেকের এই বৃদ্ধি এলেই ত' দব মিটে গেল।"

শ্রীশ্রীঠাকুর মানব সাধারণের সর্কবিধ প্রয়োজনের পরিপূরক, যত-কিছু সমস্থার পরস্পর সামগ্রস্থাপূর্ণ যে অভ্যান্ত সার্বজনীন মীমাংসা-বাণী দান করিয়াছেন, আমরা এইবার প্রসক্ষক্রমে নিম্নে তাহারই কিঞ্চিৎ উদ্ধৃত করিয়া বর্ত্তমান অধ্যায়ের আলোচনা সমাপ্ত করিব।

প্রশ্ন। ধর্মের সঙ্গে অর্থ তো ছাসে না ? ধর্ম আর অর্থে তো চিরদিনই বিরোধ;—ধর্মে আর দারিদ্রেই তে। চির-বন্ধুত্ব ? আপনি ধর্মের সঙ্গে এত এত শ্রমশিল্পের প্রবর্তন ক'রেছেন কি উদ্দেশ্যে ?

শীশীঠাকুর। আমি তো অনেকবারই মাপনাদের ব'লেছি—ধর্ম মানেই আমি বৃঝি সেই নিষম, সেই আচার,—মান্তবের বাঁচা-বাডাকে যা' দ'রে রাখে। তা'হ'লে এই বাঁচ্তে গেলে, বাড়তে গেলেই, মান্তবের দৈনন্দিন জীবনে যা' যা' কবণীয় সেইগুলিই ধর্মকে সার্থক করে—আর এ individual জীবনেও যেমনতর, বাষীয় বা জাতীয় জীবনেও সেই হিসাবে তেমনতর। তা'হ'লেই ব্যুন্ ধর্মের লওয়াজিয়ায় আমি industry-র কথাই বা বলি কেন, education-এর কথাই বা বলি কেন, আব আদর্শ ও পারিপার্খিকের সেবার কথাই বা বলি কেন?

Individual-এর ধর্ম যথাযথভাবে বজায় ন। থাক্লে জাতীয় ধর্ম কি ভাবে বজায় থাক্তে পারে ? আর রাষ্ট্রের বা জাতির ধর্ম যদি individual ধর্মকে পবিপ্ত না করে, আবাব তেমনই individual যদি তা'র পাবিপাধিককে নিয়ে ধর্মে সংশ্বিত হ'যে বাষ্ট্র বা জাতিকে fulfil না করে ভা'হ'লে individual জীবনই হোক আব রাষ্ট্রীয় বা জাতীয় জীবনই হোক্— কি ক'বে কোথায় দাড়াতে পারে তা'ও তো বৃ'ঝে উঠতে পারি না ?

তাই, রাষ্ট্রীয় বা জাতীয় জীবনকে মটুট ও অক্ষত রাখ্তে গেলেই পারিপাখিক তা'র রঞ্চিল বৈশিষ্ট্য নিয়ে যদি পরস্পরকে ষথাযথভাবে পৃষ্ট ও প্রবর্জন-সার্থকতায় সমৃন্নত ক'রে না তোলে, আর এই যদি প্রতি-প্রত্যেকের মুখ্য স্বার্থ হ'য়ে না দাঁড়ায় তা'হ'লে লাগ স্বার্থের চেঁচামিচি কাউকে কি কখনও সার্থক ক'রে তুল্তে পারে ?

্র আর আমাদের দেশে ষধনট আধ্য-বর্ণধর্ম্মের এই সার্থক শৃঙ্খলা ছিল্ল ভিল্ল হ'ষে বৈশিষ্ট্যের রংগুলি কাউকে সার্থক না ক'রে আত্মস্থার্থের বদরোলে বিশৃঙ্খল হ'য়ে প'ড়েছে, অধঃপতন দানবী চীংকারে তগন থেকেই আমাদিগকে নিঃশেষ-প্রয়াসী হ'য়ে আক্রমণ চা'লাচ্ছে, তা'কি এখনও কারু বৃষ্তে বাকী আছে ? তাই আমি বলি—বিপ্র-ক্তিয়ের সঙ্গে বৈশ্রকে interwoven ক'রে, বিপ্রায়, ক্ষত্তিয়ান্ত আরু বৈশ্রন্ত interlocked in activity and অন্ধ্রনাম Eugenic relations হ'লে তবে solution of economic and all problems হ'তে পারে।

ষিজমাত্রেরই স্বর্ণের normal cultural trait prominent রে'থে
অন্ত বর্ণের traitগুলিরও secondary culture হিসাবে family lifeএর ভিতর দিয়ে practical life-provision-এর মতন নৈমিত্তিকভাবে
চর্চা বাথা উচিত, যেমন, বিপ্রদের স্বর্ণের culture-কে prominent
রে'থে executive and industrial traitগুলির চর্চা রাথা; ক্ষত্তিরদের
ক্ষত্রিয় culture-কে prominent বে'থে বৈপ্রিক এবং industrial চর্চাকে
নৈমিত্তিক গৃহস্থ-জীবনে মক্সের ভিতর রাথা; আবার বৈশ্রদের নিজেদেব
কেmmercial and industrial trait-কে prominent রে'থে বৈপ্রিক
এবং ক্ষাত্র চর্চাকে গৃহস্থ-জীবনে নৈমিত্তিকভাবে জাগরুক রাথা, আর
এটা এমনতর হ'লে এই cultural chain almost unbreakably
থেকে যা'বে—আপংকালে ব্যষ্টি ও স্মষ্টি বিধ্বন্তির পথ-চলনে নি:সহায হ'যে
বিশ্বধ্রলায় এমনতর ছিন্ধ-ভিন্ন আর নাও হ'তে পারে।

প্রশ্ন। আচ্ছা, আমাদের জাতির স্বাধীন উপার্জ্জন-ক্ষমতা বাড়ে কিসে তা'তে কিছুই বল্লেন না ? স্বাস্থ্য, সমাজ, ধর্ম, শিক্ষা, রাজনীতি—যা'ই বল্ন না কেন, সমস্তই সংস্কার করা সম্ভব, যদি আমরা অর্থবান্ হই, পরাধীন দবিদ্র দেশে প্রতি ব্যক্তি ও পরিবার অধিকতব উপার্জ্জনক্ষম হ'বে কেমন ক'বে ?

শ্রীশ্রীঠাকুব। মাছবের স্বাধীনভাবে উপার্জ্জন করার ক্ষমতা নির্ভর করে প্রথমতঃ ও প্রধানতঃ প্রেষ্ঠ বা Superior Beloved-কে fulfil করাব urgeএর উপর—যা' মাছবের underlying sentiment-কে উদ্ধে দিয়ে, fulfilment-এর আনন্দে বাক্ ও বান্তবতার সহজ প্রশ্নশৃত্য সক্ষতির সহিত normal
serving zeal-এ উদ্ধুদ্ধ ক'রে রাথে—এই এমনতর ভাবেই educated
হওয়ার রকমের উপর যা'তে motor ও sensory nerves-এর সক্ষতিপূর্ণ
অর্থাং co-ordinated habit-এর culture চরিত্তে normal and natural way-তে দাঁড়িয়ে যায়। তা'হ'লেই মাছবের জীবনে ছনিয়ার জানাগুলি
সার্থক পর্যায়ে পর্যায়ীকত হ'তে হ'তে always integrating রকমেই বাড়তে
থাকে, আর তা' না-হ'লে মাছবের প্রবৃত্তি ও জানাগুলি—যা' তা'র জীবন কত
রক্ম বিচ্ছিয় চাহিদা ও অবস্থার ভিতর দিয়ে অর্জ্জন ক'রেছে—সব ঐ
অমনতব বিছিয় রকমেই চল্তে থাকে; কোনও চাহিদা বা কোনও

জ্ঞানা তা'ব জ্বন্ত চাহিদা বা জ্বন্ত জ্ঞানাকে fulfil ক'বেই উঠ্তে পাবে না। এমনতর মাত্বশুলো জ্ঞানায় living library হ'তে পাবে কিন্তু জ্ঞানায় বিবৰ্দ্ধনশীল মাত্বহ হ'তে পাবে না। Profit দিয়ে profit পে'তে হয় তা' তা'বা ব্যুলেও তা'দের জ্ঞানার দখলে যেন তা' নেই! তাই তা'দের ভাতা নিয়ে চাকুরী করা ছাড়া জন্য উপায়ই যেন থাকে না—ঐ এক রাস্তা ছাড়া profitable জ্বন্ত বাস্তা তা'দের জ্ঞাবনের কাছে তুল ক্ষ্য ও তুলিস্ক্য।

আর এই দে'খে শু'নেই আমি আপনাদের প্রত্যেক individual life-এর যা'তে daily একটা normal culture of motor-sensory co-ordinating habit হ'বেই হ'বে তা'র জন্ম স্বস্তায়নীর বিধি দিয়েছি।* এই স্বস্তায়নী বিধির ভিতর আছে—

নিজের শরীরকে ইউ-পূজার যন্ত্র বিবেচনা ক'রে বান্তব জীবনে যথাযথভাবে স্বাস্থ্যের নিয়ম পালন ক'রে শরীরকে সহনপটু ও স্কন্থ রাধ্তে সজাগ থাকা।

তার পরেই আছে,—মনের কোণে যে প্রবৃত্তিই উকি মাঞ্চক্ না কেন, তা'কে নিয়ন্ত্রণ ক'রে ইষ্টস্বার্থ ও প্রতিষ্ঠামুখী ক'রে তুলতে সজাগ থাকা।

আবার এরই সাথেই যখনই যা' ভাল ব'লে বিবেচনায় আস্বে, ভরসা ও শক্তি-সাহসের সহিত সেগুলি বাস্তবভাবে অবিলম্বে কাজে ফুটিয়ে তুল্তে সব সময়েই প্রয়াসশীল থাকা চাই।

আবার এমনতর tendency ও attitude নিয়ে পারিপার্শিকের বাঁচা-বাড়াকে নিজের বাঁচা-বাড়ার বান্তব স্বার্থ বিবেচনায় দ্বীবন-বৃদ্ধিদ ইটাহ্নগ যাজন-দেবায় তা'দের প্রতি-প্রত্যেককে শুভ ও সম্বর্জনাপ্রবণ কর্তে সাহসদ্ধিংহ প্রয়াস নিয়ে চলা—আর এইগুলির প্রত্যেকটী ষ্থাষ্থভাবে daily life-এ observe ক'রে নিজের জীবন-যাপনের আহার্য্য-আহরণের সঙ্গে সঙ্গে প্রতিদিন নিজের Superior Beloved বা ইটের জন্ম নিজের সামর্থ্যের ষ্থাসম্ভব স্বাধীন প্রয়োগে সেবা ও সম্বর্জনাযুক্ত অন্ততঃ তৃই বেলার আহার্য্যাদির অহ্বকল্পে প্রতিদিন প্রত্যুবে পান-ভোজনের প্রেই মর্য্য নিবেদন করা, আর প্রতিমাসে এই প্রাত্যহিক নিবেদিত ম্বর্য্য হ'তে ন্যুনকল্পে ৬ টাকা ইটের সেবা, সম্বর্জনা ও তৃই বেলার আহার্য্যাদির অহ্বকল্পে পাঠিয়ে বৃ্ক্রী যা' থাক্বে তা' কোন-রকমে নই না হয় এমনতরভাবে নিজের আয়ত্তে মন্ধুত রাখা—

আর এমনতর ক'রে অর্থ মন্তুত ক'রে পরে profitable concern-এ সেই

^{*}ৰস্তারনী সম্বন্ধে পরবর্তী অধ্যারে বিস্তৃতভাবে আলোচনা করা হইরছে।

অর্থগুলিকে ইষ্টোন্তর ক'রে রে'থে তা'রই income দিয়ে যা'তে ইষ্টের wishesগুলি complied হয় এমনতর ক'রে ইষ্ট ও পারিপাদিকের service-এ দেগুলি নিয়োজিত করা, আবার এইগুলি management ও supervision-এর জন্ম ঐ invested ইষ্টোন্তরের আয়-মাফিক নিজের উত্তরাধিকারীদের ভিতর বড় যে অর্থাং যা'র উপর নিজের সংসারের ভার গ্রস্ত থাকে তা'র ভাতা নির্দেশ করা। ঐ ভাতা ঐ invested money বা সম্পত্তির আয়ের এক-পঞ্চমাংশের বেশী না হয়।

এই ভাতা নিমে কেউ ষদি ঐ প্রকার ইষ্টাছ্প জীবনবৃদ্ধির যাজ্বন-সেবায় প্রতি-পারিপার্শিককে যথাসম্ভব পরিপালন না করে তা'হ'লে ঐ বংশের ক্রমস্ত্র হিসাবে যেই তা'তে উপযুক্ত তা'তেই ঐ ভাতার ও ঐ ইষ্টোভরের বর্ত্তনের নির্দ্দেশ রাখা।

· আবো এই রকম বাংসরিক মজুত ইষ্টার্ঘ্য হ'তে নিজ সংসারের আপন প্রয়োজনে এক-দশমাংশ মাত্র বংসরাস্তে নেওয়া যে'তে পারে। এ ইষ্টের দান ব'লে যা'তে অস্তায়ভাবে ধরচ না হয় এইভাবে বিশেষ নজর রে'থে গ্রহণীয়।

মান্তবের জীবনে এইগুলিকে fanatically and sentimentally observe করাকেই আমি ভাল-থাকার পথ বা স্বত্যয়নী ব'লে থাকি। ইহাতে দারিদ্রারোগ, বৃদ্ধিবিপর্যায়, কিছু বা কারুষারা possessed হ'য়ে পথএট হওয়া—এক-কথায় যা'কে গ্রহদোষ বলে—ভা' এবং নানারকম বিধ্বন্তির হাত হ'তে প্রতি-প্রত্যেকে সংসার-চলনে শুভ চলনায় না-চ'লেই পারে না।

জাতির সত্যিকার আদর্শে বা ইপ্টে যখন প্রত্যেক individual এই-ভাবে যুক্ত হ'বে তখন জাতির উন্নতি না হ'য়েই থাক্তে পার্বে না—নানা প্রকার অবসাদ ও অবিধি অপঘাত হ'তে জাতির প্রায় প্রত্যেকে যথাসম্ভব রক্ষা পা'বেই পা'বে—এই আমার দৃঢ় বিখাস!

এই ছোটু টোট্কা ব্যাপারটা যদি প্রত্যেক individual-এর অবশ্য পালনীয় হয় তা'হ'লে কত রকমে কি হ'তে পারে তা' আপনারাই একট্ ভে'বে দেখলেই ব্রুতেই পারেন। আর এটা আমার ছোট্ট অথচ বিরাট psycho-industrial তুক্—বে industry মানে হ'ছে to build from within—যা' দিয়ে individual এবং জাতির স্বাধীন উপাৰ্জ্জন-ক্ষমতা তো আরো বে'ড়ে যা'বেই তা' ছাড়া ঐ রকমেই মজ্ত অর্থণ্ড মেকদণ্ডের ম্তন individual ও জাতিকে ধ'রে রাখ্বে—এই আমার দ্বির বিশাস।

আবার এই স্বস্তায়নী কোন দোকান, কারবার, জমিদারী ইত্যাদি ষে-কোন concern-ই হোক না কেন সেই সেই নামে তা'র তরফ থেকেও করা যে'তে পারে, আর তা' সর্বতোভাবে মঙ্গলপ্রদুই, তাহাতে সন্দেহ নাই। এই ব্রতের প্রত্যেকটা নিয়ম তখন ঐ concern-এর তরফ থেকে পালন কর্তে হয়, আর বংসরাস্তে বিশেষ প্রয়োজনে এক-দশমাংশ লইলে ওই concern-এরই উন্নতিকল্পে তাহা প্রযোজ্য। যে concern-এর তরফ হ'তে এই স্বস্তায়নী ব্রত পালন করা হ'বে, ব্যক্তিগত জীবনের মত ঐ concern-ও এই ব্রতের প্রত্যেকটা বিধি-মাফিক ঠিক ঠিক চালিত হ'লে সর্বতোভাবে flourishing হইয়া উঠিবেই উঠিবে। তাই আমি এটা দ্বিজ্ঞাচারের একটা প্রধানতম আচার ব'লে গণ্য ক'রে থাকি। এটা না থাক্লে, আমার মনে হয়, দ্বিজ্ঞবের যেন অনেকথানিই থাক্তি থেকে গেল।

প্রশ্ন। আপনি বলেন পারিপার্খিকের প্রযোজন ও অভাব প্রণ কর্তে শ্রমশিল্পের দারা, কিন্তু আমাদের প্রত্যেক অতি সাধারণ চাহিদা ও প্রয়োজনটী এত সন্তায় বিদেশীয়গণের দারা পরিপৃরিত হ'চ্ছে যে শ্রমশিল্প আরম্ভ কর্লেই তো আমরা হ'টে যা'চ্ছি—এর প্রতিবিধান কোথান্ধ ?

শ্রীশ্রীঠাকুর। এর পূর্ব্বেই আমি দ্বিদ্ধদের প্রাত্যহিক দ্বিজাচারের ভিতর প্রধান দ্বিজাচার গণ্য ক'রে "স্বস্তায়নীর" কথা ব'লেছি। সেই স্বস্তায়নীর ভিতর একটা clause আছে, পারিপাশ্বিকের বাঁচা-বাড়াকে নিজের বাঁচা-বাড়ার স্বার্থ জ্ঞান ক'রে অন্তসন্ধিংসার সহিত সজাগ থাকা—যা'তে পারিপাশ্বিককে ইষ্টাহ্নগ সেবা ও যাজনে উদ্বুদ্ধ ক'রে প্রয়োজনাহ্নপাতিক service-এ পরিপূর্ণ কর্বার প্রয়াস নিয়ে চল্তে পারা যায়।

এই clause-এর faithful observation থেকেই আসে industrial upliftment-এর বৃদ্ধি—যা'তে স্থন্দর ও সহজভাবে, যথাসন্তব অল্প ব্যয়ের ভিতর দিয়ে পারিপার্দ্ধিকেব প্রয়োজনগুলিকে supply ক'রে নিজেকে profitable করা যে'তে পারে। আর এই জন্মই দ্বিজ্ঞাচারের যেমন মুখ্য আচার "স্বস্তায়নী", আবার দ্বিজ্ঞ গৃহস্থের এক মুখ্য গৃহস্থাচার—বাড়ীতে পরিবারের ভিতর cottage industry-র ব্যবস্থা রাখা, আর এরই সঙ্গে scientific culture-এর জন্ম একটা ছোটু laboratory-র equipments রাখা—যা'র ভিতর দিয়ে প্রত্যেক গৃহস্থ পরিবারই মাথা থাটিয়ে বে'র কর্তে পারে, মান্তবের প্রয়োজনগুলিকে কত সহজ, স্থন্দর ও স্বল্পবারের ভিতর দিয়ে comply করা যে'তে পারে।

্যু এগুলি মেয়েরা যদি তা'দের সন্তান-সন্ততিদের নিয়ে ঘরকয়ার ভিতর
দিয়ে উদ্ভাবনপ্রস্থ অন্তসন্ধিৎসার সহিত বান্তব জীবনে কর্তে থাকে, তা'হ'লে
ছেলেমেষেরা ঐ instinct-গুলির যথাযথ nurture পে'তে পে'তে এমনতর
বিরাট fulfilling প্রভায় হয়ত প্রভাষিত হ'য়ে উঠ্বে—য়া'য় ফলে ত্নিয়ায়
ভক্তি, বিনয়, বিশ্রয়ে তাক্ লে'গে যা'বে

আবার এই উদ্দেশ্যেই মেয়ে ও পুরুষ উভয়েরই motor-sensory co-ordination হ'তে পারে এমনতরভাবে educate কর্বার ব্যবস্থা ক'রে—বিশেষতঃ মেয়েরা ঘরকল্লার ভিতব দিয়ে সহজেই অল্প সময়ে অন্তঃ Matriculation যা'তে পাশ কর্তে পারে দে কথা আপনাদের অনেকবার অনেক রকমেই ব'লেছি, যা'তে তা'না বাইরের information গুলি নিয়ে নিজেদের ভিতর থেকে দেশের needsগুলিব কি ক'রে স্কল্পর সহজ্ব কল্পরে ভিতর দিয়ে পূর্ণ কর্তে পারে দে সম্বন্ধে চিন্তা ক'রে তৎকরণে প্রয়াসশীলতায় সাহস লাভ ক'রে তা'তে বতী হ'তে পারে।

এটা যদিও এখন চিন্তা কর্তে গেলে দেশের মন, অর্থ ও অবহা দেখে রূপক্থার মতই মনে হয়, কিন্তু বার বাব service ও যাজনে প্রত্যেকের ভিতর এই জাতীয় incentive গজিয়ে তুল্তে পার্লেই এ অসম্ভব সহজ সম্ভব হ'তে হয়ত কিছুই লাগ্বে না। বিধাতা তাঁর প্রকৃতিকে এমনতর বৈশিষ্ট্য দিয়েই সৃষ্টি ক'রেছেন, যা'তে নাকি ধর্তে গেলে, প্রত্যেক মান্তবেরই পিছনে এমনতর একটা বিরাট বিশ্ব-পারিপাশিক দিখেছেন—যা'কে service দিয়ে প্রয়োজন পূরণ ক'রে প্রতি-প্রত্যেকেই profitably grow কর্তে পারে। চাই আপ্রাণ, অটুট ও অকাট্য ইইম্বার্থকতার উদ্দীপনী incentive নিয়ে অন্তসন্ধিৎসাপ্রবণ, ইষ্টাম্ব্য জীবন-র্দ্ধিদ auto-initiative responsible, profitable, serving and enterprising attitude, এ যদি থাকে—কি-যে না হ'তে পারে, আমার মনে হয়, তা' ভাবাই কঠিন।

আমাদের এদেশায় মাত্র্য হয়ত মনে কর্তে পারে—আমরা সাজসরঞ্জাম ক'বে এমনতর রক্মে যতক্ষণে দাড়াতে যা'ব, অন্তদের চাপে
তদিনে হয়ত আমাদের সব সাবাড়ই হ'য়ে যা'বে। আমি বলি,—আমরা
আমাদের নৈমিত্ত্বিক চলনাকে ঠিক এমনতর রক্মেই মোড় ফিরিয়ে
এখন থেকেই যদি চল্তে থাকি, যে rate-এ সাবাড় হ'ছে, নিঃশেষ
হওয়ার পূর্বেই হয়ত এমনতর মোড় কি'রে যে'তে পারে যা'তে এমনতর
বিশেষ বৈশিষ্ট্যে দাড়াতে পারি,—fulfilment ফাগুন-উষার রক্ষিন রাগে
ব'ঙে আমাদের "স্বাগত্ম" ব'লে অভ্যর্থনা কর্তে পশ্চাংপদ হ'বে না।

তাই, আমি বলি—বৈ অবস্থায় আছি দেই অবস্থা ও দামর্থ্যের ভিতর দিয়েই, আমাদের চলনাগুলিকে majority-র ভিতর উন্নতির জন্ম যা' যা' করণীয় ব'লেছি তেমনতর মোড় না ফিরিয়ে যা-ই কিছু কর্তে যা'ব দিগ্দারী অটুহাস্থে পিঠ চাপ্ডিয়ে আমাদিগকে বিদায় ক'রে দেবে—তা'র রেখা লক্ষণ আপনারা কি নৈমিত্তিক জীবনেই পাচ্ছেন না ? তাই বলি, হ'টে যে যা'ব না—তা'র প্রতিবিধান কি এতেই নেই ?

ছাদশ অধাায়

গ্রন্থ-পরিচয়

প্রীপ্রীঠাকুরের গ্রন্থ সংখ্যার দশখানি। তন্মধ্যে 'সত্যাম্বসরণ' সর্বপ্রথম রচিত হয়। তংপর ১৩৩৩ সনে 'তার চিঠি' মুদ্রিত হয়। 'নানাপ্রসঙ্গে', 'নারীর পথে', 'চলার সাথী', 'নারীর নীতি' এবং "The Message'—এই পাচগানি পুস্তক ১৩৪১ সনে প্রকাশিত হইরাছে। 'কথাপ্রসঙ্গে' ও 'ইসলামপ্রসঙ্গে' এই তৃইখানা কথোপকথন-গ্রন্থ সংসঙ্গের মুখপত্র "সংসঙ্গী" পত্রিকায় ১৩৪২ সন হইতে ১৩৪৪ সন মধ্যে ধারাবাহিকরূপে বাহির হইরাছে এবং গত বংসর 'চলার রীতি' নামে আর একখানা পুস্তিকা প্রকাশিত হইরাছে। বর্ত্তমান অধ্যায়ে আমরা এই সকল গ্রন্থ সন্থম্মে সংক্ষিপ্ত আলোচনা করিয়া প্রীপ্রীঠাকুরের বিভিন্নমুখী ভাব-ধারার কিঞ্চিৎ পরিচয় দিবার চেষ্টা করিব।

সভ্যান্থসরণ

ইহা একথানি ক্ষুদ্র পৃত্তিকা। গ্রন্থ-প্রণয়ন উদ্দেশ্যে শ্রীশ্রীঠাকুর ইহা রচনা করেন নাই। বহুকাল পূর্বের কথা। শ্রীযুক্ত অতুলচন্দ্র ভট্টাচাধ্য নামে একব্যক্তি বাজিতপুর ধ্বীমার-ঘাটের ষ্টেশন-মাধ্বার ছিলেন। অবসর পাইলেই তিনি শ্রীশ্রীঠাকুরের সক্ষ করিতে আসিতেন। শ্রীশ্রীঠাকুরের সক্ষেহ বাবহারে এবং বৈষ্থিক ও পারিবারিক নানা বিষয়ে সর্বাদা উপদেশ পাইয়া তাহার প্রতি অতুলবাবুর অগাধ বিশ্বাস এবং ভক্তি জন্মিয়াছিল। এম্বান হইতে অক্সত্র বদলী হওয়ার কালে অতুলবাবু শ্রীশ্রীঠাকুরকে বিশেষ অমুরোধ করিয়া বলিলেন—"এতদিন প্রতিবিষয়ে আপনার পরামর্শে কত সাহাব্য পাইয়াছি। জীবন-মাত্রার পথে যাহাতে অবাধে চলিতে পারি, আমাকে এমন কতগুলি উপদেশ লিখিয়া দিতে হইবে।" উক্ত ভদ্রলোকের সনির্বাধ অমুরোধে শ্রীশ্রীঠাকুর কতকগুলি বাণী লিপিবদ্ধ করিয়া দিয়াছিলেন। অতুলবাবুকে সংগাধন করিয়াই তিনি লিখিতে আরম্ভ করিলেন—
"অতলদা,

আমাদের সর্বপ্রথম তৃর্বলতার বিরুদ্ধে যুদ্ধ কর্তে হ'বে। সাহসী হ'তে হ'বে, বীর হ'তে হ'বে, পাপের অলম্ভ প্রতিমৃত্তি ঐ তুর্বলতা, তাড়াও, যত শীঘ্র পার, ঐ রক্তশোষণকারী অবসাদ-উৎপাদক vampire-কে। শ্বরণ কর তুমি সাহসী, শ্বরণ কর তুমি শক্তির তনর, শ্বরণ কব তুমি পরমণিতাব সস্তান। আগে সাহসী হও, অকপট হও, তবে জানা যা'বে তোমার ধর্মরাজ্যে ঢোক্বার অধিকার জ'নেছে।"

এক-রাত্রিতে এক-আদনে বসিয়া একটানা লিখিয়া, পকেট সাইন্ধের মুদ্রিত শতাধিক পৃষ্ঠার একথানি পুন্তিকার বিষয়-বস্তুব রচনা সমাপ্ত করিয়া শ্রীশ্রীঠাকুর সেদিন শয়ন করিতে গিয়াছিলেন। এই উপদেশগুলিই পরবর্ত্তী কালে 'সত্যাত্যসরণ' নাম দিয়া পুন্তকাকারে প্রকাশ করা হইয়াছে। ইহার সর্বপ্রথম সংস্করণ হয় ১৩২৫ সনে। তংপর অত্য পর্যান্ত বহুসংস্করণে এই পুন্তকের প্রথমে এবং শেষে বহু নৃতন বাণী সংযোজিত করিয়া ইহার কলেবর বৃদ্ধি করা হইয়াছে।

'সত্যামুসরণের' এক-একটা কথা যেন হীরকথণ্ডের মত জ্বল্জনে,—মন্তের মত স্থাকারে প্রথিত। ইহার সহজ্ঞ, সরল, ভাবপূণ বাণীগুলি দৈনন্দিন জীবনে মানব-মনের সকল সমস্থাব অপসারণ করিয়া কেমন স্থন্দর সমাধান আনিয়া দেয়। চিন্তবৃত্তির নানা ভাব-ধারার অপূর্ব্ব নিয়ন্ত্রণ ও সামগুল্পের উপায় ইহার প্রতিছ্ত্রে ম্পষ্ট দেদীপ্যমান। কথাগুলি এত সতেজ্ঞ, তীক্ষ এবং অর্থপূর্ণ—পড়িলেই যেন অস্তরের অন্তঃস্থলে গিয়া পৌছে, আর তাহা চিরদিন স্থতিতে জাগুরুক থাকে। তুর্বলতার কথা বলিতে গিয়া ঘোষণা করিতেছেন—

—"হ'টে যাওযাটা হ্বলেতা নযকো, চেষ্টা না-করাই' ছ্বলেতা। তুমি কোন-কিছু করিতে প্রাণপণে চেষ্টা কর। সত্ত্বেও যদি বিফল-মনোরথ হও, ক্ষতি নাই, তুমি ছেড়ো না। ঐ অশ্লান চেষ্টাই তোমাকে মৃক্তির দিকে নিয়ে যা'বে। * * * * * ছ্বলে হদযে প্রেমভক্তির স্থান নাই। পরের ছ্বলা দে'পে, পনেব ব্যথা দে'পে, পবের মৃত্যু দে'থে নিজের ছ্বলা, ব্যথা বা মৃত্যুর আশক্ষা ক'রে ভেকে পড়া, এলিযে পড়া বা কেঁ'দে আকুল হওয়া—ওসব ছ্বলিতা। যা'রা শক্তিমান্, তা'রা যতই করুক, তা'দের নজর নিরাকরণের দিকে,—যা'তে ও-সব অবস্থায় আরননা-কেউ বিদ্ধান্ত হয়, প্রেমের সহিত তা'রই উপায় চিন্তা করা। বৃদ্ধদেবের যা' হ'য়েছিল। ঐ হ'চ্ছে সবল হদয়ের দৃষ্টান্ত!"

অন্তাপকারীকে উপদেশ দিতে গিয়া বলিতেছেন—

"অনুতাপ কর, কিন্তু স্মরণ কর খেন পুনরায় অন্তওও হ'তে না হয়। যথনই তোমার কুকর্মের জন্ম তুমি অনুতওও হ'বে, তখনই পরমপিতা তোমাকে ক্ষমা কর্বেন, আর ক্ষমা হ'লেই বুঝ্তে পার্বে তোমার হৃদয়ে পবিত্র সাম্বনা আস্ছে, আর তা' হ'লেই তুমি বিনীত, শাস্ত ও আনন্দিত হ'বে।"

একস্থানে দেখিতেছি, তৃই চারিটা সহজ সরল কথায় কামরিপু-দমনের কি স্থন্দর প্রকৃষ্ট উপায় নির্দেশ করিয়া দিয়াছেন। বলিতেছেন—

"জগতে মাহ্য যত তৃঃখ পায় তা'র অধিকাংশই কামিনীকাঞ্চনে বৃত্তিলোলুপ আসক্তি থেকে আসে—ওথেকে যত দুরে
প'রে থাকা যায় ততই মঙ্গল। কামিনী থেকে কাম বাদ দিলেই
ইনি মা হ'য়ে পড়েন। বিষ অমৃত হ'য়ে গেল। আর মা মা-ই,
কামিনী নয়কো। মার শেষে গাঁ দিয়ে ভাব্লেই সর্বনাশ।
সাবধান! মাকে মাগাঁ ভে'বে ম'রনা। প্রত্যেক মা-ই জগজ্জননী।
প্রত্যেক সেয়েই নিজের মায়ের বিভিন্ন রূপ এমনতর ভাব্তে হয়।"

তুংখের কি স্থানর সংজ্ঞা এবং তাহা নিরাকরণের কেমন সহজ উপায় নিদিষ্ট করিয়া দিয়াছেন! পড়িবামাত্রই কতদিনের পুঞ্জীভূত অজ্ঞান অন্ধকার-রাশি এক মুহুত্তে বিদ্রিত হয়, ঘাম দিয়ে জর ছাড়ার মত অবস্থা হয়। বলিতেছেন—

> "চাওয়াটা না-পাওয়াই ছংখ, কিছু চেও না, সব অবস্থায় রাজি থাক, ছংখ তোমার কি করবে শু"

গুটিকয়েক কথা, কিন্তু কেমন প্রাণম্পর্নী! এত বড় কঠিন সমস্থার কি সহজ সরল মীমাংসা!

আবার, আত্মসমর্পণ-বলে তৃঃথ দূর করিয়া আনন্দ পাইবার সহজ উপদেশ দিতেছেন—

> "পরমপিতার কাছে প্রার্থনা কর—তোমার ইচ্ছাই মঙ্গল, আমি জানি না কিলে আমার মঙ্গল হ'বে, আমার ভিতরে তোমার ইচ্ছাই পূর্ণ হউক—আর তা'র জ্ব্য তুমি রাজি থাক— আনন্দে থাক্বে, হুঃখ তোমাকে স্পর্শ কর্বে না।"

সরল ও কপট ব্যক্তির তুলনা করিতে গিয়া একস্থানে বলিয়াছেন—

"সরল ব্যক্তি উর্দ্ধৃষ্টসম্পন্ন চাতকের মত, কপটা নিম্নৃষ্টসম্পন্ন শক্নের মত। ছোট হও, কিন্তু লক্ষ্য উচ্চ হোক; বড় এবং উচ্চ হ'য়ে নিম্নৃষ্টিসম্পন্ন শক্নের মত হওয়ায় লাভ কি? কপট হ'য়ো না, নিজে ঠ'কনা, আর অপরকে ঠ'কিও না" 33 - [N. [9] (EL. MAN - 55,50-[MN) (P.Ch. Mb 3 (Bir 00) and 0) (And the 10-015 - 01,10 19 19 19 19 53 33 34 5

eió in Flera de 1 contra mont contra contra mont contra . con contra mont contra contra .

শ্রীশ্রীঠাকুর অনুকৃলচন্দ্রের যৌবনে রচিত 'সত্যানুসরণের' হস্তাক্ষরের প্রতিলিপি (১৩২০ সন)

পরনিন্দার কুফল উল্লেখ-প্রসঙ্গে লিখিতেছেন-

"এটা খুবই সত্যি কথা যে মনে যথনই অপরের মঙ্গাবিহীন স্বার্থবৃদ্ধি থেকে কারু দোষ দেখবার প্রবৃদ্ধি এসেছে তথনই ঐ দোষ নিজের ভিতর এসে বাসা বেঁধেছে। পরনিন্দা করাই পরের দোষ কু'ড়িয়ে নিমে নিজে কলঙ্কিত হওয়া, আর পরের স্থ্যাতি করা অভ্যানে নিজের স্থভাব অজ্ঞাতসারে ভাল হ'য়ে পড়ে।"

এই বলিয়াই আবার সঙ্গে সঙ্গে সাবধান করিয়া দিয়াছেন-

"তাই ব'লে কোন স্বার্থবৃদ্ধি নিয়ে অন্তোর স্থগাতি কর্তে নেই। সে ত' পোসামোদ। সেক্ষেত্রে মন মুথ প্রায়ই এক থাকেনা। সেটা কিন্তু পুবই ধারাপ, আর তা'তে নিজের স্বাধীন মত প্রকাশের শক্তি হা'বিয়ে যায়।"

ধর্মের ব্যাখা। সাধারণত: কত জটিল। ছোট কয়েকটা মোক্থা কথায় ধর্মতত্ত্বের একটা স্পষ্ট ধারণা তিনি পাঠকের মনে জন্মাইয়া দিতেছেন। যথা— "গা'র উপর যা' কিছু সব দাড়িয়ে আছে তাই ধর্মা, আর তিনিই প্রম পূর্ক্ষ। ধন্ম কথনও বহু হয় না, ধর্ম একই, আর তা'র কোন প্রকার নাই। মত বহু হ'তে পারে, এমন কি যত মাহুষ তত মত হ'তে পারে, কিছু তাই ব'লে ধর্ম বহু হ'তে পারেনা।"

ীঠাকুর যখন 'সত্যাস্সরণের' বাণীগুলি লিপিবদ্ধ করেন, তখন তিনি সবেমাত্র যৌবনে পদার্পণ করিয়াছেন, এই তরুণ বয়সেই তিনি দৃঢ়কঠে ঘোষণা করিয়াছেন—

"হিন্দু ধর্ম, মুসলমান ধর্ম, খ্রীষ্টান ধর্ম, বৌদ্ধ ধর্ম ইত্যাদি কথা আমার মতে ভূল, বরং ও সবগুলি মত। কোনও মতের সঙ্গে কোন মতের প্রকৃত পক্ষে কোন বিরোধ নাই, ভাবের বিভিন্নতা, রক্মফের—একটাকেই নানাপ্রকাবে একরকম অম্বভব।"

সদ্গুরুকে চিনিবার সঙ্কেত এবং তাঁহাকে ধরিবার উপায় নির্দ্ধেশ-প্রসঙ্গে বলিতেছেন—

যাঁ'র কোন মূর্ত্ত আদর্শে কর্মায় মট্ট আসন্তি, সময় ও সীমাকে ছাপিয়ে তাঁ'কে সহজভাবে ভগবান ক'রে তু'লেছে— বাঁ'র কাব্য, দর্শন ও বিজ্ঞান মনের ভালমন্দ বিচ্ছিন্ন সংস্কারগুলিকে ভেদ ক'রে ঐ আদর্শতেই সার্থক হ'য়ে উ'ঠেছে তিনিই সদ্গুক্ত।" "হীরক যেমন কয়লা প্রভৃতি আবর্জনায় থাকে, উত্তমরূপে পরিষ্কার না কর্লে তা'র জ্যোতিঃ বেরোয় না তিনিও তেমনি সংসারে অতি সাধারণ জীবের মত থাকেন, কেবল প্রেমের প্রক্ষালনেই তা'র দীপ্তিতে জগৎ উদ্বাসিত হয়, প্রেমীই তা'কে ধর্তে পারে, প্রেমীর সঙ্গ কর, সৎসঙ্গ কর, তিনি আপনিই প্রকট হ'বেন।"

"পরীক্ষক না দে'জে, দন্ধীর্ণ-সংস্থারবিহীন হ'যে ভালবাসার হৃদ্য নিয়ে দীন এবং যতদ্র সম্ভব নিরহকার হ'য়ে যে'তে পার্লে তিনি কুপা কবেন, ধবা দেন। অহক্ষারের ক্ষিপাথরে উ'াকে ক্যা যায় না।"

'সত্যান্থ্সরণের' প্রত্যেকটা কথাই যেন এক একটা 'মটো'র মত গভীর-ভাবব্যঞ্জক ও অর্থগবিমাময়। অসংগ্য বাণীর মধ্যে গুটিক্যেক এখানে উদ্ধত করিতেছি। যথা:—

> "তুমি ঠিক ঠিক জেনো যে, তুমি তোমার, তোমার নিজ্ঞ পবিবাবের, দশেব এবং দেশের বর্ত্তমান ও ভবিগ্যতের জন্ম দায়ী।"

> "ঝুলে গেলেই তা'কে ছাত্র বলে না—মন্ত্র নিলেই তা'কে শিল্প বলে না। হৃদ্ধটা শিক্ষক বা গুরুর আদেশ পালনের জন্ত সর্বাদা উন্মুথ বাখ্তে হয়।"

> "দিযে যাও, নিজেব জ্বত্ত কিছু চেও না, দেখ্বে ভোমার স্ব হ'য়ে যা'চ্ছে"

> "যত পার সেবা কর কিন্তু সাবধান, সেবা নিতে যেন ইচ্ছানাহয়।"

> "বল্তে বিবেচনা কর—কিন্তু ব'লে বিম্থ হ'য়ো না। যদি ভুল ব'লে থাক—সাবধান হও ভুল করো না।"

"কখনও নিন্দা ক'র না কিন্তু অসত্যের প্রশ্রেয় দিও না।"

"ধীর হও, তাই ব'লে আল্সে দীর্ঘসূত্রী হ'য়ে প'ড় না।"

"ক্ষিপ্র হও, কিন্তু অধীর হ'য়ে বিরক্তিকে ডে'কে এনে সব নষ্ট ক'রে ফেল না।" "নিজের দোষ জেনেও যদি তৃমি তা' ত্যাগ কর্তে না পার—তবে কোন মতেই তা'র সমর্থন ক'রে অভ্যের সর্বনাশ করো না।"

"নিজেকে প্রশংসা দিতে কুপণ সাজ, কিন্তু অপরের বেলায় দাতা হও।"

"যদি মাকুষ হও ত' নিজের হৃংথে হাস, আরু পরের হৃংথে কাদ।"

"হাসো, কিন্তু বিদ্ধপে নয়। কাঁদো কিন্তু আসন্তিতে নয়— ভালবাসায়, প্ৰেমে।"

"বল, কিন্তু আত্মপ্রশংসায় বা খ্যাতি বিস্তারের জন্ম ।"

"যেমন কবিয়া যাহা পাইতে হয় তাহা না করিয়া সেজ্ঞ তুঃখিত হইও না।"

"স্পষ্টবাদী হও, কিন্তু মিষ্টভাষী হও।"

"সতা বল কিন্তু সংহাব এনো না।"

"সংযত হও—কিন্তু নিভাঁক হও। সরল হও কিন্তু বেকুব হ'য়ো না। বিনীত হও, তাই ব'লে তুর্পল-হদয় হ'য়ো না।"

"সাধু সেজো না, সাধু হ'তে চেষ্টা কর। তোমার মন সংএ বা ত্রন্ধে বিচরণ করুক—কিন্তু শরীরকে গেরুয়া বা রংচঙে সা'জাতে ব্যস্ত হ'য়ো না—তা'হ'লে মন শরীর-মুখী হ'য়ে পড়বে।"

"ধনী হও ক্ষতি নাই, কিন্তু দীন ও দাতা হও।"--এইরপ অসংখ্য বাণী পুস্তকের সর্বত্ত মুক্তাফলের স্থায় ছড়ান রহিয়াছে।

'কর্মফল' 'অদৃষ্ট' ইত্যাদি কথার অর্থ ব্ঝিতে গেলে তত্ত্বকথার কত নীরস দীর্ঘ সমালোচনার ভিতর দিয়া অগ্রসর হইতে হয়। কিছু 'সত্যাম্পরণের' কয়েকটা সরল বাক্যে এ সম্বন্ধে কেমন একটা সহজ্ব ধারণা জ্মিয়া যায়। পড়িলেই মনে উদ্দীপনার সঞ্চার হয়, আয়কর্ম নিয়ন্ত্রণের জন্ম লোকের মনে স্বভাবতঃই একটা প্রেরণা জাগিয়া উঠে। যেমন—

> "তোমার দর্শনের—জ্ঞানের পালা যতটুকু, অদৃষ্ট ঠিক তা'রই আগে; দেখ্তে পাচ্ছনা জান্তে পাচ্ছনা তাই অদৃষ্ট।"

"তোমার শরতান অহন্ধারী আহাত্মক আমিটাকে বের ক'রে দাও; পরমপিতার ইচ্ছার তুমি চল, অদৃষ্ট কিছুই কর্তে পার্বে না। পরমপিতার ইচ্ছাই অদৃষ্ট! কাজ ক'রে যাও, অদৃষ্ট ভে'বে ভে'কে পড় না, আল্সে হ'য়ো না, বেমন কাজ কর্বে তোমার অদৃষ্ট তেমনি হ'য়ে দৃষ্ট হ'বেন।"

কাহারও প্রতি ক্রোধ হইলে সেই বিদ্বেষ-ভাব দূর করিবার জন্ম কি স্থান্দর পন্থা কহিয়া দিয়াছেন,—

"যা'র উপর ক্রুদ্ধ হ'য়েছ আগে তা'কে আলিক্সন কর।
নিজ বাটীতে ভোজনের নিমন্ত্রণ কর, ডালা পাঠাও এবং হৃদয় খু'লে
বাক্যালাপ না করা পর্যন্ত অমুতাপের সহিত তা'র মক্সলের
জন্ত পরমপিতার কাছে প্রার্থনা কর, কেননা বিষেষ এলেই
ক্রমে তুমি সকীর্ণ হ'য়ে পড়বে; আর সকীর্ণতাই পাপ।"

অন্তায়ের প্রতিশোধ নিতে হইলে তাহারও উপায় বলিয়া দিতেছেন—

"ষদি কেহ তোমার কখনও অন্তায় করে আর একাস্তই
তা'র প্রতিশোধ নিতে হয় তবে তুমি তা'র সঙ্গে এরপ ব্যবহার
কর যা'তে সে অন্তপ্ত হয়, এমনতর প্রতিশোধ আর নেই—
অন্তগে তুযানল। তা'তে উভয়েরই মঞ্চল।"

তেমনি বিখাদ সম্বন্ধে লিখিতেছেন—

"বিশাস বৃদ্ধির গণ্ডীর বাহিরে, বিশাস অহ্যায়ী বৃদ্ধি হয়। বৃদ্ধিতে হাঁ না আছে, বিশাসে হাঁ না নেই, সংশয় নেই। যা'র বিশাস যত কম, সে তত undeveloped, বৃদ্ধি তত কম তীক্ষ।"

"বিশাস যুক্তি তর্কের পার—যদি বিশাস কর, যত যুক্তি তর্ক তোমায় সমর্থন কর্বেই কর্বে, তুমি যেমনতর বিশাস কর্বে, যুক্তি তর্ক তোমায় তেমনতর সমর্থন কর্বে। বিশাস না এলে নিষ্ঠা আসে না—আর নিষ্ঠা ছাড়া ভক্তি আস্তে পারে না, নিষ্ঠা রে'থো—কিন্তু গোড়া হ'য়ো না। বরং নিষ্ঠায় গোড়া হও।"

"সন্দেহ থেকেই অবিখাস আসে—আর অবিখাসই জড়ত। সন্দেহের নিরাকরণ কর, বিখাসের সিংহাসনে ভক্তিকে বসাও। হৃদয়ে ধর্মবাজ্য সংস্থাপিত হউক।"

'সত্যামুসরণের' প্রত্যেকটি কথা যেন ওজন-করা, একটীর সঙ্গে আর একটী

যুক্তির স্বত্তে এথিত, পারস্পর্য হিসাবে বিক্তম্ত এবং নিপুণভাবে সক্ষিত।
দৃষ্টাস্ত স্বরূপ কয়েকটা ছত্র এখানে উদ্ধৃত করিতেছি, ষ্ণা:—

"অহস্কার আস্ক্রি এনে দেয়; আসক্তি এনে দেয় স্বার্থবৃদ্ধি; স্বার্থবৃদ্ধি আনে কাম; কাম হইতেই ক্রোধের উৎপত্তি; আর ক্রোধ থেকেই আসে হিংসা।"

"ভক্তি এনে দেয় জ্ঞান; জ্ঞানেই সর্বভৃতে আত্মবোধ হয়; সর্বভৃতে আত্মবোধ হ'লেই আদে অহিংসা; আর অহিংসা হইতেই প্রেম। তুমি ষভটুকু যে-কোন একটীর অধিকারী হ'বে, তভটুকু সমস্তগুলির অধিকারী হ'বে।"

অপরাধীকে ক্ষমা করা এবং প্রতি-মানবের অন্থসরণীয় সাধারণ কর্ত্তব্য সম্বন্ধে উপদেশ দিতেছেন—

"ক্ষমা করো, কিন্তু অন্তরের সহিত; ভিতর গ্রম রে'থে অপারগতাবশতঃ ক্ষমাশীল হ'তে বেয়োনা। পতিতকে উদ্ধারের কথা শুনাও, আশা দেও—ছলে, বলে, কৌশলে তা'র উন্নয়নের সাহায্য কর—সাহস দেও, কিন্তু উচ্চু আল হ'তে দিও না।"

মানবের শ্রেষ্ঠ দার্থকতা লাভের স্থগম পথ কি এবং তাহার অন্তরায়ের হেতুই বা কি দে দম্বন্ধে কেমন স্পষ্ট ভাষায় দৃঢ়ভাবে বলিতেছেন :—

"ঋষি মানেই হ'চ্ছে দ্রান্তী পুরুষ। সম্রদ্ধ বিনয়াবনত ভক্তি, দেবা, ও পূজার দহিত এঁদের অহুসরণে মাহ্ন্য এঁদের অন্তর-নিহিত জানা ও বোধকে লাভ ক'রে—অপার দার্থকতায় ধলা ও সার্থক হ'য়ে উঠতে পারে। তাই ঋষি বাদ দিয়ে যা'রা ঋষিবাদের উপাসনা করে, তা'দের অধিগম্য যা'-কিছু জ্ঞান, অন্ধ তমসাকেই সার্থক ক'বে তোলে।"

বন্ধুর সঙ্গে কি ভাবে 'অন্তরে শ্রন্ধা রে'থে বিপদে আপদে কান্নমনোবাক্যে' সাহায্য করিতে হয়, বন্ধু কুপথে গেলে কি ভাবে তাহাকে ফিরাইতে হয়, স্কর্ম ও কুকর্ম কাহাকে বলে, প্রেম না থাকিলে—মাহুষের শত শক্তি থাকিলেও যে তাহা কিছুই নয়, শিয়ের কর্ত্তব্য কি, প্রকৃত শিয় কাহাকে বলে, গুরুকে, আদর্শ কি, কি ভাবে গুরু-সেবা করিতে হয়, কামে ও প্রেমে—আসক্তি ও ভক্তিতে তকাং কোন্ জায়গায়, লোকের যথাসর্কম্বের অধিকারী হওয়া যায় কি করিয়া, দোষ-স্বীকারে কি ভাবে মনে সান্ধনা আসে, 'বলার চেয়ে কাজে যা'রা বেশী তা'রাই যে শ্রেষ্ঠ কন্মী'—ইত্যাদি অসংখ্য বিষয় অভিশয়

পরিকারভাবে সহজ্ব কথায় 'সত্যায়ুসরণে' বলা হইয়াছে। আবার জীবনের উদ্দেশ্য কি, ব্রহ্মজিজ্ঞাসা মায়ুষের মনে কথন উদিত হয়, জ্ঞান, ভক্তি ও কর্মের মীমাংসা কোথায়, সত্যিকারের নেতার কি কি গুণ থাকা চাই, আদর্শ প্রচারের অন্তরায় কি, ইত্যাদি তত্ত্বসমূহের আলোচনাও কেমন সংক্ষিপ্ত, স্থন্দর, হৃদযুগাহী অথচ কত সহজ্ব!

এই স্বল্লায়তন গ্রন্থখানা শ্রীশ্রীঠাকুরের ব্যক্তিগত জীবনের বহুদশিতা, স্বর্জ দৃষ্টি এবং প্রত্যক্ষ স্বম্নভূতির বাণীতে পূর্ণ। মানব মাত্রেরই জীবন-চল্নার পক্ষে ইহা যে বিশেষ প্রযোজনীয় তাহা বলাই বাছল্য।

ভার চিঠি

ভারতের বিভিন্ন প্রদেশের সহস্র সহস্র নরনারী আজ শ্রীশ্রীঠাকুরের চরণাশ্রিত। প্রত্যেকের মনের গোপন কথা, স্থা-তুঃখের সকল সংবাদ, পারিবারিক সমস্তা প্রভৃতি যত-কিছু তাঁহাকে না জানাইয়া কেহই থাকিতে পারে না। পত্রোন্তরে শ্রীশ্রীঠাকুরের অমৃতোপম উপদেশ-বাণী লাভ করিয়া भकरन भाक-पु:थ जुनिया यात्र, हनात भाषत भक्तान कारन **धरः गरन**य नाना প্রবল ছন্তাভিঘাতের সহজ মীমাংসা পাইয়া শাস্ত হয়। কত অসংখ্য ব্যক্তির জীবন-যাত্রার পথে তাঁহার এক-একথানি চিঠি মন্ত্রশক্তির ন্যায় কার্যা করিয়াছে তাহার অবধি নাই। সঙ্কলয়িতা তাই লিখিয়াছেন—"জীবনের গুঢ় মহর্ত্তে তাঁ'র অমৃত লেখনী-নিংস্থত প্রত্যেকটা চিঠি যেন জীবস্ত আবির্ভাব— তাঁহার ভাষার অনক্তকরণীয় তীব্র ভঙ্গিমা যেন তাঁ'রই তীব্র স্কর্চের ঝন্ধার. সর্বোপরি যেরপ অবস্থার জন্ম চিঠিগুলি লিখিত তাহা যেন সেই-সেই व्यवशांत्र वार्ख मानत्वत्र कत्म वाना, উদ্দীপনার স্বরে চিরন্তন কালের জন্ম tuned হইয়া আছে। তাই এই চিঠিগুলি ভুধু লিখিতে হয় তাই লেখা नम्, वा कन्ननात ও ভाষার অলস जाल-वूनानि नम्, निताश ও मिर्वला-পীড়িতের সত্যিকার হাহাকারে মানবের অস্করাত্মারই আশা ও উৎসাহের চির্নবীন অমৃত সঙ্কেত।"

সর্ব্বপ্রথম চিঠি থানা পড়িলে মনে হয় সামাক্ত কয়েকটা ছত্তে ব্যক্তি ও
'১সমাজের কত বড় একটা বিরাট সমস্থার কেমন সহজ্ঞ মীমাংস। পাওয়া
গোল ।—কাম্যুছি ভেদ করিয়া জীবন সার্থক করিতে হইলে, মান্তুষে মান্তুষে
মৃত্ত হন্দ্ব তাহা নিরাকরণ করতঃ সার্ব্বজনীন প্রাত্তভাব স্থাপন করিতে হইলে
বাস্তবিক্ট "নাক্তঃ পশ্বা বিহাতে অয়নায়।" স্পষ্ট ভাষায় ভিনি বলিতেছেন—

"ভারতের অবনতি (Degeneration) তথন থেকেই আরম্ভ হ'য়েছে, যথন থেকে ভারতবাদীর কাছে অমূর্ত্ত ভগবান অদীম হ'য়েছে—ঋষি বাদ দিয়ে ঋদিবাদের উপাদনা আরম্ভ হ'য়েছে। তাই বলি,—

ভারত! যদি ভবিশ্বং কল্যাণকে আবাহন করিতে চাও, তবে সম্প্রদায়গত বিরোধ ভূ'লে জগতের পূর্বন পূর্বন গুরুদের প্রতি শ্রহ্মসম্পন্ন হও,—আর তোমার মূর্ত্ত ও জীবস্ত গুরু বা ভগবানে আসক্ত (attached) হও—আর তা'দেরই স্বীকার কর যা'রা তা'কে ভালনাসে; কারণ পূর্ববর্তীকে অধিকার করিয়াই পরবর্তীর আবির্নাব।"

ভালবাসার প্রকৃত স্বরূপ কি, কুত্রিম ভালবাসাই বা কাহাকে বলে, সত্যিকারের ভালবাসা হইলে মহুষের চরিত্রে কি কি লক্ষণ প্রকাশ পায়, তাহার একথানি জীবস্ত ছবি আঁকিয়া দিয়াছেন একথানা চিঠিতে। কথাগুলি বিশেষভাবে প্রণিধানযোগ্য। নিমে চিঠিখানার একাংশ উদ্ধৃত করা গেল। যথাঃ—

"যা'কে মান্ত্ৰ ভালবাদে—তা'ব কট হয় যা'তে, খ্যাতির অপলাপ হয় যা'তে, অবদার হয় যা'তে, বেদনা পায় গাতে,—তা' কি সে কগনো ক'রতে পাবে ? কারণ তা'ব সর্বপ্রকার তৃষ্টি ও পৃষ্টিই যে তা'ব স্বার্থ, তা'র নিজের তৃষ্টি পৃষ্টি যা'কে সে ভালবাসে তা'ব উপর দাঁড়িয়ে আছে;—মান্ত্র্য যথন তা'ব নিজের স্থাবে জন্ম—সে যা'কে ভালবাসে ব'লে মনে করে—তা'ব বেদনার কারণ হয়, তা'ব খ্যাতি তৃষ্টি পৃষ্টি ইত্যাদিকে অগ্রাহ্ম ক'বে অন্ত্রযাগ সহকারে আপন স্থাব-লালসার পরিভৃত্তিসাধনে ভাবা-ভালবাসার মান্ত্র্যকে বাধ্য ও বন্ধ কর্তে চায়, নিশ্চয়ই সে কাহাকেও ভালবাসে না,—সে ভালবাসে তা'ব কল্পনাপ্রস্ত ভোগলালসাকে—তাই, মান্ত্যকে বেদনা দিতে বা বিব্রত করিতে তা'র মোটেই কুণ্ঠা বোধ হয় না—এমনতর মান্ত্র্য হ'তে মান্ত্র্যের সাবধান হওয়া উচিত।

"কৃত্রিম বা স্বার্থান্ধ ভালবাদা প্রিয়র প্রিয়কে কিছুতেই প্রিয় ভাবিতে পারে না, দে দর্বপ্রকারে তাহা হইতে দ্রে থাকিতে চায়, দ্বণা করে, ইবা করে;—ভালবাদা প্রকৃত না-হ'লে বৃদ্ধি ক'রে চ'লেও প্রায়ই বেফাদ হ'রে পড়ে।

"ভালবাসা এলেই ভাবের রৃদ্ধি হয়,—মাহ্যর তদ্ভাবাপর হয়,—আর তদ্ভাবাপর হ'লেই বোধ বা বৃদ্ধি জাগ্রত হয়,— তাই ভালবাসা যদি সত্যিকারেরই হয়, তবে তা'কে বৃষিয়ে দিতে হয় না যা'কে দে ভালবাসে তা'র কি প্রয়োজন,—তা'র কিসে খ্যাতি, কিসে বা অখ্যাতি, কিসে বা অ্থ, কিসে বা ছংখ, কি ক'র্লে তা'র ভাল হয় আর কি কর্লেই বা তা'র মন্দ হয়— আপনা-আপনি এ-সব তা'র মনে ভে'সে ওঠে—তাই তা'র চলনও বেফাঁস হয় না।

"ভালবাসা মান্তবকে বদ্ধ করে না, কোণঠেঁদা বা একছরে ক'রে তোলে না—বরং উদার করে, মৃক্ত করে, সেবাপরায়ণ ক'রে তোলে,—আটক রে'থে শুধু ভোগের খেলনা করবার কথা ভাব্তেও পারে না।"

"ভালবাসা তা'র মান্ত্র্যকে ভুল্তে পারে না, ত্যাগ কর্তে জানে না,—মৃত্যুকে আড়াল ক'রে অমৃতের পথে নিয়ে চলে,— তাই তা'র অমুসরণে বিম্ন স্বষ্ট কর্তে দেয় না—ভয়, ত্র্বলতা, বিরক্তি ইত্যাদিকে দ্র ক'রে তাড়িয়ে দেয়—নিরবছিয় অমুসরণ তা'র উত্তর-সাধকের মত মাভৈঃ মাভৈঃ শব্দে চারিদিক কাঁপিয়ে ভোলে!—"

বিশ্বাদের সম্বন্ধে লিখিতেছেন—

"মান্ন্য বিশ্বাদের যত গভীরতর দেশ স্পর্শ করে সে তত শক্তিশালী হয়, আর তা'ব ভাব ও ভাষাও তেমনি শক্তিশালিনী হ'রে দাঁড়ায়; তথন তা' প্রত্যেক হৃদয়কে গভীরভাবে আঘাত করে, আর তথন প্রত্যেক হৃদয় পাগল হ'বে তা'র প্রতিধ্বনি করে। তা'-না-হ'লে—সিদ্ধ না হ'লে—বিশ্বাদ মঙ্জাগত না হ'লে মনের কল্পনা মনে ওঠেই লয় হয়, জগতে তা'ব সাড়া পাওয়া যায় না, আর তা'তে কাজও খুবই কম হয়। * * * * গুরুগোবিন্দের কথা ত' জানেন, দাদা! তিনি কর্মসাগবে ঝাঁপিয়ে পড়বার আগে বিশ্বাদকে মঙ্জাগত কর্বার জন্তে কি গভীর সাধনাই না ক'রেছিলেন! তাই, অমনতর জাতি স্কৃষ্ট হ'য়েছিল—কত বড় বাতাস বিপত্তিতে একটু কাঁপে নাই।"

সাধন-পথের যাত্রীকে অগ্রসর হওয়ার উপায় সম্বন্ধে উপদেশ দিভেছেন—
"রীতিমতভাবে নাম সাধ্তে গেলে প্রথম প্রথম হৃদয়ের
আবির্দ্ধনাগুলি ভে'দে ওঠে—সংশয়, তুর্বলতা, অবিশ্বাস, কাম,

কোধ ইত্যাদি। কিন্তু তা'তে নজর দিতে নাই, তা'তে attached হ'তে নাই, কারণ সেগুলি মলিনতা—যা' মনকে মেখ-মলিন অন্ধকারময় ক'রে রে'খেছিল; ওর সাথে attached হ'লে মন আবার মলিন হ'য়ে ওঠে।

"তারপর, স্থ্য-প্রকাশের পূর্বে যেমন মেঘগুলি টুক্রো টুক্রো হ'য়ে কে'টে যায় স্থ্যও প্রকাশ পায়, আকাশও মেঘমুক্ত হয় এ-ও তেমনতর; নাম কর্তে কর্তে কু-মেঘগুলি টুক্রো টুক্রো হ'য়ে কে'টে যায়, অমনি ধীরে ধীরে জ্যোতিঃও প্রকাশ পায়, মনও শাস্ত হয়, মনাকাশে ধীরে ধীরে নাদেরও উদ্বোধন হয়—আর আন্তে আন্তে সমন্ত তত্ত্তলিই প্রকট হয়। চাই, গভীর বিশ্বাদের সহিত সাধনা।"

এ সম্বন্ধে অন্তত্র, আর একটা ভাইকে উপদেশ দিতেছেন—

"* * * * প্রথম প্রথম নানাপ্রকার মিশ্রিত শব্দই পাওয়া যায়—মনোনিবেশ যতই স্থির হয় ততই মিশ্রিত শব্দ কমিয়া Whistle বা Bell sound-এ দাড়ায় এবং তারপর হইতে distinct পৃথক পৃথক শব্দ ও রূপ প্রকাশিত হয়।

"বামের শব্দে মনোনিবেশ করিতে নাই। 3rd তিল হইতে টিকি পর্যন্ত সোজা Lineএর ঈষং দক্ষিণ দিকে নানাপ্রকার শব্দের ভিতব যে continuous একটা শব্দ পাওয়া যায় তাহাতেই মন সংলগ্ন করিয়া Bell sound শুনিতে চেষ্টা করিতে হয়, আর এই উপায়েই অগ্রসর হওয়া ভাল, নতুবা বহু শব্দে মনোযোগ করিলে মন বিক্ষিপ্ত হইতে পারে। একমাত্র সন্তার অহ্ভবকেই আত্ম-সাক্ষাংকার হওয়া বলে। ভঁমর গুফার অবস্থাকেই সোহং অবস্থাবলে।"

ছুর্বলদিগকে অভয় ও ভরুষা প্রদান করিয়া লিখিতেছেন—

"মান্থ তো তুর্বলই, মন তো কলকে ভরাই। তাই ব'লে তাঁ'র নাম কর্তে, তাঁ'র সঙ্গে প্রণয় কর্তে কেন বিম্থ হ'বে ? তুমি কেন তুর্বল ব'লে, কলঙ্কিত ব'লে, তাঁ'কে আলিঙ্কন কর্তে ছুট্বে না ? হও তুমি ছোট, তা'তে ক্ষতি কি ? তুমি অন্ধলারময় হ'লেও তাঁ'র স্পর্শে আলোকিত হ'য়ে পড়্বে, কারণ তিনি জ্যোতিঃস্করণ। তুমি তুর্বল তা'তে কি হলো ? আলিঙ্কন কর পরমপিতাকে, নির্ভয় হও। তাঁ'কে স্পর্শ কর, তৃমি পরম শক্তিমান হ'বে। ভাবনা কি ? তিনি শক্তিম্বরূপ।"

স্থদক্ষ দেনানায়কের মত যুদ্ধক্ষেত্রে অবসন্ধ দৈনিকগণকে যেন উৎসাহিত করিয়া দপ্তকণ্ঠে বলিতেছেন—

"আমাদের ত' এ এলিয়ে পড়্বার সময় নয়—শুধু অবসাদে গা' ঢে'লে দিয়ে রোদন কর্বার সময় নয়! এখন ত' তীব্র সাধনার তীব্র কর্মের দিন এসেছে। সমস্ত ক্লীবস্বকে তাড়িয়ে দিয়ে লে'গে যে'তে হ'বে—ঝাঁপ দিতে হ'বে—প্রবল মহান্ কর্মাগারে, ত্র্দশার ভয়ে এলিয়ে পড়্লে চল্বে না ত' দাদা! এখনও যদি ভাব্বার অবসর খুঁজি, এখনও যদি হিসাব নিকাশ করি লক্ষ্যতে পৌছিবার বিরুদ্ধে,—তবে কি আর নিন্তার আছে '"

ক্থনও বা শুনিতে পাই কন্মীদিগকে উদ্দীপ্ত করিয়া কহিতেছেন—

"ওরে লেগে যা তোরা লেগে যা—আর একবার ভীমবেগে লেগে যা—লীনভাবে গর্কের সহিত অরণ কর্—আমরা তোমার সম্ভান—আমরা তোমারই—আব প্রত্যেকে তাঁ'রই অরণ ক'রে আলিগন কর্—কোল দে,—সকল হল দকল ব্যথা ভূলে গিয়ে স্বার পায়ে লুটে পড়,—ওরে আবার মুছে দিক্ তোর কোঁচার কাপড়—যেথানে ব্যথা, যেথানে আছে ব্যথাভরা অঞ্জল, অভিসম্পাতের দারুণ আঘাত—অমুতাপের তীব্র চাবুক—অশান্তি—অপ্রত্যাতের নিদারুণ যম্পণা।"

বজ্রগম্ভীর স্বরে অগ্যত্র বলিতেছেন---

"ওঠো—জাগো, আর সময় নেই—আর কারু অপেক্ষা ক'ব না, যাও যেখানে-যেখানে দ্বন্ধ, যাও যেখানে-যেখানে তোমাকে— তোমার উদ্দেশ্যকে—তোমার লক্ষ্যকে উপেক্ষা করে, নিন্দা করে, ঘুণা করে, আর সেখানে তোমার কথা, তোমার ব্যবহার, তোমার আদব-কায়দা সর্ব্বোপরি তোমার বিশ্বাস আর তা'র প্রাণশক্তি— তা'র বিরুদ্ধতাকে জন্মের মত অবনত ক'রে তোমার faith-এর চরণতলে এনে তা'কেও তোমার মত উদ্যত, নির্ভিমান, নির্লস ও নিঃশঙ্ক ক'রে তুলুক্।"

আবার কোথাও পরম দরদীর মত, কমিরুলকে উছুদ্ধ করিতে গিয়া কত আসারের সহিত ভর্মনা করিয়া লিখিতেছেন— "ওরে আহাম্মক, ওরে সোহাগ-শিথিল মন্ত খেয়ালী, ওরে আদরে তুর্বল—অপারক বেকুব দান্তিক—দাড়ারে দাড়া—এখনও ফিরে দাড়া—যদি লাল কণিকা এখনও তোদের ধমনী ত্যাগ ক'রে না থাকে, মৃত্যু-আধারের মৃচ্চ সম্মোহন যদি এখনও তোদের সংজ্ঞাকে আছা ক'রে না থাকে—ফিরে দাড়া, ঝেড়ে দাড়া—বল্—আকাশ বাতাস কাঁপিয়ে বল্—ঠাকুব! আমি তোমারই—আমার অভিত্ব তোমার ইছে। আমার জন্ম ও জীবনকে ধন্য ক'রে তুলুক।"—

প্রাণমাতান ওজ্বিনী ভাষায় কি মশ্মস্পশী বাণা! পাঠ করিবামাত্র উৎসাহ-উদ্দীপনায বুক্থানা ভরিয়া উঠে, শিথিল কর্মপ্রচেষ্টা তীব্র উদ্দাম বেগ ধারণ করে, শিরায় শিরায় তপ্ত শোণিত-স্রোত প্রবাহিত হয়, মৃতের দেহেও সঞ্জিবনী-শক্তি সঞ্চারিত হয়!

কোথাও আবার কেমন কোমলকঠে বুঝাইতেছেন—

"তৃঃধ দে'ধে তৃঃধ করিস্ না মেয়ে,—তাঁ'র দেওয়া ব্যথা বে বড় মিষ্টি, তাঁ'র আঘাত যে বড় কোমল কারণ তাঁ'তে যে তাঁ'র স্পর্শ আছে। তাঁ'ব অনাদর, তাঁ'র অবহেলা মনটাকে যে তাঁ'র চিন্তায়ই অবশ ক'রে ফেলে—তাঁ' কি চাস্নে মা ? ব্যথার স্থ্প যে কেবল তাঁ'র-দেওয়। ব্যথায়ই আছে। তাঁ'র বিরহ কি তাঁ'র জন্মই মনপ্রাণ পাগ্ল ক'রে তোলে না ?"

অগ্যত্র বলিয়াছেন-

"ভাখ্মা, জন্মিলেই তা'র কালের বেত্রাঘাত সইতে হ'বেই আর যতই মা আমরা বেতের দিকে নজর রাগ্ব ততই জর্জারত হ'ব কিন্তু সেই মা চতুর, সেই মা ভাগ্যবান্ যা'র মন পরমপিতায় মুশ্ব, কারণ কশাঘাত তা'র মনকে স্পর্ণ কর্তে পারে না; তাই আঘাতের বাথাও অন্নত্তব কর্তে পারে না।"

ব্যথা যে তাঁহারই আগমনের অগ্রদ্ত, ব্যথা যে আমাদের কত স্থদ তাহা কেমন স্থলর করিয়া বলিতেছেন—

> "যথনই মাত্রষ তৃ:থের কশাঘাতে অন্থির হ'য়ে উঠে, বেদনার তা'র কোমল ফুর ফুরে হৃদয়খানা ছে'য়ে ফেলে, তখনই সে আকুল নয়নে ফ্যাল্-ফ্যাল্ ক'রে চারিদিকে তাকায় আর তা'র দরদীকে খোঁজ করে, কিন্তু স্থথের সময় তা' হয় না,—থেন সে

ŧ

তথন অবশ—ব্যথা নাই, তাই দরদীর খোঁজ নাই। তাই মেয়ে,
ব্যথা যে বসম্ভের কোকিলের মত; দরদীর আগমনের পূর্বের
ব্যথাই আদে, কেবল বলে 'দরদী এলো এলো এলো।' সেই
প্রতীক্ষায় বৃক বেঁধে শত শত শোক, অপমান, অবসাদকে সহু
কর্ত্তে পার্বি না ? তাই বলি—স্থথেই থাকিস্ আর ছৃংধেই
থাকিস্, কিছুতেই তাঁ'কে ভূলিস্ না আর চোগ ছ'টো গ'লে
গেলেও সে ছাড়া অগুদিকে তাকাস্ নে—তা'তে তুই মরিস্ই
আব বাচিস্ই—কি বলিস্ ?"

স্থীর কাছে একখানা চিঠাতে 'বিবাহ' কথাটার কি অভিনব ব্যাখ্যা দিয়াছেন এবং সেই সঙ্গে আদর্শ ভালবাদার কি স্থন্দর বর্ণনা করিয়াছেন—

"সংসারে সকলই নৃতন। মনে ক'রে দেখ, কাল তুমি কেমন ছিলে আজ আবার কেমন হইয়াছ! আমি কাল বা কেমন ছিলাম আজ আবার কেমন হইয়াছ! আমাদের বাল্য, কৈশোর কোথা দিয়া চলিয়া গিয়াছে, আমরা কিছুই ঠিক পাই নাই। সংসারে বাহিরেব সকলেই নিত্য নৃতন— সকলই পরিবর্ত্তনশীল। আজ যাহা দেখিতেছ, কাল আর তাহা দেখিবে না। রূপ-যৌবন, অর্থ-সম্পত্তি, আচাব-বাবহার ইত্যাদি যাহা কিছু বলনা বা দেখনা, আজ যাহা বলিবে বা দেখিবে কাল আর তাহা বলিবে না বা দেখিবে না। সংসার চির-নৃতন বা চির-পরিবর্ত্তনশীল, তবে বল দেখি কিসের পরিবর্ত্তন নাই? পরিবর্ত্তন নাই আত্মার। তুমি আমি যথন গর্ভে ছিলাম, প্রাণ বা আত্মা তখন যেমন ছিল আজও তেমনই আছে। এই আত্মাই এ বিশ্বসংসারে প্রধান কন্মী। এই আত্মার যাহা ইচ্ছা তাহাই ঘটিয়া থাকে এবং চিবকালই ঘটিবে। এই আত্মার মিলনই বিবাহ, বিচ্ছেদই বিরহ।

"চির পরিবর্ত্তনশীল মনকে যদি অপরিবর্ত্তনীয় করিয়া চিরস্থির প্রাণের সহিত একত্রে নিরবচ্ছিদ্ধভাবে মিশাইয়া রাখিয়া যদি ভালবাসা যায়, তাহাকেই প্রকৃত ভালবাসা বলে এবং সেই ভালবাসার সহিত্তই ধর্ম, অর্থ, কাম, মোক্ষ নিরবচ্ছিদ্ধভাবে বিরাজমান থাকে। সে ভালবাসায় কামের দ্বণিত লালসা নাই, সে ভালবাসায় ক্রোধের করাল মূর্ত্তি নাই, সে ভালবাসা লোভশ্যু, সে ভালবাসা মোহেব ফাঁদে জীবকে জড়ায় না, সে ভালবাসায় নিয়াকর্ষণকারী মায়া নাই, সে ভালবাসায় কেবল ভালবাসা—



পত্না শ্রীযুক্তা ষোড়শীবালা দেবী

নিরবচ্ছিন্ন ভালবাসা। সে ভালবাসায় বিশ্ব বিকশিত হয়, সে ভালবাসায় বিরহ নাই, ভেদ নাই,—সে ভালবাসায় স্বামী-স্ত্রীর প্রাণ এক হ'য়ে যায়; দেবতাগণের যত পৃথিবী আছে সমস্ত পৃথিবী একত্র হইলেও তাহাতে বিরহ আনিতে পারে না। যদি ভালবাসিতে হয় তবে এক্লপ ভালবাসাই উচিত। * * * *

কামদমনের উপায় নির্দেশ করিয়া একস্থানে লিখিতেছেন---

"कामन्क जाज़ानत छेख्य मन्न माजृजार मा-जाक। रयथार स्वरं रिन काम जाननार काना मिक निरंत्र रिंग्न निरंत्र या रिष्ट, रहाहेवाव जात्र कानल छेनाम नाहे रिन निरंत्र या रिष्ट, रहाहेवाव जात्र कानल छेनाम नाहे रिन रामान जात्र कि क्रू नम्न माना—जारव नानन हेर्र्य छेटिक: स्वरंत वनून—मा! जािम रामाम स्वान मान कात्र वात्र वात्र वात्र या मामाम मान जात्र रामाम स्वरंग कर्न, जां वात्र वात्र वात्र मामाम मान जात्र रामाम स्वरंग मामाम क्रियं माम्य जात्र वात्र कार्य कर्म कात्र रामाम कर्म कर्म जां रामाम स्वरंग कर्म कर्म जां रामाम स्वरंग कर्म कर्म कर्म कर्म कर्म वात्र रामाम स्वरंग ना रामाम स्वरंग कर्म कर्म कर्म ना रामाम स्वरंग स्वरंग ना रामाम स्वरंग ना रामाम स्वरंग स्वर

শ্রীশ্রীঠাকুরের চরণে দীক্ষাগ্রহণের পর দেশবন্ধু চিত্তরঞ্জন আশ্রমে আসিবার জন্ম খুবই উতলা হইয়া পড়িয়াছিলেন কিন্তু কার্যাবলো আসিতে পারিতেছিলেন না। সে-বার দেশবন্ধু যথন ফরিদপুর কন্ফারেন্সে ঘাইতেছিলেন তথন শ্রীশ্রীঠাকুর তাহাকে একথানা চিঠি লিগিয়াছিলেন। কেমন মধুর ও কোমল কথায় চিঠীখানা পূর্ণ। নেহাং আপন জনের প্রতি ভালবাদা, আন্ধার ও স্নেহের কি দাবী! গুরুশিয়ের এই পরমনির্মাল গভীর আত্মীয়তার পরিচয়টী দিবার জন্ম নিয়ে চিঠিখানার কতকাংশ উদ্ধৃত করিতেছি।

"रमनवन्नु, मानमा जामात्र,

অনেকদিন দেখিনি দাদা আপনাকে। মাঝে মাঝে বজ্জ দেখ্তে ইচ্ছা করে, দেখ্বার প্রলোভনটা থামিয়ে দিতে কিছুতেই ইচ্ছা করে না।

শুনলেম্ আপনি ফরিদপুর আস্ছেন। ফরিদপুর আর পাবনা বেশী দুর নয়কো। আপনার কি আমার কাছে আস্তে থুব কট হ'বে দাশদা ? আমার কিন্তু বড় ইচ্ছা করে গোটাকত দিন আপনাকে নিয়ে ফুর্জি করি। পরম পিতার দয়ায় তা'তে বোধ হয় আপনারও শরীর ভাল হ'বে। মহাত্মান্দীও নাকি বাঙ্গলা ভ্রমণে বেক্লচ্ছেন। তাঁ'কে এখানে আদবার অন্তরোধ করা এমন সাহস আমার নাই আর কাহারও এখানে আছে কিনা জানি না—আপনার দয়া যদি তাঁ'কে আনতে পারে।

আমি জানি দাদা আপনাদের কাছে চিঠি লিথ্বারই উপযুক্ত নয়—তবে আপনি এই আমার সাহস, আর যেই হুই বা যাহাই হুই—স্বারই গর্কা আপনি—আমার ত নিতান্তই তাই—আমার আরও করে * * * *

সেবার চেয়ে যে ছনিয়ায় আর বড় ধর্ম নাই,—সেবায় মাহুষকে কিভাবে প্রম সার্থকতা দান করে তাহাই বলিয়া দিতেছেন —

"মান্ত্ৰ তথনই স্থা হ'তে পারে, যথনই নিজের ভালমন্দ বিচার-শৃত্য হ'য়ে, বা নিজে ভাল কি মন্দ এমনতর না ভে'বে, আদর্শ বা প্রেমাম্পদকে মহীযান্ গরীয়ান্ ক'রে তুল্বার প্রলোভনে, প্রিয়র বৃত্তি (complex, wishes) গুলি সার্থক কর্বার প্রলোভনে, নিজের ইচ্চাকে এমনতর নিয়ন্ত্রিত করে—যে নিয়ন্ত্রণে পাওয়ার আকাজ্ঞা না রে'থে মান্ত্র্যকে এমনতর সেবা করে, যা'তে তা'রা প্রাণবান্ হ'য়ে ওঠে, সতেজ হ'য়ে ওঠে, উন্নত হ'য়ে ওঠে, আর তা'র আদর্শ বা প্রিয়র রক্ষে রক্ষীন হ'য়ে স্বাই মিলে একপ্রাণ হ'য়ে যায়,—আর তথনই সেবা সার্থক—আর তথনই সে স্থাী।"

আবার কেমন করিয়া সেবা করিতে হয়, দেখিতে পাই তাহাও বলিতেছেন, মথা,—

"দেবা দেওয়া মানে তাই করা যা'তে তা'রা তোমার সাহায্যে উন্নতির দিকে অবাধ হয়। মাহুষের অবনতি হয় যা'তে তা' কিন্তু সেবা নয়—সর্কনাশ!

সেবা কর্বে সব রকমে—both physically and mentally—ব্ধন বেধানে বেমন দরকার। এমনতর সেবায় মাহ্নষ্ বিদ্ধিত হয়,—তাই তোমাকে বর্দ্ধন করা মাহ্ন্মেরে স্বাভাবিক স্বার্থ হ'য়ে দাড়াবে, কিন্তু সাবধান—নিজে বর্দ্ধিত হওয়ার আশা রে'থে সেবা কর্তে বেও না—সেবা বিক্বত হ'য়ে নিফল হ'তে পারে।"

সবটুকু মনপ্রাণ দিয়া ভগবানকে না ভালবাসিলে যে তাঁহাকে পাওয়া যায় না তংপ্রসঙ্গে নানাস্থানে বলিতেছেন— "তাঁ'কে ভালবাস্ মা, কেবল তাঁ'কেই ভালবাস্। এত ভালবাস্ বে ভালবেসে—তৃমি মা—নিজে ফুরিয়ে যাও—অবশিষ্ট যেন কিছুই থাকে না। সে মা ভালবাসা-ছাড়া আর-কিছুতেই জব্দ থাকে না, আর ভালবাসা-ছাড়া আর-কিছুতেই বাঁচাতে পারা যায় না

"আমরা বোধহয় সেইদিন থেকেই ধন্ত হ'ব—সেইদিন আনন্দে উৎফুল্ল হ'য়ে থাক্ব যেদিন আমাদের শরীরের প্রত্যেক অণুপরমাণ্ জান্বে আমি তোমারই—হৃদয় জান্বে আমি তোমারই—মর্শের মর্ম জান্বে আমি তোমারই। কেবলই জান্ব, ভাব্ব, বৃষ্ব, বল্ব—আমরা তারই।"

"তথনই শত শত আঘাত শত অপবাদ, শত তৃঃথ দৈন্ত যন্ত্ৰণা আমাদের মনকে স্পর্শ কর্তেও পার্বে না; তথনই—কেবল তথনই মা—আমরা অক্লান্ত হ'তে পার্ব—নিমিষে গন্ধমাদন তু'লে আন্তে পার্ব—চন্দ্র স্থ্য কোলে লুকিয়ে রাথ্তে পার্ব।"

বীরের ধর্ম কি—তাহার কি স্থন্দর ব্যাখ্যা কেমন স্পট্টভাবে জানাইয়া দিয়াছেন—

"বীর হ'তে হ'বে আমাদের—দাহদী হ'তে হ'বে আমাদের,
—আর আমাদের বীর হওয়া বা দাহদী হওয়া মানে মাত্ব খ্ন
করা নয় কিন্তু—ববং মৃত্যুকে অবনত ক'রে মাত্র্যকে জীবনে
আনয়ন করা—যা'তে মাত্র্য মঞ্চলের অধিকারী হয়—যা'তে মাত্র্য
উন্নত হ'তে পারে—যা'তে মাত্র্য বিধ্বন্তি ও বিপদ্ধতার হাত
থেকে মৃক্তি পে'তে পারে—নিঃস্বার্থভাবে, অমান-দাহদে,
carnestly তাই করা। বীরের স্বভাবই মাত্র্যকে মৃক্ত করা,
উন্নত করা, প্রশন্ত করা।"

সহধিদ্দিণীর কর্ত্তব্য কি তাহা একথানা পত্তে কেমন বিশদ ভাবে বর্ণনা করিয়া লিখিতেছেন—

"দ্যাখ্, সহধর্ষিণী হ'তে হ'লে স্বামীর wishes and inclinationsগুলি এমনতরভাবে নিতে হ'বে ধা'তে তা' comply করা বা fulfil করাটাই তোর স্থপের হ'বে—ভাব্তে, বল্তে, কর্তেই একটা আনন্দ হ'বে,—যেমনতর নিজের desire-গুলি ভাব্তে বা কর্তে আনন্দ হয়, enthusiastic attitude আবে—এগুলি comply করাটা বেন তোরই একটা বৃত্তি

(complex), আর দেগুলি নিমে এমনতরভাবে deal কর্তে হ'বে যেন তা' তা'ব Lord, Master বা আদর্শকে fulfil করে অর্থাৎ আদর্শের wishগুলি successful ক'রে তোলে। দেখ্বি, এমন ক'রে চল্লে তৃঃখ-তৃদ্দশার ভিতরেও কত মুখে কত ভৃপ্তিতে জীবনটাকে বহন করা যায়।

"শোন্, স্বামীর শরীরটা ভোগ করার চেয়ে যদি দেখ্বার হয়—যে দেখায় বা ভদিরে সে স্কৃত্ব থাকে বা nourished হয় ভাই কিন্তু ভাল—আর ভাল উভয়ের।

"আর মনটা হ'বে উপভোগের, অর্থাৎ তাঁ'র মনটা দিয়ে এমনতরভাবে deal কর্তে হ'বে—ষা'তে পরিপ্রান্ত হ'লেই তুই হবি তা'র দখিন হাওয়ার ত্থকেননিভ শয়া, আরক্তিম (রাগে, তুংখে, কষ্টে) বা বেদনাপ্পত হ'লেই সে তোকে মন্ত্রংপ্ত, বেদনানাশক, মনোম্থকব স্থান্ধি স্লিগ্ধ প্রলেপের মত, তোকে পা'বে জীবনপ্রাদ সাহসে, কর্মের উত্তম হর্ষে—সেবা ও সহাম্ভৃতিতে তোর ভাষা তা'র কানে বাজ্বে দক্ষ Pieloo বাশীর স্বরের খেয়ালের মত—এমনতর ভাবে তোর আর তা'র সব—বুঝ্লি?

"অনেক সময় মেয়ের। ভূল ক'রে জিদ করে,—জোর করে, অন্তোর তুলনায় ধিক্কার দিয়ে, দোষ দেখিয়ে, কথায়, চলনে, ব্যবহারে জব্দ ক'রে স্বামীকে বশে আন্তে চায়,—উল্টো, তা'রা সর্বনাশকে নানাপ্রকারে নিমন্ত্রণ করে।

"দ্যাধ্ মা, মাহুষের কেন জীবের একটা স্বভাবই এই সে বেখানে বা ষা'র কাছে mentally এবং physically nourished এবং cherished হয় অর্থাং যা'কেই তা'র ভাল লাগে, তা'র কাছেই তা'র থে'তে ইচ্ছা করে, থাক্তে ইচ্ছা করে—ষা'র কাছে তা'র বৃত্তিগুলি (wishes) আশ্রম পায়, adjusted এবং supported হয়;—আর তা'কে যখন সে দেখে তা'র desire এবং activityই এমনতর—তা'র হুখই হ'চ্ছে তা' মূর্ত্ত করা, তথন সে মাহুষের তা'র সাথে ভাব না হ'য়েই যায় না; তা' নয় মা ? * * * *"

উচ্চ লক্ষ্যে—উন্নত আদর্শে উষ্বন্ধ করিবার জ্বন্ত বলিতেছেন—

"সে জীবন কতটুকু—সে লক্ষ্য কেমনতর—যা' নাকি ছনিয়ার স্থপ ছঃখের আঘাতে অবশ হ'য়ে পড়ে—শিথিল হ'য়ে পড়ে—ছিঁড়ে যায়!

ওমা! আমরা চাই তাঁ'কে—কিন্তু পে'তে গেলে যা' কর্তে হয়, তা' ভে'বে বা দে'খে যেন কেমনতর হ'য়ে যাই—কেন মা।

"চাইতে হ'লেই কর্তে হ'বে—আর না কর্লে পাওয়া হ'বে না। কিন্তু কর্তে গেলেই পে'তে হ'বে তৃঃখ, ব্যথা, অবসাদ। যথন তা' সহ্ ক'রেও,—যত অক্লান্ত মনে—অমান বদনে কর্তে পার্ব আর তা' যত বেশী হ'বে—পাওয়াটা আমাদের তত স্থলর হ'বে, তা' নয় মা ¦'

অবসাদ কিভাবে মাহুষকে ঘিরিয়া ধরে—আর তাহার হাত হইতে পরিত্রাণের উপায়ই বা কি, তাহা কেমন স্থৃক্তির সহিত সহজভাবে বুঝাইয়া দিতেছেন—

"অবসাদ আমাদের লক্ষ্যমুখী গতির একটা ঘোর অস্করায়
—আর এই অবসাদের উৎপত্তি হ'ল 'না'-চিন্তা হ'তে। তাই
অবসাদ এলেই তাঁ'র চিন্তা বা 'হ'ল' বা 'হ'চ্ছে' চিন্তা নিম্নে
থাক্তে হয়,—মনের ত্'টি দিক আছে একটী 'হা' একটী 'না'—
'হা'-তে আছে প্রসারণ, আর 'না'-তে আছে সন্ধোচ, ত্রংথ,
অবসাদ;—তাই আমাদের এগু'তে হ'লেই ভাব্তে হ'বে 'হা',
আর কর্তে হ'বে তেমনতর—আর এগিয়ে গাওয়ার অন্তরায়কে
'না' ক'রে উড়িয়ে দিতে চেন্তা কর্তে হ'বে। 'হা'-টাই ভালর
দিকের চিন্তা ও কর্ম, আর 'না'-টাই তা'র উন্টো।"

নারী-মৃত্তি তিনি কেমন দেখিতে চান, নারী কেমন হইলে তাঁহার মনের মত হয় তাহার কি স্থন্দর অভিব্যক্তি একখানা চিঠিতে প্রকাশ পাইয়াছে। যথা:—

"ভান হাতে তা'র দেবা—বামে সাস্থনা, বুকে আবেগ ও অন্থরক্তি—মুখে সহামুভূতি, নাসারদ্ধে স্বেহমমতা—শ্রবণে বেদশ্রুতি, —মন্তিক্ষে বোধ ও বিবেচনা—চরণে ক্ষিপ্রতা ও কর্মতংপরতা, সর্বাক্ষে বৃত্তিনিবেদন—"

তেমনি আর একথানা চিঠিতে নারীর আদর্শ সম্বন্ধে কি উদ্গ্রীব উৎকণ্ঠায়ই না লিখিতেছেন !—

> "আমি যে সেই আশায় পথ চেয়ে আছি—একটা প্রত্যক্ষ প্রাণময়ী উপঢৌকন পে'তে। যেথানে আছে নারীত্বে রিপুদলনী সতীত্বের নিষ্ঠুর মন-ঝল্সান স্তব্ধকরা রশ্মিচ্ছটা, অবসাদে অমৃতময়ী সেবানিরতা উদ্দীপনা,—আশায় কর্মনিপুণ অগ্রগামিনী পাগল-করা

ভাক,—ব্যথায় অবশ-করা ব্যথা-ভূলান আকৃতি-মাথা সহামূভূতি ও দেবা, আর এ দবগুলি আছে মহামহীয়দী মাতৃত্বের পুণ্যময়ী মন্দাকিনীর অমরকরা বারিধারাদিক্ত প্রেমনিধ্যাদে—এ-ও কি হয় ?—মাতৃষ কি তা' পায় ?—এ ব্রাহ্মণসন্তান কি পাগল ?

আবার অপর এক স্থানে আদর্শ নারীর কেমন স্থলর জীবস্ত আর একথানা চিত্র আমরা পাইতেছি---

"তা'র হাসি ছিল মুথে—তৃপ্তি ছিল বুকে—কথায় ছিল তা'র সম্বর্ধনা ও সহায়ভৃতিপূর্ণ প্রেরণা—চাইত যথন দে,—তা'র করুণা-উচ্ছলিত দৃষ্টি আমার বুকপানাকে আশায়—ভরসায় উদ্দীপিত ক'রে তৃল্ত,—তা'র বৃত্তিগুলি নিয়ে সে যেন সব সময় হাজির থাক্ত তামিল কর্তে—আমারই হুকুম আমারই মুখপানে চেয়ে,—কিছু বল্লে যেন ধন্ম হ'ত—আর কাঁপন-শ্র্য ক্ষিপ্রতার সঙ্গে তা' কর্ত,—তাই বলে' কিছু না-বল্লেও তৃংথিত হ'ত না সে—অথচ প্রস্তুত থাক্ত।

"আমাকে সেবা করা, স্থতি করা, তুই করা এবং পুষ্টি দিয়ে সমৃদ্ধ করা—আর আমাকে অটুট রাথ্বার জন্যে আমার পারিপার্দ্ধিকের শুশ্রুষা করা,—স্থন্থ সবল ও পুণা ক'রে তোলা ছিল যেন তা'র স্বাভাবিক ধর্ম্ম—!"

পুত্রশোকে মৃথ্যমানকে সাস্থনা দিয়া লিখিতেছেন—আর তাহাতে মৃত্যুর সম্বন্ধে কি গভীর তথ্যের আলোচনা করিতেছেন!

"ওরে আমার বাথিত, ওরে আমার বজ্ব-নিপীড়িত, ওরে আমার—আমার দরদ-ক্লাস্ত, শুরু ব্যাকুল নিরাশ্রয় শোকার্ত্ত ভাবৃক! আমরা নিতাই দেখি, কত-কি দেখি—বেদনার পিছে সান্থনার অভয় আলিক্লন, ক্রন্দনের পিছে মমতার চূম্বন—মৃত্যুর পিছে অমৃতের আমন্ত্রণ,—দেখি না কি, দেখি না, দাদা ?

"মৃত্যুকে ত কেহই রোধ করিতে পারেন নাই দাদা! আমাদেব অতীতের পরম দরদী প্রীকৃষ্ণ, বৃদ্ধ, খৃষ্ট ইত্যাদি—
যা'রা জীবের হৃংথে কাতর, আকুল, পাগল—তাঁ'রা কি-কর্লে—
কেমন-ক'রে চল্লে—অবশুস্তাবী হৃংথের হাত, হ'তে নিস্তার পাওয়া যে'তে পারে—বার বার ক'রে তাই ব'লে গিয়েছেন,—
কিন্তু মৃত্যুকে রোধ কর্তে হয় কি-ক'রে তা'ত ব'লে যান্ নি—
কিন্তু আবার নিরাশ ক'রেও যান্ নাই—ব'লেছেন—খুঁজ্লে
বোধ হয় তা'ও হ'তে পারে।

"আছা দাদা! মৃত্যু কা'কে বলে? বোধ হয় উৎসে
মমতাহীন চলস্ক শ্ৰোতই শুক্ধ হয়, সে আর চলস্ক থাকে না,
আর বা' চলস্ক নয়, মৃত্যু তা'রই অনিবাধ্য। তা'হ'লেও হ'তে
পারে কিন্তু! আচ্ছা, এত দেখ্তেই পাই—আমাদের ফুট বা
সংগৃহীত বস্তুতে আমাদের যত মমতা,—আমরা ধা'র ফুট বা
সংগৃহীত, তা'ব উপরে আমাদের তেমনতর কিছু নেই,—
আমাদের ভিতর ধা'র একট দেখা বায়—বৃদ্ধিকরা কর্ত্তব্যমাত্র।

"তাই, তিনি আমাদের তাঁ'রই মত ক'রেছিলেন বোধ হয়; কিন্তু অহকারমূগ্ধ আমরা, আমাদিগকে তাঁ'র না ভে'বে—তিনিই আমরা এইরূপ প্রতীয়মান কর্তে প্রয়াস পে'লাম—অকৃতজ্ঞ হ'লাম, আর এমনই ক'রে বোধ হয় উৎস-বিমূথ হ'য়ে উঠ্লাম, স্তুর হ'লাম, মৃত্যু অবশুক্তাবী হ'য়ে দাড়াল!

"দাদা আমার! আমি মৃত্যুকে রোধ কর্তে পারি নাই,— তবে চেষ্টা করি,—আর তা' বোধ হয় সবাই করে। তবে নিন্তারের উপায়—যা' দে'খেছি, বৃ'ঝেছি—যা' তিনি জানিয়েছেন—তা' প্রাণপণে আপনাদের জানাতে চেষ্টা করি—তা' যতদ্র সম্ভব সতর্কভাবেই!

"দাদা! আমি নিজেই জ্বামরণশীল,—এখনও কি-ক'রে মরণকে শুদ্ধ কর্ব নিঃশেষ কর্ব—তা'র দয়ার এ দান পাওয়ার উপযুক্ত হ'তে বোধ হয় পারি নি,—তবে যতদিন থাকি, চেষ্টা কর্ব, প্রার্থনা কর্ব—পে'তে!

"প্রার্থনা করি দয়ালের কাছে—আপনার এই শোক তাঁ'র বিরহে পর্যাবসিত হোক—ক্বতজ্ঞতা তাঁ'র প্রতি আপনাকে আকুল ক'রে তুলুক, উদ্ধাম ক'রে তুলুক,—তাঁ'কে আপনি নিবিড় ক'রে বুকে ধক্রন—সব থাক্তেই আপনি নিঃম্ব হ'ন— পৃথিবীতে মহানু হ'য়ে দাঁড়ানু।"

সজ্ঞ-পরিচালনায় কর্ত্তব্যপালন সম্বন্ধে কর্মসচিবদিগকে কেমন সারগর্ভ স্থলর কার্য্যকরী উপদেশ দিতেছেন—

"দেখ, আমার প্রথম কথা তোমরা honestly এবং tremendously work কর্তে প্রস্তুত আছু কিনা—আর তা'তে disabled হওয়া বাদে কোন condition থাক্বে না।

"তারপর তাখ, এমনতর ভাবে চিন্ধিশ ঘণ্টা কাজ কর্তে কে-কে রাজি আছে ?—তা'রা কত জন ? তা'দের behaviour হ'বে সাধুর মতন, activity হ'বে military department-এর মতন, movement চাই প্রেমিক দেবতার মতন—এগুলি তা'দের ভিতর infuse কর্তে হ'বে। এক-কথায়, মাচুষ তা'দের বল্তে বাধ্য হ'বে sweet man! কেউ কাহারও নিজের বাহাত্রীর কথা বল্বে না, কাহারও নিজা কর্বে না—বাহাত্রী দেবে একে অত্যেকে।

"ভোমাদের ব্যবহারে sweet এবং ব্যবস্থা বা management-এ hard হওয়া দরকার। ভোমাদের খুব নজর রাধা উচিত, যেন worker-রা বেঁচে থাকে, সবল থাকে, স্থাথ থাকে। ভোমরা service-এর উপর না দাঁড়ালে—ভালবাসা ও বাহাত্রী দেওয়ার উপর না দাঁড়ালে—আশা কম। মানুষকে active ক'রে (সর্কবিষয়ে) বড় করা ভোমাদের স্বভাবসিদ্ধ হওয়া চাই! মানুষ চায় বড হ'তে—মানে, সম্পদে, হদয়ে—তা' যেন পায়।

"কোনও কান্তে requesting mood ছাড়া commanding mood apply কর্বে না, কেবল যথন দেখ্বে Ideal fulfilled হ'চ্ছে না যেথানে, দেখানে vigorous but honourable opposition ছাড়া। যথনই কিছু কর্তে যাও বা করা'তে যাও, সন্মান এবং serving attitude-এর উপর দাড়িয়ে—তুমি সন্মানের আশা রে'থো না, স্থী হ'য়ো—বড় ক'রে, মান দিযে, সমৃদ্ধি দে'থে। রাজা হ'তে যে'য়ো না—মান্তয়কে রাজা ক'রে ভোল।

"আর সবরকমে Idealকে represent কর্তে ভূলো না, Institution-কে represent কর্তে ভূলো না। যেখানে ideal যত honoured হ'বে তোমাদের দিয়ে, সেধানে তোমরা তত— এমন-কি আরও বেশী—honour পা'বে নিশ্রয়।"

ধর্ম থাকিলেই কর্মও থাকিবে, কর্মহীন ধর্ম যে সত্যিকারের ধর্ম নয়—এই তত্ত্বটী কোন মহিলাকে কেমন স্থন্দর উপমা দিয়া, সহজ্ঞ সরল ভাষায় ব্ঝাইয়া বলিতেছেন—

"ধর্মছাড়া কর্ম—যেমন নারায়ণছাড়া লক্ষ্মী,—যেথানে নারায়ণ নেই দেখানে কি লক্ষ্মী থাক্তে পারে? আর লক্ষ্মীকে অপমান ক'রে, জ্বোর ক'রে, আটক ক'রে যদি কেউ রাখে, তবে রাবণের মত দশা হয় বোধ হয়। কিন্তু লক্ষ্মীকে তুই কেউ রাখ্তে পার্লে নারায়ণকে দে পা'বে— পা'বেই নিশ্চয়,—একথা সবাই বলে।— তাই মা, যে কর্ম নারায়ণকে (সং—থাকা, র্দ্ধি-পাওয়া) বরণ করে না, তা'তে প্রী বা লক্ষ্মী (দেবা করা) অতুই বা অবমানিত, তা' সর্ব্ধনাশ এনে দেয়,—তাই মা আমার—বে সাধনা কর্মবিম্থতা আনে দে সবটা নাশের কোলেই তু'লে দেয়—দে কারণহারা নারায়ণহারা হয়—লক্ষ্মী বাদ দিয়ে—ক্রিয়া বা কর্ম্ম বাদ দিয়ে কি কারণ বা নারায়ণকে ধরা যায়—বোঝা যায়—জানা যায় "

প্রতিষ্ঠা ও সফলতা লাভের উপায় সম্বন্ধে বলিয়া দিতেছেন—

"প্রতিষ্ঠা আর সফলতা তা'রই সহধিমণী হয় যে নাকি তা'র IdeaIকে বলায, ব্যবহারে এবং কর্মে অটুটভাবে প্রতিষ্ঠিত করতে পারে। তোমার তা'র প্রীতি, প্রেম, কন্মাহরাগ ও নিরবচ্ছিন্নতা চরিত্রে ফু'টে উঠে যত লোককে মৃশ্ব কর্বে—জেন তত লোকে তোমার প্রতিষ্ঠা ও সফলতা অব্যাহত।"

প্রত্যেকটা মান্থবকে শ্রীশ্রীঠাকুর কিরপ দেখিতে চান—মান্থবের সম্বন্ধে তাহার চাহিদা কেমনতর, একথানা চিঠিতে তাহার অতি ফ্লর অভিব্যক্তিরহিয়াছে। যথা—

"আমি দেখতে চাই তোদের ভিতর সেবা, সহামুভ্তি
দয়াদাক্ষিণ্য, তেজ, বীষ্য বৃদ্ধি, বিচার, স্বন্ধি, হৈষ্য, বিশাস,
কৃতজ্ঞতা, প্রেম-মণ্ডিত হ'য়ে—মূর্ত্ত হ'য়ে তোদের দেবত। ক'রে
তু'লেছে,—তোদের বৃকে কত অগ্রায়—কত নিরাশ্রয়, কত অলস—
কত অকৃতকাষ্য স্থান পে'য়ে আশার জীবনে উদ্দীপ্ত হ'য়ে—
ধল্য হ'য়ে উঠেছে,—আর শত অপরাধী—শত অত্যাচারী
তোদের স্পর্শে পবিত্র হ'য়ে জয়গানে জগংকে মুখরিত ক'রে
তুল্ছে,—আর তাই দে'থে আমি অঢেল হ'য়ে যা'চ্ছি—ধল্য
হ'য়ে যা'চ্ছি—আনন্দে উৎফুল্ল হ'য়ে যুক্ত করে পরম্পিতাকে
বলচি—আরো পরম্পিতা, আরো দাও—অমর ক'রে দাও
এদের—আরও করে' দাও তোমাতে।"

জীবনপথে চলিতে নিত্যই কত অবসাদ, তু:খ, সন্দেহ, নৈরাশ্র—কত-কিছু

"তারপর ত্বাখ, এমনতর ভাবে চিকিশ ঘণ্টা কান্ধ বনু, কে-কে রাজি আছে ?—তা'রা কত দ্বন ? ভা'দের behavious হ'বে সাধুর মতন, activity হ'বে military department—এর মতন, movement চাই প্রেমিক দেবতার মতন—ক্রাপ্র তা'দের ভিতর infuse কর্তে হ'বে। এক-কথায়, মাথুষ তা'দের বল্তে বাধ্য হ'বে sweet man! কেউ কাহারও নিদের বাহাত্রীর কথা বল্বে না, কাহারও নিন্দা কর্বে না—বাহাত্রী দেবে একে অত্যেকে।

* * * * *

"তোমাদের বাবহারে sweet এবং বাবস্থা বা management-এ hard হওয়া দরকার। তোমাদেব খুব নজব রাধা
উচিত, যেন worker-রা বেঁচে থাকে, সবল থাকে, স্থে থাকে।
তোমরা service-এর উপর না দাড়ালে—ভালবাসা ও বাহাছ্বী
দেওয়ার উপব না দাড়ালে—আশা কম। মাল্ডযকে active
ক'রে (সর্কবিষয়ে) বড় করা তোমাদের স্বভাবসিদ্ধ হওয়া চাই!
মান্ত্র চাব বছ হ'তে—মানে, সম্পদে, হৃদ্যে—ভা হেন পাম।

"কোনও কাজে requesting mood ছাড়া commanding mood apply কর্বে না, কেবল মধন দেশ্বে Ideal fulfilled হ'ছে না যেখানে, দেশানে vigorous but honourable opposition ছাড়া। মধনই কিছু কর্তে যাও বা করা'তে যাও সন্মান এবং serving attitude—এর উপর দাড়িযে—তুমি সন্মানেন আশা বে'খো না, স্থী হ'য়ো—বড় ক'বে, মান দিয়ে, সমৃদ্ধি দে'খে। রাজা হ'তে যে'য়ো না—মাল্লযকে রাজা ক'বে

"আর স্বরক্মে Idealকে represent কর্তে ভূলো না, Institution-কে represent কর্তে ভূলো না। বেখানে ideal যত honoured হ'বে তোমাদের দিয়ে, সেখানে তোমরা তত— এমন-কি আরও বেশী—honour পা'বে নিশ্য।"

ধর্ম থাকিলেই কর্মণ্ড থাকিবে, কর্মহীন ধর্ম যে সত্যিকারের ধর্ম নয়—এই তত্ত্বটী কোন মহিলাকে কেমন স্থল্পর উপমা দিয়া, সহজ সরল ভাষায় বৃঝাইয়া বলিতেছেন—

ভোল।

"ধর্মছাড়া কর্ম—ষেমন নারায়ণছাড়া লক্ষ্মী,—ষেথানে নারায়ণ নেই সেথানে কি লক্ষ্মী 'কতে ? আর লক্ষ্মীকে অপমান ক'রে, জোর ক'রে, অ. ফ'রে ঝাদ কেউ রাখে, তবে রাবণের মত দশা হয় বোধ হয়। কিন্তু লক্ষ্মীকে তুট্ট কেউ রাখ্তে পার্লে নারায়ণকে সে পা'বে—পা'বেই নিশ্চয়,—একথা সবাই বলে।— তাই মা, যে কর্মনারায়ণকে (সং—থাকা, বৃদ্ধি-পাওয়া) বরণ করে না, তা'তে শ্রী বা লক্ষ্মী (সেবা করা) অতুষ্ট বা অবমানিত, তা' সর্বনাশ এনে দেয়,—তাই মা আমার—ষে সাধনা কর্মবিম্থতা আনে সে সবটা নাশের কোলেই তু'লে দেয়—সে কারণহারা নারায়ণহারা হয়—লক্ষ্মী বাদ দিয়ে—ক্রিয়া বা কর্ম্ম বাদ দিয়ে কি কারণ বা নারায়ণকে ধরা যায়—বোঝা যায়—জানা য়ায় ?"

প্রতিষ্ঠা ও সফলতা লাভের উপায় সম্বন্ধে বলিয়া দিতেছেন—

"প্রতিষ্ঠা আর সফলতা তা'রই সহধম্মিণী হয় যে নাকি তা'র Idealকে বলায়, ব্যবহারে এবং কর্মে অটুটভাবে প্রতিষ্ঠিত করতে পারে। তোমার তা'র প্রীতি, প্রেম, কর্মাহ্মরাগ ও নিরবচ্ছিন্নতা চরিত্রে ফু'টে উঠে যত লোককে মৃগ্ধ কর্বে—জেন তত লোকে তোমার প্রতিষ্ঠা ও সফলতা অব্যাহত।"

প্রত্যেকটী মান্ত্যকে শ্রীশ্রীঠাকুর কিরূপ দেখিতে চান—মান্ত্যের সম্বন্ধে তাঁহার চাহিদা কেমনতর, একখানা চিঠিতে তাহার অতি স্থন্দর অভিব্যক্তি বহিয়াছে। যথা—

"আমি দেখতে চাই তোদের ভিতর দেবা, সহামুভ্তি দয়াদাক্ষিণ্য, তেজ, বীর্ঘ্য বৃদ্ধি, বিচার, স্বন্তি, ক্ষ্য্যে, বিশাস, কৃতজ্ঞতা, প্রেম-মণ্ডিত হ'য়ে—মূর্ত্ত হ'য়ে তোদের দেবতা ক'রে তু'লেছে,—তোদের বৃকে কত অন্তায়—কত নিরাশ্রায়, কত অন্তস—কত অক্তকার্য্য স্থান পে'য়ে আশার জীবনে উদ্দীপ্ত হ'য়ে—ধন্ত হ'য়ে উঠেছে,—আর শত অপবাধী—শত অত্যাচারী তোদের স্পর্শে পবিত্র হ'য়ে জয়গানে জগংকে মুখরিত ক'য়ে তুল্ছে,—আর তাই দে'থে আমি অঢেল হ'য়ে য়া'ছি—ধন্ত হ'য়ে যা'ছি—আনন্দে উৎফুল্ল হ'য়ে যুক্ত করে পরমপিতাকে বলচি—আরো পরমপিতা, আরো দাও—অমর ক'রে দাও এদের—আরও করে' দাও তোমাতে।"

জীবনপথে চলিতে নিত্যই কত অবসাদ, ত্র:খ, সন্দেহ, নৈরাশ্র—কত-কিছু

সমস্যা আসিয়া মান্ন্থের ক্বতকার্য্যভালাভের অস্তরায় সৃষ্টি করে; রিপুর তাড়নায় মান্ন্থ কতই-না ক্বতবিক্বত হইয়া পড়ে! "তাঁর চিঠি" ব্যথিতের হাদয়ে শান্তির প্রলেপ, নিরাশার বুকে অমৃতের উৎস, দিক্লান্ত পথিকের কাছে গ্রুব-তারারই মত পথনির্দেশক। যাহার অধিগমনে, সঙ্গে বা আলোচনায় মান্ন্য হিতে অধিষ্ঠিত বা উন্নীত হইতে পারে, তাহাকেই যদি আদর্শ সাহিত্য বলা যায় তবে 'তাঁর চিঠি' জাতীয়-সাহিত্য ভাগুারের একটি অমৃল্য রত্ম—শ্রীশ্রীঠাকুরের একটি শ্রেষ্ঠ অবদান!

नामा अमरन

নানা প্রসঙ্গে, 'নারীর পথে', 'কথা প্রসঙ্গে' ও 'ইস্লাম প্রসঙ্গে'—এই চারিখানা গ্রন্থে প্রশ্নোন্তর সাহায্যে শ্রীশ্রীঠাকুরের ভাবরাজি লিপিবদ্ধ হইয়াছে। গ্রন্থগুলিতে শ্রীশ্রীঠাকুর ব্যক্তিগত এবং সামাজিক জীবনের যাবতীয় সমস্থার সমাধান অতীব প্রাঞ্জল ভাষায় সকলের বোধগম্য করিয়া প্রকাশ করিয়াছেন। সাহিত্যের মধ্য দিয়া জাতীয়চরিত্র-নিয়ন্ত্রণে এই গ্রন্থগুলির প্রয়োজনীয়তা কতটুকু তাহা পাঠকগণ বিবেচনা করিবেন।

বর্ত্তমানে আমাদের দেশে শিক্ষার ধারা কিরপ হওয়া উচিত, প্রকৃত ধর্ম কাহাকে বলে, ধর্মের নামে নানা বিরোধের স্বাষ্ট হয় কেন, কি-করিলে সম্প্রদারগত বিরোধ দ্রীভৃত হইতে পারে, ধর্ম ও কর্মের সময়য় কোথায়, বিজ্ঞান-চর্চার সার্থকতা কি ভাবে হইতে পারে, ধর্ম ও বিজ্ঞানের কিরূপ সয়য়, স্বরাজের প্রকৃত অর্থ কি, কি ভাবে এবং কত দিনে তাহা লাভ করা বায়, স্বাধীনতা কাহাকে বলে, উন্বর্জনশীল সাহিত্য কি, জাতীয় জীবন ও রদ্ধিদ সাহিত্য সৃষ্টি করা যায় কি ভাবে, অন্তিয় ও উয়য়নের বিধি জানিবার জন্ম ইয়ারাধনার প্রয়োজনীয়তা, ভগবান কে, তাহাকে লাভ করিবার উপায় কি, ধাানের উদ্দেশ্য কি, জীবন বা মৃত্যু কাহাকে বলে, জড় ও জীবনে তফাং কি, মৃত্যুর পরে আত্মা কথন কি অবস্থায় থাকে, জন্মমৃত্যুর গৃঢ় রহস্ম জানা যায় কি-করিয়া, মৃক্তি মানে কি ইত্যাদি বছ বছ বিষয়ের মীমাংসা-বাণী 'নানাপ্রসঙ্গে' গ্রম্বখানায় প্রদন্ত হইয়াছে।

আবার সমাজগঠনে বিবাহ-সংস্কারের প্রয়োজনীয়তা, জাতীয় উন্নতির জন্ম শ্রমশিল্প এবং আদর্শ শিক্ষার প্রবর্ত্তন, আর্য্যজাতির শ্রেষ্ঠত্ব, নর ও নারী-"শ্রপ্রকৃতির বৈশিষ্ট্য, ব্যক্তি ও পারিপার্শিকের সম্বন্ধ প্রভৃতি প্রয়োজনীয় বিষয়গুলিও অতি পরিক্ষারভাবে ইহাতে ব্ঝাইয়া দেওয়া হইয়াছে। তাহা ছাড়া, হরিজন-আন্দোলন, আদর্শ ষ্টেট্, রাজনীতি, হিট্সার, ম্সোলিনী ও কামালপাশার কথা, জাতিগঠন এবং স্বাধীনতা লাভের সংক্ত—প্রভৃতি নানা বিষয়ের সংক্ষিপ্ত আলোচনাও এই গ্রন্থে স্থান পাইয়াছে। দৃষ্টান্ত স্বরূপ নিম্নে পুত্তকথানা হইতে কতিপয় প্রসঙ্গ সংক্ষেপে উদ্ধৃত করা গেল। যথা:— প্রস্থা। ধর্ম মানে কি ?

শ্রীশ্রীঠাকুর। যাহা আমাদিগকে ধরিয়া রাখে, যাহা আমাদের existence (অন্তিছ) বন্ধায় রাখে—তাহাই ধর্ম। তা' যদি হয় তবে আমাদিগকে সেই সব কর্ম করিতে হইবে যাহাতে আমাদের অন্তিছ অব্যাহত ত' থাকেই বরং পাকা হয়।

ধর্ম সব দিক দিয়া হয়। অত্যের বাচা ও বৃদ্ধি-পাওয়াকে অব্যাহত রাথিয়া বাচিবার জন্ত, আনন্দের জন্ত, হৃথ-স্থবিধার জন্ত মামুষ যাহা যাহা করে তাহা ধর্ম। আমার অন্তিত চারিদিকের অবস্থার উপর নির্ভর করে, চারিদিক যদি হুস্থ থাকে আমি হুস্থ থাকিব—অহুস্থ থাকিবে আমিও অহুস্থ থাকিব। আমার যে পঞ্চ ইন্দ্রিয় আছে তাহাদের দ্বারা বাহিরের সাড়া লইয়া যে জ্ঞান জন্মিতেছে—তাহাতেই 'আমি আছি' এই বোধ হয়। তা-ছাড়া 'আমি' বলিয়া আলাদা জিনিষ কিছুই নাই—থাকিলেও জানা যায় না। এমন জায়গায় যদি আমাকে রাখা যায় থেখানে কিছু নাই তাহা হইলে আমার আমি-ভাব ভাঞ্চিয়া যাইবে। আমি-বাদে যদি কিছু থাকে তবে আমি-জ্ঞান হয়। যেথানে আমি-ছাড়া কিছু নাই সেথানে আমিও নাই।

প্রশ্ন। অত্যের বাঁচা ও বৃদ্ধি পাওয়াকে বজায় রাখিয়া আমার স্থ-স্থবিধা সম্ভব কেমন করিয়া শু—তা' কি সব সময় হ'তে পারে ?

শ্রীশ্রীঠাকুর। আমি-ভাবের উদ্বোধন যদি environment-এরই
(পারিপাখিকেরই) উপর নির্ভর করে, তা'হ'লে পারিপাখিকের উদ্বর্জনেই
এই আমির-ও উদ্বর্জন হইবে নিশ্চয়! তা'হলেই আমার কর্ত্তর্য য়'তে নাকি
আমার পারিপাখিক উদ্বিজ্ঞ হয়-—আর তা' কর্তে হ'লেই পারিপাখিকের
সেবা আমার থাকা ও বৃদ্ধি পাওয়ার জন্ম অপরিহায়্য, আর এই গেবাবিম্থ
যত হইব তত আমি ত্র্কল ও অবসন্ন হইব; আর এই থাকার অপলাপ
অবশ্রম্ভাবী হইয়া উঠিবে সন্দেহ নাই। তা'হ'লেই দেখা য়ায় আমাদের
এই স্থ-স্ববিধার ব্যাপারে পারিপাখিকই মুখ্য জিনিস!

প্রশ্ন। তবে কি কন্মীই ধান্মিক ?

শীশীঠাকুর। ইা, ধর্ম মানে তাই যেমন ক'রে চল্লে, বল্লে, ভাব্লে আমাদের being ও becoming (অন্তিম্ব ও উন্নয়ন) বন্ধায় থাকে ও বৃদ্ধি পায়—সাধারণ সন্ন্যাসী অপেক্ষা—অনেক তথাকথিত মহাপুরুষ অপেক্ষা—দাশদা (দেশবন্ধু চিত্তরঞ্জন) বেশী ধার্মিক ছিলেন, কারণ তাঁ'র পারি-পাশিকের সেবা জীবনের মুখ্য ব্রত ছিল।

প্রশ্ন। ইউরোপ সম্বন্ধেও কি সেই কথা?

শীশীঠাকুর। হাঁ, তাহাদের সম্মুখে কতগুলি স্থবিধা আছে। যথন যেমন অস্থবিধা আসিয়াছে তথন তাহারা সেগুলি সমাধান করিবার চেষ্টা করিতেছে, এবং ক্রমশঃ ভিতরের দিকে যাইতেছে। জ্বাতি যথন মারা যায় তথন তা'র ভিতর অন্তসন্ধিংসাব অভাব ঘটে, স্বার্থান্ধ ভোগবৃদ্ধি প্রবল হ'য়ে পড়ে। উদ্ভাবনার দিকে যথন নজর যায় তথন জ্বাতি বড় হয়, স্বার্থান্ধ ভোগবৃদ্ধিব দিকে নজর গেলে সে উচুতে উঠিতে পারে না।


প্রশ্ন। আপনি যা' বল্লেন, ধর্ম যদি তাই হয় তবে তা' নিয়ে আবহমান কাল থেকে এত মারামাবি কেন? এত সরলই যদি ধর্ম হ'ত তবে রুঞ্চ, বৃদ্ধ, খুষ্ট, মহম্মদ—ইহাদের করা, বলা, ভাবা, আব চলায কোন তফাং-ই থাক্ত না!

শীশীঠাকুর। ধর্মেব মারামারি কগনো নাই, কোথাও নাই। কারণ, ধর্ম মানেই হ'ল তাই করা যা'তে নাকি বেঁচে থাকা আর বৃদ্ধি পাওয়া অব্যাহত থাকে, অটুট থাকে বর্দ্ধনশীল হয়,—আব এ প্রত্যেক ব্যক্তিরই স্বার্থ। তাই ধর্মের আদিম নিয়মগুলির ভিতর কোথাও কোন গরমিল নাই। গরমিল আসিয়া পড়ে দেশ-কাল-পাত্রভেদে—আব তা' যে দেশের যে কালের বৈশিষ্ট্যে যেথানে যাহা কবা প্রয়োজন তদম্পারে। যেমন মান্তাজে নাকি লক্ষা বেশী না থাইলে লোক অম্বন্ধ হইয়া পড়ে; শুনিয়াছি পেঁয়াজ কোথাও নাকি অমৃতত্ন্ত্য—তাই এগুলি সার্কজনীন নয়। আর এইগুলির উপরই মান্তব্ব যথন দাঁড়াইয়া ধর্মকে বিচার করে তপনই বোধ হয় ঘন্দের অভ্যাদয় হয়।

প্রশ্ন। তাই যদি হয় তবে ধর্মে ধর্মে এত বিরোধ কেন ?—আর হিন্দু-মুদলমান-খৃষ্টানে যে এত বিশ্বেদ, এত হিংসা—এ কি-করে দম্ভব ?

প্রীশ্রীঠাকুব। এ হিংসাব কারণই না-জানা। আমার মতে প্রকৃত ধার্মিক প্রত্যেক হিন্দৃই মুসলমান-খৃষ্টান,—প্রকৃত ধার্মিক প্রত্যেক মুসলমান-খৃষ্টানই হিন্দু;—আর ইহাব ব্যতিক্রম দেখানে হইয়াছে দেখানেই অজ্ঞানার মুখোস-পরা ধর্মেব উল্লক্ষন মাত্র—আব কিছু না। মহম্মদকে মানাই যদি ধর্ম হয়, আর 'খোদা এক' মানা যদি ধর্ম হয়—আর তা'তে জগতের পূর্ব্ব পূর্ব্ব গুকদের মানায় যদি কোন বাধা বা আপত্তি না থাকে, তবে ব্রাহ্মণ থাকিয়াও আমি মুসলমান হইতে পারি, ক্ষত্রিয় হইয়াও আমার মুসলমান হইতে বাধে না—আবাব মুসলমান হইয়াও ব্রাহ্মণ ক্ষত্রিয় হইতে বাধা নাই।

প্রশ্ন। কিন্তু হিন্দুমাত্রেই ত মুসলমানের নিকট কাফের, দ্বণিত,—
মুসলমান-যে সে ত' কাফের হইতে পারে না ?—আর খৃষ্টানদের কাছে যা'রা
খৃষ্টান নয় তা'রা ত' পেগান্ বা হেদেন্।



শ্রীশ্রীযুকুর অনুকুলচন্দ্রের উনপঞ্চাশৎ জমহিথিতে পদ্মায় স্নানোৎসব (১৩৪৩ সনের ৯ই আশ্বিন)

শ্রীশ্রীঠাকুর। আমি হয়ত না-ও বুঝ্তে পারি—'কাফের' মানে যদি ধর্মে অবিশাসকারীই হয় কিংবা ভগবান্ এক—যিনি থোদ—তিনি ছাড়া তাঁহার মত আর-কিছু বা কেহ নাই, আর সংগুরু, কামেলপীর, পয়গম্বর বা Son (ভগবং-তনয়) যদি তাঁতে পৌছাবার একমাত্র পথ—ইহা যে-কেহ বিশাসকরে সে-ই যদি ধর্মবিশাসী হয়, তবে হিন্দু মুসলমান বা গুটান এদের ভিতর কাহাকে কাফের বলা যাইবে ? বরং এমনতর বিশাসী যদি কেউ থাকে তাহাতে কাফের বা হেদেন বা ফ্লেচ্ন উচ্চারণ—এই ত ভগবদ্বিশাসের ঘোর বিক্লম্ব আচরণ।

প্রশ্ন। Guide আবার কি ? এই Guide বা চালক নিয়েই ড যত সব ছল্বের সৃষ্টি ! ?

শ্রীশ্রীঠাকুর। অন্তিত্ব এবং উন্নযনের বিধি যাহাদের ভিতর প্রকট হইয়াছে বা হইয়াছিল তাঁহারাই (fuide বা গুরু—ভাই সব গুরু একই,—আর বাঁহা হইতে যে মুধাভাবে ইহা পায় তিনি ভা'র আদর্শ, গুরু বা (fuide. তিনি অন্নসরণীয়, আর মন্তান্ত বাঁহারা ভিত্তির পাত্র, পূজার পাত্র—ভাহাদেব জীবন ও কর্মের আলোচনায আমরা আদর্শে অট্ট হই, অব্যাহত হই—ভাই উন্নতি আমাদের কাছে অবাধ হইয়া আসে।

"শ্রীনাথে জানকীনাথে অভেদঃ পরমান্সনি তথাপি মম সর্কান্তঃ রামঃ কমললোচনঃ।"

গুরুত্বে যেখানে দ্বন্ধ সেখানে গুরুত্বের অপলাপ নিশ্চযই—আর সে হিন্দুই হোক, মুসলমানই হোক, খৃষ্টানই হোক, বৌদ্ধই হোক,। যাহার সংসর্গে গুরুত্তক্তির অপলাপ ঘটে সে সংসর্গ সর্ব্বথা পরিত্যজ্য—কারণ, তাহা অবনতিকে আমন্ত্রণ করে,—সে সংসর্গে গুরুত্ব নাই বরং আর উন্টো আছে। যেখানে গুরুত্ব আছে সেখানেই নিজের আদর্শ গুরু বা (Juide-এর বিভিন্ন মূর্তি, বিভিন্ন রূপ কর্মনা করিয়া তাঁ'দের সেবা-ভক্তি করাই সমীচীন—যদি তাহা হইতে আমাদের এমনতর ভাব না আসে যাহা দারা আমরা আদর্শ হইতে বিচ্যুত্ব বা পতিত হই। কবীর ব'লেছেন—

"সব সে রসিয়ে সব্সে বসিয়ে

সব্কো লীজিয়ে নাম।

হাজি হাজি করতে রহো

বৈঠে' আপ্না ঠাম।

ষত্ত গুৰুতে অশ্ৰদ্ধাবান না হইয়া যদি কেহ আপন গুৰুতে নিষ্ঠা ও

٠.

ভক্তি-পরায়ণ হয়, তা'র প্রতি প্রকৃত সমস্ত গুরুই সম্ভুষ্ট থাকেন,—তাই বৃঝি "সর্বদেবময়ো গুরুঃ" কথার সৃষ্টি।

প্রশ্ন। বর্ত্তমান সভ্যতার যুগে অনেকেই ত বলেন; গুরু আবার কি ?
—ভগবান্ আছেন আর আমি আছি একজন মধ্যত্বের ত কোনই প্রয়োজন
বুঝি না ?

শীশীঠাকুর। যাহা যাহা লইয়া ভগবান্ তাহাই ভগবতা, আর এই ভগবতা অর্থাৎ যাহা যাহা লইয়া ভগবান্ তাহার আরাধনায় যিনি সেইগুলি চরিত্রগত করিয়াছেন,—যাহার ভাবে, চলায়, বলায়, করায় সেইগুলি প্রকট হয় তিনিই গুরু, তা'তেই ভগবতা আছে; তাই, 'ব্রন্ধবিৎ ব্রন্ধ এব ভবতি।' আর, এই মূর্ত্ত গুরুরুপী ভগবান্ ছাড়া আমাদের উন্নয়নের অগ্র কোন পথ সম্ভব কি না জানি না! যীশু ব'লেছেন—'I am the way, the truth, the life—none can come to the Father but through me.' (আমই পথ, আমই সত্য, আমই জাবন,—আমার মধ্য দিয়া ছাড়া কেইই পিতার নিকটে আসিতে পারে না)—তা'র মানে কি? এই কি নয়? তাই যা'র আদর্শ নাই, মূর্ত্ত আদর্শ নাই—আর তা'তে প্রেম, ভক্তি বা আসক্তি ব'লে কিছু নাই, যিনি কাউকে actively fulfil করেননি অর্থাৎ কাহারও wishesগুলিকে fulfil ক'রে নিজেকে সার্থক করেননি তিনি কি-ক'রে গুরু হ'তে পারেন ?

প্রশ্ন। তবে অনেকে গুরুবাদ শু'নে—বিদ্রোহী হ'য়ে ওঠেন কেন ?
অথচ জগতের সব ধর্মেই ত এই hero-worship, বীরপূজা বা গুরুবাদ
ব'য়েছে। কিন্তু আজকাল অনেকেই গুরুবাদকে ভ্যাবহ মনে করেন,—কেন ?

শীশীঠাকুর। প্রথমতঃ কোন সদ্গুরু, কামেলপীর বা prophet-কে—
পরগম্বরকে না মানিয়া ভগবান্কে কেবলমাত্র নিরাকার করিয়া রাখা অনেক
মামুষের অহংএর কাছে অনেকটা স্থবিধান্তনক, কারণ তাহাতে আমাদের
খেয়ালগুলির কোনপ্রকার conflict—সংঘাত লাগার সম্ভাবনা নাই। আমার
বৃত্তিগুলি অবাধে আমাকে যাহা-তাহা করিতে পারে,—আমি হয়ত বছরূপী
ভক্তের মত বলিয়া উঠিলাম—

"ক্সানামি ধর্মং ন চ মে প্রবৃত্তি জানাম্যধর্মং ন চ মে নিবৃত্তি। তথা হবীকেশ হদিস্থিতেন যথা নিযুক্তোহস্মি তথা করোমি॥"

এমনতর আমির কাছে এ হবীকেশ কিন্তু অরপই কেবল। মাতুষ বাহবা দিয়া উঠিল—ভাবিলাম বেশ হইয়াছে! এই আশু বাহবার প্রলোভন হইতে কোন্ বেকুব অহং বঞ্চিত হইতে চায়—যদিও ইহাতে অজ্ঞাতসারে ধ্বংসের মুকুট আমাদের মন্তিফ্-সিংহাসন অধিকার করিয়া বসে!

Revolt (বিজ্ঞাহ) করার আর-একটা কারণ হ'চ্ছে অপ্তকর গুরুত্বের দাবী—যা'রা কিছু জানে না, করে না, বোঝে না-লেবাসম্পদ ভজিপ্রেম ইত্যাদি কাহাতেও সার্থক হওয়ার জ্ঞাল বহন করে না—মাণায় পা তুলিয়া দিয়া, সর্বনাশ হইবে ভয় দেখাইয়া তা'দের সালিয়ানা আদায়ের অত্যাচার ;—আমার মনে হয় এইগুলিই মুখ্য কারণ। কিন্তু একথা ঠিকই যাহার গুরুবা আদর্শ নাই ;—আদর্শ বা গুরু ব'লে মানা যা'ব কোগীতে ভগবান লেখেন নাই সে পতিত নিশ্চয়ই—আর, সে যত enlightened-ই (স্থুসভাই) হউক, তা'র পতনও তত enlightenedly (সুক্ষভাবে)!

প্রশ্ন। আপনি মনে করেন death is a curable disease—মৃত্যু এমন একটা ব্যাধি যা'র থেকে মাত্রয চিকিৎসা ক'রে আরোগ্য লাভ কর্তে পারে?

শীশীঠাকুর। অনেক মৃত্যু curable (সাধ্য, চিকিংস্ম) বলিয়া মনে করি। যে সকল মৃত্যুতে organs (দেহযন্ত্রগুলি) নষ্ট হটয়া যায় না সে সকল মৃত্যু curable (সাধ্য) অন্ততঃ—যেমন হার্ট ফেল করা, জলে ড্'বে মরা, কলেবা ইত্যাদি। এসব মৃত্যুতে মামুষকে বাঁচান যায়—প্রাণীকে by induction of life energy (জীবনীশক্তি উদ্বুদ্ধ করিয়া) revive (পুনর্জীবিত) করা যায়।

প্রশ্ন। আপনি কি বাঁচাইয়াছেন ?

শ্রীশ্রীঠাকুর। না, মনে হয় বাঁচান যায়। শুধু স্থামার মনে হয় কেন, পাশ্চাত্য স্থানেক মনীধীরাই এ বিষয়ে এখন গবেষণা করিতেছেন।

প্রার। এ সম্বন্ধে কোন Experiment (পরীকা) করিয়াছেন কি ?

শীশীঠাকুর। Experiment-এর (পরীক্ষার) বৃদ্ধি লইয়া কিছু করি নাই ; তবে এমনতর ব্যাপার সংঘটিত হইল দেখিয়াছি,—

দেখিয়াছি—দে অনেকদিনের কথা—reviving-এর intention না লইয়া (বাঁচাইবার কোন মতলব না লইয়া) life energy excited হয় (জীবনীশক্তি উৰুদ্ধ হয়) এমন-কিছু মনের ভিতর revolve করাইয়া (জপ করিয়া)—যেমন বীজযুক্ত নাম—object-এর (কোন বস্তুর) দিকে খুব steadily gaze করিলে (একদৃষ্টিতে চাহিয়া থাকিলে) কিছু-কিছু ফল হয়।

এको। তেनाপোका प्रशिनाम मदा। भानद मिनिए धित्रहा प्रशिनाम,

মনে ব্যথা পাইলাম, থুব নাম করিলাম—অনবরত করিলাম, স্নায়্গুলি যথন থুব sensitive ও receptive (সাড়াপ্রবণ ও গ্রহণক্ষম হইল)—পোকাটীর দিকে তাকাইলাম—আধ ঘণ্টার মধ্যে উহা সারিয়া উঠিয়া চলিয়া গেল।

আর-এক দিন একটা গুব্রে পোকা—আধথানা কিসে ধাইয়া ফেলিয়াছে
—তা'র দিকে তাকাইয়া থাকিতে থাকিতে, এক ঘণ্টার কম সময়ের মধ্যে
উহার হাত পা নড়িয়া উঠিল, অনেকক্ষণ ঐ ভাবে রহিল, তারপর মরিয়া গেল। অন্ত কোন কারণেও এরপ হইয়া থাকিতে পারে জানি না; কিন্তু
আমার মনে হইল এরপ করায়ই ফল হইয়াছে, কারণ এরপ করার
আগে আমার বৃদ্ধিত উহা যে জীবনহীন তাহা পরীক্ষা করিয়াছিলাম।

প্রশ্ন। মাতৃষ মরিয়া কোথায় যায় পূ

শ্রীশ্রীঠাকুর। মরার আগে মাহ্ম কি ছিল তাহা জানিতে হইবে।
মাহ্মটা আসিল কেমন করিয়া—মাহ্ম কতগুলি idea'র (ভাবের) সমষ্ট
—সেই idea (ভাব) বাহিরের কতকগুলি জিনিসে attached (যুক্ত)
হইয়া পড়ে।

প্রশ্ন। কেমন ?

শ্রীশ্রীঠাকুর। জায়া মানে পুরুষ যাহাতে জয়ে। পুরুষ জয়ে কি-করিয়া?

—য়ি সে আবার জয়িল তবে বাঁচিয়া থাকিল কি-করিয়া?—তা'র মানেই হ'চ্ছে পুরুষ যে ভাবে অন্প্রপ্রাণিত থাকে—জায়াতে যাইয়া তাহা মুর্ব্ত এবং প্রাণযুক্ত হয়। তাবপর প্রস্থত হইলে যে ভাব প্রাণ পাইয়া জয়িল অর্থাং সন্থান—ভূমির্চ্চ হওয়ার পরই তা'র পারিপার্শিক—বিশেষতঃ মা—তাহাকে নানাপ্রকারে সংঘাত করিতে লাগিল। সংঘাত মানে impulse-এর (ধাকার) প্রেরণা। তাহার ফলে মন্তিক্তে ক্রমে ক্রমে sensation-এর (বোধের) ভিতর দিয়া সেই impulseগুলি (ধাকা গুলি) recorded (লিপিবদ্ধ, অন্ধিত) হইতে থাকিল। এমনি করিয়া ক্রমান্তরে শিশু শরীরেও ভাবে পুষ্ট হইতে লাগিল। তাহা হইলেই যে ভাবগুলি পিতা হইতে প্রাণ পাইয়া মায়ের ভিতর মুর্ত্ত ইয়া জয়িল, পারিপার্শিকের ভিতর হইতে নানা রক্ষের সংঘাতের ভিতর দিয়া শিশু সেইগুলি সার্থক করিতে চলিল। এক-রক্ষ ধরিতে গেলে তাই সার্থক করাই যেন মায়্যের life-এর মেন্ত্রতা—জীবনের ব্রত।

আর, সংঘাতের ভিতর দিয়া নিজেকে সার্থক করিতে ঘাইয়া প্রতিকৃলের সহিত ঘন্দ ও অন্তক্লের আহরণের ভিতরেই মান্নযের মন্তিকে দেগুলি গভীরতর ভাবে অন্ধিত রহিল, মৃত্যুর সময়ে তাহাদেরই ভিতর যেটা গভীরতম তা'তে মৃষ্মান হওয়ায় অন্ত ideaর linkগুলির সহিত (ভাবধারার সহিত) disconnected (বিযুক্ত, বিচ্ছিন্ন) হইয়া পড়িল—আর, তা'র ফলে পারিপার্বিকের সংঘাত আর তা'র ভিতর ক্রিয়া করিতে পারিল না—দে তাহাতেই গত হইল—off হইল। যে ভাব লইয়া সে গত হইল মৃত্যুর পর তাহাই তাহার continuity (ক্রমাগতি)—অভিত্ব ও অবস্থার ধারাবাহিকতা—আর ইহা যেন ইথার সমৃত্রে ঐ ideaর tremor (ভাবের কম্পন) যেমন তেউ তুলিতে পারে এমনতরভাবে রহিয়া গেল। যাহাতে গত হইয়াছিল তাহা কিন্তু তাহার জগৎ হইতেই আহরণ। সে জ্মিবে সেইখানেই কোন মান্তযে ঐ সম-জাতীয় ভাবতরক্তে যে মন্তিক্ষ আলোড়িত হইয়া উপগত হইয়াছে—যেমন Television-এর wireless phototransmission (বৈজ্ঞানিকের দুরদর্শনের তারহীন আলোক-সঞ্চালনবং)।

প্রশ্ন। কেহ-কেহ যে বলেন মৃত্যুর পর মাত্ম্ব ক্রমশঃ উর্দ্ধ জগতে উঠিতে থাকে তাহাকে আর মর্জ্যে আসিতে হয় না—একথা কি সত্য ?

শ্রীপ্রীঠাকুর। না, মূর্ত্ত being (জীব) হইয়া না ফিরিলে সে further proceed করিতে (আর অগ্রসর হইতে) পারে না—কারণ, তাহা idea-র continuity (ভাবের ধারাবাহিকতা)। যতদিন পর্যান্ত আবার সে না জারিবে ততদিন উদ্ধে উঠিতে পারিবে না। স্বপ্রে মাহ্ন্য ঘোড়ায় চড়িয়া বেড়ায়, স্বপ্র ভাঙ্গিলে তবে নৃতন বস্তুর সন্ধান পায়। যতক্ষণ সে স্বপ্র চলে, ঘোড়ায় চড়িয়া বেড়ানর পারিপার্শ্বিক লইয়া যাহা—তাহাই চলিতে থাকে। যতক্ষণ স্বস্তু অবস্থা তাহাকে না ব্যাহ্ত করিতেছে ততক্ষণ আর অক্সরকমের অবস্থায় আসা যায় না,—তাই তাহা ভাঙ্গিলে তবে অগ্রবস্তুর সংঘাতে অবস্থায়র প্রাপ্ত হয় এবং অবস্থায়রে proceed করিতে পারে (অগ্রসর হইতে পারে)।

জানার ক্রমান্তর অনুষায়ীই জ্ঞানের ক্রমোন্নতি হয় এবং পরবর্তীর জানাতেই পূর্ববর্তীর সম্যক্ উপলব্ধি হয়, আর সেই-হিসাবেই মান্তবের জানার জগতেরও বিস্তৃতি লাভ ঘটে। যেমন solid (কঠিন), liquid (তরল), gascous (বায়বীয়), atomic (আণবিক) এবং electronic (ইলেক্ট্রনিক) পদার্থ আছে। Solid-এর (কঠিন বস্তুর) প্রকৃত জ্ঞান তখন জ্বেয়ে যখন liquidকে (তরল পদার্থকে) আমরা জানি। সেইরূপ gaseous (বায়বীয়) জিনিস জানিলেই solid ও liquidকে (কঠিন ও তরল পদার্থকে) প্রকৃত জ্ঞানা যায়।

তেমনি, সৃষ্টি ও জগংকে জানাবও নানাজাতীয় স্তর আছে, নির্কিকর

সমাধি আছে, বৈষ্ণবেরা বলেন 'পরম ধাম', বৌদ্ধেরা বলেন 'নির্ব্বাণ' এইরূপ নানাজাতীয় শুর আছে।

আমাদের পারিপার্শিকের ক্রিয়া এবং প্রতিক্রিয়া দ্বারা আমাদের মন্তিক্ষে psychical (মানসিক) যেমনতর arrangement (বিক্যাস) হয়—সেটা যেমনতর তরক্ষকে ধরিতে পারে তেমনতর being (জীব) physicalised হয় (মূর্ত্ত হয়)। তাই যে জ্ঞানা যত অসাধারণ সে জ্ঞানায় গত হইয়া জ্ঞাও তেমনি কচিৎ কারণ, পারিপাশিকে তজ্জাতীয় ধারণাই বিরস্গ —এই আমার মনে হয়।

প্রশ্ন। 'মৃক্তি' মানে কি ?

শ্রীশ্রীঠাকুর। মৃক্তি মানে annihilation (আত্মার নাশ) নয়কো,—
বৃত্তিভেদ।—আর যা'র বা যা'দেরই যতটুকু এই বৃত্তিভেদ হইয়াছে তিনি
বা তাঁ'রাই ততটুকু পারিপার্শিকের সেবার অধিকারী হ'বেন।—আর,
এই ভেদ-হইয়াছে-এমনতর বৃত্তির সংস্পর্শে পারিপার্শিক যতই অহুরক্ত
হয়,—ততই পারিপার্শিকের বৃত্তিগুলি স্থবিশুন্ত হয়, আত্মপ্রসাদ লাভ করে,
—তাই, তাঁ'দের কাছে আত্মসমর্পণ মাচ্যকে মহীয়ান্, গরীয়ান্, জ্ঞানবান্
ও প্রেমিক করিয়া তোলে! তাই, মৃক্তির তাংপর্যাই এইখানে—অর্থাৎ
পারিপার্শিক আমাদিগকে তাঁ'র মত ক'রে বিশ্লিষ্ট ও বিভক্ত কর্তে
পারে না। প্রত্যেকের হইয়াও তাঁ'র বৈশিষ্ট্য অটুট থাকে, তাই স্ত্তোর
চারিদিকে যেমন মিছরির crystal-গুলি দানা বাঁধে, পারিপার্শিকও
তাঁ'দের চারদিকে অমনতর একটা দানা বাঁধিয়া থাকে—as if সব নিয়ে
যেন একটা ব্যক্তি। তাই, তাঁ'তে মাহুষের কাছে ভগবতার উল্লোধন হয়—
তাঁ'কে ভগবান্ বলে। এইজগ্রই বোধ হয় বৈক্ষবেরা বলেন ভগবান্ই
এক্ষাত্র পুরুষ, তা'-ছাড়া আর-সব প্রকৃতি।

প্রশ্ন। তবে ত' মাহ্নবই ভগবান্! মাহ্নব কি কখনো ভগবান্ হ'তে পারে ?

শ্রীশ্রীঠাকুর। বাহা-বাহা লইয়া ভগবতা তাহাই ভগবান-ত্ব—তা'
যেখানেই থাক্—ক্লপেই থাক্ আর অক্লপেই থাক্,—সে সাকারই হোক্ আর
নিরাকারই হোক্! মিষ্টত্ব যদি চিনিকে নির্দেশ করে,—যাহাই মিষ্টি
তাহাতে চিনি আছে—সে যাই হোক্!

প্রশ্ন। বরাজ সম্বন্ধে আপনার idea কি ?

শ্ৰীশ্ৰীঠাকুর। স্বরাজ বলিতে ইংরাজ-বিধেষ বৃঝি না। স্বরাজ মানে এই বৃঝি—স্থামার নিজের অন্তিম্ব বজায় রাখিতে হইলে যা' যা' করা উচিত তা' যদি করিতে পারি তাহা হইলে সত্য স্বরাক্ষ লাভ হয়। ভিতর এবং বাহির এই উভয় দিকেই যখন 'স্ব'কে প্রতিষ্ঠিত করিতে পারি তথনই প্রকৃত স্বরাজ পাইতে পারি। ইংরাজ যদি তাহাতে শক্র হয়—দে আপনি চলিয়া যাইবে, মিত্র হইলে দে আমাদের সঙ্গে amalgamated (মিশ্রিড, মিলিত) হইয়া পড়িবে।

ধকন, কাহারো শরীরে যদি Tuberculosis-এর (যন্ত্রারোগের) বীজাণু থাকে, ডাক্তারেরা চেষ্টা করেন যাহাতে তাহার স্বাস্থ্য ভাল হয়,—সেজন্ম ভাল থাওয়া দাওয়া, fresh air (মৃক্ত বায়ু) প্রভৃতির ব্যবস্থা করেন। যথন বোগী সারিয়া ওঠে—তথন বলে he is out of danger (সে বিপন্মুক্ত); সেইরূপ, আমাদিগকেও আগে স্বাস্থ্যলাভ করিতে ইইবে,—সেইজন্ম কর্মনাশক্তিকে উদ্বৰ্ধিত কবিতে আর বৃদ্ধিকে উত্তেজিত করিতে—ব্যাক, কার্থানা প্রভৃতির প্রতিষ্ঠা প্রয়োজন।

প্রশ্ন। কিন্তু ইংরাজের স্বার্থে যথন আঘাত লাগিবে তথন ত' সে এই সকল প্রতিষ্ঠান নষ্ট করিবে—বেমন করিয়া তাহারা আমাদের বন্ধশিল্প নষ্ট করিয়াছে ?

শ্রীশ্রীঠাকুর। নট বাহা ইইয়াছে—আমাদের দোবে ইইয়াছে,—দোব যদি
আমাদেব না থাকিত কেই নট করিতে পারিত না।

প্রশ্ন। ইংরাজের গোলাগুলি, কামান বন্দুক, এরোপ্রেন আছে— অনায়াসে তাহারা আমাদের আয়োজন নষ্ট করিতে পারে। আমরা যদি কামান বন্দুক তৈরী করিতে যাই, ইংরাজ বাধা দিবে, উপায় কি ?

শ্রীশ্রীঠাক্র। যা' নাকি জীবজগতের বেঁচে থাকা ও বৃদ্ধি পাওয়ার অন্তরায়—এমনতর কিছু যদি আমরা করি, তবে ত' ভেকে চুরমার ক'রে দেওয়াই উচিত;—কারণ এ-কথা ত' ঠিক আমরা সবাই মরতে নারাজ। তেমনতর মৃত্যুকেই আলিঙ্কন কর্তে পারি যা' নাকি অনস্ক জীবনের পথে নিয়ে যে'তে পারে। আমরা যদি এমনতর কিছু আবিকার কর্তে পারি যা' মামুষের অন্তিম্ব ও উন্নয়নকে আরো অক্ষ্ম ক'রে তোলে তা' ত' সবারই স্বার্থ—সবাই চায়! তা' ভেকে চুরমার কেউ কর্বে না; আর কেউ যদি চুরমার করে তা'র বাঁচা আর বেঁচে থাক্বে না।

শস্ত্র শরীরে ব্যবহার করিলে কামান বন্দুক নিজেরই মৃত্যুর কারণ হয়,— বাহা ধাইলে হজম হয় না তাহা যদি ধাই অথবা মন্ত পালোয়ানের মত যদি লোহা ভাঁজিতে বাই—শরীরের উপকার না হইয়া অপকারই হইবে;—আগে চাই শিক্ষা, স্বাস্থ্য, শ্রমশিল্প এবং সমাজ।

नातीत शरध

স্ষ্টির রহস্ত পুরুষ ও নারী। এতদিন বুঝিতে পারি নাই, জানিতে পারি নাই নর-নারীর মিলনের সার্থকতা কোথায়—তাহাদের পরস্পারের বৈশিষ্ট্য কি, তাহারা কেমন করিয়া চলিবে ? স্প্রের আদি যুগ হইতে পুরুষ ও নারীর সমস্তা लहेशा कछ षम हिनाएट । क्ट विनन-नाती नत्रकत्र चात्र, हाहिन नातीक জীবন-পথ হইতে দূরে সরাইয়া নিজেকে সার্থক করিয়া তুলিতে: আবার কেই वा ছটिन नातीत (मरहत উপভোগে মরণের অতল পাথারে—। আজ আদর্শ-চ্যুত দিক্সান্ত সমান্তকে শ্রীশ্রীঠাকুর বিশেষ করিয়া বলিয়া দিতেছেন—নারীই জন্ম ও জাতির নিয়ন্ত্রী, মানবের মুক্তি-সাধনার পথে নারীই তাহার একমাত্র সহধর্মিণী—অমৃতপথের সহযাত্রী। শ্রীশ্রীঠাকুরের কথিত "নারীর পথে" গ্রন্থানায় নর-নারীর সকল সমস্তা বিস্তৃতভাবে আলোচিত হইয়াছে দেখিতে পাই। গার্হসাত্রমের বৈশিষ্ট্য কিনে, ত্রহ্মচর্য্য কাহাকে বলে, विवाद्यत উत्मण थवः चानर्गः, ममाख-कौवत्न विवाद्यत প্রয়োজনীয়তা, বিবাহে পাত্রের বর্ণ, বংশ, প্রতিষ্ঠা ও বয়স বিচারের আবশুক্তা, অসবর্ণ षश्रामा विवादित উৎक्रष्ठेजा এवः প্রয়োজনীয়তা, বিবাহে পুরুষ ও নারীর স্ব স্ব কর্ত্তব্য, হীনচবিত্র, বিকৃত্যন্তিষ্ক, স্ফীণায় সম্ভান জন্মিবার কারণ, প্রতিভাবান ও দীর্ঘায় সম্ভানলাভের উপায়, বিধবা বিবাহ,—স্বামী, ভর্ত্তা, বর, বধু, স্ত্রী, পত্নী, জায়া—প্রভৃতি কথার তাংপর্যা, স্ত্রীকে সহধৃদ্দিণী বলা হয় কেন. পতিব্ৰতা ও সতীতে পাৰ্থক্য কোথায়,—পারিবারিক বিশুখলা কেন হয়, তাহা নিবারণের উপায় কি-স্ত্রীকে আদর্শে অহুপ্রাণিত করা যায় কি ভাবে,—"ন খ্রী স্বাতম্বার্ম হিতি"—কথার মানে কি. লজ্জা কি-নারী অসতী হয় কেন-পতিত বলিলে কি বঝায়-পতিতা হইলে উদ্ধারের উপায় কি-প্রেম কি, প্রেমের লক্ষণ কি কি-প্রাপ্তি মানে কি—'ভগবৎ-প্রাপ্তিই' বা কাহাকে বলে—সমান্ত্র, সংহিতা, বিবাহ, স্থপ্রজনন প্রভৃতি নর-নারীর মিলন সম্বন্ধীয় যাবতীয় সমস্তার অপূর্ব্ব মীমাংসা এই "নারীর পথে" রহিয়াছে। পাঠকবর্গের অবগতির জন্ম নিয়ে আলোচনা গুলির কিয়দংশ সংক্ষেপে উদ্ধত করা গেল।:--

প্রশ্ন। "ব্রহ্মচর্যা" বলতে কি বুঝায়?

[†] শ্রীপ্রীঠাকুর। মাত্রষ বা জীব বা জীবন যেমন-করিয়া যাহাতে-যাহাতে বৃদ্ধির দিকে—elevation-এর দিকে—অগ্রসব হয়, তেমনতর চলা, তেমন-তর বলা, তেমনতর করা—এক-কথায়,—তেমনতর আচরণের নামই ব্রহ্মচর্য্য। আর, এই চিস্তাপরায়ণ হইলে মন একমুখী হইতে থাকে। অতএক

ন্ধী-চিন্তা বা কামচিন্তা হইতে মন স্বভাবত:ই নিবৃত্ত থাকে,—তাই ব্রদ্ধান্ত্রের secondary effect (গৌণফল) শুক্রধারণ।—আর এই ব্রদ্ধার্থ্য হইতেই আমাদের জ্ঞান, বল ও বীর্যালাভ হইয়া থাকে,—তাই, 'ব্রদ্ধান্ত্রিক্তিয়াং বীর্যালাভ:।' বীর্যালাভ—বল বা শক্তিলাভ, শুধু শুক্রধারণই এর মুখ্য অর্থ নয়কো। শুক্রবোধ করিয়া স্কীর্ণমনা হইলে ব্রদ্ধানারী হওয়া যায় না—আর তাহাতে বল-লাভও হয় না। ব্রদ্ধার্য মানে 'ব্রদ্ধা চরণ করা' আর ব্রদ্ধা কথাটা আসিয়াছে বুংহ-ধাতু (বৃদ্ধি পাওয়া) হইতে।

প্রশ্ন। বিবাহিত জীবনে occasional (মাঝে মাঝে) স্ত্রী-গ্রহণ সম্বেও ব্রহ্মচর্য্য রক্ষা সম্ভব কি ?

শীশীঠাকুর। স্ত্রীর প্রতি ধদি মন নিয়ত কামাসক্ত না থাকে এবং সে (স্ত্রী) ধদি পুরুষের ব্রন্ধচর্য্যের সহধশিশী হয়, তবে ব্রন্ধচর্য্য প্রতিষ্ঠাই হয়। আর স্ত্রী-সহবাস হইতে কেহ ধদি বিমুখ থাকে আর সে ধদি উচ্চচিন্তাপরায়ণ, উচ্চকর্মনিরত না হয়, তবে তা'ব পরিণতি subman হওয়া—মহয়ত্বহীন ক্লীব হওয়া। অতএব, উচ্চচিন্তা বা ব্রন্ধচিন্তা বা ব্রন্ধচর্য্যপরায়ণতার বিক্ষেপ না আনে এমনতর স্থীসহবাসে বীর্যাহানি হয় না অর্থাৎ বলের হানি হয় না।

প্রশ্ন। তবে ভগবান্ রামকৃঞ্চেব যে ব'লেছেন—'কামিনী-কাঞ্চন থেকে তফাৎ—তফাৎ' তা'র মানে কি ?

শ্রীশ্রীঠাকুর। কামিনী ষেথানে কামেরই কেন্দ্র হয়, মান্ন্র সেথানে মৃঢ় হইয়া উঠে; উন্নতিতে সার্থক হওয়ার — বৃদ্ধি পাওয়ার আকৃতি লাঞ্চিত হইয়া অবসর হইয়া দাঁড়ায়;—ফলে, অজ্ঞানতায় তা'র জ্বগৎ সন্ধীর্ণ হইয়া ওঠে,— অবশেষে মৃত্যুতে তা'ব শেষ নিঃশাস বিলীন হইয়া যায়, তাই গীতায় আছে—

'সন্ধাং সঞ্চায়তে কাম: কামাৎ ক্রোধহভিজায়তে ক্রোধাৎ ভবতি সম্মোহ: সম্মোহাৎ স্বতিবিভ্রম: স্বতিভ্রংশাৎ বৃদ্ধিনাশো বৃদ্ধিনাশাৎ প্রণশুতি ॥'

তাই, যে বৃদ্ধি স্ত্রীতে কামলোলুপ করিয়া তোলে, তাহা হইতে দুরে সরিয়া যাইবার জ্বন্থই তাঁ'র (ভগবান্ রামক্বন্ধদেবের) ঐ সাবধান বাণী—আমার এই মনে হয়।

আর, অর্থ বেধানে ভ্রাস্ত স্বার্থ অর্থাৎ পারিপার্শ্বিককে বঞ্চিত করিয়া নিজেকে সেবামৃঢ় অথচ প্রতিপত্তি-প্রয়াসী করিয়া তোলে, সেই অর্থ হইতে দুরে থাকিবার জন্ম ঐ সাবধান বাণী।

थम। नाती कि? नातीत नातीष कि-पिया?

শ্রীশ্রীঠাকুর। নারী দে-ই বা তা-ই যাহা ধারণ করে ও বৃদ্ধি পাওয়ায়। এই ধারণ ও পুষ্ট করানোতেই নারীর নারীত।

প্রশ। তা'র মানে ?

শ্রীশ্রীঠাকুর। প্রকৃতিতে দেখ্তে পাই, এমনতর কোনো বীজ নাই যাহা আশ্রম না পাইয়া without nourishment, without nutrition evolve করিয়াছে (অর্থাং পুষ্টির অভাবে বিবর্ত্তিত হইয়াছে)। আর আমরা আশ্রম বা ধারণ, nutrition এবং nourishment দেওয়ার tendency (প্রকৃতি) কেবল নারীতেই মুখর হইয়া উঠিয়াছে দেখিতে পাই; তাই, নারীকে মাটার সহিত তুলনা করা হইয়াছে, কারণ, মাটার বিশেষ বৈশিষ্ট্রই ধারণ করা, পোষণ দেওয়া এবং ফুটাইয়া তোলা। তাই, যাহা অর্থাৎ যে সন্তার বৈশিষ্ট্য ঐ ধারণ করিয়া বৃদ্ধি করানো, তাহাকে নারী বলিলে বোধ হয় ভুল হইবে না। আর শুনিয়াছি, নারী কথাটাও নিশায় হইয়াছে নারি-ধাতু (বৃদ্ধি পাওয়ানো) হইতে।

প্রশ্ন। পুরুষ কথার মানে কি ? পুরুষের পুরুষত্বই বা কি ?

প্রীপ্রীঠাকুর। পুরুষ ব'লতে এক-কথায় তা'কেই ব্ঝায় যে বা যা' নাকি পূরণ-স্বভাব-সম্পন্ন—স্বর্ধাৎ সে-ই বা তা-ই পুরুষ যাহা পরের স্বভাব পূরণ করে। অপরকে fulfil করা—সার্থক করা, successful করা, elevate উন্নত ও ক্বতার্থ করা-ই পুরুষের পুরুষত্ব।

প্রশ্ন। নারী ও পুরুষের পার্থক্য তা'-হ'লে-

শীশীঠাকুর। একটা বৃদ্ধি পাওয়ায়, অপরটা বৃদ্ধি পায়; একটা যেন মাটা আর একটা বীন্ধ,—একটা negative prominent আর একটা positive prominent. পুরুষ তাই তা'র opposite equal-এর কাছে —বিপরীত অথচ সমজাতীয়ের কাছে—পুরুষ এবং নারীও তা'র opposite equal-এর কাছে নারী। তা'-হ'লে যে opposite sex-এর (নারীর) সংসর্গে পুরুষের পুরুষত্ব বা fulfil করার ক্ষমতা বৃদ্ধি পায়, নারী সার্থক সেখানে।

প্রশ্ন। নারী ও পুরুষের পরস্পরের একটা স্বাভাবিক আকর্ষণ আছে। এর কারণ কি ? উভয়ের প্রতি উভয়ের কি-যেন চাওয়া! এ চাওয়ার ফলে ড' দেখ্তে পাই মাহ্য বিধ্বস্ত। ইহার সার্থকতা কোথায় ?

শীশীঠাকুর। পুরুষ চায় নারীতে বিশ্রাম ক'রতে—নারী চায় পুরুষকে স্বস্থ কর্তে, স্বস্থ কর্তে, বৃদ্ধি পাওয়াতে।—স্মার যেখানে নারী তা'র এই স্মাদিম স্বভাবকে ব্যাহত ক'রেছে, সেখানেই সে তা'র ব্যর্থতার স্মাদিমবিধক, বিব্রত, বিক্বত হ'রেছে—স্মার নারীয় নারীয় এতেই সার্থক হয়,

ষ্মার তা'ব পোষণ, তা'র বৃদ্ধি, তা'র চিস্কায় পুরুষকে এমনতর ভাবে nourished (পুষ্ট) ক'রেই, বা এমনতর ভাবে উদ্দাম ক'রেই তা'র নারীছের সার্থকতা।— আর পুরুষ নারীর কাছে এমন পে'য়ে ছ্নিয়াটাকে এমন-ক'রে সেবা ক'রে জ্বের মুকুট মাথায় নিয়ে তা'র নারীর সম্মুখীন হ'য়ে তা'র দারী করে করে করে তাভাবে; কারণ, নারী চায় পুরুষকে প্রাণের মুকুট মাথায় পরিয়ে দে'খ্তে—এতেই নারীর বৃদ্ধি বা পুষ্ট।

প্রশ্ন। পুরুষ ও নারী যদি সমান বা এক-ধন্মী না-ই হয়, তবে পুরুষ ও নারীর অধিকার কথনো সমান হইতে পারে কি গ

শীশীঠাকুর। পুরুষ ও নারীর অধিকার তা'দের এইরূপ স্বভাব হ'তেই পরমপিতা নির্দ্ধারিত ক'রে দিয়েছেন। যেমন ধক্রন, ছেলে ত্ধ থে'য়ে খুসী আর মা মাই মুখে ঠেলে দিয়ে খাইয়েই খুসী,—তাকিয়ে তাকিয়ে দেখে খুব খা'চ্ছে—খুব পৃষ্টি হ'চ্ছে—আর তা'তেই তা'র তৃপ্তি;—আর এই তৃপ্তিম্পর্শে মুম্বা সম্ভান তা'র জগতের চারিদিকে যা'-কিছু স্থন্দর দেখে, কুড়িয়ে এনে মায়ের কাছে হাজির করে;—আর মায়ের মুখের দিকে উদ্গ্রীব নেত্রে ক্লিকের জন্ম স্থির হ'য়ে তাকায় শুন্তে—মা কি বলে—কেমন বাহবা দেয়;—আর মা'র একটু নয়ন-ভঙ্গীর বাহবাতেই ছেলে হেসে নেচে কুদে পাগল হ'য়ে আবার বেকল কুড়ুতে—আর কি স্থন্দর আছে, কিসে মা বল্বে—আহা কি ধন্মি ছেলে!

প্রশ্ন। এই যদি নারীর বৈশিষ্ট্য হয়—তবে নারীর স্বাধীনতা বা নারীর মুক্তি বলতে কি বুঝব ?

শ্রীশ্রীঠাকুর। নারীর স্বাধীনতা তা'র বৈশিষ্টো—অর্থাৎ, তা'র এই বৈশিষ্টা যেখানে আলুলায়িত হ'য়ে উঠে, মুখর হ'য়ে উঠে—প্রেরণা পরিপুষ্ট হ'য়ে উঠে;—আর তা'র মৃক্তি ইহারই সার্থকতায়।

প্রশ্ন। নারী পুরুষকে, আর পুরুষ নারীকে ঠিক-ঠিক চিন্তে পারে কি ?

শ্রীশ্রীঠাকুর। স্বভাবতঃ।—কারণ, একজনের চাওয়া স্বতঃই আর-একজনে সার্থক হয়—এ' কথা আরো ব'লেছি। নারী, স্ত্রী ও পুরুষ উভয়কেই প্রস্ব করে।

প্রশ্ন। নারী ও পুরুবেব normal relation কি—এই সম্বন্ধের পরিণতি কোথায় ?

শ্রীশ্রীঠাকুর। নরের বৃত্তিগুলি যে-নারীতে পরিপোষিত, পরিবদ্ধিত হয়
অর্থাৎ যে-নারী থে-নরের বৃত্তিগুলি লইয়া সম্ভুট, পুষ্ট ও সম্বর্ধনে যত্নবজী,
সেই নর-নারীর মিলনই শুভ।—আর নারী সেই পুরুষকে তেমনতর ভাবে

সম্বৰ্দ্ধিত করিয়া তাহার বংশ বিস্তার করে—তাহাতেই তাহার পরিণতি। তাই, নারীর অস্তর্নিহিত ঝোঁক মাতৃত্বে (পরিমিতত্বে—figurisation-এ বা মূর্ত্ত করাতে),—বৃদ্ধি পাওয়ানোর দিকে;—তা'র প্রকৃতিই তাই।

প্রশ্ন। প্রজননই স্বামী-স্ত্রীর মিলনের একমাত্র প্রয়োজন ? না নর-নারীর এই মিলনের আর-কোনো উদ্দেশ্ত আছে ?

শীশ্রীঠাকুর। হাঁ—আছে। যথন নারী পুরুষের স্ত্রী হয়, তথন সে চায় তা'র পুরুষকে তাই দেখ তে—সে চায় তা'র পুরুষকে তাই কর্তে যা'তে তা'র পুরুষ সর্বতোভাবে বৃদ্ধিশীল হয় বা থাকে,—আর তা'র পুরুষের বৃদ্ধিশীলতার ওপরেই সর্বতোভাবে নির্ভর করে নারীর উৎকর্ষ।

প্রশ্ন। কেমন १

শীশীঠাকুর। মাটী তা'র প্রাপ্ত বীক্ষকে পুষ্ট কর্তে গিয়ে ষেমন গাছ বা তা'র ফলের refuseগুলি (আবর্জ্জনাগুলি) absorb ক'রে নিজের capacity of nourishment-কে (বর্দ্ধিত কর্বার শক্তিকে) excite ক'রে তোলে,—তা'র ফলে বীক্ষকে এমনতর nourishment—এমনতর পুষ্টি দেয় যা'তে নাকি স্বস্থ, স্থান্ধ, বর্দ্ধনক্ষম গাছের চারা জ্বান,—আর মাটীর প্রাকৃতিই এই;—তাই তেমনি, জীব-জগতে নারী।

প্রশ্ন। স্বামীর প্রতি স্ত্রীর প্র প্রতি স্বামীর attachment (স্বাসক্তি), নারী-পুরুষের পরস্পর এই স্বাসক্তির ভিতর কোন পার্থক্য স্বাছে কি ?

শ্রীপ্রীঠাকুর। স্ত্রীর attachment (আদক্তি) স্বামীতে concentrated (কেন্দ্রীভূত),—তাই, দে তা'র স্বামীর শুশ্রধায় দর্বতোভাবে স্বামীর ভিতরে উদ্দীপিত হইয়া জগংকে উপভোগ করিতে চায়। পুরুষ আদর্শে অমুপ্রাণিত থাকিয়া স্থ্রীতে nourished (পুষ্ট) হইয়া তাহার জগংকে স্ত্রীর নিকট উপঢৌকন দিতে চায়। আর ইহাতে উভয়ে উভয়ের নিকট বেমনতর হয় তেমনি হয়,—তাই তা'দের সম্বন্ধ গুরুশিশ্য-তুল্য।

প্রশ্ন। এই যদি স্বামী-স্ত্রীর সম্বন্ধ হয়, তবে ড' জীর চলা, বলা, করা ইত্যাদি যা-কিছু স্বামীকে লক্ষ্য করিয়াই—স্বামীর প্রয়োজনেই হইবে ?

শ্রীশ্রীঠাকুর। মনোবৃত্তান্থ্যারিণী যদি হয় তবে অপর male-এর (পুরুষের) সঙ্গে মেলামেশার প্রবৃত্তিই থাকে না—স্বামীর প্রয়োজনে ছাড়া। অন্ত পুরুষের সক্ষ আপনা-আপনি বন্ধ হ'য়ে যাবে। যদি দেখা যায় অন্ত পুরুষের সংসর্গে যেতে ভাল লাগে—sexually (কামভাবে) না হইলেও—অথচ স্বামীর প্রয়োজনে নয়, সেটা হ'ছে চরিত্রগত লক্ষণ যে সে তার স্বামীর সর্ক্রবৃত্তান্থ্যারিণী নয়।

পুক্ষেরও তাই—ছ্নিয়াটা ঘোরে কিন্তু আদর্শের প্রয়োজন ও উদ্দেশ্ত নিয়ে,—আর তা'হ'লেই হয় কি, ঝগড়া কচকচি মারামারি লুফালুফি সব চুকে গেল।

প্রশ্ন। স্বামীর আদর্শের সঙ্গে জীর কি-রকম সমন্ধ থাকবে ?

শীশীঠাকুর। আদর্শের সঙ্গে স্বামীর ষেরপ সম্বন্ধ তা'র স্ত্রীরও তাই, তবে তা'র বৈশিষ্ট্যে বা-কিছু প্রভেদ। অর্থাৎ স্বামীর আসজি যেমন হইবে আদর্শের ইচ্ছা বা বৃত্তিগুলি সার্থক করার—তা'র জীবন দিয়ে, তেমনি স্ত্রীর ঝোঁক থাক্বে always স্বামীর complement বা পরিপূরক হওয়া;—তা'র মানেই আদর্শে উভয়ে মিলিয়া সার্থক হওয়া—তাঁ'র ইচ্ছাকে fulfil করিয়া; 'তোমারই ইচ্ছা হউক পূর্ণ মোদের জীবন-মাঝে'— এমনতর।

প্রশ্ন। আদর্শ হইতে স্বামী যদি বিচ্যত হয়, তবে কি হইবে ?

শ্রীশ্রীঠাকুর। 'পতিত' মানেই আদর্শ হইতে বিচ্যুত হওয়া, আর বিবাহে cement-ই আদর্শ। আর্যুদের বিবাহের মন্ত্রেই আছে—'বৃহস্পতি তোমাকে আমাতে যুক্ত করিয়া দিউন। আর এই বৃহস্পতিই হ'চ্ছেন ভগবান, গুরু বা আদর্শ।

এই সিমেণ্ট যদি কোনপ্রকারে ধ্বংস হইয়া যায় তা'দের অস্তর হইতে, তবে ত্ইটা আলাদা জিনিস স্থভাবতঃই যে আলাদা ইইয়া যাইবে—তা'র আর কথা কি ? যে-স্থলে স্বামীর আদর্শ-বিচ্যুতি ঘটিয়াছে সেখানে স্ত্রীর—আদর্শে যুক্ত থাকিয়া স্বামীর উন্নয়নের সংস্থান করা-ই শ্রেয়:। তা'-ও যদি না হয় তবে স্ত্রীর আদর্শ-মুখর হওয়াই তা'র ধর্মকে অর্থাৎ being and becoming-কে (বেঁচে থাকা ও বৃদ্ধি পাওয়াকে) স্বন্থ বাখিতে পারে।

প্রশ্ন। পত্নীর যদি স্বামীর আদর্শ হইতে বিচ্যুতি ঘটে ?

শীশীঠাকুর। তা'-হ'লে ত' সাধারণত:ই স্বামীর স্থীর প্রতি টান থাকেই না। সে-স্থলে তা'-হ'তে যতদ্র সম্ভব—অন্তত: আদর্শ-বিষয়ে তফাং থাকা-ই উচিত। আর, যদি সে আদর্শের বৃত্তিগুলি তা'র জীবনে fulfil (সার্থক) করার বাধা জন্মায়, তবে সে-স্থলে তা'-হ'তে দ্রে সরিয়া থাকা-ই সমীচীন—সে-বিষয়ে কোন-প্রকার complementary (পরিপ্রক) সাহায়ের আশা করাই উচিত নয়। ইহাতে হয়ত difference (অমিল) আরও বাড়িয়া যাইরে, কিন্তু ইহার extreme limit-এ (চরম সীমায়) যাইয়া স্থফলও ফলিতে পারে—যদিও শাস্ত্রে এমন স্থলে সর্বতোভাবে ত্যাগেরই উপদেশ দেওয়া আছে। আর এটা সত্যই,—কারণ, তাহা হইলে স্ত্রীর সহধ্দিণীত্ব-ই

সেন্থলে ঘূচিয়া যায়;—সে আর তা'র নারীও থাকে না, ভার্যাও থাকে না, পত্নীও থাকে না—শুধ কামকুধা-পরিভৃত্তির যন্ত্রমাত্র।

প্রশ্ন। মেয়েদের বিয়ে হ'লে পর শশুরগৃহে গিয়া কি করা উচিত ?— কি attitude-এ (ভাবে) থাকা উচিত ?

শ্রীশ্রীঠাকুর। যে-মেয়ের সর্বতোভাবে স্বামীর উন্ধর্মনই লক্ষ্য,—স্বামীকে চায় না যে তা'র ভোগের ক্রীড়নক করতে,—স্বামীকে তা'র আদর্শে পরিপুরিত করে' তোলা-ই যা'র জীবনের দার্থকতা, তা'র প্রথম এবং প্রধান কর্ত্তবাই—শশুর, শাশুড়ী কিংবা তংস্থানীয় যাহারা—ভাস্কর ননদ ষা'বা নাকি তা'ব স্বামীর পোষণীয় পারিপাশ্বিক, সর্বতোভাবে তাহাদের দেবা করা—যা'তে তা'রা হাই হয়, পুষ্ট হয়। সে সংসারে নিজের সেবাদারা সম্রাজ্ঞীর মত হ'য়ে দাড়ায়। খণ্ডর শাণ্ডড়ীর সেবা মানেই হ'ল—তা'র স্বামীর basis of existence-এর (জীবনের ভিত্তির) সেবা। আর যে-ন্ত্ৰী তা'-হ'তে বিমুখ, খুব দেখা যায় তা'রা কখনও শত ভালবাসার ধাঁজে দাঁড়িয়েও স্বামীকে পুষ্ট, তুষ্ট ও উদ্বন্ধিত করিতে পারে না।— তাই, তা'র কাছে স্বামীর প্রতিষ্ঠাও এক-কথায় আকাশ-কুন্তম। এ কথা ঠিক জানবেন—স্বামীর শুভামধ্যায়ী কোন স্থী তা'র বশুর শাশুড়ীর সেবাবিমুধ হ'তেই পারে না—আর তা' জ্ঞাতসারেই হোক্ আর অজ্ঞাত-সারেই হোক্। এই সেবা মানে কিন্তু আদর্শকে sacrifice করা (বলি (मुख्या) न्य, वदः environment इट्टेंट (हादियां इट्टेंट) आपर्ट्य interest-এর (স্বার্থের) পরিপুরণ।

প্রশ্ন। আছো, তা' ত' বুঝ্লাম। তা-হ'লে বাপ-মায়ের সেবা-শুশ্রষায় যদি স্বামীর অমত থাকে তবেও কি স্তীর তা'দের সেবা করা উচিত ?

শীশীঠাকুর। নিশ্বরই। পিতামাতা original (আদিম) আদর্শ। তা'-হ'তেই তা'র যা'-কিছু উদ্ধান বা পৃষ্টি,—তা'র আরম্ভ—এমন-কি prenatally imparted (জন্মের পূর্ব হইতে সঞ্চারিত)। তাই, পিতামাতা প্রত্যেক মাহ্যেরই অব্যর্থ মন্ধলকামী—অবশ্র এতি আহরজি না থাকে, তবে বৃষিতে হইবে সে তাহা-হইতে—যে কোনো-প্রকারে হউক—বিচ্যুত বা পতিত হইয়াছে; আর এ পতনের অহুসরণ করিয়া স্বামীকে আরো পতিত করা নারীর বৈশিষ্ট্যের ঘোর অবমাননা ছাড়া আর কি? তাই, স্বামীর অহুমতি বা ইচ্ছা ছাড়াও, যাহা করিলে স্বামীর উন্নতি অবাধ হইবে, অপ্লাত করিবে না—মুখ্যতঃ বা গৌণতঃ, তাহা স্ত্রীর অবশ্র করণীয়;—

আর ইহা না করিলে দে-স্ত্রী—যত ভালই হউক্—স্বামীর উন্নতিকে উবেগ-সঙ্কুন ও অবসন্ন করিবে সন্দেহ নাই। তাই, স্বামীর পিতামাতা ভাই-ভগিনী ইত্যাদির সেবা-শুশ্রষা করিয়া স্বামীর জ্বস্তু যতদ্র করা সম্ভব তাই করা বরং উচিত।

আবো, পিতামাতা ভাই-ভগিনী ইত্যাদির দেবা করা পুরুষেরই কর্ত্তব্য। তাই, ইহা করিলে এই কর্ত্তব্য বা সেবা উল্লন্ডন করার অপরাধ হুইতে স্বামীকে নিদ্ধৃতি দেওয়াই হুইবে।

আবো কথা, সে যদি তা'র শশুর-শাশুড়ীতে সেবাপরায়ণা না হয়, তা'রা (স্বামী-স্ত্রী) যা'র শশুর শাশুড়ী তা-হ'তেও তাহারা সেবা ও শুশ্রুষা পাওয়ায় প্রায়শঃ বঞ্চিত হইবে—ইহাই স্বাভাবিক। ইহাতে পারিবারিক বন্ধন বিচ্ছিন্ন হইবে, ভ্রাম্ভ স্বার্থ আসিয়া পরিবারের প্রত্যেককে অধিকার করিয়া বসিবে,—হর্দশা দাউ-দাউ করিয়া জনিয়া উঠিবে—হ্রনিশ্য়! অবশু এ সবই করিতে হইবে স্বামীতে সম্যক্ থাকিয়া—তাহারই জ্বা। স্থকৌশলে এবং যথাযথ ভাবে সেবায় সংসারে সম্রাঞ্জী হওয়াই স্ত্রীর কাম্য ও আদশ।

প্রশ্ন। অনেক-সময়ে বড় লোকের অযোগ্য ও অপোগণ্ড ছেলে জন্মায় অথচ অনেক নিরুষ্ট লোকেরই হয়ত এক genius (প্রতিভাবান্) ছেলে জনাইতেও দেখা যায়। এরপ কি-ক'রে হয় ?

প্রীপ্রীঠাকুর। পুরুষ যত বড়ই হোক্—স্ত্রী যদি তাহাকে কুৎসিং ব্যবহার ভাব ভাষা দিয়া রঞ্জিত করে, তা'র সম্ভান তেমনতরই হইবে। তাই, হয়ত মহাবীরের সম্ভান এক মহাভীক জন্মগ্রহণ করে। মহাজ্ঞানীর সম্ভান একটা মৃঢ় অপোগণ্ড জ্বনায়।

তেমনি, নিক্ট পুৰুষের স্ত্রী যদি এমনতর হয় যা'র সাহচয্যে সে soothed, nourished and enlightened হয় অর্থাৎ বিনোদিভ, পুই, ও উদ্থাসিভ হয়, তবে সে স্ত্রীর ভাগ্যে কুংসিং পুরুষ হইতেও স্থসস্তান লাভ ঘটিয়া থাকে।

প্রশ্ন। তবে কি এই জন্মই সর্বত্ত শাস্ত্রে পোই নারী সালকারা স্পরিচ্ছন-পরিহিতা স্গন্ধামূলেপিতা থাকিবে।

শীশীঠাকুর। পুরুষের নারীর প্রতি, নারীর পুরুষের প্রতি আসন্তিল স্বাভাবিক। যেখানে মানুষের স্বাভাবিক ঝোঁক থাকে, দেটা যদি তৃপ্তিপ্রদ, উৎসাহপ্রদ ও উন্নতিপ্রদ হয়,—তা'-হ'লে যে আসক্ত সে তা'-হ'তে এমনতর প্রেরণা পায় যা'তে নাকি অবসাদ তা'কে আগ্লে ধর্তে পারে না, আর active ও energetic হ'য়ে উঠে—কর্ম ও চিস্তাপ্রবণতা উৎকর্ষে অমুধাবিত হয়; তাই বোধ হয় শাম্রের এমনতর ব্যবস্থা। আর, এইরকম নৈসর্গিক টান আছে ব'লেই পুরুষের স্বাভাবিক ভাব হওয়া উচিত— তা'র আদর্শে গভীরভাবে অহুরক্ত হ'য়ে থাকা; আর, নারী যদি তা'র হাবভাব, চালচলন, কথাবার্ত্তা ইত্যাদির দ্বারা তা'কে আরও উদ্দীপিত ক'রে তোলে—তা'হ'লে তা'র হয়ত ঐ অহুরক্তি অধিকতর কর্মপ্রবন হ'তে পারে,—এমন-কি তা'র being-কেও অর্থাৎ অন্তর্নিহিত সন্তাকেও হয়ত অমনতরভাবে উন্মুখ ক'রে দিতে পারে।

প্রশ্ন। অপ্রজননের দায়িত্ব কার ?-পুরুষের, না নারীর ?

শ্রীশ্রীঠাকুর। নারীর। নারী তা'র সাহচর্য্যে পুরুষকে যেমনতরভাবে উদ্বর্জন করে পুরুষের সেই মনই স্থীতে গমন করে এবং সস্তানরূপে মৃর্দ্ত হয় — তাই স্ত্রীকে জায়া বলে।

প্রশ্ন। অনেক সময়ে দেখা যায় বড় বড genius-দের (প্রতিভাবান লোকদের) সস্তান হয় না বা কুসন্তান হয়,—ইহার কারণ কি ? বংশহানি কি কি কারণে ঘটে ?

শ্রীশ্রীঠাকুর। বড়লোক কখনও-কখনও এমন over-enlightened হয়— এত অত্যুদ্তাদিত হয়,—এত above (উচ্চ) হয় যে স্থ্রী তা'কে reach কর্তে পারে না—তা'র নাগাল পায় না বা হাবভাব দারা তা'কে রঞ্জিত করতে পারে না। এমন স্থলে প্রায়ই অল্প সন্থান বা নিঃসন্তান হয়।

আবার, স্ত্রীর এমনতর subnormal পুরুষও হইতে পারে যে স্ত্রীর impulse তা'কে তুল্তে পারে না। Normal deficiency (নৈস্গিক পদ্তা) যা' নাকি তা'র স্ত্রীর পক্ষে unhandle-able—যেমন ক্লীবজ,—সেধানেও সস্তান হয় না। অবশু, স্ত্রীর দোষেও বংশহানি ঘটতে পারে; যেমন ধক্ষন, স্ত্রী যদি তা'র স্বামীর প্রতি ক্রমাগত কদর্য্য বাবহারদারা স্বামীর মনে এমন অভিঘাত জন্মায় যা'র দক্ষণ সে সহজ্ঞ পুরুষ থাকা স্ত্রেও ক্লীব্রের অধিকারী হয়। এ-ছাড়া শারীরিক পদ্ত্তাও কারণ।

* কণার কণার শ্রীশ্রীঠাক্র একদিন বলিতেছিলেন—"যদি কোণাও unsolicited পুরুষ নারীর কাছে যার এবং উপপত হয়, তবে বুঝ্তে হ'বে সেঝানে being and becoming ক্র হ'রেছে,—মরণ-ধর্ম রাজ্যর কর্ছে। যদি কোণা'ও এই সঙ্গনের ফলে সন্তানের জন্ম হয় তবে সে সন্তান মৃচ্ ও nervous না হ'রেই পারে না। কিন্তু নারী যদি ভতির ভিতর দিরে তা'র পুক্ষকে তা'তে আনত কর্তে পারে, সেখানে যে সন্তানের জন্ম হয় সে ভাল না হ'য়েই পারে না। সন্তানের মাতার স্তাতি ও admiration-এর দরণ তা'র পিতার যে particular ভাগ তা'র মাতার গর্ভে ফ্রে সন্তানরপ ধারণ ক'রেছে, সে-সন্তানের ভিতর দিরে ঐ particular ভাব আরও developed হ'বে। ব্রীর ইচ্ছার উপরেই নির্ভর কর্ছে ভাল ছেলে মন্দ ছেলে জন্ম হওরার secret (রহন্ত)।



জ্যেষ্ঠা কন্সা শ্রীমতা সাধনা দেনী, বি-এ



ভাতৃপুত্রী ভগিনী শ্রীমতী গুরুপ্রসাদী দেবী ভাতৃপুত্রী

প্রশ্ন। ব্যবহারের দারা ক্লীবন্ধ হ'বে কেমন-ক'রে ? ক্লীবন্ধ না একটা physical disease (শারীরিক ব্যাধি) ?

শ্রীপ্রীঠাকুর। যে-স্ত্রী স্বামীর দোষদর্শিনী, যা'র কাছে স্বামী বিদ্বেষভাজন, স্বামীকে ঘণা করে, তাচ্ছীল্য করে, হীন ভাবে, নানা অন্থ্যাগ করে, নিজের হরদৃষ্ট ভাবিয়া অন্থতাপ ও আপ্শোষ করে;—এমনতর স্ত্রী লইয়া যে পুরুষ বাস করিতে বাধা হয়, তা'র স্বায়বিক দৌর্বল্য, অজীর্ন, স্বৃতিহীনতা, দৃষ্টিশক্তির থব্বতা, শ্রবণশক্তিরাহিতা, সম্পূর্ণ বা আংশিক রতিশক্তিহীনতা প্রায়শংই অল্পবিশুর হইতে দেখাই যায়। তাই, শাম্মে অমনতর স্থীর সহিত মিলিত হইতে বিশেষভাবে নিষেধ করা আছে এবং এই মিলনে অল্লায়, হুর্ভাগ্য, জড়মন্তিক, থিট্থিটে, অহংবিকাবগ্রস্ত ইত্যাদি রকমেব সন্তানের স্বষ্টি হয়।—তাই এই মিলনকে সামাজিক পাপও বলা যাইতে পারে।

প্রশ্ন। নারীর একবাব কোন-রক্ষে অনিচ্ছাক্ত পদখালন চইলেও তাহাকে বর্জন করার জন্ম সমস্ত সমাজ যেন বন্ধপরিকর হ'য়ে ওঠে— তা'র ফলে, সেই নারীর সর্বনাশের পথই ত' মৃক্ত হণ! এইরপ নারীর সংক্ষে কি ব্যবস্থা কর্লে ঠিক হয় ?

শ্রীশ্রীঠাকুর। অনিচ্ছাক্ষত পদস্থালনও ষেথানে,—ব্রিতে হইবে সেথানে আয়ুসংরক্ষণের sufficient intelligence-এর (ষপেষ্ট ধীশক্তির) অভাব। এমনতর স্থলে তাহাকে বর্জন না করিয়া, আশ্রুয় দিয়া—যাহাতে সেনিজেকে রক্ষা করিবার বা অক্তকে রক্ষা করার উপযুক্ত সামর্থ্য লাভ করে তাহার ব্যবস্থা করাই উচিত। শাস্ত্রে প্রায়শ্চিত্তের বিধি দিয়া গ্রহণের উপদেশ করা আছে। কিন্তু যা'বা মোটেই পদস্থালন করে না, তা'দের চেয়ে lessly esteemed (কম আদরণীয়) হওয়া স্বাভাবিক। 'প্রায়শ্চিত্ত' মানে বোঝেন ত' প্রায়শ্চিত্ত বলিতে আমি ব্রি—অক্ততপ্ত হইয়া কেমন ক'রে ইহা হইল চিন্তাঘারা তাহা ধার্য্য করিয়া তাহার নিরাকরণ প্রতিষ্ঠা।

প্রশ্ন। ঠিক ব্ঝিতে পারিলাম না; প্রায়শ্চিত্ত বলিতে প্রায়শঃ কতকগুলি বাহ্মিক অফুষ্ঠানই ড' দেখা যায়। ইহার প্রকৃত উদ্দেশ্য কি ?

শীশীঠাকুর। 'পাপ' মানে যে আচরণ বা চিন্তায় মন ও শরীরকে অবসন্ন বা কর করিয়া জীবন ও বৃদ্ধিকে থিন্ন করে। আর, এই পাপের উদ্ভব অজ্ঞানা হইতে,—কারণ কেহই জীবন ও বৃদ্ধি হইতে বঞ্চিত হইতে চায় না—ইহাই প্রকৃতি। তা'হ'লেই প্রায়শিত সে অজ্ঞানকে দূর করিয়া শরীর ও মনের শুশ্রয়া করিয়া মাহুষকে হস্থ করিয়া তোলে—তাই প্রায়শ্চিতের বিধি।

প্রায়শ্চিত্ত মানে চিত্তে গমন করা অর্থাৎ কেমন করিয়া সে দোষ চিত্তে চুকিয়াছে, চিন্তা করিয়া বাহির করিয়া তাহা নিরাকরণ করা। তাই বিধি আছে—প্রায়শ্চিত্ত করিতে হইলে মন্ত্রজ্ঞপ ও অফ্তাপ, আহারের সংশোধন—বেমন চান্দ্রায়ণ (ক্রমে ক্মাইয়া ক্রমে বৃদ্ধি) ইত্যাদি, ঔষধ-প্রয়োগ—বেমন বিঅম্ল, শম্পুস্পী, ব্রাহ্মী, কুশজন, গোমৃত্র, পঞ্চামৃতপান ইত্যাদি।

আর এই প্রায়শ্চিত্ত বাহাতে সম্যক্তাবে মন্তিক্ষে আশ্রয় লাভ করে তাহার জন্ম বাহ্নিক ব্যবস্থা। আমরা যদি কোন-প্রকার ইচ্ছা করি, আর তাহা যদি পারিপাশিক হইতে সঞ্চারিত না হয়—তবে সে ইচ্ছা আমাদের চরিত্র ও কর্মকে নিয়ন্ত্রিত করিতে পারে না।—তাই বোধ হয প্রায়শ্চিত্তে—অন্ততঃ অনেকের জন্ত-বাহ্নিক আচার অনুষ্ঠানের বিধিব্যবস্থা আছে।

কথাপ্রসঙ্গে

ইহা একটা বিরাট গ্রন্থ। ধর্মের যত-কিছু গৃঢ় তত্ত্ব,—ব্যক্তি, সমান্ধ ও রাষ্ট্রের যত জটিল সমস্তা তংসমুদয়ই শ্রীশ্রীঠাকুর কার্যাকারণসম্বদ্ধ-সহ বিস্তারিতভাবে ইহাতে আলোচনা ক্রিয়াছেন। যুগপ্রবর্ত্তক মহামানবগণ নিজের চরিত্র, আচরণ ও কথিত বাণীর সাহায্যে মাহুষের জীবন-চলনার যে সকল বিধি নির্দেশ করিয়া দিয়া যান তাহা সর্বকালের ও সর্বমানবের 'এছ লাম'—শব্দের অর্থ আল্লার নিকট আত্মনিবেদন—রহুলের নিকট আস্মনিবেদনই মুদলমান ধর্মের গোড়ার কথা; তেমনি এক্সঞ্চ গীতায় "স্বর্ধপর্মান পরিত্যজ্য মামেকং শরণং ব্রঞ্জ"—বাণী দ্বারা আত্মসমর্পণের কথাই দৃঢ়প্বরে ঘোষণা করিতেছেন; আবার যীতও এই surrender-এর কথাই বলিতেছেন—"None can come to the Father but through me." এই একই আদর্শ-নীতি অনুসরণ করিয়া হিন্দু মুসলমান এটান পরস্পারে চির-বিবদমান। ইহার কারণ, প্রেরিত পুরুষের অবর্ত্তমানে কুটিক স্বার্থান্ধ অহংদেবী ব্যক্তিগণ শান্ত্রবাক্যের নানা কুব্যাখ্যা দ্বারা জনসাধারণকে বিপথগামী করিয়া সম্প্রদায়ে সম্প্রদায়ে বিরোধের স্বষ্ট করিয়া থাকে আর তাই ধর্মের নামে অমৃতের পরিবর্ত্তে গরলের উৎপত্তি হয়। প্রেরিতের প্রদর্শিত পথ হইতে দূরে সরিয়া যাইতে যাইতে মানবকুল মহাপঙ্কে নিমগ্র হয়, বাঁচার পথই খুঁজিয়া পায় না,—বিধ্বন্তির কবলে পড়িয়া ধ্বংসের সন্মুখীন হয়। মানবের যুগ-যুগ-সঞ্চিত পাপরাশি যখন জাতি ও সমাজের ভিত্তিকে বিদীর্ণ করিয়া বিধিকেও ছাপাইয়া উঠিতে চায়, তথনই ছুর্ভিক ও মহামারী দেখা দেয়; রোগে, শোকে, তৃ:থে, দৈত্তে, ব্যক্তিচারে মাতুষ আহি আহি চীৎকার করিয়া দরদীর খোঁক করে; সে-ক্রন্দন বিশ্বপিতার প্রাণে গিয়া বান্দে, তথনই আর্জ মানবক্ষাতির বক্ষে মূর্জ্ঞ নরবিগ্রহে দ্রষ্টাপুরুষের আবির্ভাব হয়, তাঁহার বাণী ও আচরণে মাহুষ পূর্ব্ব পূর্ববিত্রনে অবতার পূরুষগণের কার্য্যকলাপ, আচরণ ও বাণীর পূর্ণ দার্থকতা উপলব্ধি করিয়া সত্যপথের পূন: সন্ধান পায়, সকল হন্দ্র ও বিভেদ ভূলিয়া গিয়া আবার একই মহান্ লক্ষ্যের দিকে সকলে ধাবিত হয়। আলোচ্য গ্রন্থে প্রীতীয়কুর নানা বিভিন্ন প্রচলিত মতবাদের আলোচনা করতঃ এই সত্যই প্রমাণ করিয়া সকল মানবের এক মহামিলন-ভূমির স্বষ্টি করিয়াছেন। কথাপ্রসক্ষের আলোচনা পাঠ করিলেও স্বতঃই মনে হয়, পরম্পিতা মূগে মূগে হন্ধরত, যীন্ত, প্রীকৃষ্ণ, বৃদ্ধ প্রভৃতি বিভিন্ন কলেবরে আবিভূতি হইয়া কোরাণ, বাইবেল, গীতা প্রভৃতি ধর্মগ্রন্থ প্রচারদ্বারা এইরূপেই মাহুষের সেই একই আদিম আসক্তি "বাচা ও বৃদ্ধি পাওয়ার" পদ্বাই বারবার বলিয়া ণিয়াছেন।

এই বৃহৎ পৃস্তকের সামান্ত পরিচয় দিতে গেলেও আলোচনা অত্যন্ত দীর্ঘ ইইয়া পড়িবে। স্থতরাং আমরা এখানে গ্রন্থের বিষয়-বস্তুর সংক্ষিপ্ত স্চী এবং বাণীর কিঞ্চিৎমাত্র উদ্ধৃত করিয়াই আমাদের বক্তব্য সমাপ্ত করিতেছি। নিম্নে গ্রন্থের বর্ণিত বিষয় এবং তাহা খে-সময়ে যে-বিশেষ অবস্থায় শ্রীশ্রীঠাকুরের শ্রীমুখ হইতে নিঃস্ত ইইয়াছিল তাহার সংক্ষিপ্ত বিবরণ (প্রশ্নকর্তাদের রচনায় যেমন পাইয়াছি) সন্ধিবিষ্ট করা হইল। যথাঃ—

২০শে ভাদ্র ১৩৪২ সন। পদ্মাতীর। ভাদ্রের পদ্মা সমুখ-বিস্তৃত চরভূমিকে ভ্বাইয়া আশ্রমের বাধে আসিয়া ঠেকিয়াছে। জলের ঢেউগুলি স্থ্যকিরণে ঝলমল করিতেছে—অবিশ্রাম ছলাৎ ছলাৎ শব্দ! বাধের উপরেই শিল্পীরের ছোট্র তাব্ থাটান। কয়েকজন তাহার চৌর্কীর সম্মুখে ভূমিতে উপবিষ্ট। শ্রীশ্রীঠাকুর চৌকিতে অর্কশাহিত অবস্থায় সম্মুখস্থ দিগস্ত-বিসারী জলরাশির দিকে চাহিয়া। প্রাণায়াম, আসন, মুলা, প্রত্যাহার, তন্মাত্র, চিত্ত, বৃদ্ধি, মন, অহংকার, মন্ত্র নেওয়ার অর্থ কি, বীজমন্ধ, সিদ্ধমন্ধ ও কুলমন্ধ কাহাকে বলে, মন্ত্রের সঙ্গে 'য়ন্ত্র'—ভা'রই বা মানে কোথার ইত্যাদি নানা প্রশ্ন হইতেছিল—শ্রীশ্রীঠাকুর ম্থাম্থ উত্তর বিলয়া যাইতেছিলেন।

ভাত্তের শেষ। পদ্মার জন অদ্বে সরিষা গিয়াছে। সেদিন বিকালে অনেক দাদা ও মায়েরা শ্রীশ্রীঠাকুরের ছোট্ট তাঁব্টীর ধারে আশ্রম-প্রাক্তনে বসিয়াছিলেন। শ্রীশ্রীঠাকুরের জন্মতিথি উৎসবের পৃক্ষদিন বলিয়া নানা স্থান হইতে অনেকেই আসিয়া সমাগত হইয়াছেন। এতি চাকুর অর্থনায়িত অবস্থায় উত্থাপিত প্রশ্নগুলির উত্তর প্রদান করিতেছিলেন। সেদিন আলোচনা চলিয়াছিল নিম্নলিখিত বিষয় লইয়া। যথা:—ঈড়া, পিন্ধলা, স্ব্যুমা কাহাকে বলে, কুগুলিনীর উর্ধ্বগামিনী হওয়া মানে কি, ষট্চক্র ও চক্রভেদ—সংসার অনিত্য আবার মাস্থ্য নিত্যানন্দ লাভ করিতে চায় তা'র মানে কি, কুপা বৈরাগ্য নির্বাণ মোক্ষ এসকল কথার তাৎপর্য্য, ঋষি ও মুনিতে তফাৎ কি—ভক্তি কাহাকে বলে, মুক্তি বা কি—সাধনা, সিদ্ধি, সন্ধ্যা, আচমন ও পঞ্চয়ক্ত প্রভৃতির অর্থ ও প্রয়োজনীয়তা।

আজ রবিবার ৫ই আখিন। ৺শারদীয়া পূজা আগত প্রায়। পদ্মাচরের জল খানিকটা নামিয়া খমকিয়া আছে। শরৎ-প্রভাতের আকাশ-বাতাস-ধরণীতে কেমন একটা স্নিগ্ধ সাত্তিকতা বিরাজ করিতেছে। দাদারা ও মায়েরা উপস্থিত। এশীঠাকুর ছোট্ট তাঁব্টীতে তামাক টানিতে টানিতে অর্দ্ধশায়িত অবস্থায় কথা বলিতেছেন। বাংলার আর্যাদ্বিজ্বগণ অনেকেই আচার ও কর্ত্তবাবিমুথ হইয়া হীনবল হইতেছেন—তাহাদের উন্নতির প্রকৃত পম্বা কি, মুদলমানদের ভিতরে যেমন দার্কজনীন প্রার্থনা প্রচলিত আছে বাংলার আর্ঘ্য দ্বিজ্ব-সমাজে তেমন কোন ব্যবস্থা আছে কি না--হ'তে পারে কি না; বাংলার আর্য্য দ্বিজ-সমাজ এবং আর্য্য মুসলমান-সমাজেব প্রাধান্ত—উভয় সমাজের নেতুগণই আধ্যজাতীয়, উভয় সমাজেই বছ জনার্য্য রহিয়াছে কিন্তু জনার্য্যগণ অন্ত্যজভাবত্ট নীচ কাম-প্রবৃত্তির পরিপোষণের জন্ত আর্ঘ্যনারীগণকে সম্ভোগকরণার্থ প্রলুদ্ধ করে, আর্ঘ্য দিজ-সমাজ এবং আধ্য মুসলমান-সমাজ ইহার কি প্রতিবিধান করিতে পারেন যাহাতে আর্যারক্ত প্রতিলোমজ সংস্পর্দে কলুষিত না হইতে পারে; বাংলার জাতীয় অভ্যুত্থানে আর্যাদিজ ও আর্যামুসলমান সমাজের জনবল বৃদ্ধির উপায়—ইত্যাদি সম্বন্ধে শ্রীশ্রীঠাকুর সেদিন অপূর্বর মীমাংসা-বাণী **लान क**दिलन।

আন্ধ শুক্রবার। ৺শারদীয়া পূজার আর বেশী দেরী নাই। পদ্মার চরভূমি আবার বস্থার জলে ভূবিয়া গিয়া থই থই করিতেছে, অদূরে জেলের নৌকাগুলি মাছ ধরিতেছে। প্রাত:-প্রার্থনার পর শ্রীশ্রীঠাকুর তাঁহার ছোট্ট তাব্টীতে পদ্মাতীরে আসিয়া বসিলেন। সম্মুখে দিগন্ত-বিস্তৃত জলরাশি—তাহার মাঝে মাঝে বনানীর শরৎশোভা—এ যেন বর্ষা ও শরৎশৃত্ব অপূর্ব্ব মিলন-ছবি! অনেক দাদারা শ্রীশ্রীঠাকুরের চৌকীর সম্মুখে মাটিতে বসিয়াছেন, প্রশ্ন চলিতেছে—শ্রীশ্রীঠাকুর তাকিয়া ঠেস দিয়া উত্তর দিতেছেন।

আর্ধ্যেরা তাঁহাদের পূজা প্রার্থনায় জড়কে কেন গ্রহণ করিয়াছেন, পুরুষ-পরস্পরায় চাকুরী বা গোলামী প্রভৃতি হীনরুত্তি অবলয়ন করিলে বিজ্ঞত্ব বজায় থাকে কি না, আর্ধ্য-সমাজে ব্রাহ্মণদের কিরূপ সংস্থার-সম্পন্ন হওয়া উচিড, ইষ্ট ও পূর্ত্তের সেবা কাহাকে বলে, বাংলায় ক্ষত্রিয়, বৈশু, শুল প্রভৃতি কাহারা—তাহারা কে কোন্ বৃত্তি অবলয়ন করিবে, উপনয়ন-সংস্থারের প্রয়োজনীয়তা প্রভৃতি সম্বন্ধে সেদিন শ্রীশ্রীঠাকুরের প্রদত্ত অনির্বাচনীয় উত্তর শুনিয়া সকলে মুগ্ধ হইলেন।

শীতের প্রাকাল। সেদিন সকালে হিন্দী প্রার্থনা হইয়া গেল। সম্মুধের প্রান্তরে হেমন্তের আভা দেখা দিয়াছে। যাহা ছিল জলময় তাহা হইয়াছে এখন মুন্তিকাময়। শ্রীশ্রীঠাকুরের ছোটু তার্টীতে প্রভাতের আলোক-রেখা আসিয়া পড়িল—প্রশোত্তর লিপিবদ্ধ হইতে লাগিল। কুলগুরু যে তান্ত্রিকী দীক্ষা দেন তাহা কি,—শৈব, শাক্ত, গাণপত্য, বৈঞ্চব প্রভৃতি বিভিন্ন সম্প্রদায়ের বিভিন্ন মন্ত্রের অর্থ কি,—বাংলার দ্বিজসমাজের নেতৃগণ কি করিয়া কৃত্র কৃত্র গণ্ডী ভালিয়া এক শক্তিশালী বৃহৎ সমাজের পৃষ্টি করিতে পারেন, মাছ মাংস খাইলে ধর্মাক্ষরণের ব্যাদাত হয় কেন,—বাত্তব যজন আর মাজন কি—ধর্মের মানি দূর হইতে পারে কি ভাবে ?—প্রভৃতি বিষয়ে সেদিন আলোচনা হইল।

শীতকাল, দকাল। শ্রীশ্রীঠাকুরের নিকট অনেক মা ও দাদারা উপস্থিত।
শীতের কুহেলিকাসমাচ্ছন্ন প্রভাত—তথনও পূর্ব্দিকের গাছের ফাঁক দিয়া
তাঁহার ছোট্ট তাব্টীতে রৌদ্র আদিয়া পড়ে নাই—সম্মুখের মাঠ তৃণশ্রাম হইয়া
উঠিয়াছে—উষর মাঠের ধ্দর রূপ এরই মধ্যে সবৃদ্ধ মখমলে আবৃত হইয়া
উঠিয়াছে—অদুরে শীর্ণ জলরেখা—ঝিলের জল প্রভাত-আলোকে চিকি মিকি
দিয়া উঠিল। তিনি বলিতে আরম্ভ করিলেন। প্রতি-মানবের দীক্ষা-গ্রহণের
প্রয়োজনীয়তা এবং আদর্শ দীক্ষা-গ্রহণ সম্বন্ধে বহু প্রয়োজনীয় অমূল্য উপদেশ
সেদিন লিপিবন্ধ হইল।

শীতের প্রভাত। শীত বেশ একটু পড়িয়াছে। সম্মুখের মাঠে তপোবনের ছেলের। বেড়াইতেছে—সংসদ্ব-প্রাদ্ধনে লোকজন চলা-ফেরা করিতেছে—প্রভাতের স্থ্যালোক আসিয়া বাশঝাড়ের মাথা থেকে সংসদ্ধ-প্রাদ্ধনে পড়িল—সেদিন শ্রীশ্রীঠাকুর কাসির উদ্বেগের জন্ম প্রার্থনায় গেলেন না। বিখাস কি, বিখাসহীনতার মূল কোথায়, বিখাসঘাতকভার মূলে কি থাকে, আর অক্কতজ্ঞতাই বা আসে কেমন-করিয়া—ইত্যাদি বিষয়ের অত্যুত্তম মীমাংসা শ্রীশ্রীঠাকুর প্রদান করিলেন।

শীতের প্রাতঃকাল। সেদিন সকালে শ্রীশ্রীঠাকুর প্রার্থনাস্তে তাঁহার তাঁবৃটিতে আসিয়া বসিলেন। কিছুদিন হইল তিনি বাংলা ভাষায় প্রার্থনা ও সন্ধার কতকগুলি মন্ধ দিতেছিলেন। প্রথমেই সেই মার্ক্জন, অধমর্থন, আচমন প্রভৃতির নৃতন মন্ধগুলি পাঠ করিয়া সমবেত সকলকে শুনাইলেন। মন্ধগুলি বাংলা ভাষায়, কিন্ধ সে-ভাষায় ছন্দোবিক্যাস এমনই অভূত যে সংস্কৃতের যাহা-কিছু গুরুগন্তীর ও প্রাণম্বরূপ এবং মন্ধের মত যত শক্তি যেন সে ভাষাতে সংহত হইয়া এক অভূতপূর্ব ভাবের স্বষ্ট করিয়াছে। সকলে মন্ধ্রমুগ্ধ হইয়া শুনিতে লাগিলেন। শ্রীশ্রীঠাকুর তাঁবৃতে বিসন্না ভামাক খাইতেছিলেন—শীতের রৌক্র আসিয়া তাঁহার তাঁবৃটীতে পড়িয়াছিল। কথাপ্রসন্ধ চলিতে লাগিল। যাজক, ঋতিক, হোতা, উল্যাতা—এঁরা কিছিলেন এবং আর্য্য-কৃষ্টির সঙ্গে এঁদের কি সম্বন্ধ ছিল—এই বিষয়ে শ্রীশ্রীঠাকুর সেদিন কথা বলিয়াছিলেন।

শীতের সন্ধ্যাকাল। রবি অন্ত যাইতেছিল। পশ্চিমাকাশে আরক্তিম ক্ষ্য আশ্রম-প্রাঙ্গনন্থ সংসঙ্গবাদীগণকে রক্তবর্ণ করিয়া তুলিয়াছিল। আশ্রমের বাঁধের নীচে বহুলোক মাঠের মধ্যে বেড়াইতেছিল। সন্ধ্যা সঙ্গীব চলাচলে ও কলকোলাহলে মুখরিত। শ্রীশ্রীঠাকুর একখানা চেয়ারে বসিয়া দিগন্ধপ্রসারী শ্রাম-শোভার দিকে চাহিয়া। সেদিন তিনি সর্কমানব-মহামিলনের ধর্ম ও কর্ম্মের আদর্শ সম্বন্ধে কি মর্ম্মপশী অমূল্য উপদেশই না দিয়াছিলেন। সকলে মুগ্ধ হইয়া তাঁহার শ্রীমুখ-নি:ফ্ত বচন-স্থা পান করিয়া ধন্ম হইল।

পৌষমাস ১৩৪২। সেদিন সন্ধ্যা হইয়া আসিতেছিল। পশ্চিমাকাশে রক্তস্থ্য হরিং-বনানী-সামায় অর্ধ-অন্তগত—আশ্রম-সন্থুখন্থ ক্ষীণতোয়া বিচিত্র ঝিল আরক্তিম-সবিত্-রাগ-রঞ্জিতা। সংসঙ্গ-প্রাঞ্জন ও বাঁধের নিমন্থ শ্রামক্ষেত্রে বহুলোক ভ্রমণ করিতেছিলেন। অনেকে আসিয়া শ্রীশ্রীঠাকুরের শ্রীমুখ-নিঃস্থত বাণীতে মণ্ডিত হইয়া উঠিয়াছিল। সংসার ও ধর্মের সমন্বয়ে সার্থক গার্হস্থা জীবনামুসরণে বাংলার আদর্শ, জাতীয় অভ্যুখানে সেবা ও সাধনার প্রয়োজনীয়তা, বেকার-সমস্থার সমাধান প্রভৃতি বিষয়ে তাঁহার গুরুগভীর অনুপম মীমাংসানিচয় লিপিবদ্ধ হইতে লাগিল,—সক্ষেপ উংকর্ণ হইয়া শুনিতে লাগিলেন।

১২ই পৌষ ১৩৪২। রাত্রি সাড়ে সাতটা। শীতের ছাতিশব্যে বড় কেহ বাহিরে নাই। বাঁধের ধারে তাঁবুর ভিতরে শ্রীশ্রীঠাকুর অর্ধশায়িত। কথাপ্রসঙ্গ লিপিবদ্ধ হইডেছিল। সেদিনের বিষয় ছিল—প্রক্লন্ত যোগতত্ব ও ব্রহ্মদর্শনের স্বরূপ-কথন, 'সর্কাং খবিদং' ব্রহ্ম' ও 'জীব ক্লফের নিত্যদাস'—এই তুইয়ের সামঞ্জন্ত, বিজ্ঞান ভূমি ও ভগবদমুভূতি।

১৫ই পৌষ ১৩৪২। রাত্রি সাড়ে সাতটা। তুইদিন যাবত শীত খুব বেশী পড়িয়াছে, মাঝে মাঝে কন্কনে হাওয়ায় হাত-পা যেন জমাট বাধিয়া আদে। তাই সন্ধ্যার পর বাঁধের ধারে বেশী লোকজন ছিল না। বড় দিনের ছুটাতে বাঁহারা বাঁহারা আসিয়াছিলেন তাঁহারা কেহ-কেহ চলিয়া গিয়াছেন। ন্তন তুই চার জন আসিয়াছেনও। শ্রীশ্রীঠাকুর তাঁব্র ভিতরে তক্তপোষের উপর। সন্থ্রে বৈত্যতিক আলো-তলে দাদারা উপবিষ্ট। সর্বভৃতে ইষ্টদর্শনের স্বরূপ—মুক্তি কি, মুক্তির সাধনা কিরূপ—কর্মক্ষয় কাহাকে বলে— কৃতকার্য্য হওয়ার গুপুমন্ত্র প্রভৃতি বিষয়ে শ্রীশ্রীঠাকুরের অপূর্ব্ব মীমাংসাবাণী লিপিবদ্ধ হইল।

১৮ই, ১৯শে, ২০শে পৌষ ১৩৪২। এই কয়দিন প্রাতে মঙ্গলাচরণের পর শ্রীশ্রীকৃর যথারীতি বাণী দান করিলেন। তথন মিটি রোদে সমস্ত আশ্রম-প্রাঙ্গন ছাইয়া গিয়াছে। বাঁধের ধারে বহু নর-নারী চলা-ফেরা করিতেছে। কেহ বা রৌদ্র-সেবন করিতে করিতে নানারূপ আলোচনায় ব্যাপৃত। শ্রীশ্রীঠাকুর তাঁবুর ভিতরে তক্তপোষের উপর উপবিষ্ট। নমুখে দাদারা বিসয়া আছেন। বৃত্তিগুলিকে ইই-দর্শ্ব-প্রায়ণ করাই যে শ্রেষ্ঠ ধর্মা, সব বৃত্তিই সং বা অসং ব্যবহারভেদে, বিচক্ষণ বা শ্রেষ্ঠ কে, বেদম ও অটুট অহারক্তি সম্পাদনের উপায়, নামধ্যানে দর্শন ও অহ্নভৃতি, নাম—নামের মহিমা—নামের ক্রষ্টা, প্রকৃত সিদ্ধি, বীজ্বমন্ত্রের শ্রেষ্ঠছ বিচার, অনাহত নাদ ও জ্যোতিঃ-দর্শন, বীজাত্মক নাম—বিভৃতি, আসন, মুদ্রা—নিত্যসিদ্ধ, সাধনসিদ্ধ, ক্রপাসিদ্ধ—প্রভৃতি নানা জটিলতত্ম সম্বন্ধে শ্রীশ্রীঠাকুর শ্বিত্ত-হাস্থে অপূর্ব্ব মীমাংসা অনর্গল বলিয়া যাইতে লাগিলেন আর তাহা লিপিবদ্ধ হইতে লাগিল।

২৫শে পৌষ শুক্রবার ১৩৪২। কৃষ্ণা দ্বিতীয়া তিথি। ইঞ্জিনের গোলযোগের দক্ষণ বৈচ্যতিক আলো জ্বলিয়াই আবার নিবিয়া যায়। এইসব কারণে লেখা আরম্ভ হইতে সেদিন একটু দেরী হইল। শ্রীশ্রীঠাকুর তাঁবুতে তক্তপোষের উপর বসিয়া আছেন। আগের দিনের লেখার আলোচনা হইতেছিল। পূর্বাদিন যাহা লেখা হইয়াছিল তাহা তাঁহাকে পড়িয়া শুনান হইলে পর আবার প্রশ্নোত্তর চলিতে লাগিল। শ্রীশ্রীঠাকুর স্বভাবস্থলভ

শ্বিত-হাস্তে উত্তর প্রদান করিতে লাগিলেন। সেদিনের বক্তব্য বিষয়— পুরুষোত্তম ও নিত্যসিদ্ধ সাঙ্গোপাঙ্গ, ক্রমাভিব্যক্তিবাদ বা অবতার পুরুষ, সিদ্ধপুরুষ ও অবতার পুরুষে পার্থক্য।

তরা মাঘ শুক্রবার ১৩৪২। রুফা অষ্ট্রমী তিথি-প্রাতের বিনতি ও প্রার্থনার পর বেলা ৮টা-তখনও শীতের কনকনে হাওয়া আসিতেছিল বলিয়া তাঁবুতে উত্তর দিকের পরদা ফেলিয়া দেওয়া হইয়াছিল। এীশ্রীঠাকুর ভক্তপোষের উপর উপবিষ্ট। পূর্ব্বদিক হইতে স্থগালোক আসিয়া শ্রীশ্রীঠাকুরের গায়ে পড়িতেছিল। সকলে ভক্তপোষের সন্মুখভাগে পূর্ব্বাশু হইয়া উপবিষ্ট। পূর্ব্ব প্রশ্নের স্থত্ত ধরিয়া প্রশ্ন চলিতে লাগিল। শ্রীশ্রীঠাকুর স্থমধুর ভঙ্গীতে বলিতে লাগিলেন। বিগত কয়েক দিন শ্রীশ্রীঠাকুরের সন্দি ও ফেরেঞ্লাইটিসের দক্ষণ লেখা বন্ধ ছিল তাই আজ কথাপ্রসক্ষে এমনই জোর বাধিয়াছিল যে বেলা ১টা পর্যান্ত শ্রীশ্রীঠাকুর অনর্গল বলিয়া যাইতে লাগিলেন। সেদিনের প্রশ্নোত্তরের বিষয় ছিল—নিতাশুদ্ধ ও বৃত্তি-বৃতৃক্ষু সাকোপাক— বৃত্তি-চোৰ্য্য অপলাপেব নেহাৎ লক্ষণ অক্লতজ্ঞত৷—বিধির নিয়ন্ত্রণ—ইষ্টামুর্বজি —বাঁচা ও বৃদ্ধি পাওয়ার বিশেষত্ব—অন্তি-বৃদ্ধি-উপভোগ কাহাকে বলে— ইত্যাদি। এদিন বাত্তেও প্রায় বাব ঘটকা প্যান্ত কথাপ্রসঙ্গ চলিয়াছিল। শ্রীশ্রীঠাকুর অক্লাস্তভাবে অনর্গল উত্তর দিয়া যাইতেছিলেন। পূর্ণাবতার, অংশাবতার ও কলাবতার—ভারত ও অবতারবাদ—জীবকোটা ও ঈশ্বরকোটা তুই রকমের লোক—ভগবৎপ্রাপ্তি ও সন্ন্যাস—সন্ন্যাসে কাম-দমন প্রভৃতি বিষয়ে শ্রীশ্রীঠাকুরের অনির্বাচনীয় বচন-স্থা সকলে মুগ্ধ হইয়া পান কবিতেছিলেন।

৫ই মাঘ রবিবার ১৩৪২। সদ্ধ্যার পর তার্তে অনেক দাদারা উপস্থিত। সকলে শ্রীশ্রীঠাকুরের সম্বৃথে বসিয়াছেন। প্রশোত্তর কিছুদ্র অগ্রসর হইতেই পূর্বের লেখা সম্বন্ধে আলোচনা স্থক হওয়াতে লেখা আর বেশী দূর অগ্রসর হইতে পারিল না।

ধর্ম্মের উদ্দেশ্য ইহকাল কি পরকাল—ভোগ, মরণের নিশ্চয়তা ও মোহমূদ্যার—বাণীর কদর্থে ব্যাখ্যাতার কের্দানী, মৃত্যুর সহিত জীবনের প্রতিমৃহুর্ত্তে লড়াই, ধর্মে ভোগবাদী ও ত্যাগবাদী, অন্তি-বৃদ্ধি-সম্পাদনী-অমৃত, সেবা কথার তাৎপর্য্য, অক্সভজ্ঞতার লক্ষণ, অক্সভজ্ঞকে সেবা, উপকারের প্রতিদানে অপকার-স্বীকার, নিদার্ম কর্ম ও তাহা করার সহজ্ঞ স্থাক্, কর্মফল-ত্যাগ ও প্রেষ্ঠ-নির্ব্বাচন।

১০ই মাঘ শুক্রবার ১৩৪২। সেদিন সকাল হইতেই আকাশ মেঘাচ্ছন্ন
—মাঝে যাঝে বৃষ্টি হইতেছিল। সন্ধ্যার পর বৈত্যতিক আলো জনিয়া
উঠিল, সকলে যাইয়া তাবুতে শ্রীশ্রীঠাকুরের কাছে বসিলেন। সেদিন
লেখা অধিকদ্ব অগ্রসর হইল না। তারপর দিন আবার প্রাত্তে—আকাশের
মেঘলা তথনও কাটে নাই—তিন দিকের পদ্দা ফেলিয়া আবার কথাপ্রসক্ল
চলিতে লাগিল। শ্রীশ্রীঠাকুর অমৃত-নিয়ন্দ্রী অপূর্ব্ব ভাষায় কর্ম্মযোগ,
ভক্তিযোগ ও জ্ঞানযোগের কথা—গীতায় উক্ত রাজযোগের তাৎপর্য্য
প্রক্রেয়ান্ত্র পাইলে পুনর্জ্জন্ম সম্ভবে না কির্নপে—পুনর্জ্জন-কথন—মৃত্যুর
পরে ভাব-ভূমিতে বাস, ভাব-ভূমি কত বক্ষের আছে, প্রেতাত্মা দেখা
যায় কিনা, মৃত্যুর পর স্বর্গ নরক প্রভৃতি ভোগ, অসুষ্ঠ-প্রমাণ আত্মাদেহ, কল্পনাকে মূর্ত্ত করিবার অভ্যাস,—ইত্যাদি কথার আলোচনা করিয়া
যাইতে লাগিলেন।

১৩ই মাঘ সোমবার ১৩৪২। শ্রীশ্রীঠাকুর আহারান্তে বিশ্রামের পর কারখানা হইতে থুরিয়া আদিয়া পিতৃদেবের কটেজের ভিতর তক্তপোধের উপর বসিলেন; তখন বেলা প্রায় সাড়ে তিনটা। ক্রমণ: অনেক লোক আদিয়া জুটিল—কথাপ্রসঙ্গ চলিতে লাগিল। স্বর্ণে দেবতার বাদ, মুতের শ্রাদ্ধ ও সপিগুটকরণ, ব্রন্ধের রূপ-কল্পনা, সবই তো ব্রন্ধের রূপ, তবে দেবতা কে?—প্রতিমা-পূজার উদ্দেশ্য—প্রতিমা-পূজায় বিপদস্টি, গুরুপ্রতিষ্ঠা-প্রান্ত জ্বল্জলে দেবতা—গণেশ-পূজা—প্রভৃতি বিষয়ে শ্রীশ্রীঠাকুর কথা বলিলেন।

১৪ই মাঘ মঙ্গলবার হইতে ২২শে মাঘ ১৩৪২। এই কয়দিন প্রীপ্রীঠাকুর কথাপ্রসঙ্গে খৃবই জোর দিয়াছেন। দিন নাই, রাত্রি নাই—তাব্টির ভিতরে বাধের ধারে অধিকাংশ সময়ই নানা আলোচনা নিয়া ব্যস্ত থাকেন। প্রীপ্রীঠাকুরকে ঘিরিয়া বিরাট সভা বসিয়া ধায়। প্রশ্নের পর প্রশ্ন চলিতে থাকে আর প্রীপ্রীঠাকুর স্মিত-মুখে অনির্বাচনীয় ভাবব্যঞ্জনা-সহকারে বিষয়গুলির যথায়থ মীমাংসা প্রদান করিয়া যাইতেছেন, আর সঙ্গে সঙ্গেই তাহা লিপিবন্ধ হইতেছে। এই কয়দিন যে সকল অসংখ্য বিষয় আলোচিত হইয়াছে নিয়ে তাহা সংক্ষেপে উল্লেখ করা যাইতেছে। যথাঃ—

প্রতিমার প্রাণ-প্রতিষ্ঠার তাংপর্য্য, প্রতিমাপৃদ্ধা অধমাধম বলিয়া শান্তে কথিত কেন, দীক্ষার প্রয়োজনীয়তা, দক্ষিণা না দিলে সিদ্ধির পথ কণ্টকাকীর্ণ হয় কেন, সদ্গুক,—অবতার গুকু—গুকু পুরুষোত্তম—তাঁ'র আবির্ভাবের উপযুক্ত স্থান ও বংশ—আগতের আগমন গতের মহান প্রণে—বিভিন্ন সম্প্রদায় ও তাহার উদ্ভব—বেদ সনাতন ও অপৌক্রয়ে, পারিপার্শ্বিককে পুষ্ট না ক'রে নিজ্প পুষ্টির সাধন হিংসার নামান্তর—দেব-পূজায় বলিদান-বিধি ও অহিংসার সামঞ্জশ্য—তীর্থে পাপক্ষয় হয় কিরুপে—ত্রত কাহাকে বলে—ত্রক্ষার্যা ও উর্ধ্বেতা কথার তাংপর্যা কি ?—আমিয় ও নিরামিষাহার—দৈববাণী ও দ্বশ্রবণ—অদৃষ্ট ও পুরুষকার—ত্রক্ষজান ও আধ্যাত্মিকতা—ভারতীয় জ্ঞানের বৈশিষ্ট্য—মায়াবাদের স্বরূপ কি—গোপী-প্রেমের শ্রেষ্ঠ্য কোথায়—শ্রীক্বম্বের রাসলীলা-প্রসক্ষ—বৈষ্ণব-শাস্থাক্ত শান্ত, স্থ্যাদি পঞ্চভাব-প্রকরণ—মন, বোধ, বৃদ্ধি—জড় ও চেতন—তন্ত্রমতের মদ্যমাংসাদি পঞ্চ-মকার-প্রকরণ—বাচাবাড়ার আকৃতি হইতেই এগুলিব উদ্ভব—ভগবান্ স্ঠি-স্থিতি-লয়ের অধীশ এবং মুর্নুশরীরী—ভগবং-প্রাধ্যি কথার তাংপর্যা ও স্বরূপ ইত্যাদি।

১০৪০ সন ফাল্কন মাস। অন্তভৃতি কাহাকে বলে এই প্রশ্নের উত্তরে শ্রীশ্রীঠাকুর কয়দিন ধরিয়া নিজ জীবনের আধাাত্মিক রাজ্যের অপূর্ব্ব দর্শনসমূহ ও তাহার বিভিন্ন তারের বিশদ বিবরণ ক্রমাগত বলিয়া যাইতে লাগিলেন। বলিবার সময় তাঁহার মুখমগুলের অপূর্ব্ব ভাবব্যঞ্জনা উপনিষ্ণ্ণ শিশ্বগণের মনে এক অনির্ব্বচনীয় রসাবেশের সঞ্চার করিত। বোধ হইত যেন শ্রীশ্রীঠাকুর বর্ণিত ভাব-ভূমিতে অধিষ্ঠিত থাকিয়াই তাহার প্রত্যক্ষ বর্ণনা দিতেছেন। এমনি-ভাবে দিনের পব দিন, সকাল বিকাল সন্ধ্যা বাণীর অফুরন্থ উৎস চলিয়াছিল। এই সকল বর্ণনা সাধারণ মানবের ধারণারও অতীত—অপার্থিব স্বর্গীয় বস্তু—ভনিতে গুনিতে শ্রোতাকে স্বপ্ররাজ্যের কোন্ অজানা দেশে লইয়া যায়। ইহা শুধু উপভোগ করিবারই জিনিস। সহস্রবার সে বর্ণনা পড়িলেও পুনরায় ভাষায় তাহা প্রকাশ করা সাধ্যের অতীত। নিম্নে ছই-চারিটী কথায় বর্ণিত বিভিন্ন ধামের নাম ও অবস্থার উল্লেখ করা গেল। যথা:—

মৃ াধার ভূমি ও তাহার বিবরণ, সাধিষ্ঠান-ভূমি ও তাহার বীজ জ্যোতিঃ, মণিপুর-ভূমির বর্ণনা, তত্ততা অগ্নিতত্ব ও অগ্নিবীজ, অনাহত-ভূমিতে বায়ুত্ব ও বায়ুবীজ-বিবরণ, বিশুদ্ধ-ভূমিতে গগনবীজ এবং আজ্ঞাচক ও তত্ততা বীজের উদ্ভব-বর্ণনা, প্রাস্তরীভূত সহম্রদল-কমলের অভিব্যক্তি, সম্ভগণ-বর্ণিত বঙ্কনাল, ত্রিক্টী ও হংসতত্ত্বের অগ্নভূতির বিশদ বিবরণ—বম্বম্-ফাটা গোলাপী রাগোদীপ্ত প্রভাতস্থর্গোদ্ভাসিত প্রণবের উদ্ভব, চক্রমা-সমুদ্ভাসিত সারদ-ধরতালধ্বনি-ম্ধবিত রবং-তত্ত্বের বিবরণ, ইট-

আলিন্ধন-নিবিড় নির্ম সন্তার বাহ্যিক বিকাশহারা আঁধার কুণ্ডলীর পাকে অমুপ্রবিষ্ট হওয়ার অমৃভৃতি, মহাভীতির নিরেট নিবিড় সঙ্গোচন-কৃষ্ণ সন্তার পুনঃ প্রসারণে বোধায়িত অন্ধকার ফ্টিয়া বংশী-স্বননোৎফুল্প শ্রাম দিগন্তে পীতচ্ছায়ার আবির্ভাব, বংশী-স্বননম্থর দহন-শ্লিশ্ব স্থাোদ্ভাসিত সোহহং তত্ত্বের বিকাশ, উত্তালভাহীন উন্মাদনাকর বীণাঝক্বত সং, অসীমচলনের অলথ বক্ষমের চলায় বোধের পথে দৃশ্ত-বিহ্বল ব্যস্ততা ইত্যাদি, ইত্যাদি।

১৬ই ফাল্কন শনিবার ১৩৪৩। পদ্মার তীরে বাঁধের ধারে খাটানো তাঁব্তে প্রাতঃকালীন মন্ধলাচরণ ও প্রার্থনার পর শ্রীশ্রীঠাকুরের সন্ধিনেন মনেক দাদারা উপনিষপ্প। শ্রীশ্রীঠাকুরের অফুভৃতির বুর্ণনা লিপিবদ্ধ হইডেছিল, শ্রীশ্রীঠাকুর বলিয়া যাইতেছিলেন। বলিতে বলিতে তাঁহার বদনমগুল আরক্তিম হইযা উঠিল, চোগ-মুথ দিয়া যেন কি ফুটিয়া বাহির হইতেছিল—প্রত্যেকটী কথা আলাহিদা করিয়া, স্পাই করিয়া বলিয়া যাইতেছেন। বলিতে বলিতে তপস্থার চরমে সর্ব্ব-শার্থকতার ভিতর দিয়া ইইম্থর জাগরণে রক্তমাংসসঙ্গল ইটের দর্শন-লাভের বর্ণনা করিতে গিয়া তাঁহার মুখমগুল সহসা অভৃতপূর্ব ভাব ধারণ করিল—দেখিতে দেখিতে তিনি কাঁপিতে লাগিলেন, অবশেষে "রক্তমাংস-সঙ্গল" কথাটা বলিয়াই হঠাৎ "ও বাবা!" বলিয়া লাফ দিয়া উঠিলেন। শব্দ শুনিয়া অনেকে ছুটিয়া আসিলেন—প্রায় এক মিনিট কালের মধ্যে আবেশের চকিত চমক হইতে শ্রীশ্রীঠাকুর নিজেকে সহজ অবস্থায় সামলাইয়া লইয়া স্থমগুর হাস্তরঞ্জিত অধ্যে অমুভৃতিবর্ণনার অবশিষ্টাংশ সমাপন করিলেন।

আরও কয়েকদিন এই ভাবে তপস্থাকালীন নানা অহুভৃতির সম্বন্ধ শ্রীশ্রীঠাকুর বিশদ বর্ণনা দান করেন। অহুভৃতি-লাভ ও মহাপুরুষত্ব, চন্দ্র প্রভৃতি দর্শনের সঙ্গে মস্তিক্ষের সাডাশীল স্থিতিস্থাপকতার সম্পর্ক—নৃতনতর বোধের জাগরণ,—রপ-রস-শন্ধ-গন্ধময় বাস্তব জগতের তৃলনায অহুভৃতির জগতের পূর্ণত্ব ও আনন্দ, অহুভৃতি-জগৎ ও বন্ধজগৎ, অহুভৃতি-রাজ্যে লয় বা অবাঙ্মনসোগোচরম্ অবস্থার কত কথা শ্রীশ্রীঠাকুর লিপিবদ্ধ করাইলেন।

এতদ্বাতীত জাতির জীবন ও বৃদ্ধিপ্রদ আরও অসংখ্য প্রয়োজনীয় বিষয়ের আলোচনা এই গ্রন্থে স্থান পাইয়াছে। যথা:—আদর্শ ষ্টেট, রাজনীতি, হিন্দুম্সলমানের মিলন-সমস্তা, জীবস্ত আদর্শের প্রয়োজনীয়তা, মহাপুরুষ কে—য়ৃদ্ধই মৃক্তির উপায়, না সেবা ও শ্রম দিয়া কোন জাতি মৃক্তি-লাভের অধিকারী হইতে পারে, নারীর একগামিনীত এবং পুরুষের

বহুগামিনী বি— স্ত্রীপুরুবের মিলনাদর্শ ও বর্ত্তমান প্রগতি—কামাসক্ত স্ত্রী-পরায়ণতা ইইতে তুর্বল সন্দিশ্ধ জাতির উৎপত্তি—জাতিগঠনে বিবাহ ও হপ্তজ্ঞলন—জাতির উন্নয়নে অসবর্ণ বিবাহ ও বহু-বিবাহ—নৃতন জাতি-গঠনে শিক্ষার অভিনব প্রোগ্রাম—জাতীয় স্বাস্থ্য ও আয়ুবুদ্ধির উপায়—জাতির বৃদ্ধি ও উন্নয়নে ভগবংবাধের অবশ্য প্রয়োজনীয়তা, অমুভূতি রাজ্যের সহিত শিক্ষা, শিল্প, সমাজ প্রভৃতির সম্বন্ধ ইত্যাদি। নিম্নে আলোচ্য গ্রন্থ ইইতে কতিপয় অংশ উদ্ধৃত করা গেল।

প্রাণায়াম সম্বন্ধে একস্থানে বলিতেছেন—

"প্রাণ মানে হ'চ্ছে খা'-দারা প্রকৃষ্টরূপে বাঁচা যায়, অর্থাৎ the vital energy by which the physique is enlivened with moving growth. আর 'আয়াম' বল্ডে বুঝি যাহা দারা এই জীবনী-শক্তি সম্যক্ নিয়ন্ত্রিত হয়। তা'হ'লে 'প্রাণায়াম' মানে হ'ল—জীবনীশক্তির সম্যক্ নিয়ন্ত্রণ।

"আবার এই জীবনীশক্তির প্রধান একটা functional symptom-ই হ'ছে libido বা স্থরত অর্থাৎ সমাক্ প্রকারে আসক্ত হইয়া ক্রীড়াশীল হওয়ার ঝোঁক। তা'হ'লেই হ'ল tendency to unification that begets an active mood. তা'হ'লেই দেখা যা'ছে এই libido বা স্থরতই জীবের জীবত্ব। আর ইহা ঠিকই—মাহুষের এই libido যখনই stunted, bruised, damaged or distorted হয় তখনই মাহুষের vital flow ক্রমশঃ খিরের দিকে চলিতে থাকে।

"আবার এই libido যেখানে তৃপ্ত হইয়া অভিনিবেশ-সহকারে তোষণ, পোষণ ও প্রতিষ্ঠামুখর হইয়া চলিতে থাকে দেখানেই দেখা যায় life, love and vigour-এ মাহ্য সমৃদ্ধ হয়। তা'হ'লেই প্রাণায়ামের প্রথম ও প্রধান উপকরণই হ'ছে একটা higher or super কোন tangible কিছুতে সংবদ্ধ করা যাহাতে সে তৃপ্ত হইয়া higher becoming-এ চল্তে পারে। তবেই দেখুন, tangible superior কিছুতে libido-কে তৃপ্ত করাইতে হইলে চাই এমনতর একজন মাহ্য যাঁ'র প্রতি অহ্বন্তি, ভক্তি বা আদক্তি-বশতঃ তা'র প্রাণের টানে প্রিয়র wishesগুলি fulfil কর্তে গিয়ে আনন্দের সহিত spontaneously becoming-এর পথে চল্তেই হয়,—আর এই চলাই ডা'র নিজেকে life, love and vigour-এ successfully সমৃদ্ধ ক'রে তুল্তে পারে।

"মামুষের বৃত্তিগুলি environment-এর impulse-এ excited হ'য়ে

কত রকমে কত ভাবে বিচ্ছিন্ন কত বিষয়ের সংঘাতে বিধ্বস্ত হ'য়ে vitally stunted হ'তে থাকে তা'র কোন ইয়তা নাই; এমনি ক'রেই ideal না থাকার দরুণ fixity of purpose হারাইয়া মানুষ অজ্ঞানিত ভাবে অবশ আতত্তে সর্বানাশের কোলে গা-ঢালা দিয়া হতাশাপূর্ণ অবসন্নতায় নিঃশেষ হইয়া যায়।

"আর এই বৃত্তিগুলি মান্থবের tendrils of libido-র উপর environment ও individual-এর প্রলুদ্ধ ও বিরুত রাগ্রেষসম্ভূত বিভিন্ন impulse-এর সংঘাতেই মন্তিম্বকোষের নানারকম সমাবেশ ও সমন্বয়ের সহিত স্পষ্ট হইয়া সংকল্প-বিকল্পাত্মক মনের উলোধনে ত্নিয়ার থাকে ও চলিয়া বেড়ায়। এই রাগ্রেদ, সংকল্প-বিকল্পাত্মক মন বৃত্তিসহকারে নানা সংঘাতের সংস্পর্শে আসিয়া যখন যেমনতর বিষয়ে গমন করে, উপভোগ করে, আক্রষ্ট বা উৎক্ষিপ্ত হয়,—শারীরিক বিধানগুলিও সেই সংঘাতে নানারকমে আন্দোলিত হইয়া নানা বকম চঞ্চলতায় পরিবর্ত্তিত হয় আর তা'বই একটা প্রধান লক্ষণই হ'চ্ছে irregularity of breathing—শাস-প্রশাসের বৈষম্য।

"যথনই দেখা যায় মান্ন্য কোনও elevative প্রিয়েতে অনুরক্তির সহিত engaged and absorbed হইতেছে,—লক্ষ্য করিলেই দেখিতে পাইবেন খাসপ্রখাস ক্রমে regulated হইয়া আন্তে আন্তে gravity of absorption অনুযায়ী ক্রমে স্থিরতের দিকে যাইতেছে।—আর এই absorption হইতেই ধীমান্রা মনকে স্থির করার একটা mechanical process আবিদ্ধার করিয়াছেন—সতর্কতার সহিত খাস-প্রখাসকে নিয়মিত করিয়া control করা।

"তাই আমি বলি যা'র Superior Beloved নাই অর্থাৎ Superior Beloved-এ আপ্রাণ অন্তর্বজি নাই—যাঁকে ভাবতে, যাঁর wishes-গুলি fulfil কর্তে প্রাণশক্তি উপ্চে' উঠে না, সে যদি mechanically শাস-প্রশাসকে control কর্তে যায় রেচক, প্রক, কুম্বক দারা,—তা'র তো এতে সমূহ বিপদেরই সম্ভাবনা। শারীরিক বিধান তা'র সহজেই বিধ্বস্ত ও ক্যা হ'তে পারে। আর যদি Superior Beloved-এ অমনতর আপ্রাণ অন্তর্বজি থাকেই, তবে তো প্রাণায়াম—মান্ন্র তাঁতে যত absorbed হ'য়ে উঠ্চে—ততই তা'র অজানিত ভাবে আপনা-আপনিই হ'বে। মোটের উপর কথা হ'ছে এই—কোন Superior Beloved-এ যদি কাক্ষ এমনতর অন্তর্বজি থাকে যাঁর মননে তা'র তৃপ্ত ও সহজ্ব উদ্দীপনা-সহকারে absorbed হওয়ার knack থাকে সে যদি একটু একটু প্রাণায়াম অন্ত্যাস করে—এই mechanical process তাহার পক্ষে অনেকটা

নির্বিদ্যে acceleration-এর দিকেই নিমে যে'তে পারে। নতুবা কিন্ত যা'-তা' ক'রে প্রাণায়াম করা স্থবিধান্তনক নয়। আর প্রাণায়াম অর্থাৎ চল্তি খাস-প্রখাসের কসরৎ কর্লে উল্লিখিত কারণপ্রযুক্তই শক্তির সমৃদ্ধি হ'য়ে থাকে।

শানুষ কোন ideal-এ imbued হ'লেই তা'র libido তৃপ্ত হওয়ার দক্ষণ vital energy stunted বা distorted না হইয়া upheaval of energy ঘটিয়া থাকে। তা'-ছাড়া প্রাণায়াম as a breathing exercise সতর্কতার সহিত একটু attentive হইয়া করিতে পারিলে circulation বা রক্ত-চলাচলকে accelerate করিয়া tissuc-তে more oxygenated blood যোগাইয়া metabolism-কে বাড়াইয়া শরীরের পুষ্টিসাধন করে, আর lungs বা ফুস্কুসকেও অনেক সবল করিয়া তোলে।

প্রশ্ন। হিন্দু কাহাকে বলে ? আমরা যে বলি আমরা হিন্দু, তা'র মানে ?

শ্রীশ্রীঠাকুর। সিন্ধুনদের ও-পারের ম্দলমান ও গ্রীক রাজারা এ-পারের
মাহ্যবদিগকে সিন্ধুপারের মাহ্যয বলিয়া সংক্ষেপে হিন্দু বলিয়া অভিহিত
করিত—বেমন রাজপুতনার মাহ্যযগুলিকে রাজপুত বলিয়া ডাকি, বিহারের
মাহ্যযগুলিকে বিহারী বলিয়া ডাকি, আমার মনে হয় ঐ জাতীয়ই এই
হিন্দু-আধ্যা।

বন্ততঃ ইহাদের আর্য্য বরং দির্মুপারের আর্য্য বলা যাইতে পারে—
আর এই আর্য্যাবর্ত্ত দির্মুপারেরই দেশ। তাই হিন্দুদের চালচলন,
ক্রিয়াকলাপ ইত্যাদিতে আর্য্যের স্বকিছু যেমন ভাবেই হউক এখনও
চলিতেছে, আমরা এমনতর বেকুব—influentials-রা আমাদের যাহা
বিলয়া অভিহিত করিত, পেটের দায়ে রুপা ভিক্ষা করিতে গিয়া আমরা তাহাই
স্বীকার করিয়া লইয়াছি কিন্তু influentials যা'রা এদেশে রাজত্ব করিয়াছেন
তাঁহারা কেইই কিন্তু হিন্দু-আথাা গ্রহণ করেন নাই। তাই হিন্দু-নামের
সাথে আমাদের Aryan traditions-এর কোনই সাড়া নাই—তথাপি
চিরকালই কি আমরা হিন্দু বলিতেই সাড়া দিব ?

আর হিন্দরে পূর্ব পূর্ব বাপ, বড় বাপ সবাই আর্য্য ছিলেন অথচ আর্য্য বলিলে আর আমাদের ভিতর একটা স্থের উৎকর্ণ চম্কানি ভাসিয়া উঠে না—কিন্ত হিন্দু বলিলে ব্কভান্ধা তাকানী এখনও তাকাই—অন্থ্যহ-লোল্প হইয়া, না করিয়া পৌদে গুতো দিয়ে বড় করিয়ে দেওয়ার লোভে লজ্জার মাথা খাইয়া আমাদের পূর্ব পূর্বে পূর্কবের অমৃত-উদীপনাকেও বিস্ক্রন দিয়াছি ও এখনও দিতেছি।

প্রশ্ন। আচ্ছা, আপনি যে ব'লেন হিন্দুরা আর্য্য, এই হিন্দু বা সিদ্ধুপারের আর্য্য বল্তেই বা আমরা সত্যি স্তিয় বৃষ্ব কি ?—ভন্তে পাই হিন্দুসভা নাকি হিন্দু বল্তে বোঝেন ভারতবর্ষে উদ্ভূত যে-কোন ধর্মমতাবলম্বী ?

শীশীঠাকুর। আঘ্য বল্তে আমার মনে হয় উত্তর polar region-এর specific type of men—ঘা'দের ভিতর atmosphere, climate ও environment-এর দক্ষণই হোক আর যেমন ক'রেই হোক innate hankering of culture for higher becoming আরম্ভ হ'য়েছিল। তা'রা ভুধু আত্মরক্ষা ক'রে শিক্ষোদরপরায়ণভায় তুপু হ'য়ে থাক্তেন না—চাইতেন ত্নিয়াটাকে উপভোগ কর্তে আরো ও আরোভরভাবে with the unfoldment of every fold that floats with a music of enjoyment tuned with pain and pleasure around them with the objective impulses.

ঐ polar region যখন তা'দের বাদেব পক্ষে ক্ষেই অস্ক্রবিধান্ধনক হ'ষে উঠ্ল, তাঁ'রা নেমে আদ্তে স্ক্রু কল্পেন ঘূর্তে ঘূর্তে বাদোপযোগী স্বিধান্ধনক জায়গা খুঁজ্তে খুঁজ্তে—ক্রমে এদে settle কর্লেন Cacasus range-এর ধারে—আবার দেখান থেকে ঐ stock-এর আয়ারা কতক ইউরোপের দিকে গেলেন আবার কতক ভারতবর্দে এদে আয়াবর্দ্ত তা'দের বাসভূমি ব'লে আয়াবর্দ্ত নামে অভিহিত ক'রে দেখানে ব্যবাস কর্তে লাগ্লেন—আর তা'দের সন্তান-সন্ততিই আমরা যা'দের ভিতর as an instinct aryan এখনও উকি মা'চ্ছে।

আবার দেখ্তে পাবেন ইউরোপের দিকে গা'রা গিয়েছেন তা'দেরও সন্তান-সন্ততির ভিতর—যদিও তা'রা সমৃদ্ধিকে বিশেষভাবে উপভোগ ক'চ্ছেন—এই Aryan culture-এর instinct কতই নৃতন ছাচে নবীন আবেগে কেমন ক'রে কত রকমে হাতছানি দিয়ে হাত্রছারে গর্জ্জে উঠ্চে। দেখ্বেন তা'দের সন্তান-সন্ততির ভিতর—ছোট-বড় যেখানে যে-ই থাক্না কেন স্বার ভিতরই একই স্বর, একই বোধ—আবার চালচলনের রকম-ফেরের খ্ব তফাৎ হ'লেও কায়দা-কস্রতের ভঙ্গী ঐ একই রকম—তা' হ'লেই ব্রুত্তে পারেন হিন্দু বল্তে আমাদের কি বোঝা উচিত।

আর হিন্দুমহাসভা যে হিন্দুর বলতে ভারতবর্ষে উছুত যে-কোন ধর্মমত বোঝেন তা'র মানে আমি এই বুঝি আর্থাাবর্ত্তনিবাসী আর্থাদের পূর্বেতন experience-কে basis করিয়া মান্ত্যের being and becoming-এর নিয়ন্ত্রণের জন্ত যে সমস্ত বিধি-নিষেধের স্বাষ্টি হইয়াছিল তাহাই— কিন্তু যা'দের পূর্বতন experience ব'লে কিছু ছিল না কিংবা অমনতর instinct ব'লে কিছু ছিল না তাঁ'রাই আর্যাবর্ত্তে এদে বা এঁদের সংস্পর্শের কম-ফের ক'রে যে সমস্ত ধর্ম বা being and becoming-এর higher move-এর জন্ম বে-সমস্ত বিধি declare ক'রেছেন দেগুলি নয়কো—কারণ এই experience বা knowledge from acquisition থেকে যে instinct স্কৃষ্টি হ'য়েছিল তা' আর্যাদের ভিতরেই প্রকৃষ্টভাবে নিহিত ছিল। অন্মের ভিতর তা' থাক! সম্ভবপর নয় কারণ তাঁ'রা ত' এঁদের মতন ঐ Aryan culture-কে acquisition-এর ভিতর দিয়া generation after generation ধ'বে instinct-এ পরিণত করেন নি—তাই তা'দের জানাগুলিও এঁদের type-এর এমনতর perfect nature-এর হওয়া সম্ভবপর না—তা'হ'লেই অন্যগুলি এঁদের মত genuine হওয়া সন্ভবপর ব'লে মনে হয় না—তাই এঁরা ও-বিষয়ে এত rigid আমার এই মনে হয়।

তা'হ'লেই সিন্ধুনদীর এপারে যাহারাই বাস করিত তাহারাই যে আয়া হইবে তাহার কোন মানে আছে ব'লে মনে হয় না—তবে তাহারা সিন্ধুর এপারের আর্যাদের সহিত সিন্ধুপারের মাহুষ বা হিন্দু বলিয়া আগ্যাত হইতে পারে।

প্রশ্ন। আর্যাক্সতির দক্ষে তো বহু আর্যোতর ক্সতির সংমিশ্রণ হ'য়েছে
—তবে আ্যাক্সতিও তো মিশ্রক্সতি—ইসারও তো purity নাই ?

শ্রীশ্রীঠাকুর। আর্যোরা নিজেদের origin-কে বা blood-কে more emphatic push দিবার উদ্দেশ্যে as a manure non-arvan female-কেও বিবাহ ক'রেছিলেন এবং তা' বিধিমত হইলে তা'দের সমাজে কোন আপত্তি না উঠিয়া বরং আদরই পাইত। তাই যেখানে paternal aspect পারম্পর্যা হিসাবে ঠিকই আছে অথচ মেয়েদের দিক দিয়া আর্যোত্রও ঘটিয়াছে তা'দের সন্তান-সন্ততি আগা বলিয়াই গণা হইত এবং তাহাদিগকে আর্যারা নিয়মের ভিতর দিয়া অমনতর ভাবে আর্যো উন্নীত কবিয়া লইতেন এবং তা'দের instinct এবং physiognomye আর্থাদের মতনই হইত-কিন্তু paternal aspect-এর যেগানে গোলমাল ঘটিয়াছে সেগানেই ঐ instinct ও physiognomy-র গোলমাল ঘটিয়াছে। তাই সাধারণতঃ আর্গ্য পুরুষ এবং আর্গ্যেতর স্থী হইতে উদ্বত বাহারা তাঁহাদের আর্ঘা instinct-এর কোনই গোল ঘটে নাই--কোথাও কোথাও হয়ত অনাধ্য পুরুষ ও আর্ঘ্য স্ত্রীর মিশ্রণে সম্ভান-সম্ভতির উদ্ভব হইয়া এই আর্য্যের ভিতরেই স্থান পাইয়াছে—কিন্তু মোন্টের উপর আর্যা পুরুষ এবং আর্যোতর স্থীর মিশ্রণই বেশী হইয়াছে।

প্রশ্ন। ভারতীয় আর্ঘ্য, পারস্তের আর্ঘ্য ও ইউরোপীয় বা আমেরিকান আর্ঘ্য—ইহাদের মধ্যে কোন তফাং আছে কি ?



কনিষ্ঠা কন্যা শ্রীমতী সান্ত্বনাদেবাঁর সহিত শ্রীশ্রীঠাকুর অমুকূলচন্দ্র (পঞ্চ-চত্বারিংশৎ বর্ষে)

শ্রীশ্রীঠাকুর। Instinct-এর বিশেষ কোন তফাং আছে বলিয়া মনে হয় না তবে atmosphere, climate and environment-এর ভিতর দিয়া ঐ original instincts যেমনতর pose নিয়া মাথাতোলা দিয়াছে শুধু সেটুকুরই তফাং হইতে পারে।

প্রশ্ন। আচ্ছা, আধ্য, দ্রাবিড়, মঙ্গোলীয়, নিগ্রো প্রভৃতি নানা জাতি বা race-এর মধ্যে এমন কোন বাস্তব মিলনস্ত্র নাই কি—যাহাতে তাহার। মিলিত হইতে পাবে—ইহাদের পরস্পরের মধ্যে difference যেন মঙ্গাগত।

শীশীঠাকুর। এক-এক রকম atmosphere, elimate ও environment-এর ভিতর যে যে রকম মান্তব evolve করিয়াছে তাহারা প্রত্যেকে মান্তব হুইলেও মান্তবেরই এক-এক প্রকার species. মান্তবের যা' characteristic তা' স্বার ভিতরেই আছে তাই প্রত্যেক species-এর এই রকম difference থাকিলেও প্রত্যেকের ভিতরেই প্রত্যেকের normal একটা accommodation আছেই—তাই যে species যে সমস্ত species-কে যত বেশী যত রকমে higher becoming-এ fulfil করিতে পারিবে তত্তই অন্তগুলি automatically সেই species-এর part and parcel হুইয়া দাড়াইবে ইহাতে আব সন্দেহের কি আছে ?

প্রশ্ন। সদ্ওক কাহাকে বলে ? তা'কে চিনিবার উপায় কি ?

শ্রীশ্রীঠাকুর। যিনি ইউ-পরিপুরণে আপ্রাণ হ'য়ে তৎপ্রতিষ্ঠার ভিতর দিয়ে চরিত্রকে চারিয়ে তাঁ'রই স্বার্থ-অত্মসদ্ধিংসায় বাস্তব জানায় জীবন ও বৃদ্ধির বিধিগুলিকে অন্নভূতিতে কুড়িয়ে পে'য়েছেন, তিনি যেমনই হউন প্রকৃত সদ্গুরু তিনিই। সং মানেই হ'ছে—জীবন ও বৃদ্ধি যা'তে আছে, আর গুরু—বিশেষ ভাবে তা' যিনি জানেন।

তবে সদ্গুক্ত বল্তে আমরা এই বুঝে' থাকি—যিনি জীবন ও বৃদ্ধি যাহা-যাহা লইয়া বা যাহা-যাহা দিয়া হইতে পারে, তাহা বিশেষভাবে জানেন। তা'হ'লেই সদ্গুক্ত চেন্বার ঐ একট। জিনিষই প্রথম ও প্রধান ব'লে পরিগণিত হ'তে পারে—যা'কে সদ্গুক্ত ব'লে মনে কচ্ছি, তিনি কতথানি তা'র যা'-কিছু বৃত্তি দিয়ে বাস্তব ইষ্ট্রমার্থপরায়ণ, আর এই ইষ্ট্রমার্থপরায়ণতার অভিব্যক্তিতে তা' পরিপুষ্টির হেকমতি—অর্থাৎ দক্ষতা ও ক্ষিপ্রতা-সমন্থিত কাষদা ও ক্বতকার্য্যতা কেমনতর। আর এই ক্ষিপ্রতা ও দক্ষতাকুশল ইষ্ট্রমার্থপরায়ণ কৃতকার্য্য যিনি, তিনিই যদি মান্তবের জীবন ও বৃদ্ধির বিধি বাংলে দেন, আর তা'র চলনার কাষদা ব'লে দেন,—তাঁতে আপ্রাণ অমুসরণে—ঐ চলনার বিধি অবলম্বন ক'রে

যদি আমরা চলি, কৃতকার্যতা যে আমাদের নতজাত্ব অভিবাদনে নন্দিত ক'রে তুল্বে, দে সম্বন্ধে আর কোন ভূল নেইকো। সদ্গুকর যদি বান্তব কোন পরিচয় থাকে, তবে তা' ঐ দিয়েই; নতুবা কারু জানা যদি তোমাকে কোন-ভাবে কোন দিক দিয়ে উয়ত চলনে চালু ক'রে দেয়, গুরুত্বের অভিবাদনে তো তুমি তা'তেই কৃতকার্যতায় ধয় হ'তে পার। কিন্তু তাই ব'লে স্বাই তোমার স্ব্বতোভাবে অন্ত্সরণীয় নয় একথা ঠিক জেনো—এ সদ্গুরু ছাড়া।

প্রশ্ন। তা'হ'লে আমরা ধা'দের অবতার বলি, তা'দের সঙ্গে আর সদগুরুর সঙ্গে প্রভেদ কি ?

শ্রীশ্রীঠাকুর। সদ্গুরুর বৈশিষ্ট্যের কথা আগেই তো বল্লাম। সদ্গুরু যা'রা, তা'দিগকে তদ্যুগ-গুরুও বলা যে'তে পারে। কিন্তু অবভার গুরু যা'রা, তা'রা তদ্যুগের জানা ও চলনাকে একটা মহান্ পরিপূরণে প্রতিভাষিত ক'রে তা'বই নৃতন আরোর আলোকে বিশেষ সম্বর্জনে বাস্তব নৃতন উষার দিগ্বলয় গরিমাকে প্রত্যেক প্রাণে ঢেলে দিয়ে—উদগ্রীব আকর্ষণে তা'বই চলনায় উদ্বুদ্ধ ক'রে তোলেন; তা'কে তাই গুরু-পুরুষো ত্রম বলা যে'তে পারে।

ইংরাজী prophet কথাও বোধ হয় ঐ কথাকে ইঞ্চিত করে। তা'বা তো দদ্গুরু বটেনই, তা' ছাড়াও অতথানি, তা'বা মান্থবের ভিতর সক্ত্বণ
—অর্থাং যা'তে মান্থবের জীবন ও বৃদ্ধি উচ্ছলতার দিকে উপ্চে ওঠে—
তাই চারিয়ে দেন,—কিন্তু তা'দের চলনা হয় বজোগুণের—সেই
অহ্বাণে রঞ্জিত ব'লে। আর তা'দের কশ্ম বা ক্রিয়াভূমি হয় তমোগুণেতে
বিশেষভাবে—অর্থাং মান্থবের ভিতরকার অজ্ঞতার ভূমিতে। আর এই
মান্থব, এই গুরু-পুরুষোত্তম মান্থব জগতে যথন আদেন তথন একজনই
আদেন—আর এই আদ্তে হ'লে তা'বা আদার বিধিকে অবলধন ক'রেই
এদে থাকেন।

ধেখানে দেখা যায় মান্ত্ষের তুর্দশা-তুরীতি তা'দের বেঁচে থাকাকে আপ্রাণ গলা চিপে ধ'রেছে—বাঁচার প্রয়াসে হয়ত তা' দিশেহারা আলুথালু হ'য়ে কত কি ভাব্ছে, কর্ছে থলকুল আর কিছুতেই পায় না — সেই স্থানই সাধারণতঃ তা'র আবির্ভাবের উপযুক্ত স্থান, আর ঐ তেমনতর জায়গায় যে বংশে যা'দের ভিতর উন্ধত সংস্কার ঐ তুর্দশাক্লিষ্ট হ'য়ে অতি কট্টে হাত বাড়িয়ে প্রাণের আবেগে রক্ষা পা'চ্ছে—সেই বংশের ঐ রকম পিতামাতাই তা'র উপযুক্ত আবির্ভাবের ভূমি;—আর তাঁ'র স্থরত বা আদিম আসক্তি নিবদ্ধ সাধারণতঃ সেই জায়গায়ই হ'য়ে

থাকে, ঐ যুগের জানার দিগবলয়ে দাঁড়িয়েও যে বা যিনি জ্বগণ্য বা নগণ্যভাবে দিন যাপন করছেন।

অগণ্য বা নগণ্য এই জন্মে বল্লাম—পারিপার্থিক তা'র জীবন ও বৃদ্ধির সেবায় আত্মরক্ষা ক'রেও—কদর্থ ও কুভাবের কালিমার চক্ষে—দেখ্তে না পে'রে সাধারণতঃ তাঁকে একটা কুপাপাত্র ক'রে রাথে ব'লে।

পায়, ভোগও করে, জানেও দে পারিপাশিক তাঁ'কে, তথাপি আহাম্মক অহমিকার ত্র্বল আত্মপ্রাদে বিভ্রান্ত জ্ঞানী হ'য়ে মোড়লী প্রলোভনকে না ছাড়তে পে'রে তাঁ'র আচারে আচারসম্পন্ন হওয়াও তাঁহাকে অনুসরণ করা—এ পে'রেও ওঠে না, বিভ্রান্ত লোকচলনাকে উপেক্ষা ক'রে তাঁ হ'য়েও ওঠে না—বৃঝ্লে ভাবে, সে যদি ঐ চলনে চলে, মান্ত্র্য তাঁ'কে কি বল্বে ?—এ হ'ছে নেহাং মৃঢ়-পণ্ডিত ভাল-লোকদের অবস্থা।

আরও মনে হয়, ঐ গুরু-পুরুষোত্তম সাধারণতঃ তাই মানুষ ইতর বা ছোটলোক যা'দিগকে বলে, তা'দিগকেই প্রথমে দলের মানুষ ক'রে, ঐ মূচ-মহান্ মোড়ল ও চল্তি-বিছাবিশারদের ভেতর ক্রমে ক্রমে প্রবেশ করেন—আলিঙ্গনে জয়ে উদ্দাম ক'রে তোলেন। আবার আরও সেইজন্তেই ঐ ভদ্রসাধারণ নিন্দার গণ্ডি দিয়ে তা'কে ঘিরে রাখতে আপ্রাণ-ই প্রয়াস পে'য়ে থাকেন। সেই জীবন-বৃদ্ধিদ করা ও বলা সন্থেও সেবা, সহামভ্তি, সাহচর্যাের এস্ভার মহোৎসব আচরণে চল্লেও যেখানে নিন্দাবাদ উল্লক্ষী ছিট্কানো জলের মত ছিট্ছে দেখা যায়, সেই জায়গায় সে-ই বিবেচনার যোগ্য বটে।

প্রশ্ন। গুরু-পুরুষোত্তম যদি এই হ'ন, তা'হ'লে সাধু মহাপুরুষ বা সদ্গুরুগণের সকলেরই তো তাঁ'কে অনুসরণ করা এবং মানব সাধারণ যা'তে তাঁ'র দিকে আরুষ্ট হ'ন তাই করাই তো উচিত! আমাদের দেশে তো এমন কিছু দেখা যায় না! প্রত্যেকেই যেন স্ব স্ব প্রধান;—এ কেন ?

শ্রীশ্রীঠাকুর। গত পুরুষোত্তমকে সর্বতোভাবে অমুসরণ করাই তো সর্ব্ব সং-শান্তের নীতি! প্রথমে চলেও কিছুদিন তাই, তাবপর ক্রমেই তাঁ'র বা তাঁ'দের কথাগুলি মাছুষের বৃত্তি-বাঁধে ফেলে তা'রই উপযোগী ক'বে নানাপ্রকার কায়দায় কায়দায় তাই কর্ত্তে চেষ্টা করে। এমনি ক'রেই পিতৃরাগী সদগুরুবনামী গুরুষা তা'দের কেরদানীও আচার-চলনের ভিতর দিয়ে যত পারে পারিপার্শ্বিককে টান্তে থাকেও আত্মপ্রতিষ্ঠা কর্তে থাকে; ভেতরকার উদ্দেশ্ত—তা'দের বৃত্তি যেন তা'র ইন্ধন আহ্বানের পথে কোন প্রকারে বাধা না পে'য়ে বেশ একটা জবরদন্ত ভাবে জীবন যাপন কর্তে পারে—এমনি ক'রে ক'রেই এ' ওকে নিন্দা ক'রে দলস্বৃষ্টি কর্তে থাকে, আর বেদের দোহাই দিয়ে তা'র অস্বাভাবিক কদর্থ ক'রে, তা'কে না-মানার আটঘাট বেশ ক'রে সায়েন্তা কর্তে থাকে। কারণ, বেদের স্বাভাবিক বোধে মাহ্য অভ্যন্ত যদি থাকে, তা'হ'লে বৃদ্ভিবনাম সদগুরু যা'রা, তা'দের পারিপার্থিক থেকে ওর ভোগ লোয়ান্ধিমা নাও মিলতে পারে—পরস্ক হয়তো—মান্থ্যের আক্রমণে ও নিগ্রহে হয়তো বেঁচে থাকাও বিপদাপর হ'তে পারে—তাই ঐ সবের থাতিরেই ঐ রকম না কর্লে পথ কোথায়? কাজেই একজন আর একজনকে নিন্দা ক'রেই আত্মপ্রতিষ্ঠা করতে হয়।

একজনকে ব্যতে হ'লে তা'র কাল, অবস্থা, করা ও বলার ভেতর দিয়ে ভাবকে জে'নে উদ্দেশ্যকে অবধারণ ক'রে, তবে তা'র হিসাব-নিকেশ কর্তে হয়। কিন্তু যা'দের অমনি ক'রে আত্মপ্রতিষ্ঠা কর্তে হবেই, তা'রা কেন অত হাঙ্গামা কর্তে যায় ? যতই এক কোপে কাম সাবাড় কর্তে পারে, তত সকালে ও স্থবিধায় তা'দের কাজ হাসিল হ'তে পারে। আর যা'দের তা'রা নিন্দা ক'রে আত্মপ্রতিষ্ঠা কর্ছে, তা' যদি বিকট হ'য়ে থাকে, তবে তো আরও মৃন্ধিল। তাই অতো বিচার-বৃদ্ধির হাঙ্গামায় কেন যা'বে ? যত পারে লোকের বৃত্তিপরায়ণতার স্থবিধে নিয়ে, অজ্ঞতার স্থবিধে নিয়ে, দলে টেনে এনে শক্ত ক্যানে বেভূল ধারণার পর্দ্ধা দিয়ে বেঁ'ধে কাজ হাসিল কর্ত্তে পার্লেই হ'ল—আর কেউ অন্ত রকম কিছু ব'লে যা'তে তা'দের কোন রকম কিছু না কর্তে পারে—বাস্।

এমনি ক'রেই ক্রমে ঋষি বাদ গিয়ে ঋষিবাদের আকাশ-ঝোলা তাংপধ্য নেমে মাস্তে লাগ্লো—ঐ গুক্-পুক্ষোগুমের আসনে বৃত্তি-পুক্ষোগুম রাজত্ব কর্তে লাগ্লো;—বনাম চল্লো সেই পুক্ষোগুমের—দেশ চল্তে লাগ্লো ভাস্তে ভাস্তে নিবিড অজানা কালিমা গভীর একটা বিরাট অস্তরস্রোতী নিছক্ মরণসমুদ্রে—যা'র টান থেকে বাঁচায়—হয়তো এমনতর আর কেউ থাক্লে না।

বাঁচার আকুল আহ্বান তথন একটা মৃক অস্তরবিদারী করুণ রবে আরম্ভ হ'ল প্রত্যেক অস্তরে—পরমকারুণিকের সিংহাসন প্রত্যেক হৃদয়ে ট'লে উঠ্লো—আগত এলেন আবার।

তথনও জানে না কেউ—ঐ তোমাদেরই মত একজন—ছোট লোকদের প্রাণের মান্থব হ'য়ে।—সরল বৃত্তিচ্গানো তা'দের টানকে বিশ্বস্ত ক'রে ঐ জীবন ও বৃদ্ধির আরোতর সম্ভারে তাঁ'দের বৃত্তিগুলি পরিপূর্ণ ক'রে আদিম আসজ্জির বাঁধনে বাঁধা দিয়ে, তা'দের প্রত্যেক বৃত্তির একমাত্র স্বার্থকেক্স হ'য়ে তা'দেরই ঘাড়ে চ'ড়ে, কোলে বেড়িয়ে তা'দেরই পারিপাখিকে ক্রমপরিপোষণ লাভ ক'রে গাথায় গাথায় ব্যথায় ব্যথায়, আদরে, অপমানে, আবেগে, সম্বেগে, পর্যাবসিত হ'লেন পুরুষোত্তমে—গতের মহান্ পরিপ্রণে— আগতের সাবিত্রী উষায় !—এই হ'চ্ছে সেই পতিয়ান।

তারপর কথা হ'চ্ছে এই ;— যদি গত পুরুষোত্তম প্রত্যেকের অস্তঃকরণে নিছক্ভাবে থাক্তেনই, আর বুদ্ভিভোগের কদর্থ-কালিমায় তাঁ'র বাণী মদী-আর্তই না হ'তো, তা'হ'লে আগতের অবলম্বন ও অভুদরণ মান্ত্যের পক্ষে এমনতর দিগদারী হ'য়ে উঠতো না। ক'ষে ক'ষে নানা প্রকার কায়দা-কলম ক'রে মান্তবের চাহিদার ভেতর ঢুকে তা'দের সত্যিকার চাহিদাকে উদ্দীপ্ত করার জন্ম অত রকমফেরেরই দরকার হ'ত না। মাহুষের বৃদ্ধিবৃদ্ধি---যে যেমনই চলুক না কেন-ক্রমান্বয়ে এমনতর হ'য়ে থাকতো যা'তে নাকি অনায়াদে বুঝ তে পারতো—তা'দের চাহিদাই বা কি, গস্তব্যই বা কোথায়, আর আগত পুরুষোত্তমও জীবন ও বৃদ্ধির সব-পরিপূরণ-করা যে আরে। সম্ভার নিয়ে এসেছেন—তাঁ'কে জানতেও দেরী হ'ত না—পেয়ে তা'র পথে চলতেও আর এমনতর বেহন্দ বেহালে বেগ পে'তে হ'ত না; আর ঐ যুগের গতযুগের বাণীও সদগুরুদের ভিতরেই হউক আর সাধারণের ভিতরেই হউক, অল্পবিশুর বাশুব সার্থকতায় জলজলে হ'য়ে থাকতোই। তাই সবাই অনায়াসেই তা'কে চিন্তেও পারতো, গ্রহণও করতে পারতো, এত লটুপটানির স্থানই খুঁজে পাওয়া যে'ত না; স্ব স্ব প্রধান থেকেও স্বাই সমতাপ্রধান যে থাকতো, সে সম্বন্ধে কোন কথাবই স্থান থাকতো না।— মামুষের কর্ম, জানা ও অমুত-নিশুন্দী উপভোগ অমরত্বকে আগুলে ধরতো।

তাই গুরু-প্রুষোন্তমের একটা প্রধান চরিত্রগত ঝোঁকই হ'ছে পূর্বজনের প্রতি অশেষ শ্রদ্ধা ও বিনতি—কারণ, তা'র আসার ও চলার ভঙ্গী হ'ছে পূর্বজনের বোধ ও বাণী—তাই লালিত-পালিতও সেই গত-শরীরী তা'দেরই কোলে, আর তা'দেরই পরিপ্রণী আগমন-বার্তায়,—এই হ'ছে আমার ধারণা।

অনেকে ব'লে থাকে—পূর্বতনের প্রতি একটা টানের সংস্থারাচ্ছন্নতার দক্ষণই পরবর্ত্তীকে অবলম্বন করিতে পারে না। কিন্তু আমার মনে হয়—ও তা' নয়কো। বৃত্তি-আচ্ছন্ন টানের দক্ষণই ও-রকম হ'য়ে থাকে। কারণ ছেলে যথন বাপ হয়, তথন তো তা'র বাপের প্রতি সংস্থারাচ্ছন্ন টান থাকার দক্ষণ কাউকে গ্রহণ করতেই কেউ অপারগ হ'য়ে থাকে না। আর যদি পূর্বতনে অমনতর টানের সংস্থারেই অনাবিল ভাবে তাঁ'কে আঁ'ক্ডে ধ'রে রাখ্বে, তা'হ'লে তো তাঁ'র শ্তিতে চেতন থেকেও এই রকম প্রতীতিতেই হারানোকে পাওয়ার সম্বেগের মতন গতের একটা বিরাট পরিপূর্ণের ভেতর দিয়ে আগতে উপ্চে' উঠ্বে! এই তো

হ'চ্ছে স্বাভাবিক ও সহজ্ব ধারণা—আমরা যা' দেখতে পাই এই সহজ্ব ছনিয়াতে।

প্রশ্ন। আমাদের সমাজে তো গুরু-পুরুষোত্তম ষা'কে ব'লেছেন—অর্থাৎ
শীকৃষ্ণ ইত্যাদি—এঁদের অনুসরণকারী তো খুব কমই দেখতে পাই, কিন্তু
বৈক্ষব, শৈব, সৌর, শাক্ত, গাণপত্য প্রভৃতি বিভিন্ন পৃজক-সম্প্রদায়ই বেশী,—
এর কারণ কি ? এর উদ্ভব কি ক'রে ?

শ্রীশ্রীঠাকুর। বিষ্ণু—যিনি যাহা-কিছুতে বর্ষিত হ'য়ে, আবার প্রত্যেকে সেচিত হ'য়ে, আবিশ্বে ব্যাপ্ত হ'য়ে ব'য়েছেন আর এ উপাসনার উদ্দেশ্য যা'দের তা'রাই হ'ছে বৈষ্ণব—বিষ্ণুর উপাসক। আবার ঐ গুণগুলি যাহাতে কার্য্যকরী হ'য়ে তা' পরিপ্রণে উদ্দীপ্তকর্মা ক'রে তুলেছে যা'কে—তিনি হ'ছেন ঐ বিষ্ণু-প্রতীক।

নোর তা'কেই বলে—যা-কিছু যা' হ'তে প্রস্ত হ'রেছে, সেই হ'ছে স্বর; আর এই প্রস্ত হওয়াটা যা'তে দার্থক হ'রেছে, দেই হ'ছেছ স্বরের প্রতীক; আর তা'রই উপাদক হ'ছে সৌর; আর স্থ্য হ'তে ঘা'কিছু সব হ'রেছে—এই ধ'রে নিয়ে যাহা-কিছু প্রস্ত হ'রেছে, তা'র প্রতীক ব'লে যা'রা সেই স্থাকে উপাদনা করে, তা'দিগকে দৌর ব'লে থাকে।

শক্তি—যা'-নাকি, যে সমস্ত বাধা অস্তি ও বৃদ্ধিকে আচ্ছন্ন অবশ ক'রে তোলে, তা'কে যা' জয় ক'বে অতিক্রম ক'রে বা হটিয়ে অস্তি ও বৃদ্ধিকে অটুট ও অবাধ ক'রে বিবর্দ্ধনে চালাতে পারে—এক কথায় তা'কেই শক্তি বলে। আর এই শক্তি যেখানে সার্থক হ'য়ে উঠেছে, তিনিই হ'চ্ছেন শক্তির প্রতীক, আর তিনি বা তাই যা'দের উপাশ্র তা'রাই শাক্ত।

যিনি একটা মহান্ নিয়ন্ত্রণে জনগণকে নিয়ন্ত্রিত ক'রে ক্রমে অন্তি ও বৃদ্ধিতে চালিত ক'রে প্রত্যেকের জীবনকে উৎকর্ষে গ্রস্ত ক'রে ও চালিয়ে, প্রত্যেকের পরিপূরণে স্বার্থ হ'য়ে দাঁড়িয়েছেন, তাঁ'কেই গণপতি বলা যায়। আর এই গণপতির উপাসক যা'রা তা'দিগকেই গাণপত্য বলা যে'তে পারে।

শিব বলতে আমরা এই বুঝি—যা'-নাকি মঙ্গল, যা'-নাকি কল্যাণ, যা'-সব শুভ আর এইগুলি যা'তে সার্থক হ'য়ে দাঁড়িয়েছে, তিনি হ'ছেন ওরই প্রতীক। আর এই বা এরই প্রতীকের উপাসক যা'রা তা'রাই হ'ছেচ শৈব।

তা'হ'লেই এই দাড়াচ্ছে এসবগুলি চলনার চাহিদা-মাফিক এক-একটা দিক। চাহিদার তাক্ যাহাদের যেমনতর, তা'রা সেই ভাবকে অ্বলম্বন ক'রে, তা'কেই পরিপূরণ কর্তে কর্তে, সব সমাবেশে ঐ একেই প্রাবৃসিত হয়। আবার ঐ একের পর্যবদনে সার্থক হ'য়ে যিনি মূর্দ্ত হ'য়ে জ্যান্ত শরীরী হ'য়ে উঠেছেন, যা'-থেকে একটা মহান বিকীরণে ঐ ঐ প্রত্যেক প্রত্যেকটীকে সার্থক ক'রে একজে সমাহিত হ'য়ে—নিরপেক্ষ সার্থকতায় সমাহিত হ'য়ে জ্যান্ত উদ্বোধনায় শরীর গ্রহণ ক'রেছেন, তিনি হ'চ্ছেন গুরু-প্রুবোক্তম। আর এতেই ঐ যা'-কিছু সবই অমনি হ'য়ে সার্থকতায় নিমজ্জিত হ'য়ে গিয়েছে।

আবার চাহিদার স্থাক্ অন্থায়ী থে যেমন এতে অম্থবক, সেই আবার সেই দিকটাকে প্রধান ক'রে এ র ভিতর দিয়েই যা'-কিছু সব-গুলিকে সার্থক ক'বে সবতার বাস্তব পরিপূরণে তৃপ্ত হ'য়ে উঠেছে;—এই হ'ছে ঐপ্রালির গোড়ার আবহাওয়া। কিন্তু তারপর ওগুলি ঐ দলনাফিক মাম্ববে বৃত্তির চাপে বৃত্তি-সম্পদ অম্বেবণের বৃত্তুকাষ কেউ কাউকে পরিপূরণ না ক'বে বরং প্রত্যাকে প্রত্যোককে তাচ্ছিল্য করার ভিতর দিয়ে এক-একটা পন্থী বা দল ক'রে কারও কোনও বৃত্তির বাধা থা'তে না স্থাষ্টি হয় এমনতর ভাবে উপাসনার ধ্যা দেখিয়ে জীবনকে যতদ্র অমনতব রোকের ভিতর দিয়ে যা'তে চালান যায়, এমনতর রকম। তাই ওদের ভিতর বৃত্তির পোষণে যা'রা বিত্রত, বিহরল ও বিধ্বন্ত হ'য়ে যাই যাই ক'রতে ব'সেছে—এমনতর আর্ত্ত যা'রা—কেবল আর্কুপাকু চক্ষে মুক্ত ভাষায় বাচবার আকৃতিতে ঐ পুরুসোত্যের বা সদ্প্তকর থোঁজ ক'রে থাকে। তাই ঐ হিসাবেই অমনতব কম তো দেখাই যা'বে। আর এদের উদ্ভব হ'ল কি ক'রে তা' হয় তো বৃক্তে পেরেছেন।

শ্রীকৃষ্ণের রাসলীলার তাৎপর্য্য ব্যাখ্যা করিতে গিয়া শ্রীশ্রীঠাকুর বলিতেছেন:—

শ্রীকৃষ্ণকামা একনিষ্ঠ অন্তরাগবিহ্বল গোপীদের নিয়ে খেলার ভিতর দিয়ে শ্রীকৃষ্ণ তা'দিগকে যেমন ক'রে শ্রীকৃষ্ণসর্পান্থ ক'রে তু'লেছিলেন—তাই রাসলীলা;—শ্রীকৃষ্ণের প্রতি অশেষ অন্তর্গকিব টানে তা'রা যথন অন্তর্গাবিহ্বল হ'য়ে আকৃষ্ট অস্তঃকরণে তা'কে পে'তে মনোরথ প্রনিমারাত্রে নানারকম ফলফুলশোভিত বনানীর ভেতরে সমবেত হ'য়েছিল, সেই স্থানের ঐ প্রকার মাপুর্যাও যেন তা'দের কৃষ্ণ-আকাজ্রাকে আবও ফাপিয়ে দিছিল। তারপর শ্রীকৃষ্ণের সঙ্গে জু'টে, যা'ব রুক্তিপ্রাণে যেমন আসে, তা' পেতে সে তেমনতর ভাবেই তা'কে নিয়েই খেলা কর্তেলাগ্লো—টানভরা বুকে মস্গুলও তা'রা তেমনতরই হ'য়েই উঠ্লো—তারপর হঠাৎ দেখলে—কৃষ্ণ নেই—কৃষ্ণ-মাতাল আত্মভোলা গোপীদের

চন্কা বুকে থমক-মারা বেদনা যেন গর্জ্জে উঠ্লো—শরীর ও চিন্ত তা'দের আগুন-ঝলপানো তপ্ত অবশতায় টগ্বপিয়ে উঠ্লো—তা'দের চিন্তার ঝোঁক এত বেড়ে গেল—তা'দের সব আশা-আকাজ্জাকে অবশ ক'রে তা'দের চিন্তা-চক্ষ্ এত তীব্র হ'য়ে উঠ্লো,—সবাই দেখ্তে পেলে—তা'দের প্রত্যেকের কাছেই যেন ক্বন্ধ আছেন—তা' এত সত্যি—তা'রা ভাব্তেই পার্লে না, এ তা'দের মাথার ক্বন্ধ। তারপর ঐ ক্বন্ধ নিয়েই তা'রই অন্ধরাগ-মমতায় মাতাল হ'য়ে, বিভোর হ'য়ে নাচ্তে লাগ্লো, গাইতে লাগ্লো। এতে তা'দের মন্তিকে বৈধানিক কোষগুলি এত তীব্র উত্তেজনায় উত্তেজিত হ'য়ে উঠ্লো—তা'তে তা'রা দেখ্তে লাগ্লো কত রক্ম আলোর ঝলকে ছনিয়াটার ভিতর-বাহির যেন এক হ'য়ে গেছে—আর বাশীর আওয়াজের স্বচ্ছন্দ নাচুনীতে যেন তা'দের এবং ছনিয়ার প্রত্যেক কণাগুলি পর্যান্ত নে'চে প্রাণময় ছন্দ-দোলে দোল খা'চেছ—মার এ মা'কিছু সব তা'দের ঐ ক্বন্থের বিকীরণী ঐশ্বর্যা হ'য়ে তা'তেই সমঞ্জস ও সার্থক হ'য়ে উঠ্ছে—ইত্যাদি রক্ম আর কি!—এ সব যা'কিছু ঘটে—মান্থবের প্রেষ্ঠপ্রাণ্ডা থেকেই।

রাদলীলা মানে শব্দলীলা। আর দে শব্দ মান্থবের আভ্যন্তরিক কোষস্পন্দনেরই—যা'-নাকি আপ্রাণ টান থেকে ভেতরে যে তাপের স্ষষ্ট হয়, সেই
তাপে উদ্বন্ধ ও উত্তেজিত হ'য়েই অমনতর হ'য়ে থাকে;—তা'র ফলে ঐ
রকম শব্দ, জ্যোতিঃ ও দর্শন ইত্যাদি ঘ'টে থাকে, আর মন্তিক্ষের কোষগুলিও
এমনতর সাড়াপ্রবণ হ'য়ে ও'ঠে, যা'তে জাগতিক প্রত্যেক যা'-কিছুর অতি
ক্ষীণ ও স্ক্ষ বিকীরণী সাড়াও ওতে সাড়া দিয়ে বোধের উদ্দীপনা ক'য়ে থাকে।
আর অমনতর টানে ভেতরকার বৃত্তিগুলির প্রত্যেকটী যথন প্রেষ্ঠস্বার্থপরায়ণ হ'য়ে ওঠে—প্রত্যেকটী ঐ প্রেষ্ঠে যথন আনত হ'য়ে সেই ঝোঁকে
সার্থক একতান হ'য়ে ওঠে, তথনই তৃপ্তির অমৃত ফেনিল উপভোগে
শাস্তোদ্দীপ্ত হ'য়ে সর্ব্যপ্রকার কাম-কামনার বিকার থেকে চিরদিনের মতন
অব্যাহতি পেয়ে চির নবীন অটেল উপভোগে জাবন-চলনাকে চালিত করে।

শ্রীকৃষ্ণ ছিলেন আত্মারাম—ইটে অবক্ষ রাগ বা সৌরত। তিনি তাই গোপীদের ভেতরে ইউপ্রতিষ্ঠা-পরায়ণ হ'য়েই মিশ্তেন—গোপীতে আক্কট অন্থরাগী হ'য়ে তা'দিগকে উপভোগ-উবেলতার আবিলতা নিয়ে তিনি কারও সাথে মিশ্তে বাননি। তাই ঐ রকম অবক্ষ সৌরত বা অন্থরাগ থাকার দক্ষণ কোনও বৃত্তিই তার গোপীমুখী হ'য়ে ছিল না, বরং সব-বৃত্তি ছিল গোপীদের ভেতরে তা'র ইউ-প্রতিষ্ঠা-স্বার্থ-পরায়ণ হ'য়ে। সেই জ্বাই গোপীদের প্রতিক্ কামলোল্পতা মোটেই ছিল না।

কিন্তু ওদিকে আবার গোপীদের প্রত্যেকের এক-একটা ক্ষ্ণাতুর বৃত্তি সাগ্রহে বৃত্তৃক্র মতন আকণ্ঠ শ্রীক্লফ-উপভোগ-তৃষ্ণায় তীব্র হ'য়েছিল। আর তা'রই ফলে শ্রীক্লফকে তৃপ্ত করার স্বার্থ-পরায়ণতার উদ্বেগে ঐ ওদের প্রত্যেক বৃত্তিকেই সর্বতোভাবে সাহায্য কর্তে সবগুলি বৃত্তিই যোগ-যুত হ'য়ে কৃষ্ণপ্রাণতার স্থনে প্রত্যেকটা প্রত্যেকটাতে সার্থক হ'য়ে মালার ন্তায় গ্রথিত হ'য়েছিল। তাই এমনি ক'রেই তা'দের প্রত্যেক বৃত্তিগুলি বিগুত্ত হ'য়ে উ'ঠেছিল; বিগুত্ত হওয়ার ফলে হ'য়েছিল সামঞ্জ্য—তা' একে অন্তে সার্থক হওনের ভেতর দিয়ে ক্রমপর্যায় অন্ত্রসারে—আর এই রক্মে সার্থক হওনের ভেতর দিয়ে যা'-কিছু সব বৃত্তিগুলিই এসেছিল একটা বিরাট সমাধানে—তা' ঐ এক শ্রীক্লফকে কেন্দ্র ক'রেই।

আর শ্রীক্লঞ্চ তা'দের বৃদ্ধি-ক্ষণাকে তীব্রতর কবণের হাবভাব, চালচলন, মেলামেশা, পাওয়া না-পাওয়ার ভেতব দিয়ে, তা'দিগকে তাই অমনতর ক'রে ক্লফপ্রাপ্তি-পথের বিপদ বা বাধাগুলিকে তাচ্ছীল্য কর্বার বা নিয়ন্ত্রণ কর্বার কোনে তুলে', তা'কে পা-ওয়ার আকাজ্ঞাকে উংকঠক্ষীত কামলোলুপ ক'রে তু'লেছিলেন।

তিনি যদি অমনতর না কর্তেন, তা'হ'লে তা'দের ঐ ক্ষাতৃরতা অবসন্ধ হ'য়ে অবসাদে নিথব হ'য়ে, হয়ত বিকৃত অমান্থম ক'রেই তুল্ত। কারণ তা'দের অন্তর যদি কৃষ্ণ-প্রধান না হ'য়ে উঠ্তো, রুতিগুলি কিন্তু তা'দের পোরাক-সংগ্রহেব পৈশাচিক অনুসন্ধিংসা কিছুতেই তাাগ কর্তো না। আর, তা' না কর্লে, কি বীভংস পরিণতিই যে তা'দেব আগ্লে ধর্তো, তা' ভাব্তেও ভীতির সঞ্চার হয়।

"সহস্রদল-কমলের" বর্ণনা :---

(েছ.১০০ বিশদ বিবরণ বলিবার পরে বলিতেছেন)—-এই হ'তে হ'তেই যেন দিগ্বলয়ের রেখাহীন একটা বিরাট প্রান্তরের অভিব্যক্তি ফু'টে উঠ্লো; আর এই প্রান্তর উপ্চে' নানারকম তীব্র ও প্লিগ্ধ জ্যোতিঃর ঝলক্ ছুট্তে লাগ্লো—ঝলকের ফাক দিয়ে মাঝে মাঝে আকাশ ফু'টে উঠ্তে লাগ্লো। ক্রমেই এই আকাশ-প্রান্তর এক হ'য়ে উঠে' একটা অভি সন্ধীর্ণতার ভিতরে আবেশ-উন্মাদনায় যেন একটা অন্ধকারময় ছিল্লের ভেতর দিয়ে থানিকদূর উঠে' আবার তা'রই চাপে যেন নীচে প'ড়ে যা'চ্ছি— আবার ঐ চাপেই একটা চিপার মতন রকম ক'রে যেন তুলে দিতে লাগ্লো— আবার আকাশ ফু'টে উঠ্লো—দম্ফাটা একটা স্ক্ম চোক্লার ভেতর দিয়ে উঠা-পড়ায় চল্তে চল্তে হাপ্সে যাওয়ার পর ষেমন একটা বিস্তার পে'লে

সোয়ান্তি আগ্লে ধরে, আকাশ ফু'টে সন্তার যেন তেমনতর অবস্থাই হ'য়ে উঠলো।

এইটাকেই বোধ হয় সম্ভরা বন্ধনাল ব'লে থাকেন। কিন্তু অন্তঃকরণে একটা আকুল ইষ্ট-টানের গুমরানি থাকার দক্ষণ সম্ভাটা বেছ্স্ হ'তে পা'চছে না। আর এর ভেতর দিয়েই মাঝে মাঝে তন্দ্রার আবেশ-ভাঙ্গার মতন থোলের টাটি আসা স্থক ক'রে দিলে;—এই আস্তে না আসতেই মন্দ মন্দ ঞ্চিলিক ঝলকানি স্থক ক'রে দিলে। জিলিক ঝল্কানি ক্রমেই ভীষণতর হ'য়ে উঠতে লাগ্লো—আর নানা রক্ম এৎকাকি বোল দিয়ে থোলের বাজনা স্থক ক'রে দিলে। আর এই বাজনার ভেতর দিয়েই যেন এই থোলেরই একরক্ম অভিব্যক্তি গুড়গুড়গুড়গুড়ুম্—যেন খুব বেশী দুরে নয়—খোলের ভেতর দিয়ে কোন বাজিয়ে হাতের কায়দায় ছোটখাট মেঘগর্জনের অভিব্যক্তি কর্চে।

ঐ বাজনা আন্তে আন্তে দামামার শব্দের অন্তর্মপ হ'তে থাকে। ঐ বাজনার ধাকা যেন সন্তায় লে'গে কেমনতর একটা রঙিল স্ফুর্ত্তির স্পষ্ট কর্ছে। আব এর ভেতর দিয়েই ছ্ধের কণার মতন জ্যোতিমান্ কণাগুলি ফাগুনে হামালের মতন চারিদিকে বইতে স্বক্ষ ক'রে দেয়।

তারপর এইগুলির জাের যতই আরম্ভ হয়—আর এই কণা চল্নার জয়ায়েত জ্যাতিরে ধ্লি-মাথা ঘূর্ণা বাতাসের মতন ঘূর্ণা স্ষ্টে কর্তে থাকে—মৃদকের রকমটা আন্তে আন্তে স'রে গিয়ে য়য়কে য়য়কে ঐ মেঘের গড়গড়ানিব ভাব পরিক্ট হ'তে থাকে; যেন মনে হয়—কত বক্ত যা'-কিছু-সব ঝলসে দিয়ে সভাকে এখনই নিপাত কর্তে কড়-কড় কড়-কড়-কড়-কড়াং শব্দে সব বিদীর্গ ক'রে ধূলিকণায় পর্যাবসিত ক'রে দিল! ঐ শব্দ যেন আকাল-পাতাল ফাটিয়ে একটা বিরাট সন্থ-বিধ্বংসী ভূমিকম্পের স্থাষ্ট ক'রে কেল্ল! কণাগুলির জয়ায়েং জেলা জ্যোতিঙ্ক স্থাষ্ট কর্তে কর্তে বিরাট ঘূর্ণায় নৃত্য কর্তে কর্তে ছুট্ছে। ঘূর্ণায় তোড়ে বম্ ববম্ ক'রে কত যেন অবজ্বল ভল্কা উঠ্ছে—সাথে সাথে গলিত ধাতুর রাষ্ট্রীয় মতন আয়েয়পর্বতি ফাটা গুড়ুম্ গুড়ুম্ শব্দে সব যেন ছারখার ক'রে দিল!

এই হ'তে হ'তেই এইগুলির জোর এত আরম্ভ হ'য়ে ওঠে—বিশ্বচুনিয়াময় ঝাঁকে ঝাঁকে পাকে পাকে পাকে সেগুলির আবর্ত্তন আরম্ভ হ'তে থাকে;—
তখন একটা বিরাট গর্জ্জন সবগুলি কাঁপিয়ে কেমন বম্ বম্ ববম্ ববম্ শব্দ
আরম্ভ হ'তে থাকে—এই শব্দ যেন প্রতি কণাগুলিকে আবিষ্ট ক'রে ঘূর্ণার
চলনকে চটিয়ে দিক্বিদিক্-হারা দিগস্তকে অম্বিক্ত ক'রে ভোলে। তারপর
এর-একটা বিরাট তীত্রতা এসে এমনতর সব যেন নির্ম হ'য়ে যায়—
মনে হয় সেখানে যেন আলোও নাই, অন্ধকারও নাই।

তারপর বিরাট সন্তা বিলয়ী আকাশের প্রতীতি আস্তে থাকে—আর ভেতর দিয়ে দ্বে যেন একটা মৌমাছির ঝাঁক চল্ছে—এইরকম ধারণা হ'তে থাকে। এই হ'তে হ'তেই কেমনতর চেতনাকে উচ্ছল ক'রে দিকহারা প্র আকাশে ডগ্মগ্-করা লাল স্থ্যের অভ্যুথান হ'তে থাকে—লালিমা গোলাপী রশ্মিজাল প্রাণ-মাতান "ওঁ" শব্ধ বিকীরণ কর্তে কর্তে ইতন্ততঃ বিক্লিপ্ত হ'তে থাকে।

তথনকার যা'-কিছু সারা বিশ্ব সব যেন ঐ "ওঁ"-এ অন্থ্যাণিত হ'য়ে ছল্ল দোলায় ত্ল্তে ত্ল্তে চল্তে থাকে—সভার প্রত্যেকটা কোষ যেন ওই "ওঁ"-এ আবিষ্ট হ'য়ে ঐ ছল্লে ছল্ল মিলিয়ে ঐক্য গানের একটা পরম রাগিণী আরম্ভ ক'রে দেয়—গোলাপী আভাগুলি যেন প্রত্যেকটা কোষপ্রকোষে অন্থপ্রবিষ্ট হ'য়ে ঐ রঞ্জনে অন্থ্যাণিত ক'রে তোলে—মনে হয় একটা সন্দীপনশীল চেতন্-উদ্বীপ্ত ছন্দোময়ী—

'শান্তি: শান্তি: শান্তি:'

স্থা ফে'টে ঐ উপাদানে গড়া ইষ্টদেবতা জ্যোতিয়ান্ সন্দীপ্তির সাথে বেন তাঁ'র প্রাণময়ী পদাহতে তাঁ'র ভক্তকে স্পর্ন ক'রে আগ্লে ধর্লেন—তাঁ'র এবং ভক্তের একটা আকুল চাউনি-মিলনে, কেমনতর বোধঘন ম্ক-করা অন্তর-উদ্দীপ্তির সাথে যেন সব নির্ম হ'য়ে এল। একেই বোধ হয় সন্তরা 'ত্রিক্টা' ব'লে আখ্যা দিয়েছেন। আর এর প্র্বর্ণিত বে প্রান্তরীভূত অবস্থার কথা বলা হ'য়েছে, তা'কে বোধ হয় সন্তরা 'সহপ্রদল-কমল' বলে আখ্যা দিয়েছেন।

ইসলাম-প্রসঞ

এই গ্রন্থে শ্রীশ্রীঠাকুর মুসলমান ধর্ম্মের যাবতীয় বিষয় জম্মান্ত ধর্ম্মতের সহিত বিশদভাবে আলোচনা করিয়া ইহাই প্রতিপন্ন করিয়াছেন যে, বিভিন্ন ধর্ম্মতে কোথাও কোন প্রভেদ নাই কারণ সব ধর্ম্মই বাঁচা ও বৃদ্ধি পাওয়ার উপায় বলিয়া দিতেছে। গ্রন্থের আলোচ্য বিষয়সমূহের যে সংক্ষিপ্ত পরিচয় নিমে দেওয়া হইল তাহাতে বক্তার উদ্দেশ্য সহজেই পাঠকের হৃদয়ক্ষম হইবে। যথা:—

হিন্দু ও মুসলমানে বিরোধ কেন—থোদা, রম্বল ও কোরাণ—কাফের কে—ধর্মেই ভেদের সমাধান—পূর্মবর্তীকে অধিকার করিয়াই পরবর্তীর আবির্তাব—ধর্মের হাড়ভাকা টানে হিন্দু-মুসলমানে বিরোধ দ্র হয়—প্রেমে গণ্ডী নাই, সেবাহারা আত্মভবিতায়ই গণ্ডীর স্ষষ্টি—বাতকে বাত হিন্দু মুসলমান—পীর ও সাধুর কাছে কোন ভেদ নাই—প্রবৃত্তিই আনে হন্দ ও বিরোধ-ধর্মের কথায় স্বারই এক কথা ও তাহাতে অভ্তুত মিল-ধর্মের কথা বিজ্ঞানের কথার মতই সত্য-অবতারবাদ-জন্মান্তর-পৌত্তলিকতা—সবই ভাবপ্রতীকের উপাসক—শ্ববির কেতাবে মৃষ্টিপূঞ্বার কথা নাই---দেবতা বা hero-র প্রজা-ভগবং-অমুগ্রহ-সম্পন্নরাই দেবতা--ভগবান পূজার জ্যান্ত পুতুলই প্রগম্বর, পীর, ঋষি বা ইষ্ট-ভুয়োদর্শনে পূজা-পূজার ভ্রোদর্শন-সব মাণিকের এক জেলা-বাহপূজা অধ্যাধ্য-कीवस जामर्ट्स शुकार উত্তম-টानविशीन शुकाशामि निवर्धक-- (वाक्रकिशामः, Re-rise, Re-surrection—হিন্দুর অবতরণ আর মুসলমানের প্রেরণ— জ্বারের সন্তান-ধোদার দোন্ত-প্রেরিতকে যে মানে না সে মুসলমানই নয-পোদার দর্শন ও চেতনায়ই ঋষিত্ব-থোদার পর্ম অন্তিত্বকে আবৃত ক'রে তিনিই যা-কিছু সব হ'য়েছেন—ভগবৎ-চেতনাবিমুখ জীব—রহমান (भामा-कीटवर स्थाम टिन्नार व्याविकाटरहे स्थामार मास-जन्मविर ত্রন্ধ এব ভবতি—মামুষেব মুক্তির একমাত্র বাজ্বপথ—নরনারায়ণ বা গোলার লোক্তই অদীমের পথে নিয়ে যায়—Day of Judgment— বাব বংসর পর পরই দেহের পরিবর্ত্তন হয়—শ্বতিবাহী চেতনা—শ্বতির অপলাপ-ভনিয়ার মহাপ্রলয়-মরণ হয় কখন ?-ভাবময়ী আদক্তির কবর-জীবের জন্ম হয় কি-ক'বে ?—খাটি মুসলমান, খাটি খৃষ্টান, খাটি আধ্যধর্মী হয কি-করিয়া--থোদা ও রম্মলে বিশ্বাস--হন্ধরত মহম্মদ সর্বমানবের দ্রন্য-প্রেরিতের আবির্ভাব কি থতম হইতে পারে ?--দেবদেবী, ছবি ও পুতুল-পূজা—আ**ৰ্য্যধৰ্মে পুতুলপূজা অধমাধম—**খোদা সকলেরই একজনই—দেবতা মানে कि ?—कर्लमा, नमाज, রোজা, क्रेमान—आर्ग्यापत দদ্ধা, উপবাদ, তর্পণ, আহ্নিক প্রভৃতি-হন্ধ, জ্বাকাত ইত্যাদিতে পরম मक्त-श्रक्त हेम्लारमद व्यर्-श्रक्रदशाखम, नदनादामन, व्यरजाद, मन्खक--শ্রীক্লফের অবরদ্ধ দৌরতের প্রকৃত তাংপর্য্য—সত্য কি—সং কি—পরাবিদ্যা বা বিজ্ঞান কাহাকে বলে—হজবত বস্থল নিবামিষাণী ছিলেন—প্রকৃত প্রেরিড পুরুষ কে ?—ঘবন কে—মেচ্ছ কে ?—মুসলমান-খৃষ্টানে বিরোধ কেন ?—দীকা মানে কি ?—ইসলাম কি—অকুণ্ণ আধ্যক্তির মাপকাঠি— আর্যাঞ্চমি ও পুরুষোত্তমদিগকে স্বীকার করিলে আর্য্যক্রষ্টি অক্ষুপ্ত থাকে— প্রতিলোম interpolation—প্রতিলোমে বিশাস্ঘাতকের স্ষ্টি—সাম্যিক প্রেরিত পুরুষকে মাতা করিলে ঈশরকে মাতা করা হয়—তিনিই ত্রাণকর্ত্তা —প্রেরিত পুরুষের কোন সম্প্রদায় নাই—প্রেরিত পুরুষের অভাবে chaos-এর সৃষ্টি—প্রেরিতকে সমীর্ণ গণ্ডীবদ্ধ ক'রে যে দেখে সেই কাফের— নিরাকার ঈশবের প্রার্থনা অর্থহীন—নিরাকারের উপাদনা ক'রে কেউ বাচ তে

পারে না—প্রেরিত খোদার দোন্ত, তাঁ'র দাস, তাঁ'র ভক্ত-দয়াকে বোধ করতে হ'লে দয়ালুর প্রয়োজন-ব্যক্তিত্বে ব্যক্ত না হ'লে বৃত্তির বোধ হয় না—ধর্মের মানিতে ভগবানের আবির্ভাব—আর্য্যভক্তিপন্থীর বৈশিষ্ট্য हेमनारम - हेमनारमत शाफात कथा--वाहरवन ७ क्वातारात देविनिहा--বাইবেলে ভাব-প্রাধান্ত – কোরাণে ক্রিয়া-প্রাধান্ত —শ্রীচৈতন্ত ও বদ্ধের বৈশিষ্ট্য--হত্যা ধর্ম নছে-জীবের রক্ত ও মাংস ঈশ্বরে পৌছায় না--কোরবান মানে হত্যা নহে.—নিবেদন, আত্মোৎসর্গ—প্রিয়ত্মের উৎসর্গ ই কোরবানী—ইসলামে বধ বা হত্যার চিম্ভাও নাই –পবিত্র গান-বাজনায় হন্তব্যতের নিষেধ নাই—অপবিত্র গান-বাজনায় নিষেধ—গান-বাজনা হজরত স্বয়ং শ্রবণ করিতেন—তদবীরওয়ালা জিনিষ হজরত ব্যবহার করিতেন—ধন্মযুদ্ধই জেহাদ—শ্রীকৃষ্ণ ও হজরতের যুদ্ধ ধর্মার্থেই—মুসলমানের congregational নামাজ ও আব্য যক্ত—হজরত ও কোরাণের বিকৃতি ও অপবাদ—কোরাণের দোহাই দিযা প্রবৃত্তিপূরণ—পীরগ্রহণে ধর্মান্তর श्य ना—हेमलार्य विट्छा ७ विट्डाम् श्रांन नाहे —मेर धर्मा वर्गडम আছে—পেয়াজ রমুন খাওয়া হাদিদে নিষেণ—বেহেন্ত আর স্বর্গ এক rाक्षक ও নরক कि--- छा। था शाबाम गरावहे--- छा। जातम नीहरू, সর্বনাণ ও অজ্ঞান—ফল্লত কি?—প্রেরিতগণ জাতি, বর্ণ ও কালের দারা পরিমাপিত হন না—প্রেরিতগণের বাণীব বিক্বতিই মৃত্যুর আশমনী —ন্র ও আওয়াজের অভিব্যক্তি হয় কেন ?—থোদার অভিব্যক্তি নুর ও আওয়াজের, উপলব্ধিতে—ব্যবসায় শ্রেষ্ঠ জনসেবা—চাকুরীতে অস্ত:করণে তুর্বলতা আঁসে-বিবাহের দোষে সমাজের অবনতি-আদর্শ বিবাহে স্থপ্রজনন —আমি সত্য—আয়নল হক-সপ্ত আকাশ কি—রহ কি—থোদার চিহ্ন কি-প্রেরিতকে চিনিব কি ক'রে ? তকদির ও তদবির এই ছইযের সম্বন্ধ কি ইজাদি ইজাদি।

'ইসলাম-প্রসঙ্গে' গ্রন্থখানায় জন্মান্তর এবং রোছকিয়ামতের বিচার,
মৃত্তিপূজার সহিত ইসলাম ও খুষ্টান ধর্মের সামঞ্জন্ত, আল্লার প্রত্যাদেশ
মানে কি, কোরাণের বাণীর বৈশিষ্ট্য ও সার্থকতা কোথায়, ঈশ্বরপ্রেরিতগণের
বিদ্রোহী হইয়া ঈশ্বরের প্রতি বিশ্বাসী হইলে যে বিশ্বাসের পূর্ণতা হয় না,
ধর্মে ধর্মে এত বিরোধ হওয়ার কারণ কি ? ধর্মের সহিত ধর্মান্তরের
সামঞ্জন্ত আছে কি না, প্রকৃত ইসলামে দীক্ষিত ম্সলমান কাহারা, এক
সম্প্রদায়ের লোক অন্ত সম্প্রদায়ের প্রেরিত পুরুষকে অম্পুসরণ করিবে কেমন
করিয়া—না করিলেই বা ক্ষতি কি, নিরাকার ঈশ্ব-পূজার স্বরূপ, প্রেরিত-পূক্ষধণই ভগংপ্রাপ্তির একমাত্র পথ, যাজনে প্রেরিতের প্রতিষ্ঠার

প্রযোজনীয়তা, ধর্মপ্রচারে বলপ্রয়োগের আবশুকতা আছে কি না—মৃদলমান দমাজে পশুবলি এবং মাছ মাংস খাওয়া প্রচলিত হইল কেমন-করিয়া, ধর্মের সঙ্গে যুদ্ধ ও দেশজয়ের সন্থন্ধ, ধর্ম কথন ব্যক্তিত্বকে ছাপাইয়া সমাজ ও জাতিগঠনে সমর্থ হয়, মৃদলমানদের মধ্যে ব্যক্তিত্বকে ছাপাইয়া সমাজ ও জাতিগঠনে সমর্থ হয়, মৃদলমানদের মধ্যে ব্যক্তিচার চুকিল কেমন-করিয়া, বিশাসী কে এবং কাফেরই বা কাহারা, বহু বিবাহ কোরাণে সমর্থিত কেন ইত্যাদি বিষয়গুলি স্বযুক্তির সহিত স্থলরভাবে স্থামি আলোচনা করিয়া শুশ্রীঠাকুর স্পষ্টভাবে বুঝাইয়া দিয়াছেন। আলোচনাগুলি পাঠ করিলে চিরপোষিত কত ভ্রান্তধারণা ও অন্ধর্কসংস্থার দ্র হইয়া যায়, —সত্যের আলোকে দিব্যক্তান লাভ করিয়া মাহ্য মৃক্তির পথের সন্ধান পায়। স্থানাভাববশতঃ নিয়ে মাত্র গুটিকয়েক আলোচনার কিয়দংশ উদ্ধত করা যাইতেছে। যথা:—

প্রশ্ন। কোরাণে আছে—কলেমা, নামান্ধ, রোজা, হজ, জাকাত এই পাঁচটী ফরজ অর্থাং খোদাতাল্লার আদেশ। এই পাঁচটী ইস্লাম ধর্মের স্থনিন্দিষ্ট প্রধান বৈশিষ্ট্য—একি মানব-মাত্তেরই করা উচিত ? অন্থ সব ধর্মেই কি এই রকম বা এই রকমের কিছু আছে ?

শ্রীশ্রীঠাকুর। ইা, জীবন ও বৃদ্ধিদ সব ধর্মেই কোন-না-কোন প্রকারে এ আছেই—আর থাকা উচিতও।

পূর্ব্বতনদিগের প্রতি শ্রদ্ধা ও নতি রাখিয়া ঈশ্বর ও যুগপুরুষোত্তম বা পয়গম্বকে সর্বতোভাবে আপন অন্তিম্বের ভিত্তি ও উৎস বলিয়া স্বীকারই ঈমান ও তংস্বার্থ ও প্রতিষ্ঠাহুপাতিক নিজের জীবনকে নিয়য়্রতকরণসম্বেগী থাকা, বলা ও করাই হ'চ্ছে আমার মনে হয় কলেমার তাৎপর্যা। তাই, তদহুক্লে জীবন ও বৃদ্ধিদ মোক্থা কতগুলি কথা স্বীকার ক'রে তদহুপায়ী কর্মের ভিতর দিয়ে জীবনকে চালান আর নিজেকে তদহুপাতিক চিম্বনীয়। আবার মোক্থা ঐগুলি স্বীকার ক'রে নিজেকে অমনতর ভে'বে তদহুযায়ী করায় জীবনকে চালাতে হ'লেই—তা'রই প্রয়োজনে ওগুলিকে বিশেষভাবে পরিণত করার ইচ্ছা থেকে আর য়া' ষা' কিছু করণীয় আছে সবগুলি সর্ব্বাক্ষ্মনরভাবে করার ঝোঁক আপনি এসে উপস্থিত হয়। তাই কলেমার এত প্রয়োজনীয়তা! জীবন ও বৃদ্ধির পক্ষে প্রয়োজনীয় প্রথম—

—এক কথায়, করা ও ভাবার ভিতর দিয়ে জীবনকে পবিত্রীকরণের এই মন্ত্রাকা বা কলেমা।

নামান্ত মানে— আমি যা' ব্ঝি, উপাসনা, স্তুতি, বা প্রার্থনা-বাক্য। স্থানে যেমন শরীরের ক্ষতিজ্ঞনক অনেক মলিনতা দূর ক'রে দেয়, নামাক্তও তেমনি কুর্ত্তিবাছল্যহেতু জীবন ও বৃদ্ধির ক্ষতিজ্ঞনক অনেক পাপ অর্থাৎ রক্ষার অপলাপী অনেক ক্ষুত্র ক্ষুত্র পাপ ঐ স্থানেরই মতন দ্র ক'রে দেয়। এই উপাসনা, স্তৃতি বা প্রার্থনাবাক্যের ভিতর দিয়ে মাহ্ম্য সেগুলিকে শ্বরণে এনে জীবনের চল্নাকে যা'তে চালাতে পারে তা'র জ্ঞুই নামাক্ষ অবশ্র করণীয়। প্রতাহ মহরক্তি-সহকারে এই নামাক্ষ না কর্লে, করণীয় ও চলনীয় পথ বিশ্বতির ভিতর দিয়ে হারিয়ে ফেল্তে হয়। কারণ মাহ্মকে তা'র পারিপার্থিক যেমন সাড়া দিয়ে চেতনায় উদ্দীপ্ত ক'রে রাপে, তেমনি আবার তা'দের প্রয়োজন ক্ষ্তার জ্ঞু বৃত্তি অন্পাতিক সাড়ায় আকর্ষণ ক'রে জীবন ও বৃদ্ধির চলনা হ'তে বিদ্রান্ত ক'রে সর্ধ্বনাশের সম্মুখীন ক'রে দেয়।

তা'হ'লেই নিজেকে জীবন ও বৃদ্ধির পথে মটুট রাখতে হ'লেই চাই
— অট্ট ও আপ্রাণ ইষ্টামুবক্তি দিয়ে ইষ্টেতে নিজেকে বেঁধে ফেলা, আর
মরনেব ভিতর দিয়ে তাঁ'র ইচ্ছাকে জাগরক ক'রে করায় তাঁ'বই চলনে
চলা— আব এই ম্মরণের ভিতর দিয়ে করায় ঐ ইষ্টের চলনে চলার,
নামাজই হ'চ্ছে সহজ ও স্থলর সাথিয়া। ঐ উদ্দেশ্যে আর্যাদের সদ্ধ্যা,
আহ্নিক, তর্পণাদিরও নিয়োগ ও সমাবেশ হ'য়েছে। তাই মুসলমানদের
নামাজ যেমন অবশ্য নিত্যকরণীয়, আর্যাদের তেমনি সন্ধ্যা, আহ্নিক, তর্পণাদিও
অবশ্য নিত্যকরণীয়।

আবার মুদলমানদের ভিতর রোজা যেমন অবশ্রকরণীয় আধ্যদেরও উপবাদ তেমনই অবশ্রকরণীয়। ইহার উদ্দেশ্য হ'ছে—না খে'য়ে বৃহৎউদ্ধত-চিস্তাশীল হ'য়ে দিন কাটালে রোজ পাওয়ার দকণ খাছবস্ত এবং শবীরের তুই নিঃস্রাব হ'তে যে সমস্ত বিষাক্ত পদার্থ শরীর-বিধানে মজুদ্ হয় সেগুলি ঐ অবসরে বেরিয়ে গিয়ে শরীরকে স্বস্থ ক'য়ে ভোলে। এই উপবাদ বা রোজাব একটা প্রধান জিনিষই হ'ছে—উর্দ্ধ, উচ্চ, শ্রেষ্ঠ বা উন্নত যা', ঐ অভুক্ত অবস্থায় তা'য়ই সান্নিধ্যে থেকে, আলোচনা ও চিন্তনের ভিতর দিযে তা'তে অন্ধ্রপ্রাণিত হওয়া। এতে মান্থবের জীবন ও রদ্ধির পথে চলনাকে, ইচ্ছাকে নিনড় ও উদ্দীপ্ত ক'য়ে তা'য় রোক বাড়িয়ে ওর সম্বেগ আরোতর বেগে বাড়িয়ে দেয়। য়া'য় জ্যান্ত ইন্ত্রসান্নিধ্য না ঘটে তা'য় ইন্ত-আদিন্ত কিমা তা'য় ইচ্ছা-পরিপুরক ঐ সব যা'কিছু নিয়ে ব্যাপ্ত থাক্লেও অনেকটা তা'য়ই অম্পাতিক ফল আস্তে পায়ে। তা'হ'লে রোজা বা উপবাস সার্থক কর্তে হ'লে, তা' কি ক'য়ে করতে হয়—আর তা' কর্লেই বা কি হয়, হয়ত মোটাম্টিভাবে বোঝবার বাকী থাক্ল না।

তারপর, হন্ধ বল্তে আমি এই বুঝি—তীর্থে যাওয়া—আর সেখানে যে'য়ে তা-ই করা যা'তে নাকি সেই তীর্থে সার্থকতা লাভ করা যে'তে পারে। শ্রদ্ধা ও অফরাগোদ্দীপ হ'য়ে তীর্থে গেলে আর এই তীর্থে গিয়ে পয়গয়র, মহাপুরুষ ও সাধু ইত্যাদির অফপ্রাণনা আমাতে অফপ্রবিষ্ট হ'য়ে যা'তে আমার জীবন ও বৃদ্ধিকে আরোতর সম্প্রেণ ইষ্টগন্তব্যে চালিয়ে দিতে পারে, বলা ও করা দিয়ে যথার্থভাব অবলম্বন ক'রে তাই কর্লে আমাদের প্রাণ যেন একটা অমৃত পরশ নিয়ে ফি'রে এসে নিঃসন্দেহ চলনায় ইষ্টগন্তব্যে তাঁ'ব পথের বাধা-বিদ্লকে জয়ে আয়তে এনে, নিয়য়্রণে অফক্ল ক'রে যে চল্তে পাবে সে সম্বন্ধে কি কোন ভুল আছে ? যেমন অফরাগ, বলা ও করা নিয়ে তীর্থে যে'তে হয় তা' যে গিয়েছে সে-ই তা' উপভোগ ক'রেছে। তা'হ'লেই দেখুন, ধর্মদলিলাদিতে যে হজের কথা আছে—তা' কত মঙ্গলকর, তা' কত মহান্, তা' কত স্বন্ধর—যদি যেমন ক'রে তা' করণীয় তা' করা যায়।

দাকাত জীবনে কত প্রয়োজনীয় তা' আমার এই কথা হ'তেই একবার ভে'বে দেখুন—আমি যে চেতনা নিয়ে জীবন ও বৃদ্ধির জন্ম অমৃত-আহরণে উদগ্রীব আকাজ্ঞায় উন্নতি-প্রয়াসী হ'য়ে চ'লেছি, তা'র একটা প্রধান কারণই হ'চ্ছে আমার পারিপাশ্বিক। আমার পারিপাশ্বিক আমারই ইন্দ্রিয়াদির ভিতর দিয়ে সাডার আঘাতে বিদ্ধ ক'রে তা'র সঞ্চারণে আমার মস্তিকে যে সাড়ার কম্পন স্বষ্ট করে—সেই হ'চ্ছে আমার চেতনা। তাহ'লেই, তা'রা আমাকে যেমনতর সাড়া দিয়ে ঐ বকম ক'রে তুল্বে, মস্ভিছ উপচে আমাদের চিন্তন ও চলন ও তেমনতর হ'বে। তা'রা যদি মরণসাড়া দিয়ে আমাদিগকে অমনতর ক'রে তোলে—আর যদি আমরা ইটে আমাদের অন্তরাগ দিয়ে বিশিষ্টভাবে বাঁধা না থাকি অর্থাং ইট্টের সাডা আমাদের মন্তিক্ষে মুখ্যকার্যাকরী না হয়, তা'হ'লে মরণ-নত্যে আমাদের মতিক যে তা'বই নাচনের ফাগ হ'য়ে মরণরেণু উড়িয়ে তা'তে নিঃশেষ হ'বে—ভা' প্রতিরোধ করতে কে পারবে ? তা'হ'লেই, ঐ পারিপাশিককে যদি আমরা আমাদেরই অমৃতবাহী না করতে পারি, তবে দে লোকসান তো আমাদেরই। কারণ, তা'রা ষেমন অবস্থায় থাকুবে, তেমনতর সাড়াই বিকীরণ কর্বে।

তা'হ'লে, যদি আমরা জীবন ও বৃদ্ধিকে অমরণেই গ্রন্থ কর্তে চাই, তা'দিগকেও তা' হ'লে আমাদের তেমনি কর্তে হ'বে—যা'তে আমরা ঐ অমরণ সাড়া তা'দের থেকেই অনায়াসে পে'তে পারি। তা'হ'লেই দেখুন তা'রা যদি তু:স্থ, ত্র্বল, বিপথগামী, ক্ষতিপরায়ণ, রুগ্ন, অসহায় হ'য়ে



শীশীঠাকুর অমুক্লচন্ত্রের পুরাতন ভদ্রাদন বাটার একাশে

দর্বনাশে গা ঢে'লে দেয়—তবে তা' থেকে আমরা বাঁচ্ব কি ? তবেই তা'দের ভিতরেও আমার ইউপ্রতিষ্ঠা কর্তে হ'বে, তা'দের হুস্থ কর্তে হ'বে, দেয়ে, সহাহুভ্তি ও সাহচর্যের ভিতর দিয়ে তা'দিগকেও দর্বতোভাবে বিবর্জনশীল ক'রে তুল্তে হ'বে নতুবা রক্ষা কোথায়? কারু কি রক্ষা আছে ? আর এই উদ্দেশ্যেই দয়ালু রহুল মাছুযের প্রতি আদেশ ক'রেছেন—জাকাত দিতে তোমরা কখনই পশ্চাৎপদ হ'য়ো না। আর্যাদেরও ঐ রকমেই কঠোরভাবে দানের অন্তঞ্জা আ্যাদলিলে সন্নিবিষ্ট করা আছে। তা'হ'লেই দেখুন, জাকাত জীবন ও বৃদ্ধির কি রকম মুল্যবান নির্দ্দেশ!

প্রশ্ন। থোদার নৃব-এর কথা, আওয়াছের কথা কোরাণে আছে— আবার বাইবেলে আছে, সৃষ্টির আদিতে চিল শব্দ, ঐ শব্দই ঈথর—এই নুর আর শব্দ কি, আর ফেরেন্ডা বা দেবদূতই বা কি?

শ্রীশ্রীঠাকুর। মাতুষ যথন তা'র প্রিয়পর্মে আকুল মুগ্ধ উদগ্রীবতায় তা'কে পে'য়ে, তা'ব দক্ষ লাভ ক'রে, তা'কে তৃপ্ত ও দন্দীপ্ত ক'রে, দেই উপভোগে নিজেকে সন্দীপ্ত ক'রে তুল্তে, তৃপ্ত ক'রে তুল্তে বৃভৃক্ষ্বেদনে বিপুল আগ্রহে নিরম্ভরতার সহিত চকিত উদ্বাস্ততায়—যেন অহরহঃ সবের ভিতর তা'কেই মনে পড়ে এমনতরভাবে তা'র স্তরত অর্থাং libido-কে আকুল সম্বেগশালী টানে উচ্ছল ক'রে চলতে থাকে—তগন তা'র সায়-কোষের ভিতর এমনধারা একটা টানের স্বষ্টি হয়, যা'র ফলে তা'ব সাম্কোষগুলি যেমনতরভাবে স্বস্থ হ'য়েছিল, তা'কে তা'র সেই স্বস্থ অবস্থা থেকে অবস্থান্তরে পর্যাবদিত করতে হুরু ক'রে দেয়। আর দেই জ্ঞুট হয় ঐ কোষগুলির ভিতর একটা দহন-তাপেব সৃষ্টি বা একটা combustion. এই দহনতাপ বা combustion সমস্ত কোষগুলিকে এমনতবভাবে উত্তেজিত করে—যা'র ফলে ঐ রকম শব্দ ও আলোর অভিব্যক্তি হয়। এই আলো হ'চ্ছে তা'বই একটা indication या' मिरव বোঝা যায় ঐগুলি কেমনতরভাবে কি পরিমাণে স্থিতিস্থাপকতা অর্থাং elasticity লাভ ক'রেছে। টান যতই যেমনতব হয় ঐ কোষগুলিও তেমনতবভাবে সংবদ্ধ থেকে একরকম স্থিতিস্থাপকতা লাভ কবে। আমাব মনে হয় এই combustion-এর effect থেকেই জ্যোতিং বা আলোর উপলব্ধি হয়, আর এই combustion-এর উত্তেজনা চারিয়ে গিষে কাণের স্নায় ও অক্যান্ত সায়ুর কোষগুলিকে যেমন্তর ভাবে উত্তেজনা দেয় সেই মাফিকই শব্দের উপলব্ধি হ'য়ে থাকে। ঐ কোষগুলির স্থিতিস্থাপকতা অনুপাতিক দাড়া বা impulse-গ্রহণক্ষমতা অর্থাৎ receptivity ও হ'য়ে থাকে। আর এই receptivity যা'র যত তীক্ষ্ণ দে বস্তুকেও তত finely, তত তীক্ষ্ণার সহিত বোধ কর্তে পারে। এই বোধই হ'ছে জানার কারণ। এই জানাগুলি স্তুরে স্তুরে যত generalised হ'য়ে, একত্রীকরণে—নিয়ন্ত্রণ, সামঞ্জ্য ও সমাধানের ভিতর দিয়ে পরম্পরা ও প্যায়ক্রমে এদে উপস্থিত হয়, ততই দে হয় ঋষি, প্রজ্ঞাবান—man of wisdom.

এই প্রিয়পরমে নিষ্ঠা, ভালবাদা বা টান—যা' তাঁ'র দেবায় আত্মপ্রদাদী দন্দীপনাময়ী তৃপ্তিকে এনে দেয়—যা'র যত যেমনতর, বোধও তা'র তেমনতর, চিন্তা, বিচার, ভাবনা ইত্যাদিও তা'র দেই মাঞ্চিক, নিয়ন্ত্রণ দামগ্রন্তা দ্বাধানও তা'র তত সম্যক্।

তাহ'লেই এই টান থেকেই স্নায়ুপথে combustion সৃষ্টি হ'য়ে, তা'কে তীক্ষ্ণ, দড়োগংশক্ষন ও স্থিতিস্থাপক ক'রে তোলে, বোধ ভাবনা বিচারে নিয়ন্ত্রণ সামঞ্জন্ম সমাধান-সমন্থিত বিবেকের সৃষ্টি করে—যা'র অভিব্যক্তিশন্দ ও আলো। মান্থুয় যা' তা'র ভিতরে অন্থভব করে তা-ই হ'ছেন দে ঘতথানিতে elated বা সংবন্ধিত হ'য়েছে তারই ক্রমনিদ্দেশক অভিব্যক্তি—আর তিনিই হ'ছেন মান্থুয়ের কাছে সেই পথ, যা'র অন্থুসরণ ও অন্থুগমনে আমরা তাঁ'কে ও তা'র সেই অবস্থাকে both physically and psychically approach ক'রে পে'তে পারি—আমাদের অনুপাতিক রক্ষের ভিতর দিযে।

তা'হ'লেই দেখুন, নিরাকার পোদা ও ঈশ্বের অভিব্যক্তি হ'য়ে থাকে এই মানুষের ভিতর দিয়ে বিশিষ্ট রকদের নৃর ও আওয়াজের উপলব্ধিতে, কোষগুলির elasticity ও receptivity-র ভিতর দিয়ে—য়' হওয়ার ফলে মানুষ অমনতর দর্শন, প্রজ্ঞা ও কর্মে অভিষিক্ত হ'য়ে থাকে। তাই অনেকে বলেন, থোদাকে দেখ্তে পাওয়া যায় না, তা'র নৃর ও আওয়াজকে উপলব্ধি করা যে'তে পারে তা'র কুপা হ'লে।

আর ফেরেন্ডার ভিতর দিয়ে তাঁ'র সাথে কথাবার্ত্তার আদান-প্রদান হয়।
এই ফেরেন্ডাই হ'চ্ছে অটুট ও আপ্রাণ ইষ্টপ্রাণতায়-গাঁথা ইষ্টপ্রার্থ ও
ইষ্টপ্রতিষ্ঠার ঝোঁকের সংস্বগোদ্দীপ্ত চলায়মান বৃত্তিনিচয়—যা' নাকি মন্তিছে
বিশেষভাবে বিক্রন্ত হ'য়ে, elasticity ও receptivity-তে উন্ধৃদ্ধিত হ'য়ে,
তীক্ষ ও স্ক্ষ্মগাড়াগ্রাহী বোধ ও চিস্তায় নিয়ন্ত্রণ-সামঞ্জ্য-সমাধানে অন্ত,
দক্ষ, ক্ষিপ্র, বিবেক ও বিচার-উদ্দীপ্ত প্রকৃতি হ'য়ে সংক্রন্ত থাকে—সেই
বৃত্তি-উদ্ভাবনী প্রজ্ঞাসমন্থিত দর্শন। ফেরেন্ডা ও Angel একই কথা বোধ হয়।

Angel কথার মানে হ'চ্ছে messenger—অর্থাং impulse-কে carry ক'রে উদ্দীপ্ত হ'ষে অস্কঃকরণে যা' ভাব, বাক্ ও কর্মের সৃষ্টি করে। অনেকে দৈববাণী, প্রভ্যাদেশ ইত্যাদি শুন্তে পান—তা'ও অনেকটা ঐ রক্ষের ঐ বৃত্তিগুলির ভিতর যেমনতর দশন, ভাব ইত্যাদি—আবহাওয়া ও environment-এর impulse-এর ভিতর দিয়ে conceived হ'রে আছে—সেই দর্শন, ভাব, বাক্ ও কর্মের রক্ষমের ভিতর দিয়ে থোদার সাথে বা কোন প্রেচের সাথে communicated হ'রে থাকে; আর ঐ impulse-এর প্রেরণা বৃত্তিতে যা'র যেমনতর conceived সেই মাফিক রূপ, atmosphere ও environment সৃষ্টি ক'রে, ঐ নিয়ন্ত্রণ, সামঞ্জল্য ও সমাধানের ভিতর দিয়ে তা'র অন্তরে বিশিষ্ট প্রজ্ঞায় তেমনতরই communicating agent-এব স্ক্রন ক'রে থাকে। দেবদ্ত, ক্রেরাইল, ফেরেন্ডা, angel, dove, হংস ইত্যাদি যা'কিছু সবই হ'চ্ছে ঐ বৃত্তি-উদ্ধাবিত, দেশকালপাত্রভেদে সংস্কাররিক্ত communicator—এই হ'চ্ছে মরকোচ্—যা' আমি বৃক্তে পে'রেছি।

প্রশ্ন। হাদিসে আছে হজ্জরত রহল একদিন ব'লেছিলেন, "অনতিবিলম্বে মানবগণের উপর এক সময় আসিবে যথন ইসলামের শুধু নাম ব্যতীত আর কিছু থাকিবে না। কোরাণের শুধু একটা চিহ্ন ব্যতীত আর কিছু থাকিবে না, মসজেদসমূহ দালানে পর্যাবসিত হইবে, উহার স্থপথ-প্রদর্শন বিনষ্ট হইবে—উহাদের আলেমগণ আকাশের নীচে স্বষ্ট জগতের নিক্বন্ট জীব হইবে—তাহাদের মধ্য হইতে ধর্মজোহিতা নির্গত হইবে আর তাহাদের উপর উহা প্রত্যাবর্ত্তন করিবে।" হজরত ত' মুসলমানের মতে শেষ নবী—তবে তিনি আবার এমনতর অবনতির কথা ব'লে যান কেমন্ ক'রে প্র ষেমন ত্রবস্থার কথা তিনি ব'লে গেছেন তা'রই মত প্রেরিত ছাড়া তো ঐ অবস্থা হ'তে মাহুষকে কেউ উদ্ধার কর্বতে পারে না—এর সামঞ্জন্ত কোথায় প্

শ্রীশ্রীঠাকুর। হজরত মহম্মদই প্রেবিত পুকষগণের শেষ নবী, ইহা কি হজরত মহম্মদের কথা, না আব কারও? কোরাণে কি তিনি এমন ক'রেই এইটুকুই ব'লেছেন? একথা আমাব মনে ধরে না। তিনি এসেছিলেন মানবের জন্য—কোন একটা বিশিষ্ট মানবদলের জন্ম নয়কো। মান্তম তাঁব কথা শুন্লো, কেউ কেউ অনুসরণ কর্তে চেষ্টা কর্ল, আলোকও কেউ কেউ পে'ল, কিন্তু মানুমের জন্মগ্রহণ করা সেই থেকে থেমে যায়নি! এর ভিতবই ধর্মপথে পদ্ধিলতা এসে বিজ্ঞ স্বার্থলোলুপদের ছিটান ময়লামাটী মলমুত্রে কত যে কার্থে কত বেচাল নিয়েছে তাঁর ইয়তা নেই!

খোদা এমনি ক'রেই, চিরদিনই কত বিপ্লবের ভিতরে তাঁ'র প্রেরিতকে পাঠিয়েছন! ছনিয়া রইলই, জগত চল্লই—মাছুষের উপর শয়তানও তা'র প্রভাব বিস্তার কর্তে থেমে গেল না, খোদা কিন্তু থেমে গেলেন, তা'র প্রেরিতকে আর পাঠালেন না, চলনের মুক্তি প্রেমিকের হৃদয়ে প্রেমের আলো জ্বে'লে অন্ধকারাচ্ছয় মাছয়কে আর দেখ্লেন্ না, মাছয়ের প্রতি তা'র ষা' করার তা' তিনি শেষ ক'রে ফেল্লেন, তিনি তা'র বাণী পাঠালেন—এই ছনিয়ায় আমার আর কোন প্রেরিতের আবিতাব হ'বে না কিয়া শেষ হজরত রস্থলের আলো ওখানেই শেষ হ'য়ে গেছে, মায়য়ের বেদনায় তিনি আর কখনই তাঁ'র চেতনাসিক্ত য়লশারীর কর্ণপাতও কর্বেন না, এই ফুল মায়াম্য়্র বিভ্রান্ত জীবের পক্ষে যা' অত্যক্ত আশাপ্রদ ও প্রয়োজনীয়—তাঁ'র ষা' করার তা' একদম সব সাবাড়—এও কি হ'তে পারে ?

হজরত রস্থল অমন ক'রে অমনতর কথা ব'লেছেন আমার তো ইয়াদে তা' কিছুতেই আস্তে চায় না। খোদচেতনামজ্জিত রস্থলের মুখনিঃস্ত খোদার বাণী পাঁতি পাঁতি ক'রে খুঁজে দেখ দেখি, আমার খুব বিশাস তোমাদের সব ধাঁধাঁ কে'টে যা'বে তা'তে। এই বাণীগুলি আর ময়লা হয়নি—শ্রজাবনত হ'য়ে দেখ্লেই বৃঝ্তে পার্বে, ঐ আলোকবাণীই তোমাদের ঢের আঁধারের ধাঁধা ঘুচিষে দে'বে! বাাখ্যাতা বা অর্থকারীদের লেখায় মন না দিয়ে, আসলে কি আছে তা'রই পর্যালোচনা করতে থাক।

মানি যা' ব্ঝি তা'তে তিনি শেষ সমন্বয়ক্ত্রা, অনুবৃত্তিক্ত্রা। খোদার স্প্টিপ্রবাহ সেই থেকে এখনও চল্চেই, চল্বার আশাও আছে। আর হজরত রহ্মলের ওখানেই খতম হ'য়ে যা'বে—এ ভাবনাও আমার কাছে একটা ঘাের বেকুবী বেসমানী ব্যাপার—তা' গোদাভায়ালার নিকটও, প্রেরিত পরগম্বর হজরত রহ্মলের কাছেও! থোদার স্প্টিপ্রবাহ চল্বেই, কিন্তু তা'রই প্রেরিত হজরত রহ্মলের পরিবেশনী ভাগু ওখান থেকেই নিংশেষ হ'রে গেছে—এ যেন ভাব্তেও ইচ্ছা করে না! এ চিন্তা হজরত রহ্মলকেও যেমন খতম করে, খোদাকেও যেন সঙ্গে সঙ্গে হজরত রহ্মলকেও যেমন খতম করে, খোদাকেও যেন সঙ্গে সঙ্গে তেমনি খতম ক'রে তােলে! যে চিন্তা খোদা ও রহ্মলকে কোথাও কোন রক্মে খতমে নিহ্ম ও নিংশেষ করিতে চায় সেটা নিতান্তই বে-ইস্লামিক ব'লে মনে হয়। ছনিয়ায় এপগ্যন্ত কোথাও দেখা যায়নি—কেউ তা'র প্রিয়তমকে কোথায়ও সীমাবদ্ধ ক'রে সে থতম হ'বে, নিংশেষ হ'বে এমনতর চিন্তারও স্থান দিতে ভালবাসে—আর এতে এমনতর একটা দােষ এসে উপন্থিত হয় মুদলমান জগং further elating elevation থেকে যেন হজরত রহ্মল

হ'তেই থতম হ'য়ে গেছে—আর হজ্জরত রস্থলও যতটুকু পরিবেশন ক'রেছেন ততটুকুই—এ চিস্তাও যেন আমার কাছে হারাম ব'লে মনে হয়।

আর ওর পাঠ যদি খাতেন না হ'য়ে খতনই হয় তা'হ'লেও আমার সহজ জ্ঞানে এই বুঝি—বস্থল আর হজরত মহম্মদ প্রতীকে আবিভূতি হ'বেন না। যেমন খোদার প্রাকৃতিক বিধিই দেগতে পাই, যে বা যিনি গত হন ঠিক সে বা তিনি আর ফিরে' ঠিক তেমনতব হ'য়ে তুনিয়ার বুকে গজিয়ে উঠেন্ না। তাই ব'লে খোদার প্রেরণাপ্রতীকতা নিস্তর্ম হ'য়ে খেমে থেয়ে থাকে না। আর তাই-ই আমরা হজরত রস্থলের শ্রীমুখিনিংফড কোরাণবাণীতেও দেখ্তে পাই—তিনি পববর্তীদের বিষয় যা' যা' ব'লেছেন তা'ব চেয়ে প্রাঞ্জল সাক্ষ্য আর কি হতে পারে ?

তা'হ'লে তিনি কি মুস্লমান-জগংকে ঐ পিংণিভিতেই খতম ক'রে দিয়েছেন ? এ ভাবটা কি পাগ্লামী নয়কো ? আর মুসলমানদের যদি শেষ পরিণতি ঐ হ'বে—হজরত আর প্রেরিত হ'যে ব্যক্ত জীবনে তেমনি আরো আলিঙ্গনে মান্থ্য ও মুসলমানদিগকে তুলে' নেবেন না— নাঁচা-বাড়াকে উদ্বৃদ্ধ ক'রে আর অমৃত-নিয়ন্ত্রণে অভিষিক্ত ক'রে দেবেন না ? যতটুকু যা' দিয়ে গেছেন খোদার তহবিল থেকে তিনি এনে—সেই শেষ ! খোদার তহবিল থেকে প্রেরিতের মারফত জীবনর্দ্ধি জাহান্নামশায়ী হ'লেও আর সে অমৃত্যন্ত্র কাউকে অমরণে উদ্বৃদ্ধ ক'বে তুল্বে না—এও কি একটা কথা ? এ কথা তো মান্থবের জীবনর্দ্ধির অমৃত্চলনার অনন্তপ্রের খতম-করা কথা —কেমন তা' নয় কি ?

তিনি জানতেন, মাহুৰ আজ যা' তা'র কাছে পেল—তা'র প্রতি তা'র নিয়ন্ত্রণে জীবন ও বৃদ্ধিতে সমৃদ্ধ হ'য়ে বা হওয়ার আশায় মাহুষ যেমনতর উন্নত চলনায় চলতে স্থক্ষ ক'রে দিলে—মামুষের মস্তিষ্ক তথন যা' ধরতে পারে তা'র মাফিক ক'রে তিনি যা' ব'লেছেন, তিনি যা' দিয়েছেন—যা'র ফলে তা'তে সবাই অটুট ও আপ্রাণ হ'য়ে আবেগোমুখ উদ্গ্রীব আসক্তিতে আসক্ত ও নিয়োজিত হ'য়েছিল—অনেকেরই বুজিগুলি তা'হ'তে পুরণ ও পোষণ পে'তে পে'তে উন্নত উপভোগের উল্লম্ফনে তংস্বার্থ ও তংপ্রতিষ্ঠা-পরায়ণ হ'য়ে ইস্লামের জয়গানে ভরছনিয়াটা মুখরিত ক'রে তু'লেছিল, তা'ব তিরোধানে কিছুদিন আরো হ'য়ে উন্নত চলনে চল্বে মাহুষ। তারপবই মাস্থবের বৃত্তিগুলি পাবে না উন্নত পুরণ ও উন্নত পোষণের ভিতর দিয়ে উন্নত উপভোগ ও তা'র উন্নাদনা! তখন বৃত্তিগুলি তা'দের প্রেষ্ঠহারা হ'য়ে আপন আপন উপভোগী খোরাক আহর্নের জন্ম ব্যক্তিকে আবিষ্ট ক'রে তা'র চাহিদার মতনই তা'কে ক'রে তুলবে। তথন তাঁ'র বাণীগুলি হ'বে বুদ্ধি-প্রাধান্যের অস্করায়—তথন ঐ বুদ্ধিসঙ্গেগী আবিষ্ট মামুষ তা'র বাণীগুলিকে বিরুত ক'রে, বুদ্ধি-উপভোগের সহায়ক ও সমর্থক ক'রে নিয়ে বুত্তিরই সামর্থ্যবৃদ্ধি করতে থাকবে ! ফলে আসবে ইষ্টপ্রাণতার জায়গায় বৃদ্ধিপ্রাণতা—আর তা' থেকেই, তিনি মুসলমানদের যে পরিণতির কথা ঐ বাণীতে প্রকাশ ক'রেছেন, তা'র বাস্তবতা উপস্থিত হ'বে।

সেইজন্মই নামুষকে আশা-ভরসায় উদ্দীপ্ত ক'রে, সংস্কারাবদ্ধ হ'য়ে, বৃত্তিপরায়ণতার থোরাক-সরববাহীরূপে বিরুত-করা হল্পরত-বাণীকে হল্পরতই রস্থলেরই দোহাই দিয়ে অমুসরণ না ক'রে পরবর্ত্তী প্রেরিতের অমুসরণ কবার মানসে তিনি ঘোষণা ক'রলেন—"আমি আমার পরবর্তীকে শ্রবণ করার ও মানিবার জন্ম উপদেশ প্রদান করিতেছি—এমন-কি যদিও সেহাবসী ক্রীতদাসও হয়!" দেখুন, কেমন পরিষ্কার, কেমন উদার, কত স্থালর আশার বাণী! মুসলমানদের ত্র্দশা অমনতর হ'বে তা জ্বে'নেও তিনি তা'দিগকে ঐ ত্র্দশায়ই কায়েম ক'রে রে'থে গেলেন—এও কি হয়?

সামূষ যথন অমনতর তুর্দশার চরম অবস্থায় এসে জীবন ও বৃদ্ধির
পথে নাজেহাল হ'তে থাকে,—তা'র আকুল-উৎক্ষিপ্ত মরণান্ধকারমথিত
বাঁচাবাড়ার আকুতি নির্বাক নিস্তন্ধ বেদনারু বিরাট ঝন্ধারে দিগ্বলয়
ঝাঁঝিয়ে প্রকৃতিকে নাড়া দিতে দিতে থোদার সিংহাসন আত্মনিবেদনে
কাঁপিয়ে তোলে,—তা'রই প্রেরণায় প্রকৃতিই তথন আপন চাহিদার আকুল
আকর্ষণোন্মত্ততার ভিতর দিয়ে পরিমিত ক'রে দেয় মহান্ প্রেরিত
পুরুষোন্তবের ব্যক্ততাকে—আর তিনিই হন সেই ত্রপনেয় তুর্দশার উদ্ধাতা
আর আরোতরের পরম উদ্গাতা। এ তিনি ভালভাবেই জ্বান্তেন, আর
জ্বান্তেন ব'লেই তাঁ'র প্রেরণা থেকে ঐ জ্বাতীয় সমন্ত আশার বাণী কড

রকমের ঝাঁক ধ'রে যে নিংক্ত হ'য়েছে, তা' একটু চিস্তা ক'রে দেখ্লেই স্বাই সহক্ষেই বুঝ্তে পার্বে।

প্রশ্ন। হাদিসে আছে—হজরত রম্বল বলিয়াছেন, "যে ব্যক্তি ধন-সম্পদ ভালবাসে না তা'র কল্যাণ নাই।" কিন্তু হিন্দুরা ত' বলেন, "অর্থমনর্থং ভাবয় নিত্যং"—এই ছ্ইয়ের সামঞ্জল্য কোথায় ? আবার কুপণতাই বা দোষের কেন ?

শ্রীপ্রীঠাকুর। অটুট ও আপ্রাণ ইষ্টপ্রাণতার উদ্দীপনায় তাঁ'র স্বাথ ও প্রতিষ্ঠার প্রলোভনে সেবা, সহায়ভ্তি ও সাহচধ্যের ভিতর দিয়ে পারি-পার্শিককে উদ্বুদ্ধ করার অভ্যন্ত চল্না যেখানে সেই প্রয়োজনকে পূর্ণ করার অন্তসন্ধিৎসা ও আকুলতায় ধনসম্পদের আহরণমুখতাকে উদ্দীপ্ত করিয়াছে, সেই ধনসম্পদের চাহিদা ও চল্না মায়্যকে জীবন, যশে ও সংবৃদ্ধিতে সার্থক ক'রে তোলে। তা'ছাড়াও নিজের জীবন ও বৃদ্ধির পূরণীয় পোষণীয় যাহা-কিছু আহরণ তা' অন্তের মুখাপেক্ষিতায় নির্ভব না ক'রে, অন্তকে তদ্দকণ ভারাক্রান্ত না ক'রে জীবন-বৃদ্ধির লওয়াজিমা ঘিনি সংগ্রহ ক'রে থাকেন তাঁ'র ধর্ম অবনতি ও অবসাদের পথে অবসন্ন হ'রে ওঠে না।

ঐ পরম্থাপেক্ষিতা—যা'নাকি অন্তকে পোষণ ও পূরণে বর্ধন না ক'রে
নিজের জীবন ও বৃদ্ধির লওয়াজিমা সংগ্রহ করবার ছরাগ্রহ আউসদ্ধি
লইষা অন্তকে অযথা ভারাক্রান্ত, তুর্বল ও অবসন্ধ করিতে প্রচেষ্টাপরায়ণ,
তা' নিজের সর্বনাশ তো করেই,—আরো, সে তা'র যা'রা পারিপার্থিক
— ঐ অযথা অপূরণীয় ও অপোষণীয় আহরণ দ্বারা, এংফাকের ফাঁকিবান্ধী
চলনায়, না-ক'রে-পাওয়ার বৃদ্ধির সংস্কারের স্বষ্টি ক'রে,—প্রতি-প্রত্যেকেরই
সর্বনাশ ক'রে থাকে। আর এই সর্বনাশা, না-ক'রে-পাওয়ার বৃদ্ধির সংস্কার
সহস্বেই বংশায়ুক্রমিকতা লাভ ক'রে বংশ ও জাতিকে ক্রমসর্বনাশে
নিশ্চিত ক'রে তোলে। হাদিসের ঐ বাণীর সার্থকতাই হ'ছে—এ
ছ্রপনেয় সর্ব্বনাশা, না-ক'রে পাওয়ার বৃদ্ধি যা'তে বংশ ও সমাজকে আক্রমণ
না করতে পারে।

আর "অর্থমনর্থং ভাবয় নিত্যং" একথা সেধানেই প্রযোজ্য, বৃত্তি ষেধানে তা'র ভোগ-ইন্ধন-সংগ্রহের জন্ত ব্যক্তিকে অন্ধর্মার্থ অর্থাং বৃত্তিস্বার্থ-পরায়ণ ক'রে, তু'লে ইষ্টপ্রাণতাকে অবশ ও হতচ্ছাড়া ক'রে, সর্বনাশের সাবাড়-ইন্ধিতের প্রলুক চল্নায় চল্তে থাকে। সেই অন্ধ-বৃত্তি-স্বার্থ-পরায়ণতার ধন ও এশধ্যের আহ্রণ থেকে নিবৃত্ত করার মানসেই পণ্ডিতদের ঐ

"অর্থমনর্থং ভাবর নিত্যং" সাবধান-বাণী—এই যা' ওসব কথার তাংপর্য্য আমার মনে হয়।

আবার ক্বপণতা এত নিশ্দনীয় কেন ? কারণ ক্বপণস্থভাব ছলে, বলে, কৌশলে শুধু আহরণবৃদ্ধিসম্পন্নই হ'য়ে থাকে। তা'তে সেবাবৃদ্ধি ক্রম-অবশতায় একদম স্বপ্ত হ'য়ে যায়—আব যে অমনতরভাবে আহরণ করে, এই আহরণে তা'র অস্তঃকরণের টান এত প্রবল হ'য়ে ওঠে, যা'র দক্ষণ সে আহরণ-করা অর্থধারা নিক্রেও পূবণ ও পোষণে জীবনকে পুষ্ট ও বর্দ্ধনপর ক'রে তুল্তে পারে না—অথচ এ সেবা না ক'রে বা না-ক'রে পাওয়ার বৃদ্ধি তা'র পুত্র-পরিজনে চারিয়ে যায়। তা'দের ভিতর আহরণীয় টান অমনতর তরতরে না থাকার দক্ষণ বৃত্তিগুলি অক্ষমার্থপর হ'য়ে বংশ ও পারিপার্য্বিকর প্রতি-ব্যক্তিকে তা'র ইন্ধনসংবাহী ক'রে তোলে।

তা'র ফলে ঐ জমান ধনৈশ্ব্য ক্রমে নিংশেষ হ'য়ে ওঠে। সেব। না
ক'রে অর্থাৎ অন্তকে উদ্বুদ্ধ, পূরণ ও পোষণ না ক'রে পাওয়ার বৃদ্ধি
এমনতরভাবে মন্তিফকে অবলেপিত ক'রে তোলে, তা'র ফলে তাহারা
আহরণবিম্থ হ'য়ে ওঠে, বৃত্তিপরায়ণতা ব্যক্তিকে তা'র চাহিদার ইদ্ধন
সংগ্রহ করিয়ে খরচে নিংশেষ করতে থাকে—আর সেবা না ক'রে পাওয়ার
বৃদ্ধি ধন ও ঐশ্ব্য-আহরণে তুর্বল ও বিমুথ ক'রে এক কিংবা তুই
পুরুষের ভিতরেই বংশকে রাস্তার ফকির ক'রে ছে'ড়ে দেয়। আমি
অনেক দেখেছি, আপনারাও দেখ্বেন—রুপণের পরিণতি অমনতরই
হ'য়ে থাকে।

প্রশ্ন। হাদিসে আছে—হন্ধবত ব'লেছেন, "পরলোকে সতাবাদী ও বিশ্বন্ত ব্যবসায়ীগণ পয়গন্বর, সতাপরায়ণ সিদ্দিক ও ধর্মার্থে নিহত শহীদ-দিগের সহচর হইবেন। সর্ব্বাপেক্ষা অধিক হালাল সেই উপজীবিকা যা' মাকৃষ নিজে কামাই করে,—আর সততার সহিত ব্যবসায়। তোমাদের অবশ্য ব্যবসায় অবলম্বন করা চাই-ই—যেহেতু দশভাগের নয়ভাগ উপজীবিকা ব্যবসারের মধ্যে নিহিত আছে। হন্ধরত ব্যবসায়কে জীবিকার্জনের সর্ব্বশ্রেষ্ঠ পন্থা ব'লে নির্দ্দেশ ক'রেছেন কেন ?

শ্রীশ্রীঠাকুর। সভ্যবাদিতা অর্থাং যা'তে মামূষ অন্থ কাহারও অপলাপ না ঘটিয়ে নিজের থাকা বা বাঁচাবাড়াকে উদ্বুদ্ধ ক'রে পূরণ ও পোষণে বন্ধিত হ'তে পারে এমনতর বলা—যে বলায় মামূষ উদ্বুদ্ধ হয়, যা' শুন্তে আগ্রহায়িত হ'য়ে আদরে অভিষিক্ত ক'রে দেবার প্রয়াস অস্তঃ-করণে স্বতঃই উপ্চে ওঠে' এমনতর তৃপ্তিময়ী, সন্দীপ্তিমাধান, উন্নতি-উদ্বোধনী জীবনর্দ্ধিকে পূরণ-পোষণে সমৃদ্ধ ক'বে তুল্তে পারে এমনতর পথনির্দ্দেশক ভরসাব্যঞ্জক বাস্তব কথার অহুসরণে বাস্তবভাবেই ঐগুলিকে অহুভব কর্তে পারা যায়।

তাই, সত্য কথা বল্তে গেলেই,—শুশ্রষার ভিতর দিয়ে মামুষকে নন্দিত ক'রে পাঁতি পাঁতি ক'রে খুঁলে বের কর্তে হয়, তা'র যা-কিছু চুর্বলতা যেখানে যেখানে অন্তঃকরণ ও চলনে লুকায়িত আছে। তারপর তা'কে আশায় ভরসায় উদ্দীপ্ত ক'রে জীবনীয় হত্তে সেই চুর্বলতা-গুলিকে নিয়য়িত ক'রে উদ্বুদ্ধতায় তা'কে এমনতর প্রেরণাপ্রিত কর্তে হয় যা'তে তা'র বাস্তবপ্রচেষ্টা স্লায়্ ও মাংসপেশীকে আলোড়িত ক'রে কর্মে নিয়োজিত ক'রে তোলে।

তা'হ'লেই দেখুন, সত্যবাদী হওয়া কত বড় সেবা! আর এতে এ বে করে সেও অজ্ঞাতসারে এত উন্নত হ'য়ে ওঠে যা'তে সে নিজেই অবাক হ'য়ে যায়—এত অভ্যাহ কোন্ কুপা উপ্চে' আমাকে প্লাবন-পরিচর্য্যায় পুষ্ট ক'রে তুল্ছে! এই অবাক দয়ায় খোদাতে সে আপনিই সহজ্ঞাণে আয়ানিবেদন ও আলিক্সন ক'রে থাকে।

আর ব্যবসায়েতে যে মাছ্রমকে তা'র প্রয়েজন প্রণ ক'রে, উব্ত ক'রে তা'হ'তে লাভ সংগ্রহ কর্তে পারে—তা'কেও ঐ রকমেই দেখ্তে হয় কি ক'রে, কি পয়ায় তা'র প্রয়োজনকে পূরণে অভিনন্দিত ক'রে ত্'লে উব্ততায় তা'কে আরো পৃষ্ট করা যায়। আর এই থেকেই—সেই ব্যবসায়েই অফুসন্ধিংসা ও প্রয়েজন পূরণ ক'রে, কেতাকে উব্ত ক'রে আরোভরে বন্ধিত করার ক্ষিত প্রচেষ্টায় এবং তা' থেকে লাভের আশায় অন্তরের সম্পদ প্রেরাক্তরকমেই বৃদ্ধিপ্রাপ্ত হ'তে থাকে, কর্মান্থাতাও উপ্চে ও'ঠে এত তোধরভাবে চল্তে থাকে—যা'তে নাকি সে সহজেই সকল বিষয়ে অযভ্লেল হ'য়ে, নিরস্তর উন্নতিতে, পূরণেও পোষণে প্রত্যেককে পৃষ্ট ক'রে নিজেকে পৃষ্ট ও প্রিত ক'রে তোলে। আর এর থেকে সেও দেখ্তে থাকে থোলা কি কঞ্গাময়—আমার যা' হ'বার নয় তা'ও কি ক'রে উন্নতিতে উপ্চে উঠ্ছে।

এমনি ক'রে সে তাঁ'র চরনে আনত হয়, আত্মনিবেদন করে।
এটা বলাই বাহুল্য—এগুলি যদি আপ্রাণ ইউপ্রাণতা দারা উদ্বুদ্ধ হ'য়ে
অভিবিক্ত হ'য়ে থাকে, সেথানেই পূর্ব্বোক্ত রকমের সম্ভবতা অজ্ঞাতসারে
আত্মবিন্তার ক'রে থাকে—নতুবা বৃত্তিপরায়ণতার পোষণীয় ইন্ধনআহ্মেদিংসা ও-হ'তে অনেক দূরে অবস্থিতি করে। তা'হ'লেই ঐ
রক্ম বা'দের প্রতিষ্ঠাও পুরস্কার, তাঁ'দিগকে যে ইহুকালেই ওদের সহচর

ক'রে তোলে, তা'তো নিয়তই দেখা যা'চ্ছে—পরকাল তো দুরের কথা! তা'ছাড়া, আরো কথা হ'চ্ছে-মাত্রুষ যদি সেবাবৃদ্ধিসম্পন্ন হ'য়ে, ইট্ট-প্রাণতাকে আঁা'কডে ধ'রে. তাঁ'রই স্বার্থ ও প্রতিষ্ঠায় অর্থ ও ঐশর্ষ্যের আহরণ-আকাজ্রী হ'য়ে ব্যবদায় কর্তে থাকে—তা'তে মাছ্য ইষ্টাছরজ, আত্মবিশ্বাদী, দেবাপটু, বছদশী, বিবেকী, নিয়য়ণ-দামঞ্জ-সমাধানপটু, কর্মপ্রবণই হ'তে থাকে। আর তা'ছাড়া সহজ্ব উপায়ে অর্থোপার্জ্জন হ'চ্ছে চাকুরী। এই চাকুরীতে মালুষের প্রারম্ভ ধেমনতরই হোক না কেন, মনিবের তুষ্টির জন্ম তা'র বৃত্তিস্বার্থপরায়ণতার অভিসন্ধি-নিবদ্ধ ইচ্ছাকে পরিপুরণ-প্রশ্নাদে, নিজের বোধ, বিবেক, কর্ম ও চলনকে তদমুপাতিকভাবে নিয়ন্ত্রণ ও নিরোধ করতে করতে অন্তর্নিহিত উন্নত ষা'কিছু অন্তঃকরণে জ্ঞনস্ত হ'য়েছিল—হয়ত কর্মে উপ্চে' ৬'ঠে বাস্তবতায় পরিণত হ'যে যা' পারিপার্মিক ও নিজের জীবন ও বৃদ্ধিকে উপ্চে' তুল্তো—তা'র ক্রমশংই খতম হ'তে থাকে! এ রকম নিরোধে অস্তঃকরণ ক্রমশ: চুর্বল, সম্বেগ্হীন হ'য়ে থাকে—আর এ থেকে স্নায়র বিবশতার উদ্ভব হ'য়ে বংশকে আক্রমণ ক'রে তুর্বল, সেবাবিমুখ ক'রে ও যা'তে বাধাবাধিভাবে পাওয়া যে'তে পারে এমনতর ফ্রিকারী ফ্লীবাঞ্জি অন্ধবৃত্তিস্বার্থপরায়ণতা ইত্যাদির অভিব্যক্তিস্বরূপ ব্যক্তিম স্ঠেষ্ট ক'রে, অনবরত চ'লে, সমাঞ্চ জাতি ও দেশকে চেষ্টাবিমুখ-পূর্বেরাক্তগুণসম্পন্ন ক'রে জাহাল্লামের দিকে ঠেলতে থাকে। তাই হজরত রম্থল ব্যবসায় সম্বন্ধে অমনতরভাবে ব'লেছেন।

তাই, আমার মনে হয়, কোথাও যদি কাহারও উন্নতিকল্পে তাহার সাহায্যের দক্ষণ চাকুরীই নিতে হয়, তা'হ'লে বেতন না নিয়ে, শুধুমাত্র নিজের বা নিজের পরিবারের পোষণ চল্তে পারে এমনতর সম্মানজনক বৃত্তি লওয়া যে'তে পারে। তা'তে মায়্রযের মায়্রয়কে সাহায্য ও সেবায় উন্নত করার উন্মাদনাই প্রধান হ'য়ে থাকে—আর তা'তে নিজের অন্তঃকরণের উন্নত চিম্বাগুলিকে নিরোধ ক'রে, নিরেট ক'রে ফেলার বাধ্য-করা প্রবৃত্তিও কমই মাখাতোলা দেয়। শুভেচ্ছাকে কর্মে বাস্তবতায় পরিণত ক'রে, ব্যক্ত ক'রে, মায়্রযের জীবন-বৃদ্ধির পোষণ ও প্রণে উন্নত হ'বার যা'কিছু চিন্তা ও চলন কমই ক্ষ্ম হ'য়ে থাকে। এক কথায়, পারিপার্ষিককে সেবায় উদ্বৃদ্ধ ক'রে ইটপ্রতিষ্ঠা করাই যা'র জীবনে স্বার্থ হ'য়ে দাঁড়িয়েছে, তা'র জীবন ও বৃদ্ধির স্বার্থ যে পারিপার্ষিক হ'তে নি:স্বার্থভাবে পরিপৃষ্ট হ'তে থাকে সে বিষয়ে আর কইবার কিছু নেই কো! তাই, এই বৃদ্ধিসম্পায় লোক নিরোধ করতে জানে না, নিয়য়ণ ক'রে

উন্নতি-চল্নায় চল্তে জানে—তাঁ'দের পক্ষে স্থায়, অন্যায়্য কি, তা' তা'দেরই সাধ ও স্বভাব নিজেই ঠিক ক'রে নিতে পারে। ব্যবসায় যাই হোক আর যেমনতরই হোক—জীবিকানির্কাহের পক্ষে মাহুদের প্রয়োজন পূরণ ক'রে, তা'কে উদ্ভ ক'রে যে অর্থ আহরণ করা যায়—স্বদিক দিয়ে হিসাব কর্লে তা' যে অন্থান্থ অনেক থেকেই শ্রেষ্ঠ, সে বিষয়ে আর সন্দেহ কি আছে? হজরত রম্বলের বাণী যে মাহুষকে ব্যবসায়ের দিকে উদ্দুদ্ধ ক'রে তু'লেছে, তা'র সার্থকতা যে এখানেই তা' স্পাইই বোঝা যায়।

প্রশ্ন। স্থয়ত করার প্রথা যে ম্সলমানদের ভিতর চ'লে আস্ছে তা'র তাংপর্যা কি ? কৈ হিন্দুদের ভিতর তো ও-রকম কোন সংস্কাব নাই!

শ্রীশ্রীঠাকুর। স্থন্নত মানে যদি হজরত রস্থল অথবা প্রেরিত পুরুষ বা প্রুষোন্তম বা'বা তাঁ'রা যেমন অবস্থায় যা'র জন্ম যা' যা' করতেন, তা'দের চন্না, বল্না, ভঙ্গী, অভিব্যক্তি ইত্যাদির ধাঁজের অম্পরণ ক'রে ও অম্পরণ ক'রে, নিজের চলন-চরিত্রে আচার-ব্যবহারে সেইগুলিকে অভিব্যক্ত করা হয়, তা'হ'লে হজরত রস্থলকে অমনতর অম্পরণ করাকেই Islamic মুসলমানগণ স্থন্নত ব'লে থাকেন।

এই স্থয়তের action and attitude-ই হ'চ্ছে অন্থসরণ ও অন্থকরণ ক'রে চলার প্রথা থেকে physical manipulation ক'রে, psychical রকণটাকে তদন্তরপ রকমে বিবল্লিত করার প্রচেষ্টা। Physical manipulation দারা psychical uplift দটান psychically অমনতর করার চাইতে সহজ ও স্থবিধা। যা' করতে হ'বে তা'র কথাবার্তা, ভাবভঙ্গী, চল্না ও কর্মকে তদন্তরপ অভিনয়ের মতন ক'রে চিন্তন বা thinking-কে তদন্তরপে চালিত কর্লেই অতি সহজেই আয়ত্ত হ'য়ে নিজের প্রকৃতিতে প্রকৃতিগত হ'তে থাকে। আমার মনে হয়, এই স্থয়ত-প্রথার ভিতর দিয়ে তেমনতর রকমে শরীর ও মনকে উয়ত নিয়ন্তরণ নিয়ন্তিত ক'রে উয়তিকে আলিকন করাই আদল উদ্দেশ্য।

মনে করুন, মহামনীষা কবীক্র রবীক্রনাথকে যেমনতরভাবে মান্ত্য অন্ত্করণ ক'রে থাকে, অন্ত্রপরণ ও চিন্তনও যদি তা'দের তদমুপাতিক হ'ত তা'হ'লে ঐ মহামনীষা কবীক্র রবীক্রনাথের পথে অনেকেই কিছু-না-কিছু উন্নত হ'তে পার্তই পার্ত। এটাও আবার নির্ভর করে—যাঁ'কে এমনতরভাবে অন্ত্রপরণ ও অন্তকরণ কচ্ছি তাঁ'র প্রতি অটুট ও উদ্ধাম আসক্তি বা টানের উপর। এই টান যদি না থাকে, ঐ অন্তসরণ বা অন্তকরণও তেমনতর হ'য়ে উঠেনা—আবার টানের চরিত্রই হ'চ্ছে—তা'র Beloved-এর পছন্দসই সাজসজ্জা,

কথাবার্ত্তা, আচার-ব্যবহার, কাজকর্ম, চলন-চরিত্র ইত্যাদি কর্তে ভাল-লাগা ও তা'র প্রতি একটা তৃপ্তিপ্রদ ঝোঁক। আমার মনে হয় স্কন্তও তাহাই। হজ্পরত রস্থল ষেমন জন্মছিলেন, ষেমন ছিলেন, ষেমন সাজসজ্জা কর্তেন, ষেমন বল্তেন, ষেমন করতেন, ষেমন চল্তেন সেই সবগুলিকে নিজে চল্না ও করার ভিতরে ইচ্ছা ও উদ্দেশ্যকে তদমূরূপ ক'রে প্রতিফলিত ক'রে শ্রদাভিষিক্ত তৃপ্তিপ্রদ প্রাণে তা'দেরই অফুসরণ ও অমুকরণ ক'রে চলা।

তা'হ'লে দেখন স্থনত যদি এই হয়—বেখানেই শ্রদ্ধা ও ভালবাসা তা'র প্রিয়তমে অটুট ও আপ্রাণ সম্বেগশালী সেথানেই অমনতর হ'য়ে পাকে কি না? ভালবাদার একটা characteristic-ই হ'চেছ ঐ রকম অমুসরণ ও অমুকরণ করা—আর যেখানে অটুট ও আপ্রাণভাবে প্রিয়তমে স্তমতও দেখানে আছেই। যেখানে টান নাই অথচ inferiority complex-এর দরুণ বড়ত্বের আকাক্ষা অন্তরকে ব্যতিবাস্ত ক'রে তোলে, দেখানে শ্রদ্ধাভিষিক্ত প্রিয়তমে অটুট ও আপ্রাণ সম্বেগশালী টানও নেই—আর টান নেই ব'লে অফুসরণও থাকে না—থাকে inferiority-র হামবড়াই-ভাবাপর অপ্রীতিকর repulsive অমুকরণ-আর এই অমুকরণ চির্দিনই inferiority ও উপহাসকেই আমন্ত্রণ করে। স্বন্ধত তাই শুধু অমুকরণেই হয় না—দে বাস করে প্রিয়তমে অটুট ও আপ্রাণ সম্বেগশালী শ্রদ্ধাবনত মৃগ্ধ আসক্তি বা টানের জেল্লায়, वाखव षष्ठमत्रत्वत्र मखाग्र। जारे पार्या हिन्दूरे वतनन, त्वीकरे वतनन, খুষ্টানই বলেন, আর মুসলমানই বলেন—বেখানে অমনতর প্রিয়তমে সম্বেগশালী অট্ট ৪ আপ্রাণ টান, সেইখানেই বাত্তব অমুসরণমুখর আ্রপ্রসাদী অমুকরণশীল স্থন্নত সজাগ!

বাংলার প্রাণের যত-কিছু তৃঃখ-ব্যথা-সমস্থার সরল সহজ সমাধানে ভর!
শ্রীশ্রীঠাকুরের কথোপকথন-সাহিত্য সম্বন্ধে সংক্ষিপ্ত আলোচনা আমরা এইখানে
সমাপ্ত করিলাম। যুগে যুগে ভাবসিদ্ধ মহামানবের অহুভূত নানাবিধ স্ক্ষ্ম
বিচিত্র বোধ হইতেই কথোপকথন-সাহিত্যের সৃষ্টি হইয়াছে। এই অহুভ্ব
পারিপার্শ্বিকের প্রশ্নের ঘাত-প্রতিঘাতে উচ্ছুসিত হইয়া উঠে তাঁহাদের কঠে
অমৃতময়ী বাণীরূপে। মহাপুরুষগণের শ্রীমুখ-নিঃস্থত সেই প্রজ্ঞাধারা পার্বত্য
প্রস্রবণের মত সহজ স্বচ্ছন্দ গতিতে বহিগত হইয়া স্ব্গ্রন্মির ক্যায় মানবের
সকল দ্ব, মনের সকল অদ্ধকার দ্ব করে—তাহা যেমনই দীপ্ত ও মুক্ত তেমনি
মহান্। সাহিত্য-জগতের বাস্তবস্থাই যাহা-কিছু তাহা কথোপকথন-সাহিত্যেই
থাকে—কারণ তাহা অকৃত্রিম, জীবন্ত ও প্রাণবান্। তাই এই কথোপকথনসাহিত্য সর্বদেশে, সকল যুগে শ্রেষ্ঠ সাহিত্যের মূল উপাদান। উপনিষদ, গীতা,

যোগবাশিষ্ঠ, কোরাণ, বাইবেল, সক্রেটিস্ ও প্লেটোর ডায়লগ্, কবীরের দোঁহা, জীবুদ্ধের আলোচনা, জীজীরামক্বঞ্চ-কথামৃত প্রভৃতি তাহার প্রকৃষ্ট উদাহরণ। আজ কথোপকথন-প্রসঙ্গে জীজীঠাকুর তাহার নিবিড় অভিজ্ঞতারাশিকে যে মূর্ত্তি দান করিয়াছেন জাতীয়-সাহিত্যে তাহার স্থান কোথায় স্থণী পাঠকবর্গ তাহা বিবেচনা করিবেন।

নারীর নীতি

এই পুস্তক্থানায় শ্রীশ্রীঠাকুর অতি সহজ সরল ভাষায় নারী-জীবনের शावजीय कर्तत्वाव निर्द्धभवांनी लान कदिशास्त्र । नावी त्य मभारक अकरी विरम्ध স্থান অধিকার করিয়া আছে, নারীই যে জন্ম ও জাতিকে নিয়ন্ত্রণ করে, নারীর শুদ্ধতার উপরেই যে জাতির শুদ্ধতা সম্পূর্ণভাবে নির্ভর করিতেছে, স্থালিত নারী-চরিত্র হইতেই যে বার্থ জাতি জন্ম লাভ করে, তাহা এদেশের পুরুষ ও নারী উভয়েই ভূলিয়া গিয়াছে। আমাদের সমাজে 'নারী' কথাটার প্রচলিত প্রতিশব্দ এখন হইয়াছে 'অবলা',—কারণ তাহারা প্রম্থাপেক্ষী, তুর্বল; কিন্ত ঋষি বলিতেছেন,—নারী তাই যাহা বৃদ্ধি পাওয়ায়—মায়্ষকে উন্নয়নে সার্থক করিয়া তোলে। আবার শিশুর জন্ম ও বর্দ্ধনেও নারীরই যত-কিছ দায়িত, কারণ সস্তানের জন্ম সর্বতোভাবে জায়াধীন। নারী তা'র সাহচর্ব্যে পুরুষকে যেমনতরভাবে উদ্বর্জন করে পুরুষের সেই মনই স্থীতে গমন করে এবং সম্ভানরূপে মূর্ত্ত হয়—তাই স্ত্রীকে জায়া বলে। শিশুর ভবিয়তও নির্ভর করে, মাতা বাল্যে তাহাকে যে শিক্ষা দেয় তাহার উপর। একটী শিশু জীবনের প্রথম পাঁচবংসরে জননীর একান্তিক সাহচর্য্যে উদ্দীপ্ত গ্রহণমুখরতায় চারিধার হইতে যাহা, যতটুকু, যেমন-করিয়া আহরণ করে— পরবর্ত্তী জীবন তাহার তাহাই আরো আরো করিয়া ফুটাইয়া দেয় মাত্র;— বাল্যের ব্যগ্র আকুলতায় জননী যে ভাব শিশুতে উপ্ত করে, তাহাই সারা-জীবন তাহার চিস্তা ও কর্মধারাকে রঞ্জিত করে এবং তাহাই চারিত্তো পরিণত হয়। শৈশব ও কৈশোর অতিক্রম করিয়া পুরুষ যথন যৌবনে সংসারে প্রবেশ করে তথন হইতে সারাজীবন নারীই হয় তাহার সকল কাজের "সহধর্মিণী" স্ত্রী—যে তা'কে বেষ্টন করিয়া তৃপ্তি পায়। নারী যদি মাহুষের জীবনের এতথানি, তবে যেখানে সেই নারী তুর্বলা, অশিক্ষিতা, আদর্শহীনা —েদে দেশ যে অপোগণ্ড, মুর্খ, স্বাস্থ্যহীন, বিক্লতমন্তিছ সম্ভানের জননী হইবে তাহাতে আর বিচিত্র কি? আনর্শ সমাজ গঠন করিতে হইলে তাই সর্কাগ্রে প্রয়োজন, আদর্শ নারী তৈয়ার করা। নারীত্বের মহিমা উপলব্ধি না করিলে নবজাতির গঠন স্থদ্র-পরাহত। নারী কেমন করিয়া, কোন্ ছন্দে চলিলে বাংলার এই অধঃপতিত মরণোমুখ জাতির জীবনে নব প্রাণ ও উদ্দীপনার সঞ্চার করিতে পারে, কোন্ পথে চলিলে নারী মুক্তি-সাধনায় দিছি আনিয়া দিতে পারে, দেই মহামন্ত্র এই অতুলনীয় গ্রন্থে ঘোষিত হইয়াছে। বাণীগুলি নারীচরিত্রের এক-একটা বিশেষ বিষয় লইয়া রচিত হইয়াছে এবং তাহা এমন প্রাঞ্জল ভাষায় মন্ত্রের মত স্ব্রোকারে উদাত্তম্বরে ধ্বনিত হইয়াছে—পাঠ করিবামাত্র তাহা প্রত্যেকের মর্ম্মে গিয়া পৌছে—খুঁটিনাটি সকল প্রশ্নের সহজ সরল সমাধান পাইয়া মুক্তির পুলক-শিহরণে প্রাণ নাচিয়া উঠে। "নারীর নীতির" প্রতিটী বাণী চলার কত সহজ সঙ্কেত, কত আশা, উদ্দীপনা এবং উপদেশে পূর্ণ রহিয়াছে তাহা বলিবার নয়! গুটীকয়েক বাণী নিয়ে উদ্ধত করা গেল। যথা:—

মেয়ে আমার---

তোমার সেবা, তোমার চলা, তোমার চিন্তা, তোমার বলা, পুরুষ জনসাধারণের ভিতর যেন এমন-একটা ভাবের স্পষ্ট করে— যা'তে তা'রা অবনতমস্তকে, নতজার হ'য়ে, সমন্ত্রমে, ভক্তিগদ্গদ-কণ্ঠে—'মা আমার,—জননী আমার!' ব'লে মুগ্ধ হয়, বুদ্ধ হয়, ভৃপ্ত হয়, কৃতার্থ হয়,—তবেই তুমি মেয়ে,—তবেই তুমি সতী।

নারীর বৈশিষ্ট্য-

মেয়েদের বৈশিষ্ট্যে আছে—নিষ্ঠা, ধর্ম, শুশ্রষা, সেবা, সাহায্য, সংরক্ষণ, প্রেরণা ও প্রদ্ধনন; তুমি তোমাদের ঐ বৈশিষ্ট্যের কোন-কিছুকেই ত্যাগ করিও না; ইহা হারাইলে তোমাদের আর কি রহিল ?

কুমারীত্বে-

क्यांत्री त्यरग्रतनत--

পিতায় অন্তর্যক্তি থাকা, তাঁহার সেবা ও সাহচর্য্য করা,— তাঁহার সহিত আলাপ ও আলোচনা কবা—উন্নতির প্রথম ও পুষ্ট সোপান।

একামুরক্তি---

একামরক্তি—বৃত্তিগুলিকে নিরোধ করিয়া, ভালিয়া—জ্ঞানে বিশ্রন্ত করিয়া দেয়,—আর বহু-অমুরক্তি—বৃত্তিগুলিকে আরো

मदमक मार्श्वाना

হইতে আরোতর করিয়া,—বিবেক ও বিবেচনাশৃষ্ঠ করিয়া ফেলে ;—তাই, বহুতে আসক্তি মৃঢ়ত্ব ও মরণের পথ পরিষ্কার করে—আর একাছুরক্তি অমুতকে নিমন্ত্রণ করে!

বিবাহ-পরিহারে---

আদর্শান্তপ্রাণতা যদি তোমাকে উদ্দাম করিয়া তুলিয়া থাকে,—
যদি তুমি তোমার হৃদয়ে তাঁহাকে ছাড়া আর কাহাকেও স্থান দিতে
না পাব,—আর, তাঁহাকে যদি তোমার পারিপার্শিক ও জগতে
প্রতিষ্ঠা করার উন্মাদনা মটুটভাবে ধরিয়া থাকে,—মনে হয়—বিবাহ
না করিয়াও জীবন পুণা ও পবিত্রতায় অভিবাহিত করিয়া, স্বাইকে
উজ্জ্বল করিয়া—উজ্জ্বলতর হইতে পারিবে;—নিজেকে বুঝিযা
দেখিও;—যদি আবিলতা দেখিতে পাও, তোমার বিবাহে ব্রতী
হওয়াই শ্রেয়:।

লজা ও সঙ্কোচ---

লজ্জা যেখানে পুরুষের মোহকে ডাকিয়া আনে—তা' লক্ষা নয়কো—তুর্মলতা বা স্থাকামী।

নারীর লজা যদি পুরুষকে সম্রদ্ধ, অবনত ও সেবা-উন্মুখ করিয়া তোলে, সেই লজাই নারীর অলকার ;—লজ্জাকে ভূল করিয়া তাহার নামে তুর্বলতাকে ডাকিয়া আনিও না।

গুপ্ত পুরুষাকাক্ষা—

যথনই দেখিবে পুরুষ-সংশ্রব তোমার ভাল লাগিতেছে—
মজ্ঞাতদারে, কেমন করিয়া, পুরুষের ভিতর যাইয়। আলাপআলোচনায় প্রবৃত্ত হইতেছ—বুঝিও, পুরুষাকাজ্ঞা—জ্ঞাতদারেই
হোক্, আর অজ্ঞাতদারেই হোক্—তোমার ভিতর মাথাতোলা
দিতেছে;—যদিও স্ত্রীপুরুষ উভয়েরই প্রকৃতিগত একটা ঝোঁক
উভয়ের সংশ্রবে আদা—তথাপি দুরে থাকিও, নিজেকে দামলাইও
নতুবা অমর্যাদার তোমাকে কলস্বিত করিতে কিছুই লাগিবে না।

প্রতিষ্ঠায় প্রেম---

প্রেম বা ভালবাসা—তা'র প্রেমাস্পদকে পারিপাহিকে, জগতে শুধু প্রতিষ্ঠা করিয়াই ক্ষান্ত হয় না,—সে আরও চায়—তাহার জগৎকে ব্যষ্টি ও সমষ্টিভাবে তাহার প্রেমাম্পদকে উপঢ়েকিন দিয়া কৃতার্থ হইতে;—তাঁহাকে বহন করিয়া, বৃদ্ধিতে অন্থ্যাণিত করিয়া—অধীনতায় তৃপ্তি ও মুক্তিকে আলিকন করিতে;—আর এমনই করিয়া প্রেম তাহার প্রিয়কে বোধে, জ্ঞানে, কর্মে, জীবনে ও ঐশর্য্যে প্রত্ল করিয়া তোলে—তাই, প্রেম এত নিম্পাপ—এত বরণীয়!

কামে কাম্য---

কাম চায় তাহার কাম্যকে নিজের মত করিয়া লইতে—দে স্থী হয় কাম্য যদি তাহার জগংখানি লইয়া তাহাতে নিমজ্জিত করিয়া দেয়; কাম কাহারও পানে ছুটিতে জানে না—তাহার শিকারকে আত্মসাং করিয়াই তাহার তৃপ্তি;—দেই জন্ম তাহার বৃদ্ধি নাই—জীবন ও যশ সকোচশীল—মরণ-প্রাসাদে তাহার স্থিতি—তাই, সে পাপ, তৃর্বলিতা, চঞ্চল, অস্থায়ী ও মরণ-প্রহেলিকাময়!—বৃঝিয়া দেখ কি চাও?

প্রেরণায় স্ত্রী-

নজর রাখিও তোমার স্বামী যেন তোমাতে স্কৃত্ব, স্বস্থ ও প্রেরণাপুষ্ট থাকিতে পারেন কিন্তু তোমাতে মৃচ ও সমাহিত নাহন,— তোমার তৃষ্টি, পুষ্টি যেন তাঁহার লক্ষণীয় না হয়, বরং তোমার প্রেরণায় তিনি যেন আদর্শে উদ্দাম হইয়া বিশ্বসেবায় নিরত থাকিতে পারেন; আর এইটা যেন তোমার তৃপ্তির, তৃষ্টির, ত্বথ ও পর্কের আরাধনা বলিয়া হদয়ে স্থান পায়—মহিমময়ী ও স্ব্ধী হইবে—সন্দেহ নাই।

শিল্প-ব্রত---

আমার মনে হয়, ব্রতের ভিতর এই ব্রতটীর অমুষ্ঠান করা প্রত্যেক মেয়েরই অবশু কর্ত্তব্য,—দেটী হ'চ্ছে শিল্পব্রত। এমন-কিছু শিল্প অভ্যাস করাই চাই—যাহা খাটাইয়া অস্ততঃ পক্ষে তৃমি নিজে—অশক্ত হইলে তোমার স্বামী, সন্তান-সন্ততি ইত্যাদির পেটের ভাত, পরণের কাপড়, আর অবশু-প্রয়োজনীয় যাহা-কিছুর সংস্থান করিতে পার;—তোমার অবস্থায় ষদি অনটন না-ও থাকে, তথাপি তোমার কিছু উপার্জন সংশারকে উপঢৌকন-স্বরূপ দেওয়াই উচিত;—

ইহাতে আত্মপ্রসাদ লাভ করিবে, অন্তের গলগ্রহ হইবার ভয় থাকিবে না, তাচ্ছীল্যের পাত্রী হইবে না,—আদর ও সম্মান অটুট থাকিবে;—'শির' বলিতে কিন্তু শ্রমশিল্পও—আর এইটা বাদ দিয়া লক্ষীর ব্রন্ত সম্ভব কি না জানি না।

শুচি ও পরিচ্ছন্নতায়---

সব সময়ে শুচি ও পরিচ্ছন্ন থাকিও,—তোমার শরীর ও চারিদিক যেন ছিম্ছাম, পরিষ্কার-পরিচ্ছন্ন থাকে,—মন্থলা, তুর্গদ্ধ বা আলুথালু না থাকে,—সজ্জিত করিয়া রাধিও—দেখিলেই যেন ফুলর ও স্বন্তিকে অফুভব করা যায়;—তাই বলিয়া, শুচিবাইগ্রন্ত হইও না,—দেখিও স্বাস্থ্য ও তৃপ্তি তোমাকে অভিনন্দিত করিবে।—
অশুচি ও অপরিচ্ছন্তা—পাতিতোর মধ্যে এগুলিও কম নয়।

ছন্মবেশী মাতৃভাবে---

অনেক তুর্বলচেতা, নীচচিন্তাপরায়ণ পুরুষ—বিশেষত: তাদশ যুবকেরা—তাহাদের কামলোলুপতাকে ভাতৃত্ব বা সন্থানত্ত্বে মুখোস পরাইয়া—মা, মাসী, ভাই, বোন ইত্যাদি সম্বোধনের সাহায্যে মেয়েদের নিকট গমন করিয়া হাবভাব আদর আব্দারে তাহাদের বশে আনিয়া,—মাই খাওয়া, চুম্বন, জড়াইয়া ধরা ইত্যাদির ভিতর निया-**ा**हारम्य नीठ काम-প্রবৃত্তিকে চরিতার্থ করিয়া লয়-যা' নাকি তাদের মাসী, বোন বা গর্ভধারিণীর সহিত মোটেই করে না। সাবধান হইও এমনতর মা, মাসী, ছেলে, ভাই ইত্যাদি সম্বন্ধ হইতে,—ইহাতে মেয়েরা কামভাবে উদ্দীপ্ত হইয়া এমনতর প্রক্ষে ঢলিয়া পড়ে—ফলে আত্মবিক্রয় করিতে বাধ্য হয় ;—গোপনতাই ইহাদের উত্তম ক্ষেত্র;—তাই, তাহারা প্রায়ই লোকজন হইতে সরিয়া থাকিতে চায়;—লোকের কাছে প্রতিপন্ন করিয়া থাকে তাহারা খুব সাধু এবং আদর্শচরিত্র ;—উভয়কে উভয় পারিপার্খিকের চক্ষু এড়াইবার জন্ম প্রচার করিয়া থাকে,—কিন্তু বাস্তবতায় তাহাদের চরিত্রে ভাল'র তেমন-কিছুই দেখা যায় না। যে-ই কেন না হোক পূর্ব্বেই সাবধান হইও,—আর যদি ভূল করিয়া কিছুদ্র অগ্রসর হইয়া থাক-এই সব লক্ষণ দেখিবামাত্র সরিয়া দাঁড়াইও; মনকে সংযত করিও—পদদলিত করিয়া, উপযুক্ত শিক্ষা দিয়া তাহাকে বিদায় করিও; বৃঝিও—নেকড়ে বাদও এদের চাইতে চরিত্রবান্!

বরণে বিচার---

বরণ করিতে হইলেই দেখিও—স্বামীর আদর্শ কি বা কেমন,—তাঁহার আরাধনায় চেষ্টা ও কর্মের আগুনে তোমাকে আছতি দিয়া সার্থক হওয়ার প্রলোভন তোমাকে প্রলুক করে কি না। আর তৃমি যাহাকে ববণ করিতে চাও সে তাঁহাতে কেমনতর ও কতথানি,—কারণ তৃমি তাহার সহধর্মিণী হইতে যাইতেছ; ইহাতে যদি তৃমি উদ্বুদ্ধ হও—আর জ্বাতি, বর্ণ, বংশ, বিভায় যদি—তোমার বরণীয় যিনি—তিনি সর্ব্ধতোভাবে তোমা হ'তে শ্রেষ্ঠ হ'ন,—এবং তোমার পূর্ব্বপুক্ষবের অর্থণীয় বলিয়া বিবেচনা কর—তবে—তাহাকে বরণ করিলে বিপত্তির হাত হইতে এডাইতে পারিবে—এটা ঠিক জ্বানিও।

ধর্মাচরণে-

'ধন্ম' মানেই হ'চ্ছে তাই—যা' নাকি ধরিয়া রাখে—অর্থাৎ
যাহা করিলে বা যে আচরণে বা যে ভাব-পোষণে মান্ত্রের
জীবন ও রদ্ধি অক্ষত ও অবাধ হয়;—তৃমি যদি ধর্মশীলা হও,
দেখিবে তোমার পুরুষ (স্বামী) ও পরিবারে আপনা-আপনি তাহা
চারাইয়া যাইতেছে, কারণ স্ত্রী যাহা চার পুরুষের ইচ্ছা তাহাই
করিতে চেষ্টা করে—আর পুরুষের বেলায়ও স্ত্রী তদ্ধপ তাহার
বৈশিষ্ট্যে; তাই, দেখিতে পাইবে—তাহাদের অজ্ঞাতসারে, তাহাদের
চবিত্রেও তোমার ঐ ধর্মপ্রাণতা উদ্বুদ্ধ হইয়া উঠিতেছে—আর
ইহার ফলে তোমার সংসার শ্রী ও উন্ধতির দিকে অগ্রসর হইয়া—
রোগ শোক ত্র্দশা দরিত্বতা ইইতে—ক্রমেই সরিয়া যাইতেছে।

জীবন-ধর্ম্মে ইষ্ট—

ইষ্ট বা আদর্শ বা গুরু তা-ই বা তিনি যাহাকে লক্ষ্য করিয়া, অনুসরণ করিয়া—মানুষ জীবন, যশ ও বৃদ্ধিতে ক্রমােদ্রতি লাভ করিতে পারে,—আর—আসক্তি বা ভক্তি তাহাতে নিবদ্ধ থাকায়—পারিপাশ্বিক ও জগৎ তাহাতে কোন বিক্ষেপ স্বষ্ট করিতে না পারিয়া—জ্ঞানে সমৃদ্ধ করিয়া তোলে;—তাই—আদর্শ বা গুরুতে একান্তিকতা জীবনের পক্ষে এত প্রয়োজনীয়! অতএব ধর্মসাধনার প্রথম ও প্রধান প্রয়োজনই হ'ছেই ইষ্ট, আদর্শ বা গুরু—আর ধর্মশীলা হইতে ইইলেই —চাই তাঁ'তে ভক্তি ও তাহার অনুসরণ ও আচরণ

তা' এমনতর চরিত্র লইয়া যা'তে এই ভক্তি বা আদক্তি—স্বামী ও পারিবারিক স্বার ভিতর যেন এমনতর প্রেরণার স্থাষ্ট করে— যা'তে তা'রা ইহাতে উদ্বুদ্ধ ও অন্প্রাণিত হইয়া ওঠেন ;—আর এমনতর হইলেই—তোমার সহধ্যিণীত্ব সার্থক হইবে,—দেখিবে উজ্জ্বল হইবে ও উজ্জ্বল করিয়া তুলিবে!

সুপ্রজননে নিষ্ঠা---

ক্ষীণমতির (the feeble-minded) কোনো কিছুতে লাগোয়া-থাকা অত্যন্ত কষ্টকন বলিয়া মনে হয়,— আর এই লেগে-থাকা অভ্যাসকে যতই তাচ্ছীল্য করা যায় মন ততই ত্কল, চঞ্চল, ক্ষীণতর-চিস্তাসম্পন্ন হয়—তাই—তা'র মানসিক অস্থিরতা জীবনকে প্রায় অবহনীয় করিয়া তোলে; আবার এইরূপ অস্থির ও ক্ষীণমনা স্থী তা'র স্বামীকে তাহার ভাবধারায় এমনতর ভাবে উদ্বুদ্ধ করিতে পারে না—যাহাতে তাহার মন্তিক ভাবের আবেগে স্ফীত ও উৎফুল্ল হইয়া নিবিড়ভাবে আলিঙ্গন করে; এবং তারই ফলে—সে এমনতর সন্তানের গর্ভধারিণী হয়—যাহাব ক্ষীণ ও চঞ্চল মন ধাতুগত হইয়া থাকে—পরে তা' সংশোধন অতি ত্ত্বর হইয়াই থাকে—আর অল্লায়, বেক্ব ও রোগসঙ্গল সন্ততিত্ব এ-ও একটা প্রধান কারণ! তুমি যদি অমনতর হইয়া থাক লেগে-থাকা বা নিষ্ঠাকে যত্নে চরিত্রগত করিতে চেষ্টা কর; যদি পার,—এ ঘুর্দ্ধিরের হাত হইতে এড়াইবে,—ভাবিও না।

স্বামীর বিপথ-গমনে---

ভোমার স্বামী যদি বিপখগামীই হইয়া থাকেন—ভাঁহাকে ভাচ্ছীল্য করিও না—বা রুঢ় ভাষা বা ব্যবহারে কিংবা অয়ত্ত্বে তাঁহাকে ক্ষুৰ করিয়া তুলিও না, বরং অফুসন্ধান করিয়া বুঝিতে চেষ্টা কর—বাস্তবিকভাবে তিনি কি চান আর কিসের অভাবে বা আসক্তিতে তিনি এমনতর পথ অবলম্বন করিলেন; আবিদ্ধার কর, সম্ভব হইলে প্রাণপণ করিয়া তাহার নিরাকরণে যত্ত্বতী হও,—আর এমনতর আদর, যত্ত্ব, সেবা, যুক্তি ও আলোচনা কর যাহা তাঁহার প্রাণকে স্পর্শ করিয়া এমনতরভাবে উদ্বুদ্ধ করে যাহাতে তিনি একরকম অজ্ঞাতসারে—তোমাতে মৃগ্ধ হইয়া বিপথের প্রয়োজন হইতে অপ্যারিত হ'ন!

স্বামী-প্রতিষ্ঠায় গুরুজন-সেবা---

স্বামীর যদি উন্নতি বা প্রতিষ্ঠা চাও—তবে তোমার শশুরশাশুড়ীর সেবা হইতে কথনই বিমুখ হইও না; কারণ তাঁহারা তা'-ই
বাহাদের হইতে তোমার স্বামী উদ্ভূত হইয়াছেন—আর তাঁহারাই
তাহার আদিম মঙ্গলকামী, যদিও এ কামনার ভিতরও প্রান্তি
থাকিতে পারে! স্বামী যদি প্রান্ত হইয়া ইহাতে অনিচ্ছুক হ'ন—
তা' উল্লভ্যন করিয়া তাহাদের সেবা করিলে মঙ্গলই হইবে;—
শশুর যদি প্রস্তাচার-সম্পন্নও হ'ন তথাপি তাহার সেবাবিমুখ
হইও না, বরং সহচর্ঘায় বিরত থাকিও—দেখিবে—মঙ্গলকেই
উপটোকন পাইবে।

গভিণীর গর্ভচর্য্যায়—

যাহাকে গর্ভে স্থান দিয়াছ—মান্তবে মূর্জ্ত করিবে যাহাকে— গর্ভারম্ভ হইতেই তাহার পরিচর্য্যা করিতে ভূলিও না—এ পরিচর্য্যা প্রথমতঃ মানসিক, দ্বিতীয়তঃ শারীরিক; তোমার মনকে যতই নির্ভীক ও সং-এ প্রফুল্ল রাখিতে পারিবে, তোমার গর্ভস্থ সম্ভানও ভাহাই উপভোগ করিবে—শরীরকে স্বাস্থ্যে, কর্ম্মপট্ট্তায় ও পরিচ্ছন্নতায় যতই স্থান্দর রাখিতে পারিবে, তোমার গর্ভস্থ সম্ভান তাহাই উপভোগ করিবে—বৃঝিয়া চলিও।

বিধবার আদর্শ-

বিধবার আদর্শ—ইষ্ট বা গুরুর আদর্শে অন্প্রাণিত হইয়া অন্তরে স্বামীকে অটুট রাখিয়া, ব্রহ্মচর্যাপরায়ণা হইয়া, উপযুক্ত সেবায়—পারিপাখিক ও জগতে ইষ্টপ্রতিষ্ঠা করিয়া নন্দিত হইয়া গত স্বামীর আত্মাকে নন্দিত করা।

বালবৈধব্যে---

তুমি যদি বিধবা হইয়া থাক—তোমার মন্তিক্ষে, গত স্বামীকে লক্ষ্য করিয়া যদি কোন প্রকার টান, উদ্বেগ ও আকাজ্ঞা না-ই থাকিয়া থাকে,—আর সে স্বামীকে যদি তুমি স্বেচ্ছায় বরণ করিয়া না থাক, এবং তাহার স্বারক সন্তানসন্ততি যদি না-ই থাকিয়া থাকে,—এবং তোমার যদি মনে পুক্ষাকাজ্ঞা জাগিয়া তোমাকে চঞ্চল ও উদ্বেল করিয়া তোলে, স্ক্রিষয়ে শ্রেষ্ঠ, স্কান্ত্রান্ কোন

পুরুষকে তৃমি অনায়াদে বরণ করিয়া জোমার স্থিতি এ উৎকর্ষকে তাঁহার সহিত আদর্শে সার্থক হইতে পার ;—ইহাতে তৃমি পাতিত্যকে এড়াইয়া পবিত্রতাকে লইয়া অখলিত জীবন যাপন করিতে পারিবে।

রোগচর্য্যায় গাছ-গাছড়া---

সাধারণতঃ ভোমার পারিপাধিক গাছ-গাছড়া বা অন্ত-কিছ —তাহা মামুষের কি প্রয়োজনে লাগিতে পারে, কি কি গুল তার, কি প্রয়োজনে কেমন-করিয়া ব্যবহার করিতে হয়, ইত্যাদি নথদর্পণে রাখিয়া দিও-বিপদে সাহায়া পাইবে-হয়ত অল্লে-বৈতা বা ডাক্তার খঁজিয়া হয়রাণ হইতে হইবে না। ব্রাক্ষমহর্তে ইষ্টকে স্মরণ করিয়া তাহার কথা, তাহার ইচ্ছা, তাহার চলন ও চাওয়া ইত্যাদি চিম্বা করিয়া—শ্যাত্যাগ করিও, পরে প্রাত:কালীন সাংসারিক কাজকর্ম শেষ করিয়া প্রাত্তঃকালীন প্রয়োজনের উপকরণ যথাযথভাবে সংগ্রহ করিয়া, প্রকাদিকে আনন্দ-আরক্তিম সূর্য্যকে অবলোকনের সহিত-গুরুজনকে অভিবাদন করিও, সস্তান-সম্ভতিদিগকে যথায়থ উৎফুল্লতার সহিত ম্বেহসম্ভাষণ দারা প্রত্যেকের স্বাস্থ্যের খবর লইতে ভুলিও না, ইহা অভ্যাদে এমনতর করিয়া লইতে চেষ্টা কর-যেন প্রত্যোকের মূখ দেখিয়াই যথাসম্ভব অল্প ফথার ভিতর দিয়া স্বাস্থ্য ও প্রয়োজনের খবর অনায়াদে করিতে পার:—আর ইহাই যেন তোমার রন্ধন-ব্যাপারকে পরিচালিত করে:—অর্থাৎ প্রত্যেকের স্বাস্থ্যামুপাতিক আহাধ্য ষেন প্রত্যেকেই পায়—দেখিও এমন করিলে তোমার পরিবার রোগদস্থল হইয়া—তোমাকে জর্দণা ও ছরবস্থায় করিবে না।

'নারীর নীতিতে' নারীর জ্ঞাতব্য এবং প্রতিপালনীয় উক্ত প্রকার অসংখ্য বিষয়ে শ্রীশ্রীঠাকুর অমৃতময়ী উপদেশবাণী দান করিয়াছেন। পতিতা রমণীর উদ্ধারের কথা, আদর্শ নারীর কর্ত্তব্য, প্রকত সতী, আদর্শ মাতা, নারীর শিক্ষা, নারীর বৈশিষ্ট্য, ক্লাভিগঠনে অন্তলোম ও প্রতিলোম বিবাহ, বিবাহের আদর্শ, ক্প্রেজননের অব্যর্থ উপায়, পতিত ও বিপথগামী স্বামীকে কি করিয়া জীবনে বর্দ্ধনে উন্নত করিয়া সোণার সংসার গড়িয়া তুলিতে হয়, নারীর দক্ষতা, নারীর সেবা, নারীর মাতৃত্ব প্রভৃতি নারী-জীবনের সকল তথ্যের স্থলর মীমাংসা ভাতি সহক্ষ কথায় ইহাতে বিবৃত হইয়াছে। 'বর্ত্তমান যুগের নারীর এই মহা উপনিষদ গ্রন্থখানা বঙ্গের গৃহে গৃহে নারীমাত্তেরই নিত্যপাঠ্য হওয়া উচিত,'—একথা আজু অনেকেই বলিতেছেন।

চলার সাথী

প্রাত্যহিক জীবনে কেমন করিয়া চলিলে মান্থ্য ব্যাপনে বর্দ্ধনে নিজেকে উচ্ছল করিয়া তুলিতে পারে এই গ্রন্থখানায় শ্রীপ্রীঠাকুর তাহারই উপদেশবাণী লিপিবদ্ধ করিয়াছেন। কি পরিবার, কি রাষ্ট্র, কি সমাজ, কি ধর্ম, কি শিক্ষা, কি রাজনীতি সর্ব্বত্ত আজ ঘোর বিপ্লব উপস্থিত। পুঞ্জীভূত বিরাট অন্ধকার গাঢ় যবনিকার মত দৃষ্টিপথ রোধ করিয়া দাঁড়াইয়াছে, তুর্গম-কুয়াসাচ্ছন্ন পথে চলিবার কাহারও সামর্থ্য নাই। পারিবারিক তুর্দ্দশার কথা বলিবার নয়। পিতার প্রতি পুত্রের শ্রদ্ধা নাই, ভ্রাতায় ভ্রাতায় ঐক্য নাই, প্রতিবেশীর প্রতি প্রতিবেশীর প্রতি নাই, স্বামী-স্ত্রীতে প্রনয় নাই, সম্প্রেন্থ-স্প্রদায়ে বিরোধ, এক দেশ অপর দেশের স্বাধীনতা কাড়িয়া লইতে নিয়ত চেষ্টিত। জাতির এই মহা সন্ধট সময়ে যাহাতে প্রতিটী পরিবার আদর্শ সন্তান-সন্ততিতে পূর্ণ হইয়া মাতৃভূমির মুখ উচ্ছল করিতে পারে, দেশবাসী সকলে পবিত্র ভ্রাত্বন্ধনে আবন্ধ হয় "চলার সাথীর" বাণীগুলিতে তাহারই স্থ-সঙ্কেত রহিয়াছে।

প্রকৃত ধর্মায়ন্তান কেমন করিয়া করিতে হয়, সাধনা ও সিদ্ধির পথ কি, শিক্ষার উদ্দেশ্য, ত্মীপুরুষ-ভেদে শিক্ষার বৈশিষ্ট্য, জীবনে আদর্শের প্রয়োজনীয়তা, সমাজ-বিগানে চাতুর্বণ্য, বিবাহে ত্মীর দায়িত্ব, ব্রত, আচার, নিয়ম, সন্ধ্যা, পূজা, জ্বপ, প্রার্থনা প্রভৃতির তাংপর্যা, অবস্থাভেদে চিত্তের বিভিন্ন গৃত্তির নিয়ন্ত্রণ, সামঞ্জ্য ও সমাধান কেমন করিয়া করিতে হয়; নেতা, উকিল, শিক্ষক, চিকিংসক, ব্যবসায়ী প্রভৃতি বিভিন্ন শ্রেণীর লোকের কর্ত্তব্য ও দায়িত্ব, বেকার-সমস্থার সমাধান, স্বাধীনতার বিকৃতি ও স্বাভাবিক স্বাধীনতা, সেবামাহাত্ম্যা, স্বথহুংথ, সত্যমিথ্যা, শুভ-অশুভ, পাপ-পূণ্য, ধর্ম-অধর্মা, দৈব ও পুরুষকার, অমৃত ও মরণ, প্রাত্যহিক জীবনে যাজনের প্রয়োজনীয়তা, ভালবাসার শক্তি, কাম ও প্রেমের চাহিদা, ব্যক্তি ও পারিপার্থিক, ক্রতকার্য্যতার ধারা ইত্যাদি অসংখ্য বিষয়ের মীমাংসা-বাণী ইহাতে প্রদন্ত হইয়াছে। এক কথায়, নরনারী কোন পথে কি-নিয়মে চলিলে সমাজ ও পরিবার মধুমুর হইয়া উঠিতে পারে তাহারই ব্যবহারিক কৌশল জানিতে পারা যায় "চলার সাথীর" বাণী হইতে।

বিরাট অহং-এর ঘনীভূত উচ্ছ ঋল প্রবৃত্তি যাহাদের অমাত্র্য করিয়া তুলিয়াছে, বাসনার মোহে জর্জবিত, বিকিণ্ড ও অবশ হইয়া যাহারা অবসাদের কোলে ঢলিয়া পড়িয়াছে, তাহাদের সেই অবাধ্য প্রবৃত্তিগুলির মোড় ফিরাইয়া বাসনা-রাশিকে স্থসংযত ও স্থনিয়ন্ত্রিত করিবার পক্ষে "চলার সাধীর" বাণীগুলি সবিশেষ সাহায্য করিবে। নিম্নে গ্রন্থের স্থান বিশেষের কয়েকটী বাণী উদ্ধৃত করিয়া ইহার সংক্ষিপ্ত পরিচয় দেওয়া যাইতেছে।

সর্বপ্রথমেই স্প্টিতত্ত্বের বর্ণনা দেওয়া হইয়াছে। জগতের সেই আদিম অবস্থার সহিত যোগযুক্ত মনের কি বিরাট অন্তভ্তি! বর্ণনার গান্তীর্যা এবং বিষয়ের গুরুত্ব উপলব্ধি করিবার জন্ম প্রারম্ভের মাত্র গুটীকয়েক ছত্র উদ্ধৃত করিতেছি। যথা:—

"ক্র-সংধণে অব্যক্তের বৃকে ক্রত ব্যঞ্চনায় বিঘ্ণিত সন্তাব উচ্চ্ ই-বিচ্ছুরণ-সংবিদ্ধ সংঘাতকম্পিত ছন্দে ভাসমান শক্তি-শরীরী প্রতিধ্বনিই আদিবাক্—স্টির প্রথম প্রগতি!

"কম্পিত-কল, সঞ্জন-উৎস দেই ক্ট্বাক্ বিজ্ স্তিত-সম্বেগে, আত্ম-বিচ্ছুরণে, সহসম্পদে, ভাসবিস্ফোরণে, বহুধা-প্রকটে পধ্যবসিত হইয়াও ভাহাই থাকিলেন—অব্যক্তেরই বুকে!—কিন্তু সে স্পদ্দনে ব্যক্ত-বিমুখ সাড়া দিশ না!

"ম্পন্দনপ্লুত, বিপ্লব-বহিং, শক্তি-সমূদ্র, ঘোষ-কল, জাতবাক্ প্রকট-প্রাচুর্য্য হইয়াও তদবস্থ!—তিনিই ঈশ্বর, আদিবাক্— পরম দৈবত।"…… ইত্যাদি!

গ্রন্থের স্চনাথই পুরুষের ব্যক্তিগত কর্ত্তব্য সম্বন্ধে শ্রীশ্রীঠাকুর তেজাদৃগুকণ্ঠে ঘোষণা করিয়া বলিতেছেন যে, পুরুষ ছুটিবে তাহার আদর্শের পানে
আর নারী চলিবে তাহার পুরুষকে অন্ত্সরণ করিয়া আদর্শের প্রতিষ্ঠার
ইন্ধন যোগাইয়া নিজেকে সার্থক করিতে। পুরুষ আদর্শমুখী না হইয়া
নারীমুখী হইলেই সর্ক্রনাশ। পুরুষ যে নারীকে চাইতে পারে না—ইইপ্রতিষ্ঠাই যে তাহার জীবনের একমাত্র লক্ষ্য—ইইপ্রতিষ্ঠায়ই যে তাহার
সর্ক্রসার্থকতা—ব্যক্তি ও জ্বাতির উন্নতির এই মূল মন্ত্রটী শ্রীশ্রীঠাকুর নানা
ভাষায় বারংবার সকলকে জানাইয়াছেন। এস্থানেও তাই বলিলেন—

"তৃমি জগতে প্লাবনের মত ঢলিয়া পড়—সেবা, উভ্তম, জীবন ও বৃদ্ধিকে লইয়া ব্যক্তি ও সমষ্টিতে তোমার আদর্শকে প্রতিষ্ঠা করিয়া—জয়, যশ ও গৌরবের সহিত;—আর নারী যদি চায়-ই তোমাকে তবে ছুটুক সে তার মঙ্গলশশুনিনাদে সব-প্রাণ মুখরিত করিয়া তোমার দিকে,—কিন্তু সাবধান!—চেওনা তৃমি তা'!"

তারপর গ্রন্থ-অধায়নে ষতই অগ্রসর হওয়া যায় জীবনের বিভিন্ন অবস্থার

ভিতর পথ চলিবার স্থানর স্থানর সহজ সঙ্কেতগুলির সহিত পরিচয় ঘটে।
যথা:—

কৃতকার্য্যতা-লাভের উপায় নির্দেশ করিয়া একস্থানে বলিতেছেন---

"তৃমি জান বা না জান, পার বা না পার—তোমার চেষ্টার ক্রমাগতি অটুট, অব্যাহত থাক;—সিদ্ধির পথ খুঁজিয়া লও, ক্বতার্থ হইবে, ক্বতকার্য্যতা আসিবে; আর তোমার প্রতিষ্ঠা তোমার আদর্শকে প্রতিষ্ঠিত করিবেই—নিশ্চয় জানিও।"

আবার বলিতেছেন -

"যদি করিতেই চাও, যে কাজ করিতে হইবে তাহা কেমন করিয়া, কি কি দিয়া—পারস্পর্যা-হিদাবে, যতদুর সম্ভব চিস্তা করিয়া লও,—তারপর সেগুলি তোমার অবস্থা ও সামর্থ্যের আহুপাতিক করিয়া মিলাইয়া লইও,—আর ইহার সাথে বেশ করিয়া দেখিয়া লও তাহা কত সহজে, কত কম সময়ে, কত কম শক্তিকে প্রয়োগ করিয়া সংঘটন সম্ভব হইতে পারে;— আর ইহার অন্তরায়গুলিকে যেমন করিয়া সম্ভব বশে আনিয়া— অহুকূল করিয়া কিংবা অবহেলা করিয়া, করার উপায়গুলি তোমার ফলীর ভিতর আনিয়া শিপ্রতার সহিত ভীমবেগে লাগিয়া যাও,— কৃতকার্য্যতা যে তোমাকে দাদীর মত সেবা করিবে, তাহাতে আর সন্দেহ কি '"

যশস্বী হইতে সবাই অমরা চাই, কিন্তু কি করিলে প্রত্যেকের অন্তরের অধীশ্বর হওয়া যায় যাহাতে সকলে স্বতঃই আমার স্তুতি-গানে তৃপ্তি পায়—তাহা আমাদের অনেকেরই জানা নাই। শ্রীশ্রীঠাকুর তাই বলিয়া দিতেছেন:—

"তৃমি মাহুষের এমনতর নিত্য-প্রয়োজনীয় হইয়া দাঁড়াও—
যাহাতে তোমার সেবায় তোমার পারিপার্শিক যথাসাধ্য প্রয়োজনকে
পূরণ করিয়া জীবন, যশ ও বৃদ্ধিকে আলিঙ্গন করিতে পারে;—
আর এমনি-করিয়াই তৃমি প্রত্যেকের অন্তরে ব্যাপ্ত হও ও এগুলি
ভোমার চরিত্র হইয়া দাঁড়াক্,—দেখিবে ্যশ তোমাকে ক্রমাগত
জয়-গানে যশসী করিয়া তুলিবে।"

র্তৃংথকে চিরতরে বিদায় দিয়া কি-ভাবে নিজে স্থাী হওয়া বায় এবং অন্তকে স্থাী করা বায় তাহাই শুনিতেছি, নিয়ের উদ্ধৃত বাণীটাতে—

> "হু:থের চিস্তায় বিব্রত থাকিও না—হু:থের ভাব কাহাকৈও আনন্দিত করিতে পারে নাই !—বরং কিনে মাহুখকে স্থা

করিতে পারিবে, মাহুষ কেমনতর ব্যবহার পাইলে স্থী হয়—তা' কেমন করিয়া করিতে পারা যায় ইত্যাদি চিস্তা কর, আর কাজে লেগে যাও;—নিজেও স্থী হইবে আর অন্তকেও করিতে পারিবে।"

আপদবিপদ, ভালমন্দ, অবস্থা-বিপণ্যয়ের মধ্যদিয়া স্বাইকেই চলিতে হয়, কিন্তু অবস্থা-বিশেষকে যিনি যেমন দৃষ্টিতে গ্রহণ করিতে অভ্যন্ত হন ফল-ভাগীও তিনি তেমনই হন। প্রীশ্রীঠাকুর তাই বলিতেছেন—

> "শুভদশীই দেখ্তে পায় আপদ, বিপদ, ব্যাঘাত ও ড্ংথের ভিতর একটা উন্নতি ও আনন্দের স্থবর্ণ স্থযোগ !—কিন্তু মন্দদশী সব ভালোর ভিতরই অবাধে দেখে নেবে অপারকতা, অসম্ভবতা— একটা হ্বদুষ্টের হ্রপনেয় হুর্ভোগ !"

সিদ্ধিলাভের মূলমন্তটা গুটি-কণেক কথায় কেমন স্পষ্ট অথচ সহজভাবে ব্যক্ত হইয়াছে—

> "করা, লেগে-থাকা, দেখা ও অমুধাবন করা— এই কয়টাই বোধ, বিজ্ঞান, দক্ষতা ও সিদ্ধিকে প্রতিষ্ঠা কবে।

> "পারি-না ভাবা বা পারায় সন্দেহ কাষ্যতঃ 'না-পারা'কেই স্বষ্ট করে;—পারায় 'না' বা সন্দেহকে তাড়িষে দাও—লেগে থাক; চেষ্টা কর, সিদ্ধি সম্মুখেই তোমার।"

তেমনি কুতার্থতার রাজলক্ষণ সম্বন্ধে বলিতেছেন—

"বিশ্বস্ততা, ক্বতজ্ঞতা ও কর্মপটুতার সহিত যাহার বিপদের ভিতর শুভ ও স্বযোগ-দর্শন ফুটিয়া ওঠে—তুমি অতি নিশ্চয়তার সহিত বলিয়া দিতে পারে—সে যেমনই হউক না কেন—ক্বতার্থতার মুকুটে তাহার মস্তক স্থশোভিত হইবেই হইবে।"

দেশের স্বচেয়ে বড় সমস্থা—অর্থসমস্থা—দারিদ্রা। দরিদ্র আমরা কেমন করিয়া হইলাম সে কথার কারণ নির্ণয় না করিয়া বেকারের সংখ্যা ব্রাস করিবার চেষ্টা করিভেছি; তাই দারিদ্রাও আমাদের কিছুতেই বুচিতেছে না। আজ শ্রীশ্রীঠাকুরের নিকট শুনিতেছি—

"আলস্তা, পারি-না, হয়-ন। বা পারা-যায়-না—এসব চিস্তা ও চলন হইতে সাবধান ও সতর্ক থাকিও; কারণ ইহারা সহজেই বংশ-পরস্পরায় সংক্রোমিত হয় এবং পারিপাশ্বিক ইহাদের দ্বারা হৃষ্ট হইয়া উঠে;—ফলে বংশ, সমাজ ও দেশ মৃঢ়, মৃত্যান্ ও অবসম হইয়া বিশাল দ্বিত্রতায় নিংশেষ হইয়া যায়।" "আলস্ত, অবিশ্বাস, আত্মন্তবিতা ও অক্বতজ্ঞতার মতন বন্ধু বা মিত্র থাকিলে দরিদ্রতাকে আর খুঁজিতে হইবে না;—এমন কি ইহাদের যে কোন একটীও দরিদ্রতার এমন বন্ধু ইহাদের কাহাকেও ছাড়িয়া যেন সে থাকিতেই পারে না, এমন ধন যদি তোমার অন্তরে বসবাস করে, তৃঃথের অভাবের বালাইকে আর সহু করিতে হইবে না।"

"দীর্ঘসূত্রতা কাজ পণ্ড করার গুরুঠাকুর; ক্রোধে ক্ষিপ্ত হইয়া মাত্রৰ তুর্দশার কবলে পতিত হয়; লোভ মাত্র্যকে অবসন্নতায় চালাইয়া মৃত্যুতে নিংশেষ করিতে পারে; পাওয়ার উৎসকে পূরণ ना कतिया গ্রহণ যেখানে মুখর হইয়াছে স্বার্থ সেখানে মান ও মুহুমান; প্রেমকে অবলম্বন না করিয়া কামকে যে দমন করিতে চায় কামই তাকে বিধ্বস্ত করে: শোক যদি অফুশোচনাকে ডাকিয়া অপলাপের পথ সন্ধীর্ণ করিয়া তোলে তবে তাহাই সমীচীন: মানুষের যাহা কিছু আছে সবই যখন দাঁড়াইবে তাহার আদর্শের উপরে, শাস্তি তথনই নিন্তু হইয়া তাহাকে ধারণ করিয়া রাখিবে: সন্দেহ যেখানে সহাস্ত, সঙ্কোচ সেখানে স্বাভাবিক; যে লোককে থারাপ দেখিতে জানে দোষদৃষ্টির চশমাচোরের সহিত তা'র কমই সাক্ষাং হয়: মান যা'র কণভত্তর যশ তা'ব চিরক্ল: বীরত্ব ও পারকতা যা'র মেয়েদের কাছে মুখর হইয়া ফুটিয়া ওঠে, বহির্জগতে वाखरव चामित्नहे स्र्याजात्म तम त्य मिन हहेशा धनाहेशा बाहरव ইহা নিশ্চয়; কুপা পাওয়া তা'কেই বলে, করা বা সেবার ফুরস্থ যেখানে মুক্ত; ভগু কামপ্রবৃত্তি কখনও কাহাকেও প্রকৃত স্বামী বা দ্রী করিতে পারে না; শুধু কস্রং-সাপেক্ষ সংযম অনেক সময়ে বাধভাকা উচ্ছুঝলতার বক্তা আনিয়া দেয়; প্রেমের গস্তব্যই रयथात्न कारमाकीक्षा कामिनी, नाक्ष्ना-माना छा'त कर्श्वक ल्गान्छि করিয়াই থাকে; সমাজের যদি আদর্শ না থাকে তাহা প্রাণহীন. অতএব চলনহীন—তাই ক্ষয়ে নিঃশেষ হইয়া যায়; অপিত ক্ষমতা যা' নাকি মামুষকে ত্রাণ, তৃপ্ত ও বর্দ্ধন করে না, তা' শয়ভানের তম্যাচ্চন্ন পিচ্ছিল বন্ম; দোষদৃষ্টির অব্যর্থতা বার্থ প্রহেলিকায় জীবনকে প্রতিষ্ঠা করে; অধিগম্য যদি কিছু থাকে তা' হ'চ্ছে শতিবাহী চেতনা—যা' জীবন ও মরণকে ভেদ করিয়া পরবর্ত্তীতে পৌছাইয়া দেয়; তা' করাই গোলামী যা' করিতে গিয়া প্রাপোর

থাতিরে আদর্শকে বিসর্জন দিতে হয়; কশ্ম বাঁ'র প্রিয়, ফলপ্রাপ্তি তাঁ'র মোসাহেব; অত্যের নিন্দা ক'রে বড় হ'তে চাওয়া, আর বড় নিন্দক হওয়া একই কথা; কুৎসা-কুয়াসায় জ্ঞানের প্রাদীপ কি করিবে? চাই তাচ্ছীল্যের ফট্কা আওয়াজ; একটা জিনিসই যথেষ্ট মাহ্যবের ত্রদৃষ্ট ও জাহান্নমের পক্ষে—তা' আদর্শে অক্বতজ্ঞতা; আদর্শ বা'র থেয়ালের ইন্ধন, বৃত্তি যা'র চালক, স্বাধীনতা তা'র বিক্বত অহং-এর অসংবদ্ধ কল্পনামাত্র; আদর্শ যা'র নাই, আদেশ যা'কে অপমানিত করে, দেশ তা'র জাহান্নমে।"—

শ্রীশ্রীঠাকুরের কথিত এই সকল অমূল্য অসংখ্য উপদেশের প্রত্যেকটীই । ক্রিবের দৈনন্দিন জীবনে চলার অপূর্ব্ব সঙ্কেত।

আবার সঞ্চয় সম্বন্ধে উপদেশ দিতেছেন—

"সঞ্চয় করিও কিন্তু সেবার জন্তে। তোমার সঞ্চয় যদি সেবাকেই পূজা না করিল, নিশ্চয় জানিও—উহা যাহা বর্দ্ধনকে ক্ষম করে, তাহারই জন্ত।"

কিন্তু কি দেখিতে পাই ? সেবা-বিম্থ হইয়াই সকলে সঞ্চয় করিতে চাহে—সেবার জন্ত সঞ্চয় কয়জনে করেন ? ফলে আমাদের বৃদ্ধিও নাই।

আবার বলিতেছেন, "সেবা মানে তাই—যাহা মাত্রুষকে স্বস্থ, স্বস্থ, উন্ধত ও আনন্দিত করিয়া তোলে; আর তাহা হয় না ৯৭চ শুশ্রুষা আছে, সে সেবা অপলাপকেই আবাহন করে!"

আদর্শ কে, জীবনে আদর্শাহরজির প্রয়োজনীয়তা কতটুকু, আদর্শচ্যতিতে মাহুষের কতথানি সর্বনাশ আনয়ন করে তাহারই আলোচনা-প্রসঙ্গে বলিতেছেন—

"হাহার সেবা, সাহচহ্য ও অফুরক্তির সহিত অফুসরণ নাফুষকে জীবন, যল ও বৃদ্ধিতে ক্রমোয়ত করিয়া তোলে—াহার প্রতি একান্তিক অফুরক্তি বা ভক্তি অটুটভাবে নিবদ্ধ থাকার, পারি-পার্শ্বিক ও জগৎ তাহাতে কোন প্রকার বিক্ষেপ স্টে না করিতে পারায়, ঐ বিক্ষিপ্ত সংঘাতগুলি সম্বদ্ধ ও বিশ্বন্ত হইয়া, সার্থকতা লাভ করিয়া, ভাবে, জ্ঞানে ও বোধে সমৃদ্ধ হইয়া উঠিয়া অমৃতকে আলিক্তন করে তিনিই আদর্শ, ইষ্ট বা গুরু:—তাই ইষ্ট, আদর্শ বা গুরুতে ঐকান্তিক অফুরক্তি মাহ্যুবের জীবনের পক্ষে এত প্রয়োজনীয়; ধর্মকে অটুট করিয়া জীবনকে বহন করিতে হইলেই এই আদর্শ, ইষ্ট বা গুরুই হ'চ্ছে প্রধান প্রয়োজনীয়! তুমি

তাঁহাতে তোমার অমুরক্তি, ভক্তি, ভালবাসাকে ক্যন্ত করিয়া— তাঁহাকেই পরম স্বার্থ বিবেচনায় তাঁহারই অমুসরণ কর—ক্বতার্থ হইবে।"

তাই আবার বলিতেছেন---

"আদর্শ তোমার পিতা, আদর্শ তোমার পালক, আদর্শ তোমার প্রষ্টা, আদর্শ তোমার চালক, আদর্শ তোমার প্রিয়তম! ধীমান্! সর্বপ্রকারেই তুমি আদর্শের হইয়া থাক,—আর তোমার একমাত্র প্রচেষ্টাই যেন থাকে তোমার জগতে যেন তাঁ'কে সর্বক্রেকারে প্রতিষ্ঠা করিয়া সার্থকতায় উদ্দীপ্ত হইয়া অমৃতকে আলিদ্ধন করিতে পার;—তোমার ভালমন্দ যতর্ত্তিই থাকুক না কেন সকল বৃত্তিতেই যেন তোমার আদর্শ সম্যক্রকমে অম্প্রপ্রিষ্ট হন; তুমি কথনই তাঁহা হইতে নিজেকে ফিরাইয়া কামকাঞ্চনে উন্মন্ত হইয়া, আয়ুদান করিয়া অমৃত, উন্নতি ও জীবনকে অপঘাতে অবমাননা করিও না—জাগ্রত থাক।

"তুমি যদি থাক তোমার পতিব্রতা স্ত্রী যেমন কিছুতেই নষ্ট হইতে পারে না,—তেমনই তোমার আদর্শ, ইট্ট বা গুরু যদি থাকেন, আর তাঁ'তে তোমার ভক্তি যদি অটুট হইয়া তোমাতে তাঁহাকে নিবন্ধ রাখিতে পারে,—নষ্ট তোমা হইতে দ্র কতদ্র পলাইয়া যাইবে খুঁজিয়াও খোঁজ মিলিবে না!—আর তোমার ইহা হইতে পতন হইলেই ত্রদৃষ্ট লোলজিহ্বায় তোমাকে তো আক্রমণ করিবেই, সঙ্গে সঙ্গে তোমার পতিত্বকেও উদ্বসাৎ করিয়া ফেলিবে!"

আর—

"তুমি ষতই আদর্শে স্বার্থপ্রাণ হইবে—দেবায় দক্ষতা, কার্য্যে নিপুণতা, কথায় ও ব্যবহারে মিষ্টতা, দহামূভূতি ও সংবর্জনা— এগুলি তোমার চরিত্রকে অম্বলিপ্ত করিয়া তোমার পারিপাধিকে প্রতিফলিত হইবেই—তুমি আদর্শে যে স্বার্থপ্রাণ হইয়াছ, তাহার প্রতিষ্ঠাই যে তোমার পরমন্বার্থ—এই আকৃতিই তোমাকে বাধ্য করাইয়া, অথচ অজ্ঞাতদারে এমনতর করিয়া তুলিবে!— আর ইহাই তোমার আদর্শপ্রাণতার সাক্ষ্য।"

ত্ইটী কথায় 'পাওয়ার' কি অব্যর্থ সক্ষেত বলিয়া দিতেছেন—
"পাইতে—করাকেই অফুসরণ করিও,—গুধু বিবেচনা
পাওয়াকে অনেক সময় অবশ করিয়া তোলে।"

প্রচলিত নানাতথ্যের মর্মার্থ অতি সংক্ষেপে এবং সহজ্ব ভাষায় সকলের বোধগম্য করিয়া প্রকাশ করিতেছেন। নিয়ে উদাহবণ স্বরূপ কিঞ্চিৎ উদ্ধৃত করিতেছি।—

সতা ও মিথাা---

যাহার অস্তিত্ব ও বিকাশ আছে, আর যাহা, থাকাটাকে অকুন রাখিয়া উন্নয়নে পরিচালিত করে,—এমন-কি আর কোন থাকার বিচ্ছেদ বা বিরতি আনে না তাহাই সত্য;—আবাব যাহাতে ঐ থাকাকে কুন্ন করিয়া তুলিয়া অন্তের থাকার বিক্ষেপ বা অপলাপ ঘটায় তাহাই মিথা।

সাধনা ও সিদ্ধি-

কোন কিছুকে আয়ত্ত করিবার জন্ম তাহার কৌশল অবগতিব পুন: পুন: একতান চেষ্টা করাকেই সাধনা বলে;—আর যথন ইহা জানা ও করার ফলে চরিত্রে অশিয়া ওঠে তথনই সিদ্ধি তাহাকে আলিক্সন করিয়া থাকে।

কৰ্মফল ও অদষ্ট—

তোমার কর্মপ্রচেষ্টায় সংক্ষৃধিত পারিপার্থিকে তোমার কর্মফল নিংস্ত হইয়া সংক্রমণে নানারূপে পরিবর্ত্তিত হইয়া তোমার জানার পালার বাহিরে তোমার জন্ম যাহা অপেক্ষা করিতেছে তাহাই তোমার অদৃষ্ট।

দৈব ও পুরুষকাব---

সহজ বৈশিষ্ট্যসম্ভূত সংস্কার—যাহা লইয়া মাতৃষ জন্মগ্রহণ করে, আর যাহার ফলে পারিপার্ষিক তাহাকে যেমন করিয়া গ্রহণ করে—তাহাই দৈব;—আর পুরুষকার ঐ বৈশিষ্ট্যনিহিত ক্ষমতা—যাহা মাত্মুষকে প্রকৃত করিয়া প্রকৃতি ও পারিপার্ষিকে চালনা করে।

ধর্ম্ম ও অধর্ম---

ধর্ম মানে তাই যাহা নাকি থাকা, বৃদ্ধি পাওয়াকে জীবন, যশ ও উন্নতি-প্রবণতার সহিত একতানে বাধিয়া ধরিয়া রাধিয়া অমৃতকে আলিঙ্গন করায়;—মার যাহা এইগুলির অপলাপ ঘটাইয়া

সঙ্কোচ, অবসন্ধতা ও অধংপতনের পথে লইয়া মরণকে স্পর্শ করাইয়া দেয়—তাহাকেই অধর্ম বলা যায়।

ধ্যান-

ধ্যান করা আর কিছুই নয়—মাহ্য যেমন করিয়া তাহার প্রিয়কে চিন্তা করিয়া উবুদ্ধ ও উল্লসিত হয়, অর্থাং, যাহাকে ধ্যান করিতে হইবে তাহাকে যেমন দেখা যায়, তাহাতে যাহা যাহা আছে, যাহা যাহা লইয়া তিনি,—তাঁর চলা, বলা, ভাব-ভন্দী সহকারে ভাবা, চিন্তা ও মানসিক আলোচনা করিয়া বোধ, অর্থ ও উপায়ে উপনীত হইয়া, তাঁহাতে উবুদ্ধ, উচ্ছল ও আপ্রাণ হইয়া তাঁহাকে সার্থক করিতে উন্মুখ ও উদ্দাম হওয়া;—

আবার কাহারও প্রতি এক্প ভাবা, চিস্তা ও করার ক্রমাগতি তাঁহাকে, যে চিস্তা করে, তাহার প্রিয় করিয়া তোলে;—আর এমন করিয়াই ধ্যেয় বা প্রিয় যথন তোমাতে কেবল হইয়া উঠিবেন, তথন তুমিও তাঁহাতে কেবল হইয়া সমাহিত হইবে, আর এই সমাহিত ভাবই সমাধিকে আমন্ত্রণ করিবে;—আর ইহাতেই মন্তিক্ষে সহজ্ব বোধ ও মনে সহজ্ব ভাবের অভ্যুথান হইবে।

দুষ্টা পুক্ষের অবর্ত্তমানে তাঁহাদের প্রতি অহংসেবী স্বার্থান্ধ মানবের অপ্রদা ও অক্কতঞ্জতায় যে সাম্প্রদায়িক বিরোধের স্বাষ্ট হইয়া জাতিকে অধঃপাতে লইয়া যায়, তাহারই কথা বলিতেছেন—

"যিনি প্র্ত্তন দ্রষ্টা, প্রেরিড বা ইউদিগকে অস্বীকার বা তাচ্ছীল্য করিয়া নিজের মত বা দর্শনকে প্রতিষ্ঠা করিতে চান, কিন্তু অবনতমগুকে তাহাদিগকে গ্রহণ করিয়া—অজ্ঞানতা, সময়ের ভিতর দিয়া, তাঁহাদের উক্তিগুলির যে বিকৃতি ঘটাইয়াছে, তাহা সম্রক্ষায় সংশোধন করত:—অধিকন্ত সেই সংশোধনের উপর তাহার সময়োচিত পরিপ্রণ ও পরিপৃষ্টি আনিয়া, সহজ উন্ধত ও প্রাঞ্জল করিতে প্রয়ানী না হইয়া, অস্তুতি ও অপলাপ করিয়া তাহা আদবেই ব্যর্থ করিতে বন্ধপরিকর তাহাকে সন্দেহ করিও;—কারণ ইহা ঠিকই প্রতিনের নিশ্চয়োজিকে অবলম্বন করিয়াই পরবর্তী ঘাহা বলিতেছেন বা করিতেছেন তাহার অভ্যুদয়;—তাই যিনি বা যারা প্রতিনে অপ্রদা ও অকৃতজ্ঞতাহেতু বিচ্ছিন্ন হইয়া আত্মপ্রতিষ্ঠায় যত্মবান্, তাঁরা পরবর্তী অফুসরণকারীদের ভিতর সেই অকৃতজ্ঞতা ও

i di

বিচ্ছিন্ন ভাবকে চারাইয়া জাতি ও রুষ্টিকে ছিন্নভিন্ন করিয়া দিবেন সন্দেহ নাই;—তাই বলিতেছি—সাবধান হইতে ধিধ করিও না।"

ধর্মাত্মসরণ করিলে মাত্মধের জয়, য়শ, প্রতিষ্ঠা, অর্থ, কাম, মোক্ষ—লাভ হইবেই কিন্তু ধর্মাচরণে মাত্মষ যদি খিয়ই হয় তবে নিশ্চিতই বুঝিতে হইবে আচরণেই তাহার গলদ বহিয়াছে, তাই বলিতেছেন—

> "ত্মি ধার্মিক! নিয়ত ভগবানের আরাধনা করিতেছ,—পূজা, সন্ধ্যা, আফিক লইরা বিব্রত ,—অথচ সেবা, অর্থ, ঐশ্বর্য, জীবন, যশ, বৃদ্ধি, তৃষ্টি, পুষ্টি ইত্যাদি তোমাকে অভিনন্দিত করিতেছে না, আর তোমার পাবিপাধিক তোমাতে উপযুক্তরূপে এগুলি পাইয়া সমৃদ্ধ হইতেছে না,—ব্ঝিও—তোমার ধম্ম-আড়ম্বরে বেঁচে-থাকা ও বৃদ্ধি-পাওয়াকে আমন্ত্রণ কর নাই;—তাই, তৃমি ও তোমার পারিপার্ষিক উভয়েই ধর্ম হইতে বঞ্চিত হইতেছ।"

আত্মপ্রতিষ্ঠার সন্ধান এতদিন মাতৃষ অগুকে পীড়ন করিয়া—অন্তের উপর প্রভূত্ব কবিয়া—অগুকে বিপন্ন কবিয়াই পাইতে চেষ্টা করিয়াছে। অত্যের প্রতিষ্ঠায়ই যে প্রকৃত আত্মপ্রতিষ্ঠা তাই আদ্ধ দেশবাসীকে শ্রীশ্রীঠাকুর পুনঃপুনঃ বলিতেছেন—

> "শারণ রাখিও—অত্যের জীবন, যশ ও বৃদ্ধিকে প্রতিষ্ঠা করাই তোমার জীবন, যশ, বৃদ্ধি ও প্রতিষ্ঠালাভের একমাত্র পথ ;—কিন্তু তাহা করিয়া,—শুধু ভাবিয়া, বলিয়া, বা চাহিয়াই নয়কো! ইহার ভুল হইলে তোমার সব চেষ্টা, সব ইচ্ছা, সব কম ভুলেই অবসান হুইয়া যাইবে।"

মামুষের জীবনের সমাট হইবার কি উদার প্রশন্ত বয় হি না দেখাইযাছেন নিমোদ্ধত বাণাটীতে ৷ যথা:—

"ছোট বা নীচু তোমার কাছে আসিয়া যেন কিছুতেই ব্ঝিতে
না পারে সে বা তাহারা ছোট ও নীচু;—বরং তোমার সাহচর্য্যে
ও সাহায্যে তাহারা যেন দেখিতে পায় সম্মুখেই বিস্তৃত রাজপথ—
যাহা ধরিয়া চলিলে মাহুষ হেলায় বড় ও প্রবীণ হইতে পারে;—
আর এটা তোমার স্বভাব-সিদ্ধ হোক্!—দেখিবে মাহুষের জীবনে
তুমি স্মাট হইয়া থাকিবে।"

পুরুষ বড়, কি নারী বড়—ইহা লইয়া আদ্ধ দেশময় তুম্ল আন্দোলন চলিতেছে। প্রীশ্রীঠাকুর বলিতেছেন—"নর নরই, নারী নারীই—স্ব স্ব বৈশিষ্ট্যে উন্নতি লাভ করাই প্রতাকের প্রকৃতিগত সহজ ধর্ম। পুরুষ নারী হইতে চাহিলে আর নারী পুরুষ হইতে চাহিলে—ছর্দ্ধশা ও তুর্গতি-ভোগ অবশুস্তাবী। নর ও নারীর মধ্যে ছোট বড় প্রশ্ন নিতান্তই অবান্তর। নর যেন গাছ, আর নারী যেন মাটী। মাটী গাছের refuse লইয়াই পুষ্ট ও তুই, এবং বিবর্ত্তনে সে গাছকে দেয় nourishment যা'র ফলে গাছ বেড়ে ওঠে। একজনের দিয়েই তৃপ্তি—আর একজনের পেয়েই তৃপ্তি। মাটী গাছের বীজকে বৃকে ধ'রে বৃদ্ধি পাওয়ায় এবং গাছকে খাত্ত দিয়ে পুষ্ট ও বর্দ্ধনশীল রাপে, এটা মাটীরই দর্ম। গাছ মাটীর কোলে বিদ্ধিত, লালিত এবং মাটীর দ্বাবা পুষ্ট ও সম্বর্দ্ধিত হ'য়ে উর্দ্ধে এগিয়ে যা'চ্ছে কিন্তু শিকড় তা'র মাটীর কোলে, মাটীর দ্বারা পুষ্ট হ'য়েই সে বেড়ে চল্ছে—এগানে ছোট বড়'র প্রশ্ন হ'তে পারে না।" প্রীশ্রীঠাকুর তাই নারী ও পুরুষকে লক্ষ্য করিয়া বলিতেছেন:—

"পুরুষের বৈশিষ্ট্য লইয়া পুরুষ আর নারীর বৈশিষ্ট্য লইয়া নারী; পুরুষ যথন নারীতে মুগ্ধ হইয়া নারী-সর্কান্থ হইয়া, নারীর যাহা-কিছু লইয়া নিজেকে সাজাইতে চায়, তথন হইতেই পুরুষে পুরুষত্বের মরণ ধীরে ধীরে অগ্রসর হইতে থাকে,—পুরুষ অবশ ও উচ্চুঙ্গল আশা ভরসা লইয়া ছট্ষট্ করিতে করিতে নিবিড় মূচত্ব ও তমসার ভিতরে নিজেকে মূছিতে মূছিতে পিচ্ছিল গতিতে বিলীন হইতে থাকে.—আবার নারী যথন পুরুষকে সংবৃদ্ধ না করিয়া, নিজের বৈশিষ্ট্যকে তাচ্ছীলা করিয়া, পুরুষকে হাবভাবগুলি কুড়াইয়া লইয়া নিজেকে পুরুষ করিয়া তুলিতে চায়,—নারীত্ব তথন প্রেতিনীত্ব প্রাপ্ত হইয়া তাহার ত্র্বল, ক্ষীণ, অবসন্ধ ও অসংযম্য বাছ বিতার করিয়া, ব্যথতায় বিকট হইয়া, তাচ্ছীলা ও মূণায় থিল্ থিল্ করিয়া অবাধ্যভাবে হাসিতে হাসিতে অনস্ক তুর্গতিতে অবসান হইতে পারে।"

ব্যবসায় করিষা বান্ধালী লাভবান্ হইতে পারে না প্রায়শঃই দেখা যায়,
ইহার কারণ ব্যবসায়-ক্ষেত্রে ক্রেতাকে ঠকাইবার বুদ্ধিই থাকে বেশী।
ব্যবসায় একমাত্র সেবার ভিত্তির উপর প্রতিষ্ঠিত হইলেই তথায় লক্ষীর
আসন অচল হইতে পারে—নতুবা নয়। তাই ব্যবসায়ীকে সম্বোধন করিষা
শ্রীশ্রীঠাকুর বলিতেছেন—



সৎসক্তের কর্মিগণ গৃহনিশা। করিডেছেন

"প্রয়োজ্ব-ক্লিষ্টকে যতদ্র দম্ভব তা'র ও তোমার সামর্থামত স্থবিধা করিয়া দিও ,—-দেখিও তৃষ্ট হয়, সংবর্দ্ধিত হয়,—-ঠকা ভাবিয়া যেন কিছুতেই অমতপ্ত না হইতে পারে, বিফলতার সাক্ষাৎকার তোমার কমই ঘটিবে।

"ব্যবহারে, যত্নে, সহাম্বভৃতিতে প্রয়োজন-ক্লিষ্টকে তা'র উপযুক্ত সামর্থ্যের ভিতরে যদি তোমার সেবা তাহার প্রয়োজন-পূরণের সহিত তোমার লাভকে ওতপ্রোতভাবে নিবন্ধ করিয়া দিতে পারে, তবেই ব্যবসায়কে অবলম্বন করিও—নতুবা তা' ধুইতামাত্র !

"যদি ব্যবসায় করিতে চাও আগে ব্যবহার শিক্ষা কর,— তা' এমনতর যাতে সেবা ও সম্বর্জনায় মান্ত্র স্বন্তি ও তৃপ্তি পায়;—আর এইটা চবিত্রগত কবাই হইল ক্লতকায্যভার মুলভিত্তি।"

চিকিংসকের দায়িত্ব ও কর্ত্তব্য সম্বন্ধে উপদেশ দিয়াছেন :--

"যদি সার্থকই হইতে চাও আত্মাভিমানকে একদম বিদায় দিয়া চাক্ষ্য ও সহজ বিবেচনায় কঠোর হইয়া স্নেহশীল থাকিতে যত্রবান হইও,—বিরক্তি, নিন্দাবাদ, স্থৈগ্রানান, অসহামভৃতিশীলতা যেন তোমার উপর কিছুতেই আধিপত্য করিতে না পারে, আশা, ভর্মা, স্বথশ্রমশীলতা ও সদ্বাবহার যেন তোমার চরিত্রে ওতপ্রোত-ভাবে সমবেদনায় ঝকারিত হয়, রোগ-নিরাকরণই ভোমার পরম স্বার্থ হউক যতক্ষণ তোমার রোগীর স্বস্থতায় তুমি পরিতৃপ্ত না হও-স্বপ্যালোচনায নজর রাথিয়া মনন করিও, পরিচ্ঘাায় পশ্লাংপদ হইতে, উংকণ্ঠাকে বিব্বক্তি ও বেদনার সম্ভিত তাচ্ছীল্য করিতে, তোমার মনকে একটও অবসর দিও না; চিকিৎসার সময় অর্থ যেন তোমাকে কিছুতেই বিভ্রান্ত নাকরে খুব নজর রাখিও—আরো নজর রাখিও রোগীর মেরুও মতিকে, খাস ও হৃংযন্ত্রে আর পরিপাক ও নিঃস্রাব-বিধানে,—কোন ভরসাই যেন বা কোন নিরাশাই যেন তোমাকে ইহা হইতে বিচ্যুত না করে, —নজুর রাধিও জীবনের আধার তোমার ইটু বা ভগবানে,— মননে, কর্মে ও আচরণে তাঁহাকে কুড়াইয়া আনিয়া—তোমার তুঃস্থ ৬ অবসম্বের ভিতর ঔষধ, নিয়ম ও পরিচ্য্যার সহিত উপ্ত করিতে জাগ্রত থাকিও,—তৃপ্তি, যশ ও অর্থ তোমাকে পূজা না করিয়া জলগ্রহণই করিবে না।"

বেকারসমস্তা-সমাধানের কি স্থন্দর ব্যবহার-কৌশল বলিয়া দিতেছেন---

"ছটো খেয়ে যদি বাচ্তেই চাও তবে আহরণ কর—আর আহরণ করিতে হ'লেই দেখ্তে হ'বে পারিপার্শিকের প্রয়োজন; তোমার করা যদি এই প্রয়োজন-পূর্ণের সেবা করিতে পারে তবেই তা'র বিবর্ত্তনে তোমার আহরণ বাস্তবে সার্থক হ'য়ে উঠ্বে,—এই ক'রতে গিয়ে আগেই যদি পয়সা পাওয়ার কাল্পনিক পদায় তোমার দৃষ্টিকে রুদ্ধ ক'বে তুলতে থাক—আহরণ তো হবেই না, চল্তে হোঁচোট্ খেয়ে প'ড্বেই নিশ্চয়;—আর পয়সার আবরণ ফেলে দিয়ে যদি চল,—এই প্রয়োজনের সেবার সম্বেণ —ঠিক জ্বনো, পয়সা তোমাকে পূজো ক'ব্বেই—তাই অমানী হ'য়ে অভিনিবেশের সহিত পারিপান্থিকের সেবায় নিতাই তোমার করাকে উদ্দীপ্ত করিয়া রাথ—বেকারের উৎকটতা তোমার কি করিবে শ"

জীবন-যাত্রার পাথেয় এইরূপ অসংখ্য উপদেশবাণীতে গ্রন্থখানা পূর্ণ রহিয়াছে। বেস্থরে চলার সকল ভূলপ্রান্তি দূর করিয়া মাহ্ন্যকে জ্ঞয়, যশ ও গৌরবের অধিকারী করিয়া তুলিতে "চলার সাধী"র মত সত্যিকারের পথপ্রদর্শক বাস্তবিকই বিরল।

The Message

কতকাল পূর্বের শ্রীশ্রীঠাকুর 'সত্যাহ্বসরণের' বাণীগুলি রচনা করিযা-ছিলেন! তংপর স্থান্য প্রায় পঁচিশ বংসরের মধ্যে তাঁহার কথিত বা রচিত কোন বাণী গ্রন্থাকারে প্রকাশিত হয় নাই। ১৩৪১ সনে 'নারীর পথে', 'নানা প্রসঙ্কে', 'নারীর নীতি', 'চলার সাথী' প্রভৃতি অমূল্য গ্রন্থরাজ্বি প্রকাশিত হইয়া ধর্ম, রাষ্ট্র, সমাজ এবং সাহিত্য-জগতে দেশব্যাপী এক-অভৃতপূর্বে যুগান্তর আন্যন করে। বঙ্গবাদীর নিকট এই বংসর এককালে এক বিশেষ স্মরণীয় বংসর বলিয়া গণ্য হইবে তাহা বলাই বাছল্য। এই সকল গ্রন্থাদিতে শ্রীশ্রীঠাকুরের অসংখ্য অমূল্য উপদেশাবলী এবং অপূর্ব্ব সমাধান-বাণী প্রকাশিত হইলে পর ইং ১৯৩৫ সনে তাঁহার ইংরাজী গ্রন্থ 'The Message' প্রকাশিত হয়। এই গ্রন্থ-রচনার উপলক্ষ্য বিষয়ে সঙ্কামিতা পরমশ্রদ্রের শ্রীযুক্ত কৃষ্ণপ্রসন্ধ ভট্টাচার্য্য, এম-এ মহোদ্য যে কৌতৃহলপূর্ণ বিবরণ প্রকাশ করিয়াছেন, নিম্নে তাহার সংক্ষিপ্ত মর্ম্মান্থবাদ প্রদান করিতেছি। যথা:—

"শ্ৰীশ্ৰীঠাকুর নিজ মাতৃভাষ। বাংলা-ছাড়া অগ্ন কোন ভাষায় কথা বলিতে পারেন না। किছুকাল পুর্বের গত ১৩৪০ সনের শীতকালে আমি ইংরাজী-জানা লোকদের জন্ম তাঁহার নিকট কতকগুলি ইংরাজী বাণী চাহিয়াছিলাম। ইহার কিছুদিন পূর্বেই তাহার কথিত নানা সমস্যার সমাধান বাণীনিচয় বাংলাভাষায় লিপিবন্ধ হইয়া গ্রন্থাকারে প্রকাশিত হইয়াছে। আমি মনে করিলাম যদি এই সকল বাণী ইংরাজীতে লিখিত হইত তাহা হইলে তাহা দেশবিদেশের বহুলোকের বিশেষ প্রয়োজনে আসিত। আমি এখনও ঠিক বুঝিয়া উঠিতে পারিতেছি না, তাঁহাকে ইংরাজীতে বাণী প্রকাশ করিতে অমুরোধ করিয়াছিলাম কেমন করিয়া—যদিও আজ একষুগ ধরিয়া জানি যে, তিনি ইংরাজী মোটেই জানেন না। শ্রীশ্রীঠাকুর আমার কথা ভনিয়া হাসিতে হাসিতে বলিলেন—'অসম্ভব!' কয়েক দিন চলিষা গেল। একদিন সন্ধ্যাকালে তিনি আমাকে ডাকিয়া বাণী লিপিবদ্ধ করিতে বলিলেন। আমি শুনিয়া অবাক বিশ্বয়ে অভিভূত হইয়া পড়িলাম। দেখিলাম তিনি সহসা ইংবাজীতে বলিতে আরম্ভ করিলেন। লিখিতে গিয়া আমার লেখনী কাঁপিতে লাগিল। এইভাবে উপযুগিপরি কয়েকদিন ধরিয়া তিনি সময়ে অসময়ে আমাকে ডাকিয়া বাণী লিপিবদ্ধ করাইতে লাগিলেন। বাণী-প্রদানকালে আশ্রমবাসী অনেকেই উপস্থিত থাকিতেন,—পরিদর্শনকারী অনেকেই তাহার সহিত সাক্ষাং করিতে আসিতেন এবং মাঝে মাঝে সংসঙ্গের কর্মিগণ নানা প্রয়োজনে উপদেশ ও পরামর্শ লইবার জন্ম উপস্থিত হইতেন—ইহাতে যথেই বাধার স্ষ্টি হইত। সময় সময় স্রোতের মত অবিরল ধারায় বাণীগুলি এমন ছড় হড় করিয়া বাহির হইত, বিশেষ ত্রস্ততার সহিত লিখিয়াও লেখা শেষ করিয়া উঠিতে পারিতাম না। শ্রীশ্রীঠাকুর নিজেও বলেন ্য বাণীগুলি মাছের ঝাঁকের মত বা আকাশে সঞ্চরমান মেঘ-খণ্ডের মত হঠাং তাঁহার মানসপটে সম্পূর্ণ অজ্ঞাতসারে উদিত হয়, আবাব তেমনি অতি সহর সেগুলি কোথায় বিলীন হইয়া অদুশু হইয়া পড়ে। আমি তাহার সহিত নানা বিষয়ে আলোচনা করিয়া প্রশ্ন জিজ্ঞাসা করিতাম। সারা দিন-রাত্র, যতক্ষণ তিনি সম্লাগ থাকিতেন, আমিও তাঁহার কাছে কাছে থাকিতাম —কারণ কথন যে বাণী লিপিবদ্ধ করিবার জন্ত ডাকিবেন তাহার কোনই নিশ্চয়তা ছিল না। কথিত বাণীগুলি আমার নিকট এক অভূতপূর্ব্ব বিশায়ের বস্তুই ছিল, কারণ দীর্ঘ বার বংসরের অধিক কাল তাঁহার সঙ্গ করিতেছি কোন দিন তাঁহাকে প্রাপ্রি একছত ইংরাজী বলিতে শুনি নাই। জাগ্রতাবস্থার "মহাভাববাণী" ছাড়া এগুলিকে আর কি বলিব ? শ্রীশ্রীঠাকুর প্রায়শঃ

বিছানার উপর অর্কশায়িত অবস্থায় থাকিয়া, উপস্থিত সকলের সমক্ষে বাণী বলিয়া যাইতেন আর তাহাই লিপিবদ্ধ হইত। সমগ্র পুশুকথানায় লিপিবদ্ধ যাবতীয় বাণী—যাহা ধর্ম, আধ্যান্থিকতা, শিক্ষা, সমাজ, অর্থ, শিল্প, বাণিজ্ঞা, রাষ্ট্র প্রভৃতি বিষয়ে কথিত হইয়াছে—তাহার প্রত্যেকটীই তাহার স্বীয় ব্যক্তিগত জীবনের অহুভৃতি ও অভিজ্ঞতা হইতে উক্ত হইয়াছে আর তাহাই তিনি তদীয় সংসক্ষ প্রতিষ্ঠানে বীজাকারে মূর্ত্ত করিতে চেষ্টা করিতেছেন। কথিত বাণীগুলিতে বর্ত্তমান জগতের নানা সমস্যা সম্বন্ধে জিজ্ঞাসিত বহু প্রশ্বের অপুর্ব্ধ সমাধান রহিয়াছে—অন্ততঃ আমার কাছে।

"মনে মনে প্রশ্ন করিলাম—এগুলি অন্তেরও প্রয়োজন লাগিতে পারে কিনা। কতিপয় বন্ধুকে দেখাইলাম। কথাগুলি তাঁহাদের কাছে খুবই ভাল লাগিল। আমি এগুলি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের তদানীস্থন ভাইস্ চেন্সেলার মাননীয় রেভাবেও ডাঃ আরকুহার্টকেও দেখাইলাম। তিনি আত্যোপান্ত পাঠ করিয়া মন্তব্য কবিলেন—'বাণীগুলির অধিকাংশই কেমন হাদয়গ্রাহী, কি স্থলর, কত মনোজ্ঞ, আর কি অপূর্ব্ব তাহার ভাবসম্পদ!' আর আমাকে লিখিয়া পাঠাইলেন—'স্ত্রোকারে নিবদ্ধ এই ছন্দোময়ী বাণী-শুলি আমি বিশেষ আগ্রহসহকারে পাঠ করিয়াছি এবং ইহার উচ্চ ভাবরাজির পরিচয় পাইয়া মৃদ্ধ হইয়াছি।……আমি আশা করি, পুন্তক-খানি মৃদ্রিত হইলে যে উদ্দেশ্যে ইহা লিখিত হইয়াছে তাহা সাধিত হইবে।"

তংপর "The Message" নাম দিয়া শ্রীশ্রীঠাকুরের কথিত এই সকল ইংরাজী বাণী মৃদ্রিত হইয়া প্রকাশিত হইয়াছে। 'চলার সাথী' 'নারীর নীতি' প্রভৃতি যে উদ্দেশ্যে লিখিত হইয়াছে এ গ্রন্থখনার উদ্দেশ্যও তাহাই—অজ্ঞান অন্ধকারাছের মানবমনকে জ্ঞানালোকে উদ্থাসিত করা—জীবনযাত্রার পথে বিশ্বস্ত মানবকে চলার সক্ষেত বলিয়া দিয়া তাহাদিগকে বল, ভরসা, আশা, উদ্দীপনায় সন্দীপ্ত করিয়া তোলা। সমগ্র গ্রন্থে অন্যন তিনশত বাণী সংগৃহীত হইয়াছে, দৃষ্টাস্ত-স্বরূপ কতিপয় বাণী নিয়ে উদ্ধাত করা হইল। যথা:—

The Message-

Roll on—like a flood over the sorrows, sufferings and calamities of the World,—with love, sympathy and service and with the message of Beloved the Lord,—with a knowledge and activity that illuminates the way of the dull, and deteriorating depressed;—flow on—extremely unresting and un-

disturbed: if female wants let her run after you, proclaiming admiration and worship, establishing the kingdom of peace and happiness with a wistful soothing gaze after her beloved;—but wish not for that at all!

Rémember and Go-

Think not weak, think not depressed, - ye be not hopelessly immobile; remember the best creation of His stock which you live in! Shout, effect up, be sure and brave;—hold His banner of love, behold Him in His creation; go—and this go is only to serve, to kneel and to pray!

Love vs. Force--

Love acquires Life with all its riches,—and Force conquers rights without life!

Rights-

Only then the right is right and is a boon of nature, when it is dumb of self and active in nursing the environment—to fulfil the requisition of existence with a welling up of service!

The Way to Success-

Surrender to thy Ideal, continue to move onsmashing and managing the sufferings that come forth as obstacles,—and be crowned with success!

Perfections-

When Ideal, individual and environment fulfil one another in a concord,—with an uplift of exuberance that moves the life onward with an easy, intelligent flow—Perfection resides there indeed!

Real Education-

Education in its real form is to unfold the characteristic faculties that are latent within by attachment to an Ideal embodied, and through the glimpses of expressions—those which come forth as impulses from his experiences during periods of exposition,—to follow with services, to learn with attention, to do in accordance therewith,—in a word to take those impulses in, with sense,—to unfold and adjust!

University-

When varieties arrive with a meaning at unity--it is university!

Acquisition and Learning-

Acquisition through love and admiration makes the being elevated,—whereas enormous learning from inferiority-complex keeps the being untouched!

The Mother of Success—

Verily, I say, doing is the mother of success!

The Garland of Wealth and Worship-

If you possess normal aptitude for service with your unshaken love for principle that exalts your environment with a profitable nourishment which makes them interested with a loving earnestness to cherish you, verily, I say, with a stony assurance destiny with the garland of wealth and worship will follow you with a wistful gaze!

Boon of Satan-

Really unlucky he is who adorns himself at the cost of others' interest, instead of healing sore and

sorrow of deficiency of pauper environment;—so despair and despondency is the boon of Satan to him!

Heredity-

Heredity bears the being of forefathers alive in the offspring: So when a woman of higher heredity succumbs to an inferior, it rouses a drowning-down panic in the soul of her ignorance, because the inferior breeds at the cost of the deteriorating superior!

Predestination and Free Will-

The inherited instincts imbibed from the acquisitions of forefathers determine the faculties that make one move—that is *Predestination*;—and the faculties that dwell in those instincts accentuate the innate nature of a being, and make it move accordingly—this is *Free will!*

Beauty-

Have you a craving for beauty? Try to see beauty even in ugliness!

Man and Woman-

Man should expand himself blazing up his ideal in his environment, exalting it in life, wealth and ability, bestowing his self on every individual, making them unified in interest in him: In such a way he runs after glory with glory, and this is the characteristic of a man; and where the female follows man with a darling dish of nourishment, voice of vitality, influence of love, push for the ideal, tears of affection and sympathy, proclaiming with the blow of conch, 'Run forward—in exhaustion I am the

shelter, I the rest and life, the arbour of love and refreshment,'—that is the characteristic of a woman!

Chastity dwells there-

When in a female all the passions converge in welling up the life and lift of her beloved, ceases all her hankering for self-enjoyment but for Love: hope relieves despair, labour relieves rest, joy relieves suffering, and life relieves death in the innermost recesses,—peeping wistfully towards the lover, making him unconsciously exuberant in life, love and service, with a beautiful serviceable move—chastity dwells there!

My Religion-

The act of binding oneself with the Ideal, in love, worship and admiration and to live on accordingly in an acceleration of one's being and becoming is *Religion* to me.

War Inevitable-

Without nourishing the environment through compassion, love and service soothing with resonant sympathy sorrows and disappointments, when individuals of same interest live on slaughtering others—those that environ them—to protect their existence,—they quiver, outbreak with roaring rolls,— hunger shouts with cramps of cruelty,—tilt in every heart pangs of existence, screams with thrill—War is inevitable!

Art and Literature—

What makes one luminous with an enthusiastic unfoldment of ideas that elate the mind with a

pleasure-push to service and success in the way of becoming by means and skill that operates with an uphill sensation, is Art and Literature.

Labour and Capitalism-

Where capitalists are not laborious to serve the labourers—to make them efficient, Mammon with a sighful glimpse converts money into mud; and where labourers deceive the capitalists without being profitable to them and negligently usurp the maintenance which makes them fit in life, Satan with embezzling laughter presents them a black necklace with a steel rope that pulls them towards vanity!

The Backbone of Commerce—

Service with invention is the backbone of commerce: When commercialism serves not the Ideal and culture with money and means, it lacks with a yawning depression and dwindles to a depradation of invention that stabs—with a cruel blood-shed.

Money—the Symbol of Thanks—

Money is the symbol of thanks that come out of the hearts of the needy and sufferers in exchange of service that redeems: So if there be any wealth that enriches men, it is Service—that brings in prosperity to both—the servant and the served!

Ascend the Throne of Bliss-

If thou wishest to be pure in soul, love thy Ideal or Prophet,—do everything to fulfil the wishes that thou knowest and see good in everything thou seestallying evil with an uplift of being and becoming: Do so to thyself and others and thus ascend the throne of purity and bliss!

Where the Latter is denied the Former is spitted on—

Phenomena roll on, experience goes evolving—thus the first invites the second, and the former makes way for the latter: So the prior is the resting ground of what comes after;—therefore, he who denies the former insults invariably the latter,—and where the latter is denied, the former is spitted on!

The Way to know the Grace and God-

He the Supreme Father is ever unknown and unknowable—but there—only when the Beloved, the attached Son is solely attached to His Grace, and does and goes accordingly, can only be known—He in him: So he is the father Embodied—though he knows him as His child, and thereby he is The Way to know the Grace and God and God Himself in him—the source of heaven, peace and happiness.

My Father-

My Father! The Supreme, the omnipotent, all-pervading! My heavenly heart! The Beginning! The Being that hath manifested! My God, Oh Thou, revealed in flesh and blood! A Child of Thyself to wash off the sorrows and sufferings with begotten blood!—Let Thy blessing flush the dirts that are onerous and make me pure and able with a tilt of blissful joy!

Peace, Peace, Peace-Be Ye Peaceful!

Be ve whatever—regret not what has happened by the impulse of your blind misfortune, let not be afeared by the taunting insult of your actions that have occurred by the enticement of the ignorant, dull. depressing environment: Shout. cheer up-be unquivered and attached by your tendrils of passion to the Ideal, the Beloved-whose love enters unquestionably top to bottom whatever ve may besaint, rogue, sufferer, criminal or sinner-pervading all! Instal Him with all your purpose, with all your service, with all your love and emotion, with all the resources you have: neglect to fulfil the narrow sordid interests from the universe in which you dwell; only think of Him, think how to fulfil His interests.-move on doing and dealing accordinglyclating everyone with the message of love, hope, charity and service that exalts! Put thine ear to the throbbing impulse of environment and hear attentively the lingering music of the inner microcosm with a rolling peaceful concert, a singing thrill-

Peace Peace Pcacc-be ye Peaceful!

চলার রীতি

এই পুস্তকথানি আকারে অতি কুদ্র কিন্তু বিষয-সম্পদে ইহা অদিতীয় । অমৃল্য রত্নবিশেষ,—মানব-সাধারণের জীবন-চলনাব একমাত্র বিশ্বন্ত পথপ্রদর্শক। "ধর্মস্য তত্ত্বম্ নিহিতং গুহায়াম্"—ধর্ম চিরকালই সকলের কাছে অজ্ঞেয় এবং তৃজ্ঞেয় হইয়াই রহিয়াছে, কিন্তু "চলার বীতি" মাহ্মষের চিরপোষিত এই অজ্ঞান-অন্ধকার দূর করিয়া দিযাছে। প্রকৃত-খাঁটি কোন্ পথ এবং মিথাাই বা কি তাহা এই পুস্তকের বাণীগুলির কণ্টপাথরে অতি সহজ ও স্থলরভাবে জানিবার স্থবিধা হইয়াছে। প্রত্যেকটী বাণী মনোযোগের সহিত পাঠ করিলে মানব-মনের কত-দিনের কত ভ্রান্ত ধারণা

যে তিরোহিত হয়, তাহা বলিবার নয়! সত্যকে কুসংস্কারের আবরণ হইতে মুক্ত করিয়া এমন স্পষ্ট ও জ্বলস্কভাবে সর্ক্রসাধারণের সমক্ষেপ্রকাশ করিবার ফলে যদি আজ এই বিপ্রান্ত মরণোন্মুথ জাতির যথার্থ কর্ত্তব্যবৃদ্ধি জাগ্রত হয়—নির্জ্জীব, দেহে প্রাণের স্পন্দন আসে! বাণীগুলি যেন এক-একটা জ্বমোঘ মন্ত্রস্বরূপ। যে-কেহ বাণীগুলির মর্ম্ম হদয়ক্ষম করিয়া নিষ্ঠা ও ধৈর্য্যের সঙ্গে তাহা প্রতিপালনপূর্বক জীবন-পথে অগ্রসর হইবেন, তিনিই ধর্ম অর্থ কাম মোক্ষ এই চতুর্বর্গফল অনায়াসে লাভ করিতে পারিবেন। বাণীগুলির প্রতিটা জ্বলর যেন ওজ্বন-করা, অতীব স্ক্ষভাবে বিচার-করা,—স্কচ্ছ, স্পষ্ট ও অল্রান্ত এমন বাণী বাত্তবিকই নিতান্তই বিরল।

গ্রন্থের আরম্ভে মানবমাত্তেরই সহজ্ব-চলার তিনটী রীতির কথা বলিতেছেন। যথা:—

- ১। পৃথিবীর পৃর্বতন অবতার, প্রেরিত ও মহাপুরুষদিগকে আপ্ত বলিয়া স্বীকার করা এবং সম্লমের সহিত তাঁহাদের প্রতি সম্রাক্ষ থাকা উচিত।
- ২। যিনি পূর্বতনে সম্রদ্ধ হইয়া,—তাহাদের বাণী ও কন্মের তাংপর্যানিরুপণে এবং তাহারই আবোতর প্রগতিতে সম্বেগানীপ্র সার্থকতায় বাস্তব পরিণতিতে চলিয়াছেন—তাহাকে সেই যুগ বা সময়োপযোগী প্রেরিত বা গুরু বলিয়া স্বীকার করিয়া, তংস্বার্থ ও প্রতিষ্ঠাপন্ন হইয়া, পূর্বতনদিগকে তাঁহাতে প্রত্যক্ষ করিয়া নিবিষ্ট চলনে চলিতে চেষ্টা করা উচিত।
- থ। যে-কোন সম্প্রদায়, যে-কোন মত বা গুরু ও কুল-গুরু-উপদিট সাধনা ইত্যাদিতে কেহ নিবিট থাকুক্ বা না থাকুক্,
 াতাহা ত্যাগ করিয়াই হউক বা না করিয়াই হউক, সংমন্ত্রে প্রত্যেকেরই দীক্ষিত হইয়া তক্তপ্নায় নিজেকে নিয়য়্রিত করা উচিত।

চির-পোষিত ভ্রাম্ভ এবং বিকৃত ধারণা দ্ব করিয়া সত্যজ্ঞান লাভের জন্ম নিম্নলিখিত বাণীগুলি প্রত্যেকেরই সবিশেষ প্রণিধান-যোগ্য। যথা:—

সাধনায় চরিত্র-

সাধন-প্রক্রিয়ায় ক্রমাগত চেষ্টাও অভিনিবেশে শব্দ, জ্যোতিঃ দৈববাণী ইত্যাদি যোগ-বিভৃতি যাহা সংঘটিত হইয়া থাকে, সেগুলি শুধু তোমার মন্তিক্ষের বৈধানিক পরিবর্ত্তনই নির্দেশ করে। ইহা তোমার প্রকৃত সন্তা ও চরিত্রকে স্পর্ণ না-ও করিতে পারে; কিন্তু আদর্শে ভক্তি বা ভালবাসার অকাট্য টানে বা তৎসহ যৌগিক প্রক্রিয়ায় যাহা সংঘটিত হয়, তাহা সন্তা ও চরিত্রকেই আকর্ষণ করিয়া উন্নতিতে নিয়ন্ত্রিত করে—ইহা স্থির নিশ্চয়।

সাধু-

ষিনি সিদ্ধির কৌশলকে চরিত্রগত করিয়া তদ্ভাবে জীবনকে নিয়ন্ত্রিত করিতেছেন তাঁহাকেই প্রকৃত-প্রস্তাবে সাধু বলা যায়।

প্রকৃত ধ্যান-

আড়ষ্টভাবে শুধু ইষ্টমূর্ত্তি চিম্ভার চেষ্টা করিয়া ধ্যান-পরায়ণ হইতে যাইও না,—তাহাতে তোমার মন্তিক্ষের সাড়াসম্বাহী কোষগুলিকে সঞ্চাপ-মূছ করিয়া একটা নিরেট পরিণতিতে পরিণত করিয়া তুলিবে। তোমার ইষ্টপ্রাণতায় জ্মন্তরক্ত আকুল ইষ্টব্ভুক্ষা যথনই তাঁহার চাহিদাকে প্রাঞ্জন ও অপরিহাধ্য করিয়া তুলিয়া উৎস্বার্থ ও উৎপ্রতিষ্ঠামূখ্য যাজন-অভিব্যক্তিতে সন্ধিৎশা-উদ্দীপ্ত কর্মপ্রয়াসী করিয়া তুলিবে,—সেই আপ্রাণ ইষ্টাম্বরাগী বৃহক্ষা যে ইষ্টমনন তোমার অস্তরে উপস্থিত করিয়া থাকে—তাহাই হ'চ্ছে তোমার স্বাভাবিক ইষ্ট্রধ্যান,—ইহাই হ'চ্ছে প্রকৃত জীবনীয়, তোমার পক্ষে প্রকৃত বর্জনীয়।

ধ্যানের পদ্ধতি---

শুধু মাত্র ইষ্টের প্রতিমৃর্তিকে চিন্তা করিলেই যে ধ্যান হইবে তাহার কোনও অর্থ নাইকো,—ইষ্টবিষয়ক স্বার্থ ও প্রতিষ্ঠাপ্রয়াসী হইয়া মন্তিকে যত চিন্তাই আহ্বক না কেন, সহজভাবে সবগুলিকেই ঐ ইষ্টস্বার্থ ও প্রতিষ্ঠান্ত্র্কল মনন করাকেই ধ্যান বা মনন বলিয়া থাকে।

সমাধি--

আর ভাব ও ভাবামুগাতিক কাজের ভিতর দিয়া মামুষ্টের এই রক্ম চিস্তাই বাস্তব পরিণতিতে আরোতর সম্বেগশালী হ'তে হ'তেই আপ্রাণ কেবলতায় সমাধিগত হ'য়ে থাকে। সমাধি মানেই হ'চ্ছে সর্বতোভাবে সম্যক প্রকারে ইন্তকে ধারণ করা।

शास्त्र Realisation-

যথনই দেখিবে তোমার ইষ্টামুগ বোধোদ্দীপ্ত ভাবগুলি কর্মেন্দ্রিয়গুলিকে উদ্দীপ্ত ও উত্তেজিত করিয়া কর্মে আগ্রহ আকৃতির সহিত সংহগ ও বৃভূক্ষাকুলতায় নিযোজিত হইয়া সেগুলিকে বাস্তব পবিণতিতে মূর্ত্ত করিয়া তুলিতেছে, আর এমনতর না করিয়াই থাকিতে পারিতেছে না, তোমার অমুভূতি বাক্তবভাবে যে তোমাকে উৎসাহাভিনন্দিত করিয়া ইষ্টপ্রাণ জ্ঞানাধীশ করিয়া তুলিতেছে তাহাতে আর সন্দেহ নেই! আর এই হ'ছে Realisation যাকে বলে তাই।

প্রকৃত ধ্যানে মস্তিক্ষের উর্ব্বরতা—

তোমার ধ্যানের সময় ইউবিষয়ক ও সেই চিস্তার পারিপার্শিক যত চিস্তাই আহ্বক না কেন, সেগুলিকে নিয়ন্ত্রণ সামঞ্জন্ম ও
সমাধানে আনিয়া, ভোমার ইট্রমার্থ ও ইউপ্রতিষ্ঠায় ও তাঁহার যাজন
মননে একান্ত করিয়া আনিতে চেটা করিও; আর তোমান
কর্মশক্তিকে তদমপাতিক বান্তবতায় নিয়ন্ত্রিত করিয়া চালাইতে
থাক—দেখিবে অতি সম্বরেই তোমার মন্তিদ্ধ কতথানি উর্বর
হইয়া উঠিতেছে! আর ইহার বিপরীত করিলে অর্থাৎ সমস্ত
চিন্তাগুলিকে নিগ্রহ করিয়া শুধু ইউম্র্টি-চিন্তাপ্রয়াসী হইতে থাকিলে
ঐ নিগৃহীত চিন্তা ও বৃত্তিগুলি এমনতর কর্মপ্রেরণাশূল্য বিরুতভাবাপন্ন হইয়া উঠিবে—যাহার ফলে ভোমার জীবন একটা নির্থক
অর্থশৃল্য আড়ম্বতাপূর্ণ অথবা নিরেট ইইয়া উঠিতে পারে।

প্রকৃত জপ---

তোমার জপ বাঁহা-হইতে প্রয়োজিত হইয়াছে তিনিই তোমার জপের প্রয়োজন; আর এই প্রয়োজনকে উপেক্ষা করিয়া যে মানসিক আর্ত্তি তোমাতে একটা উদ্দীপনার স্বষ্ট করে—অথচ তাহা কোন প্রয়োজনকে কেন্দ্র করিয়া সংবদ্ধ হয় না, তাহা বিক্বতিকেই ডাকিয়া আনে; কিছু এ মানসিক আর্ত্তি বা আন্দোলন—যদি যিনি

তোমার প্রয়োজন—তাহাতেই সংবদ্ধ ও বিশ্বস্ত হয়, তাহা হইলে তাহা প্রকৃতিকে উদ্দীপ্ত ক্রিয়া সহজ্ব বোধ, ভাব বা জ্ঞানে চরিএকে উচ্ছল করিয়া সংবৃদ্ধ করিয়া তোলে; তাই জ্বপাৎ সিদ্ধিজ্পাৎ সিদ্ধিজ্পাৎ সিদ্ধিন্ সংশয়ঃ।

জপের তাৎপর্য্য-

জপের তাংপর্যাই হ'চ্ছে—যাহা জপ করিতে হইবে তাহাকে ও তাহার বিষয়ক যাহা-কিছু—মনে মনে আলোড়ন করিয়া চিস্তা ও অন্তধাবনের সহিত বোধকে উদ্বৃদ্ধ করিয়া উপলদ্ধিকে উচ্চল করিয়া তোলা।

অমুভূতি মানে কি ?—

কোন বোধ বা ভাব যথন কম্মেলিয়গুলিকে অভিদীপ্ত ক'রে উপ্চিয়ে বান্তবভায় পর্যাবদিত ক'বে দেইগুলি যথন আবার বান্তবীকরণের রকমগুলিদহ বা বান্তব চরিত্রগতকরণের ভাবগুলিদহ দন্তাকে অহুরঞ্জিত ক'রে—মপ্তিকে দর্শন-উৎসাহী হ'য়ে উপনীত হয় ও মজুত থাকে—তাহাই হ'চ্ছে প্রকৃত অহুভৃতি। ভাব বা বোধ কর্ম্মে নিয়ন্ত্রিত হ'যে বান্তব পরিণতির ফলে পশ্চাতে যাহা হইয়া থাকে তাহারই ভাবকেই অহুভৃতি বলে—অহু মানেই হ'চ্ছে পশ্চাৎ, ভৃতি মানে হওয়ার ভাব। তা' ছাড়া যে-সমস্ত অহুভৃতি সে সব অসংবদ্ধ, স্নায়ু-উত্তেজনার বৈকারিক স্বপ্ন ছাড়া কিছুই নয় বলিয়াই মনে হয়।


যাজন —

যাজন মানেই হ'চ্ছে মাছবের সংসর্গে গিয়ে বাক্যে, আচারে, ব্যবহারে, সাহচর্য্য ও সাহায্যে বান্তব করণেব ভিতর দিয়ে নিজের ইষ্টপ্রাণতাকে সেবাপটু দক্ষতার অন্তপ্রাণনে এমনতরভাবে তাদের ভিতর চারিয়ে দেওয়া—য়'তে তারা তোমার ইষ্টপ্রাণতায় আরুষ্ট, উদ্বুদ্ধ ও অন্তর্মঞ্জত হ'য়ে তোমার ইষ্টে এমনতর অটুট ও আপ্রাণভাবে যুক্ত ও অন্তরক্ত হ'য়ে উঠে—মার ফলে স্বতঃশ্রদ্ধা ও ভক্তির উৎসারণে তারা পূজায়, যজে, দানে, তৎসক্ষমে অতিরৃদ্ধির অমৃত্রক্তি সহক্ত আপ্রাণ আলিকনে নির্ভর হ'য়ে ওঠে।

জীবন ও বৃদ্ধির ষট্স্তম্ভ—

- ১। তুমি ইউপ্রাণ সেবাসদ্ধিৎস্থ, ইউপ্রতিষ্ঠাপর হইয়া তোমার পরিবার ও পারিপার্শ্বিককে ইউাস্থগ যাজনে উৎফুল্ল করিয়া তুলিতে নিয়ত প্রয়াস্থীল থাকিও।
- ২। অন্ততঃ একবার আহ্বানের সহিত সমবেত প্রার্থনা করিতে ভূলিও না। নিতান্ত অনিবার্য্য কারণ— যেমন শারীরিক অপটুতা বা প্রেষ্ঠনিদেশী ও অবস্থায় অবশ্যকরণীয় কর্ম-ছাড়া সমবেত প্রার্থনাকে অগ্রাহ্য না-করিয়া, তাহাতে গোগ দিতে শ্রদ্ধাবনত ষত্বশীল থাকিও-ই।
- ৩। অন্ততঃ তৃইবার ব্যক্তিগত জীবন ও বৃদ্ধিদ সাধনাকে যাজন ও স্থরণ মনন এবং প্রেষ্ঠকর্মাভিব্যক্তির ভিতর দিয়া অবশ্য নিত্য-নৈমিত্তিক করিয়া তুলিও-ই।
- ৪। কল্যাণকর যাহা-কিছু যথনই মনে কর, তাহাকে কথনই নিরুদ্ধ না করিয়া তোমার কর্ম-নিয়ন্ত্রণে অবিলঙ্গেই তাহার বাস্তব পরিণতি দিতে তংপর হইও-ই হইও।
- ৫। প্রতিমাসে অস্ততঃ একবার, কোন পবিত্র দিনে— তোমাতে নির্ভরশীল প্রত্যেকটা সমর্থ পরিজনসহ—পূর্বাত্বে স্বল্পরিমিত হবিল্যাশী হইয়া বাকী দিনরাত্রি উপবাসী থাকিয়া এক বেলার আহার্য্যাম্পাতিক মূল্য—প্রত্যেকের অস্ততঃ সোয়া এক আনা—তোমার ঈপ্সিত প্রিয়পরমেব উংফুল্ল সম্পর্কনার সহিত্ তৎকর্ম্ম-উদীপ হইয়া যাজনম্পরতায সানন্দে তাহাতে উৎসর্গ ক্রিও-ই। উপবাসের সময় ক্ষ্বাতৃষ্ণা পাইলে জল, কচি ভাবের জল ও আমলকীর রস ছাড়া আর কিছুই আহার না করাই বিধেয়।
- ৬। প্রতিবংসর গ্রায্য সামর্থ্য-সঙ্গুলান থাকিলে অন্ততঃপক্ষে একবার তোমার আদর্শ, ঈপ্সিত, প্রিয়পরমের জন্মস্থানে সশরীরী নতজামু উংফুল অভিবাদন দিতে কিছুতেই তাচ্ছীল্য করিও না। ঐ বাস্তব নতি ও শ্বরণ-মননোংফুল উপাসনোদ্দীপ্ত কর্মপ্রেরণায় তোমার অবসাদগ্রন্থ সঞ্জীবনী ধারা উন্নত স্কুরণে উংফুল হইয়া দীপ্ত ও সম্বেগণালী পটুত্বে যতদূর সম্ভব বর্দ্ধিত হইবেই ইইবে।

সাংসারিক জীবনে নিষ্ঠার সহিত উৎফুল্ল অন্তঃকরণে ভক্তি-অবনত হইয়া এগুলি প্রতিপালন করিলে তুমি পরিবার পরিজনের



সৎসঙ্গ প্রেস ও পারিশিং বিভাগের কর্মি-স্মিলন

(> 80 · 8년)

সহিত নিয়তই ক্রমশঃ জীবন, যশ ও বুদ্ধিতে যথোপযুক্ত ভাবে সমৃন্ধত হইতে থাকিবে—ইহা অতি নিশ্চিত।

যাজক---

চাই তাই করা, তা-ই হওয়া—যা'তে মান্ত্র আবেগভরে নিতজাত্ব হ'য়ে, আকুল আগ্রহে, সম্রদ্ধ স্ফুটবাকে, ব'লে সার্থক হয়, দিয়ে সার্থক হয়—আমার পুরোহিত—আমার দেবতা—-আমার পরম পথের হাত ধ'বে তোলা প্রম-সাথিয়া।

সম্বর্জনের চারিটী বিধি-

- ১। জীবনের সব চাহিদাগুলিকে ইটের স্বার্গ ও প্রতিষ্ঠান্থকূলে নিয়ন্ত্রিত করিয়া তাঁর স্বার্থ ও প্রতিষ্ঠাকে আপন স্বার্গাভূত কবতঃ uncompromising তথ্প্রাণ্ডায় প্রতি-প্রত্যেকের প্রতি মৈত্রী-সম্বর্জনায় চলিতে থাকিও।
- ২। তোমার বাক্ বা কথাকে যথাযোগ্য প্রকাবে নিন্দাশৃন্ত করিয়া বিনীত, সম্ধানাপ্রবণ, ভেজাল ও পুষ্টিপ্রাদ কবিয়া ব্যবহার করিও।
- ৩। উচিত অথচ সমীচীন বলিয়া যাহা বিবেচনা কর ও।হা তংক্ষণাৎই করিতে প্রয়াসশীল থাকিও।
- ৪। ন্থাযাপ্রয়োজন-পীড়িত কেই তোমার নিকট উপস্থিত হইলে, স্বতঃপ্রবৃত্তিসহকারে যথাসম্ভব তাহার দায়িত্ব লইয়া, ভরদাপ্রদ তৃপ্রিজনক বাক্যে তাহাকে নন্দিত কবিয়া অবিলম্বে তাহার প্রয়োজন পূবণ করিতে পশ্চাংপদ হইও না, জার যতদূর সম্ভব অন্তকে উত্যক্ত না করিয়া, বরং নন্দিত করিয়া—তোমার নিজের প্রয়োজনকে সমাধান করিয়া লইতে চেষ্টা করিও।

যে-কেহই হোক না, এই চারিটা বিধির অন্তশাসনকে নিজের প্রকৃতিতে প্রকৃত করিয়া জীবনকে চালাইতে থাকিলে অস্ততঃ আধিভৌতিক সম্বর্জনা যে তাহাব পক্ষে হন্তামলকবং হইবে—সে সম্বন্ধে সন্দেহই নাই।

Independent living মানেই auto-initiative responsible service-এর ভিতর দিয়ে মাত্রুবকে fulfil ক'রে যথোপযুক্ত সর্বতোমুখী সমুদ্ধিতে নিজেকে সমুদ্ধ করা। উক্ত নিয়মগুলি মানিলে প্রকৃত স্বাধীন জীবন প্রত্যেক ব্যক্তিতে মূর্ত্ত হইয়া উঠিবে।

चखाय्रनी

আজ জাতির ভীষণ তুর্দিনে শ্রীশ্রীঠাকুর তুঃস্থ নরনারীর জীবন-সংগ্রামে জয়ী হইবার যে অমোঘ উপায় নির্দেশ করিয়া দিয়াছেন, তাহা এই 'স্বস্তায়নী'। এই ব্রত প্রতিপালনের যে সমৃদ্য বিধান তিনি দান করিয়াছেন এবং লোককল্যাণ-কামনায ইহার তাংপধ্য সম্বন্ধে যে সকল প্রয়োজনীয় অমৃল্য তথ্য প্রকাশ করিয়াছেন নিম্নে তাহা উদ্ধৃত করা গেল:—

"আচার ছিল আয্যসমাজে পরম ধর্ম। আচারহীন, আচারভ্রপ্ত যা'রা তা'রাই ছিল মেচ্ছ। প্রতি পরিবারে, প্রতিগৃহে প্রতাহই ইপ্ত বা শ্রীবিগ্রহের পূজা ও সেবাম্প্রান আয়াগণের চিরস্থনী রীতি ছিল, নিতাকর্মের মধ্যেই ছিল পরিগণিত। আমাদেরই আয়াপিত্রণ ছিলেন নিতা ইপ্ট-ব্রতাচারী তাই তা'রা ভারতকে সর্ববিধ ঐপয্যে সমৃদ্ধ ক'রে তু'লেছিলেন। ব্রতগ্রহণ মানেই জীবন-বৃদ্ধিদ মান্দলা কম্মাম্প্রভানের প্রতিশ্রুতিগ্রহণ।

ইট বা জীবন্ত শ্রীবিগ্রহের পূজা মানে, প্রথমেই আমার দেহ ও মনকে তা'রই সেবার প্রধানতম যন্ত্রবোধে ফ্স্থ ও সহনপটু রাথিবার কয়েকটা তুল নিয়ম মানিয়া চলা, যেমন—

- শুরু ইইলে আমার ইটের স্বার্থও ক্ষতিগ্রন্ত ইইবে—তাই যে
 আচার ও নিয়মে আমার শরীর স্বস্থ ও দবল থাকে তেমনতর চলিবই চলিব।
- ২। উপযুক্ত সময়ে কচি ও ক্ষ্ধা অন্ত্সারে পরিমিত আহাধ্য গ্রহণ করিব এবং স্বাস্থ্যের সমতার জন্ম থথাপরিমিত নানাবিধ রস প্রফুল্লচিত্তে গ্রহণ করিব।
- ৩। মাঝে মাঝে শরীরটা হান্ধা ও কশ্মঠ রাধিবার জন্ম উপবাদ দিব আর স্বাস্থ্যের হানি ঘটে এমনতরভাবে বাহা, প্রস্রাব ও ঘাম ইত্যাদি সাধারণতঃ কিছুতেই নিরোব করিব না।
- ৪। কাম বা যে-কোন প্রবৃত্তিবেগকে সতত উন্নতভাবে নিয়য়িত করিব—
 তাহা না করিয়া চিস্তায় মস্তিয়ে একটা আক্ষেপ ঘটাইয়া বাহতঃ চাপা দিব না।
- ৫। স্বামী অথবা স্ত্রীর সহিত বিষেষ-ভাবাপন্ধ হইয়া যাহাতে কিছুতেই বসবাস করিতে না হয়, নিয়য়ণ সাময়তেয়র সহিত ইয়প্রাণ হইয়া নিয়ত তদম্রূপ ব্যবস্থা কবিব।
- ৬। শরীরে অপরিশুদ্ধ স্চী, ছুরিকা বা যে কোন অসু কথনই প্রয়োগ করিব না—আর যে রকমেরই অন্ত্রশন্ত্র ইউক না কেন, প্রয়োগ করিলে বা হঠাৎ শরীরে লাগাইলে তৎক্ষণাৎই সমুচিত প্রতিবিধানের ব্যবস্থা করিব। শরীর ও মনকে নিয়ত পূর্বোক্ত প্রকারে স্কৃত্ব ও সহনপটু করিতে করিতে—

- (১) ইটের স্বার্থ, প্রতিষ্ঠা ও প্রীতির জন্ম আমার প্রবৃত্তি ও চাহিদাগুলিকে নিয়তই নিয়ন্ত্রিত করিব। আমার প্রবৃত্তি ও চাহিদাগুলি আমার বাঁচা-বাড়ার, আমার ভালর দিকে তো এতকাল লাগাইনি, তাই তা'রা মঞ্চলের জন্মদান করেনি। ঐগুলি আমার ইটের, মঞ্চলময়ের প্রীতিসাধনের জন্ম নিয়ন্ত্রিত কর্লে ওদের ভাল কাজেও লাগাতে শিখি, ওরা মঞ্চলপ্রস্থ হ'য়ে ওঠে—আর তথন থেকেই তা'রা ওঠে সার্থক হ'য়ে। একেই বলে বান্তবপূজা—ইহাই ইষ্টপুজার প্রথম অশ্ব।
- (২) সং অর্থাৎ ইষ্টামুকুল জীবনরদ্ধিদ যে কোন চিন্তা মনে উদিত হইলেই অবিলম্বে তাহা বাস্তবকর্মে পরিণত কবিতে চেষ্টা করিবই। ইহাই ইন্তপূদার দিতীয় অক। কারণ শুধু চিন্তা যদি কাজে পরিণত না করি, আমাদের বোধ-স্নায়ুগুলি (sensory nerves) হয় উত্তেজিত, মনে নিরর্থক চিন্তার একটা নরক স্বষ্টি হয়, না কবিয়া শুপু ভাবাব ফলে কম্ম-প্রবোদী স্নায় শুলিতে (motor nerves) যায় ঘূণ ধরিয়া—আর ইহাই হয় আমাদেব হুংখ, ফুদ্দা, দারিদ্যের অগ্রদ্ত। মনোবিজ্ঞানের এই গৃত সত্তকে আশ্রম করিয়া এই দিতীয় পূজাপদ্ধতিকে জীবনের অক্স করিয়া তুলিব।
- (৩) পারিপার্থিকের প্রতি-প্রত্যেকের দর্কবিধ দেবা ও অভাব-মোচনের জন্ম দাদর্কদা দলাগ অনুদন্ধিত্ব থাকিব—আর দেবায় পারিপার্থিককে আরুষ্ট করিয়া ইপ্তান্থক্ত যাজনে দ্বাইকে তাঁ'তে অনুবক্ত করিয়া তুলিব। ইংাই ইপ্তপুলার তৃতীয় অক। কারণ আমাদের বাচা-বাড়ান উপকরণ যা' তা' মুখ্যতঃই পারিপার্থিক ও পারিপার্থিকের কোন-না-কোন, কিছু-না-কিছু প্রতি-প্রত্যেকের ভিতর দিয়েই আহরণ ক'বে থাকি—আর আমিও গা'দেব পারিপার্থিক অমনি ক'বে তা'দেবও দিয়ে থাকি। আমার দেবা ও যাজন পারিপার্থিকের প্রতি-প্রত্যেককে জীবনর্দ্ধিদ ক'বে বাচা-বাড়ায় প্রবর্দ্ধনশীল ক'বে যদি না তুলতে পারে, তা'হ'লে আমার এই থাকা, এই বাচা, এই বাড়া পরিজনসমেত দ্বই যে মুখ্যভাবে ক্ষুণ্ণ, অবদন্ধ ও সংঘাতনিপাতী হ'য়ে উঠবে সে বিষয়ে কি কোন দলেই আছে ?

আর পরমমঞ্জনময় বাঞ্চিতের সন্ধান প্রত্যেক মামুষেরই অন্তবের গভীরতম চাহিদা, পরম-মঞ্চলের প্রয়োজন নাই এমনতর ঐশ্ব্যবান কেহই নাই—দেই পথের সন্ধান যদি আমি পেয়েই থাকি, আর প্রতি-প্রত্যেককে সেবার মধ্য দিয়ে আঞ্চষ্ট উন্মুখ ক'বে আমার ইট্রেই যদি অন্তবক্ত ক'বে না তুল্লাম তবে তা' পারিপাশিকের সেবা হ'বে, না হ'বে জনহিতেব মুখোস-পরা ওধু বৃত্তিস্বার্থপরায়ণ আত্মপূজা? ইউপ্সার এই তিনটা অবই হ'ল বোধ-প্রধান কর্মাস্কান (sensory prominent motor action), তাই এদের বলে ব্রতপ্রাণ। প্রত্যহই ঐ তিনটা অব্ধ পরমশ্রদায় যথায়থ পালন করব।

তা'র সঙ্গে সংক্ষেই কর্তে হ'বে সেবাফ্র্চান। ইটকে ভরণীয়গণের প্রথম ও শ্রেষ্ঠতম ব'লে গ্রহণ ক'রে নিজের বাস্তব-জীবনে তা'র প্রতিষ্ঠা না করা পর্যান্ত প্রকৃত সেবার আরম্ভই হয় না। তা'র সেবা মানে—

- ১। আমার অন্তিত্বের যা'কিছু সবই তা'র পুষ্টি ও প্রতিষ্ঠার—সহজ-প্রীতিতে এই ভাবে সম্যক্ অন্থ্যাণিত হ'য়ে বাস্তব-দায়িত্ব ও কর্তব্য-বোধের উদ্দীপনায় ইটের পোষণ ও সেবার জন্ম ৬॥ পয়সা করিয়া প্রতিদিনই তাহাকে উৎসর্ণ না করিয়া কিছুতেই অন্ধগ্রহণ করিব না। ইহাই ইউসেবার প্রথম অন্ধ। এমন না করলে তাহার সহিত বান্তব যোগস্ত্র রচিত হয় না। আরু সেবাম্ম্মানের মধ্য দিয়ে এই যোগস্ত্র রচিত হ'লে গ্রহাদির এবং পারিপাশ্বিকের ক্ট-প্রভাব—যা' আমাদের প্রবৃত্তিগুলিকে উত্তেজিত ক'রে মৃত্যুর পথিক ক'রে তোলে—আমাদের উপর অনেক কমই আধিপত্য বিস্তার কর্তে পারে।
- ২। প্রিয় বা গুরুজনকে না খাইয়ে কিছুতেই যেমন খাওয়া আসে
 না, ইটের সেবা, পোষণ ও পুটার্থে সার্থক বৃদ্ধিতে আমারই স্বোপার্চ্জিত
 প্রতিদিনের অর্ণ্য একত্র ক'রে এক মাসের সর্বসমেত ৩, টাকা পরের
 মাসের প্রথম দিনেই তাঁ'কে অর্ণ্যস্থরূপ না দিয়ে বা না পাঠিয়ে অ্যত কোনও বায়ে কিছুতেই যেন আমার প্রবৃত্তি বা ক্ষচি না আসে। যতদিন আমি অল্লগ্রহণ কর্ব ততদিনই তাঁ'কেও খাওয়াব আর এই সেবাফ্রান
 হ'তে কোনক্রমেই স্থালিত বা চ্যুত হইব না। ইহাই এই সেবাফ্রানের
 দ্বিতীয় অলা

এমনি ক'রে ইটের সঙ্গে বাস্তব একান্মবোধ দৃঢ় হ'বে আর গ্রহাদি
সর্কবিধ অমঙ্গলের হাত হ'তে বহুধা নিছুতি লাভ কর্ব। মাথায় গেরোর
মত কোন ভাব ভূতের মত চেপে বসে' যে বৃদ্ধিবিপ্যায় ও ভ্রান্তি
ঘটায় তা'রই নাম গ্রহদোষ—শনি, রাহু, রবি, মঙ্গল প্রভৃতি কু-গ্রহগুলি
ঐ রক্মের বিশিষ্ট গেরো বা ভ্রান্তবৃদ্ধিরই স্বষ্টি করে। ইটান্বিত মাঙ্গলা
কর্মোদ্দীপ্ত সন্থাগ মন্তিঙ্কে ঐ ভ্রান্তিগুলি কমই ক্রিয়াশীল হ'য়ে থাকে।

৩। নিজের বাস্তব অর্জনকে প্রতিদিনের নৃতন নৃতন গৃহশিল্প প্রচেষ্টাদি দারা বাড়িয়েই হোক আর যেমন ক'রেই হোক প্রতাহই ইষ্টার্ঘ্য রেখে তদতিরিক্তও কিছু কিছু প্রত্যেক দিন ইষ্টোদেশে সঞ্চয় কর্তেই হ'বে, এই সঞ্চ আবার প্রত্যহই কিছু না কিছু বাড়াতেই হ'বে—আর যা' সঞ্চিত হ'তে থাক্বে তা'র থেকে ইট্রমার্থ ও প্রতিষ্ঠাকল্পে পরিবার ও পারিপার্যিকের নিতান্থ জীবনর্দ্ধিভাবে-ছাড়া কখনও কিছুতেই থরচ কর্ব না। ইহাই এই সেবামুষ্ঠানের সর্বপ্রধান তৃতীয় অন্ধ। আর্য্যগণ প্রতি পরিবারে পরিবারে কন্মীর কোটা রাখিত—এ-টাকা তা'রা প্রাণান্তেও থরচ করিত না—কন্মীর জন্ম ছাড়া। কন্মীরই আর এক নাম জী আব

ইটপ্রীতি-উদ্দেশ্যে ঠিক ঠিক করলে অযথা অপব্যয়ের দিকে পড়ে তীক্ষ্ণদৃষ্টি, স্বাধীন অর্জনদক্ষতা ও সেবাসঞ্চয়বৃদ্ধি গায় বেড়ে। আমর। অর্থ, শ্রী ও বাস্তব সমৃদ্ধিমণ্ডিত হ'য়ে পড়ি। সাধারণতঃ জীবন-বীমায় টাক। বেখে শুধু সঞ্চয়ের দ্বারা মাতৃষ কতটুকু অর্থবান্ হ'তে পারে ? ইহাতে প্রতিদিনেরই ইইপীতিং দৃর স্বাধীন শ্রমলক অজ্ঞন ও সঞ্চয় চক্রদ্দি-হারে বাড়তে বাড়তে তা'র চেয়ে বহুগুণ অর্থ প্রতি পরিবারে পরিবারে মজুত থেকে জাতির অক্ষয় ভাণ্ডার রচনা করবে।

এই তিনটা অঙ্গই হ'ল কর্ম-প্রবোধী, তাই এদের সেবাহুষ্ঠান বলে। এই তিনটা অঙ্গই আমাদের প্রত্যহ পরম শ্রহায় যথায়থ পালনীয়!

ইউপূজা ও দেবার এই নিয়মগুলি নিত্য পূঋান্নপূঋরপে পালন ক'রে প্রত্যহ স্থানান্তে কিংবা বাসি বা অগুচি বসন ছেড়ে হাত পা ধুয়ে এথবা শুধু ইউস্মরণপূর্বক "আমি পবিত্র" এই মাত্র স্মরণ ক'রে শ্রীবিগ্রহের সামনে অথবা তাঁ'র উদ্দেশ্যে মানসোপচারে বা চন্দন তুলসী ফুল নিয়ে নিয়লিখিত স্তোত্তমন্ত্র পাঠ ক'রে অঞ্চলি প্রদানপূর্বক ঐ প্রতিদিনের ইউার্য্য ৬॥০ পয়সা ও ভদ্দি সঞ্চয়ার্থ যা'-কিছু নিজ্ঞ কর্মনি:স্তত চয়নকে উৎসর্গ করাই বিধি।

অর্ঘাঞ্চলি স্থোত্রমন্ত্র-

"শ্রীবিগ্রহন্তং পুরুষোত্তমো মে বন্দে তাং সদস্কুলচক্রম্।
তং হীষ্টন্তমেব পূজ্যঃ প্রতিষ্ঠারৈ তে নিযুনক্ত্র বৃত্তীঃ ॥
তবাত্তকুলং যদি সত্যকামং মৃহঃরূপয়া কুরুকর্মনিষ্ঠম্।
সন্ধিংসয়া সেবয়া যাজনেন সর্কাংন্ত এবাত্তবঞ্জয়ানি ॥
রোগশোক-গ্রহদোষ বৃদ্ধি-বিপর্যয়াচ্চমে।
দারিদ্রাদি সর্ক্রেল্ডাং মৃঞ্চ মে ত্তমি নিষ্ঠয়া॥
শান্তিং স্বন্তিং শুভং দেহি দেহি কর্ম স্থকৌশলম্।
দেহি মে জীবনবৃদ্ধী নিয়তং স্মৃতি-চিদ্যুতে॥"

অর্থাং—শ্রীবিগ্রহ তৃমি, তৃমিই পুরুষোত্তম, আমার অন্তির্দ্ধির অন্তব্দদীপ্তি তোমাকে বন্দনা করি। তৃমিই ইষ্ট, তৃমিই পূজ্য, আমার সকল বৃদ্ধি তোমারই প্রতিষ্ঠায় নিযুক্ত হউক, তবাস্থকল যে কোন সত্যকামনা আমার, তোমার রূপায়, অবিলম্বে যেন কর্মে মূর্ত্ত করিয়া তৃলিতে পারি। সন্ধিংসায়, সেবায় ও যাজনে যেন সকলকে তোমাতে অন্তর্গ্গিত করি ও করিতে পারি। তোমার প্রতি অটুট নিষ্ঠা রোগ, শোক, গ্রহদোয়, বৃদ্ধিবিপর্য্য় ও দারিজ্ঞাদি সর্ক্ষদৈশ্য হইতে আমাকে মৃক্ত করিয়া তৃলুক। আমাকে শান্তি দাও, স্বন্তি দাও, শুভ ও স্থকর্ম-কৌশল দাও—আর দাও আমাকে নিরম্বর চেতনাবাহী স্মৃতিযুক্ত জীবন ও বৃদ্ধি।

আলস্ত, আত্ম-অবিশ্বাস, দম্ভ ও ঠুন্কো মান হ'তেই আসে আমাদের দারিদ্রাদি যত কিছু অমকল। এই ইপ্রজা ও সেবাফ্রচানে এ দোষগুলি সম্লে দ্বীভূত হ'যে যায়—তাই আমবা দেখতে দেখতে স্কশ্-কুশল হ'য়ে উঠি. সমৃদ্বিশালী হ'য়ে উঠি।

আবার প্রতি-প্রবৃত্তির প্রত্যেক রকম টানের সংঘর্ষ যা প্রতিমূহুর্ত্তে মাহুষকে কত রকমেই না অন্তর্বঞ্জিত ক'রে কত চাহিদায় বিদ্রান্ত ক'বে বেহিসাবী বোধের মৃত্যুপন্তী মহমিকার স্বষ্টি ক'রে রোগ, শোক, তুংথ প্রভৃতির ভিতর দিয়ে মবণের দিকে টেনে নিয়ে যা'ছে—ঐ প্রবৃত্তিগুলি ইপ্তমার্থ ও প্রতিষ্ঠাপন্ন হ'যে, তদগুরূপ প্রচেপ্তা ও কর্মপবায়ন হ'য়ে উঠে'—মান্তবকে অমৃতসম্বেগী ক'রে তদায়বোধ-উদ্দীপনায় মমবণযাত্রী ক'রে তোলে। ইপ্তেব একান্ত টানে আমার আব যত কিছু টান, যত কিছু চাওয়া নিয়ন্ত্রিত হ'য়ে, সার্থক হ'য়ে ওঠে—তাই জীবনে আসে চিবতৃপ্তি আর অফুরস্ত স্বস্থি। চিরজীবনের তৃংথ, তর্দ্দশা, অভাব অমকল, দৈন্ত, দারিন্ত্রোর হাহাকার মন্থন ক'বে ইপ্তৈক্সীতির নিতা খুঁটি ধ'বে পাই নৃতন জীবনের স্বাদ ;—এমনি ক'রে অমোঘ নিয়মের অবার্থ সন্ধানে শান্তি, তৃপ্তি ও স্বন্তি হ্য চিরপ্রতিষ্ঠিত ;—তাই এই শুভবতের নাম স্বস্তায়নী-ব্রত।

ভক্তি-অবনত সার্থকবৃদ্ধিতে কৃতার্থ অন্তঃকরণে প্রাত্যহিক জীবনে এই স্বত্যয়নীরত প্রত্যেকেরই গ্রহণীয়, সম্ভব হ'লে বংশারুক্রমিকতায় চিরাচরণীয় ক'রে চালাতে পারাই শ্রেয় ও শ্রেষ্ঠ—মার ইপ্রপা ও দেবাসক্ষে অর্য্যলিপিতে প্রতিশ্রুতি দিয়ে যথারীতি নর-নারী নির্বিশেষে প্রত্যেকেরই এই ব্রত আরম্ভ করিতে হয়।

ব্রতারত্তে গুরুজনের সম্মূথে বা ঋত্বিকের সম্মূথে ইষ্টোদ্দেশে অর্ঘ্যপূষ্ণাদি নিয়ে স্বাক্ষরিত প্রতিশ্রুতি-পত্তে অঞ্চলি ক্ষেপণ করাই বিধি। এইজয় নিজ ঋত্বিকের উদ্দেশে বা সম্মূথে যথাসাধ্য দক্ষিণাও প্রযোজ্য। কারণ এতে মান্থবের অন্তর্নিহিত দক্ষতার উদ্বোধনে পারকতা উপচে উঠে' তা'কে শ্রেয়ে চলৎশীল ক'রে তোলে।

পূর্বসঞ্চিত শুভাশুভ কর্মের জন্ম কাহাবও এই স্বস্তায়নী রতের আরন্তের মৃথেই শুভফল দেখা দেয়, আবাব কাহারও কাহাবও সাময়িক এক-আধট়কু আপাতঃ অশুভ ফলও দেখা দিতে পারে—যদিও শেষোক্ত অশুভ যথাবিধি নিয়ন্তিত হ'লে উহা ভবিষ্য শুভেরই স্চনাকারী লক্ষণ—কিন্ধ অট্টভাবে যথাযথ এই ব্রতাম্মানে অন্ধনিহিত সহজ্ঞসংস্কাবাম্যামী পূর্ব্ব সন্ধিত কন্মফল—
যা' নিরাকবণযোগ্য—তা' নিবাক্ত হ'য়ে চিরচলন্ত কল্যাণ ও সমৃদ্ধি আসবেই আসবে।

এই স্বস্তায়নী ব্রতবিধান যাহাতে সর্বসাধারণের বোবসম্য হয তক্ষ্মগ্র শ্রীশ্রীঠাকুর ইহার মূল বিষয়টা একটা সহজ কবিতায় লিপিবদ্ধ কনাইয়া দিয়াছেন। যথা:—

"ইউদেবার যন্ত্রন্ধপে শরীরটাকে সদাই দে'থো।
বাস্থ্য-নিয়ম পালন করি' সহন-পটু স্বস্থ বে'থো॥
মনেব কোণে যখন তোমার যে প্রবৃত্তি মাব্বে উকি।
ঘূরিয়ে তা'রে নিয়ন্ত্রিয়া কো'বোই ইউ-স্বাথম্থী॥
ভাল যাহা যখনই তা' উদয় হ'বে মনের মাঝে।
তপনই তা' সাহস ভরে সত্যি সত্যি কর্বে কাজে॥
পাড়া-পড়শীর বাঁচা-বাড়া আপনারই স্বার্থ জেনে।
যাজন সেবায তাদের সদাই ইউপানে ধর্বে টেনে॥
নিজের সেবাব আগে রোজই ইউ সেবার জোগাড় কব।
নিত্যশ্রমের ফল বাড়িয়ে ইউলাগি মজুত কর॥
মাসের শেষে অর্ঘ্য দিও পা'বে বুকে শক্তি অযুত।
দারিন্ত্র্যে আর গ্রহের ফেরে ভাল'র পথে থাক্বে অটুট্॥"

মানবমাত্রেরই বাঁচা ও বৃদ্ধি পাওয়ার জন্ম এই স্বস্তায়নীত্রত প্রতিপালন করা যে নিত্যকরণীয় অবশ্য কর্ত্তব্য তংসম্বদ্ধে শ্রীশ্রীঠাকুর প্রত্যহ সকলের নিকট দিবারাত্র বিশদভাবে কত আলোচনা করিয়া থাকেন! জীবন-চলনার এই একমাত্র অমূল্য পদ্ধা যথাযথ অন্ত্রুসবণ করিয়া প্রত্যেকটা মান্ত্র্য যাহাতে উন্ধতিতে অধিরুত হইতে পারে তজ্জন্য শ্রীশ্রীঠাকুরের কি আকুলি বিকুলি—কি প্রাণপাত চেষ্টা! এবিষয়ে তাঁহার একদিনের (১৮ই জ্যৈষ্ঠ ১৩৪৫ সন) উক্তি সংক্ষেপে নিম্নে উদ্ধৃত করিলাম। ইট্রভাতা শ্রীযুক্ত যোগেজনাথ হালদার বি,এ মহাশয় লিখিতেছেন—

"গতরাত্তে শ্রীশ্রীঠাকুরের কক্সা শ্রীমতী সাধনার বিবাহ নিবিন্নে সম্পন্ন হইয়া গিয়াছে। দ্বাই যা'র যা'র কাজে বাস্ত। আমি বাঁধের উপর তা'র घरत बाहि। जननीरमवीत वर्गारताश्यात भत श्रेरा मर्समारे छा'त मूथथानः वर्ष्ट विषक्ष, মাঝে মাঝে 'मन्नान, मन्नान,' 'মা, মা' করেন। অর্দ্ধশান্তিত অবস্থায় ছিলেন, কিছকণ পরে উঠিয়া বসিয়া বলিতে লাগিলেন— 'Life-টা যেন জোর ক'রে একটা tragedy হ'য়ে গেল! এখনও যদি আপনারা স্বাইকে স্বস্তায়নী ব্রত গ্রহণ করাতে পারেন তবে tragedy-টা একটা trago-comedy-তে পরিণত হ'তে পাবে। দেখন, pauperism দ্ব করতে, মারুষকে active করতে, তা'র শরীর ও মনের উন্নতি বিধান ক'রে সমগ্র ও পূর্ণ ইট্টপ্রাণতার সহিত তা'কে ever progressing উন্নতিতে সমাসীন করতে স্বস্তায়নীব মত এমন আর কিছু নেইকো। এ Life Insurance এর চাইতেও ঢের বড। বড় বড় অর্থনীতিবিদ্ও একথা স্বীকার ক'বেছেন। তোমাব যিনি প্রিয়পর্ম, তোমাব যিনি বাপের বাপ, আরও কত-কি, তাঁকে ভালবে'দে তাঁ'রই ত্ব'টো খাওযার জ্বন্ত ত্ব'মুঠো চাল তুমি বে'থে দিবে বোজ বোজ। এই চালের পরিবর্তে বোজ শ্যন থেকে উঠেই তোমার যথাসাধ্য ও যথাসম্ভব সংগ্রহ ক'রে তাঁ'র জন্ম কোথাও বে'থে দেও—আব তা' কথনও যেন কোনক্রমে ৬॥০ পয়সার কম না হয়। এটা সংগ্রহ ক'বে মাসের শেষে তোমার প্রিয়পরম যিনি তা'কে পাঠিয়ে না দেওয়া পর্য্যন্ত তোমার যেন কিছুতেই চেষ্টার বিরাম না হয়, প্রাণে শান্তি না আদে। আর এটা চলবে ততদিন যতদিন তোমার দেহে প্রাণ আছে। যেদিন তুমি তাঁকে না খাওয়াতে পার্বে সেদিন তোমারও মূথে খান্ত ক্ষচ্বে না, তুমিও উপবাদী থাক্বে। দে-তোমার না খে'য়ে উপবাদী থাকবে তা'ব চেয়ে ছ:খ আব কি আছে ? এই ক'টা পয়সা **জোগাড় করার জন্ত তোমাকে সমস্ত কাজের ভিতর পাঁতি পাঁতি ক'রে** খুঁজ্তে হ'বে কেমন ক'রে এই পয়সাটা তোমার হাতের মধ্যে আসে; তোমার brain-এর মধ্যে সমস্ত activity-র মধ্যে এই চিস্তাটা সব সময়ের জন্ত লেগে থাকবে। এই অভ্যাস তোমাকে হাজার গুণে ইষ্টপ্রাণ, active ও tremendous ক'বে তুল্বে। তোমার becoming এস্তারভাবে চল্ডে থাক্বে, তোমার ভাবা ও করার মধ্যে একটা সামঞ্চন্ত ফু'টে উঠ্বে। এম্নি ক'রে ক'রে সব রকমের pauperism দেশ থেকে দূরে অভিদূরে অনতিবিলম্বে পা'লাবে। এই হ'চ্ছে সহজ সাধন,—becoming-এর পথে যাওয়ার সোজা বান্তা! আর এই ৬॥ • পয়দা হ'বে তুমি যা' রাখতে পার তা'র minimum. ক্রমে তোমার activity যত বাড়বে আয়-ক্রমতাও আরও অনেক বে'ড়ে

যা'বে, তুমি আরও অধিক ক'বে রোজ রোজ ভোমার স্বস্তায়নী-ভাণ্ডারে রাধ্তে পার্বে। কিন্তু ৮॥॰ পয়দা হিদাবে তিন টাকার অধিক ভোমার প্রিয়ণরমকে পাঠাতে হ'বে না। অবশ্য তাঁ'র নিভান্ত আবশ্যক বিনা, তা'ব direct আদেশ না পে'লে। এম্নি ক'রে স্বাস্থ্যে, কম্মে, জ্ঞানে, ভিক্তিতে, ধন-সম্পদেও আনন্দ-সম্পদে তুমি রোজ রোজ একটু একটু ক'রে বে'ড়ে বে'ড়ে অনন্ত চলায় অনস্থের দিকে বে'ডেই চল্বে। আর এ বাড়ার কোন দিন কিন্তু শেষ নেইকো।

"একটু থামিয়া আবাৰ বলিতেছেন—'আৰ ৩১ টাকাৰ অধিক যা'-কিছু যত-কিছু আপনাৰ স্বস্তায়নী-ভাণ্ডারে বাধতে পারবেন দেখানে জ্মাই হ'তে থাকবে। এই টাকা বে'ডে গিয়ে যখন একটা মোটা capital-এ দাভাবে তথন তা' একটা Savings Bank account open ক'রে বে'বে দিতে পারেন। এই স্বস্তায়নী-ভাণ্ডার আপনি কিছুতেই touch ক'রতে পারবেন না, এর থেকে ধার করা বা কজ্জ দেওয়া আপনার কিছতেই চলবে না। তা'র আদেশক্রমে আপনি ওধ এ-টাকা কেনি ইট্সার্থকারী কাজে নিয়োজিত করতে পারবেন। আবার আপনার interest-ই হ'বে ২ টাকার আরও অধিক অর্থ মাপনার স্বস্তায়নী-ভাণ্ডাবে রাখা। আর এটা আপনি যত বেশী বাড়াতে পার্বেন ততই আপনার লাভ অনেক বেশী হ'বে। আপনারই সামান্ত অর্থ রোজ বোজ বে'ড়ে গিয়ে একটা স্থায়ী ধন-সম্পদে পরিণত হ'বে, যা' আপনাকে বিপদে-আপদে রক্ষা ক'রে ক্রমাগত উন্নতিতে নিয়েই চলবে। এই স্বস্তায়নী যে কত বড় জিনিস তা' আর বলা ধায় না। এক সংসারের সবাই মিলে—পুরুষ ও নারী যদি এই স্বস্তায়নী-ত্রত যথাযথভাবে পালন करत जरव मात्रिजा-एनाम, श्रश्न-एनाम जित्रमित्नत ज्ञा रमशान (थरक भा'नारव ; শাস্তি, স্বস্তি, সম্পদ, ধর্ম, অর্থ, কাম, মোক্ষ তা'দের দাস হ'য়ে সেবা করবেই লাখ দাদারা ও মায়েরা এ জিনিসটাকে গ্রহণ ক'রে যথাবিহিত চলতে পাকুক, দেখ বেন এখনই দেশের চেহারা একদম বদ্লে যা'বে। কিন্তু আপনারা মাহিনা থেকে কিংবা অন্ত কোন সাংসারিক টাকা থেকে স্বস্তায়নী ৰাবদ যদি মাস মাস তিনটি ক'বে টাকা পাঠান বা দেন তা'তে কিন্তু আপনাদের pauperism তেমনতরভাবে ঘুচ্বে না। আপনারা না বে'ড়ে যদি তা'কে বাড়াতে চান, তা'রও বাড় কিছুতেই বাড়বে না, ষাপনাদের বাড়াও ব্যাহত হ'বে—কুল্ল হ'বে। বোজ রোজ এই মহান্ ত্রত পালন করতে থাকুন, সব দিক দিয়ে রোজ রোজ বাড়তে থাকুন, দেখতে পা'বেন এ-বাড়া কেমন বিরাট, কেমন মহান্ হ'য়ে দাড়ায়।

'আবার এই ব্রতপালনে সেই প্রিয়পরমকে basis ক'রে তাঁ'র স্বার্থ ও প্রতিষ্ঠার বৃদ্ধি নিয়ে সব-কিছু scheming ও doing সম্পাদিত হয় ব'লে সব-কিছুর ভিতর একটা সামঞ্জন্ম, সব বৈচিত্রোর মধ্যেই একটা একম্খী ভাব, একটা স্বস্থ পূর্ণ পরিণতি আন্তে আন্তে ফু'টে উঠে স্ত্রে 'মণিগণাইব'। আব একেই বলে আপনার সমস্ত বৃদ্ধির একে সার্থক হওয়া, শাল্পে যা'কে ব'লেছে পরম মৃক্তি—চরম প্রাপ্তি। আর এমনটা হ'লেই তা'র ইইস্বার্থ ও ইইপ্রতিষ্ঠার জন্ম tremendous না হ'য়ে পারার জো থাক্বে না। কারণ তপন দে দেশ্বে ইইই তা'র জীবন, ইইস্বার্থই তা'র স্বার্থ, ইইপ্রতিষ্ঠাকে বাদ দিয়া তা'র নিজের প্রতিষ্ঠার বৃদ্ধি-টুদ্ধি মোটেই থাকে না। এই উল্লাড ক'রে দেওয়ার ভিতর দিয়েই তা'র অনম্ব পাওয়া আপ্সে আপ্

'আমি ভাব ছি —উন্নতি চায় না, স্বাস্থ্য চায় না, শাস্তি চায় না এমন মানুষ ত্নিয়ায় নেই। এই পরম মঞ্চলকর ব্রুতের উদ্যাপনে তা'দের সর্বপ্রকারের উন্নতি সম্ভবপর হ'বে, তা'দের চলা অবাধ হ'বে, তা'বা মূর্ত্ত পরম মঙ্গলের কোলে আশ্রয় পে'য়ে আরও বে'ডে উঠবে--এইটুকু যদি আমরা স্বাইকে বুঝিয়ে দিতে পারি, তবেই এই পরম কলাাণ থেকে বঞ্চিত হ'তে চায় এমন আগ্রঘাতী মানুষ কি ছনিয়ায় কেউ থাক্তে পারে ? আবার এ-জিনিস্টাও তা'দের ভাল ক'রে বোঝাতে হ'বে যে মূর্ত্ত পরম ইষ্টকে বাদ দিয়ে কিন্তু কোন প্রকারের উন্নতিই সম্ভবপর নয়। আমরা একটু ভে'বে দেখুলেই বুঝুতে পার্বে৷ আমাদের সমস্ত করার মূলে থাকে কোন মূর্ত্ত প্রেমাম্পদ—কোন জ্ঞান্ত ভালবাদার মাত্র্য। তা'রই তৃষ্টি ও পুষ্টি বিধানের জ্বল্থ আমাদের যা'-কিছু ভাবা, যা'-কিছু বলা, যা'-কিছু করা। তা'কে বাদ দিয়ে কিন্তু আমাদের কোন চলা, কোন উন্নতি সম্ভবপর নয়। আমরা মা, বাপ, স্বামী, স্ত্রী, ভাই, বোন কোন নিকট আয়ীয় বা বন্ধুর মুখে দামাত হাদি ফু'টাবার জন্ত কতই-কিছু-না ক'রে থাকি! সহজ টান আছে ব'লেই এদের জন্ত কোন পরিশ্রমই পরিশ্রম ব'লে বোধ হয় না. কোন ত্যাগই—তা' যতই কেন বড় হোক না— ত্যাগ ব'লে মনে হয় না, শত খে'টেও ক্লান্তি আদে না। ছেলের অস্থথেং সময় ক্রমাগত প্রায় চল্লিশ রাত্রি জ্বে'গেছি, কিন্তু তা' নিয়ে তো কথনও কাৰুর কাছে বাহাত্বী নেওয়ার জন্ম বলতে ইচ্ছা হয় নি। ভালবাসার টান এমনি যে, ক'রেই দেখানে তৃপ্তি, পাওয়ার জাবেদা থাতা দেখানে নেই, অধা পাওয়া দেখানে অফুরস্ত।

'আমার এই জীবনের লক্ষ্য যদি এমন একজন হ'ন, যাঁ'র সমস্ত পাওয়ার প্রশ্ন মিটে গে'ছে, সমস্ত জানা যাঁ'র জানার মধ্যে এদে গে'ছে, যিনি প্রফ স্থলর—পরম প্রেমিক, মাছ্বের সমস্ত আশা, আকাক্ষা, জীবন, ষণ ও বৃদ্ধির গোতক, তবেই না আমাদের জীবন তাঁ'কে লক্ষ্য ক'বে,—অন্থুসরণ ক'রে, নবীন বিখাসে, দক্ষতায়, কর্মশক্তিতে, জ্ঞানে ও প্রেমে, যোলকলায় উদ্দীপ্ত হ'বে উঠ্তে পারে! এ-পাওয়া কি-যে পাওয়া, যে পে'য়েছে সেই জ্লে'নেছে, এ-চলা কি-যে আনন্দের ও পর্বের চলা, যে চ'লেছে একমাত্র সেই জানে। এঁকেই লক্ষ্য ক'রে আমার স্বস্তায়নী-ব্রতের উদ্যাপন কর্তে হ'বে এবং একই অন্থুকরণ ক'রে ক'রে দিনের পর দিন আমার এই মহান্ ব্রত পালনের দক্ষতা ও পট্তা অর্জ্জন ক'ব্তে হ'বে। এঁর উপর আমার চান হ'বে যত সহজ ও স্বাভাবিক। তাই স্বস্তায়নী-ব্রতের গোড়ার কথাই হ'চ্ছে এই ইষ্টপ্রাণ্তা।

'এই স্বস্তায়নী-ত্রত কর্তে গেলেই পারিপাখিকের সেবা ক'রে তা'কে ইষ্ট্রম্বার্থপরায়ণ করা ছাড়া আর কোন উপায়ই থাক্বে না! আগে যা এত কষ্টেও করা সম্ভবপর হয় নি বা যা' কোথাও হয়ত ভূল ক'রে কবা হ'য়েছে, তা' ঠিক ঠিক মত করা সহজ্ব প্রসাভাবিক হ'যে উঠবে।

'আবার ইষ্টপ্রাণতা যতই বাড়বে আমার সমন্ত বৃত্তি ততই তা'বই কাজে তা'বই সেবায় নিয়োজিত হ'বে। তথন আমার কোন বৃত্তি আমাকে আগেকার মত কাণ-মলা দিয়ে চা'লাতে পার্বে না। আমি বরং তা'দের প্রত্যেককে আমার ইষ্টের প্রীতি-সাধনেব জন্ত নিয়ন্ত্রিত কর্বো। তা'বা আগে আমার কতই না কালাতো, কতই না জালাতন্ কর্ত, এখন ওরাই হ'বে আমাব ইষ্ট-পূজার বাহন। এমনি কর্তে কর্তে আমার সমন্ত রিপুগুলি—যা'বা আগে আমায় কতই না জালিয়েছে তা'বাই হ'য়ে উঠ্বে আমার মন্ত বড বন্ধু, আমার জীবন্ত প্রিয়পরমের—আমার ইষ্টের স্বার্থ ও প্রতিষ্ঠার পরম সহায়ক।

'এই ইষ্টপ্রতিষ্ঠার পথে চল্তে গেলেই মনটাকে বাখ্তে হ'বে সতেজ, তীক্ষ্ণ ও কর্মক্ষম এবং এ-সব ক'বৃতে গেলেই যথন যা'-কিছু সংচিতা মনে উঠ্বে তথনই তা'কে কার্য্যে পরিণত ক'বৃতে হ'বে। আমাদেব জাতির হুংখ-ক্র্নার প্রধান কারণ কোন সংচিন্তার অভাব নয বরং তা'কে কায্যে পরিণত কর্বার জন্ম চেষ্টার অভাব। আমাদের মাখাটা এই কত না-করা স্থাচন্তার ভাবে ভারাক্রান্ত হ'য়ে আছে, তা'র কি আর অবধি আছে? Motor nerves and sensory nerves-এর co-ordination না হওয়া পর্যন্ত আমরা এতটুকু মঙ্গলের দিকে অগ্রসর হ'তে পার্ব না এবং এই স্থায়নী-বত গ্রহণ ক'রে এখনই আমাদের এই nerves-এর co-ordination ক'বৃত্তে লেগে যে'তে হ'বে। নতুবা ব্রভপালনই ব্যাহত হ'যে উঠ্বে—আমার প্রিয়পরমের স্বার্থ ও প্রতিষ্ঠা ক্ষম হ'বে।

'আমি প্রতিজ্ঞা ক'রে ব'ল্তে পারি মাহুষের সর্বাদেশ্য, সর্বলোক, সর্বব্যাধি দূর ক'রে তা'কে শাস্তিতে ও স্বন্তিতে প্রতিষ্ঠিত ক'র্তে এই স্বন্তায়নীই হ'চ্ছে একমাত্র অমোঘ পদ্ব।! এই স্বন্তায়নী-ত্রতই হ'চ্ছে আমার একাস্ত প্রিয়পরম যিনি তাঁ'রই অ্যাচিত আশীর্কাদ, তাঁ'রই জীবন-যশ-বৃদ্ধিনী প্রেরণা।'"

জীবন-বৃদ্ধির পথে ক্বতকার্যাতালাভের একমাত্র অব্যর্থ উপায় এই স্বস্তায়নী-ব্রতের বিধানগুলি সর্বাদা নথদর্পনে রাখিয়া যাহাতে তাহা পূর্ণাক্ষভাবে পুদ্ধার্মপুদ্ধরূপে প্রতিপালন করত: প্রত্যেকে পরম মকলের অধিকারী হইতে পাবে তক্জন্ত শ্রীশ্রীঠাকুর ইদানীং যে সংক্ষিপ্তসার বাণীটী দান করিয়াছেন, ব্রত্পালনের স্থবিধার্থ নিয়ে তাহা উদ্ধৃত করিতেছি। যথা:—

"তুমি তোমার নিচ্ছের জগুই হউক, আর তোমার জীবিকার্জনী যে-কোনও ব্যাপারের জগুই হউক, যদি স্বস্তায়নী-ব্রতই গ্রহণ কর—

- ১। তবে তা'কে ইষ্ট-সেবার যন্ত্র বিবেচনা ক'রে অমুধাবনার সহিত সেই নিয়মগুলিই বেশ ক'রে পালন ক'রে চল্ডে হ'বে— যা'তে তোমার বা তোমার ওই জীবিকার্জ্জনী-ব্যাপারের স্বাস্থ্য বা স্থায়িত্ব বজায় থাকে, আর তা' নানা ঝঞ্লাটেও অট্ট ও সহনপট্ হয়ে' উন্নতির দিকে চল্তে পারে;—
- ২। আবার তোমার নিজেরও সেই ব্যাপার-বিষয়ক চাহিদা এবং প্রয়োজনগুলিকেও ইষ্টাফুকুল ক'রে নিয়ন্ত্রণ কর্তে হ'বে,
- ৩। আর এর সঙ্গে সঙ্গে বিচার-বৃদ্ধি-যুক্ত প্রেরণার সহিত ভাল ব'লে যা' মনে হয় তা' তৎক্ষণাৎ কাজে পরিণত ক'রে তুল্তে সব সময়েই যথোপযুক্তভাবে যত্ন করতে হ'বে;
- 8। পাড়া-পড়শির বাঁচা-বাড়ার স্বার্থ বুঝে সেবা ও ইট্ট-যাজনার সহিত তা'দিগকে সর্ব্যরুকমে উন্নত কর্তে প্রয়ত্বপর থাকা চাই-ই
- ৫। এইগুলি আচরণ করার সব্দে দক্ষতা ও শ্রমশীলতাকে বাড়িয়ে বাড়িয়ে প্রত্যহ **আহার্য্য গ্রহণের পূর্কে** তোমার ইষ্টকে যথাসাধ্য স্থন্দরভাবে ত্'-বেলার আহার্যোপযোগী ভোজ্য বা তদস্থকয়ে ত্, চার, আট আনা, এক টাকাই হোক্, আর পাচ, সাত, দশ টাকা বা তদুর্দ্ধই হোক্,—বা বিনিময়ে—অমনতর অর্থ

পাওয়া যেতে পারে—এমনতর দ্রব্য দিয়েই হোক্, নিবেদন ক'রে, প্রতি একমাস পূর্ণ হ'লেই তা'-থেকে ইষ্টসেবার জন্ম তিনটা টাকা পাঠিয়ে—তবে জলগ্রহণ কর্বে; আর বাকী যা' রইল তা' তোমার নিকট গচ্ছিত রে'থে এমনভাবে মজ্ত করতে থাক তা' যা'তে কিছুতেই নই না হয়।* না-ছোড়-বান্দা হ'য়ে এই নিয়মে যদি চল্তে থাক—দেখ্বে রোগ, ত্র্বিপাক, দারিদ্র্যাদি গ্রহের ফেরে আর ত্ঃস্থ হ'য়ে ভোমাকে থাক্তে হবে না।"

ইপ্তড়ি

মামুষের নিয়ত বৃদ্ধির জন্ম শ্রীশ্রীঠাকুর যেরূপ "স্বস্তায়নীরতের" বিধান দিযাছেন, মামুষের স্থিতিকে অক্ষা ও অটুট রাথিবার জন্ত তেমনি প্রতি-প্রত্যেকের অবশ্রকরণীয় "ইইভৃতি"র বিধানও দান করিয়াছেন। প্রশক্ষ করে তংপ্রদত্ত এই মহান্ ব্রতের উদ্দেশ্য ও বিধি-নিয়মাদি উল্লেখ করা যাইতেছে। যথা:—

"যিনি আমাদের পরমকল্যাণ-নিধান অথচ পরম-বাঞ্চিত তিনিই ইট্ট। আর্যাগণ চিরদিন ইট্টের পূজারী। ইট্টপুজা তাঁহাদের নিত্য করণীয়। আবহমান কাল হইতে তাঁহারা ইট্টের যজন, যাজন ও পোষণে ব্যক্তিগত জীবনকে দৃঢ়ভিত্তির উপর প্রতিষ্ঠিত রাখিতেন। এই দৈনন্দিন ইট্টেসবাই তাঁহাদের অন্তিখকে অটুট ইট্টান্যরাগসম্বেগী করিয়া রাখিত। এই সেবারই নামাস্তর যজ্ঞ। আর্যাজীবন যজ্ঞময়। একান্ত ইট্টনিষ্ঠা ও সদাচার তাঁহাদের জীবনকে কৃতকার্য্য, সমর্থ, সার্থক ও সফল করিয়া তুলিত—জীবনের মূল রস ছিল এই একনিষ্ঠতা, জীবনের মূল উৎসই ছিল এ ইট্টের দরদ। তাই ভগবান মন্থ বলিয়াছেন—

"ঋষিযজ্ঞং দেবযজ্ঞং ভূতযজ্ঞঞ্চ সর্বাদা। নুযজ্ঞং পিতৃযজ্ঞঞ্চ যথাশক্তি না হাপয়েং॥

ঋষিযজ্ঞ, দেবযজ্ঞ, ভৃতযজ্ঞ, পিতৃযজ্ঞ ও নৃযজ্ঞ—এই পঞ্চ মহাযজ্ঞ শক্তি অনুসারে নিয়ত অনুষ্ঠান করিবে, কখনই ত্যাগ করিবে না।

আর্যান্বিজ্ঞগণ আচার্য্য-সরিধানে উপনীত হইয়া প্রতিশ্রুতি করিত "ভৈক্ষং চর"—ভিক্ষা করিয়া দাদশবর্ষ নিত্য আচার্য্যকে ভরণ করিয়া আমি তাঁহার প্রসাদ গ্রহণ করিব। আর্যানীক্ষার সহিত যজন, যাজন ও ইষ্টপোষণ বা

[#] প্রতি বৎসরের পচ্ছিত মঙ্ত ইটার্ঘা হইতে অনিবার্যা কারণে এক-দশমাংশ গ্রহণ করা বাইতে পারে—কিন্তু সাবধান, তোমার ইটের দানের অবৈধ ব্যবহার না হয়।

ইপ্তভিত অন্ধাদিভাবে জড়িত। নিত্য ত্রিসদ্ধা জপ-ধ্যান করিব, আর্যক্রাষ্টর কথা সকলকে বলিয়া প্রতি ব্যক্তিকে যাজনে উদ্বুদ্ধ করিয়া তুলিব আর সর্বাদা ইপ্টের পোষণ করিব। ইপ্টের জন্ম নিত্য ভাবা, বলা ও করার মধ্য দিয়া আর্য্যগণেব দীক্ষা পূর্ণতা লাভ করিত।

এ শুধু ব্রহ্মচর্যাশ্রমে নয়। গৃহস্থ-জীবনেও পঞ্চ মহাযক্ত দারা ইটের ও মানবের পোষণার্থ নিত্য দেবাযক্ত-বিধান প্রত্যেক আর্য্য-দিজেরই অবশ্র-করণীয় ছিল।

শুধু ভারতীয় আর্য্যগণ নহে, গ্রীকগণ, রোমানগণ, এবং পৃথিবীর অক্সান্ত সভ্যন্তাতি সমূহও দেবতার্থে নিত্য দান করিতেন। এই দান ও সেবা ইসলাম-ধর্মীগণেরও ছিল নিতাব্রত। জাকাত ও church-rate ইসলাম ও খুষ্টান-জগতে চিরপ্রসিদ্ধ।

পীর, ঋষি, পয়গয়য়য়৸৽৻ক নিতা সেবা করা, তাঁহাদের পোষণ ও ভরণার্থ নিতা নিবেদন মানবের অবশ্য-করণীয় মহাযজ্ঞ। আমরা যথন হইতে ইউপোষণ ও সেবাবিম্থ হইয়াছি তথন হইতেই আমাদের জাতি, সমাজ, পরিবার ও ব্যক্তির অধংপতন আরম্ভ হইয়াছে। যদি আমরা আবার বাক্তিগত ও জাতিগতভাবে উয়তি লাভ করিতে চাই তবে এই ইউভৃতি গ্রহণ করিতে হইবে। এই ইউভৃতি গ্রহণ না করিলে আমাদের দীক্ষা পূর্ণাক্ষ হয় না। রোজ ইউর জন্ত বাস্তবভাবে তাঁহার আহার্য্য বা তদমুকরে যাহাকিছু—ডাল, তিল, তিদি, গম, যব, তরকারী, কাঠ অথবা তাহার বিনিময়ে প্রতি বেলা অস্ততঃ দেড় পয়সা ইউর্থে নিবেদন না করিয়া আমি অয়জল গ্রহণ করিব না। তাহাকে ভাজন-প্রারম্ভে শুর্থ মনে মনে নিবেদন করিয়া নিজেই সে অয় গলাধংকরণ না করিয়া, তাহার জন্ত বাস্তবভাবে তুই বেলার অয় বা তদমুকয়ে অস্ততঃ তিনটা পয়সা নিবেদন করিয়া রাখিয়া, নিয়লিখিত ইউভৃতি ময়পাঠে ইউভৃতি সমাধা করিয়া অয়জলাদি গ্রহণ করিব। ইহাই হইবে আমার নিত্যব্রত। যজন, যাজন ও এই ইউভৃতি আজীবন আমি নিত্যব্রত-রূপে পালন করিব।

যদি দীক্ষাগ্রহণের সমযেই অমি যথাবিধি দক্ষিণাবাক্য পড়িয়া এই ইইভৃতি গ্রহণ না করিয়া থাকি তবে ঋত্বিক, প্রতিঋত্বিক বা কোন গুরুজনকে প্রায়শ্চিত্ত-স্বরূপ ইট্রের প্রীত্যর্থে একটি ভোজ্য উৎসর্গ করিয়া ইউভৃতি-পত্র স্বাক্ষরাস্তে আমার দীক্ষাকে পূর্ণাঙ্গ করিবার নিমিত্ত ঐ দিবস হইতেই যথাবিধি এই ইউভৃতি আরম্ভ করিব।

এই ইউভৃতি রক্ষা করিতে আহার্য্য-গ্রহণের পূর্ব্বেই নিজের আহার্য্যামু-পাতিক প্রতাহ তুই বেলা ভোজ্য রাখাই সমীচীন। তদমুকল্পে অস্ততঃ তটা পরদা, না-হয় তৎম্ল্যের যে-কোন প্রকাব তিল, ডাল, গোখ্ম, সরিষা, তিসি, ধান, জালানী কাঠ, তরকারী ইত্যাদি যাহার যেমন স্থ্যিশ প্রভাহ রাধিতে পারিবে।

ইষ্টভৃতি মন্ত্ৰ:---

"ইউভৃতি র্ময়াদেব ক্লতা প্রীত্যৈ তব প্রভো। ইউআত-ভূতগজ্ঞৈস্বপান্ত পাবিপাশ্বিকাঃ॥

এই মস্ত্র পাঠ করিয়া প্রত্যুক্ত ইউভূতি রাখিবে আর মাসেব শেষে অর্থাৎ
৩০ দিন পূর্ণ ইউলো তংপর দিবস তদ্বিনিময়ে অন্ততঃ একটা পূর্ণ রজত মুদ্রা,
ছুইজন ইউল্লাতার আহাধ্যামপাতিক ভোজা এবং লোকহিত্যেগায় ধরচ
করিতে পারা যায় এমন কিছু সংগ্রহ করিনে। আর ঐ পূর্ণ বজত মুদ্রা
তোমার প্রিয়পরমকে ৩০ দিন পূর্ণ ইউলো তংপর দিবস সহথে বা মনিঅর্জাব
যোগে প্রতিমাসে পাঠাইবে এবং ঐ দিনই তুইজন ইউলোতাকে ভোজা দিতে
ইউবে ও বাকী পয়সা লোকহিতিষণার্থ জ্বমা রাখিতে ইউবে। গুরু-ভাই
অভাবে তুইজন গুরুজনকে ঐ ভোজা দান করিতে ইউবে।

শাস্ত্রে আছে—

"দদাতি প্রতিগৃহাতি গুহুমাখ্যাতি পৃচ্ছতি। ভুঙ্তে ভোজয়তে চৈব ষড়বিধং প্রীতিলক্ষণম্॥"

দেওয়া, নেওয়া, গোপন কথা বলা ও জিজ্ঞাসা করা এবং খাওয়া ও খাওয়ান এই ছয়টী হ'ছে প্রীতি-লক্ষণ, ইহাতে পরস্পারের প্রীতি বদ্ধিত হয়। করা ও চলা নাই—মাচরণ নাই, মহার্চান নাই, শুধু ভাবা আছে এমনতর অন্ত্রাগ কিছুতেই বাস্তব হইয়া উঠিতে পাবে না। তাই সংহিতার বিধান "আচার: পরমো ধর্মঃ।" ইয়ান্তবাগকে জীবনে বাত্তব করিয়া তৃলিতে হইলে শুধু য়জন অর্থাং নাম ধ্যানে তাহা সর্ব্বান্ধ সম্পূণ হইবে না—তাহার সহিত যাজন ও ইয়ভুতি নিত্যকরণীয় হিসাবে পালন করিতে হইবে। তবেই ইয়ান্ত্রাগ জীবনে জীবস্ত হইবা আমাদিগকে সাক্ল্য-মণ্ডিত করিয়া তৃলিবে, ধন্ত করিবে, সার্থক করিবে।

যজন, যাজন, ইইভৃতি—আমাব অন্তিত্বকে অক্ষুণ্ণ রাণিবার জন্ম বেমন নিত্য-করণীয়, তেমনই স্বন্তাযনী-ত্রত স্বতঃ-স্বেচ্চায় আমার ক্রত বৃদ্ধি ও উন্নতির জন্ম অবশ্য-গ্রহণীয়। স্বন্তাযনী-ত্রত আমাদের বৃদ্ধির দিকে—becoming-এর দিকে লইয়া যায়, আর ইইভৃতি আমার অন্তিত্বকে—being-কে অক্ষুণ্ণ করিয়া রাথে। এই 'ইউভৃতি' ও 'স্বস্তায়নী'-এতের স্ব-স্থ বিশেষত্ব সম্বন্ধে শ্রীশ্রীঠাকুর প্রশোভর-প্রসঙ্গে যে সরল ব্যাখ্যা দান করিয়াছেন, নিয়ে তাহা উদ্ধৃত করিতেছি:—

প্রশ্ন। প্রত্যেকেই যে নিত্যকবণীয় বলিয়া 'ইষ্টভৃতি' গ্রহণ করিতেছেন ও নিত্যপালন করিতেছেন এই 'ইষ্টভৃতি' কাহাকে বলে ? এই ইষ্টভৃতি জার স্বস্তায়নীব্রত এই তুইয়ের পার্থকা কোনধানে ?

শ্রীশীঠাকুব। গুরু বা আচার্যা-স্কাশে উপনীত হুইয়া সাবিত্রী-দীক্ষার দঙ্গে দঙ্গেই এই গুরু বা ইপ্টভৃতি অর্থাৎ গুরুকে পরিপালন করিবাব বিধান ঐ দীক্ষার অক্ষীভত করিয়াই আগ্যঞ্যিরা দিল্লমাত্রেরই জন্ম প্রণয়ন করিয়া দিয়াছেন। ইহাতে প্রাতাহিক জীবনে বাস্তব কর্ম্মের ভিতর দিয়া বাস্তবভাবে আচার্য্য বা গুরুব সহিত সমন্ধ অকাট্য হইয়া थर्छ। প্রত্যেকেবই প্রবৃত্তি-উৎস্কী যে সকল কর্ম উদরান্ধ-সংস্থানে বা আহবণে নিজেব সংসারকে লাভবাহী কবিয়া তুলিতে প্রযাসশীল থাকে, গুরু বা আচার্যার প্রতি ঐ বাস্তবকরণের ভিতর দিয়া পরিপোষণ-অবদানে সংবন্ধ হওয়ায় ঐ প্রবৃত্তিগুলি স্বাভাবিকতাব সহিত মথোপযুক্তভাবে নিমন্ত্রিত হওযায় ছাষ্ট বা এমনতর ছবপনেষ কিছু করিতে সহজে সমর্থ হয় না ষাহার ফলে মান্তব বিপ্রতির মবণ-ইঞ্চিতের লোলপ-প্ররোচনায় অকাট্য-ভাবে সর্কানাশে গা ঢালা দেয। কাবণ লাভবাহী প্রতি আহরণই প্রত্যক্ষ-ভাবে আচায়কে স্মবন কবাইয়া সহজ ও স্বাভাবিকভাবে প্রবৃত্তিগুলির মঞ্চল-নিষন্ত্রণে নিয়ন্ত্রিতচলনায চলিতে থাকে অর্থাং ইট্রমার্থ-প্রবণ হইয়া সহজভাবে প্রবৃত্তিগুলিব বাক্রব্যষ্টিকে চালাইয়া থাকে। তাই তা'রা এমন অবস্থা বা ভাবদাবা গ্রন্ত বা আবিষ্ট হয় না যা'ব ফলে সর্কনাশ তা'দের উপর নির্সিরোধে একাধিপত্য স্থাপন করিতে পারে।

তাই 'ইইভৃতি' মান্থবের স্থিতিকে অনেক পরিমাণেই অটুট কবিয়া তোলে—আর তাই আর্থ্য বা'বা দীক্ষাগ্রহণে দ্বিদ্ধরে উপনীত হইমাছেন, ইইভৃতি তাঁ'দের ঐ দীক্ষারই অঙ্গীভৃত চল্না। যেমন জন্মদাতা পিতামাতাকে পালন ও পোষণ প্রতি-প্রত্যেকেরই মতি কর্ত্তব্য তেমনই আচার্থ্যকেও পালন ও পোষণ করা নিত্যকর্ত্তব্য। বাহারা দীক্ষাপ্রাপ্তির সহিত এই নিত্যকর্ণীয় ইইভৃতি পালন করেন নাই, প্রায়শ্চিত্তস্বরূপ তাঁহাদের প্রত্যেকেরই ইট্রের প্রীতার্থে ঋত্বিক, প্রতিঋত্বিক বা গুরুজনের নিকট অথবা তত্দেশ্যে একটী ভোজা উৎসর্গ করিয়া দীক্ষাকে পূর্ণাঙ্গ করিবার নিমিত্ত এই ইইভৃতি আরম্ভ করিতে হয়। এই ইইভৃতি রক্ষা করিতে হইলে প্রাত্তিক জীবনে আহার্য্য গ্রহণের পূর্কেই নিজের আহার্যাক্যণাতিক প্রত্যহ তুই-

শিষ্তাবর্গ সমজিব্যাহারে শ্রীশ্রীঠাকুর অমুকুলচন্দ্র

্বলা ভোজ্য ইষ্টার্থে রাখাই সমীচীন। তদমুকল্পে অস্ততঃ তিনটী পয়দার কম না হয তন্মলোর যে কোন প্রকার ডাল তিল, গোধম, সরিষা, তিসি, গান. জালানী-কাষ্ঠ, তরকাবী ইত্যাদি যাহার যেমন স্থবিধা বাধিতে হইবে। আর মাদের শেষে অর্থাৎ ইট্রভতির আরম্ভ দিবস ভটতে ৩০ দিন পূর্ণ হইলে তংপর কিবদ তদ্বিন্নয়ে অণ্ডঃ একটা পূৰ্ব বন্ধত্মুদ্ৰা, তুইজ্বন ইউন্ৰাতাৰ আহাধ্যামুপাতিক ভোজা ও লোক-হিতৈদণায় খরচ করিতে পারা যায় এমন কিছু দংগ্রহ করিয়া ঐ পূর্ণ রজত মুদা ইট্টের স্কাশে প্রেরণ করত: তুইজন ইট্ট্রাতাকে ভোজা প্রদান কবিষা বাকী পয়দা লোকহিতৈষণার্থ জ্মা রাখিতে হয়। 'ইইভৃতি' যেমন বিদ্বন্তিকে প্রতিরোধ করিয়া মান্তবের ম্বিতিকে সংরক্ষিত কণিয়া চালাইতে থাকে. 'স্বস্থায়নী' তেমনই আবাব মাকুষেব সংবর্জনের পথের অমঙ্গলগুলিকে নিরোধ করিয়া শত বিপর্যায়কে যথোপযুক্তভাবে নিয়ন্ত্রণ করতঃ, জয় করতঃ, লাভবাহী করতঃ সম্বর্জনাকে উল্লভ পরিক্রমণে চলং-শীল করিয়া চালায। প্রত্যেক আযাসম্থানেরই দ্বিদ্র হইতে হইলেই দাবিত্রী-দীক্ষা, ইষ্টভতি যেমন অবশ্য কর্ত্তবা, মামুষকে লাখ আবর্ত্তনের, অযুত ঝঞ্চার ভিতর দিয়ে নৈমিত্তিক জীবনে উন্নতচলংশীল হ'তে হ'লেই তেমনিই ষথাবিধি 'সন্তায়নী' অবশ্য করণীয়। তনিযায় উন্নতচলংশীল এমনতর কোন জীবনই দেখতে পাওয়া যায় না, যে-জীবনে কোন-না-লোন বকমে অকাট্যভাবে যথাবিধি 'সম্থায়নী' প্রতিপালিত হয় না। যে-জীবনে 'স্বস্তাযনী' নাই, উন্নতি সেখানে কোথাও মুকের মত, কোথাও পদুর আর্তনাদী ভীতত্রস্ত কোলাহলমুখর, কোথাও বা অন্ধের বোধদৃপ্ত তমসাচ্ছন্ন আবেগ-মধী ইতন্ততঃ গৌরবমুধর হাতরানী—। নাম, গাান, যান্ধন ও ইউভৃতি— এই হ'ছে দীক্ষার পূর্ণাক্ষ, তেমনই নৈমিত্তিক জীবনকে উন্নত চলনায নিয়ন্ত্রিত কবিতে হইলেই স্বতঃপ্রবৃত্ত হইয়া সবিধি স্বস্তায়নী অতি অবশ্রক্ষণীয়।"

ই ইন্ডাভার প্রতি কর্ত্ব্য

তোমার ইষ্ট-ভ্রাতা—দে যেমনই হোক না কেন, তাহার আপদ-বিপদঅনটনে তোমার সামর্থ্য অফুপাতিক যদি তাহাকে সমীচীনরূপে বাক্য, ব্যবহার,
অর্থ, সম্পদ ইত্যাদি দ্বারা সর্বতোভাবে সাহায্য না করিয়া নিশ্চেষ্ট, উদাসীন বা
অফুকম্পাহারা হও—তাহা হইলে বিরুত তুর্দ্দশার কবল হইতে তোমাকে
আলিঙ্গনাবদানে রক্ষা করিবার আর কাহাকে পাইবে ? মনে রাখিও, সে
যদি অপরাধীই হইয়া থাকে, তাহার প্রথম ও প্রধান শাস্তা ও শোধ্রাবার
মালিক তুমি ও তোম্রাই; দেখিও—ঐ ইষ্টীপৃত তত্তু—ঐ ধমনীতে যে রক্ত

বহন করিতেছে—তোমার সামর্থ্য যেন পারতপক্ষে আর কাহাকেও তাহা স্পর্শ করিতে না দেয়! আশীর্কাদের শুভ-নিয়ন্ত্রণে স্বস্তির সিংহাসন অটুট থাকিবে সন্দেহ নাই।

मीका

শ্রদাভক্তির চাষের ভিতর দিয়ে, বাধাবিম্নের আবর্জ্জনা ঘুচিয়ে—ঐ যিনি জানেন, তাঁর কাছ থেকে জ্ঞান লাভ করতে হয়। আর এই পাওয়ার প্রকরণকেই দীক্ষাগ্রহণ ব'লে থাকে।

তাই, যাদের এই দীক্ষাগ্রহণ করা হয়নি, তাহাদের সাধারণতঃ শান্তে পশুধ
সমান ব'লে থাকে। কারণ, এই দীক্ষাগ্রহণ ক'রে মান্ত্র যদি তার চলনাকে
নিয়ন্ত্রণ না করে, করার ভিতর দিয়ে জানা তাকে কিছুতেই উন্নত প্রগতির পথে
নিয়ে যেতে পারে না। আর যাদের চলা বিধিমাফিক ঐ করার ভিতর দিয়ে
নিয়ন্ত্রিত হয়নি, তারা জীবন ও বৃদ্ধিতেও উন্নত হ'তে পারে না। এমন কি—
যে অমনতর করে না, তার পরিবার পারিপাশ্বিকও ঐ উন্নত চলনা হারিয়ে
ফেলে।

তাই, দীক্ষা মাহুষের পাপ—অর্থাৎ যা' জীবন ও বৃদ্ধি থেকে পাতিত করে—তাকে ক্ষয় ক'রে করার জ্ঞান দান ক'রে জীবন ও বৃদ্ধিতে সমূষত ক'রে তোলে।

দশ্শুক্র পেলেই কাল ও অবস্থা বিবেচনা না ক'রে তৎক্ষণাথ যে দীক্ষাগ্রহণ না করে, কাল তার পাতকী অক্স্লে দিগ্দারী সর্বানাশে তা'কে টান্তে কিছুতেই ছাড়্বে না। আর এই সদ্গুক্র হচ্ছেন তিনি যিনি জীবনর্দ্ধির চলনাগুলিকে হাতে-কলমে এস্তামাণ ক'রে জানায় শ্রেষ্ঠ বা গুক্র হ'য়েছেন। তাই শাপ্ত অমনতর মাথার দিব্যি দিয়ে ব'লেছে—এখনই যদি সদ্গুক্র পাপ্ত, তুমি যে অবস্থায়ই থাক না কেন, তুমি যেমনই হও না কেন, এক্স্ণই দীক্ষা গ্রহণ ক'রে, শ্রদ্ধাবনত প্রাণে তাঁরই নিদ্ধি পথে চল্তে ক্রক্র ক'রে দাও—আর এই চল্তে গিয়ে তুমি প'ড়েই যাও আর অনভ্যাসের দক্ষণ ছড়ে' গিয়ে তোমার শরীর রক্তাক্রই হ'য়ে উঠুক, বা ভেঙ্গে—চুরেই যাক্—তুমি চল, চলাকে ছেড়োনা, তাঁর নির্দ্ধেশমত চলা একদিন—একদিন কি, এখন থেকেই ক্রমনিরাম্যে উদ্দীপ্ত ক'রে, জীবন ও বৃদ্ধির অমৃতপ্রগতির পথে অমৃতভোগী ক'রে তোমায় চালিযে নেবেই!

मिक्नाम मक्कातं जकात्व

দিদ্ধিলাভে প্রথম সোপানই হচ্ছে—যার কাছ থেকে ঐ করার মভলব নিচ্ছি তাঁকে নিজের করায় অজ্ঞিত—বিশেষতঃ সং বা জীবনর্দ্ধিদ করায় অজ্ঞিত—তাঁর প্রীতিপ্রাদ এমনতর কিছু শ্রদ্ধা ও প্রীতির সহিত দেওয়া, যাতে আবার তাঁ-থেকে এমনতর সাল্পা পাওয়া যায় যে পাওয়ায় মিওঞ্চে এমনতর একটা অভিব্যক্তি হয় যাতে স্নায়্বপথে পেশীগুলিকে উত্তেজিত ক'রে করার অভিব্যক্তি দক্ষতায় নেবে এসে এমনতর একটা ইচ্ছুক ঝান এনে দেয়—যার ফলে পথে যা-ই বাধা আহ্বক না কেন, অতিক্রম ক'রে, নিয়ত্রণ ক'রে অবহেলায় আনন্দের সহিত সিদ্ধিলাভ কর্তে পারি। এই দেওয়ারই নাম দক্ষিণা। ঐ অমনতর ক'রে ঐ প্রথার ভিতর দিয়ে মাহুষকে দক্ষ ক'রে তোলে ব'লেই ওর নাম দক্ষিণা হ'যেছে। তাই কোন কাজে সিদ্ধিলাভ করতে হ'লেই, যার কাছ থেকে ঐ কাজের মতলব নিচ্ছি তাকে ঐ দক্ষিণার ভিতর দিয়ে দক্ষতার সঞ্চাবণ করতেই হয়।

এইবার আমরা শ্রীশ্রীঠাকুবের প্রদন্ত বাংলাভাষায় রচিত প্রার্থনা ও সন্ধ্যামন্ত্রের যংকিঞ্চিং পরিচ্য প্রদান করিয়া বর্ত্তমান অধ্যায়ের আলোচনা সমাপ্ত করিব। এতদিন বাংলা-ভাষায আমাদের সমবেতভাবে জ্বাতিবর্গ-নির্বিশেষে প্রার্থনার কোন ভাল মন্ত্র ছিল না, কিছুদিন হইল শ্রীশ্রীঠাকুর চিরন্তন আর্য্যসন্ধ্যার ছায়াবলম্বনে প্রায় সমুদ্য মন্ত্রগুলিই রচনা করিয়া দিয়াছেন। ইহার ছন্দোবিন্যাস এমনই অপূর্ব্ব হুইয়াছে যে সংস্কৃতের যত-কিছু গান্তীয় এবং মন্ত্রের যাহা-কিছু প্রাণশক্তি ভাহা যেন ভাষার সংহত হুইয়া আছে। মন্ত্রগুলি পাঠ করিবামাত্র মনে এক অভ্তপূর্ব্ব ভাবের শিহরণ আনিয়া দেয়। দৃষ্টান্ত স্বরূপ একটু ক্ষুদ্র অংশ নিয়ে উদ্ধৃত করিতেছি। যথাঃ—

হে পরমকারুণিক! হে সব্ব, হে স্কান্থ্যত! বাপ্ত, প্রাক্, প্রথমবাক্! সর্বস্বর্গ, সর্বস্বদ্ধপ্রাণনপরিমল! অদিতীয়, ঈশ্বর! জীবজ্ঞপংরূপে প্রতিভাত! রক্তমাংসসঙ্কল—উদ্ভাসিত তুমিই তোমার বজ্জাত স্কান! এই আমিও তোমাব তুমিরই উৎক্ষেপ,—এই ভারাক্রাম্ভ হৃদয়ের যা'-কিছু মলিনতা উৎসাবিত অমৃত্যাশীষে, জ্বরামরণত্ঃথত্বিতবিপত্তি যা'কিছু অপসাবিত করিষা তোমাতে উদ্ভাসিত করিয়া তোল! এই আমি আমার আব্রন্তস্প্রয়ন্ত তোমাকে শ্বরণ করিয়া অমৃত-আচমনে প্রিত্র হইলাম! আমি প্রিত্ত! আমি প্রিত্ত!

ত্রয়োদশ অধ্যায়

চরিত্রাখ্যান

এই অধ্যায়ে আমরা শ্রীশ্রীঠাকুরের দৈনন্দিন জীবন-চলনার সংক্ষিপ্ত আলোচনাপ্রসঙ্গে তাঁহার চরিত্রের সহজ বৈশিষ্ট্য সম্বন্ধে যংকিঞ্চিং বিবৃত কবিব।

প্রতিদিন এক সকাল হইতে আরম্ভ করিয়া আব এক সকাল পর্যান্ত কি-পরিমাণ ঝামেলা তাঁহার অবসরহীন জীবনে চাপিয়া আছে তাহা অনেকেই ধারণা করিতে পারিবেন না। ভোর হইতেই আত্মীয়ম্বজন আসিয়া তাঁহাদের স্ব-স্ব রোগীদিগের পর্ব্বরাত্তের অবস্থাব সংবাদ দিতেছেন: যাহাদের অর্থাভাব তাহারা কাদিয়া পড়িল, 'কি খা'ব বাবা গ' প্রতিষ্ঠানেব বিভিন্ন বিভাগের কন্মীরা কাষাপরিচালনায় নিজ নিজ অস্থবিধার কথা জ্ঞাপন করিয়া পরামর্শ ও সাহায্য প্রার্থনা করিলেন; কেহ উপস্থিত হইল নিজের পারিবারিক নানা অশাস্তির কথা লইয়। ;— দূরদেশ হইতে আগন্তক কেছ বা আসিলেন নানা তথাের মীমাংসা জানিতে। এইরূপে আসিতে লাগিল দলে দলে আর্ত্ত, জিজ্ঞাম্ব ও অর্থার্থীর দল-একের পর এক. একের পর এক করিয়া। কেহ বা সভাম্বে কেহ বা নিরালায়—তাহারা নিবেদন করিতে লাগিল শ্রীশ্রীঠাকুরের সকাশে যাহার যাহা প্রয়োজন, যাহার যাহা অস্কবিধা, যাহার যেখানে ব্যথা। এএই।ঠাকুর দিনের দিন, মাসের পর মাস, বংসরের পর বংসর ধরিয়া অকাতরে ঝকি হজম করিয়া স্মিতমূপে প্রয়োজনাত্মরূপ সর্কবিধ ব্যবস্থা প্রদান করিয়া সবাইকে আশায উৎসাহে ভরপুর করিয়া রাখিতেছেন। যেরূপ অক্লান্ডচিত্তে সেবা করিয়া মান্তবের সর্ববিধ সমস্থার সমাধান-দানে তিনি সকলকে সভত জীবন ও বৃদ্ধির পথে চালিত করিতেছেন তাহা দেখিলে বিশ্বিত হইতে হয়। সহস্ৰ সহস্ৰ দিনের লক্ষ কৰু ঘটনার সেই সকল বিবরণ যথাযথভাবে লিপিবদ্ধ কবিয়া প্রকাশ করা সাধ্যাতীত ব্যাপার। স্বচক্ষে না দেথিলে শ্রীশ্রীঠাকুরের মীমাংসা-প্রদানের এই অপূর্ব্ব মহিমা সমাক্ উপলব্ধি করা অসম্ভব। নিম্নে কয়েক দিনের তুই চারিটী ঘটনা সংক্ষেপে উল্লেখ করিয়া এ-সম্বন্ধে একটু পরিচয় দেওয়ার চেষ্টা করিতেছি।

একদিন প্রাতে তপোবন বিত্যালয়ের কতিপয় অধ্যাপক আদিয়া শিক্ষাপ্রসক্তে কথা তুলিয়াছেন। খ্রীশ্রীঠাকুর তাঁহাদিগকে কথায় কথায় বলিলেন,

—"দেখুন, শিক্ষক হ'বেন ছাত্রের ভালবাসা ও শ্রদ্ধার পাত্র। এই শ্রদ্ধার অর্জন কর্তে হ'লে দরকার, ছাত্রদের আপন সন্তানের আয় ভালবাসা,—নিজহন্তে তা'দের দেবা-যত্ন করা। শিক্ষক ছাত্রেব দেবা ক'চ্ছেন দেখনে ছাত্রপ্ত স্বতঃই শিক্ষকের প্রতি শ্রদ্ধাবান্ ও সেবাপরায়ণ হ'বে। ছাত্রের নিকট কথনও সেবা দাবা করা উচিত নয়, তা'ব। স্বেচ্ছায় আগ্রহের দহিত যেন সেবা কর্তে আসে—শিক্ষক ও ছাত্রের মধ্যে এমনই মধুর প্রীতির বন্ধন থাক্বে। শিক্ষক যথন ক্লাসে প'ড়াবেন, ছাত্রেরা যেন আনন্দে মস্গুল হ'যে মন্ত্রমুগ্ধের মত তা'র কথা শুনে, এমনিভাবে কথকের আয় ভাবভঙ্গী-সহকারে বেশ বসাল ক'রে পাঠ্য বিষয়গুলি তা'দের মধ্যে পরিবেশন করা উচিত। প'ড়াবার সময় শিক্ষক যদি তাঁ'ব নিজের ছাত্র-জীবনের কথা মনে করেন, তা'হ'লেই ভিনি ছাত্রের অস্থাবিধা গুলি ঠিক বৃ'ঝে দরদ-প্রাণে তা'দের প্রযোজন ও চাহিদা-মাফিক পাঠ দিতে পার্বেন, আর সে-ক্ষেত্রেই ছাত্র শ্রদ্ধার সক্ষে সহত্বে তা' গ্রহণ ক'রে জ্ঞানে সমৃদ্ধ হ'তে পারে।

"আর একটা কথা। যিনি প্রকৃত শিক্ষিত, তিনি কিন্তু জানেন না তাঁ'র কত বিছা আছে। যেমন পাওঞ্জলে আছে,—'দর্শনীজ্ঞ্জ'—দেই-রপ। অপথের বীজ অতি ক্ষ্ম, কিন্তু তা'র মধ্যে বিশাল অপথ বৃক্ষ স্ক্ষভাবে আছে, উপযুক্ত environment পে'লে বীজ বৃক্ষাকারে পরিণত হয়। শিক্ষক তালুশ জ্ঞানভাণ্ডার-সদৃশ হ'বেন, অথচ তিনি conscious থাক্বেন না যে তিনি জানেন; কিন্তু কোন প্রশ্ন উত্থাপিত হ'লে তাঁ'র মুখে যেন থই ফুট্তে থাক্বে। শিক্ষাও দিতে হ'বে এরপভাবে যেন ছাত্রেরা বৃঝ্তে না পারে যে, তা'রা শিখ্ছে। ইতিহাস, ভূগোল প্রভৃতিও গর্মছলে শিখাতে হ'বে। আর, শিক্ষকগণের সকলে মিলে একটি compact body হওয়া দরকার, যেন দশঙ্কন শিক্ষকে একজন শিক্ষক হ'য়েছেন; এজন্ত জ্যেষ্ঠের প্রতি থাকা চাই ভালবামাও শ্রদ্ধা আব বয়ংকনিষ্ঠের প্রতি দোষসহনশীল হওয়া চাই—তা'দের চলন-চরিত্র সব দিকে হ'বে আদর্শস্থানীয়। ছাত্রদেব চরিত্র-গঠনেব জন্ত এরপ আবহাওয়া নিতান্তই দরকার।"

একটু বেলা হইয়াছে, একটা ব্যায়দী বিধবা ব্রাহ্মণ-মহিলা শ্রীশ্রীঠাকুরের কাছে আসিয়া দাড়াইয়াছেন। তপোবন বিছালয়ের বিদেশাগত ছোট ছোট ছেলেদের সেবা-ষত্নের ক্রটী না হয় এজন্ম শ্রীশ্রীঠাকুর এই মা-টার উপর তথাকার গৃহস্থালীর সমৃদয় দায়িত্ব গুন্ত করিয়াছেন। মা-টাব সঙ্গে তথাকার ভূত্যের ঝগড়া হয়। তিনি মনের ছুংখে কাদিতে কাদিতে

শ্রীশ্রীঠাকুরকে বলিতেছেন,—"বাবা, সওদাগর আজ আমাকে অপমান-জনক কত কথা ব'লে গালি দিয়েছে, আমার সঙ্গে ঝগড়া ক'রেছে আমি আর ওখানে যা'ব না।" শ্রীশ্রীঠাকুর বলিলেন,—"সওদাগর তোকে বক্ল, তুই কি কল্লি?" মা-টী উত্তর করিলেন,—"কেন, আমাকে মার্তে এসেছিল আমি তা'কে এক ধালা মে'রে ফে'লে দিয়েছি।" শ্রীশ্রীঠাকুর শুনিয়া হাসিয়া কুটিকুটি হইয়া বলিলেন—"হাা, বলিস্ কি? তোব গায় এত জাের হ'য়েছে যে তুই সওদাগরকেও ঠে'লে ফে'লে দিয়েছিস্!" শ্রীশ্রীঠাকুর কেবলই হাসিতে লাগিলেন—হাসিয়া লুটাপুটি খাইতে লাগিলেন। শ্রীশ্রীঠাকুরে কেবলই হাসিতে লাগিলেন—হাসিয়া লুটাপুটি খাইতে লাগিলেন। শ্রীশ্রীঠাকুরের প্রাণখােলা উচ্চহাসি দেখিয়া মা-টীও না হাসিয়া থাকিতে পারিলেন না, তাঁহার মনের তুঃগ কোথায় দ্র হইয়া গেল! অবশেষে শ্রীশ্রীঠাকুর বলিলেন,—"যা, আমি ব'লে দিচ্ছি, ও' আর এমন কর্বে না, তা'র দােষ ভূ'লে যা'। তোকে যে কাজ দিয়েছি, তা' দিয়ে তুই ধন্ত হ'য়ে যাবি। যা লক্ষ্মী। তুঃগ করিস্নে, তুই এতগুলি ছেলের মা, তুই না গেলে ওরা গা'বে কি?" মা-টী খুসী হইয়া হাসিমুধে আপন কার্য্যে চলিয়া গেলেন।

উক্ত ঘটনার একট পরেই প্রেসের ম্যানেঙ্গাব এক অশীতিপর বৃদ্ধ আসিয়া শ্রীশ্রীঠাকুরেব কাছে তথাকার কর্মিগণের নানা প্রকার অবহেলা ও ক্রটীর কথা উপস্থিত করিলেন। এই জরাজীর্ণ দেহ নিয়া তিনি এমন ঝঞ্লাটের মধ্যে সেখানে আর কান্ধ করিতে পারিবেন না বলিয়া ভদুলোকটা মনের বিরক্তি, অনিচ্ছা এবং দুঃখ জানাইতে লাগিলেন। শ্রীশ্রীঠাকুর শুনিয়া বলিলেন,—"দাদা, ও কিছু নয়, তু'দিনেই সব ঠিক হ'য়ে যা'বে, আব আমি ইচ্ছা ক'রেই আপনাকে এই দব ঝামেলার মধ্যে বে'থেছি, কারণ জানি অম্ববিধার মধ্যে রাখ লেই আপনার কর্মণক্তি ঠিক থাকবে, আপনি হুস্থ থাকবেন,—আপনার life prolonged হ'বে।" এই বলিয়া শ্রীশ্রীঠাকুর বিমর্থবদনে সকলের দিকে চাহিয়া বলিলেন—"আমিও আমার বাবার সম্বন্ধে এই ভুল ক'রেছিলাম। স্বাই বলত যে, বাবা বুদ্ধ হ'য়েছেন, তা'কে একটু বিশ্রাম দেওয়া দরকাব। আমিও তা'দের কথা भु'त्न मगुरु कांक व्यक्त वावादक द्विष्टा निरंत्र द्व'त्थिहिनाम, किन्न कन হ'ল তা'র বিষময়—আমি তা'কে অকালে হা'রালাম।" নিষ্ঠাবান বৃদ্ধ কর্ম্মী মনোযোগের সহিত শ্রীশ্রীঠাকুরের কথাগুলি শুনিলেন এবং আর কোনদিন তাহার ইচ্ছার বিরুদ্ধে কোন বিষয়ে অমত প্রকাশ করিবেন না, মনে মনে এরপ দৃঢ়সকল্প করিয়া আপন কার্য্যে চলিয়া গেলেন।

সেদিন একট বেলা হইয়াছে। জনৈক আগন্ধক শ্রীকৃষ্ণ সহন্ধে নানা ত্ত্বকথা বলিতেছেন। শ্রীশ্রীঠাকুর নীরবে সকল কথা শুনিতেছিলেন, সহসা এ ব্যক্তির কোন কথার উত্তরম্বরূপ তিনি বলিয়া উঠিলেন—"আপনি কি আঞ্জন, জ্বল, আকাশ, clectron হ'তে চান, না উহাদের master হ'তে চান ? যিনি সমুদয়কে জানেন তিনিই সর্বাজ্ঞ.—যিনি সকলের অন্তর্কে বা ভিতরকৈ control করতে পারেন তিনিই অন্তর্যামী। সকল কার্যারই কারণ থাকবেই। যিনি সকল কার্যোর কারণ জ্ঞানেন, তাঁ'র নিকট কোন miracle নাই। গুরু ও ভগবান ভিন্ন নহেন। অজ্ঞান অর্থাৎ না-জানারপ অন্ধকার থেকে যিনি জানার দারা চক্ষু খু'লে দেন, তিনিই গুরু। গুরুই সব, গুরু ব্রহ্ম, গুরু বিষ্ণুইত্যাদি; তাই শ্রীরুষণ অজ্জনকে ব'লেছিলেন,—'মন্মনা ভব, মন্তকো. মদযাজী… ইত্যাদি।" নানা আলোচনা চলিতে লাগিল. খ্রীশ্রীঠাকুর বলিতে লাগিলেন,—"মনের মাতৃষ তাঁ'কেই বলে যাঁ'র নিকট গেলে আমি আমাকে চিনতে পারি.— যেমন একটা সরলরেখার নিকট একটা বক্ররেখা রাখলে সে বঝতে পাবে যে দে বক্ত। যে মাহুষের নিকট প্রত্যেকেই নিজ নিজ মনোভাবের বা চরিত্রের তুর্বলতার support পায়, তাঁকে সকলেই ভালবাসে এবং তাঁ'র সহিত মি'শে আনন্দ পায়: এই ভাবে নিয়ত তাঁ'র সঙ্গ করতে করতে, তা'র নিজের complexগুলি তা'র নিকট ধরা পড়ে ও তা'তে যুক্ত থাকবার দক্ষণ ঐ complexগুলির আত্তে আত্তে মীমাংসা হ'বে সে normal man-এ পরিণত হয়.—যাঁ'ব দক্ষ করলে এইভাবে মামুষের বুজিভেদ হয় তাঁ'কেই ideal man বলা যে'তে পারে।"

আর একদিনের কথা বলিতেছি। Prophet সম্বন্ধে আলোচনা চলিয়াছিল। এতি একিরের আদেশক্রমে Prophet শব্দের অর্থ অভিধানে দেখা হইল—One who speaks before or on behalf of God. এতি একিরা কুরে বলিলেন,—"God is Law." ইহা শুনিয়া জনৈক আগন্তুক বলিয়া উঠিলেন,—"God যদি Law হন, তা'হ'লে তাঁ'তে ক্ষমা বা allmerciful ভাব কিরূপে সম্ভব, কেননা Law must have its own course." প্রীপ্রীঠাকুর বলিলেন—"এক্ষের আশ্রয় নিলে বল্মীকার্ত ব্যক্তির স্থায় আঘাত পে'তে হয় না, বল্মীকের উপর দিয়েই চোট্ চ'লে যায়। আইনের হাত থেকে বক্ষা পাওয়া যায় যেমন approver হ'য়ে। দেখুন, Prophet-রা হ'ছেন ধর্মসংস্থাপন-কর্তা; ইহার অর্থ এই যে, যেখানে অধর্ম প্রবল হয়, অর্থাৎ breaking of law হয়,—তা'র ফলে লোকে

কষ্ট পায়, সেখানে Prophet এসে কি কি laws কি ভাবে পালন কর্লে লোকে হুথ-শান্তির অধিকারী হ'বে তা' দেখিয়ে দেন—ইহারই নাম ধর্মসংস্থাপন। যা' রক্ষা করে তা'ই ত' ধর্ম।"

তৎপর অন্ত কথা উঠিল। শ্রীশ্রীঠাকুর প্রসদক্রমে বলিতে লাগিলেন,— "এদেশের উচ্চশিক্ষিত বি-এ, এম্-এ, অনেকেই non-cooperation-এ যোগ मिरा failure आनयन क'र्त्रिक्त। देशांत कात्रन, स्मर्टन कनमाधातरणत সহিত উহাদের আন্দোলনের কোন যোগ ছিল না—দেশবাসীর অভাব-অভিযোগ কি, তা'রা জানত না। শিবাজীর success-এব একমাত্র কারণই তিনি দেশের অবস্থা সমাকরণে সমদয় জানতেন। প্রতাপ যদিও রাজবংশজ-শিবাজীর ন্তায় তিনি জনসাধারণের অভাব-অম্ববিধার বড়-একটা খবর রাখতেন না, নিজের অহস্কারের পরিপুষ্টিই মাত্র চাইতেন;—তা' না-হ'লে ভাই শক্তসিংহ শক্রদলভুক্ত হ'লেন কেন্ মানিসিংহের প্রতি ছ্ব্যবহার তা'র অহতাব ও আভিজাতাগর্বের পরিচায়ক নয় কি? তিনি যদি দেশের যথার্থ মঞ্চলকামীই হ'তেন তা'হ'লে অতাত রাজ্যতর্গের সহায়তায় দেশকে ছলে, বলে, কৌশলে যে-ভাবেই হউক স্বাধীন করতে পারতেনই। আত্মপ্রতিষ্ঠা क्द्रत्छ शिरप्रहे नव नष्टे क्द्रालन। निवाको त्रात्मेत्र पृःथ श्रान पिरप्र বু'ঝেছিলেন, আর তাই তা' দূব করতে কত কৌশলই না অবলম্বন ক'রেছিলেন। একটা বিপুল মঞ্চলের জন্ত যদি সামাত foul means-ও adopt করতে হয়, তা'ও ভাল। একটা পেঁয়াজ খে'লে যদি কখনও বিশেষ মঙ্গল হয় —কোন কঠিন রোগ সেরে যায়, তা' করা ভাল নয় কি ^{গু} না হয় তা'র জন্ম দশ দিন কট্ট পে'তে হ'বে।"

একদিন অপরায়ে সকলে শ্রীশ্রীঠাকুরের নিকট বসিয়া আছেন, তথন বিদেশাগত জনৈক শিশ্ব প্রশ্ন করিলেন,—"আচ্ছা, কুলকুগুলিনা কি এবং তাহার স্থানই বা কোথায়? এ সম্বন্ধে দয়া করিয়া বুঝাইয়া দিন।" শ্রীশ্রীঠাকুর উত্তরে বলিতে লাগিলেন—"Spinal cord একটা নলের মতন,—fluid দিয়ে ভরা, তা'র lower end শেষ হ'য়েছে মুলাধারে, সেটাও fluid দিয়ে ভর্ত্তি; এর upper end cerebellum-এ গিয়ে শেষ হ'য়েছে, এর ঘাটে ঘাটে nerves-এর গুচ্ছ অ'ড়িয়ে আছে, এ'কে ইংরেজীতে ganglion বলে। এইরকম অনেক ঘাট আছে। Penal gland-এ নামের কম্পান তুল্লে কিংবা cerebellum-এর centre-এ নামের কম্পান তুল্লে কিংবা cerebellum-এর centre-এ নামের কম্পান তুল্লে কি মুলাধারে যে fluid আছে তা'র ভিতর একটা vibration-এর সৃষ্টি হয়। এই কম্পান আত্যে আত্যে ঘাটো-কে এবং তা'র ভিতর

দিয়ে different centres বা ganglian-কে আনোলিত করতে থাকে এবং এরই অমুপাতে cerebellum-এর কোষগুলি যা' spinal cord-এর কাছাকাছি অবস্থিত তা' elastic ও sensitive হ'তে থাকে। তারপর দরের কোষগুলি by induction sensitive হ'য়ে পড়ে। এর ফলে brain cells finer and finer হ'তে থাকে, কল কল সাড়া গ্ৰহণ করতে দক্ষম হয়। জগংটাও ঐ brain cells-এর adjustment ও co-ordination অমুধাৰী বোধ হ'তে থাকে। একটা সামঞ্জল, সমাধান ও প্রতীতির ভিতর দিয়ে জীবন চলতে থাকে—infinite becoming-এর পথে। যে layer-এর কোষগুলি developed হ'তে থাকে spinal cord-এর ভিতর ganglian গুলি তদমুখায়ী ফু'টে উঠতে থাকে আর তেমন তেমন দর্শন, জ্ঞান ও আ্থানন্দ বোধ হয়। নাম করলে যে তাপের স্বষ্টি হয় তা'ই ক্লোতিঃরূপে প্রতিভাত হয়। আর inner combustion বা adjustment-এর দরুণ যে কম্পনের সৃষ্টি হয় তা'কেই শব্দ বা নাদ বলে. আর spinal cord-এর ভিতর যে হুড়-স্থড়ে আনন্দ অহুভূত হয় vibration যাতায়াতের দক্ষণ, তা'কেই কুলকুগুলিনীর জাগরণ বলে। Whole nerve-system-কে control করা যায়, যদি cerebellum-এর cellsপুলি properly adjusted ও co-ordinated হয়, এমন কি এতে মৃত্যুকেও জয় কবা যায়।"

আর একদিন গোপীদিগের ও ক্লিন্সনীর কৃষ্ণপ্রেম সম্বন্ধে কথা উঠিয়াছে।
শ্রীশ্রীঠাকুর বলিতেছেন,—"ক্লিন্সনী নারীজাতির আদর্শস্থানীয়া, ক্লিন্সনী
আদর্শ বধ্—শ্রীক্রফের সহধ্দিণী, কাজেই সহক্দিণীও। শ্রীকৃষ্ণকে তিনি
সময়োচিত সাহায্য ক'চ্ছেন, তা'কে শক্রুর সঙ্গে যুদ্ধে প্ররোচিত ক'চ্ছেন,
নিজে রথ চালাছেন, যুদ্ধ-পরিচালনার plan ক'চ্ছেন;—আবার সঙ্গে সঙ্গে
উভয় পক্ষের আহত সৈক্রদের জন্ত ambulance পাঠাছেন,—কারণ সেখানে
তিনি সবারই মা। ক্লিন্সনী যেন সব দিক দিয়েই শ্রীকৃষ্ণের চিলেন।
হর্বাসার মত কোপনস্বভাব মুনির কত বড় হুরভিসন্ধি ক্লিন্সীদেবীর কাছে
বার্থ হ'য়ে গিয়েছিল! ক্লিন্সনী বান্তবিকই সতী-শিরোমণি, তা'র সব
বৃত্তিগুলিই ছিল শ্রীকৃষ্ণের যা-কিছুকে পোষণ, রক্ষণ ও বর্দ্ধনপর হ'য়েই।

"গোপীদিগের ভাবও কিন্তু বেশ! তা'বা ক্লিণীর মত শ্রীকৃষ্ণকে fulfii করার ধার বড়-একটা ধার্ত না বটে—enjoyment-ই তা'দের জীবনের মুখ্য লক্ষ্য ছিল। চাতক চেয়ে থাকে দিনরাত মেঘের পানে আকুলনেত্রে—fulfil করার বৃদ্ধি-টুদ্ধি তা'ব নেইকো, আবার মেঘের জল

ছাড়া অন্য জলে তা'র তৃষ্ণা-নিবারণেরও আকাক্ষা নেই। অন্থ পাথীরা খাল-বিলের জনও পান করে, তা'দের চেয়ে চাতক ত' অনেক ভাল। enjoyment-এর বৃদ্ধি prominent থাক্লেও গোপীরা ত' শ্রীরফকেই enjoy কর্তে চাইত। এই enjoyment-এর বৃদ্ধি নিয়ে এদেও তা'রা কালে শ্রীরফেই অন্বরু হ'য়ে প'ড়েছিল। গোপীরা ছিল শ্রীরুফের সহায়ুচারিণী। প্রত্যেকেই কোন বৃদ্ধি-বিশেষের ভিতর দিয়া তা'রা শ্রীরুফে আপ্রাণ অন্বরুক্ত হ'য়েছিল—শ্রীরুফ-উপভোগ ছিল তা'দের জীবনের একটা অদম্য তৃষ্ণা। তাই তা'রা ত'াদের বৃদ্ধিমাফিক বাদে শ্রীরুফকে সাধারণতঃ উপভোগ কর্তে পার্ত না—উপভোগেরও থাক্তি হ'ত। তা'দের-শ্রীরুফের মতন ক'রেই তা'রা শ্রীরুফকে চাইত—বৃত্তি-নিঃম্রাবী আদক্তির অশেষ ও আপ্রাণ টানে তা'রা তেমনি ক'রেই শ্রীরুফকে বেঁণে ফে'লেছিল আর দেইজন্তই তা'দের বর্দ্ধনও তেমনতরই হ'য়েছিল।"

দেদিন বিকাল বেলা শ্রীশ্রীঠাকুর বিনতি-পাঠের পব একখানা বেঞ্চিতে বসিয়া আছেন। তাঁহাকে দিরিয়া অনেকেই আছেন। "Instincts" বিষয়ে প্রশ্ন উঠিয়াছে, তিনি বলিতেছেন,—"Instincts ছুই বকমের—Unconditioned e acquired. Unconditioned instinct—যা' আমরা প্র-পুরুষের কাছ থেকে heredity হিসাবে পে'য়েছি। এ কিন্তু বদলাবার নয়। যদি environment অতুকল না হয় তবে এবকম instinctগুলি dormant অবস্থায় ভিতরে ধিকিধিকি জলতে থাকে। অন্তকৃল আবহাওয়া পে'লেই আবার জীবন পে'য়ে লাফিয়ে ওঠে। আর acquired instincts যা', তা' এই জীবনেই পারিপার্শিকের ঘাত-প্রতিঘাতের ভিতর দিয়ে acquire করা যা'চ্ছে, তা'র উপর পারিপার্শ্বিকের ছাপ থব বেশী। যদি Superior Beloved-এর প্রতি একান্ত টান থাকে এবং এই একান্ত টানের দরুণ acquisition হয়, তবে তা' libido-কে স্পর্শ করবেই এবং instinct হ'য়ে জীবনে গ্রথিত থাকবেই। এই রকমের acquisitionগুলি future generation-এ transmitted হ'বে বংশকে wholesale elevate করবেই। কিন্তু ইষ্টপ্রাণতা বাদ দিয়ে যদি জীবনে কিছু অর্জন করা যায় তবে তা' heredityতে পর্যাবসিত হ'বে না। কতকগুলি অজ্ঞানের বোঝা হ'য়ে জীবনকে করবে ছবিবসহ! এরকম শেখাকে learning বলাই ভাল! এই hereditary instinct-কে ignore ক'রে কোন প্রকার growth বা education হ'তে পাবে না। এমন-কি মাহুষের development হয এই hereditary instinct-মাফিক। এর বাইরে সাধারণত: কারও যাওয়ার

উপায় নাই! এই হিসাবে আমাদের growth predetermined হ'য়ে আছে। আর যা'-কিছু এই life-এ acquire করা যায়, তা' এই hereditary instinct-এর উপর দাড়িয়েই ওরই রকমে। তবে যদি Ideal-এ attached হওয়া যায় এবং এই attachment-এর ভিতর দিয়া right conduct and behaviour formed হয়, তবে নৃতন নৃতন instinct grow করানো যায়। নাজঃ পহা বিছাতেহয়নায়।

"সমাজে যা'দের genius বলে, তা'দের কিন্তু growth ঠিকভাবে মোটেই হয় না। genius দেখায় inferiority complex-এর খেলা নিজেদের জীবনে! হয়ত কারো'পব ভয়ানক আক্রোশ আছে কিয়া কোথায়ও কারো কাছ খেকে অনাদর, অবমাননা বা ঘুণা পে'য়েছে,—এই আক্রোশে সে হ'বে উঠ্ল অভ্ত কর্মী, দিনরাত গবেষণারত বৈজ্ঞানিক বা কঠোর দেশপ্রেমিক বা সমাজ-সংস্থারক। Tremendous activity-র দক্ষণ অনেক কিছু ক'রে গেল, অনেক কিছু শি'খে গেল, কিন্তু ঐ inferiority;complex যখনই satisfied হ'য়ে যা'বে, তখনই activity ক'মে যা'বে—জীবনটা হ'য়ে যা'বে একটা শৃত্য।

"Genius-রা যা' জীবনে পে'য়েছে বা জে'নেছে তা' next generation-এ কখনও transmitted হ'বে না। Body-র মধ্যে একটা tumour হ'লে বেমন হয়, genius-এর growth-ও তেম্নি unhealthy, সাধারণতঃ মানুষ পারিপার্শিকের ছাপ পড়ার দক্ষণ তা'র যে কি instinct তা' সে জানতে পারে না। তা'কে বিভিন্ন complex-এর ভিতর দিয়ে অনেকটা তা'বই বৃদ্ধি-মাফিক চলতে হয়। এই বৃক্ষ করতে করতে একটা অশান্তির সৃষ্টি হয়-কিছুতেই যেন মনে তৃপ্তি আসে না। শেষটায় গিয়ে instinct-এর গায়ে হাত পড়ে, আর অমনি সে tremendously active इ'रम् अते। यिन काउरक किছू मिर्ड इम्र এই unconditioned instinct-এর দক্ষে মিশ্ খাইয়ে। তবেই দে তা' গ্রহণ করে। নতুবা imposition-এর ঠেলায় বিদোহী হ'য়ে দাড়ায়। কিন্তু স্ব-ধর্মের সঙ্গে যোগ রে'থে যদি কিছু দেওয়া যায়, তবে তা' অনায়াদে গ্রহণ করতে পারে। যাজনের সময় এদিকে আমাদের তীব্র দৃষ্টি রাখার দরকার। আধাদের বর্ণাশ্রম ধর্ম এই instinct-এর উপর গ'ড়ে উঠেছে! এর ভিতর বিনুমাত্র hatred নাই, আছে elevation-এর law-কে একটা practical সামাজিক shape দেওয়া!"

আর এক দিনের কথা। সন্ধা হইয়াছে। শ্রীশ্রীঠাকুরের সন্নিধানে আনেকে উপবিষ্ট। একজন প্রশ্ন করিলেন—"আমরা জন্মাই বা কি ক'রে, আবার মরিই বা কি ক'রে ৮"

তিনি বলিতেছেন—"আমরা যখন মরি. একটা complex-এব water-tight compartment-এর ভিতর off হই, তখন আমরা অন্তান্ত complex-এর হাত থেকে রক্ষা পাই। এই জন্ম মরণের সময় আমরা চোট-খাটো complex-এর হাত থেকে রেহাই পে'য়ে একটা বিশেষ কোন complex-এর বাঝ-বন্দী হ'য়ে off হই।" প্রশ্ন করা হইল, এ complex কেমন ? তিনি বলিলেন—"পক্ষন কাঁঠালের মতন। ভিতরের ভ্যডো হ'ল complex-এর মধ্যে instinct, আর কোষগুলি হ'ল ভোট-খাটো similar complexes যা'-নাকি main complex-এর মধ্যে instinct-কে আশ্রয় ক'রে বা support ক'রে আছে। Complex-এর মধ্যে যে instinct আছে তা'র আছে একটা tension যা'র জন্ম সে ভালতে বা মন্দতে আসক্ত হ'ছে। প্রত্যেকের instinct-এর গায় যথন হাত পড়ে, তথন সে হ'য়ে পঠে tremendous. Libido যথন তা'তে ligared হয় তখন এই instinct-ই একটা superior-instinct-এ পরিণত হয়। এই complex-মাফিক আমাদের শরীর ও মন হয়. tendencyও তেমন তেমন grow করে। এইজন্মই প্রত্যেকের চেহারা তা'র কাছে সব চেয়ে স্থন্দর। আর চেহারা দেখলেই ব'লে দেওয়া যায় কা'র কি complex বা instinct. যে-complex নিয়ে মাছুষ জন্মে, তা' solved क'रब लाल तम म'रत यात्र। मारत यां ख्यांत ममग्र यकि तम हे हे ब्यांग ভাবের মধ্যে off হয়, তবে সে ইষ্টের একটা powerful viceroy হ'য়ে জনায়। সে জন্মে ভুধু ইষ্টকে fulfil করার জন্ত, নিজের কাজ তা'র কিছই থাকে না।"

একজন কহিলেন—"ইষ্টকে আশ্রয় ক'রে আমাদের life-span বে'ড়ে যায় কি?" তিনি বলিলেন—"যদি libido ligared হয়, তবে life-span বে'ড়ে যায়। তবে সমস্ত শেষ ক'রে যদি কেউ আসে, তথন correct libido থাকা সন্থেও death prevent করা প্রায়ই পারা যায় না! এ অবস্থায় with strong body and nerves নিয়ে ফিরে আসাই সাধকের পক্ষে উপকারী। নতুবা যা'দের strong body আছে তা'রা যদি ঠিক ঠিক মত এখানকার will-মাফিক কাজ করে তবে span of life prolonged হয় ব'লেই আমার ধারণা। স্বাই তো তা'দের complex অম্বায়ীই চলে। সত্যি কথা যে আমি আপনাদের কাউকে বল্তে ভরসা

পাই না। তা'হ'লে সাম্লানো দায় হ'য়ে ওঠে! আগেকার দিনে স্বাই সমন নাম, ধান ও কর্ম কর্তো, আপনারা যদি তেমন মন নিয়ে লেগে মান, তবে এ মৃত্যু-স্রোতকে অনায়াসে রোধ কর্তে পারেন! এখন মাপনারা বেমন চ'লেছেন আর একটু vigorously চল্লেই success জনিবার্য হ'য়ে পড়্বে। তবে আমি success-failure ব্ঝি না। আমি আজীবন struggle ক'রে আস্ছি death-এর হাত থেকে বাচ্বার ও বাঁচাবার জন্ম, তা' ফল যা' হয় হোক, আপনারা আমার সহায হ'ন।" * * * আবার বলিতেছেন—"নিতান্ত গুড়ুতকারীও—হোক্ না কেন সে দস্থা, প্রতারক, মাতাল—correct libido যদি তা'র থাকে আর মাল-মশলা মন্তুত থাকে, তবে সে একদিন দস্যু রত্নাকরের মতন মহিব বাল্মিকীতে পরিবর্ত্তিত হ'বে।"

একদিন (১০ই এপ্রিল ১৯৩৬ সন) বিনতি-পাঠের পর শ্রীশ্রীঠাকুর মাতৃমন্দিরের উত্তর ধারেব বারান্দায় অর্দ্ধশায়িত। তাঁহার কাছে অনেকে বসিয়া আছেন। বাহিরে বৃষ্টিপাত হইতেছে। সভ্যভ্রাতা অধ্যাপক শ্রীযুক্ত শরৎচন্দ্র হালদার মহাশয় বাগেরহাট হইতে কয়েকটি প্রশ্ন পাঠাইয়াছেন। প্রশ্নগুলি:—Theory of Evolution কি? মান্থবের উৎপত্তি কি ভাবে হইল ? তাহার পিতামাতার স্বরূপই বা কি? অমরত্ব ও স্মৃতিবাশী চেতন। কাহাকে বলে?

প্রশ্নগুলির উত্তরে শ্রীশ্রীঠাকুর বলিতেছেন—"From the fine to the gross and from the gross to the fine—এই ষে being-এর ক্রম্বিবর্ত্তন একেই evolution বলে! অর্থাৎ being-এর eternal becoming-কে evolution বলে! বৈষ্ণব-শাস্ত্রে একেই ব'লেছে ভক্ত ও ভগবানের নিত্যলীলা! এই evolution চ'লেছে beyond বা environment সে stimulus দিছে being-এর উপর তা'র দরুণ! জীব তা'র environment-কে control, manipulate ও profitably manage কর্তে চেপ্তা কর্ছে স্পার্টর আদি থেকে, কারণ এই environment-ই দিছে তা'কে পদে পদে আঘাত এবং এর ফলেই হ'ছেে জীবের further progress towards superior becoming. সমস্ত জীবই অনবর্বত এই struggle কর্ছে environment-কে বশে আনার জন্তা। এই struggle করার জন্ত তা'দের শরীর ও মনের একটা পরিবর্ত্তন আদ্ছে যা'র ফলে বেঁচে থাক্তে থাক্তেই তা'দের appearance-এর একটা palpable পরিবর্ত্তন ঘা'দের

descendants-দের ভিতর দিয়ে। কোন particular environment-কে manage কর্তে হ'লে শারীরিক বিধানের ভিতর যে যে পরিবর্ত্তন দরকাব সেখানে তেমন পরিবর্ত্তন স্বটাই দেখা দিয়েছে এবং মনেরও পরিবর্ত্তন এসেছে এ অন্তপাতে। পূর্ব্বতন যা'রা struggle ক'রে ক'রে ম'বে গেল—হয়ত তা'দের জীবন environment-কে control কবতে তেমনভাবে সক্ষম হ'ল না—তা'রা তা'দের ঐ মনের অবস্থা নিয়ে জন্মাল descendants হ'যে। Science ঐ আগের-টুকু স্বীকার করে। কিন্তু বর্ণাশ্রমণশ্রী আয়েরা জন্মান্তর-বাদ স্বীকার ক'রে ঐ জিনিসটাকে আরও ফুটিয়ে তুল্তে চে'য়েছেন! এই ক্রমবিবর্ত্তনের ধারা চল্তে চল্তে এক stage-এ ape-man-এ পৌছেছে। এর পবের থাকেই মান্তবের স্কষ্ট। এমন-কি এপনও মনেক মান্তবের ape-এব মত মুখ দেখা যায়, গায়ে লোমও ঠিক পশুর মতন! স্কৃষ্টি একই সময়ে হয়নি ব'লে এবং এখনও সমানভাবে চল্ছে ব'লে জীবের মধ্যে কতকগুলি মান্ত্য্য-অবস্থায় এসে পৌছে গেছে, কতক মান্ত্য্য-অবস্থার দিকে চল্ছে, কতক embryonic stage-এ এখনও আছে। মান্ত্র্য আমরা আন্তে আই evolution-এর ফলে super-man-এ পরিবর্ত্তিত হ'চ্ছি!"

অমরত্ব সম্বন্ধে বলিলেন,—"আমি চাই আমি কেন, বোধ হয় স্বাই চায় শ্বিতবাহী চেডনা নিয়ে becoming-এর দিকে এস্থারভাবে progress কর্তে। তা' এই জীবনকে eternally prolong ক'বে যদি হয় তা' হোক বা একেরই বিভিন্ন শরীরের ভিতর দিয়ে হয় হোক্। এই শরীরটাকে বা আপনার এই বর্ত্তমান self-টাকে infinitely prolong ক'বে যদি এই শ্বিতবাহী চেতনা নিয়ে থাক্তে পারেন ভাল, অথবা বার বার ক'বে যদি জাস্তে হয়, তাতেও আপত্তি নাই যদি এই শ্বতিবাহী চেতনা আপনার মধ্যে as a continuous experience লেগে থাকে।"

একজন প্রশ্ন করিলেন—"এই শ্বতিবাহী চেতনা থাকা মানেই তো এই স্থপ-তৃংথের অফুভৃতিব রাজ্যের পরিধি বৃদ্ধি ক'রে সমস্ত ত্নিয়াকে এবং ত্নিযার প্রতি-প্রত্যেককে জানা এবং তা'দের সঙ্গে relationship establish করা। তা'তে স্থধও যেমন বে'ডে যা'বে, তৃংধও তেমনিভাবে বে'ড়ে যা'বে। তা'তে আর লাভ কি হল ?"

শীশীঠাকুর বলিলেন—"হা, স্থপত যেমন বে'ড়ে যা'বে, তুঃখও ঐ proportion-এ বে'ডে যা'বে সত্য, কিন্তু তুঃখ ত' আমায় কট দিতে পার্বে না। এই সমস্ত তুঃখের স্থৃতি experience হ'য়ে আমাকে becoming-এব পথে সাহায্য কর্বে। কারণ নিয়ন্ত্রণ, সামঞ্জশ্য ও সমাধান বাদ দিয়ে ত' চলাই নেই। আমার যত-কিছু চল্না—যা' জীবনের পর জীবন বেয়ে বর্তমান

অবস্থায় এসে পৌছেছে—তা'তো ঘটনা-পরস্পরাকে নিয়ন্ত্রণ ক'রে, সামঞ্জয় ক'রে, সমাধান ক'রে কতকগুলি pleasant experiences হ'য়ে আমার বর্ত্তমান আমিকে বা জীবনকে সব দিক দিয়ে enrich ক'রে তুল্ছে! স্থতরাং তৃঃবের স্থতিও আমার কাছে তৃঃবের নয়কো, বরং আনন্দের ধনি। এই দেহ নিয়েই যদি জীবের অমরত্ব-লাভ সম্ভব হয়, তবে অমরত্ব-লাভের সঙ্গে নালাnite possibilities তা'র চোথের সাম্নে ভে'সে উঠ্বে এবং নৃতন নৃতন জগ্বও তা'র experience—এ ধরা পড়্বে যাকে ad-infinitum অর্থাৎ চিরকাল ধ'রে explore ক'রে ক'রেও সে কথনও exhaust কর্তে পার্বে না।"


জনৈক ভক্ত শ্রীশ্রীঠাকুরকে একদিন বলিলেন—"ঠাকুর, সংসারে কন্ড জনকে ত' কত রকম কর্তে দেখি, স্বাই বলে কর্ত্ত্য কর্ছে, আমার যে কর্ত্ত্ব্য কি তা' ত' ঠিক পাই না ?" শ্রীশ্রীঠাকুর উত্তরে বলিলেন—"তোমার লক্ষ্য কি আগে বল। তবে ত' বলে দিতে পাবি তোমার কর্ত্ত্ব্য কি। লক্ষ্য যদি তোমার চুরি করা হয়, তা'হ'লে চুরি কর্তে গেলে যা' করা দরকার তাই তোমার কর্ত্ব্য; তোমার লক্ষ্য যদি সংসার হয়, তবে ভালভাবে সংসার কর্ত্তে গেলে যা' যা' করা প্রয়োজন তাই তথন তোমার কর্ত্ব্য; আবার তোমার লক্ষ্য যদি হয় ভগবান-লাভ, তা'হ'লে তাঁ'কে পে'তে হ'লে যা' করা উচিত তাই তোমার কর্ত্ব্য। বল লক্ষ্যী, তোমার লক্ষ্য কি ? আগে লক্ষ্য স্থির কর, লক্ষ্য স্থির হ'লে সেই লক্ষ্যেতে পৌচাবার জন্ম যা' করা আবশ্রক, জ্বে'নো তাই সেই ব্যক্তির পক্ষে কর্ত্ব্য।"

শীশীঠাকুর প্রত্যহ সংসদ্ধের কর্ম-প্রতিষ্ঠানগুলি ঘুরিয়া ঘুরিয়া সর্ব্ব-বিভাগীয় কাষ্য স্বয়ং প্র্যাবেক্ষণ করতঃ সমৃদ্য ব্যাপারের যথাযথ ব্যবস্থা করিয়া থাকেন। দিনের বেলায় আহারাদি করিতে কোন কোন দিন একটাও বাজিয়া যায়, রাত্রেও অনেক দিনই বারটার পূর্ব্বে নিদ্রা যাইতে পারেন না,—ভারপর কাহারও কোন গোপনীয় কথা থাকিলে ভাহা শুনিতে শুনিতে সে রাত্রে ঘুমাইবারই আব সময় পান না। এই বিশ্রামহীন কার্যাক্রম যেমন স্বস্থ শরীরে তেমনি অস্কৃস্থতার মধ্যেও তাহাকে নিযত চালাইতে হইতেছে। এজন্ত কেই কোন দিন এক মুহূর্ত্তের জন্ত বিন্দুমাত্র বিরক্তি তাহাতে লক্ষা করেন নাই। কতবার তাহার গুরুতর পীড়ার সময় দেখিয়াছি, চিকিংসকের পরামর্শমত তাহাকে লোকসঙ্গ হইতে দ্বে রাখিবার উদ্দেশ্যে কাহাকেও তাহার বাহিত নিষেধ করা হইলে তিনি কত অসন্থোষ প্রকাশ করিয়া-

ছেন! রোগ-যন্ত্রণায় যথন ছট্ফট্ করিতে থাকেন এমন অবস্থায়ও পরের অভাব, অভিযোগ, ব্যথা দূর করিবার তাঁহার কি আকুলি বিকুলি তাহা ধাহারা প্রত্যক্ষ করিয়াছেন তাঁহারাই জানেন।

শিশু, আগদ্ধক, অতিথি—যগনই যিনি আশ্রমে উপস্থিত হন—হাসি. উপদেশ, সাম্বনা কত-না-প্রকারে তিনি তাঁহাদিগকে আশা-উদ্দীপনায় অফুপ্রাণিত করিয়া থাকেন। তাঁহার অমায়িক ব্যবহাবের কাচে পরিচিত অপরিচিত বলিয়া কোন বিচাব নাই। প্রত্যেকেই যেন তাঁহার কত আপন---কতদিনের পরমায়ীয়। নবাগত কেহ আসিলে নিতান্ত প্রাণপ্রিয় স্কল্পর মত সম্লেহে তাঁহার গলা জডাইয়া ধরিয়া তাঁহাকে প্রেমালিঞ্কনে আবদ্ধ যাহারাই তাহার সংস্পর্ণে আদিয়াছেন, তাহাব সহিত প্রথম-পরিচয়-মুহুর্ত্তের দেই অপুর্বর প্রীতিপূর্ণ বাবহার ও স্কমণুর "দাদা" সম্বোধনটী कौरान कानमिन ज्लारिक भावित्वन ना। नाना भरकाभनाक (मनवित्मतन সংসন্ধী ভাতগণ, মাত্রন ও আগন্তক-অভাগতগণের কলকোলাহলে সারা আশ্রম মুগরিত হয়। শ্রীশ্রীঠাকুরের সেই কয়দিন একমুহুর্ত্তও অবসর থাকে না। সকলে উাহাব চবণপ্রায়ে তাঁহাদেব স্ব-স্থ বাণা, বেদনা, অবসাদ ও নৈরাশ্রের কথা নিঃসঙ্কোচে প্রাণ খুলিয়া নিবেদন করেন: আব তাঁহার শ্রীমুখনিঃস্ত অমূল্য উপদেশ-বাণী লাভ করিয়া তৃপ, আনন্দিত ও উছ্দ্র হুইয়া গুহে গুমন করেন। এইভাবে কতকাল ধরিয়া নিতা তিঁনি সহস্র সহস্র নর্নারীব সেবা করিয়া তাহাদের অন্তর-রাজ্যে অধিষ্ঠিত হইয়াছেন।

অপরেব তৃংখ তিনি কতগানি সত্যিকারেব হৃদয় দিযা অন্তত্ত্ব করেন, তাহা কাহারও যে-কোন বাথা, দৈত্য ও অভাব-অভিযোগ লইয়া তাঁহাব সন্মুখে দাঁড়াইলেই বেশ বৃঝিতে পারা যায়। শুধু ফাঁকি কথা বলিয়া বা মৌখিক সহাস্থভৃতি দেখাইয়াই তিনি ক্ষান্ত হন না। যাহাতে বিপদ্ধ ব্যক্তির ব্যথা-বেদনার আশু প্রতীকাব কবিতে পারেন তজ্জ্যু তিনি প্রাণপণ চেষ্টায় কাঙ্গে লাগিয়া যান। প্রত্যহ প্রকাশ্যে ও গোপনে কত জনকে যে তিনি অন্ন, বন্তু, অর্থ, থাত্ত, ঔষর, পথ্য ও নানা প্রয়োজনীয় দ্রব্যাদি দ্বারা সাহায়্য করতঃ বাঁচাইয়া রাগিয়াছেন তাহার অবধি নাই। কাহারও তৃঃখ দেখিলে তিনি কেমন অভিভূত হইয়া পড়েন, সে সম্বন্ধে অনেক দিনের একটী ঘটনা বলিতেছি। ১৯৩০ সনের গ্রীয়াবকাশ, ৬ই জাৈষ্ঠ বেলা প্রায় দশ ঘটিকা। শ্রীশ্রীঠাকুর তথকালীন লাইবেরী-ঘরের সম্মুথে বাবলা-তলায় আসিয়া



পরিবার ও শিশ্রবর্গ-পরিবৃত শীশীসাকুর অমুকুলচন্দ্র

প্রথম লাইনের বামদিক হইতে –মবাম লাডা শ্রীযুক্ত প্রভাসচন্দ্র, কমিট লাডা শ্রীযুক্ত কুমুদচন্দ্র, জোঙ পুত্র শীমন বিশেকরপ্রক মণাস্থলৈ—জনদীদেবী ও জ্ঞীঠাকুর—তাঁহার পার্যে ভাতুশ্মরব্য ও কনিটা কন্তা, বামে ও পান্ডাতে শিক্তগণ

দাড়াইয়াছেন, জীর্গবেশধারী এক ভিক্ক নিতান্ত করুণকণ্ঠে তাঁহার নিকট একখানা কাপড় চাহিয়াছে। শীশীঠাকুর অমনি ভিক্ককের গাত্তম্থ ছিন্ন মলিন ত্র্গন্ধযুক্ত বন্ধথণ্ড লইয়া পরিধান করিলেন এবং নিজের পরিধেয় স্থন্দর পরিক্তন্ধ বন্ধথানি তাহার হন্তে প্রদান করিলেন। ভিক্ক শীশীঠাকুরের কীর্ত্তি দেখিয়া অবাক হইয়া বহিল, তাহার বাক্যক্ষ্টি হইতেছিল না, দে বলিল—"না, না,—এবকম ক'রে আঙ্টা হ'য়ে আপনাকে কাপড় দিতে বলি নাই।" বিশ্বয়াবিষ্ট দবিদ্র ভিক্কক আর কিছু বলিতে পারিল না। নির্বাক হইয়া কিছুক্ষণ দাড়াইয়া থাকিয়া অন্তত্ত চলিয়া গেল! দয়ার এরূপ বান্তব কাহিনী তাহার জীবনে নিতাই কত ঘটিতেছে!

কিছদিন পর্বের ঘটনা। ১ই এপ্রিল ১৯৩৭ সন। সকালবেলা বিনতি-পাঠের পব শ্রীশীঠাকুর ফিলান্থপি কার্যাল্যের সম্মুখে একখানা চেয়ারে উপবিষ্ট, নিকটে একটী ভাই দণ্ডায়মান। অনেক দিনের শিঘ্র তিনি। পর্বেপ্রায় পঞ্চাশ ঘাট হাজাব টাকার মালিক ছিলেন, বন্ধির দোষে সব হারাইয়া, এখন ছেলেমেয়ে লইয়া শ্রীশ্রীঠাকুরেব আশ্রায়ে আদিয়া উপস্থিত হইণাছেন। শ্রীশ্রীঠাকুর একটা ভাইকে ডাকিখা বলিলেন,—"দেখুন দাদা, মান্তবের যে কথন কি অবস্থা হয় বলা যায় না। এর এক সময় কত টাকা-কড়ি ছিল, সবই কপালের ফেবে হারিয়েছে, বউ মারা গিয়েছে কয়েক মাস হ'ল, ছেলেপুলে বোগে শ্যাগত। আপনারা কয় জনে মিলে এর জন্ম একটা ফণ্ডের বাবস্থা করুন। প্রত্যেকের কাছ থেকে ৫ টাকা ক'রে নিন। আপনি ব্রহ্মদেশে এবং অন্তেরা এদেশে চেষ্টা করুন। এই টাকা ঘারা ভা'কে একটা ব্যবসা জু'ড়ে দিতে পার্বে খুবই ভাল হয়।" শ্রীশ্রীঠাকুর এই সকল कथा निकरि উপবিষ্ট আর একটা ভাইকেও বুঝাইয়া বলিলেন। তাহাতে সেই ভাইটা বলিলেন,—"ব্যবসাটা আশ্রমেই আপনার direct supervision-এ ক'রে দিতে পারলে বোধ হয় এর বেশী স্থবিধা হ'ত।" এই কথা শুনিবা মাত্র শীশীঠাকুর একট বিমর্গভাবে বলিলেন,—"না, তা' ভাল না, এত টাকার মালিক একদিন ছিল এ, এখন হ'য়ে গিয়েছে একেবারে নিঃম্ব, একটা inferiority complex লেগেই আছে। এথানে এসে পদে পদে এত লোকের মধ্যে কান্ধ করতে গেলে এই complex-এ লাগ্রে আঘাত—আর পা'বে বেদনা। তা'র চাইতে দূরে গিয়ে আপাততঃ কান্ধ করা ভাল। তারপর সময় হ'লে বা স্থবিধা পে'লে এথানে আসতে পারবে।" মাছবের কভটুকু মন ব্ঝিয়াই না তিনি চলিয়া থাকেন!

পারিপাশ্বিক, শিশু, পরিজ্বন স্বারই জন্ম কডটুকু তিনি ভাবেন, একদিনের তাহার সামাগ্র গুইটা কথায় তাহার একটু আভাস দিতেছি। জননীদেবীর অস্বথের সময় তাহার চিকিৎসার জন্ম কলিকাতা হইতে হোমিওপ্যাথিক ভাক্তার শ্রীযুক্ত গুণেন্ বাবু আশ্রমে আসিয়াছেন। তাঁহার সহিত একদিন বিকালে পদ্মার ধারে শীনীঠ:৫:এ০ নানা বিষয়ে কথাবার্ত্ত। হইতেছিল। কথাপ্রসঙ্গে ডাক্তারবাব বলিলেন—"আপনি প্রায়শঃ ফেরেঞ্চাইটিসে বেমন ভোগেন তা'তে আপনার পক্ষে "সংসঙ্গ ভবনের" দ্বিতলে বাস করিলে ভাল হয় ৷" শ্রীশ্রীঠাকুর মৃত হাস্ত করিয়৷ উত্তর করিলেন,—"ডাক্তারবারু, আমার পক্ষে উপর-তলায় ওগানে permanently থাকা একটু মুস্কিল। আমার মনে হয়, আমাকে যা'রা থিরে আছে তা'রা নিতান্ত শিশু, খুবই অসহায়। আমি সব সময় তা'দের মধ্যে না থাকলে ঝড়ে, ভূমিকম্পে বা অন্ত কোন আকম্মিক বিপদপাতে তা'রা না-জানি কত helpless হ'যে পড়বে। কতগুলি বিষয়ে আমার যেন কেমন-একটা nervousness আছে। মাঝে মাঝে আমার মনে উঠে, যেন কত বন্দুক্ধারী শিকারী কতকগুলি নিরীহ প্রাণীকে বধ করতে ছু'টেছে, আর তা'দের পরিত্রাহি চীংকার এসে আমার বুকে শেলের মত বিধ্ছে। এ এমনি সত্যি ব'লে বোধ হয় আমার কাছে যে, এতে আমাকে ভীষণ কষ্ট দেয় ৷ যা'দের দিয়ে আমি, এবং যা'রা আমার মুগের দিকে চেয়ে আছে, তা'দিগকে একট অস্বন্তির ভিতব রে'পে যেন আমার কিছুতেই শান্তি আদে না। তা'দের কোন প্রকারে এতটুকু কষ্ট হ'লে যেন আমার বুকে দে কষ্ট ভীষণভাবে লাগে। কখন जा'रानत त्कान विभन घटि मर्काना এই आनकार आमात প্রাণে জাগে। আমার নিজের কথা ভাব ব কখন ?"

শ্রীশ্রীঠাকুর কাহাকেও নিজের থেকে পৃথক ভাবিতে পারেন না।
প্রত্যেকের ব্যক্তিগত কষ্টকে তিনি নিজেরই কট্ট বলিয়া অন্তরের সহিত
বোধ করেন, এবং তাহা দ্র করিতে অন্থির হইয়া পড়েন। প্রসঙ্গক্রমে
একদিন বলিতেছিলেন—"নিজের জন্ম যেন কিছু কর্তে পারি না, নিজের
জন্ম কিছু ভাব্তে পারি না। আলাহিদা আমার একটা উন্নতি, স্থস্বচ্ছন্দতা—ইত্যাদি ধারণা মাথায় আসে না। কোন অবস্থায়ই ত্নিয়া
হইতে পৃথকভাবে আমার স্বতম্ব একটা অন্তিত্ব-বোধ এবং তা'র
জন্ম কিছু করা এই বৃদ্ধি আন্তে পারি না।" আর একদিন কথায়
কথায় বলিয়াছিলেন—"আপনাদের আমার মনে হয়, আমারই মাংসের দলা।
মাঝে মাঝে অভিমান হয় আপনাদের ভাব দে'থে কিন্তু তা'তে যেন আরও

বেশী যুক্ত হ'য়ে পড়ি, সহাস্থভৃতি আসে ব'লে। আমার মন মামার হাত-পাকে যেমন ক'বে থাটার আপনাদেরও তেমনি ভাবে থাটারে কট দিতে ইচ্ছা হয়। আপনাদের আমি আমাকে ছাড়া আর কিছু ভাব্তে পাবি না, তাই ত' কেউ আমাকে না-চাইলেও তা'কে ছেড়ে থাকা আমার পক্ষে অসম্ভব।"

কাহারও শ্বীর অস্থ হইলে শ্রীশ্রীঠাকুরের কি ছট্ফটানি! প্রতি মৃহর্ত্তে সংবাদ লইতে থাকেন, রোগী কেমন আছে। কাহারও পীডার সময় আহার-নিদ্রা পরিত্যাগ করিয়া ঔষধ-নির্বাচনে রাত্রিদিন কত বাস্ত থাকেন, ঔষধ ও পথোর জন্ম কত অষচ্ছল অর্থবায় করেন। বোগী যে পর্যান্ত সম্পূর্ণরূপে সাবিয়া না উঠে তিনি কেমন পাগলের মত থাকেন—তাহা শত শত সহত্র সহত্র ঘটনায় সর্বাদা সকলে প্রত্যক্ষ করিতেছেন। একবার জনৈক সজ্মপ্রতাতা অস্থ হইলে শ্রীশ্রীঠাকুর তাঁহার জন্ম কলিকাশে হইতে 'অক্সিজেন জেনারেটার' আনিতে বলেন। যে ব্যক্তির উপর অর্থাদিব্যায়ের ভার ছিল, তিনি তপন অর্থেব অসচ্ছলতার দক্ষণ বলিয়াছিলেন,—'অক্সিজেন জেনারেটার' আনিতে ৮০০০ টাকা লাগিবে, এত টাকা ব্যয় করিয়া ইহা আনিয়া কি দরকার? শুনিবামাত্র শ্রীশ্রীঠাকুর বিচলিতকপ্রে বলিয়া উঠিলেন—"বলেন কি, পাঁচশত টাকা লাগিলেও যে তাহা আনিতেই হইবে,—প্রাণের কাছে অর্থ কোন ছার!"

আশ্রমবাসী একটী মহিলা সন্তান-প্রস্বান্তে মরণাপন্ন অক্সন্থ হইয়া পডেন।
শ্যাগত-অবস্থায় পাঁচ ছয়দিন মাত্র তিনি জীবিত ছিলেন। এই কয়দিন
পাবনা ও কৃষ্ণিয়ার বহু লকপ্রতিষ্ঠ ডাক্তার আনাইয়া, প্রত্যাহ কলিকাতা হইতে
ঔষধপত্র সরবরাহ করিয়া এবং নিজে সর্কান্তন অক্লান্ত পরিশ্রম করতঃ
চিকিংসা সন্ধন্দে ডাক্তারগণকে উপদেশ দিয়া শ্রীশ্রীঠাকুব কি ভাবে তাঁহার
চিকিংসা করিয়াছিলেন তাহা শ্রবণ করিলে মৃশ্ব ও বিশ্বিত হইতে হয়।
সংসন্ধ-কর্মীদিগের তথনও চুইবেলা আহাবেব সংস্থান হয় নাই। এমতাবস্থায
শ্রীশ্রীঠাকুর দ্বারে দ্বারে ভিক্ষা করিয়া অর্থ সংগ্রহ কবতঃ চারি শতাধিক
টাকা এই চিকিংসা-ব্যাপাবে ব্যয় করিয়াছিলেন। বোগীমাত্ত্রকেই সম্ব ক্ষ্যু
করিয়া তুলিবার জন্ম কত পরিশ্রম এবং ছন্টিস্ভাই যে তিনি কবিয়া
থাকেন, তাহা না দেখিলে ধারণা করা অসম্ভব।

দবদী-তিনি অতীক্রিয় ভূমিতে বিচরণ করিয়াও সর্কাক্ষণ কত অসংখ্য লোকের কত রকমে সাহায্য করিতেছেন তাহার ইয়তা নাই। বহুজনের

প্রত্যক্ষ-অমুভূত সে-সমুদয় অসংখ্য ঘটনাবলীর বর্ণনা পাঠকসাধারণের निकछ जालोकिक विनया जनाम् इटेंटि भारत मान कतिया, टेव्हाभूक्वकटें এ-গ্রন্থে এতাদৃশ আলোচনায় সম্পূর্ণরূপে কাস্ত রহিয়াছি। বস্তুতঃ অনৌকিক বলিয়া কিন্তু জগতে কিছুই নাই। 'কোন বিষয়ের কারণ জানা না থাকিলেই তাহা লোকের নিকট অলোকিক বলিয়া গণ্য হয়। যা'হোক, কথায় কথায একদিনের একটা ঘটনার সংক্ষিপ্ত বিবৃতি দান করিতেছি, আশা কবি পাঠকবর্গ তাহার যখার্থ মশ্ম উপনৃদ্ধি করিবেন। গভীব রাতি। অবিশ্রান্ত বৃষ্টি পড়িতেছে। শ্রীশ্রীসাকুর তাহার গড়ের বড় ঘরখানিতে তক্তপোষে উপবিষ্ট হইয়া একরূপ আবেশেব সঙ্গেই সেদিন নানা বিষয়ে कथावार्ता विनार हिल्लन। कथा छिलिय छाव, छन्नी छ छाया धमनरे कीवनीय যে, উপস্থিত দকলে মন্ত্রমুগ্ধের মত তাহা শুনিয়া যাইতেছিলেন। সময সময় অঞ্চুত বিষয়গুলি ব্যক্ত করিবার উপযুক্ত ভাষা যেন শ্রীশ্রীঠাকুর নিতান্ত ব্যাকুলতার সহিত এবং বিশেষ চেষ্টাপূর্বক খুঁজিয়া লইয়া প্রকাশ করিতে-ছিলেন। তা'র একটা কথার ধরণ বিচ্ছিন্নভাবে এখনও একটু একটু মনে পড়ে। কথাপ্রসঙ্গে শ্রীশ্রীঠাকুর হঠাৎ যেন বলিয়া উঠিলেন—"কেমন হয় জানেন ? যেমন mento molecular arrangement of the brain-cells..." বলিতে বলিতে শ্রীশ্রীঠাকুর কথার মাঝখানে হঠাং থামিয়া পড়িলেন। কিছুক্ষণ পরেই বলিলেন,—"হা, কি-না বলছিলাম কেষ্টদা ?" কুফদা পূর্ব্বোক্ত কথার যোগস্ত্ত ধবাইথা দিয়া জিজ্ঞাসা করিলেন—"আপনি এমন তন্ময় হ'য়ে কথা ব'লে যা'চ্ছিলেন, হঠাং মাঝখানে এরপ অন্তমনস্কতার কারণ কি দ" তথন শ্রীশ্রীঠাকুর অপূর্বমাধুষ্য-মণ্ডিত প্রশান্তবদনে মৃত্তান্তে বলিলেন— "আসন-বলিলেন—"ভনেন নাই সেই শ্রীক্লফের কথা ? সমস্ত দিনের কর্মের অবসানে সবে তথন অপরাত্ন সময়ে অন্ধগ্রহণ করতে ব'সেছেন, ক্রন্মিণীদেবী পাখা লইয়া বাতাস ক'চ্ছেন, প্রথম গ্রাস আন মুখে দিতে যা'বেন, এমন সময় ব'ল্লেন— 'আর বুঝি আমার থাওয়া হ'ল না, আমার যে ডাক প'ড়েছে।' তাড়াতাড়ি আর পরিত্যাগ ক'রে তিনি গৃহ হ'তে বহির্গত হ'লেন। সেদিন পঞ্-পাগুবের মহা ছর্দিন, তুর্কাসার অভিশাপে কা'রও রক্ষা পা'বার উপায় নাই। বিপদ বৃ'ঝে দ্রৌপদী আর্ত্তকণ্ঠে বিপদ-বারণের নাম স্মরণ কর্তে লাগ্লেন। দে আকুল-আহ্বান তাঁ'কে চঞ্চল ক'রে তুল্ল। তিনি মুখের গ্রাস ফে'লে তথনই সে স্থানে এসে উপস্থিত হ'লেন।" কুফানা প্রশ্ন করিলেন— "এখানে কিসে আপনাকে অন্তমনস্ক কর্ল।" খ্রীশ্রীঠাকুর বলিলেন— "এক বিধবা মা বাড়ীতে একা থাকেন, এক তুর্ব্বন্ত তাঁ'রই অপেক্ষায়

সমস্ত রাত্রি সেই বাড়ীতে প্রবেশ ক'রে ছিল। মা-টী প্রস্রাব করতে উঠেছিলেন. এই ঘোর তর্যোগের স্থযোগ নিয়ে লোকটা মা-টাকে টেনে নিয়ে যা'চ্ছিল। দেখলাম কি লোকটার French-cut কাচা-পাকা দাডি. চক্ষে দোণার চশমা, মা-টী ব্যাকুলকণ্ঠে দাহাযোর জন্য চীংকার ক'চ্ছিল। वश्य राजाम ज्थान माराद हां हां एक मिरा राजकी जेंद्रवार है'री পালিয়ে 'গেল। সোণার চশমা একটা কাণে ঝুলছে, একটা কোথায় প'ডে গেছে, silk-এর চাদরখানা একটা কাঁটা-গাছের গায় খানিকটা ছিঁডে त्रहेन. चार भारत्रत नाभी करा विकथाना कामात्र चाहिरक तहेन, ... भानिरय গেল কেইদা।" কৃষ্ণদা তথন জিজ্ঞাদা কবিলেন—"এই world events কি দ্ব আপনার নজরে আছে ? নজৰ থাকা কি সম্ভব ? কারণ simultaneously-ই ত' বন্ধ-দংখ্যক events ঘটিয়া যাইতেছে, তাহা আপনার দৃষ্টিগোচরে থাকা সম্ভব কি ভাবে ?" শ্রীশ্রীঠাকুণ বলিলেন—"কোন event-ই simultaneously হ'চ্ছে না। একটা event-এর stagnant period-এ আর একটা event-এর expansion, তা'র stagnant period-এর মধ্যে আর একটার expansion, এইভাবে world of events চলছে। যাহা আপাতদৃষ্টিতে simultaneous বলিষা বোধ হয় তা' কিন্তু মোটেই simultaneous नय।" क्रम्थना প্রশ্ন করিলেন—"তা' यनि इय তা'হ'লে বিখের সকল ঘটনাই ত' আপনার জানার মধ্যে র'য়েছে। তবে বিশেষ ক'রে আসন-টলার মানে কি?" শ্রীশ্রীঠাকুর বলিলেন— "একটা সহজ্ব উদাহরণ দিয়ে বলছি। ধকন, আপনাতে আমাতে একটা ট্রেণের জানালার ধারে ব'সে গল্প করতে করতে যা'চ্ছি। আমাদের গল্পও চল্ছে সঙ্গে বাহেরের দৃশ্যাবলী--স্পুলিও যে নজ্বে নাই তা' নয়,—কিন্তু হঠাৎ রেলের লাইনের ধারেই একটা বাড়ীতে আগুন লে'গেছে দেখা গেল, তখন কিন্তু আমাদের সমস্ত attention-টা ঐ দিকেই গিয়ে প'ড়েছে, গল্পও থেমে গিয়েছে। এই world of events-এর এক-একটা event ঐ রকম বিশেষভাবে attention draw করে।"

এই পরত্ঃথকাতরতা ষেমনি মহুয়ের প্রতি তেমনি ইতরপ্রাণী ও উদ্ভিদাদির প্রতিও সমভাবে তিনি প্রদর্শন করিয়া থাকেন। আশ্রমের কুকুব-বিড়ালগুলি পর্যান্ত অনুদ্ধ হইলে, রোগনির্ণয় করিয়া ইন্জেক্সন ও ঔষধাদির ব্যবস্থা করত. যথাসন্তব চিকিৎসাধীনে রাখিয়া, ইহাদিগকে স্কন্থ করিয়া তুলিতে কত চেষ্টা করেন! কীটপতঙ্গ, পিপীলিকাদি মৃত্যুমুথে পড়িলে, ইহাদিগের প্রাণরক্ষার জন্ত কেমন অস্থির হইয়া পড়েন! তাঁহার সন্মুথে কেহ কোন জীবের প্রাণনাশ করিতে উছত হইলে বা দেহে সামান্ত আঘাত প্রদান করিলে তিনি মর্মান্তিক ব্যথা অমুভব করেন এবং ভাহার তঃখে কাঁদিয়া আফুল হন। একদিনের একটা ঘটনা উল্লেখ করিতেছি। ১৩২৬ সনের চৈত্ৰ-সংক্ৰাম্ভি দিবদে আশ্ৰমের নিকটবন্তী শ্বশান-ভূমিতে এক ভান্তিক সাধক ছাগশিশু বলিদারা পজা করিবার আয়োজন করিয়াছিলেন। ছাগ-শিশুটীর ক্রন্দন শুনিয়া শ্রীশ্রীঠাকুরের কোমল প্রাণে দারুণ আঘাত লাগিল। অসহায় প্রাণীটীকে বক্ষা করিবার জন্ম তাঁহার প্রাণ ছটফট করিতে লাগিল। শ্রীশ্রীঠাকুর উক্ত সন্ন্যাসীর নিকট গিয়া ছাগশিশুটীকে বলি না দিয়া অন্ত উপচারে পূজা সম্পন্ন করিবার জন্ম বিনীতভাবে কাতরকর্গে কত প্রার্থনা জানাইলেন। সন্নাদী কোধাবিট হইয়া কর্কশ ভাষায় তাঁহার মিন্ডিপূর্ণ করুণ আবেদন অগ্রাহ্ম করিলেন। এমন সময় জননীদেবী তথায় উপস্থিত হইয়া শ্রীশ্রীঠাকুরকে হন্তধারণপূর্বক বাডী লইয়া গেলেন। মায়ের কথায় শ্রীশ্রীঠাকুর সে স্থান হইতে চলিয়া আসিলেন সত্য, কিন্তু তাঁহার অস্তর-খানা নিদারুণ ব্যথায় পুডিয়া ছাই হইয়া যাইতেছিল। শ্রীশ্রীঠাকুর অসহ যম্বণায় অস্থির হইষা উন্মত্তের মত সেইদিন অন্ধকার রাত্রিতে ইতন্ততঃ ছটাছটি করিতে লাগিলেন। তাহার সেই তীব্র মর্ম্মবেদনা সহ্য করিতে না পারিয়া নফরচন্দ্র ঘোষ নামক জনৈক সজ্যল্রাতা চাগশিশুটীকে উদ্ধার করিয়া লইয়া আদেন। এমন সময় গ্রামবাসী অনেকেই এই ঘটনা জানিতে পারিনা শ্রীশ্রীঠাকুরের তুঃখে ব্যথিত হইয়া সেধানে আসিয়। উপস্থিত হইয়াছিলেন। যে ব্যক্তির জন্ম এই পূজার অনুষ্ঠান করা হইয়াছিল তাহাকে সমুদায় বিষয বুঝাইযা বলিয়া সম্ভুষ্ট করতঃ ছাগশিশুব মূল্যাপেকা কিঞিং অধিক অর্থ দান কবিয়া বিদায় করা হইল। এ শীহাকুব ছাগশিশুটীকে পাইয়া, ইহাকে কোলে লইয়া মুভ্মুলিঃ চুম্বন করিতে লাগিলেন, মনে হইল সম্ভান-হারা মা যেন কত দিনের পর তাহার অঞ্চলের হারানিধিকে ফিরিয়া পাইয়াছেন।

আর একটা ঘটনা বলিতেছি। ৮ই মার্চ ১৯২৪ সন। শ্রীপ্রীঠাকুর জননীদেবীর গৃহের বারান্দায় একখানা তক্তপোষের উপর বসিয়া ছিলেন। অল্ল অল্প বৌল উঠিয়াছে, অল্ল অল্ল শীত আছে। অদূরে বিশাল পদ্মানদী এবং নিকটেই বিস্তৃত চর। নদীর জ্বল কমিয়া গিয়াছে, মাঝে কতদ্ব প্রকাণ্ড খালের মত, তা'র পরেই নৃত্ন চর পড়িয়াছে। ত্ইটী চকাচকি পাখী উড়িয়া যাইতেছিল, একজন নিষ্ঠুর শিকারী পাখী ত্ইটীকে লক্ষ্য করিয়া গুলি নিক্ষেপ করিল। গুলি ভানায় লাগিলেও পাখী ত্ইটী উড়িয়া

গেল এবং অনতিদ্বে চরে গিয়া বিদল। এই ঘটনা শ্রীন্তাক্র এবং বাহারা গৃহের সম্প্রে দাড়াইয়ছিলেন সকলেরই মনোযোগ আবর্ষণ করিল। শ্রীশ্রীঠাকুর নিতান্ত উদ্বিয় ও উৎকণ্ঠিত হইয়া পড়িলেন এবং চীৎকার করিয়া বলিতে লাগিলেন,—"হায়! পাখী তৃ'টীকে মার্ছে বোধ হয়, আমি অসহায়, কি কর্তে পারি, আমার যে কোন ক্ষমতাই নাই,"—এইরপ বলিতে বলিতে গৃহের বাহিরে আসিলেন এবং কাতবন্যনে চরের দিকে দৃষ্টি নিক্ষেপ করতঃ ব্যাকুলভাবে ছুটাছুটি করিতে লাগিলেন। ইতিমধ্যে পাখী ছুইটার প্রতি নিষ্ঠ্র শিকারী দ্বিভীয়বার গুলি কবিল, এরপ শব্দ শ্রুত হইল। ইহাতে শ্রীশ্রীঠাকুর অত্যন্ত অন্থির হইয়া পড়িলেন এবং হায়, হায়, মর্ল রে উঃ উঃ—" বলিতে বলিতে আন্তর্নাদ করিয়া উঠিলেন এবং তাহারই নিজ বক্ষে যেন সেগুলি বিদ্ধ হইয়াছে এইরপ তীত্র যন্ত্রণাবোধে ছট্ফট্ করিতে লাগিলেন। তাহাব মুখমণ্ডল রক্তিম আভা ধারণ করিল, শরীর কম্পিত হইতে লাগিল,—আহতের ভায় মাটীর উপর পডিয়া গেলেন।

আর একদিনের একটা ঘটনা। শুশ্রীঠাকুর নিজ বাড়ী হইতে কাশীপুর গ্রামের দিকে যাইতেছিলেন, সঙ্গে আরও মনেকে ছিলেন। তথন বর্ষাকাল। যাইতে যাইতে দেখিলেন রাস্তায় জলস্রোতে বহুসংখ্যক কীট ভাসিয়া যাইতেছে। ইহাতে শুশ্রীঠাকুরের প্রাণে বড়ই ব্যথা লাগিল। তিনি রাস্তায় দাঁড়াইয়া অতি যত্নে কীটগুলিকে একটা একটা করিয়া মাটীর উপর তুলিয়া দিতে লাগিলেন, আর সঙ্গীয় স্বাইকে কাতরকণ্ঠে বাববার অন্তরোধ করিয়া বলিতে লাগিলেন—"দাদা। পোকাগুলিকে বাঁচিয়ে দিন না?" সকলে মিলিয়া বছক্ষণ চেষ্টা করিয়া পোকাগুলিকে উদ্ধার করিলে, তিনি শাস্ত মনে পথ চলিতে লাগিলেন। প্রত্যেকেরই অন্তরে এই দয়ার্ত্তির উদ্বোধন করিবার জন্ম তিনি বলিয়া থাকেন,—"ঘতদিন তোমার শ্বীরে ও মনে বাধা লাগে ততদিন তুমি একটা পিপীলিকাবও বাধা-নিরাকরণের দিকে চেষ্টা রে'খো, আর তা' যদি না কর, তোমার চাইতে হীন আর কে গ"

আর একটা ব্যাপারের কথা বলিতেছি। তথন বাঁশের মাচাং-এর পায়খানায় শ্রীশ্রীঠাকুর পায়খানা করিতেন। সেথানে ময়লার গামলায় মনেক সময় গুব্রে পোকা পড়িয়া থাকিত। শ্রীশ্রীঠাকুর পায়খানায় বসিয়াই সর্ব্বপথম নীচের দিকে চাহিয়া দেখিতেন, কোন গুব্রে পোক। মাছে কি না। যেদিন পোকা রহিয়াছে দেখিতে পাইতেন, সেদিন আর

তাঁহার পায়ধানা করা হইত না। অমনি নামিয়া আসিয়া পায়ধানার পশ্চাৎ দিকে যাইয়া পোকাগুলিকে তুলিতে আরম্ভ করিতেন। সবগুলিকে উদ্ধার না করা পর্যান্ত জাঁহার অস্বতির ভাব কিছতেই দূব হইত না। একে একে পোকাগুলি সব গামলা হইতে তোলা হইলে পর তিনি তৈল মাপিয়া পদ্মায় স্নান সাবিয়া গ্রহে ফিরিতেন। যেদিনই শ্রীশ্রীঠাকুর পায়খানা হইতে আসিয়া তৈল চাহিতেন, বুঝা যাইত সেদিন তিনি গুবরে পোকার উদ্ধার-সাধনে ব্যাপত হইয়াছিলেন। একদিন কি বিষয়ে গুবরে পোকার কথা উঠিলে শ্রীশ্রীঠাকুর নড়ই ফুলর একটী উপদেশ দিয়াছিলেন। কথায় কথায় তাহা না বলিয়া পারিলাম না। শ্রীশ্রীঠাকুর বলিতেছিলেন—"দেখুন, ভগবান এই পোকাগুলোকে কত শক্তি দিয়েছেন, যথন উ'ড়ে আসে, মনে হয় যেন একথানা এরোপ্লেন আসছে, আবার গায়ে এমন তৈলাক পদার্থ দিয়েছেন যাতে কোন রকম ময়লা-মাটা না লাগতে পারে। কিন্তু যথন এরা গুয়ের গামলায় পড়ে তথন ভূ'লে যায় তা'দের গায়ের এত শক্তি, ভূলে যায় একট ঝাড়া দিলেই ময়লাগুলো সব খ'সে যায়। সেই গাম্লায় প'ড়ে হাব্ডুবু খে'য়ে মর্বে সে-ও স্বীকার, তব্ও তা'র নিজের শক্তি ও সম্পদ সম্বন্ধে একট্ও conscious হ'বে না। মাহুষেরও কিন্তু দেই একই অবস্থা। সংসাবে থেকে তু:খ-দৈত্তে বিত্রত হ'য়ে মাতৃষ ভূলে যায় যে, দে পরমপিতার সস্তান, শক্তির তনয়-ইচ্ছা-কর্নেই তুৰ্দ্দশার হাত হ'তে নিঙ্কৃতি পে'তে পারে; কিন্তু মাহুষ তা ভা'বে না, निष्क्रिक जन्म ও प्रस्तन ८७'रवरे मावाज रहा।" याक. यारा वनिष्ठिनाम।

বন-জন্দল পরিকার করিয়া আশ্রমের অনেক ঘরবাড়ী প্রস্তুত হইয়াছে। সর্বনাই সকলে লক্ষ্য করিয়াছেন, বৃক্ষাদি যতদুর সম্ভব না কাটিয়া গৃহগুলি নির্মাণ করিতে শ্রীশ্রীঠাকুর কত চেষ্টা করেন। ঘরের ফাঁকে ফাঁকে আনাচে-কানাচে বারান্দার ধারে যেখানে যে ভাবে যতদূর সম্ভব গাছ-গুলিকে বাঁচাইয়া রাখিয়া তিনি ঘরগুলি তুলিয়া থাকেন। কেহ তাঁহার অজ্ঞাতে কোন বৃক্ষাদি ছেদন করিলে তিনি মর্মান্তিক ব্যথা প্রকাশ করিয়া থাকেন। ঝড়ে কোন বৃক্ষের শাখা-প্রশাখা ভাঙ্গিয়া গেলে, শ্রীশ্রীঠাকুর বৃক্ষের সেই ক্ষতস্থানে মাটী, গোময়, থড় প্রভৃতি দ্বারা ব্যাণ্ডেক্ষ বাঁধিয়া এবং তাহাতে নিয়মিত জ্লাসেচ করিয়া ক্ষতস্থানটী নিরাময় করিবার জ্ব্য কত চেষ্টাই না করিয়া থাকেন। বৃক্ষদেহস্থ ক্ষতটিকে যেন তিনি নিজ্ব অক্ষের ক্ষত্ত বলিয়াই মনে করেন। একদিন কথায় কথায় বলিতেছিলেন—"এক সময় দাঁতনকাঠি ভাঙ্গ্ বার সময় আমার

মনে হ'ত যেন সত্যি সত্যি আমারই আঙ্গুলটাকে মটু ক'রে ভেজে ফেলাম, তথন থেকে মাটি দিয়ে দাঁতন কর্ত্তাম।" তাহার স্নায় এমনই স্ক্লাও সাড়া-প্রবণ যে তাহার সন্মুথে কেহ কোন বৃক্ষাদি ছেদন করিলে বা ইহার শাখা, পত্র, পূস্পাদি ছিন্ন করিলে পর্যাস্ত তাঁহার প্রাণে ভীষণঃ ভাবে আঘাত করে।

শিশু, যুবক, ত্বী, পুরুষ সকলের প্রতি কেমন অগাধ আপ্রাণ তাঁহার ভালবাদা! পুত্র-কল্ঞা আপন পিতামাতার নিকট যে আদর না পায়. স্ত্রী আপন স্বামীর নিকট যে মমতা না পায়, স্বামী নিজের স্থীর নিকট যে যত্ন না পায়, প্রত্যেকে তাঁহার নিকট তাহা শতগুণ অধিক লাভ করিয়া থাকে। প্রত্যেকের অন্তরের সঙ্গে তাঁহার এমনই নিবিড় প্রেমের অটট বন্ধন যে. আশ্রমবাসী বালক-বালিকারা সত্যই মনে করে পিতামাতা কাছে না থাকিলেও বরং তাহাদের চলিবে কিন্তু শ্রীশ্রীঠাকুর-ছাড়া তাহাদের একদিনও চলিবে না; প্রত্যেকটা নারীর গারণা, শ্রীশ্রীঠাকুর-ভিন্ন তাহাদের হু:খ বুঝিবার তেমন দরদী আর কেউ নাই; তেমনি প্রত্যেক পুরুষই ভাবেন,—স্বীপুত্র হইতে দুরে থাকা দম্ভব হইতে পারে কিন্তু শীশীঠাকুর-ছাড়া এক নিমেষ্ড চলা কল্পনার্ড অতীত।—তাঁহার মত আপনার জন যে এ ছনিয়ায় আর কেহই নাই।" প্রত্যেকেই যাহার যত গোপন-কথা, পাপপুণ্য, স্থপতুঃথ, মান-অপমান, বিপদ-আপদ, সন্দেহ-সমস্তা--- শত-কিছু তাহার কাছে মনের কণাট উন্মুক্ত করিয়া প্রকাশ করিতেছেন। তিনিও তাঁহাদের স্ব-স্ব অভাব, চাহিদা ও অবস্থা বুঝিয়া প্রত্যেককে তাঁহার সমস্তা-নিচয়ের নিয়ন্ত্রণ, সামঞ্জস্ত ও সমাধানের উপায় বলিয়া দিতেছেন। তাহার সেবায়ত্বে ব্যাধিগ্রন্ত নির্জীব দেহ ও মনে প্রাণের নব স্পন্দন অন্তব করিতেছে। পুত্র-শোকার্ত্ত তাঁহার সঙ্গ করিয়া পুত্রশোক ভূদিতেছে, স্বামীহীনা স্বামীর অভাব অমানবদনে সম্থ করিতেছে। প্রত্যেকের মর্মজ্জদ ব্যথায় তিনি সমবেদনার স্নেহণীতল স্পর্দে শান্তির প্রলেপ দিতেচেন।

ব্যক্তি-বিশেষের দৈনন্দিন জীবনের বিশেষ বিশেষ অবস্থায় তাঁহাদের গোপনীয় কত ঘটনায় শ্রীশ্রীঠাকুরের প্রদত্ত অপূর্ব সমাধান-বাণী বাস্তবিকই রসহ্ছ-পূর্ণ, অতীব বিচিত্র এবং তাহা জীবন-চলনার অপূর্ব পাথেয়! সেই সমৃদয় গুহু বিষয়ের বিবরণ সংগ্রহ করা কষ্টসাধ্য। স্থতরাং এ সম্বন্ধে বিস্তারিত আলোচনা করিতে অক্ষম। যা'হোক, তুইজন ইষ্ট্রভাতার নিকট

শ্রুত, তাঁহাদের ব্যক্তিগত জীবনের ত্ই একটা ঘটনা প্রসঙ্গক্রমে নিয়ে। বিবৃত করিতেছি। যথাঃ—

১৬ই মার্চ্চ ১৯২৮ সন। শ্রীশ্রীঠাকুর আহারাদি সারিয়া শয়ন করিতে গিয়াছেন। একটা ভাই বাড়ীতে স্ত্রীর বাবহারে নিতান্ত মন:কুল্ল হইয়া ভাঁছাকে গিয়া বলিভেছেন—"ঠাকুর, আমার কথা কি বলব ? তা'র দ্রব্যবহারে একেবারে জালাতন হ'য়ে গেলাম। স্ত্রীটা কিরূপ অক্লভজ্ঞ. সে প্রমানন্দে আহার নিদ্রা সম্পন্ন ক'চ্ছে, আমি কি থাচ্ছি, কোথায় আছি. একবার জিজ্ঞাসাও করে না। মনটা রোবে, ক্ষোভে বিষাক্ত হ'য়ে উঠে, মনে হয় উহাকে মারতে মারতে খুন করি বা নিঞ্ছে মরি।" শ্রীশ্রীঠাকর निविष्टेहित्क ममुमग्र अनिया विनातन-''आश्रनात शा'वात आणा आह्य व'ल ना-পাওয়াতে এই কষ্ট; অতএব পা'বার আশা ত্যাগ করুন। অন্ত লোককে পা'বার আশা রহিত হ'য়ে যেমন অর্থ-সাহায্য করেন. দেইরূপ ভাবে উহাকেও প্রতিপালন করুন,—noble revenge লউন। স্ক্রেটিস স্থীর তুর্ব্যবহার যেমন অমানবদনে সহু কর্তেন, সেইরূপ ককন।" তিনি বলিলেন—"আমি ত পা'চ্ছি না, আমি সক্রেটিস্ নই, উহার ব্যবহারে আমি তুইবার আত্মহত্যা করতে গিয়েছিলাম, আপনার ডাক পড়ায় আমি চ'লে এসেছি, নতুবা কি করতাম জানি না।" শ্রীশ্রীঠাকুর বলিলেন,—"বেষও একরূপ attachment. আপনি indifferent হ'য়ে থাকুন। Indifferent থাকাই ভাল। বাপাস্ত করলে এমন-কি পরপুরুষ করতে দেখ লেও অনেক সময় indifferent হ'য়ে থাকা ভাল; ইহাতে অনেক श्रुतन जान कन प्रथा शिराह ।" जारे हैं। जीवन-हननात अकहा निर्मिष्ठ अथ পাইয়া তদৰ্বধি তদমুঘায়ী চলিতে লাগিলেন।

আর এক জনের কথা। প্রথম জীবনে তাঁহার চরিত্রে নানা দোষ ছিল। যৌবনস্থলভ অত্যাচারের ফলে বিধ্বন্ত হইয়া এখন তিনি প্রীপ্রীঠাকুরের আশ্রয়ে আছেন। তাঁহার পরিবারেও নানা অশান্তি এবং কলহ-বিবাদ লাগিয়াই আছে। নিভান্ত অসহ্থ হওয়ায় তিনি একদিন (৩১৫ বৈশাথ ১৩৪৫ সন) প্রীপ্রীঠাকুরের নিকট উপস্থিত হইয়াছেন। মনের হুংথে প্রীপ্রীঠাকুরের পা জড়াইয়া ধরিয়া কাঁদিতে কাঁদিতে তিনি বলিতে লাগিলেন—"ঠাকুর, আমি আর পারি না, আমার একটা ব্যবস্থা করুন। কতভাবে কত চেষ্টা ক'রেছি, বাড়ীতে আমার কথা কেউ শুনে না। দিবারাত্র এমন অগ্রাহ্বের ভাব, আর প্রতি বিষয়ে এমন বগড়া, বিবাদ ও অশান্তি আমি সহ্থ কর্তে পারি না। সংসারের জালায় সজ্বের কাজকর্মণ্ড মন দিয়ে কর্তে পারি না। আপনাকে আর কত বিরক্ত কর্ব ? একবার

ভাবি, হঃবের প্রলাপ গাইতে আর আপনার নিকট আস্ব না, কিছু না এসেও যে পারি না, এ বার্থ চুর্বাই জীবনের কথা আর কা'র কাছেই বা কইব ?" শ্রীশ্রীঠাকুর একমনে সকল কথা শুনিয়া বলিলেন—"তোকে কড বারই ত' ব'লেছি, তুই কথা ভ্রনিস না, তা'র কি করব।" ভাইটা তথন হাউ হাউ করিয়া কাদিতে কাদিতে বলিলেন,—"ঠাকুর, আর আমি অবাধ্য হ'ব না, বেমনটা বলবেন পালন করতে প্রাণপণ চেষ্টা করব।" খ্রীখ্রীচাকুর তথন তাঁহাকে একটা পেন্সিল ও এক টুক্রা কাগজ আনিতে বলিলেন। কাগজখানার উপর শ্রীশ্রীঠাকুর লিখিয়া দিলেন,—"মান্থবের নিজ প্রবৃত্তিগুলির আকাঞ্জা-পুরণের টানের চাইতে ইট্টে বা ঈপ্সিতে বেশী টান না থাকিলে অদষ্ট বা সঞ্চিত কর্মফলের বিরুদ্ধে কিছুতেই কৃতকাষ্য হওয়া যায় না।" ভদবধি ভাইটা শ্রীশ্রীঠাকুরের দেওয়া এই অমূল্য বাণীটা স্থন্দর করিয়া বাধাইয়া.—যাহাতে তাহা নিয়ত চক্ষে পড়ে এমনভাবে তাহাব গ্রহে প্রাচীর-গাত্রে টানাইয়া রাখিয়াছেন, আর সর্বক্ষণ বাণীটীর দিকে সতক দৃষ্টি রাখিয়া रेमनियन खौरन পরিচালনা করিতে কত চেষ্টাই না করিতেছেন। বলিতে কি. শ্রীশ্রীঠাকুরের প্রতি অগাধ টানের ফলে তিনি এখন উচ্চ চরিত্র-সম্পদের অধিকারী হইয়া স্থথে আদর্শ গৃহস্থ-জীবন যাপন করিতেছেন।

স্বারই কতথানি হাদ্য তিনি অধিকার করিয়া আছেন, তাহা সময় সময় কাথ্য-বাপদেশে তাহার আশ্রমত্যাগ-কালে বেশ উপলব্ধি করা যায়। সে বিদায়দৃশ্য বড়ই মণ্মান্তিক, বড়ই করুণ! যাত্রার বহু পূর্ব্ব হইতে দলে দলে নরনারী আবালবৃদ্ধবনিতা তাহার চারিদিকে ভিড করিয়া থাকে। তাহাদের প্রিয়তমের অল্পকয়েক দিনের বিরহ-বাথায় সকলে যেন পাগল-প্রায়। স্বাই অশ্রেবিফারিত ছলছল-নেত্রে প্রাণের দরদ-মাথান ব্যথার ,শিহরণে এক অভিনব আবহাওয়ার মধ্যে তাহাকে বিদায় দিতে বাধ্য হয়। তৎকালে আশ্রমবাসীগণের নতজায় অভিবাদনে শুধু এই ভাবই লক্ষ্য করিবার থাকে যে, আজ বাংলাব এই নিভৃত পল্লীতে নানাদেশবাসী সহস্রাধিক অধিবাসীর মনের কোণ জুড়িয়া যে প্রেম, যে ইষ্টাফপ্রাণতা, যে শ্রদ্ধা, যে নতি স্থপ্যই প্রতিফলিত তাহা এ যুগে সম্পূর্ণ অভিনব ব্যাপার।

মাঝে মাঝে প্রীশ্রীঠাকুর কলিকাতা গমন করিয়া থাকেন, তথনও ইহা বিশেষভাবে লক্ষ্য করা যায়। তাঁহাব শুভপদার্পণ-কালে সেখানে কি বিপুল সমারোহই না হইয়া থাকে! ট্রেণ ষ্টেশনে পৌছিবার বহু পূর্ব হইতেই সহর ও উপকণ্ঠবর্ত্তী স্থানসমূহের ভক্তমগুলী দলে দলে প্ল্যাট্ফরমে উপস্থিত হইয়া থাকেন। দর্শনাকাক্ষী হর্ষোৎফুল্ল জনতা অসীম উৎসাহের সহিত তাঁহার অভ্যর্থনা করিতে অগ্রসর হন। অজ্ঞ পুপাবৃষ্টি এবং অগণিত শহুধনি করিতে করিতে যখন সকলে এককালীন তাঁহার চরণে প্রণিপাত-পূর্বক শ্রদ্ধাঞ্জলি প্রদান করেন, তখন বাস্তবিকই এক অপূর্বে ব্যাপার সংঘটিত হয়।

প্রতিটী মান্থবের জন্ম কি তাঁহার টান। কেহ আশ্রমে আদিলে অপরিসীম আনন্দে কেমন উৎফুল্ল হইয়া উঠেন। আগস্কুকগণের আহারাদি এবং বাসস্থানের স্থবন্দোবন্তের জন্ম কত ব্যগ্রতা প্রকাশ করেন,—যথাযথ ব্যবস্থা না-হওয়া-পর্যান্ত তাহার ছট্ফটানি এবং অস্বস্তির ভাব কিছতেই দর इम्र ना। এ मम्रक्ष এकिनित्तर कथा विनिट्छि। ১৯২৩ সনের २५८म खुनारे. রাত্তি ১১ ঘটিকা। পদ্মার ধারে বেদীর উপর শ্রীশ্রীঠাকুর বসিয়া আছেন, পাৰ্যে আশ্ৰমবাসী কেহ কেহ উপবিষ্ট। কথাপ্ৰসঙ্গে তিনি বলিতেছিলেন— "স্বাইকে ভালবাসতে হ'বে, যা'রা আমার তা'দের স্বাইকে ভালবাস্তে হ'বে। তা'দের ভাল না বে'সে, সেবাযত্ন না ক'রে, শুধু আমাকে ভালবাস্লে আমি সম্ভষ্ট নই। সকাল বেলা এখানে ব'সে থাকি, সমুথ দিয়ে ষ্টীমার চ'লে যায়। মনে মনে ভাবি এই বুঝি আমার প্রেমাস্পদ আসছে। আশাপথ পানে চেয়ে অপেক্ষায় বলে থাকি. যদি কেউ না আলে সেদিন প্রাণটা ছোট হ'য়ে যায়—সমস্ত দিন থাঁ থাঁ করে। যা'রা এথানে আসে তা'রা কত অশান্তি ল'যে, ক্লাস্ত হ'য়ে আদে। আমার কর্ত্তব্য তা'দের সেবা করা, যত্ন করা, তা'দের সমস্ত গ্লানি দূর ক'রে দেওয়া। তোমরা আমাকে ঠাকুর বানিয়েছ, দে-সমস্ত করতে দেও না। কাজেই আমার কান্ধ তোমাদের করতে হয়। যা'রা এখানে আস্বে তা'দের যেন মনে হয় তা'রা বিদেশ থেকে বাড়ী এসেছে, তা'দের এটা—আপন বাড়ী।"

শীশীঠাকুরের স্বহন্তে সেবার কথা অনেকেই জানেন। বছকাল পূর্ব্বের কথা। ভজেরা যখন আশ্রমে আদিতেন শীশীঠাকুর স্নানকালে দকলের শরীরে তৈলমর্দন করিয়া দিতেন, জলে নামিয়া গামছা দ্বারা তাঁহাদের গাত্র মার্জ্জনা করিয়া দিতেন, কখনও কখনও নিজহন্তে তামাক সাজিয়া তাঁহাদের ধ্মপানের সাধ মিটাইয়াছেন, কখনও বা স্বহন্তে তাঁহাদের পা টিপিয়া পথজ্ঞমণজনিত ক্লান্তি দূর করিয়া দিয়াছেন। এইসকল কার্য্যে দকলে হাজার আপত্তি করিলেও তিনি কাহারও কথা শুনিতেন না। ভজেরা পূর্ব্বে প্রায়শঃ নৌকাযোগে আশ্রমে আদিতেন। দৈবত্বিপাকে রাশ্যায় কোন অমঙ্কল ঘটে এই আশকায় শীশীঠাকুরের কি উৎকর্ষা! তুর্ভাবনায়



ইফপুজা-নিরতা জননী মনোমোহিনা দেবী

অন্থির হইয়া সংসদ্ধ-বাড়ীর ঘাটে বর্ধাকালে ঝড়বৃষ্টির দিনে ঐ ঐ ঐ ঠাকুর প্রায়শঃই অধিক রাত্রি পর্যন্ত লগ্ঠন লইয়া অপেক্ষা করিতেন। যাত্রীদের নৌকা বাটে উপস্থিত হইবামাত্র এক লক্ষে তাহাতে উঠিয়া প্রত্যেককে জড়াইয়া ধরিয়া মৃ্থচ্ছন করতঃ কোলে উঠিয়া, পিঠে চড়িয়া আনন্দের আভিশয্যে ভাহাদিগকে অস্থির করিয়া তুলিতেন।

বিদেশ হইতে কেহ তাহার কাছে আসিলে যেমনই তিনি আনন্দে অধীর হইয়া পড়েন, তেমনি কেহ তাহার নিকট হইতে দুরে যাইতে চাহিলে, তাহার মাথায় যেন আকাশ ভাঙ্গিয়া পডে। নিতান্ত আপন-জনের মত কত ভাবী অমঞ্চল-আশস্কায় তিনি অন্তির চইয়া পড়েন,---সহজে কিছতেই কাহাকেও কাছ-ছাড়া করিতে চাহেন না। কাহারও যাত্রার দিন নিকটবত্তী হইলে বলেন—"যতক্ষণ আপনারা আমার কাছে থাকেন, আমার দ্বিত ভিতরে থাকেন, আমি যেন নিশ্চিন্ত থাকি; কোন অসকল হ'লে ্ তা'র প্রতিকার করতে পারি, কিন্তু দুরে গেলে আশকা হয় যদি কোন বিপদাপদ ঘটে সময়োচিত তাহার যথায়থ প্রতিবিধানের বাবস্থা করতে পারব না, তাই আপনাদের বিদায় দিতে এত হশ্চিম্বা হয।" কাহাকেও বিদাযের অনুমতি দিতে হইলে তাহার কত বাথা লাগে। বিষাদমাখা বদনে ছলছল-নেত্রে ফ্যাল্ ফ্যাল্ করিয়া চাহিয়া থাকেন, দেখিলে অশ্রু সংবরণ করিতে পারা যায় না। কাহারও প্রস্থান-সময়ে তাহার অন্তরে কিব্নপ তীব্ৰ যন্ত্ৰণা হয়, তংসম্বন্ধে নিম্নের উল্লিখিত প্ৰসঙ্গে কিঞ্চিৎ আভাস পাওয়া যায়। ১৩২৯ সন, ১৯শে চৈত্র। সন্ধ্যার সময় শ্রীশ্রীঠাকুর লাইত্রেরী ঘরের সম্মুধে ঘাসেব উপর বসিয়া আছেন। গুড্ফাইডের ছুটীর পর আজ অনেকেরই বিদায়ের পালা। याहाরা আজই যাইবেন, তাহারা আসিয়া শ্রীশ্রীঠাকুরকে প্রণাম করিতেছেন। শ্রীশ্রীঠাকুর বলিতেছেন-"দ্যাথ, আমি ত্রিকৃটীর উপর উঠে' প্রলয়ের গর্জন শু'নেছি, কি ভীষণ সে গৰ্জন! যেন মহাপ্ৰলয় হ'য়ে যা'চ্ছে, কিন্তু তা'তে বুক কাঁপে নাই; কামের উল্লক্ষ্যনে, ক্রোধের ভয়াল মৃর্ত্তিতে বা লোভের তীব্র তাড়নায় কোনদিন এতটুকু টলি নাই, কিন্তু তোদের বিদায়ের কথা শুন্লেই অবশ হ'য়ে পড়ি, সহু করতে পারি না, বুকটা যেন থর থর ক'রে কেঁপে ওঠে।" বলিতে বলিতে তাঁহার বদনমগুল অপূর্ব আভায় দীপ্তিমান্ হইয়া উঠিল। সকলে লক্ষ্য করিলেন, তাহার প্রশন্ত ললাট দর্পণের মত চক্ চক্ করিতেছে এবং জ্বয়ের মধাবত্তী স্থান স্বচ্ছ হইয়া উঠিয়াছে ও তাহার মধ্যে উজ্জ্বল তরল আলোক-স্রোতের আবর্ত্তন খেলা করিতেছে।

তাঁহার এমনই কোমল প্রাণ, কাহারও ছঃখ-কষ্ট দেখিলে, তিনি নিজেও সমব্যথী হইয়া তাহার সে বেদনা গভীরভাবে অমুভব করেন। কাহারও মৃত্যু দেখিলে তাহারও জীবনাত অবস্থা হয়। তথন দী দীগারুং: স্কন্ধ রাখা এক মহা সমস্থার বিষয় হইয়া পড়ে। 🖹 দী ঠাকুরের তংকালীন অবস্থা দেখিয়া মৃতব্যক্তির নিকটতম আত্মীয়ম্বজন পর্যান্ত নিজেদের নিদারুণ শোক ভূলিয়া গিয়া শ্রীশ্রীঠাকুরকে শান্ত ও প্রকৃতিস্থ করিতে অন্তির হইয়া পড়েন। একদিনের ঘটনা এখনও মনে পড়ে। ৪ঠা জলাই ১৯৩৬ मन। তপোবন विषानस्य ভৃতপূর্ব্ব প্রধান শিক্ষক ভৃষণচন্দ্র নাথ মহাশয় দন্তরোগে অনেক দিন তুঃসহ যন্ত্রণা ভোগ করিয়া মারা যান। সেদিনের শ্রীশ্রীঠাকুরের অবস্থা অবর্ণনীয়। স্বামীর শোকে রোক্তমান। বিধবা পত্নী শ্রীশ্রীঠাকুরের সম্মধে উপস্থিত। আশ্রমবাসী অক্তান্ত সকলে অশ্রম্থী হইয়া নীরবে অদুরে উপবিষ্ট। শ্রীশ্রীঠাকুরের বিষাদমাণা মলিন মুখখানার দিকে দৃষ্টিপাত করিলে অঞ্চ সংববণ করা যায় না। মা-টাকে তিনি সান্তনা দিতে যাইতেছেন কিন্তু কথা বলিবার সামর্থা নাই। চক্ষ দিয়া অবিশ্রাস্তভাবে দরবিগলিত ধারায় অশ্রু গড়াইয়া গণ্ডদেশ প্লাবিত করিতেছে.—স্থার হাউ হাউ করিয়া বালকের ন্থায় ক্রন্দন করিয়া গগন বিদীর্ণ করিতেছেন। তাহার অঞা-আগ্রত বিষয় বদনমগুল-দর্শনে এবং মর্মভেদী আর্দ্তনাদ শুনিয়া মা-টাও চীংকার কবিয়া বলিতে লাগিলেন---"ও বাবা, তুমি এত কষ্ট সহু কর্বার জন্ম কেন এলে? তোমার যে দু:ধের गौमा नाहे। आमारनत भारभ य राजामारक भू'रा मद्राउ इ'राइ । তুমি আর কেঁদ না বাবা, তোমার চোধে জল দেখলে—তোমার এই বক-ফাটা কান্না শুনলে আমি যে স্থির থাকতে পারি না।"

মৃত্যু দেখিলে তিনি কেমন বিচলিত হন, নিয়ের উদ্ধৃত একখানা চিঠিতে তাহার একটু স্মাভাদ পাওয়া যায়। জনৈক দক্ষব্যাতাকে শ্রীশ্রীচারুর লিখিতেছেন—"তোর কয়খানা চিঠিই পে'য়েছি, কিন্তু নানা বকম বৃকফাটা ব্যথার ভিতরে হাবুড়ুবু খাচ্ছিলাম তাই কিছুই লিখতে পারি নাই। কানাই Blackwater fever-এ মারা গেল। কবিরাজদের বাড়ীব — র স্বী ছেলে-হ'তে মারা গেল, আবার বাল্রঘাট থেকে একজন তা'র ২৫।২৬ দিনের টাইফয়েডগ্রস্ত ৫।৬ বংসবের একমাত্র দস্তান নিয়ে এল, একটু ভালও বোধ হ'ল—কিন্তু হঠাং মারা গেল, নানা রকম কপ্তে প্রাণ্টা যেন কেমন হ'যে গেছে। মাহুষ যতদিন-না মৃত্যুকে অভিক্রম কর্তে পার্ছে ততদিন তা'ব জন্মই বুথা।"

আর একটা ভাইকে তাঁহার পুত্রবিয়োগে সাম্বনা দিয়া যে চিঠি দিয়াছেন ভাহাতে লিখিতেছেন—

"দাদা আমার! আমি মৃত্যুকে রোধ কর্তে পারি নাই,—তবে চেষ্টা করি,—নিস্তারের উপায যা' পে'য়েছি বুঝেছি—যা' তিনি জানিয়েছেন—তা' প্রাণপণে আপনাদের জানাতে চেষ্টা করি—তা' যতদূর সম্ভব সতর্কভাবেই।

"দাদা! আমি নিজেই জরামরণশীল,—এখনও কি ক'রে মরণকে শুদ্ধ কর্ব, নিঃশেষ কর্ব—তাঁ'র দয়ায় এ দান পাওয়ার উপযুক্ত হ'তে বোধ হয় পারিনি—তবে যতদিন থাকি, চেষ্টা করব, প্রার্থনা করব—পেতে।"

"মরণ" কথাটি তাঁহার মনে এমন অস্বচ্ছল ভাবের স্পৃষ্ট করে যে, কেহ কাহাকেও "মর" বলিয়া গালি দিলে প্যস্ত তিনি তাহা সহু করিতে পারেন না। মৃত্যুকে রোধ করিয়া সকলকে অমৃতের সন্ধান বলিয়া দেওয়া যায় কি করিয়া, ইহাই তাঁহার জাবনের একমাত্র লক্ষ্য। কত কাল পূর্বের কথা! সংসঙ্গে তথনও কর্মপ্রতিষ্ঠানের পত্তন হয় নাই। 'অমিয়বাণীর' সঙ্কলয়তা লিখিতেছেন—"আজ ১৩২৫ সন, ২৮শে পৌষ রবিবার। গতরাত্রে আশ্রমে এসেছি। সকালে শ্রীশ্রীঠাকুর বল্ছেন—'দেখুন জগতে এই যে রোগ্যন্ত্রণা, এত অকালমৃত্যু, এ নিরাকরণের একটা উপায় কর্তে পারেন ? এর জন্ত আপনাবেদর প্রাণ কাঁদে না ? এর জন্ত আপনারা কেউ চেষ্টা কর্তে পারেন না ? * * * যদি অকাল মৃত্যু নিবারণ করা যায় তবে ধার্মি হ, অধার্মিক, শিক্ষিত, অশিক্ষিত সকলেই এতে উপকৃত হ'বে।' * * * ।" এই দীর্ঘকাল যাবত কি আপ্রাণ চেষ্টাই না তিনি করিতেছেন, মাহুষকে মরণেব হাত হইতে বাঁচাইতে— আর এজন্ত তাঁহার কতই-না আকুলি বিকুলি!

সকলের সক্ষেই শ্রীশ্রীঠাকুর সর্বাদা সহায়ভৃতিপূর্ণ ব্যবহার করিষা থাকেন। কেহ গুরুতর অন্তায় করিলেও তাহাকে ত্যাগ করিতে পারেন না। অন্তায়কারীকে পাপের পথ হইতে ফিরাইয়া আনিবার জন্ত তাহার প্রাণান্ত চেষ্টার বিরাম নাই। তিনি কাহারও অন্তায়ের জন্ত শান্তি দেন না, কিন্তু নিজে অমানবদনে সমস্ত দোষক্রটী সহ্ত করিয়া লইয়া তাহাদের আন্তাহ্মর যথাযথ ব্যবস্থা করেন। তাই দেখিতে পাওয়া যায়, তৃত্বতকারীদিগকে নিয়াই তিনি সমধিক ব্যস্ত থাকেন। যে যত্ত নীচ, জঘন্ত এবং হীনই হউক্ না কেন, প্রত্যেকের অন্তরে প্রবেশ করিয়া আন্তে আন্তে তাহার চরিত্রের একটা আমূল পরিবর্ত্তন আনয়ন করিতে কত পরিশ্রম করেন! জনৈক সজ্যলাতা একদিন শ্রীশ্রীঠাকুরকে বলিতেছিলেন—"লোকের অপরাধ দেখলে আমাদের ত' দ্বাণা হয়, সহায়ভৃতি হারা'য়ে ফেলি, কিন্তু আপনাকে ত' কোনদিন

মোটেই বিরক্ত হ'তে দেখি না। মহা অন্তার কার্য্য ক'রেও কেহ আপনার নিকট এদে দোষ স্বীকার করলে, আপনি তৎক্ষণাৎ তা'কে ক্ষমা করেন। অক্তায়কারীকে আপনি ত' কোন দিনই শান্তি দেন না, বরং তা'দিগকে আরও অধিক যতু করেন, এ কি ক'রে সম্ভব হয় ?" ঐশীসাকুর ততুত্তরে বলিলেন—"আপনারা লোকের ষতটুকু দোষ দেখেন আমি তা'র চেয়ে শতগুণ অধিক দোষ দেখি, তা'-ছাড়া তা'রা কেন এই অক্সায় ক'রেছে সঙ্গে সঙ্গে তা'ও দেখতে পাই—তাই তা'দের প্রতি বিবক্তি মোটেই আদে না বরং সংশোধনের বৃদ্ধি আসে। যে-যে অবস্থা-বিপর্যায়ের মধ্যে প'ড়ে তা'রা দেই সকল দোষক্রটী করতে বাধ্য হ'বেছে, তা' যথাযথ নিয়ন্ত্রিত ক'রে, যে-পর্যান্ত-না তা'দিগকে স্বস্থ মানবে পরিণত করতে পারি, মনে কিছুতেই শাস্তি পাই না।" তেমনি আর একদিন বলিতেছিলেন—"অক্যায়কারীদের যে আমি ছাড়তে পারি না। যে আমাকে যে পথ দেয় সেই পথ দিয়েই আমাকে তা'র মধ্যে ঢুক্তে হ'বে, কাউকেই যে ছাড়ার উপায় নাই। অক্তায়-কারীদের ছে'ড়ে দিলে তুনিয়ার স্বাইকেই যে ছাড়তে হয়—তা'হ'লে আমি কা'কে নিয়ে থাকব, সবাই ড' সংসারে কমবেশী অপরাধী। আপনারা স্বাই ড' দিন-রাজিরই ভুল করেন। আমি ড' তা' ব'লে কা'বও উপর বিরক্ত হ'তে পারি না—কা'কেও যে ত্যাগ করতে পারি না, সবাইকে নিয়েই যে চলতে হ'বে।"

এ সম্বন্ধে একটা ঘটনা। কলিকাতায় হরিতকী বাগান লেনের বাড়ীতে একদিন পূর্ণ মাতাল অবস্থায় স্প্রপ্রসিদ্ধ কথক ৺হেমচন্দ্র মুখোপাধ্যায় কবিরত্ব মহাশয় প্রীপ্রীঠাকুরের কাছে আসিয়া উপস্থিত হইলেন। প্রীপ্রীঠাকুরের কাছে বসিয়া নেশার ঝোঁকে তিনি অনর্গল কত অসংবদ্ধ প্রলাপ বকিয়া যাইতেছেন! প্রীপ্রীঠাকুর তাঁহার দিকে দৃষ্টি নিবদ্ধ করিয়া মৃত্ হাস্তা করিতেছেন এবং নিবিষ্ট মনে সমৃদ্য শুনিতেছেন। কিছুক্ষণ পরে কবি বলিলেন—"ঠাকুর, এইমাত্র আমি মদ খে'য়ে এলাম, এখনও পর্যন্ত আমার মৃথ দিয়ে মদের গন্ধ বাহির হ'ছে, কৈ আপনি ত' আমায় ঘুণা ক'ছেন না?" প্রীপ্রীঠাকুর সম্বেহে মধুরকঠে বলিলেন,—"আমার একটা আঙ্গুলে যদি ব্যথা থাকে দাদা, তবে তা' সারাবার জন্মই চেষ্টা করি, সেটাকে কি আমরা বাদ দিয়ে থাকুতে পারি ?"

আর একদিন কবিবর শ্রীশ্রীঠাকুরের সন্নিধানে বসিয়া বলিতেছেন,
—"ঠাকুর, আমার বড় একটা বদ অভ্যাস—আমি মদ খাই।" শ্রীশ্রীঠাকুর
শুনিয়া সহর্ষে বলিলেন,—"যা'হোক, আপনার কথা শু'নে আজ আমি আশস্ত হ'লাম! আপনি মদ খান ক্ষতি নাই, কিন্তু লক্ষ্য রাধ্বেন দাদা, মদে যেন আপনাকে না খায়।"

প্রদক্ষক্রমে উল্লেখ করিতেছি যে, কবিবর সংসক্তে আসিয়া দীর্ঘকাল শ্রীশ্রীঠাকুরের সঙ্গ করিয়াছিলেন। সংসঙ্গে থাকিয়াও বছদিন ডিনি মছ পান করিয়াছিলেন। দেখিয়াছি, আশ্রমেব দারুণ অর্থাভাবের মধ্যেও শ্রীশ্রীঠাকুর প্রতাহ তাঁহার জন্ম পাবনা হইতে মদ ধরিদ করাইয়া আনিতেন, কিন্তু তাঁহাকে মদ ছাড়িতে একদিনও জোর করেন নাই। কবিবর শ্রীশ্রীঠাকুরের স্নেহমাখা সহামুভূতিপুণ আচরণে নিতান্তই অভিভূত হইতেন কিন্তু চিরাভান্ত এই পাপপ্রবৃত্তি দমন করিতে না পারিয়া এক-এক দিন শত বৃশ্চিক-দংশনের তীব্র জ্ঞালায় অন্থির হইয়া পড়িতেন। কতদিন কত দ্রচ্যংকল্প করিতেন-প্রাণাস্তেও আর মদ স্পর্শ করিবেন না. কিন্ধ অধিক দিন সে প্ৰতিজ্ঞা স্বায়ী হইত না। কিছুদিন যাইতে না যাইতেই আবার মগুপান আরম্ভ করিতেন—আবাব ছাড়িতেন—আবার ধরিতেন। এই ভাবে দীর্ঘকাল অবিরাম তীত্র চেষ্টার ফলে শ্রীশ্রীঠাকুরের দয়ায় অবশেষে তিনি সম্পূর্ণরূপেই মগুপান ত্যাগ করিযাছিলেন। তাঁহাকে প্রকৃতিস্থ এবং কার্য্যোপযোগী করিবার জন্ম শ্রীশ্রীঠাকুরের কি প্রাণাম্ভ পরিশ্রম গিয়াছে এবং কতদিন কত ব্যাপারে তাহাকে কত অসভ যন্ত্রণা ভোগ করিতে হইয়াছে তাহা যাহাবা স্বচক্ষে দেপিয়াছেন তাঁহারাই বলিতে পারেন। সে সকল ঘটনা যথায়থ বিবৃত করিলে, একটী দীর্ঘ আখায়িকায় পরিণত হইবে, কাজেই দে আলোচনায় ক্ষান্ত রহিলাম।

অন্তায়কারীকে সম্প্রেহে ক্ষমা করিয়া কি ভাবে তিনি চরিত্র সংশোধন করেন তাহার অসংখ্য দৃষ্টাস্তের অভাব নাই। এখানে চুইটি ঘটনার সংক্ষেপে উল্লেখ করিতেছি:—

ছানেক দিনের কথা। একবার আশ্রমে হঠাং অনেকের জিনিসপত্র চুরি যাইতে লাগিল। আজ একজনের ঘড়ি পাওয়া যায় না—কাল আর একজনের কাপড় হারাইয়া গিয়াছে—একদিন কোন ব্যক্তির পকেট হইতে পয়সার থলেটা নাই·····ইত্যাদি। সকলেই উদ্বান্ত হইয়া উঠিল। সপ্তাহ যাইতে না যাইতেই একদিন ভোরবেলায় দেখা গেল এক য়ুবক প্রকাণ্ড একটা প্র্টুলী লইয়া আশ্রম হইতে বাহিরে যাইতেছে। পথিমধ্যে জনৈক আশ্রমবাসীর সহিত তাহার সাক্ষাং হইল। তিনি যুবকের গতিবিধি সন্দেহ করিয়া তাহার বোঁচ্কাটা খুলিলেন। আশ্রম্বের বিষয় তাহাতে এতদিনের অপহাত সমুদয় দ্রবাই পাওয়া গেল। ইতিমধ্যে আরও অনেকে সেখানে আসিয়া উপস্থিত হইলেন, একটা গণ্ডগোলের স্প্রেই হইল, কেহ কেহ যুবককে প্রহারও করিলেন। ঘটনাচক্রে এই সময় কোথা হইতে শ্রশ্রীঠাকুরও

সেখানে আসিয়া উপস্থিত হইলেন। সকল বিষয় আত্যোপাস্ত শুনিয়া তিনি স্থত্বে নিজহত্তে লোকটীর গায়ের ধূলা ঝাড়িয়া দিলেন এবং তাহাকে আপন কক্ষে লইয়া গিয়া মিষ্ট, কথায় কত আদর করিয়া চুরি করিবাব কারণ জিজ্ঞাসা করিলেন।

শ্রীশ্রীঠাকুবের সহাত্তভৃতিপূর্ণ কোমল ব্যবহারে যুবকটীর অন্তঃকরণ আত্মকত অপরাধের তীব্র অফুলোচনায় দশ্ধ হইতেছিল, তাহার চক্ষু হইতে অবিরল ধারে অঞ পডিতেছিল। কাদিতে কাদিতে সে বলিল—"বাবা. আমার মা বড়ই ছঃপিনী। তাঁ'র ছর্দ্দশা দুর করব ব'লে প্রতিজ্ঞা ক'বে বাডী থে'কে বা'র হ'য়েছিলাম। আমাদের জীর্ণ ঘরখানা মেরামতের প্রয়োজন। মাথেব কাপড নাই, আমারও কাপড নাই—অন্নেরও সংস্থান নাই—এই জন্মই এই কুকশ্ম ক'রেছি।" শ্রীশ্রীঠাকুর সম্নেহে তাহার গায় হাত বোলাইয়া বলিতে লাগিলেন,—"বাবা, তুমি আমায় আগে বল নাই কেন? তা'হ'লে এত লাঞ্চনা ভোগ করতে হ'ত না, আর এমন নীচ বৃত্তিও অবলম্বন করতে হ'ত না।" এই বলিয়া শ্রীশ্রীঠাকুর আশ্রমবাসী সকলকে ডাকিয়া যাহার যাহা-কিছু ভাল জুতা, জামা, কাপড় ছিল তাঁহাদিগের নিকট হটতে চাহিয়া লইয়া যুবকটীকে পরাইয়া দিলেন; তাহার মায়ের জন্য একজোড়া নৃতন কাপড় খরিদ করিয়া আনিলেন এবং নিজেই ভিক্ষা করিয়া চল্লিশটা টাকা সংগ্রহ করিয়া তাহার হাতে দিলেন; অপস্থত দ্রব্যাদিও সমুদয়ই তাহাকে দান করিলেন। যুবক অবাক বিন্ময়ে শ্রীশ্রীঠাকুবেব দিকে একদৃষ্টে তাকাইয়া রহিল, অবশেষে তাহার চরণে লুটাইয়া পড়িয়া ফুঁপাইয়া ফুঁপাইয়া কাঁদিতে লাগিল আর বলিতে লাগিল— "বাবা, আমি এমন অপকর্ম ক'রেছি আমার কি উপায় হ'বে ? আমায় বৃক্ষা করুন।"

আর একটা ছেলের কথা। তথন শ্রীশ্রীঠাকুর কলিকাতায় হরিতকী বাগান লেনের বাড়ীতে আসিয়াছিলেন। জনৈক ভক্ত শ্রীশ্রীঠাকুরকে ৮০, মূল্যের একটা ঘড়ি উপহার দেন। তুই তিন দিন পরে একদিন দেখা গেল ঘড়িটা নাই। এই ঘটনার কয়েক দিন পরে প্রাতঃকালে এক ভদ্রলোক তাহার চৌদ্দ পনর বংসরের এক পুত্রকে সঙ্গে লইয়া শ্রীশ্রীঠাকুরের কাছে আসিয়া উপস্থিত হইয়াছেন। ছেলেটা রোক্ষণ্ডমান, হাতে সেই ঘড়িটা। বালক ঘড়িটা শ্রীশ্রীঠাকুরের পাষের কাছে রাখিয়া কাদিতে লাগিল। শ্রীশ্রীঠাকুর তথন সম্বেহে তাহাকে কোলের কাছে বসাইয়া কত আদর করিতে লাগিলেন এবং বলিতে লাগিলেন—"বাবা, ঘড়িটা তুমি নাও, ভাল ক'রে লেখাপড়া ক'রো, এই ঘড়িটা তোমায় আমি

দিলাম। আহা! তোমাব বাবা না-জানি তোমায় কত মে'রেছেন, কত তিরস্কার ক'রেছেন। বাছা, তুমি জীবনে এমন অন্থায় কাজ আর ক'রো না।" এই বলিয়া তিনি ঘড়িটা বালকের পকেটে রাখিয়া দিলেন। শ্রীপ্রীঠাকুরের নিকট শাসনের পরিবর্ত্তে উপঢৌকন পাইয়া বালকটা হয়ে ও বিষাদে মৃত্যমান্ হইয়া পড়িযাছিল, কিছুতেই সে তাহার বৃক্ষাটা ক্রন্সন থামাইতে পারিতেছিল না। শ্রীপ্রীঠাকুরের চরণে মাথা রাখিয়া কেবলই সে রোদন করিতে লাগিল। শ্রীপ্রীঠাকুর তাহাকে কত ব্যাইলেন, কিন্ধু দে কিছুতেই ঘড়ি লইতে স্বীকৃত হয় না। তথন শ্রীপ্রীঠাকুর তাহার গায় হাত বুলাইয়া এবং কাছে বসাইয়া আদর করিয়া মিষ্টান্নাদি পাওয়াইয়া, কোন বক্ষমে শাস্ত করিলেন। তারপর ঘড়িটা তাহার নিকট রাখিয়া ইহার সন্ব্যবহার করিতে বলিয়া দিলেন। জীবনে কোনদিন প্রাণাস্তেও এরপ অপকর্ম্ম না করে এবং পিতার মনে ঘুংখ না দেয় ইত্যাদি নানা উপদেশ দিয়া অবশেষে তিনি তাহাকে বাড়ী পাঠাইয়া দিলেন। ছেলেটীর মৃথে গ্রানির পরিবর্ত্তে পবিত্ততার উজ্জ্বল আভা ফ্টিয়া উঠিল।

অন্তোর কু তিনি কখনও দেখিতে জানেন না। প্রত্যেকের ভালটকুই তাহার সম্মুখে বিশেষ উজ্জ্বল কবিষা ধবিয়া, ভালবাসা দেখাইয়া এবং প্রশংসা করিয়া তাহাকে আরও উন্নত করিবার চেষ্টা করেন। কেহ কাহারও দে। ব দেখিলে তিনি যেমনি খুবই ব্যাধিত এবং অসম্ভুট্ট হন, তেমনি একে অন্তোর সংগুণের প্রশংসা করিলে তাহার বৃক্থানা দশ হাত ফুলিয়া উঠে। কোন কুলোকের সম্বন্ধে তাঁহার নিকট কিছু বলিলে তিনি বলিয়া থাকেন---"আমাকে দিনের মধ্যে দশ বার ভক্তিভাবে প্রণাম করে, ভালবাসে—সেও আমার ষা', আর যদি কেউ আমার নিন্দা করে, গালাগালি করে, এমন কি শক্রতা করে.—সেও আমার তা'; ববং হুষ্টের প্রতি আমার কর্ত্তব্য ও দায়িত্ব আরও বেশী। আপনারা কি এখানে সাধুর সঙ্গে ফুর্ভি কর্তে এসেচেন, না পাপীর উদ্ধারের জন্ম প্রাণ দিতে এসেচেন, মহা মহা তৃষ্বতকারীদের যদি প্রেমের সহিত বুকে টেনে নিয়ে সংশোধন কর্তে না পারেন, তবে আব হ'লো কি ? কত লোক কত জ্বন্ত কাজ ক'রে, কত নিকৃষ্ট জীবন নিয়ে এখানে আসে। সে সমস্ত জ্বে'নেও আমি কি তা'দেব ঘূণা করতে পারি ? তা'তে কি ওদের মঙ্গল করা যায় ? পাপীকে ঘূণা না ক'রে প্রেমের দ্বারা সংশোধন করাই যে ধর্ম।" শ্রীশ্রীঠাকুর তাই বিশেষ করিয়া সবাইকে এই সাবধান-বাণী জানাইতেছেন—"তুমি দোষ বা অন্তাযকে তাচ্ছীল্য করিও—কিন্তু দোষী বা অক্সায়কারীকে মণা কবিও না; তা' যদি

কর দেখিবে যেমন করিয়া ম্বণা করিয়াছ, যেমন করিয়া অভায়কারীকে অপদস্থ করিয়াছ, সেইগুলি মৃত্তিমান হইয়া, তোমাকে আগলাইয়া ধরিয়া দেই সেই রকমে অপদস্থ, হাস্তাম্পদ, নিধ্যাতিত ও ম্বণিত করিয়া তুলিবে ;— ভাব ও ব্যবহারে সাবধান হও।"

আশ্রমের কর্মীদিগের মধ্যে কথনও পরম্পরে ঝগড়া-বিবাদ ঘটিয়া মারামারি হইলে শ্রীশ্রীঠাকুর নিদারুণ মনোব্যথায় কি ভীষণ রুদ্রমূর্ত্তি ধারণ করেন তাহা বলিবার নয়। কোন কারণে এক ল্রাভা অপর ল্রাভার উপর হাত তুলিয়াছেন শুনিলেই শ্রীশ্রীঠাকুরের মর্মদাহ উপস্থিত হয়, সে তীব্র জ্ঞালা অন্ত কোন ভাবে প্রকাশ করিতে না পারিয়া শ্রীশ্রীঠাকুর নিজের উপরেই এমন কঠোরতম শান্তি প্রয়োগ করিতে থাকেন যে, তাহা দেখিলে পাষাণও বিগলিত হয়। কতদিন এইরপ কত অসংগ্য ঘটনায় শ্রীশ্রীঠাকুর স্বহন্তে নিজেকে নিজে নির্ম্ম প্রহার করিয়া ক্ষতবিক্ষত হইয়া অসহ্য কট্ট সহ্য করিয়াছেন, সে সকল দৃষ্টান্তের অভাব নাই। অন্তের অপরাধের জন্ত তাহার নিজের এইরপ শান্তিগ্রহণের কারণ জিজ্ঞাসা করায় একদিন কথায় কথায় বলিয়াছিলেন—"যথন কা'রও কথা ভাবি, তা'র মধ্যে এবং আমার মধ্যে কোনই তফাৎ দেখ্তে পাই না,—তা'কে 'আমি' ব'লেই বোধ করি, তা'র ফেটী-বিচ্চাতিগুলিও আমারই আত্মকত অপরাধ ব'লে গণ্য হয়, কাজেই শান্তিটাও তা'কে না দিয়ে নিজেরই নিতে ইচ্ছা হয়।"

প্রত্যেকের উন্নতির জন্ম শ্রীশ্রীঠাকুর দিবারাত্র কত চেষ্টাই না করিতেছেন! সকলেই যাহাতে জয়, য়শ, ঐশ্বয় ও প্রতিষ্ঠার অধিকারী হইতে পারেন, নিয়ত ইহাই তাহার অস্তরের একমাত্র কামনা। প্রত্যেকের বিদ্যা, বৃদ্ধি চিত্তর্ত্তি ও পারিবারিক অবস্থা অমুশীলন করতঃ তাহাকে স্ব-স্থ বৈশিষ্ট্যামুসারে তিনি পরিচালনা করিয়া থাকেন। পারিপার্শ্বিক সবাই এইভাবে নিত্য নৃতনরূপে তাহার সঙ্গ ও সান্ধিধ্যে অম্পপ্রেরণা লাভ করিয়া পরম সার্থকতার অধিকারী হইতেছেন। কত মনীয়ী, কবি, শিল্পী, সাহিত্যিক, বৈজ্ঞানিক, দার্শনিক, সামাজিক, স্বদেশ-প্রেমিক তাহার সংস্পর্শে আসিয়া অপূর্ব্ব চেতনা লাভ করিতেছেন,—তাহাদের বোধরাজির মধ্যে এমন একটা সামঞ্জশ্রের সৃষ্টি হইতেছে, যাহার ফলে স্ব-স্ব সংস্কার ও বৃত্তি অমুয়ায়ী প্রত্যেকে বিভিন্ন কর্মে অপূর্ব্ব নৈপুণ্য ও দক্ষতা অর্জন করিতেছেন। প্রত্যেকের ম্ব্রখ-সমৃদ্ধির জন্ম দিবারাত্র শ্রীশ্রীঠাকুরের কতই না উৎক্রা! একটা ভাইকে একদিন বলিতেছিলেন—"তোরা যে আমার কত আশার মাণিক, হয়ত তা' তোরা

জানিস্ না! তোদের ব্যর্থতা দেমন আমার মনকে শ্মশানে পরিণত করে—
সার্থকতায় তেমনি স্বর্গ ও সমৃদ্ধি এনে দেয়। আমি কাতর চক্ষে—আশার
আশাসে—চেয়ে আছি তোদের পানে—দেধ্ব আর পা'ব ৰ'লে—যেমন
চাই তেমনি ক'রে। তোদের সেবা, তোদের ব্যবহার—তোদের বলা,
চলা—তোদের কর্মকৃশলতার কথা শুন্লে আমি ষেন পাঁচ হাত হ'য়ে পড়ি।
তোদের সার্থকতা দেখ্লে, তোদের উন্নতি দেখ্লে আমার মনটা যেন
আনন্দে নৃত্য কর্তে থাকে, কবে তোরা প্রত্যেকে দশব্ধনের একজন হ'বি—
দশের বোঝা বহন কর্বার যোগ্য হ'বি—দিনরাত্রি শুধু এই চিন্তাই করি।"

মাতজাতির উপরে শ্রীশ্রীঠাকুরের কি অপরিদীম শ্রদ্ধা । নারীর অময্যাদা তিনি বিন্দুমাত্রও সহু করিতে পারেন না। তিনি বলেন,—"যে মা লাঞ্ছিতা. অবমানিতা—তাঁ'র গর্ভে যে সম্ভান জন্মগ্রহণ কর্বে সে ঐ লাঞ্না ও অবমাননার ছাপ নিয়েই ভূমিষ্ঠ হ'বে, ফলে দেশ তুর্বলদেহ হীনবৃত্তিসম্পন্ন সভানে পূর্ণ হ'য়ে উঠ্বে, জাতি ছারখারে যা'বে। মা-ই ত' এ ছনিয়ার স্ব-কিছু। মায়ের সন্থান হ'য়ে মাতৃজাতির হংগ বা অব্যাননা সন্থ করব কেমন ক'রে ?" নারীমাত্রেরই এতটুকু ব্যথা, দৈন্ত, অবসাদ তাহার প্রাণে শেলের মত বিদ্ধ হয়। তাই মাতজাতিকে উন্নত করিবার জন্ম তিনি কত কষ্টই না করিয়া থাকেন। আশ্রমবাসী শত শত মায়েরা দিবারাত্র প্রত্যেকের পারিবারিক ও ব্যক্তিগত কত খুঁটিনাটী বিষয় লইয়া তাঁহাকে উদ্বান্ত করিয়া থাকেন। অসীম থৈগ্যের দকে তিনি স্বার্ই কথা দর্বদা মনোযোগ गरकारत **अ**निया याहेरजहान এवः यथायथ नगरयाहिज छेशान । । । দান করিয়া তাঁহাদিগকে তৃপ্ত ও শাস্ত করিয়া বিদায় করিতেছেন। এজগু কতদিন কত বিনিত্র রঞ্জনী তাঁহাকে যাপন করিতে হয়, কত অক্লান্ত পরিশ্রম করিতে হয় তাহার অবধি নাই। আশ্চর্ণ্যের বিষয়, এই সকল অকিঞ্চিৎকর ও অপ্রীতিকর ব্যাপারে তাঁহার বিরক্তি বা অবহেলার বিনুমাত্র চিহ্-ও লক্ষ্য করা যায় না—অপ্র সহিষ্ণুতার সহিত কতকাল ধরিয়া এমনি ভাবেই অন্তের তুঃখের প্রলাপ তিনি শুনিয়া যাইতেছেন।

মেয়েরা যাহাতে স্বামী-ভক্তি ও সম্ভান-প্রতিপালন শিক্ষা করিতে পারে, পরিবার, পরিজ্ঞন ও প্রতিবেশীর প্রতি সহায়ভৃতিপূর্ণ সরল ব্যবহার প্রদর্শন করতঃ শাস্তি ও শৃদ্ধলার সহিত স্থথে সংসার করিতে পারে, প্রত্যেকে ইষ্টস্বার্থপরায়ণ হইয়া নানা শিল্পত্রতের অফুষ্ঠান করতঃ আথিক সচ্চলতার সহিত পারিপাশিকের সেবায় ত্রতী হইতে পারে, কুমারীরা যাহাতে পুরুষের উচ্চ বর্ণ, বংশ, প্রতিষ্ঠা ও ইষ্টপ্রাণতায় মুগ্ধ হইয়া যথোপযুক্তভাবে যোগ্য

বরকে পতিত্বে বরণ করিতে পারে—ইত্যাদি নারীজ্ঞাতির সর্ববিধ কল্যাণের জন্ম শ্রীশ্রীঠাকুর সর্বাদা গল্প, আলাপ, আলোচনা, সাহায্য, সহাত্মভূতি, উপদেশ-প্রদান, কুটিরশিল্পের প্রবর্ত্তন প্রভৃতি নানা উপায়ে কি অপরিসীম ধৈর্য্যের সঙ্গে নিয়ত আপ্রাণ চেষ্টা করিতেছেন তাহা দেখিলে বিশ্বিত চইতে হয়।

প্রীশ্রীঠাকুর মাতৃ-নামে অন্থির। তিনি বলেন—"নারীকে মাতৃভাবে উপভোগ করার মত স্থুখ আর কিছুতেই নাই। 'মা' মন্ত্রটী কি জাগ্রত। 'মা' ব'লে ডাক্লেই যেন নারীর নারীত্ব মুক্তি পে'য়ে জ্বাধ হয় আমাদের কাছে। ছোট ছোট মেয়েগুলিকে 'মা' ব'লে ডাক্লে তা'রা কত খুসী হয়! তা'দের 'মা' ব'লে কোলে নিয়ে দে'খেছি, যেন নিজের অহকার সব ভূলে যাই, একদিন যে শিশুটী ছিলাম তাই যেন হ'য়ে যাওয়া যায়। 'মা' ব'লে কিছুক্ষণ ডাক্লেই মনটা ভারী থাক্লে তা'ও যেন কত হাল্কা হ'য়ে যায়!" শ্রীশ্রীঠাকুর কোন রমণীকে যখন 'মা' বলিয়া সম্বোধন করেন, নিজের মারেব প্রতি সম্ভানের যেমন-যেমন ভাব—তাহা এত গভীর ও পরিপুর্গভাবে সকল সত্তা দিয়া তিনি বোধ করেন, যেন তথন তিনি সেই মা-টার নিকট সত্যিকারের তারই সম্ভানটী হইয়া পডিয়াছেন, সেই মা-টাকে নিজেরই গর্ভধারিণী জননী-ছাড়া আর-কিছু ভাবিতে পারেন না, আর তাহার চালচলন, কথাবার্ত্তা, আচার-ব্যবহারের প্রতিটী-ব্যাপারে যেন তাহা প্রত্যক্ষভাবে মূর্ত্ত, স্পষ্ট ও জলন্ত হইয়া উঠে।

মুক্তকণ্ঠে অত্যের প্রাশংসা কবা শ্রীশ্রীঠাকুরের একটা অভ্যুত স্বভাবিদিদ্ব গুণ। শিশু, গুবক, নর-নারী যিনি যথনই যাহা-কিছু আনিয়া তাহাকে উপঢৌকন দেন, তিনি যেন আহলাদে আট-থানা হইয়া পড়েন। ক্ষুত্র শিশু কত-কিছু অকিঞ্চিংকর তৃচ্ছ দ্রব্যাদি জোড়াতালি দিয়া থেলার সামগ্রী তৈয়ার করিয়া তাহাকে আনিয়া দিয়াছে, তাহাদের শিশু-রাজ্যের কত অবাস্তর কথা অনর্গল বলিয়া যাইতেছে—তিনি কেমন মনোযোগ ও থৈর্যের সহিত্যকল কথা শুনিযা যাইতেছেন, আবার তাহাদের ভাষায় তাহাদেরই মতনকরিয়া কত গল্প করিয়া তাহাদিগকে আনন্দে উংফুল্ল করিয়া তুলিতেছেন ছোট ছোট বালক-বালিকারা নিজ-নিজ বাগানের ফুল, ফল, শাকসজ্ তুলিয়া আনিয়া তাহাকে উপহার দিতেছে, তিনি কত খুসী হইয়া তাহাদিগকে উৎসাহিত করিতেছেন। কোন ব্যক্তি শ্রীশ্রীঠাকুরের ব্যবহারের জন্বা প্রতিষ্ঠানের কোন বিভাগের কার্য্যের প্রয়োজনীয় কোন জিনিসপত্র আনিয়াছেন, তাহা দেখিয়া শ্রীশ্রীঠাকুরের কি ক্ষুপ্তি! কোন মহিল খাজুপ্রা তৈয়ার করিয়া দিয়াছেন—শ্রীশ্রীঠাকুরে আহার করিয়া কত খুস

দন. তাহার কত স্থ্যাতি করেন! বৈজ্ঞানিক আসিয়া ভদীয় গ্রেষণা-কার্যোর ফলের বিষয় তাঁহাকে সংবাদ দিতেছেন, কবি আদিয়া তাহার স্ব-রচিত কাব্য পড়িয়া শুনাইতেচেন, কার্থানার মিদ্রি আসিয়া ভদীয় **আরন্ধ কর্মের ক্লতকার্য্যতার কথা** বলিতেছেন। তাহাদের প্রতোকের সে দান যত ক্ষান্ত অকিঞ্ছিংকরই হউক না কেন, শ্রীশ্রীসাকুরের যেন আনন্দ ধরে না। কন্মীরা প্রত্যেকে স্ব-স্ব কাথ্যে অচিনেই যে বিশেষ দক্ষতার পরিচয় দিয়া যশস্থী হইবেন ইত্যাদি কত প্রশংসার কথা বলিয়া উাহাদিগকে কেমন অফুপ্রাণিত ও উদ্বন্ধ করেন! প্রচারকায্য-রত কোন কন্মীকে বলিতেছেন—"এ কালে বিবেকানন্দের মত ভীমকর্মা হবে।" কাহাকেও বলিতেছেন—"তোর যেমন তীক্ষ বৃদ্ধি এবং উদাব প্রাণ, একট চেষ্টা করলেই একদিন তুই অনায়াদে দাশদার (দেশবন্ধব) মত নেতা হ'তে পারিদ।" আবার কাহারও সম্বন্ধে বলিতেছেন—"আপনাব এত গুণ, এই সামাত দোষটুকু যদি না থাক্ত তা'হ'লে মাপনিও একজন ছোটথাট হিট্লার হ'য়ে উঠ্তে পার্তেন।" গুণমুগ্ধ তিনি এইভাবে স্বাইকে बक्रशानिक कतिया. नवाहेरक वन-खत्रमा निया, नवात्रहे ल्यारा बानाव लानेन জালাইয়া-তিনি চলিয়াছেন স্বাইকে নিযা।

অত্যের প্রশংসায় তিনি শতম্প, কিন্তু নিজের প্রশংসাবাদ একবিন্পূপ্র স্থা করিতে পারেন না। কেহু কোনদিন তাঁহার প্রশংসাব কথা কিছু বলিলে এত অস্বন্তি বোধ করিয়া থাকেন বলিবার নয়। অহবহঃই দেখিতে পাই, আগস্তুক বাক্তিগণ আশ্রমেব কর্মপ্রতিষ্ঠানগুলি পরিদর্শন করিয়া শ্রীশ্রীঠাকুরের সঙ্গে সাক্ষাৎকালে যথনই বলিতে আরম্ভ করেন—"আপনার প্রতিষ্ঠানগুলি দেখিয়া—" অমনি শ্রীশ্রীঠাকুর বাধাপ্রদান করিয়া নিকটে দণ্ডায়মান কর্মীদিগকে দেখাইয়া বিনয়ের সঙ্গে বলিয়া উঠেন—"এই এঁরাই ক'রেছেন কত কন্তু ক'রে, আমি কিছু নই দাদা।" কতদিন পূর্ব্বে দেশবন্ধুকে আশ্রমে আদিবার জন্ত যে পত্র থানা দিয়াছিলেন, তাহাতেও এই মর্ম্বেই তিনি লিখিতেছেন—"আপনি এলে স্বাই স্বন্ধী হবে। এঁদের বহু-কষ্টের প্রতিষ্ঠানগুলিও ধন্ত হ'বে দাদা! কত নিন্দা, কত কলঙ্ক, কত অনটন-অপ্রাদের পাহাড় ঠেলে, অক্তজ্ঞতার নদী সাঁতরিয়ে, এগুলি ক'রেছেন এঁরা—আপনি এলে সার্থক হ'বে, আনন্দে উৎফুল্ল হ'য়ে উঠ্বে—বুকে আগুন ঢাপা দিয়ে কাজে লেগে যাবেন এঁরা বোধ হয়।"

বাঁহার একার চেষ্টায় বাংলার কোন্ স্তদ্রে এক নগণ্য পল্লীর বৃকে একটা এত বড় প্রতিষ্ঠান গড়িয়া উঠিতেছে, যিনি সহস্রাধিক নর-নারীকে মনের

এবং দেহের খাভ দিয়া প্রত্যহ প্রতিপালন করিতেছেন, ভারত-ব্যাপিয়া সহস্র সহস্র স্ত্রী-পুরুষ যাহাকে ইষ্টজ্ঞানে নিয়ত শ্রদ্ধা ও পূজা করিতেছেন, তাঁহার পোষাক-পরিচ্ছদ, চালচলন, কথাবার্ত্তা, আচার-ব্যবহারে তাহা বুঝিবার কাহারও বিন্দুমাত্র সাধ্য নাই। আভরণ-সম্বল একথানি সাদা ধব্ধবে উপবীত, পরণে একখানা সক্ষপাড় সাদা ধৃতি, পায়ে এক জ্বোড়া কাল চটিজুতা, সর্বাদা অনায়ত দেহ—মাত্র শীতকালে কোন কোন দিন গায়ে একথানা লংক্লথের ফতুয়া ও উত্তরীয়। দিবারাত্র চবিবশ ঘণ্টা সর্বক্ষণ সকলের সমক্ষে রহিয়াছেন, রাত্রিতেও ঘরের বাহিরে পদ্মাতীরে উন্মুক্ত আকাশের নীচে শয়ন করিয়া থাকেন। সর্বাক্ষণ সকলের মধ্যে থাকিয়া সকল কাষ্যের তত্তাবধান করিতেছেন। যিনি যখন ঋটিতেছেন, তৎক্ষণাৎ তাঁহার নিকট উপস্থিত হইয়া স্ব-ম্ব প্রয়োজন মিটাইয়া লইতেছেন। অবসর তাহার একটও নাই, তবুও তিনি সকল সময় সবারই পক্ষে অতিশয় সহজ-প্রাপ্য। স্বার্ট পূজা-স্বার্ট শ্রদ্ধে তিনি, কিন্তু কেই কোনদিন শুনে নাই কাহাকেও হকুম করিয়া তিনি কোন কাজ করাইয়াছেন। কখনও কিছু করার প্রয়োজন হইলে, ক্লমীকে ডাকিয়া তাহার সঙ্গে কার্য্যের যুক্তিবৃদ্ধি সম্বন্ধে বিশেষভাবে আলোচনা করতঃ তাহার মনে ঐ কান্ধ করার প্রবৃত্তি এবং আবশুকতা-বোধ জাগাইয়া তুলেন এবং "লন্ধী আমার," "যাত্ আমার" "ধন আমার" ইত্যাদি প্রিয়-সম্বোধনে তাহাকে এমন কোমলকঠে আকারের সঙ্গে কাষা-সম্পাদনের জন্ম অভুরোধ করেন—কাঞ্চী সে করিলে তিনি যেন কত কৃতার্থ হইবেন! তাহার মধুর, প্রাণস্পর্শী, অমিয় আহ্বান শুনিবামাত্র ক্মীদের মনে বিদ্যাং-প্রবাহ খেলিতে থাকে—কাজটা স্থসম্পন্ন করিবার জন্ম কি বিপুল উৎসাহ এবং আগ্রহের সহিতই না সে অগ্রসর হয়।

তেমনি এক অপূর্বে ব্যাপার ঘটে তিনি যখন ভিক্ষায় বাহির হন। প্রতিষ্ঠান গড়িবার এবং আশ্রমবাসী নর-নারীর ভরণপোষণের বিপুল ব্যয়ভার শ্রীশ্রীঠাকুর ভিক্ষাঘারাই দীর্ঘকাল যাবত নির্বাহ করিয়া আদিতেছেন। ভিক্ষা যাক্রাকরিবার তাঁহার কি স্বভাবদিদ্ধ অপূর্ব্ব ক্ষমতা!—না দেখিলে তাহা কেহ ব্বিতে পারিবে না। ছলছল-নেত্রে কি কঙ্কণ চাহনি—কি দরদ-মাখা ব্যথার কাঁছনি—কি প্রাণ-জুড়ান মন-ভোলান মধুর সম্ভাষণ! সে মর্ম্মপাশী কোমলকক্ষণ আকৃতিমাখা প্রার্থনা মাহুষের অন্তর্বের অন্তঃস্থলে গিয়া পৌছে, শুনিবামাত্র তাঁহার আক্রজা পূর্ণের জন্ত দবারই মনে কি তীত্র আকৃলতা আদে! তাঁহাকে দিয়া সকলে কি স্বধ, কি তৃপ্তিই না পায়! তাঁহার চাওয়ার পরিমিত অর্থ সংগৃহীত না হওয়া পর্যন্ত সকলের শশব্যস্ত ছুটাছুটির বিরাম থাকে না,—



মাত্অকে শায়িত শ্রীশ্রীসাকুর অনুকুলচন্দ্র

কিছুতেই তাহারা সোয়ান্তি পায় না। সবাবই উদরের জন্ম শ্রীশ্রীঠাকুরের এই বিবাট ক্ষ্পার নিত্য আহায্য যোগাইতেছেন তাহারই চবণাশ্রিতা কতকগুলি দরিদ্রা রমণী আর অভাবগ্রস্ত গুটিকয়েক ভাই। শ্রীযুক্তা সরলাদেবী চৌধুরাণী 'সৎসঙ্কের' কথা আলোচনা-প্রসঙ্গে একস্থানে এ-সম্বন্ধ লিখিতেছেন—

—" * * * আশ্রমবাসিনী একটা দীনদরিন্তা নারী আসিল। লোকের কাজ করিয়া তাহাদের কিছু কিছু দানে তাহার নিজের ও একটা কলাব দিনপাত হয়। সে বলিল—'আজ দরিন্তনারায়ণের সেবা হ'বে, ঠাকুব আশ্রমে ভিক্ষে কর্তে বেরিয়েছেন। আমার কাছে এসে ভিক্ষে চাইলেন—শান্তিব মা, ভিক্ষা দে। আমার কি আছে যে দে'ব ? ঠাকুর তা' জানেন, তবু শুন্লেন না, বলেন—দিতেই হ'বে তোকে, তুই নিজেব জন্ম ভিক্ষে করিস্ বোজ, আজ দবিন্তনাবায়ণেব জন্ম ভিক্ষে চে'য়ে এনে আমায় ভিক্ষে দে। এ ঠাকুরের লীলা, আমি ভিথাবিণী, আমার কাছেও ভিক্ষে নেবেন। তাই কি করি, ঠাকুরকে ভিক্ষা দেবার তবে আমিও লাবে লারে ভিক্ষা চাইতে বেবিয়েছি'।" মাননীয়া লেপিকা অভঃপর মন্তব্য কবিতেছেন—

"যা'র দাবিদ্রা সম্বন্ধে চেতনা শুধু নিজেতেই আবদ্ধ ছিল, তা'র আত্মা আজ সেই স্কীর্ণতাব গণ্ডী ছাডাইয়া একট্থানি প্রসাবতার দিকে প্রথম পদক্ষেপ কবিল।"

প্রাণের কত কাতব নিবেদন জানাইযা, অন্তরেব কি স্নেহককণ মর্মবেদনা জ্ঞাপন কবতঃ, কত জনেব কত অভাব ও চাহিদা-পরিপূরণের জ্বন্ত, দীন ভিক্ষকের মত, ভিক্ষাব ঝুলি কাঁধে লইয়া প্রিযজ্জনের দ্বাবে তিনি উপন্থিত হন, তাহারই একখানা ছবি দেখিতে পাই নিমেব উদ্ধৃত চিঠিখানায়। যথা:—

"ওরে তোর কি এমনতর কেউ নেই যার কাছে—ভিক্ষ্ক আমি—তুই আমায গলায় বেঁধে দীনের মত করজোড়ে দাড়ালে,—চাওয়ার ভাবে অবনত হ'য়ে ফ্যাল্ ফ্যাল্ ক'বে চাইলে—তার দেওয়ার আকৃতি থর-থর ক'বে কেঁপে তোকে আলিক্সন করে ?

"ভাখ্রে ভাখ্,—আমায় নিয়ে দাড়া, কে আছে ভোব—নে বে নে
—একবার তা'র দাড়া নে, আর বল্ আমার তাঁ'কে কি তোমার রক্ত-জলকর।
ফ্রিবারণের উপার্জ্জন থেকে কিছু দেবে না ?—তোমার গলগ্রহ ত' অনেকেই
আছে, কেবল আমার দে-ই কি বঞ্চিত হ'বে ? দে যে চায় তোমারই ক্ষার
মতন—দাও, তুমি যদি খাও তাঁ'কে না-দিয়ে খে'য়ো না,—আরও বলিদ্
এ-দানটা ষেন তোমার যতদিন খাওয়া থাকে ততদিন ধ'য়ে সে পায়।
তোমার থাকা-খাওয়া যেন চিরদিন থাকে—তাঁ'য় পাওয়াও যেন তোমার
কাছে চিরদিন থাকে।

"নিয়ে চল্ আমায় সেই মহানের কাছে, তোর আর্শুচক্ষ্, বেদনার বাণি তাঁ'কে পূজা করুক্,—এ দৃগু ক্ষ্ণার নিবৃত্তি হোক তাঁ'র দানে,—আন ভগবানের আশীর্কাদ তাঁ'র উপর পূষ্পাবৃষ্টির মতন অবিরল ধারায় সিক্ত ক'বে তুলুক—ফুল্ল ক'রে তুলুক।"

এই ভিক্ষা চাহিবার উপলক্ষেও কি মহৎ শিক্ষা দান করিয়া তিনি সকলকে প্রকৃত মন্মগ্রত্থের অধিকারী করিয়া তোলেন, নিম্নের আলোচনায় ভাহারই একটু পরিচয় দিতেছি:—

একদিন স্কালে তিনি অর্থ-সংগ্রহে বাহির ইইয়াছেন, প্রায় ছুইশত টাকার দরকার, ডিস্পেনসারীর ঔষধের ভি: পি: রাখিতে হইবে। প্রত্যেকের নিকট হইতে হাত পাতিয়া টাকা নিতেছেন আর বলিতেছেন—"টাকার মতন প্রেমের পর্য আর নেই! আদর্শে কে কতথানি যুক্ত তা' এই দেওয়ার ভিতর দিয়ে বেশ বোঝা যায়। মূপে মূপে ইউপ্রাণতার গান গাওয়া খুব সোজা। তা'তে কোন nerves-এর motor action নেই। Sensory nerves দিয়ে যা'-কিছ feeling আমাদের ভিতরে হোক না কেন, যদি তদমুখায়ী motor action না হয় তবে brain-টা কতকগুলি good wishes দিয়ে ভবা হয়। তা'র ফলে জীবনটা কতকগুলি thoughts-এর বোঝায় ভাবাক্রান্ত হ'য়ে ছবিনহ হয়—মাতুষ impractical and imaginative হ'রে পড়ে। যথনই কোন ভাল ইচ্ছা ভিতরে জাগুবে তথনই কাজে তা'ব expression দিতে চেষ্টা করতে হ'বে। তা'হ'লেই তা' habit-এ পরিণত হ'বে। Actual field-এ না গিয়ে বাড়ী ব'দে ব'দে কাজের plan আঁটা কাজ পণ্ড হওয়ার উপায়। কাজ করতে করতে বৃদ্ধি জু'টে যা'বে। শুধু plan আঁট্লে ভয় পাওয়ারই কথা। কিন্তু field-এ নে'মে অবস্থামুযায়ী ব্যবস্থা ক'রে ক'রে অগ্রসর হ'লে কাজ প্রায়ই পণ্ড হয় না, মনের সাহস্ত বাড়ে, from lesser experience to greater experience-এ সামুষ ঝাঁপিয়ে পড় তে শে'থে, তথন তা'র কাজ করতে বিশেষ ভয় হয় না।"

ভাহার ন্থায় এমন আশাবাদী খুব কমই দেখিতে পাওয়া যায়। শত তুঃখ, দৈন্ত, ঝঞ্চা তাঁহার মনে বিন্দুমাত্র নিরাশার রেখাপাত করিতে পারে না। বাল্যাবিধি কৃতকার্যাতা-লাভের উজ্জন আশা এবং জ্বলম্ভ বিশ্বাস লইয়াই তিনি জীবনপথে চলিয়াছেন। ৺রক্ষনীকান্ত সেনের রচিত "কেন বঞ্চিত হ'ব চরণে" গানটী শ্রীশ্রীঠাকুরকে প্রায়শঃ গাহিতে শুনিয়াছি। কিন্তু কথনও তিনি পাব জীবনে না হয় মরণে" গানের এই চরণটী গাহিতে পারেন নাই, ইহার পরিবর্ত্তে তিনি নৃতন পদ যোজনা করিষা গাহিয়া খাকেন,

-- "পাব জীবনে, এই জীবনে।" "না" কথাটা উচ্চারণ করিতেও যেন ভাহার কত কট। উক্ত প্রসক্তে শুশ্রীপ্রীঠাকুর একদিন বলিয়াছিলেন,—"আমর। সকলেই অমৃতের পুত্র, অনস্ত জীবনের অধিকারী, এই জীবনেই আমাদিগকে সেই অমৃতের সন্ধান পে'তে হ'বে। এ জীবনে না হ'লে অল জীবনে পা'ব এরপ ভাব্তে আমার ভাল লাগে না—আমার যেন এক মৃহ্র্ড দেরী সইতে ইচ্ছা করে না।"

हिव-खड़ानी छिनि । दय ना. खानि ना. शादि ना-हेजानि "ना"-शहक कथा শুনিতে তিনি মোটেই পছন্দ করেন না। একদিন কথাপ্রসঙ্গে বলিতেছিলেন —"আমার এখনও অনেক কাজ করবার বাকী আছে, আপনারা সকলে দেগুলি তাড়াতাড়ি দে'রে ফেল্ন—না করলে তা'র জন্ম কিন্তু আপনারাই দায়ী। হ'চেছ না. হ'চেছ না.—এ ভাবটা আমি আদৌ পছল কৰি না। আমি নিজে অমন ক'রে কখনও trained হই নাই। যে-টা মনে হ'যেছে কর্ব, (य-हो जान व'रन मरन क'रबिह, स्त्र-हो क'रबिह जरत हि'रफ़िह। यहि मत्रकोत হয় মনে করি, তা'হ'লে এই ঘোর অন্ধকার রাত্রে তফান উ'ঠেছে এমতাবস্থায় এই পদানদীও সাঁতরায়ে পার হ'য়ে যে'তে পারি। এমনও হ'য়েছে গ্রম বালিতে পায়ে ফোস্কা প'ড়েছে তবুও তা'রই উপর দিয়ে চ'লে গিয়েছি, কোনদিকে জ্ঞাক্ষেপ করি নাই।" সংস্কের প্রেস, কার্যানা, গৃহনির্মাণ-বিভাগ যেথানেই যথন কোন কান্ধ চলিতে থাকে, দেখিয়াছি কান্ধটা সম্পূর্ণরূপে সর্বাঞ্চত্ত্বভাবে দৃষ্পন্ন না-হওয়া-পথ্যন্ত তিনি কত উৎকণ্ঠা ও অস্বন্তি বোধ করেন। কর্মস্থান চাডিয়া এক পাও নডিতে চাহেন না, যে ক্যদিন জোরে কান্ধ চলে শ্রীশ্রীঠাকুর আহার, নিদ্রা, বিশ্রামাদি প্রতাহ সেই কর্মস্থলেই সম্পন্ন করিয়া থাকেন। প্রকাণ্ড বাশবন ও জঙ্গল পরিষ্কার করিয়া বিরাট 'প্যাণ্ডেল' তৈয়ারী, সৎসঙ্গের নানা প্রতিষ্ঠানের জন্য অসংখ্য গৃহাদি-নিশ্মাণ, কেমিক্যাল ওয়ার্কসের ঔষধ-প্রস্তুত, বিজ্ঞানের গ্রেষণাকার্যা, এছরান্দির বাণী-প্রদান ইত্যাদি শত শত ব্যাপারে গাঁহার এই ক্লান্তিহীন, বিশ্রামহীন, অটুট দৈগা সকলে নিতা প্রত্যক্ষ করিষাছেন। এখনও মনে পড়ে সে কথা,—প্রতিষ্ঠানের জন্ম ইট কাটিবার সময় আশ্রমের সম্মুখে পদ্মার চবে ভীষণ শীতের ক্ষমাস শ্রীশ্রীঠাকুর সারারাত্তি জাগিয়া থাকিয়া কি ভাবে দেই বিরাট ষজ্ঞ সমাধা করিয়াছিলেন! সেই-সময়ের মফুরস্ক কর্ম-প্রস্রবণের দৃষ্ঠী আঙ্গও যেন চক্ষের সমক্ষে ভাসিতেছে। কোথাও নাটী-কাটা হইতেছে, কৌথাও কাদা-প্রস্তুত হইতেছে, কয়েকদল কর্মী সেই কাদা বহন করিয়া যথাস্থানে নিয়া যাইতেছেন, কেহ্-কেহ ইট প্রস্তুত করিতেছেন, অপরেরা তাহা চত্তরে সাজাইয়া রাখিতেছেন। সন্ধ্যা হইতে ভোর পর্যান্ত বৈদ্যাতিক আলোর সাহায্যে এই ভাবে এক-টানা কাজ চলিয়াছে। কন্মীদে সঙ্গে শ্রীশ্রীঠাকুরও বিনিজ রজনী যাপন করিয়াছেন, রাত্তির আহারাদি ভিত্তি মাঠেই সম্পন্ন করিয়াছেন। পর্বদিন মধ্যান্ডের রৌলে পূর্ব্বরাজ্বের-তৈয়ারী ইট শুকাইয়াছে। বিকালে ইট গাদা করিয়া রাখিয়া প্রাঞ্চন পরিষ্কার কর হইয়াছে। আবার সন্ধায় কর্মোৎসব আরম্ভ হইয়া সারারাত্ত চলিয়াছে এইভাবে দিনের পর দিন কাজ চালাইয়া তিন্যাসে তুইটা প্রকাণ্ড পাজা करमक नक हेरे देखमातीत काक त्मव इहेमार्छ । मार्गि-कार्ग अवः कामा-श्रावर প্রভৃতি অধিকত্ব প্রমুসাধ্য কাষ্য পুরুষ কন্মীরা করিয়াছেন, অবশিষ্ট কাষ্ মায়েদের দাবাই সম্পন্ন হইযাছে। সন্ধ্যাব প্রার্থনা শ্রীশ্রীঠাকুরকে লইযা স্থীপুরু সকলে মিলিয়া সেই প্রান্তরেই সমাপন করিয়াছেন। কন্মিগণ কাদা-মাটা মাধা শরীরে কেহ-বা কোদালী কেহ-বা ঝোডা হাতে লইয়া কর্মনিবন অবস্থায় যে যেখানে যে অবস্থায় থাকিতেন, শ্রীশ্রীঠাকুরের বিনতি-পাঠে সঙ্গে সঙ্গেই তংক্ষণাৎ যোগদান করিয়া মঞ্চলাচরণাত্তে ধ্যাননিরত হইতেন যথারীতি প্রার্থনা সমাপ্ত হইলে পুনরায় যে যাহার কাজে লাগিয়া যাইতেন যে কয়মাস কাজ চলিয়াছিল, শ্রীশ্রীঠাকুর প্রত্যহ সারারাত্তি একবার এখাতে একবার সেখানে—সর্বত্ত থবিয়া ঘ্রিয়া কমীদিগের সঙ্গে থাকিয়া তাহাদিগ কর্ত্তব্য-সম্পাদনে উৎসাহ ও উপদেশ প্রদান করিয়াছেন, কত ফার্ত্তির গং করিয়াছেন। আশ্রমবাসী বালক, বৃদ্ধ, যুবা, খ্রীপুরুষ সকলে শ্রীশ্রীঠাকুরের সহিত দেই কশ্ব-মহোংসবে যে বিপুল আনন্দ ভোগ করিয়াছেন তাহা প্রত্যো চিরকাল স্মরণ করিয়া তপ্রিলাভ করিবেন।

ত্রহং, কন্ত্রপাধ্য, বিপদ-সঙ্কল, সমস্যাপূর্ণ কোন কঠিন কাষ্য সন্মুণে উপস্থিত হৈল, ভয় বলিষা তিনি কিছু বোধ করেন না। তথন তাহার কর্মশক্তি প্রৃদ্ধিবৃত্তি আরও শতগুণ বৃদ্ধিপ্রাপ্ত হয়। ভীতি, অবসাদ বা অধৈর্যের বিদ্ধাত্ত অবকাশ মূহুর্ত্তের জন্য তাহার নিকট তিষ্টিতে পারে না। বিপুল বিক্রণে তুমুল উপ্তমের সহিত সে-কাজ সম্পন্ন করিবার জন্য তিনি উঠিয়া-পড়িয় লাগিয়া যান, আর তাহা সম্পন্ন না-হওয়া-পর্যান্ত তাহার তিলার্কও বিশ্রাম থানে না। পাবনায় হিন্দু-মুসলমানের দাকার সময় এবং সংসক্রের জমি-'একোয়ার' ব্যাপারে যে ভীষণ অরাজ্বকতার সৃষ্টি হইয়াছিল, তথন শীশ্রীঠাকুর বি
অপুর্ব্ব সাহস, বৃদ্ধি ও ক্ষমতাবলে আশ্রমবাসী সকলের খন-প্রাণ ও মান-সম্ভ রক্ষা করিয়াছিলেন তাহা কেহ কোনদিন ভুলিতে পারিবে না।

এই প্রসঙ্গে আর একটা ঘটনার উল্লেখ করিতেছি:— বছদিনের কথা। শ্রীশ্রীঠাকুরের তথন যৌবনের প্রারম্ভ। রাজ্ঞােট এপ্রসমিতির ছইটা ষড়বন্ধকারী যুবক শীলীগাকুরকে তাহাদের দলভুক্ত করিবার উদ্দেশ্যে একদিন তাঁহাকে পদ্মার চরে নইয়া যায়। তথন সন্ধ্যা উত্তীণ চ্চরাছে. জ্যোৎস্না উঠিয়াছে, সর্বত্ত গভীর নিস্তব্ধতা বিরাজমান। এমন সময় ্রবের মধাস্থলে উপস্থিত হইয়া বিপ্লবপন্থী যুবক ছুইটার একজন _'একটা রভনভার ও অন্তম্জন একটা স্থতীক্ষ শাণিত ছোরা উদ্ভোলন করিয়া বলিল---'তমি যদি আমাদের দলে যোগদানের শপথ গ্রহণ ক'রে নাম দন্তথত না কর, তা'-হ'লে এই মুহুর্ত্তে ভোমায় হত্যা কর্ব।" জীবনমরণ-সম্পার এই ভীষণ সঙ্কট-মুহুর্তে তাহার মনে বিন্দুমাত্র ভীতির উদয় হইল না। এই এবস্থায় তিনি তাহাদিগের দিকে দৃষ্টিপাত করিয়া হো হো করিয়া এমন এক অপূর্ব উচ্চ তাজ্ছীলোর হাসি হাসিলেন, যুবক তুইটী তাঁহার সেই ভৈরব বিকট অট-হাস্ত শুনিয়া ভীত ও সঙ্কচিত হইয়া থব থব কবিয়া কাঁপিতে লাগিল, অন্ধ ত্রইটা তৎক্ষণাৎ তাহাদের হস্তচ্যত হইয়া ভূপতিত হইল। শ্রীশ্রীঠাকুর তাহা তুলিয়া নইয়া গম্ভীরকর্চে বলিলেন—"দেখ, আমারও একটা দল আছে, তাহা অতি াবিত্র ও নির্মাণ: ধর্ম ও সংকর্মাই তাহার উদ্দেশ্য—তোমরা যদি তাহাতে যাগদান কর, আমিও তোমাদের কথা বুঝুতে চেষ্টা করব।" যুবক ছুইটা । লিল-"আমরা এ বিষয়ে বিবেচনা ক'রে পরে সাক্ষাৎ করব।" এই বলিয়া उतिहा राज - यना योहना देशाया जात रकान पिन छोशात निकर जारम नाहे।

সকল ধর্মকে তিনি সমান শ্রদ্ধার চক্ষে দেখিয়া থাকেন এবং সকল প্রেরিত ও অবতার পৃরুষকে তিনি অস্তরের সহিত অশেষ ভক্তি প্রদর্শন করেন। একদিন (১৪ই জুলাই ১৯৩৬ সন) বিকাল বেলা কয়েকজন মৃশলমান ভদ্রলোক আশ্রম দেখিতে আসিয়া শ্রীশ্রীঠাকুরের সঙ্গে কথাবার্ত্তা বলিতেছেন। তাঁহাদের মধ্যে একজন কলিকাতা কর্পোরেশনে কাল্প করেন,—তিনি প্রশ্ন করিলেন,—"আচ্ছা এখানে কি হিন্দু-মৃশলমান ব'লে কোন ভেদ আছে ?" শ্রীশ্রীঠাকুর উত্তরে বলিলেন,—"ও সব ভেদবৃদ্ধি এখানে কিছুই নাই। ও-সব ভেদ ত' মাহ্মবের তৈরী-করা, আসলে ত' ওর অন্তিষ্ঠ কাই। ঘা'রা এক খোলা এক পরমপিতাকে মানে না, তা'রাই ঐ সব ভেদ মানে এবং তা' নিয়ে গোলমাল করে। প্রকৃত ধান্মিক যে, সে সকল ধর্ম এবং সকল ধর্মপ্রবর্তককেই প্রগাঢ় শ্রদ্ধা ক'রে থাকে। একজন তা'র পিতাকে কত শ্রদ্ধা করে, কত ভালবাদে! আমি যদি তা'র পিতাকে অবমাননা ক'রে কথা বলি এবং আমার নিজের পিতাকে তা'র কাছে বড় ব'লে প্রতিপন্ন কর্তে যাই তবে কি তা'র মনে আঘাত লাগ্বে না ? পবিত্র কোরাণেই ত' আছে—অতীতকালের মহাপুক্ষদিগের প্রতি সম্মান

প্রদর্শন কর্তে হ'বে। এমন-কি ষে সকল মহাপুরুষ বিভিন্ন দেশে বিভিন্ন কালে আস্বেন উা'দের প্রতি দম্মান-প্রদর্শনের কথা কোরাণে উল্লেখ আছে। আজ আমরা হিন্দু-মুসলমান উভয়ই আপন আপন আদর্শ ভূ'লে কি কামড়া-কাম্ডিই-না কর্ছি! তা'রই ফলে এই বিভেদের সৃষ্টি হ'য়েছে, বস্তুতঃ কিন্তু সকল দেশের সকল জ্বাতির সকল ধর্মের মহাপুরুষগণই মানবমাত্রেরই নমস্তু, পূজা এবং পর্ম শ্রন্ধার পাত্র।"

তাঁহার আচরণ দেখিয়া লোকে তাঁহাদের নিজ্ঞ নিজ ইষ্টদেবকে কি ভাবে প্রা করিতে হয় তাহাই শিক্ষা পান। তাঁহার উদার বাণীসমূহ পাঠ করিয়া সকল সম্প্রদায়ের লোক তৎতৎ ধর্মমতের তথা প্রচলিত অক্সান্ত মতবাদের প্রকৃত ব্যাখ্যা অতি স্থন্দর ও সহজভাবে হদয়লম করিয়া ভাহা যথাযথ অম্পরণ করিবার স্থসকেত লাভ করেন, এবং ভেদবৃদ্ধি ভূলিয়া পরস্পরে পবিত্র প্রাত্তবদ্ধনে আবদ্ধ হন। হিন্দুগণ তাঁহাকে আর্য্যসভ্যতাব মূর্ত্ত আদর্শ-জ্ঞানে শ্রদ্ধা করিয়া থাকেন। অষ্ট্রেলিয়াবাসী কতিপয় সম্রান্ত ভদ্রমহোদয় 'সৎসল্প পরিদর্শন করিয়া সেদিন মন্তব্য করিয়া গিয়াছেন—"যদি এই মূহুর্ত্তে বীশুর আবির্ভাব হইত তবে তিনিও ঠিক ঠিক প্রীশ্রীঠাকুর অম্কুলচন্দ্রের প্রবর্ত্তিত কর্মপ্রণালী অম্পারেই মানবজাতির সেবা করিতেন হানীয় খৃষ্টান মিন্দারীগণ এবং সৎসক্লের পরিদর্শনকারী বহু বিশিষ্ট ইউরোপীয় শ্রীঠাকুরকে ধর্ম্মের অবতার বলিয়া অশেষ শ্রদ্ধা প্রদর্শন করিয়া থাকেন। শ্রীশ্রীঠাকুরের প্রতি মূসলমান জনসাধারণেরও অপরিসীম শ্রদ্ধা। এখানে তৎসম্বন্ধে একটা ঘটনার উল্লেখ করিতেছি। ১৩৩৭ সনের কথা। শ্রীশ্রীঠাকুরের দীর্ঘকালব্যাপী পীড়াবশতঃ* পূর্ববন্ত্রী তুই বৎসর আশ্রমে তাঁহার জন্মোৎসবের

^{*} এগার বৎসর পূর্বের ঘটনা। শ্রীশ্রীঠাকুর বড়ন পারে দিরা হাঁটিতে গিয়া একদিন হঠাৎ পড়িরা বান। ইহাতে তাঁহার পা নচ্কিরা বায়। অনেক দিন নানাপ্রকা: উবধপত্র ব্যবহার করারও তাহা আরোগা হইল না। আতে আতে তাঁহার চলৎশত্তি বন্ধ হয়। ক্রমে পারের ফুলা ও বেদনা বৃদ্ধি পাইতে থাকে এবং সঙ্গে সঙ্গে অর ইইর তাহা ১০৪°।১০৪°, পর্যন্ত উঠে। পরে দেখা গেল ফীত ছান পাকিরাছে। অবয়া দিন দিঃ আশকাজনক হওরার কৃতিয়ার এবীণ ডান্ডার শ্রীষ্ত পোক্লচন্দ্র মণ্ডল মহাশরকে আনান হইল। তিনি রোগার অবয়া পর্যবেক্ষণ করিলা তাহাকে অনতিবিল্যে কলিকাত লইরা বাইবার পরামর্শ দিলেন। তাঁহার উপদেশামুসারে ১৩০৫ সনের ১লা জারি শ্রীশীঠাকুরকে কলিকাতা লইরা বাওরা হয়। সেথানে মেডিক্যাল কলেজের সর্ব্বপ্রধান অল্লচিকিৎসক Dr. Connar-কে দেখান হয়। শ্রীশীঠাকুরের পারের গাঁইট হইতে গাঁটু পর্যন্ত ভীবণভাবে ফুলিরা এরণ বিবর্ণ হইরা গিয়াছিল বে করেকজন বিখ্যাত অল্ল-চিকিৎসক

আয়োজন হয় নাই। সে-বংসর স্থানীয় ম্সলমানগণ নিজেরা অর্থ সংগ্রহ করতঃ তাঁহার শুভ জন্মোংসব-অফুটান সম্পন্ন করিয়াছিলেন। এতত্পলক্ষে তাঁহারা যে নিমন্ত্রণত্ত মুদ্রিত করিয়া সর্বসাধারণের মধ্যে প্রচার করিয়াছিলেন তাহার কিয়দংশ নিমে উদ্ধৃত ইইল। যথাঃ—"আগামী ৩০শে ভাত্র মঙ্গলবার শ্রীশ্রীঠাকুর অফুকুলচক্রের শুভ জন্মদিবস। ঐ তারিথ হইতে কতিপয় দিবসের জ্ব্যু আমরা তদীয় জন্মভূমি হিমাইতপুর গ্রামে আনন্দোংসবের আয়োজন করিয়াছি। তাঁহার নিকট হইতে আমরা শোকে সান্ধনা, তৃঃথে সমবেদনা, রোগে শুল্লমা ও চিকিৎসা, বিপন্ন হইলে সাহায় ও সহাম্বভূতি পাইয়া থাকি। তিনি আমাদের স্বজাতীয় ভাতা না হইলেও স্কীয় ভাতাপেক্ষাও অধিক ম্বেহপবায়ণ; তিনি হিন্দুসমাজে জন্মগ্রহণ করিলেও সাম্প্রদায়িক সঙ্কীর্ণতার বহু উর্দ্ধে থাকিয়া প্রত্যেককে স্বধর্মে আস্থাবান্ হইয়া ধর্মের প্রকৃত আচার-অহুষ্ঠানে আত্মোন্নমনে উৎসাহিত করেন। তিনি স্বীয় জন্মভূমির শিক্ষা, দীক্ষা, স্বাস্থ্য ও শিল্পের উন্নতির জন্ম বহু সদম্প্রানের প্রতিষ্ঠাতা। * * * * তাহার অপার গুণগ্রাম স্বরণ করতঃ তদীয় গুণমুয়্ম আমরা এই অফুর্চানের আয়োজন করিয়াছি।"

ইষ্টস্বার্থ ও ইষ্টপ্রতিষ্ঠার উদ্দেশ্যে কর্মতংপর হওয়ার জন্ম তিনি সর্বাদা সকলকে উৎসাহিত করিয়া থাকেন। শ্রীশ্রীঠাকুর প্রায়শঃই উপদেশছলে বলিয়া থাকেন—"কর্ম্মে গতি, ধর্ম্মে প্রাপ্তি এবং ভক্তিতে স্থিতি।" একদিন ১৯৩০ সনের ২৪শে এপ্রিল সকালবেলা অনেকে শ্রীশ্রীঠাকুরের কাছে বসিয়া আছেন, এমন

ট্রাকে Malignant tumour বলিয়া ধারণা করিয়াছিলেন এবং পারের কিয়দংশ কাটিয়া
ফলিতে পরামর্শ দিয়াছিলেন। সৌভাগাক্রমে শ্রীশ্রীঠাকরকে তথন খনামধস্ত হোমিওপ্যাথিক
চকিৎসক Dr. Younan-এর তন্ধাবধানে রাখা ইয়াছিল। তাহার একমাতা ঔবধ
য়য়শক্তির স্থার কার্ব্য করিয়াছিল— নতুবা কি অবয়া ঘটিত তাহা কয়নাও করা ধার
য়া। Dr. Younan-এর চিকিৎসার শ্রীশ্রীঠাকর ক্রমশঃই আরোগ্যের পথে অগ্রসর ইইতে
নাগিলেন। তাহার অর কমিয়া পেল, দাও ভরিয়া আদিতে লাগিল। তথন শ্রীশ্রীঠাকর
আতিরে আশ্রমের মুক্ত বাষ্তে আসিয়া গাকিবার অস্থ অয়ির ইইয়া পড়িলেন। অবশেষে
টকিৎসকগণের পরামর্শনত ১১ই শ্রাবণ (১০০৫ সন) তিনি আশ্রমে প্রত্যাগমন করেন।
দ্বাধি অর কমিতে কমিতে একেবারে ছাড়িয়া গেল, সাধারণ খাস্থাও বেশ উম্বিলাভ
দরিল, কিন্তু পারের ফুলা ও ঘা যাহা সামাস্থ অবশিষ্ট রহিল তাহা কিছুতেই সারিতে
নিহল না। একস্থ নানারকম চিকিৎসা এবং ঔবধ-প্রেয়াগ একেবারেই ব্যর্থ ইইল।
নবশেষে বহুকাল পরে হঠাৎ একদিন ঘারের ভিতর ইইতে পুব ছোট একথও অস্থি
নিহির ইইয়া আসে। ইহার পরে কিছুদিন মধ্যেই ফুলা এবং ঘা সম্পূর্ণরূপে সারিয়া উঠে,
শ্রীশ্রীঠাকুরও তদবধি অছকেশ চলাকেরা করিতে সক্ষম ইন।

সময় একখানা গীতা খুলিয়া, "যজ্ঞার্থং কুরু কর্মাণি"—এই কথা কয়টী পডিয়া নিজেই ইহার ব্যাখ্যাদান-প্রসঙ্গে বলিতে লাগিলেন,—"যজ্ঞ মানে সেবা। ত্রি যদি পারিপার্খিকের দেবা কর, তা'রাও তোমাকে দেবা দিবে। যাহাতে being and becoming accelerated হয় অর্থাৎ জীবন ও বৃদ্ধি অধিকত্ত সম্বেগশালী হয় তাহাই সেবা আর তাহাই সংকর্ম। তুমি যদি environment-এর বৃদ্ধি ও পুষ্টিসাধন কর, environment-ও তোমার বৃদ্ধি ও পুষ্টিসাধন কর্বে। কর্ম কর্তে কর্তেই ব্রন্ধে পৌছান যায়, ক্ম না কর্লে জীবনধারণ করাই যে কঠিন। আবার দেখুন, কর্ম না করলে সংস্কার দূর হ'বে কি ক'রে ? তবে সব কর্মাই যে ভাল তা' নয। আদর্শের প্রীত্যর্থে যা' করা যায় তাই সংকণ্ম, নতুবা অন্ত কর্মে বন্ধন আনে। আদর্শের জ্ঞ যা' করা যায় তা'তে আর কোন নৃতন সংস্কারের স্ষ্টি হয় না। কারণ তা'তে জীবনের যা'কিছু অভিজ্ঞতা তা' আদর্শের সঙ্গে যুক্ত থাকার দরুণ সার্থক হ'য়ে উঠে। এক্রিফ স্বয়ং ভগবান হ'য়েও কং করতেন—যুদ্ধ করতেন, রাজ্যপালন করতেন। ভগবানকে চাই অথচ activity মানি না—এমন attitude थाकरन किन्न कथनरे छगवान मिरन ना তা'তে মানুষ নিশ্চিহ্ন হ'য়ে পড়ে, individual বা জাতি হিসাবে ধ্বংসপ্রাণ হয়। বিয়ে না ক'রে কাম সাধন কর্লে যেমন ধ্বংস ও মৃত্যু অনিবার্থ হ'য়ে উঠে, কিন্তু সতী স্ত্রীর সঙ্গে কাম সাধন কর্লে প্রেম ও রস উথ্লে উঠে, তেমনি প্রেমের বৃদ্ধি ও স্থিতির জন্ম ক্ষেত্র চাই, সদ্গুরু চাই, আং তাঁ'ব প্রীতি ও প্রতিষ্ঠাব জন্ম করা চাই।"

কতদিনের কথা! পদ্মাতীরে ছোট ছোট ভাঁটিবনের মধ্যে এখারে সেখানে সামান্ত-বিস্তৃত পরিষ্কৃত স্থান—শ্রীশ্রীঠাকুর কত সকাল-সদ্ধ্যায় তথা একাকী পাদচারণা করিতেন—কতদিন সদ্ধ্যা উত্তীণ হইয়া যাইত—চারিদিব নিস্তন্ধ, শুধু ঝিল্লীরব শুনা যাইত—আকাশের বৃক্-চিরে এক অপূর্ব্ব আভাযুত আলোকের বিচ্ছু রণ নামিয়া আসিযা আকাশ, বাতাস ও পদ্মানদীর জল যেন আনন্দে উচ্ছল করিয়া তুলিত। সেই আলোক-সম্পাতে তাঁহার সর্বান্ধ এক অপূর্ব্ব অমৃত-ধারায় স্নাত হইতে থাকিত। দিগস্ত-বিসপী প্রাস্তরের দিবে স্থির উদাস দৃষ্টি নিবদ্ধ করিয়া মানবের মৃক্তি-কামনায় তিনি কত কি ভাবিতেন আর তাহা মূর্ব্ব করিয়া তুলিতে তাঁহার প্রাণের মধ্যে কত উৎকণ্ঠা, কত আকাজ্যা তোলপাড় করিত।

দেখিতে দেখিতে শ্রীশ্রীঠাকুর তাহার পদ্মাতীরস্থ এই পদ্মীগৃহে লোক-হিতৈষণা ও সেবার যে তীর্থক্ষেত্র রচনা করিয়াছেন তাহা বাংলায় অভূতপূর্ব "ধনী আসিয়া তাঁহার সংস্পর্শে ধনমন্ততা দ্ব করিতে পারে, নির্ধাণ আসিয়া তাঁহার সংস্পর্শে দৈশ্য ও দারিদ্রা-দোষহীন হইয়া উঠে, রোগী আসিয়া তাঁহার সংস্পর্শে ও সেবায় স্কৃত্ব নির্বাময় হইয়া উঠে। শোকমগ্ন তাঁহার প্রেমময় সহায়ভ্তি-উচ্ছল ব্যবহারে আনন্দময় হইয়া উঠে, অবস্থান্তর হতাশ মনে তাঁহার অফুকস্পী ব্যবহারে আশার লহর খেলিতে থাকে, বৃদ্ধ আসিয়া পায় নৃতন জীবনের আশা-উদ্দীপনাময় অপূর্ক ভরসা। এই দীর্ঘ পঁচিশ বংসর ধবিয়া তিনি প্রতি-প্রত্যেককে এমনই করিয়া স্বার্থে, আনন্দে, ভরসায়, উদ্দীপনায় নির্বাময় করিয়া জীবস্ত ও কর্মকৃশল করিয়া তুলিতেছেন! সহস্র সহস্র নবনাবী যুবক বৃদ্ধ আজ তাঁহার ব্যক্তিগত সেবার সংস্পর্শে নৃতন জীবনের আস্বাদ পাইয়া নিজ নিজ সামর্থাকে সঞ্জীবিত করিয়া তাঁহার সেবার পরমতীথক্ষেত্রকে দেশব্যাপী করিয়া তুলিয়া শ্রীশ্রীঠাকুরের বিচিত্র সেবায় সর্কাদেশকে, দেশের প্রতি-প্রত্যেককে ব্যক্তিগতভাবে শ্রী ও সমৃদ্ধিতে নৃতন জীবনে উদ্বিশ্ব করিয়া তুলিতে কর্মক্ষেত্রে অগ্রসর হইয়াছেন।"

যাহারাই শীশীঠাকুরের সঙ্গ করিয়াছেন, তাহারাই উপলব্ধি করিয়াছেন-তাঁহাতে কি মিষ্টতা, কি মুদ্বতা, কি অসাধারণ তাঁহার মেধা, কি ডাঁহার ধর্মপ্রাণতা, কত গভীর তাহার প্রেম, কি তাহার দেবাপট্ড, কি তাহার প্রাণক্ষড়ান, মর্মান্তিক-দুঃখ-ভুলানো বাণী! অবস্থা-বিশেষে মান্তব কি ভাবে চলিবে, কেমন দরদপূর্ণ ব্যবহারে তাহা তিনি হাতে-কলমে প্রত্যহ সকলকে শিক্ষা দিতেছেন। তাঁহার সান্নিধালাভ করিয়া কত অবৈজ্ঞানিক বৈজ্ঞানিক হইয়াছে. মর্থ পণ্ডিত হইয়াছে. হতাশা মানব আশার উজ্জ্বল আলোকবর্ত্তিকাব সন্ধান পাইয়াছে, পশুমানব দেবমানবে পরিণত হইয়াছে। তাঁহার অবিরাম চেষ্টায় হিংশ্রশ্বাপদ-সম্কল ভীষণ-অরণ্যপূর্ণ একটা নগণ্য গণ্ডগ্রাম আৰু সহস্রাধিক মানবের স্থায়ী বাসভূমিতে পরিণত হইয়া ধর্ম, শিক্ষা, সাহিত্য বিজ্ঞান, শিল্প, বাণিজ্ঞা, প্রাভৃতি মানবসভ্যতার এক আদর্শ কেন্দ্রে পরিগণিত চইতে চলিয়াছে। ফাঁকা আন্দোলনের হৈ-চৈ এবং অর্থপ্রাচর্য্যের মধ্যে থাকিয়া কিংবা কুটনীতির আশ্রয় গ্রহণ করিয়া তিনি এ-সকল কিছুই করেন নাই। বাল্যাব্ধি প্রচণ্ড কর্মশক্তি, অফুরস্ত ভালবাসা ও সহাতৃভূতির অন্তর লইয়া এই দীন পল্লীর অবসাদগ্রস্ত প্রাণের সহিত ক্রীড়া করিতে করিতে স্বীয় অপুর্ব্ব দেবামা*হাত্ম্যে সকলের হান্*য় ব্দয় করিয়া আব্দ তিনি এই অপার ক্লতকার্যাতা লাভ করিয়াছেন। সহস্র লোকের মন বুঝিয়া সকলকে প্রয়োজনমত সর্বপ্রকারে ভুষ্ট করিবার তাঁহার অপূর্ব্ব শক্তি, নবারই দক্ষে অবাধ গতিতে চলিবার তাঁহার স্বভাবসিদ্ধ ক্ষমতা, সর্বেজীবে সমদৃষ্টি, তাঁহার জ্ঞানের গভীরতা,

তাঁহার সমবেদনা, তাঁহার সহজ সরল চলার ভক্ষী প্রভৃতি তাঁহার অনাবিল, পরিশুল, শুচিতাপূর্ণ, অপার্থিব চরিত্র-সম্পদই তাঁহার এই বিরাট কৃতকার্যতা-লাভের একমাত্র কারণ।

দেশ-বিদেশের কত লোক নিত্য তাঁহার সংস্পর্শে আসিতেছেন।
আগস্ককেরাকেই বলেন—"তিনি 'লেনিন্'—কিন্তু 'লেনিনে'র নিষ্ঠ্র হত্যা এবং
ঘণা তাঁহাতে নাই"; কেই বলেন—"তিনি অহিংস 'মুসোলিনী'—জাতির
পুনর্গঠনের জন্ম তাঁহার সমাজ-বিধান কেমন সামঞ্জন্ম এবং শৃন্ধলাপূর্ণ"; কেই
বলেন—"তাঁহাব মতবাদে 'বর্গসন্' এবং 'অয়কেনের'-এর অভ্ত সমন্বর
রহিয়াছে"; কেই বলেন—"দর্শনে তিনি 'পিথাগোরাস্"; কেই বলেন—
"সক্রেটিসের মত তাঁহার আক্র্যা কথোপকথন-শক্তি"; কেই তাঁহাকে 'স্কুইডেন্
বার্গের' সহিত তুলনা করেন; কেই তাঁহাকে 'হিট্লারের' মত সমাজ ও
ধর্মনেতা বলিযা মনে কবেন—কিন্তু তাঁহাতে রক্তপাতের স্পৃহা নাই—
ভূপর্যাটকগণ তাঁহার আশ্রমকে—'আ্লোক্সতি এবং আত্মসংযমের স্কল্য
ক্ষেত্র—যাহা পৃথিবীতে আর কোথাও নাই'—এরপ মনে করেন।

শ্রীশ্রীঠাকুর ব্যক্তি, সমাজ ও জাতির উন্নতির জন্ম এযাবংকাল যাহা যাহা বলিয়া আসিয়াছেন, লোকশিক্ষার ক্ষন্ত তাহার প্রত্যেকটি স্বীয় ব্যক্তিগত জীবনেও পুঋামুপুঋরূপে প্রতিপালন করিয়া আদর্শ স্থাপন করিয়া যাইতেছেন। প্রাতরুখান, মলমূত্রেব বেগ ধারণ না করা, পবিত্র শুচিতার সহিত পরিষ্কার পরিচ্ছর থাকা, মিতাহার, স্বল্পনিদ্রা প্রভৃতি শরীরপালনের অতি দাধারণ খুঁটিনাটি নিয়মপালন হইতে আরম্ভ করিয়া পারিপার্শ্বিক প্রতি-প্রত্যেকের জীবন ও বৃদ্ধির জন্ম স্বীয় জীবনের প্রতিটী মৃহুর্ত্তে অমুসন্ধিংস্থ কর্মতংপর সেবা, পারিবারিক জীবনে আদর্শ পুত্র, ভ্রাতা, স্বামী, পিতা, প্রভু ও প্রতিবেশীর ব্যবহার; শিক্ষা, স্বাস্থ্য, শিল্প, বিজ্ঞান প্রভৃতির গঠনমূলক আদর্শ কর্ম-প্রতিষ্ঠান স্থাপন, জনমঙ্গল ও উদ্বৰ্ধনকারী প্রাণবান জাতীয় সাহিত্য-সৃষ্টি, शीय कीवरनत कर्म ७ मुझेछदाता मयाक्रमःस्रात माधन ७ असूरताय अमवर्ग विवाहापि क्षवर्खन, क्षािवर्गनिर्वित्यार प्रीकापान, कनाागकत किছू मत्न छेपिछ হওয়ামাত্র কালবিলম্ব না করিয়া তন্মহুর্ত্তে তাহা কার্য্যে পরিণত করা, বাক্তি, সম্প্রদায় ও স্বাতিগত সর্বাসমস্তা ও বিরোধ-মীমাংসার জন্ত নিজের জীবন-চল্নায় সর্বধর্ম ও মতবাদের একমাত্র পূর্ণ পরিপুরণের বান্ডব প্রকাশ— ইত্যাদি শত শত সহস্র সহস্র ব্যাপারে তাঁহার প্রচারিত বাণী ও অফুষ্টিত কর্মের অন্তত সামঞ্জন্ম লক্ষ্য করিলে বিশ্বিত হইতে হয়। তাহার দৈনন্দিন জীবনের

আচরণে কোথাও এই অপূর্ব্ব সমন্বয়ের বিন্দু পরিমাণ বাতিক্রম কেই কোন দিন আপ্রাণ চেষ্টা করিলেও দেখিতে পাইবে না।

প্রসক্ষক্রমে শ্রীশ্রীঠাকুরের স্বভাবগত কচি ও অভ্যাদেব বিদয়ে কভিপয় বৈশিষ্ট্যের কথা নিমে উল্লেখ করা যাইতেছে।—

त्कानं कार्या—कृष्य हे ठेउक आत ब्रह्श हे ठेउक—मन्ताकस्थलत । निथुँ छ। ভাবে সম্পন্ন না-হওয়া-পর্যন্ত ঐতিহাকুরের তাহা মন:পত হয় ন।। বিচানায় চাদরখানা পাতিতে হইবে বা খাটের উপর মশারীটা টানাইতে হইবে তাহাও কোন ছানে একটু ঢিলা বা কোনদিকে সামাল উচ, নীচ, কুঞ্চিত বা অসমান হইলে তাহার অম্বন্তি বোধ হয়—শৃশ্বলা, সামগ্রন্থ এবং সমতার অভাব তাঁহাকে ভীষণভাবে পীড়া দান করে। সামান তামাক-সাজা হইতে আরম্ভ করিয়া বৈজ্ঞানিক-গবেষণা প্রভৃতি দৈনন্দিন জীবনের ছোটবড় সকল ব্যাপাবেই লক্ষ্য করিয়াছি পরিষ্কার-পরিচ্চন্ন, মাজ্জিতকচি-সম্পন্ন ও ছিম্ছাম কাজ তিনি সবিশেষ পছন করেন। গুচিতা-জান তাঁহার অসাধারণ। নিজের বা অন্তের শরীরের কোথাও সামাত একট ময়লা লাগিলে, কোন কারণে নাকে বা মুখে হাত দিলে, কোন-কিছ অপবিত্র দ্রব্য হত্ত্বারা স্পর্শ করিলে তংক্ষণাং জলম্বারা সে-স্থান ধৌত করা. কোন স্থানে নোংবা কিছু চক্ষে পড়িলে তন্মুহুর্ত্তে তাহা পরিষ্কার করান---তাঁহার স্বভাবসিদ্ধ অভ্যাস। প্রত্যেকেরই পোষাক-পরিচ্ছদ ও গৃহসজ্জাদি যথায়থ পরিপাটা, স্পবিশ্বস্ত, শুদ্ধ ও নির্মাল দেখিতে তিনি খবই ভালবাসেন। কাহারও গ্রহে বা প্রাঞ্বনে ময়লা, তুর্গন্ধ, অপরিষ্কার, আবর্জ্জনা বা কোনপ্রকার অপবিত্রতা দর্শন করিলে তাঁহার মনে যারপরনাই অম্বচ্ছন্দ ভাবের সৃষ্টি হয়। আশ্রমবাসী নরনারী সকলেই যাহাতে স্তরুচিসম্পন্ন হইয়া দৈহিক ও মানসিক স্বাস্থ্য রক্ষা করতঃ পবিত্রভাবে সংসার্যাতা নির্কাহ করেন এজন্য তিনি সর্বকণ নিজের আচরণ দারা শিক্ষা দিতে কতই না চেষ্টা করিয়া থাকেন।

যে-কোন প্রয়োজনে যখনই শ্রীশ্রীঠাকুর ঘরদরজা, আসবাবপত্র বা কোন নিত্য-প্রয়োজনীয় দ্রব্যাদি প্রস্তুত করান, তাহা যতদূর সম্ভব সাধ্যমত উৎকৃষ্ট উপকরণছারা সর্ব্বোভমভাবে তৈয়ারের ব্যবস্থা করিয়া থাকেন। দায়-সারা-ভাবে কোন জিনিষ তৈয়ার করা—তাহা যেজগুই হউক বা যতদিনেব জগুই ইউক—তিনি মোটেই পছন্দ করেন না। আবার কোন-কিছু ^{যথে}ষ্ট পরিশ্রম ও অর্থব্যয় করিয়া অতি স্করভাবে প্রস্তুত করিলেও অধিক দিন তিনি সে ব্যবহার করেন না, কিছুকাল পরেই সম্পূর্ণ উৎক্লপ্ট অবস্থায় থাকিতেই তাহা পরিত্যাগ করেন; আবার যে জিনিস একবার ব্যবহার করিয়া ছাড়িয়া দেন তাহা যথেষ্ট মূল্যবান্ ও নিতাস্ত প্রিয় হইলেও কোনদিন ঘূণাক্ষরেও তৎপ্রতি আর দৃষ্টিপাত করেন না। কোন একস্থানে একই গৃহে দীর্ঘকাল বাস করা তাঁহার প্রকৃতি-বিক্লম। প্রায়শঃ স্থান পরিবর্ত্তন করিয়া থাকিতে তিনি খুবই ভাল বাসেন। এই সকল ব্যাপারে কার্য্যসম্পাদনে তাঁহার চৌকষ, পছন্দসই ও অভিজ্ঞ ক্লচি, ভোগে নির্লিপ্ততা, ত্যাগে নিম্পৃহতা এবং একঘেয়ে গতামুগতিক জীবনের পরিবর্ত্তে চিরন্তন বৈচিত্রো তৃপ্তিবোধ প্রভৃতি উন্নত মনোবৃত্তির উৎকৃষ্ট পরিচয় পাওয়া যায়। স্ক্ষভাবে তাঁহার কার্য্যকলাপ লক্ষ্য করিলে কত ঘটনায় তাহার চরিত্রে এরূপ কত অসংখ্য উৎকৃষ্ট গুণাবলীর সমাবেশ দেখিতে পাওয়া যায় তাহা বলিবার নয়। স্থানাভাববশতঃ আমর। এসম্বন্ধে আর ঘৃই একটী মাত্র প্রস্কৃত তরেও অরওঃ আমাদের বক্ষব্য শেষ করিব।

কর্মনিরত অবস্থায় চলমান কিছু দেখিতে শ্রীশ্রীঠাকুব খ্বই তৃপ্নি পান। অচল, গতিহীন, নিথর কিছু তাঁহার মনে অবসাদের স্বাষ্ট করে। তাই ইঞ্জিনের কল-কন্ধা চালাইয়া কেহ কোন শিল্পজাত দ্রব্যাদি উৎপাদন করিলে তিনি খ্বই আরাম বোধ করেন। শ্রীশ্রীঠাকুর কারখানার যন্ত্রপাতিগুলিকে কত ভালবাসেন বলিবার নয়। কথাপ্রসঙ্গে একদিন বলিতেছিলেন—"Crank, shaft, wheel প্রভৃতি নিয়া সমগ্র যন্ত্রটী যখন কান্ধ করে তখন আমার মনে হয় আমারই কোন প্রেয়দী যেন নড়াচড়া কর্ছে, তারই অঙ্গ-প্রতাঙ্গ —হাত, পা, মন্তক, দন্তপাটী যেন যন্ত্রটীর বিভিন্ন অংশে স্কন্পাই প্রকাশ পাচ্ছে, আর তা' দে'খে আমার এমনই তৃপ্তিবোধ হয় যে, যন্ত্রটীকে আমারই সেই প্রিয়ের একটী সচল জীবস্ত মৃর্দ্ধি ছাড়া আর কিছু ভাব্তে পারি না।"

সর্বক্ষণ মৃক্ত হাওয়ায় থাকিতে তিনি খুব পছন্দ করেন। আবদ্ধ গৃহে বাস করিতে হইলে তাঁহার প্রাণ যেন অতিষ্ঠ হইয়া উঠে। দিনের বেলায় অধিকাংশ সময় কথনও গৃহের বারান্দায়, কথনও বৃক্ষতলে, কথনও বাহিরে ঘরের ছায়ায়, কথনও শ্রামল অকনে থাকিয়া অতিবাহিত করেন, রাজেও দিগন্ত-বিভ্তত পদ্মার ধারে উন্মৃক্ত আকাশের নীচে তাঁহার শয়নের ব্যবস্থা। একদিন শ্রীশ্রীঠাকুর কথায় কথায় বলিতেছিলেন—"ছোটবেলা থেকেই ভাব্তাম, আমি যেন তারার বিছানায় শু'য়ে থাকি, তারার বালিশ মাধায় দিই; সেই অবধি আমার কেমন একটা অভাাস হ'য়ে গেছে, বিছানায়

গু'য়ে যদি আকাশে তারার দিকে চেয়ে থাকতে না পারি আমার কিছুতেই ঘুম আসে না।"

এইবার আমরা শুশ্রীঠাকুরের জীবন-চলনার পর্মস্তা, সর্ব্বপ্রধান বিশেষত্ব সহত্বে কিঞ্চিৎ জ্ঞানলাভের চেটা করিয়া বস্তুমান অধ্যাথের বক্তব্য সমাপ্ত করিব।

শ্রীশ্রীঠাকুরের দৈনন্দিন জীবনের প্রত্যেকটা কায়ের কারণ-প্রতীর দিকে মনোযোগের সহিত লক্ষ্য করিলে দেখিতে পাওয়া যায়, তাহাব সমগ্র कीवत्नत अ**रे षक्**तर कर्य-श्रस्तवरागत मृत छिश्म हिलान छोरात कन्नीरागती। জননীকে খুদী করা, তাঁহাকে তথ্য করা-ইহাই ছিল তাহার এক্যাত্র সাধনা। শৈশবের ছরন্তপনা, বাল্যের খেলাগুলা, ছুলে পাঠ্যাবস্থায় লিখিড কবিতায় মায়ের প্রতি তাঁহার যে প্রগাচ টানের রূপ্টে পরিচ্য পান্দ্যা যায়, তাহাই পরিণত বয়স পর্যান্ত তাহাব সকল কাব্য নিয়ন্ত্রিত ক্রিয়াছে দেখিতে পাই। এক-কথায় বলিতে গেলে, উ্শিত্রীচাকুরেন অপুন্দ স্থীবন-মাহাত্মোর একমাত্র অন্তনিহিত কারণ, তাহাব অসাধারণ মাত্রভিত। তাহার বাল্যের মধুময় প্রেমিক-চরিত্র, যৌবনের উদ্দান-কম্মোদ্দীপনা— জীবনব্যাপী পারিপার্থিকের সেবায় প্রাণশক্তিব যত-কিছু অপূর্ব লীলা— সবই মাকে কেন্দ্র করিয়াই সার্থক হইয়া উঠিয়াছে। মা-ই ছিলেন তাহার জীবন-চলনার আদর্শ মুর্ত্ত প্রতীক, মার ভিতরেট তিনি বক্তমাংসদত্বল ইট্রের জীবন্ত বিগ্রহ প্রত্যক্ষ করিতেন। 'তাহার গুরু কে' জিজ্ঞাসা করায় একদিন তিনি বলিতেছিলেন—"দরকার দাহেবই আমার গুরু। মায়ের গুরু হজুর মহারাজকেও ছোটবেলা অবধি থুবই শ্রদ্ধা ও ভক্তি করি। তা'দের কাউকে আমি কথনও দেখি নাই, এজন্ত মনে কখনও কথনও খুবই কট্ট হয়, তখনই মায়ের দিকে তাকিয়ে শান্তি পাই। আমাৰ মা-ই যেন সরকার সাহেব, হুজুব মহারাজ ও অক্তান্ত মহাপুরুষের প্রতীক-মা-ই আমার আদর্শ।"

শ্রীশ্রীঠাকুর সারাজীবন প্রত্যেকটা খ্রটনাটি ব্যাপারে জননী দেবীকে ধ্রেরপ মাতা করিয়া চলিয়াছেন, নিতা-নৈমিত্তিক প্রতি-ব্যাপারে যে অপূর্ব্ব শ্রদ্ধা ও ভক্তি প্রদর্শন করিতেন তাহা পরম উপভোগ ও শিক্ষার সামগ্রী। কত দিনের কত ঘটনায় তাঁহার এই অলৌকিক মাতৃনিষ্ঠার অপূর্ব্ব নিদর্শন স্বচক্ষে দেখিয়া মৃগ্ধ হইয়াছি—এ জীবনে তাহা কোন দিন ভূলিতে পারিব না। প্রতিবংসর নববর্ষ, দোলযাত্রা,

বিজ্ঞাদশমী প্রভৃতি বিশেষ বিশেষ পর্বাদিনে খ্রীশ্রীঠাকুরের জননীদেবীকে প্র-াম করিবার দৃশ্যটী এখনও চক্ষে লাগিয়া আছে। বিজয়াদশমী দিবসের কথাই বলিতেছি। আশ্রমের পার্ষেই পদানদীর ধারে নিকটবর্ত্তী গ্রাম-সমূহের কত প্রতিমা আনীত হইয়াছে, তীরে মেলা বদিয়াছে। সন্ধা উত্তীর্ণ হইলে কথন নিরঞ্জন হইবে, কখন শ্রীশ্রীঠাকুর জননীদেবীকে প্রণাম করিবেন, কখন সহস্র সহস্র আশ্রমবাসী মাতদেবী ও শ্রীশ্রীচাকুরের চরণ বন্দনা করিয়া প্রস্পারে স্নেহালিঙ্কনের উদ্দাম আনন্দে মাতিয়া উঠিবে—এজন্তু সকলে কতই না বাগ্র। একে একে যথন সব কয়টী প্রতিমারট বিসর্জন চট্যা গেল, তখন জননীদেবী তাঁহার প্রাণাধিক সন্থানগণকে আশীব্বাদ করিতে ধান্তত্বসাহন্তে পদ্মার ধাবে গৃহের বারান্দায় বসিগাছেন। শ্রীশীঠাকুর ভক্তমগুলী-পরিবেষ্টিত হইয়া মাতচরণ বন্দনা করিতে আদিলেন। মাতৃদ্মীপে উপস্থিত হইয়া শ্রীশ্রীঠাকুর নতজার হইয়া তাহার পাদমণে স্বীয় মন্তক লুক্তিত করিয়া লক্ষ লক্ষ বার তাহাকে প্রণাম কবিতেছেন-অগণিত বার প্রণাম কবিয়াও যেন তাঁহার সাথ মিটিতেছে না। শ্রীশ্রীঠাকুর ভাববিহ্বলেব মত কথনও মায়ের চরণোপবি মন্তক স্থাপন করিয়া তুই হত্তে পদ্ধুলি লইষা সর্বাঞ্চে মাপিতেছেন, কথনও মায়ের চরণ চুইটা দিয়া নিজের মন্তক অসংখ্যবার বোলাইয়া দিতেছেন, আবার কথনও বা পুলকাশ্রসিক্ত-বদনে জননীদেবীর পদকমল মূর্ভমূহঃ চুম্বন করিয়া আনন্দের আতিশয়ে অবীর হইতেছেন! এইভাবে ভক্তি-আগ্লুত-ছদয়ে মাতৃচৰণ-বন্দনাৰ তাহার অন্যন অৰ্দ্ধঘন্টা কাটিয়া ঘাইত। সে স্বৰ্গীয় দুগা ভাষায় প্রকাশ করা অবস্থার ৷ ধাহাদের স্বচক্ষে তাহা দেখিবার সৌভাগ্য ঘটিয়াছে, তাঁহাবাই গুণু ইহার অপুর্ব্ব মাধুষ্য হৃদয়ক্ষম করিয়া ধন্ত হইয়াছেন !

এমন মাতৃগত-প্রাণ সন্তান কেই কখনও দেখিয়াছেন কি না জানি না।
শ্রীশ্রীঠাকুব যথন পঞ্চাশং বর্ষে পদার্পণ করিয়াছেন তথনও দেখিয়াছি, নিতান্ত
শিশুর মত সর্কাশণ মায়ের কোলের কাছে থাকিতে ভালবাদিতেন, মা
কাছে বদিবা অন্ধর্যঞ্জন মাখিয়া না দিলে তাহার আহারে তৃপ্তি হইত না,
মায়ের হাতের বালা না থাইলে তাহার পেট ভরিত না, একদণ্ড মা-ছাড়া
হইলেই যেন হাপিয়া উঠিতেন—মাকে যেন নিমেষে হারাইয়া ফেলিতেন।
জননীদেবীর জীবিত-সময়ে প্রায়শ: শ্রীশ্রীঠাকুরকে বলিতে শুনিয়াছি,—
"মা-ই যেন আমার জীবত্ব। মনে হয়, মা না থাক্লে এ তুনিয়ায় থাক্তেও
পার্ব না, তাই মার জন্ম এত ব্যন্ত হই, মার কাছ ছে'ড়ে বেশীদিন থাকা
আমার পক্ষে মৃক্কিল।" মা-ছাড়া নিজের অন্তিত্ব তিনি যেন কল্পনায়ও আনিতে



স্বামীজী মহারাজ



ভ্ছুর মহারাজ



মহাব্রাজ সাহেব



স্রকার সাহেব

পূৰ্বৰতন আচাৰ্য্যগণ

পারিতেন না, তাই মা একটু দূরে গেলে বা মার শরীর অন্ধন্থ হইলে গাহার প্রাণাম্ভ কট্ট হইত। একবার জননীদেবীর চন্মরোগ হওয়ায়, রক্ত ও প্রপ্রাব পরীক্ষা করিবার উদ্দেশ্যে কয়েক দিনের জন্ম তাঁহাকে কলিকাতা পাঠান হইয়ছিল। মার জন্ম প্রীশ্রীপাকুর কেমন উৎক্ষিত হন, দেই সমযের একখানা চিঠিতে তাহার একটু পরিচয় পাওয়া গায়। প্রীশ্রীপাকুর সক্রপ্রাতা তাং পাারীমোহন নন্দীকে লিখিতেছেন—"আমার যিনি ধর্ম, অর্থ, কাম, মোক্ষ—তাঁ'রই সেবার ভার তোমার উপর দিয়েছি—প্রার্থনা করি পরম পিতার কাছে—তুমি যেন তাঁ'কে আরোগ্য ক'রে, চিরজীবী ক'রে এনে, আমার পর্ণ পজার ঘরখানা কর্মে, জ্ঞানে, প্রেমে আলোকিত ক'বে দিতে পার—আমি দিন গুণি আর পথ-চেয়ে থাকি—সে কবে—পিতা! আর কত দিন। ব্যোক্সই যেন তোমাদের ছিন্ডভাহরা একখানা ক'বে চিঠি পাই—আমার এই দীন অন্যরোধ রক্ষা করতে কি ক্রটা করবে ভাই ?"

ত্ই বংসর পূর্বের কথা। কলিকাতায় অবস্থানকালীন জননীদেবী মবণাপন্ন অক্স্থ হইয়া পড়িয়াছিলেন। শ্রীশ্রীঠাকুব তথন আহাব নিদ্রা পরিত্যাগ করিয়া বালকের গ্রায় সর্বাদা রোদন করিতেন, যাহাকেই সন্মধে দেখিতেন, জড়াইয়া ধরিয়া ক্রন্দন করিতেন, আব বলিতেন,—"আমাব মা বৃঝি বাঁচিবেন না, মাকে আপনারা বাঁচাইয়া তুলুন।" যতদিন মাযেব অস্তথ ছিল শ্রীশ্রীঠাকুব সর্বাহ্বণ উন্মত্তের গ্রায় ছুটাছুটি করিতেন; খাস, পানীয় ও ব্যবহাবের কোন ভাল জিনিস স্পর্শ করিতেন না, উদব পূণ কবিয়া একদিনও আহার করিতেন না। তথন তাঁহার সেই বিষাদমাপা মুখখানা দেখিয়া তাঁহার নিকট যাইতে বা তাঁহার সহিত কোন বিষয়ে একটা কথা বলিবার পথ্যন্ত কাহারও সাহসে কুলাইত না। তাঁহার সেই উৎকণ্ঠা, সেই ছট্ফটানি, মুহ্ মুহু: দীর্ঘশ্বাসে বিনিদ্রব্রজনী-যাপন—সেই মন্মান্তিক নিদারুণ অবস্থা ভাষায় বর্ণনা করা কঠিন।

শীশীঠাকুরের প্রাণাধিক জীবনসর্বাস্থ—'তাঁহার এ ছনিয়ার ধ্যান-ধারণাব যাহা-কিছু—দেই মাতৃদেবী আজ আর ইহধামে নাই। একমাত্র আশ্রয়ন সমল মাকে হারাইয়া আজ তাঁহার কি দশা ঘটিয়াছে তাহা প্রকাশ করিবার শক্তি আমার নাই—তাঁহার দেই প্রাণাস্তকর শোচনীয় অবস্থা কে বর্ণনা করিতে যাইবে? শীশীঠাকুরের সেই করুণ বিলাপ—'নিরাশ্রম্য', 'নিরাশ্রম্য' বলিয়া শিরে করাঘাত—'দয়াল', 'দয়াল' বলিয়া মূর্ছ মূর্ছঃ আর্ত্তনাদ—'কোথায় আমার মা', 'কোথায় আমার মা' বলিয়া করুণ রোদন—মায়ের

শয়নগৃহে প্রবেশ করিয়া তাঁহার ব্যবহৃত শ্যা-আদ্রাণ—তাঁহার মন্তকের বালিশটী বৃকে জড়াইয়া ধরিয়া বাাকুল ক্রন্দনে বক্ষ-ভাসান—মায়ের কড়-শ্বভির কথা উল্লেখ করিয়া শেংক পকাশ—কংশের শ্বাশানের দিকে চাহিয়া মা, তুই এলিনা', 'মা, তুই এলিনা' বলিয়া আকুল আহ্রান—কড়-দিনের হৃদয়-বিদারী এইরপ কড় দৃশ্য, মর্মান্তদ কড় কাহিনী যে দেখিয়াছে, যে শুনিয়াছে সেই জানে! শ্রীশ্রীঠাকুব এখন জীবয়্ত অবস্থায় কাল কাটাইতেছেন, মাতৃ-বিহনে সবই ফাক।—সবই মিথাা হইয়া দাড়াইয়াছে তাঁহার কাছে। সহস্র সহস্র মানবের যত্ত-কিছু বাথা-বেদনার বোঝা নিত্য যিনি অমান বদনে মাথায় করিয়া চলিয়াছেন—সেই পরম প্রেমিক, অক্লান্ত কমা, বিবাট পুরুষ আজ ক্ষণে কণে অসহায় শিশুর মত 'মা' 'মা' বলিয়া অক্রপাত করিতেছেন, তপ্ত দীর্মশাসের সঙ্গে তাঁহার মর্মাভেদী হাহাকার গগন বিদাণ করিতেছে। আর সর্বদা শুধু এই কথাই কত আক্ষেপ করিয়া কতভাবে কত বার কত জনকে বলিতেছেন,—"য়া'র জন্ম করিতাম সেই আমাব আজ নাই, জীবন-মৃত্যু আমাব কাছে আজ একই কথা।"

জননীদেবীর পীড়ার সময় তাঁথাব বাবহাবের জন্ম শ্রীশ্রীঠাকুর সংসক্ষ-ভবনের দ্বিতনখানা জন, বৈত্যতিক আলো ও পাথা, দেনিটারী পায়ধানা, পাট, চেয়ার, টেবিল প্রভৃতি নানা প্রয়োজনীয় আসবাব দ্বারা অতিশয় যত্ত্ব-সহকারে স্বসজ্ঞিত কবিয়া রাখিয়াছিলেন, তাঁহার একান্ত আকাজ্ঞা ছিল, মা খোলা বাতাদে দেখানে আরামে বাস করেন। বড়ই ত্ঃখের বিষয়, মায়ের অস্বথ ক্রমেই বৃদ্ধি পাওয়ায় তিনি আর সে গৃহে বাস করিয়া যাইতে পারেন নাই। এ-কন্ত শ্রীশ্রীঠাকুরের বৃক্তে শেলের মত বিদ্ধ হইয়া বহিয়াছে। মাতৃহীন নিঃসহায় সন্তান উক্তগৃহের প্রাচীর-গাত্রে খেত-মর্মরপ্রস্তরের একখানা স্বতিফলক স্থাপন করিয়াছেন এবং তাহাতে নিয়লিখিত ভাষায় মনের আবেগ প্রকাশ করিয়া মাতৃ-অভাব-জনিত নিদাকণ শোক্তে শান্তি লাভের জন্ম কি ব্যাকুল প্রার্থনাই না জানাইয়াছেন! থথা:—

রাধাস্বামী

মা !

বড় আবুল আগ্রহে উদ্গ্রীব উৎকণ্ঠা নিয়েই এই ঘর আর তার আসবাব যা'-কিছুর কাজ সমাধা কচ্ছিলাম—আশা ছিল তুমি থাক্বে—ব্যবহার কর্বে—ধল্য হব আমি—তা' হ'ল না—তুমি চ'লে গেলে—পাথিব শরীরের পতন হ'ল—আমার হতভাগ্য অদৃষ্ট কালের নিষ্ঠুর শ্লেষমলিন ধিকারে—মৃত্যুর মত জীয়স্ক হ'য়ে বইল—

মনীধীরা ব'লে থাকেন মাহ্য পাথিব শরীর ছেড়ে' গেলেও আমান বেয়ন ছিল স্ক্ষ শরীরে তেমনই প্রাণ নিয়েই বেঁচে থাকে, আবার জাতিশ্বর হ'থেও নাকি সেই মাহয় জ্মাতে পারে—

মা !

মা আমার।

দশ্বাল যদি তাই করেন—তৃমি যদি কথনও জাতিশ্বর হ'য়ে এ ত্নিয়ায়
আবার ফিরে এস—তোমার অফুকুলকে মনে পড়ে—নিরাশ্রয় ব'লে যদি
বেদনা-অফুকম্পাজড়িত হুদয় তোমার আমাকে খোঁজই করে—তৃমি এসো—
এসে এখানেই থেকো—এই সব ব্যবহার কো'রো—

তোমারই হতভাগ্য দীন সস্তান অমুকুল।

শীশীঠাকুরকে দেখিয়া ব্ঝিলাম—মা-ই এ-ছনিয়ায় জীবের যথাসর্কাস্থ,—
মাতৃ-নিষ্ঠা ছাড়া জীবন-বৃদ্ধির অমৃত-সম্ভোগ অসম্ভব; মাকে ভূলিয়াই আজ্ব
মানবের যত তুর্দ্দশা! তাই প্রাণে কত আকাজ্ঞা জাগে,—বিশের কোটী
কোটী সন্তান প্রত্যেকে মাতৃগোরবে গৌরবাম্বিত হইয়া আজ্ব যদি গাহিয়া
উঠিত, 'জয়তু জননী মে'—বৃদ্ধি ধরায় স্বর্গরাজ্য নামিয়া আসিত!

উপসংহার

অদ্ধশতাকী পূৰ্বে যে শিশু বাংলার কোন নিভূতে এক দরিত্র ব্রাহ্মণ-পরিবারে জন্মগ্রহণ করিয়া প্রকৃতির শ্লেহশীতল ক্রোডে লালিতপালিত ও বৰ্দ্ধিত হইয়া উঠিয়াছিলেন, আশৈশব যিনি লোকসঙ্গ ভালবাসেন আজীবন যিনি মানব-মনের কত বিচিত্র রহস্যেব ভেদ করিয়া অপূর্ব মীমাংসা দান করিতে প্রাণপাত করিতেছেন, যে পল্লীসস্তান আজ সেবা ও চরিত্র-মাহাত্ম্যে অগণিত মানবের হৃদয়রাজ্যে তাহাদের স্ব-প্রতিষ্ঠিত দিংহাদনে একচ্ছত্র-সমাটের আসন অধিকার করিয়া আছেন, বিশ্ববাসী মানবকুলের সর্কবিধ সমস্যার সমাধান স্বীয় বিচিত্র অভিজ্ঞতা ও তীক্ষ অন্তদ্ষ্টি-বলে নথদর্পণে রাখিয়া যিনি অন্তক্ষণ নিঃসংশয়িতভাবে দঢকঠে তাহা ঘোষণা করিতেছেন এবং এই অধংপতিত দেশের জাতীয় জীবনের সমস্যা-সমাধানকল্পে তাহার মূর্ত্ত বিকাশ সম্ভবপর করিয়া তুলিয়াছেন---আর্যাসভাতার মূর্ত্ত জীবন্ত-প্রতীক, জীবন-বৃদ্ধির অমৃতমন্ত্রের দ্রপ্তা-সেই কণজন্মা পুরুষের জীবন-কাহিনীর কত কুদ্রাদপিকুদ্র অংশ এবং তাহার যথার্থ বিবরণের কত অণুব অণু পরিমাণ যে দীন গ্রন্থকারের হুর্বল লেখনী প্রকাশ করিতে দক্ষম হইয়াছে তাহা বলিবার নয়। কত মানব-স্থ্রী-পুরুষ, বালক-বুদ্ধ, ধনী-নিধ্ন, পণ্ডিত-মুর্থ, বাঙ্গালী-অবাঙ্গালী, ভারতীয়-অভারতীয় নিতা যাহার সঙ্গ করিতেছেন—সহত্র সহত্র মানবের অজ্ঞান অন্ধকার দূর করিয়া ষিনি তাহাদের অন্তরে জ্ঞানালোক পাত করিতেছেন-কত-জনে কত-প্রকারে যাঁহার অজ্জ করুণা সতত উপলব্ধি করিয়া জন্ম সার্থক করিতেছে— নানা-সমস্যানিপীড়িত, ব্যথিত, বিক্লুর সমগ্রদেশবাসীর বক্ষে যাহার নৃতন জাতীয় আন্দোলন নবীন জাগ্রত-চেতনার বিপুল প্লাবন আনয়ন করিয়াছে — ক্ষুদ্র আমি তাঁহার সন্ধান কি করিয়া পাইব ?—কেহই কোন দিন পাইবে কি ? প্রার্থনা আমার, স্ব-মহিমায় অত্যুজ্জ্বল-জীবন মানবের এই দরদী বন্ধু অজর, অমর, চিরায়্মান্ হইয়া মানবকুলকে অনন্ত শান্তি দান করুন। আর আহ্বন, জীবনের দেই চির-বাঞ্ছিত চরম-লক্ষ্যে উপনীত হওয়ার সম্বন্ধে শ্রীশীঠাকুর অমুকৃলচন্দ্রের বাণীর প্রতিধ্বনি করত: আমরাও যুক্তকরে প্রার্থনা করি-

"नमाजू कीवन-इक्षी नित्रखद्गः श्विं विम्यूट्ड"

শান্তি। শান্তি। শান্তি

পরিশিষ্ট

প্রথম স্তবক

বাশ্য-রচনা

শ্রীশ্রীঠাকুরের স্থল-জীবনে রচিত অসংখ্য কবিতা, গান ও নাটকাদি হইতে বিন্নে যংকিঞ্চিং উদ্ধৃত করা হইল। বচনাগুলি তাহার তৎসময়ের স্বহন্তবিশিত একখানা জীর্ণ থাতায় যেমন পাওয়া গিয়াছে কোনরূপ পবিবর্ত্তন না
হার্যা অবিকল তাহাই প্রকাশিত হইল।

5

It was written when my sister died

কোথা কোথা মোর প্রাণের ভগিনী কোথায় লুকায়ে আছরে তুমি দাদা কি ভোমার এডই পাপী তাই দেখিবে না জীবনে তুমি। দেখিব না কিরে ও চারু বয়ান দেখিব না কিরে জীবনে আর. শুনিব না কিরে ও স্থধা বচন জুড়াবে না কিরে জীবন মোর ? সর্বদা বহিছে জীবনে আমার 'কি ভীষণ আহা চঃখের স্রোত থামিবে না কিবে জীবনে আমার সে ভীষণ আহা হুংখের সোঁত থামিবে না কেন ? থামিবে না আর। জুড়াইয়া যাইত মনের ব্যথা থামিয়া যাইত জীবনের মত শুনিতাম যদি চাঁদের কথা। श्वनिय ना जात क्रिकार महारे ভবের পারে জীবন আমার कुड़ारव ना जात किन्दि नहारे ভবের অনলে পরাণ আমার।

Ş

It was written when my mother chid me. কেন গো মা হেন ভাব সম্ভানের প্রতি. কি দোষ করেছি মাগো চরণ কমলে ? সদাই কেন গো হেন কোপ মম প্রতি. সদা গালাগালি কেন কর বরিষণ ? আমি কি গো পুত্র নয় তোমার জননী. গর্ভে কি গো ধরনি মা অভাগা সম্ভানে ? আর আর যত তব পুত্রদের প্রতি, সদাই সম্ভোষ ভাব দেখাও জননী। তারা যদি কাছে এসে ডাকে মা মা বলি. প্রশান্ত হৃদয়ে মাগো উত্তর প্রদান। আমি যদি কাছে এসে ডাকি মা মা বলি, মোর ভাগ্যে ভধু ছাই দস্ত কড়মড়ি। পিতার নিকটে যদি যাই গো জননী, মিষ্ট কথা শুনিবারে মনের উল্লাসে. তিনিও কঠোর বাক্য প্রয়োগি আমারে. দুর ক'রে দেন মোরে সে স্থান হইতে। মিষ্ট কথা ভালবাসি আমি গো জননী. তাই সাধ যায় মম মিষ্ট শুনিবারে। যেই গো জননী মোরে বলে মিষ্ট ভাষ. অমনি তাহার আমি হই পদানত। ঈশবের কেন গো মা এ কঠিন রীতি যে-জন যাহা চায় ভাহা নাহি পায় কেন ?

৩

পিতৃমাতৃহীন বালক

একটু দাঁড়াও দেবী একটু দাঁড়াও

একটু দাঁড়িয়ে হেথা

দেখ মোর মনোব্যথা

সাধনা করহ মোরে একটু দাঁড়াও

একটু দাঁড়াও দেবী একটু দাঁড়াও।

হের মোর মুখখানি
ভরা যেন হঃখ খনি

তুলে দেও তু:খগুলি একটু দাঁড়াও, একটু দাঁড়াও দেবী একটু দাঁড়াও।

মাশ্বের মূরতি যেই তোমার মূরতি সেই মা ব'লে ডাকিব তোমা একটু দাঁড়াও একটু দাঁড়াও দেবী একটু দাঁড়াও।

মা বলিতে বড় সাধ তাহাতে না সেধ বাদ পুরাইব সাধ আজি একটু দাড়াও, একটু দাড়াও দেবী একটু দাড়াও।

পুত্র বলি ডাক মোরে শুনে ভাসি স্থথ নীরে মিটে যাক্ আশা মোর একটু দাঁড়াও একটু দাঁড়াও দেবী একটু দাঁড়াও।

ওকি দেবী গেলে চলে

দাঁড়ালে না পুত্র ব'লে—

মেও না ষেও না দেবী একটু দাঁড়াও,
একটু দাঁড়াও দেবী একটু দাঁড়াও।

ভন মরমের বাণী, কণ্ঠাগত মোর প্রাণী পায় ধরি দেবী তব একটু দাঁড়াও একটু দাঁড়াও দেবী একটু দাঁড়াও।

বাল্যাবধি মা আমার ছেড়ে গেছে অভাগার মা বলার কেহ নাই একটু দাঁড়াও, একটু দাঁড়াও দেবী একটু দাঁড়াও।

তাই সাধ দেবী তব একবার মা ডাকিব আহলাদে ভাসিবে প্রাণ একটু দাঁড়াও, একটু দাঁড়াও দেবী একটু দাঁড়াও।

R

ভালবাসা চাই কভু এ কথাটী বল না
ভালবেসে অবশেষে পথে পথে কেঁদ না :
ভালবাসা বিষে ভরা
নাই এতে শান্তিধারা
প্রলোভনে ভূলে ক ভূ কেও ভালবেস না
এতে শুধু অশুজল
থাকে নাক হদে বল
অবশেষে হদিমাঝে পাবে শুধু যাতনা।

4

মাভাপিভাই দেবভা

দেখিতে কি পাও জীব এ মহীমণ্ডলে ঈশ্বর কাহার নাম ? লোকে যারে বলে। তুমি যদি সে ঈশবে দেখিতে নাবিলে **क्यान कितार कृत रम भा-क्याल** ? আমি বলি ভ্রম এ বিখাস। মাতা পিতা দেব দেবী এই ধরাতলে. পূজ জীব তাঁদের তুমি ভক্তিফুলদলে। তাদের পৃজ্জিলে যাবে মনোবিকার ধর্ম অর্থ কাম মোক্ষ পাবে অনিবার। যেইজন মাতৃপূজা করে ধরা মাঝে, কি করিবে শোকে, তু:খে আর মায়া সবে নিয়ত প্রফুল্লচিত্ত থাকিবেক তার স্থাপহ হৃদয় মাঝে মুরতি তাঁহার, মাতৃপূজা কর জীব কর্ম যাবে কাটি অনায়াদে পাবে স্বৰ্গ বলিলাম থাটি। धवनी উপবে তুমি যেদিকে চাইবে, পিতামাতা ভিন্ন তুমি কিছু না দেখিবে। পিতামাতা সর্কময় দেখ নিরখিয়া, পুজহ তাঁদের জীব খুলে দিয়া হিয়া। মাতা স্বৰ্গ মাতা ধৰ্ম মাতাময় সব মাতা ভিন্ন একগতে সকলই শব।

স্জন পালন তারা করেন জগতে তাঁরা ভিন্ন এ জগতে কে পারে রক্ষিতে গ জালহ প্রদীপ জীব হিয়ার মাঝারে. সমস্থা সকল তুমি ফেলে দাও দুরে। যদি জীব ঘরে বদে চাও সিদ্ধ হতে মা-রবটী কর সার এ ছাব জগতে। মা ব'লে পরাণ ভরে ডেকে দেখ দেখি ইহা ছাড়া কিছু নাহি চাবে প্রাণপাখী। যতই ডাকিবে জীব প্রাণ ষাবে গলে, মনে হেন বোধ হবে হাতে স্বৰ্গ পেলে। মা-রবটী প্রাণভরে কর উচ্চারণ যাতনা সকল যাবে ছোবে না শমন। স্পরীরে দেব দেবী থাকিতে মহীতে. নিবাকার দেবে জীব চাও গো পজিতে ? এখনও বলি গো তোরে ওবে ভ্রাস্ত মন. ভ্ৰান্তি-অতলগতে পড়ো না কখন। মাতপদ কর সার এ ছাব জগতে যদি তুমি স্থালয়ে চাও গো যাইতে। মা মা বলে প্রাণ-খুলে ডাক উচ্চৈ:স্বরে, শমন তোমার কাছে রবে গোড়করে, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর যত দেবগণ মা-রব তাদের কাছে অমূল্য রতন। এ হেন সাকার দেবে নাহি পুঙ্গে যেই নিকট শমন তার জানে যেন সেই॥

আর কি আসিবে পুনঃ

থে গেছে চলে।
ভাসাথে আমাবে গেছে

নয়নজলে॥
তৃষানল সম জলে
হিয়াথানি পলে পলে
আর কি পাব গো তারে
শাস্তির জলে।

S

এই যে মধুব নিশি
দশ দিশ হাসি হাসি
অভাগীর হাসি নাই
সে গেছে ছলে॥
মধুর বিহল গান
ভনে কেন জলে প্রাণ
কে দিবে গো শান্তি দান
সে গেছে ভলে॥
মিছে কাদাকাটি করা
এ কপালে তুঃথ ভরা
ভধু ভাসে আঁথিতারা
নয়নজলে॥

٩

আমি কত আর কি গাহিব রে— সংসারে তদিন রব— কত হাসিব খেলিব— কত নাচিব কাদিব--কত মুখ তুগ সহিব রে॥ কত তপন কিরণ কত নিশির স্বপন কত মনেরি মলিন धोत्र धौत्र फुनिया यात्र त्र ॥ কত প্রশান্ত হাদয় কত স্থথেরি আলয় কত কত হিমালয় কালেরি সাগরে যাবে মিশে রে। কত হৃদয়ের আশা কত কত ভালবাসা কত চির স্থথ আশা গাহিবে স্থতান ধরিয়া রে ॥

- איב הצגרינ הו המציגו) 42 7-1-4 (2x4x) 2431-247470 -12034- 1478 5770 -13N- -FF18 3721-Andrew Res -LADINO EN EN (2) - 2) Les (E) X 500--1218-COTO TYNEYU-286- N. So 51-121-てはしましのしかしはアカプター 8121-02. \$1.40m JEIL וויבלב פאמים מאנגנגב

> Bry Annkert eh. chakmen

শ্রীশ্রীঠাকুর অমুকূলচন্দ্রের বাল্যরচনার হস্তাক্ষরের প্রতিলিপি (১৩১০ সন)

|-

(আমি) যাহারে ভালবাসিয়াছি
সেই ত আমাব ছলেছে হিয়া।
কভই বলেছে "আমি যে তোমারি"
বাথার সময় গেছে পলাইযা॥
যাবে চুমেছি আকুল পরাণে
সেই ত ছিঁডেছে মর্ম্মটা টেনে।
বক্ষে আবেগে তুলেছি যাহারে
সেই ত গেছে পদ প্রহারিয়া॥

(ওগো) প্রিয় কতৃ চাহিনি ভোমায
তাই বলে তৃমি ছাড়নি ত হায়।
মোব না চাওয়ায় স্কথে চথে হায
তৃমি ত কপন যাওনি ফেলিয়া।
তৃমি প্রিযতম জেনেছি আমারি
বেদনায় তৃমি আবও যে আমারি
সকলেই চেডে গিয়েছে আমারে
তমি ত কপন যাওনি ছাডিয়া।

(प्रवयांनी माउक

প্রথমাক,--->ম গভাক

দৃশ্য-ইন্দের মন্ত্রণাভবন ॥ ইন্দ্র, যম, বায়, বরুণ ও অগ্নি।

ইন্দ্র। মৃত্যুপতি! কতদিন আর

সহিতে হইবে এ ভীষণ অপমান।

দৈত্য-বণে বার বাব পরাজিত

মোরা। দেবকুল এতই তুর্মল?

হায় মৃত্যুপতি! ইচ্ছা হয় মোব

ছাড়িয়ে স্বরগ-রাজ্য যাই চলে

নিবিড় কাননে। এ ভীষণ অপমান

সহ্য নাহি হয় আর। দেব ব'লে

অহন্ধার কোরেছিছ (একদিন)

তাও এবে গেল থব্ব হ'য়ে। হায়

চক্রধর, দেবগণে এতই বিরূপ ৪

হায় বংশীধারী, কিবা দোষে দেবগণ দোষী। বার বার কত কষ্ট দিয়াছ দিতেছ তবু কিহে মিটে নাই সাধ ?

যম। ক্ষান্ত হও সহস্রলোচন বিপদে ধৈবজ ধর। করহ মন্ত্রণা এবে কেমনে হ'বে ধ্বংস দৈতা নিশাচর।

ইন্দ্র। মৃত্যুপতি! কি মন্ত্রণা
করিব আবার।
কিছুই না হইবে সফল
সকলি নিক্ষল হবে।
ছত্রভঙ্গ দৈত্যদল হবে না
কখন। কেহ না মরিবে
কভু, যত দিন শুক্রদেব আছেন তথায়।
তাই বলি মৃত্যুপতি,
স্থ-স্থ কাণ্য ছেড়ে দিয়ে মোরা
চল সবে যাই চলে
নিবিড় কাননে॥
হায় বিধি! কেনই বা
হযেছিত্ব অমর আমরা প

বায়। ভীম পরাক্রমে মোরা পশিস্থ সমরে, কিন্ত দেবরাজ, সকলি নিক্ষল হলো, অবশেষে প্রাণ লয়ে আইফু চলিয়ে।

বরুণ। দেববান্ধ, কি বলিব আর।
ভাসাহ সমর ক্ষেত্র
জ্ঞলের কল্লোলে
ভাতে নাহি দৈত্যদল
. টলিল ভিলেক.

অবশেষে কিছুক্ষণ
করি ভীম রণ, ভঙ্গ
দিয়া আই ও চলিয়া হেথা।
দেবরাঙ্ক! হের প্রাণে
নাহি আর সাধ।
ইচ্ছা হয় যাই চলে
নিবিড় কাননে।
অগ্নি। বলবীধ্য সব চলে
গেছে দেবরাঙ্ক,
প্রাণ মোর কণ্ঠাগত,
উপায় বিধান এবে
কর শচীপতি।

যম। দেবগণ! বিপদেতে
এতই ত্র্বল, মন্ত্রণা কি
নাহি জ্ঞান কেহ ?
চল মোরা যাই সবে
রক্ষ-দল পাশে,
পায় ধরি ঘাট
মাগি মোরা।
হায়রে, ত্র্বল দেবকুল!

ইন্দ্র। কেন মৃত্যুপতি ! বুথা আর গঞ্জনা দিতেছ ? হয় নাই কিহে এবে গঞ্জনার শেষ !

যম। কেন শচীপতি ?
ভক্রদেব সঞ্জীবনী
জানেন মন্ত্র। যদি
মোরা কোন মতে
পারি শিথে নিতে
সৈই মন্ত্র শুক্রদেব পাশে,
তাহা হলে জেন শচীপতি,
অনায়াদে পাবে ধ্বংদ সেই রক্ষ-দল।
কেমন হে দেবগণ ?·····

দ্বিতীয় স্তবক

সংকীর্ত্তন গান

পঞ্চম অধ্যায়ে কীর্ত্তনের সমযের কথা আলোচনা করা ইইয়াছে। তথন এক-একদিন সকাল হইতে আরম্ভ হইয়া সারাবাত্ত কীর্ত্তন চলিত। শ্রীশ্রীঠাকুর কীর্ত্তনের মধ্যে অপুর্ব্ত নৃত্য-ভিক্ষমায় আত্মহারা হইতেন, সন্ধিগণও সকলে তন্ময় হইয়া পড়িতেন। দিবাভাগে বেলা ক্রমে বাড়িতে থাকিলে মাটী অতান্ত গরম হইয়া উঠিত কিন্ধ কীর্ত্তনের বেগ কিছতেই মন্দীভত হইত না. বরং বৃদ্ধি পাইত। ইহাতে জননীদেবী প্রায়শঃ অত্যন্ত অস্থির হইয়া পড়িতেন, তাহার আদেশে কীর্ত্তনের উঠানে জল ঢালিয়া দিয়া তাহা সিক্ত ও কর্দ্ধমাক্ত করা হইত। এক-একদিন গভীর রাত্রিতে কীর্ত্তন অন্তে শ্রীশ্রীঠাকুর ভাব-বিহ্বল অবস্থায় বিশ্রাম করিতেন। তখন কোন-কোন দিন তাঁহার লোমকূপ হইতে পিচ কারীর মত আলোকরাশি বিচ্ছরিত হইতে থাকিত এবং ভাহাতে গৃহখানা অপূর্ব্ব দীপ্তিতে উজ্জ্বল হইয়া উঠিত। সেই কীর্ত্তনের যুগে নিকটবন্তী বহুগ্রামে শ্রীশ্রীঠাকুরেব চেষ্টায় অনেকগুলি কীর্ত্তনের দলের স্বষ্ট হয়। তাঁহার উৎসাহ ও অফপ্রেরণায় সকলেই কীর্ত্তনে এমন মাতিয়া উঠিয়াছিল যে, কীর্ত্তনের উৎকর্ষ লইয়া দলগুলির মধ্যে ভীষণ প্রতিযোগিতা পর্যান্ত চলিত ৷ শ্রীশ্রীঠাকুর সেই সময় বিভিন্ন গ্রামের কীর্ত্তনের দলের জন্ম যে সকল সঙ্গীত বচনা করিয়া দিতেন তন্মধ্যে কয়েকটী নিমে উদ্ধাত করা হইল।

۵

এদ পতিত-পাবন গুরু গো
ভক্তি-মৃক্তি-করে।
এদ গো গুরু, বদ গো গুরু থাক হৃদয় 'পরে॥
অজ্ঞান-আধার ঘুচাযে দাও গো
জ্ঞানাঞ্চন কর দান
(তোমার) প্রেম-পুলকে ভাদাও হৃদয়
নাচিয়া উঠুক্ প্রাণ;
তৃমি জ্যোতির্ময়রূপে হাদ গো
হৃদয় আকাশে ভাদ গো
আজি তোমারি দীন হীন তনয়
ভাকিছে আবেগ ভরে॥

Ş

জাগরে মন জাগরে মন ঘুমায়ো না আর। একবার ভুলিয়ে সকল, প্রেমে হইয়ে বিহবল. इर्त-कृष्ध इर्त्र-कृष्ध इर्त्र-कृष्ध वन. (ও মন) হরে-ক্লফ ভূলে তুমি ঘুমাযো না আর ॥ কেমন মধুমাখা নাম, শাস্তি ঝরে অবিরাম. যেমন জালা হোক না হরি-নামেতে আরাম. ও মন হরে-কৃষ্ণ মধুর নামটা ভূল নাক আর ॥ ও মন মরার মত আর. ঘুমে থেক না অসাড়, **ब्ह्रिंग हरत-कृष्य हरत-कृष्य वन व्यनिवाद,** मनदा रदा-कृष्ण नाम विना जीवाद भाष्टि काथ। यात्र ॥ তুমি যাদের ভাব রে আপন, তারা কেহ নয় আপন, স্থপন ভাঙ্গলে ফাঁকি দিয়ে পালাবে তথন, তথন হরে-কৃষ্ণ নাম বিনা ভবে বন্ধু নাই রে আর ॥

9

জয় রাধে রাধে রুফ রুফ
গোবিন্দ গোবিন্দ বল রে।
রাধে গোবিন্দ গোবিন্দ গোবিন্দ গোবিন্দ
গোবিন্দ বলে সদা ডাক রে।
ছাড় রে মন কপট চাতৃরি
বদনে বল হরি হরি
রাধে গোবিন্দ নামটী বদনে লইয়ে
নয়ন-নীরে সদা ভাসরে।
ছাড়রে মন ভবের আশা
অজপা নামে কর রে নেশা,
হরি নাম পরম ব্রন্ধ জীবের মূল ধর্ম
অধর্ম কুকর্ম ছাড় রে।

8

আজি এত দিন চলে গেল উন্মেষ নাই. কাহার অমিয় নামে প্রাণ জাগাল ভাই। শুনিয়া প্রেমমাখা হবে-ক্ষ নাম. পরাণ কেমন করে নাহি আরাম. নাহিক নয়নজল মরার বিশ্রাম. হবি যত বলি তত বলি চাই॥ হাদয় আকুল মম প্রাণ বিকল হরিবল বোল বিনে মন চঞ্চল. কে আছিন কোথায় তোরা হরি হরি বল হরি বিনে আর সম্বল ত নাই॥ পাপী তাপী তোৱা কেন হতাশ হরি হরি বল পুরিবে আশ আকুল প্রাণে বল হরি ঘূচিবে ফাস, আনন্দে আনন্দে ভাসিবি ভাই॥ কিশোরীর ভীতি দেখে বলেন হরনাথ কাদিয়া কেন প্রাণে করিস আঘাত, আনি তোর অন্তকুল জন্ম মরণের সাথ হরি হরি বল কোন ভয় নাই ॥

æ

হবে-কৃষ্ণ নামে উঠ বে মাতিযা।
বল বম্ বম্ হবে কৃষ্ণ হবি,
দিযে করতালি নাচিয়া নাচিয়া॥
ভীষণ গভীর ভৈরব তানে,
গাহ হবে-কৃষ্ণ সবে প্রাণে প্রাণে,
জড় ও চেতন যে আছে যেখানে,
ত্রিভূবন নামে উঠক ধ্বনিয়া॥
প্রতি প্রাণে নাম উঠক জলিয়া,
শান মশান উঠক তাণ্ডব নাচিয়া,
ভূত প্রেত সনে থিয়া থিয়া॥

নর কপালে তোরা দেরে দেরে তালি. ঠোকাঠকি হো: হো: হাস হাস খালি. हाः हाः हिः हिः हाः हाः वन कानी कानी. হবে-কৃষ্ণ বলি পড় বে ঢলিয়া॥ ভীম অটুহাসে গগন বিদারি. ঈশ-সিংহাসন ফেলক আলোডি. সজোরে ছিনাযে লয়ে আত্মক হরি. থাকুক বিশ্ব স্বরগ হইয়া॥ জলুক ধক ধক ঘোর-রবা জ্যোতি:, বিশ্ব ঝলসিয়া ফেল ক সে ভাতি. নতুবা হবে না সত্ব পানে মতি, বজানলে পাপ যাউক পুডিয়া ॥ আয় কে বা দিবি মহাবীর প্রাণ, হৃদপিও নামে আছতি প্রদান, তবেই জাগিবে বিশ্বের প্রতি প্রাণ. নতুবা যে গেছে সে গেছে ডুবিয়া॥ হরনাথ বলে শুনরে কিশোরী. বল প্রাণ খুলে হরে-ক্লফ্ষ হরি, কবালেব বক্ষ ফেলরে বিদারি. থিয়া থিয়া বিশ্ব নাচাও নাচিয়া॥

৬

ত্নিয়াদারীর খেলা ভাব্লে পাগল হয়ে যাবে।
আজ যে নেশায় বিভোর হয়ে আপন ভৃ'লে র'বে
কাল সে নেশা ছুটে গিয়ে অক্লে ভাসিবে।
আজ যে খাটে ফুলরাণী কোলে নিয়ে ঘৢমাবে,
কাল হয়ত সে কোলের কাছে শ্মশান দেখ্তে পাবে।
আজ যে তোমার ননীর গোপাল আদেবে নাচাবে,
কালকে তাহার পচা মাংস শেয়াল শকুনি খাবে।
আজ যে ফুলরী রূপের গৌরব করিয়ে বেড়াবে,
কাল দেখ্বে সে খাদা কুৎসিৎ ভিক্ষা মেগে খাবে।
আজ যে ফুলর রূপটা দেখে (আদরে) কোলে তৃলে নেবে,
কালকে পচা কুষ্ঠ দেখে (নাকে) ক্ষাল দিয়ে পালাবে।

তাই বলি ভাই হরি বল কাজ কি আর গরবে অ—বলে কিশোরী তোর সবই মিছে ভবে, হরে-কৃষ্ণ বল রে যদি হুখে ভব পারে যাবে।

٩

আমি বেদ-বিধি ছাড়ি বেদনাহারী হরিনাম দদা গাইরে। হয় হোক মম লক্ষ জনম তাহে কোন ক্ষতি নাই রে॥ ঘনাম্বনিন্দিত শাস্ত স্থনীল মূৰ্ত্তি যেন ভুলি নাক তিল, নিত্য নৃত্য করে যেন মোর চিত্ত যমুনা-পুলিনে রে॥ সন্ধ্যা আমার বন্ধ্যা হউক তাহে নাহি কোন শোক, তৰ্পণ-জল অৰ্পণ বিনা রোধুক পিতৃলোক, ঘোষুক জগতে নিন্দা খ্যাতি, তোষুক রোধুক স্বন্ধন জ্ঞাতি, আমি কিছুতেই বিমল ভাতি ভূলিতে নাবিব ভাই বে॥

ক্ষ্ম পরাণ চাহে গোবিন্দনামায়তে সদা ভাসিতে
মুগ্ধ মানসে আত্ম ভূলিয়ে
হরি হরি বলে নাচিতে।
চাহি নাক আর শৌর্যাবীর্যা
চাহে না পরাণ বিশাল রাজ্য
ধর্ম অর্থ কাম সকলই ত্যক্তা
মোক্ষের মুথে ছাই রে ॥

b-

এত ডেকে গেল তোরা ফিরে চাহিলি না। ভীষণ মোহের ঘোরে আঁধারে অবশ বলি, জ্যোতিঃ এল চেয়ে দেখিলি না॥ আসিল গো সে আমার লয়ে প্রেম-প্রীতিহার
পরাতে গলায় আহা মুছে অঞ্চজন।
(তোরা) কি ঘোর আবেশে রলি, দিলি নাক কোলাকুলি
প্রিয়তমে বুঝেও বুঝিলি না ॥
জরামৃত্যু পাপভার নিয়ে গেল সে আমার,
দিয়ে হরিনাম-স্থা নিল রে গরল।
যে নাম শ্বরণ-ফলে, স্থুভি গায় রিপুদলে,
পাপ তাপ কিছু থাকিল না ॥
তোদেরই রোদন-ধ্বনি শুনে কেঁদেছিলেন তিনি,
তুথে পরিত্রাণ দিতে তাই এসেছেন।
আহা কেঁদে পায় ধরে, দিল প্রেম ঘরে ঘরে,
(আর)

2

(ওরে)

থেতে হবে আর দেরী নাই।

পিছিয়ে পড়ে রইবি কত সদীরা তোর গেল সবাই॥

আয়রে ভবের খেলা সেরে

আধার করে এসেছে রে

পিছন ফিরে বারে বারে কাহার পানে চাহিস্ রে ভাই॥

থেল্তে এলে ভবের হাটে,

নৃতন লোকের নৃতন খেলা,

হেখা হোতে আয়রে সরে

নইলে তোরে মার্বে ঢেলা।

নাবিয়ে দেরে প্রাণের বোঝা

আর এক দেশে চল্ রে সোজা,

সেখা নৃতন ক'রে বাধ্বি বাসা নৃতন খেলা খেল্বি সে ঠাই

50

আয়রে আয়রে আয় আয় আয়রে কোলে আয় ।

দেখে সজল নয়ান করুণ বয়ান পরাণ ফেটে যায়

(আমার হাদয় ফেটে যায়) ॥

(আহা) অমল ধবল সরল হিয়ায়
তোদের কত বাথা লেগেছে হায়,
আয় বুকে নিই, আঁখি মুছে দিই,
(আহা ওরে) পেট জলে বুঝি গেছে কুধায়,
ছাতি ফেটে বুঝি গেছে তৃষায়॥
কত ডেকেছিস্ তাও আসি নি,
চোথে রেখেছি সাড়া দিই নি,
আমার প্রিয় মোর আয় চিতচোর
তোদের বুকে নিলে ওরে প্রাণ জুড়ায়॥
জীবন-সম্বল পরাণ-পুতুলি
আয় কেন তৃঃখ আকুলি ব্যাকুলি!
সব ব্যথা যাবে চির শান্তি পাবে
দেখিস্ স্থেখ তৃথে যেন না ভুলায়॥

তোমারই চরণ করিয়া স্মরণ চলেছি তোমারি পথে। তোমারই ভাবেতে ভাবিব তোমারে আশা করি মনোরথে ভেঙ্গে চূরে যাক্ যতেক বাসনা, তীত্র গভিত্তে চলুকু সাধনা।

(মম) মানস নয়ন জেগে থাকে যেন গ্রুবতারা তব সাথে॥ শত পদাঘাত সহিয়া বক্ষে, আসিযাছি পিতা তব সমক্ষে,

হৃদয় আমার জলে পুড়ে গেছে অবহেলা উৎপাতে॥
(তাই)

এসেছি অমৃত তোমারই দারে

(মোর) ঝবে আঁথিজন শতেক ধাবে পাপী তাপী বলে ঘ্ণাই পেয়েছি, আশীষ্ পাইনি মাথে॥ জেনেছি দয়াল প্রেমপরাংপর

(তোমার) পাপীর ব্যথায় আঁথি ঝর ঝর তৃহাত প্রদারি হে অমৃত প্রেমী লহ কোলে রাথ সাথে॥

25

মহাশক্তি ঘুমায় তোর হৃদয়ে
তুই কেন রে মড়ার মত;
একবার রাধা-নামের ধ্বনি দিয়ে
শক্তিটাকে জাগিয়ে নেত।



ভাবসমাধি-ফানের অভ্যতম দৃশ্য ্শ্রীযুক্ত কিশোরীমোহনের বাড়ীর আমুরক্ষতন :

(আমার) মন্দাদৃষ্ট বলে কেন

(তুই) থাকিস্ ওরে বসে হেন,

(ও তুই) রাধা বলে ডাক্তিস্ যদি ভাগ্যলিপি বদলে যেত।

(তুই) যা না ওবে আপেন ভূলে
ভাক্ না বাধা পরাণ খুলে
ভাথ তোর ধ্যানে বাধা জ্ঞানে বাধা
মন বাধা-ছাড়া করিস না ত।

(তুই) হুদাকাশে দেখু না চেয়ে

(হায় রে) কালমেঘে গেছে ছেয়ে
ও তুই রাধা-নামের শিক্ষে ফু কৈ
মেঘুপানি গলিয়ে দেত।
মধুর প্রেম-ভক্তির বৃষ্টি-ধারায়
দেখ বি জগত কেমন ভাসায়
ওই মেঘুপানি সব বর্ষে গিয়ে,
হবে বিশ্বপ্রেমে পরিণত।
হরনাথ* বলে কিশোরী রে,

থাকিস্ না আর ঘুমের ঘোরে। সবার অমুকূল সেই শক্তি, জাগ্লে ভয় থাকে না ত।

ুল্লে প্রাক্তর প্রক্রান্তর ভণিভার "হরনাথের" নাম দৃষ্ট হর। শ্রীপ্রীচাক্রের কীর্তনের বিশে প্রাক্তর হরনাথের" নাম বক্সদেশে বিশেষ প্রাক্তি লাভ করিরাছিল। ভারতের নানাপ্রদেশের বহুলোক তথন এই মহাপুরুষের শিশ্ব হইরাছিলেন। প্রীপ্রীচাক্র মন্তুক্তারের কীর্তনের দলের মুখ্য ব্যক্তিগণ—শ্রীমুক্ত কিশোরীয়োহন, বছুনাথ পাল, কোকন, ভরণী প্রভৃতির অন্তরে ইপ্ত-নিষ্ঠার বীজ অন্তর্রিত করিবার মান্দে বুবক অন্ত্রুক্তান্তর সর্বদা বিশেষভাবে তাহাদিগের নিকট চাকুর হরনাথের সম্বন্ধে আলোচনা করিতেন, ওাহার উপদেশবিলী ও ক্যারনাথের গীতা পড়িরা ওনাইতেন, এমন কি হরনাথের সক্ষ করিবার জন্ম ভাহাদিগকে নথ্যে মধ্যে উহার নিকটে পাঠাইরা দিতেন। শ্রীপ্রীচাকুর এই সমর 'হরনাথের' নাম বোজনা করিরা স্বর্লিক অনেকগুলি সঙ্গীত প্রচার করিরাছিলেন। কোন কোন সলীতে 'হরনাথের' নাম বাজনা করিয়া সর্বিক অনেকগুলি সলীত প্রচার করিরাছিলেন। কোন কোন সলীতে 'হরনাথের' নাম বাজনা কিশোরীযোহন-প্রমুখ উক্ত ব্যক্তিগণ প্রার্শ: চাকুর হরনাথের সক্ষ করিতে করিতে চাহার নিকট অনুক্তান্তরের অপরিসীন ভণ্যামের সন্ধান জানিতে পারিরা আতে আতে ভাহার প্রতি আকুই হইরা পড়েন এবং অবশেষে উছিকে শ্রীগুরুপদে বরণ করেন।

তৃতীয় স্তবক

শ্রীশ্রীবিশ্বগুরু-ভাবির্ভাব মহামহোৎসবের ভাহবান-পত্র

সদসদ্ ভেদাতীতং পরমপুরুষমেকং।
তারমিতুমবতীর্ণং নিখিল মানবকুলং॥
ধৃত-সহজ্ব-সমাধি-আনন্দ-ঘনমূর্ত্তিম্।
প্রেমবিগলিত-চিত্তং বিশ্বগুরুং তং নমামঃ॥

বছস্থানে বছরূপে অংশ মাত্র যাঁর ঘোষিত হতেছে এবে বলি অবতার, নিধিল মানবকুল উদ্ধার কারণ যে নরবিগ্রহে তাঁর পূর্ণ প্রকটন। ইচ্ছামাত্র সর্ব্ব উচ্চ সমাধি মগন হ'য়ে ষেই করে ভাব-বাণীর ঘোষণ; পরমপুরুষ সেই সর্ব্বভেদাতীত, জীব তরে হ'য়ে প্রেমে বিগলিত চিত; ঘনানন্দ মূর্ত্তি ধরি কৈল আগমন, পাপী পায় শাস্তি যাঁরে করি দরশন; হেন সে শ্রীবিশগুরু বিগ্রহ মূর্বতি সাষ্টাল্ধে শ্রীপদে তাঁব করিগো প্রণতি॥

বর্ত্তমানকালে ত্রিতাপক্লিট জগত শান্তি শান্তি করিয়া ব্যাকুল হইয়াছে। সর্ব্বধর্মের সাধক মনীধিগণ এমন এক মহাপুরুষের আবির্তাব প্রতীক্ষা করিতেছেন ধিনি এই ধরাধামে শান্তি-বারি সেচন করিবেন। খ্রীষ্টান বলিতেছেন ধীশু আসিবেন, মৃলমান বলিতেছেন ইমাম মেহেদি আসিবেন, বৌদ্ধর্মাবলম্বীগণ বলিতেছেন মৈত্রেয় আসিবেন, হিন্দু বলিতেছেন কে আসিবেন জানি না—তবে এক মহাপুরুষের আগমনের পূর্ব্ব লক্ষণসমূহ প্রকাশ পাইতেছে বটে। কোনও কোনও সাধক এমনও বলিতেছেন যে, তাঁহার আগমন হইয়াছে, কিন্তু এখনও তিনি গোপনে আছেন, শীন্ত্রই আত্মপ্রকাশ করিবেন। ইহার স্থির সিদ্ধান্ত এখনও কেইই করিতে পারিতেছেন না।

কিন্তু আমরা জানি তিনি এবার আর একাধারে নহেন—সমস্ত পৃথিবীর জন্ত বহুভাগে বিভক্ত হইয়া বহু স্থানে বহু মহাপুরুষরূপে অবতীর্ণ হইয়াছেন।

শ্রীবিবেকানন্দ সর্বাধর্ম-সমন্বয়কারী শ্রীশ্রীরামক্লফে 'যে শক্তির উল্লেষ্মাতে দিগ দিগন্তব্যাপিনী প্রতিধানি জাগরিতা' দেখিয়া 'ভারার পর্ণাবস্থা কল্লনায় অন্তভব' করিতে বলিয়াছিলেন, আজি বিশ্বমানবের সেই পরিপূর্ণ মহাশক্তির পূর্ণ লীলা-দর্শনের সময় উপস্থিত। উহা আর কল্পনার বিষয় নাই, এই বাত্তব জগতে উহার অভিনয় আরম্ভ হইয়াছে। পুণ্যালোকোদ্ভাসিত কোটা-কোটী-সূর্য্যকিরণ-সমুজ্জল আনন্দময় দিব্যধামে গমনের স্থবণ সোপান প্রস্তুত--দিব্যধাম-নিবাসী দৃত্র্গণ দ্বারে দণ্ডায়মান, দ্য়ালু মহর্ষিগণ পতিতোদ্ধারে প্রসারিত-হস্ত, সত্যলোকবাসী মুক্ত পুরুষগণ, দ্বারে দ্বারে প্রেমম্বধা বিতরণে নিযুক্ত। যদি এই মহাপ্রেমের আকর্ষণে আক্ষিত না হও, যদি ব্রন্ধবির প্রসারিত-হস্ত উপেক্ষা কর, যদি দ্বারে-প্রস্তুত রুধ প্রত্যাখ্যান কর—তবে তোমার গভীর যন্ত্রণায় সমবেদনা প্রকাশ করিবার জন্ম একটাও প্রাণী বিশ্বমান থাকিবে না। হয়ত থর্ব্ব-নিথব্ব যুগব্যাপী মজানতার ক্রোড়ে মহানিদ্রায় অভিভূত থাকিবে এবং কে জানে কত যুগ-যুগাস্তর, ক্রীড়াপুত্তলিকার ন্যায় পরিচালিত হইবে। বছস্থানে বছভাগে আবিভূতি মহাপুরুষগণের নেতৃত্ব-গ্রহণের জন্ম শ্রীভগবান যে নরাকার-বিশিষ্ট দেহাবলম্বন করত: মহাভাব বা দর্কোচ্চ সমাধি অবস্থা হইতে ভাববাণীর দ্বারা মহাপুরুষগণের পথ-নির্দ্ধেশ এবং জীবসাধারণের মুক্তি অনায়াস্বভা করিয়া বিশ্বকে মহাক্ষণে কেন্দ্রমুখী করিতেছেন, সেই প্রমণ্বিত্র শ্রীশ্রীবিশ্বগুরুর চিনায়-দেহ এই ধরাধামে অবতরণের তিথিতে আমরা महामत्हारमय खन्न विश्ववामीत्क बाख्वान कतिरुक्ति। तह मानव! यनि ইহা বিশ্বাস করিতে, ইহা ধারণা করিতে অক্ষম হও,—তথাপি বলি আইস— তোমার সন্দিগ্ধ চিত্ত লইয়াই শ্রীশ্রীবিশগুরুর চরণতলে উপস্থিত হও এবং যতদূর সাধ্য পরীক্ষা করিয়া তাঁহার আশ্রয় গ্রহণ কর—কিন্তু শ্বরণ রাখিও সাধনশক্তি সহায়ে গুরু পরীক্ষা করিতে হয়। শ্রীশ্রীবিশ্বগুরু পরীক্ষা করিতে কত অধিক সাধনশক্তি আবশ্যক তাহাও মনে করিও। আমরা নগণ্য, क्ष, माधनमुभावशैन जीव रहेगां छाराव चाराजूकी कृशानार धंग रहेगाहि বলিয়া উল্লৈখ্বে ঘোষণা করিতেছি যে, যাহার সাধনশক্তি যত অধিক, তিনি শ্রীশ্রীবিশ্বগুরুকে তত অধিক পরিমাণে চিনিতে ও জানিতে পারিবেন। षाठ व बाहेम जाहे मकन, बाहेम वन्नुमकन, याहात राजात हेम्हा बाहेम, गरक भवन विश्वास बारेम-पृक्ति ठर्क विठाव नरेया बारेम-बन्न विश्वास আইস বা সাধনশক্তি লইয়া পরীক্ষা করিতে আইস-ষেভাবে ইচ্ছা একবার তাঁহার সমীপস্থ হও এবং মহাভাব বা সর্কোচ্চ সমাধি অবস্থা দর্শন ও তদবস্থায় ঘোষিত ভাৰবাণী শ্ৰবণ কর,—তৎপর ষেরূপ অভিকৃচি হয়

করিও। একটা কথা বলিয়া রাখি, যদি হদয়ে কিঞ্চিন্মাত্রও প্রকৃত প্রেমের উন্মেষ হট্যা থাকে তবে-এই অতিমানব-প্রেমসাগরের নিকটস্ত হটলে তুমি প্রেমে বিহরল হইয়া যাইবে-হাসিবে, কাঁদিবে, নাচিবে, গাহিবে. কত কি করিবে। ঘূণা, লক্ষা, ভয় কে জানে কোখায় তিরোহিত হইবে। পরিশেষে চিদানন্দ-সিন্ধনীরে চিরনিমগন হইতে হইবে। ইতি-

মহোৎসবের স্থান-কুষ্টিয়া, ই, বি, আর, (নদীয়া) তারিথ-২৮শে ভাদ্র, ১৪ই সেপ্টেম্বর: ২৯শে ভাদ্র, ১৫ই সেপ্টেম্বর: वात-भनि, दवि : मन->७२৫। কার্য্য-বিবরণী-কীর্ত্তন, ধর্মবক্তৃতা, আলোচনা, আবৃত্তি এবং ভোজ্ঞা, পানীয ও বন্ধাদি দ্বারা দ্বিজনারায়ণ সেবা।

বিনীত নিবেদকগণ

শীহরিশচন্দ্র রায়, উকীল শ্রীগোকুলচন্দ্র মণ্ডল, এল-এম-এস শীত্রৈলোক্যনাথ সেন. উকীল শ্রীবীরেন্দ্রনাথ রায়, মোক্তার শ্রীসতীশচন্দ্র জোয়ারদার, এল-এম-পি শ্রীস্থশীলচন্দ্র বস্থু, বি-এ শ্রীঅশ্বিনীকুমার বিশাস, মোক্তার

শ্রীযোগেক্রনাথ সরকার, এম-এ, বি-এল শ্রীপ্রমধনাথ শিকদার, বি-এল শ্রীপূর্ণচক্র সাহা, উকীল **बिक्रक**हन मान শ্রীপূর্ণচক্র কবিরাজ, বি-এ

চতুৰ্থ স্তবক

"অমিয়বাণীর"* ভূমিকায় শ্রীশ্রীঠাকুরের পরিচয়

এই "অমিয়বাণীর" বক্তা কে, অনেকেরই মনে এই প্রশ্ন উঠিবে। তাহার পরিচয় দিতে আমরা অক্ষম, একথা অকপটচিত্তে স্পষ্টভাবে স্বীকার করাই ভাল। প্রত্যক্ষভাবে তাঁহার ষতটুকু বুঝিয়াছি, তাহাও নি:সংখ্যাচে স্পষ্টভাষায় বলিতে পশ্চাৎপদ হইব না। কেহ বলেন তিনি মহাপুরুষ, কেহ বলেন অবতার, কেহ বলেন জগদগুরু; কেহ বলেন তিনি নাজারেথের যীও, কেহ বলেন তিনি নদীয়ার গৌরান্ধ, কেহ বলেন তিনি বুন্দাবনের ক্লফ, কেহ বলেন তিনি রামকৃষ্ণ। আমরা এইরক্ম কিছু-এক্টা বলিয়া উাহাকে বড বা ছোট করিতে চাতি না। আমরা দেখিতেছি তিনি আমাদেরই মত একজন মাতুষ। ইহার অতিরিক্ত আর কিছুই বলিবার কোন যুক্তিযুক্ত কারণ খুঁ জিয়া পাই না। অবতার বলিতে অনেকে অনেক রকম বুঝিয়া থাকেন। পূর্ণাবতার, অংশাবতার, আবেশাবতার ইত্যাদি অনেক শ্রেণীর অবতার আছেন। কেই বা প্রথম জীবনে সাধক থাকিয়া পূর্ণ সিদ্ধিলাভ করিয়া অবতারত্ব লাভ করেন; কেহ বা আজন পূর্ণ থাকিয়াও লোকশিক্ষার্থ অশেষবিধ দাধন করিয়া থাকেন; কেহ বা জন্মাবধি পূর্ণরূপে অবতীর্ণ হইয়া সাধনভজনের বিশেষ আবশ্যকতা অমুভব করেন না, আবাব কেহ বা সাধকভাবে জীবন আরম্ভ করিয়া পূর্ণ ব্রহ্মধামে উপনীত হইয়া আবার মাঞ্চের পদবীতে অবরোহণপূর্বক কর্ম করিয়া থাকেন। আবার কাহারও কাহারও মতে পূর্ণব্রন্ধের অবতার হওয়া অসম্ভব। কাহারও মতে সকল র্ঘবভারই পূর্ণাবভার, অংশাবভার অসম্ভব। কেহ কেহ বলিয়া থাকেন সকল মাতুষই অবতার। অবতার সম্বন্ধে বহু বিভিন্ন মত ধখন প্রচলিত, তথন আমাদের এই মাছ্যটীকে অবতার বলিয়া প্রচার করিবার দার্থকতা কোথায়, আর তাহাতে লাভই বা কি ? সে কারণে "অমিয়বাণীর" বক্তাকে অবতার বলিয়া ঘোষণা করিয়া অবতারের অর্থ ও স্বরূপ লইয়া অশেষবিধ যুক্তিজ্ঞালের অবভারণপূর্বক একটা কোলাছলের সৃষ্টি করিবার কিছু প্রয়োজন আছে বলিয়া মনে করি না। বহু মামুষ নিত্য তাঁহার সংস্পর্শে আদিতেছেন, এবং বহু জনে তাঁহাকে বহুভাবে দেখিতেছেন।

শ্রীবৃদ্ধ অধিনীকৃষার বিশাস নহাশর ১৯২১ সলে শ্রীশ্রীঠাকুরের কথিত কতকগুলি বাণী সহলর করতঃ এই প্রত্থালা প্রকাশ করিয়াছেল।

এই ভূমিকার লেখক প্রথম দর্শন ও প্রথম পরিচয় লাভ করিয়া মনে করিয়াছিল, ইনি নিশ্চয়ই দক্ষিণেশরের ঠাকুর, আবার নৃতন কলেবরে আসিয়াছেন। তারপর এই তাগুবনৃত্যকীর্ত্তন-প্রচারক ভাববিহ্বল মামুষটাকে নদীয়াবিহারী গৌরাক ঠাকুর বলিয়াই ভ্রম হয়। পরে কিছুদিন ধরিয়া তাঁহার ভিতরে পরমণিতার প্রিয়পুত্র যীশুর অবিকল প্রতিছ্ণিন দেখিতে পাই, পুনশ্চ ঘন পরিচয়ে বিশ্বপ্রেমিক বৃদ্ধ ও চতুর-চূড়ামণি রুষ্ণ বলিয়াই ভ্রম হয়। আমার এই সকল ভিন্ন ভিন্ন সময়ের ধারণার মূল্য কতটুকু তাহা কতক পরিমাণে বৃঝিয়া এখন নিরস্ত হইয়াছি।

আসল কথা, তাঁহার পরিচয় দিবার ক্ষমতা বা ভাষা আমাদের নাই। তবে একটা কথা না বলিলে ঠিক সত্য কথা বলা হয় না। তিনি আমাদেরই মত মাছুষ; কিন্তু তিনি অতি অভুত প্রকারের মান্তব। যে কোন একজন সাধারণ মাত্রুষকে ঠিক ঠিক বুঝিয়া তাহার পরিচয় দেওয়াই যথন আমার পক্ষে অসাধ্য ব্যাপার, তথন এই অন্তত মানুষ্টীর প্রকৃত স্বরূপের পরিচয় আমি কেমন করিয়া দিব ? বাহাকে চিনিতে গিয়া, ধরিতে গিয়া পদে পদে নিজ বৃদ্ধির উপরে ধিকার আসিয়াছে—শাহার ভাবে, পরমস্থন্দর মুখাবয়বে, নয়ন্যুগ্লের চাহনীর ভঙ্গীতে, কার্য্যকলাপে, নিতা নুতন রসের সঞ্চার দেখিয়া অবাক হইতেছি, কি বলিলে তাঁহার স্বরূপ বর্ণনা করা হয় তাহা সতাই আমি জানি না। যিনি কখনও জননীর মত মেহভরা বুকের ভিতরে আমাদিগকে চাপিয়া ধরিয়া অঞ্চবর্ষণ করেন, এবং আবেগপূর্ণ শতচুম্বনের পুণাবর্ধণে আমাদিগের পাপতাপ বিধৌত করেন, কখনও পিতার অধিক যত্তে গম্ভীর অথচ করুণ উপদেশে আমাদিগকে যেন হাত ধরিয়াই সত্যের পথে পরিচালিত করিবার জন্ম ব্যাকুল—যিনি কথনও ছোট ভাইয়ের মত আন্ধারে মনপ্রাণ কাড়িয়া লন, কথনও প্রভুর মত সেবা গ্রহণ করেন, কখনও দাসামূদাসের মত আমাদের পদ ধৌত করিয়া দেন, কখনও প্রাণপ্রিয় স্থার মত নিবিড় আবেষ্টনে বাঁধিয়া বালকের মত ক্রীড়ারত হন-যিনি কখনও শিশুর মত চপল লীলাভন্ধী করেন, আবার কখনও বা জ্ঞানবৃদ্ধ বশিষ্ঠের মত তত্ত্বকথার গম্ভীর আলোচনায় রত থাকেন, তাঁহাকে অবতার বলিয়া আমাদের বৃক হইতে টানিয়া দূরে সরাইবার চেষ্টা করিলে আমরা অবশ্য প্রতিবাদ করিব। তিনি আমাদের পিতা, তিনি আমাদের মাতা, তিনি আমাদের চতুর মন্ত্রী, আমাদের পরমগুরু; তিনি আমাদের ভ্রাতা, তিনি আমাদের প্রাণপ্রিয় স্থা, নিতান্ত আপনার জন।

যিনি সকল প্রকার অলোকিকতা হইতে সতত দুরে অবস্থান করিতে চাহেন—যিনি নিজে অতিপ্রাক্ত কিছু করিতে না চাহিলেও, যাঁহার সংস্পর্শে

আদিয়া কত তথাকথিত অধ্যজনে কত অলৌকিক অসাধ্য সাধন করিতেছেন
—প্রেমের বন্ধনে আমাদের সহিত একাত্ম হইয়া যিনি আমাদের অস্তরের
সকল কথা, সকল ভাব, সকল ভদীই সহজভাবে জানিতেছেন— বাঁহার
দর্শনে হাদয় হইতে সকল ত্র্বলিতা দূরে পলায়— বাঁহার নবনীতকামল চন্দনশীতল অকম্পর্শে সকল শোকতাপ নিমেষে অস্তহিত হইয়া ধায়— বাঁহার
হ্বনবিজয়ী হাসিতে আর চাহনীতে কত সহস্র মাহুষ বাসনাসজ্জির দৃঢ় পাশ
হেলায় ছিন্ন করিয়া সংস্করপের দিকে বেগে আকৃষ্ট হইতেছেন— যিনি কৃতবিত্য
না হইয়াও পরাবিত্যাগৌরবে নিবিল শাস্ত্রযুক্তির অধিকারী— বাঁহার কথায়
সকল সংশয় ছিন্ন হয়—সাধু, অসাধু, দাতা, ক্রপণ, তাাগী, লোভী সকল
মাহুষেরই অবস্থার অহুভ্তির সহিত বাঁহার সম্যক্ পবিচয়—ভাষায় এক্রপ
অভূত মাহুষের পরিচয় কেমন করিয়া দিব পূ

আমরা এই মামুষটাকে অবতার খাড়া করিয়া একটা দল গঠন করিতে প্রবৃত্ত হই নাই। এই অদ্ভূত মামুষ্টীকে—এই নৃতন যুগের নৃতন মামুষ্টীকে— আমরা অবতার পুরুষগণের সহিত একাসনে বসাইব না। যাহার বাণী প্রকাশিত হইতেছে, তিনিও নিজেকে অবতার্ব্যপে প্রচার করিবাব বিন্দমাত্ত আকাজ্ঞার পরিচয় কোন দিন দেন নাই। বরং তাঁহাকে এ সম্বন্ধে ভয়োভয়ঃ তীব প্রতিবাদ করিতেই শুনিয়াছি। এই মহাযুগের প্রথম প্রভাতে নৃতন ভাবে নৃতন মাহ্রষ গঠন করিবার জন্ম তিনি আমাদিগকে আহ্বান করিতেছেন মাত্র। তাঁহার ভাব, তাঁহার কথা অতি স্পষ্টভাবে অতি সহজভাবেই তিনি বলিতেছেন—দে ভাব ও ভাষার ভিতরে নিখিলম্বই নিহিত আছে, কিছ তাহার ভিতরে শান্তদর্শন-স্থলভ জটিলতার লেশমাত্র নাই। আমরা তাঁহার বাণীর, তাঁহার দাবা প্রচারিত সত্যের প্রচারেই ব্রতী হইয়াছি। তিনি মাত্র্য হউন, অতি-মাত্র্য হউন, তাহাতে আমাদের কোনই ক্তিবৃদ্ধি নাই; আর যদি "অবতার" শব্দের একটা নিদিষ্ট অর্থের নির্দেশ করিয়া সেই অর্থে তাঁহাকে কেহ অবতার বলেন, তাহা হইলেও আমাদের বিশেষ আপত্তির कारन नाहे। তবে আমাদের প্রাণের কথাটা এই যে, তাঁহাকে সহজ মামুষরূপে গ্রহণ করিতে কোন মামুষের কোন আপত্তিই থাকিতে পারে না. थवः निक कीवान जिनि य जामर्न प्रशाहराज्यक्त. त्महे जामर्न मश्रास আলোচনা কবিলে সকলেবই লাভ হইবার সম্ভাবনা।

পঞ্চম স্তবক

আধুনিক রচনা

কয়েকখানা চিঠি

মাণিক মেয়ে.

যার বর্দ্ধন-উদ্গ্রীব-বিজন দীপ্তি তার আকাক্ষিতকে নিতান্ত একান্ত করিয়া যাহা-কিছু সব দিয়া সবের ভিতর উর্দ্ধগ উজ্জলে প্রতিষ্ঠা করে—আর তাহাই যার সহজ্ব প্রিয়-উপভোগ, সেই তো মেয়ে, সেই ত নারী—আবার সেই হ'ল জননী হবার উপযুক্ত পাত্রী।

লক্ষী আমার মান্থবের চাওয়ার চলাই যে তাব স্থান নিজেই স্বষ্ট ক'রে নেয়—স্থানের চিন্তায় তাকে বিব্রত থাকতে হয় না। আমার রাধাস্বামী জান্বি, আর যারা যারা জান্লে স্থী হন জানাবি। ইতি—

তোদেরই আতুরে "আমি"

₹

স্মরজিং !

প্রিয় আমার—আমার অভ্যুত্থানের সহযাত্রী—অক্লান্ত সংসদ্ধ-সেবক ষতীন রায় ত গেল—সে গেল একটা জীবনব্যাপী মহা ঝঞ্চার সাথে লড়াই করতে করতেই—তার কৃতার্থ হবার মুক্ট পরা আর হল না। যদি অভিষেকের সমারোহকে সেবা করতে পার—তা তোমরাই পার।

কিন্তু সে আমার মাধায় তার পরিবার পরিজনের গুরুভার চাপিয়ে গেছে। চাপে হয় ডুববো, না হয় হজম করবো!

ভাই শ্বিজিং, আমি তোমার কাছে প্রতি মাদে পাঁচটা টাকা করে' চাইছি, তুমি যতকাল এ ত্নিয়ায় বেঁচে থাক আমায় দেবে। দেবে না শ্বরজিং ? যদি দাও ঠিক নিয়ম্যত দিও এই আমার ভিক্ষা। রাধাস্বামী জেনো।

ভোমারই অপটু ভারাক্রান্ত "আমি"

ڻ

লক্ষী আমার,

তুমি কাহারও পর্যার চাকরাণী হও এ আমার মোটেই ইচ্ছা করে না— আর্যানারী চির্দিনই প্রাণের চাকরাণী, পর্যার নয়। কেন, তা কেন হ'তে াবে? কারণ প্রকৃত আর্যানারীই বে সমং লক্ষীরই নানা মৃত্তির আবির্ভাব— দে লাখ জন্ম বিকট ত্বংথে নিম্পেষিত হলেও তার বৈশিষ্ট্যকে পদদলিত করতে কিছুতেই রাজী নয়। তুমি বিনা বেতনে লাখ খেটে যাও— আমার মাথার মৃকুট উজ্জ্বল হয়ে উঠবে— আর তোমার মা বাবা যদি বেতন নিয়ে চাকরী করতে বলেন আমার আপত্তি নেই—ত্বংখিত হব না—অপমানিত হলেও— ভাব্ব আমার এই-ই প্রাপ্য। বাধাস্বামী জেনো, স্বাইকে দিও। ইতি—

8

कनानीया,

জীবন যার যজ্ঞ, পূজা যার প্রাণ, স্তৃতি যার দ্বীহ, সম্যক্ প্রকারে বৃদ্ধি করাই যার বৈশিষ্ট্য, বাধা ও বিপদকে শুভে নিয়ন্ত্রিত করিয়া ইন্ত আরাধনাই যার তৃপ্তিময়ী বৃত্তি—সে কি দ্রে থাকে ? কল্যাণ কেন তাকে পূজা করবে না ? সে যে মর্জ্যেই স্বর্গের পারিজ্ঞাত।

তোমারই নিতান্ত দীন "আমি"

¢

कनाागी।

দেখতে ইচ্ছা করে successful তোমাকে—ছতি নমনীয়া—ছতি কমনীয়া—বিজ্ঞাবৃদ্ধির অভিমানের লেশমাত্রও দেখা যায় না—একটা সামাগ্র মাশিক্ষিত বা বালক বালিকার কাছেও যেন এত সহজ, এত সম, এত গ্রহণ-উদ্গ্রীব, জ্ঞানগরিমাশ্র্য—দেখে যেন অবাক না হয়েই উপায় নেই—তব্ও মাদর্শপ্রাণনে, ভদ্গরিমায়, ভদ্যার্থ ও প্রতিষ্ঠায় মহান্ শক্তিশালিনী, জ্ঞানর্দ্ধা, মট্ট ও আপ্রাণ—বজ্ঞাদপি কঠোর, ফ্লের চাইতেও কোমল—এমনভরই তার চরিত্র, এমনতরই তার চল্লা—আবার এরই ভিতর সে বিহ্যতের মতনই চপল ও ক্ষিপ্র, বজ্লের মতনই দক্ষ ও নির্ঘাত তথাপি অরোরার মতন বা দ্বির সৌদামিনীর ক্লায়ই স্থলরী হয়েও সতীত্বের সর্কহারা কৃট ও কঠোর, নিষ্ঠ্র সদ্পী, মাস্ক্ষের বাঁচাবাড়ায় যেন প্রত্যক্ষ নরনারায়ণী! মাস্ক্ষের আশা কি এত-ও ভাব্তে পারে।

তোৱারই আশাপথ-চাওয়া "আমি"

কভিপয় বাণী

2

তোমার অপকর্মের জন্ম অন্মের ঘাড়ে লাখ দোষ চাপাও, তাহাতে কাহারও কিছু আসিয়া বাইবে না; কিন্তু ষতক্ষণ না তুমি দোষদশিতাকে উপেক্ষা করতঃ সেবা ও অফ্কম্পাপরায়ণ হইয়া আত্মনিয়ন্ত্রণে উন্নতচরিত্র হইতেছ, তোমার অভ্যত্থান তমসাচ্চন্ন।

2

ভক্তি, আনতি বা আদক্তি দেইখানেই দার্থক ও দন্দীপশালিনী, ষেধানে তা' প্রেষ্ঠের অভাবনীয় ও অবাঞ্চনীয় ত্রুহ ত্র্ব্যবহারেও প্রেষ্ঠস্বার্থপ্রতিষ্ঠাপন্নতায় অট্ট, শতদায়িত্বপূর্ণদন্ধিৎদামুখর দান্ত্কল্লী শ্রদ্ধাবনত প্রেষ্ঠপ্রাণদেবাপ্রবণতা-দমুজ্জন, প্রশ্নন্ত, দৃঢ়প্রতিজ্ঞ!

o

তুমি যদি তোমার দৈনন্দিন গার্হস্থাজীবনের অকল্যাণ হইতে যথাসম্ভব নিষ্কৃতিই লাভ করিতে চাও, তাহা হইলে তোমার পারিবারিক উদরান্ধসংস্থিতি-আহরণী হইতে তোমার ঋত্বিক ও যাহারা তাঁর হইয়া তোমার দৈনন্দিন জীবন-বৃদ্ধির উৎকর্গে আত্মনিয়োগ করিয়াছেন তাঁদের ভরণপোষণের অক্মকল্পে অস্কল্পে অকটা পূর্ণরোপ্যমূলা বা তদমুপাতিক ভরণীয় দ্রব্যসম্ভার প্রতিমাসে তোমার প্রিয়পরমকে তাঁর যথেচ্ছ-নিয়ন্ত্রণকামনায় নিবেদন করিতে কিছুতেই কুঠাবোধ করিও না—আর ইহা ততদিন পর্যয়স্তই যতদিন তাঁহারা বাক্ ও বাস্তবকর্মে ইট্রমার্থ ও ইট্রপ্রতিষ্ঠাপন থাকিবেন। এই বাস্তবদান-সংশ্রবী সম্বন্ধের ভিতর দিয়া দেখিও তোমার দৈনন্দিন জীবন কি সঞ্জীবিত চলনায় চলিতে আরম্ভ করিয়াছে!

8

তোমার প্রেষ্ঠ বা আদর্শের প্রতি কোন অক্সায় বা অপঘাতকে তুমি বৃঝ্তে পারলে না অথবা বৃঝেও কঠোর প্রতিবাদ না ক'রে একটা সমর্থনস্চক উদ্কানি ভণ্ড প্রতিবাদ ক'রে এলে—নিশ্চয় জানিও অন্যায় বা অপঘাত-বৃদ্ধি তোমার ভিতরেও আছে,—তুমি নিজেও সে দোষে দোষী।

đ

যে নিজে দোষ ক'রেও অগুকে দোষারোপে নিজের ভালত্বকে প্রতিষ্ঠা কর্তে চায়—সবাই বৃঝ্লেও, অগুরে অহতপ্ত না হ'য়ে নিজের মুর্থ নুঝমান ফলীবাজি তৎপরতায় জিদের সহিত তা' অস্বীকারে আক্রোশ-পরবশতায় আত্মস্বার্থ ও আত্মপ্রতিষ্ঠায় প্রয়াসশীল—সন্দেহ করিও ত্মণ্য ও পৈশাচিক চরিত্র লুকায়িত সেইখানে।

d

বে ত্র্তাগিনী সম্রদ্ধ সন্মানে তার পুজনীয়া সপত্নীর স্বামীতুলা সেবা-সম্বদ্ধনার সহিত আদেশ-পালনরতা হইয়া কল্যাণবাহিনী না থাকে তার ইহ এবং পর তুই কালই জীয়স্ত যন্ত্রণানরকে তুর্বহ হইয়া থাকে।

٩

তুমি কোন বিষয়, ব্যাপার বা ঘটনার আছোপাস্থ ধৈর্ঘসহকারে না শুনিয়া ও ব্রিয়া কোন পক্ষকেই সমর্থন করিও না। আর ব্রিতে হইলেই বিচার করিয়া দেখিও, তাহার কতথানি তোমার ইটাস্টক্ল। ইহা স্থির করার পূর্ব পর্যান্ত অমুকম্পান সহিত নিরপেক্ষই থাকিও। তারপর সমর্থনযোগ্য হইলে যেখানে যেমন করিয়া করিলে প্রেষ্ঠপুরণী, শোভনীয় ও স্থন্দর হয তাহাই করিও। জানিও, ইহার ব্যত্যয়ে অনেক জায়গায়ই মান্ত্র অকারণ অসক্ষতি ও সর্বনাশকে আমন্ত্রণই করিয়া থাকে।

ъ

তোমার নিকট থাতির পাবার প্রত্যাশা যার লেশমাত্রও মনে উকি মারে না অথচ তোমাকে থাতির দিয়ে ধন্ম হইবার পাগল-করা ঝোঁকে সে নতুন নতুন ফুরস্থং খুঁজে বেড়ায় ও নিরস্তর সত্যি সত্যি তা কাজে ফলিয়েই তোলে— নিশ্য বুঝিও, সেই তোমাকে ভালবাসে।

2

অন্তের দোষ দেখ্বার প্রবৃত্তি যত আগ্রহাতিশয় স্বষ্ট ক'রে তোমাকে
ড়প্তিআতুর ক'রে তুল্বে—নিশ্চয় জেনো নিজদোষ-নিয়ন্ত্রণ-উপেক্ষা তোমাকে
তত কঠোর বিড়ম্বনায় দীনতার আসনে সমাসীন কর্বে।

٥ (

সমবেদনাপূর্ণ স্বতঃস্বেচ্ছ আগ্রহের সহিত তোমার অস্থবিধা নিরাকরণে যেই হোক না কেন—কিঞ্চিৎমাত্র অস্থবিধাকে সহু করিয়াছে বা করিতেছে তুমিও তার জন্ম তোমার সাধ্যাহ্ণপাতিক, যত পার, তার স্থবিধাপ্রয়ত্বে তৎপর থাকিয়া যাহাতে অস্থবিধা নিরাকরণ করিতে পার তা করিও-ই;—কৃতজ্ঞতা দেদীপ্যমান আগ্রহে তোমাকে অভিনন্দিত করিবে—কৃতার্থ ইইবে।

2.5

অযুত্রঞ্জার উল্লক্ষীবৃকে তুর্ধর্ব জীবনে উৎসরণশীল হ'য়েই যদি চল্ডে চাও, তবে তোমার বাচার একমাত্র প্রলোভনই হোক প্রেষ্ঠ-প্রয়োজন; আর তুমি তোমার পরিবার, তোমার পারিপার্ষিক, তোমার সেবা, সম্বর্জনা, আফ ব্যয় ইত্যাদি বাই-কিছু হোক—সবই যেন সম্যকাগ্রহে স্বতঃনিয়ন্ত্রণে অকাট্য সাহস-সচ্ছল-আবেগ-উৎকণ্ঠার সহিত তাতেই নিয়োজিত হয়, কৃতকার্য্যভাব পুষ্টিপূরণী তৃপ্তি-অর্ঘ্য নিয়ে—ভোমার ভরত্নিয়ায় তার চাইতে যেন কেহই থাকে না, কিছুই থাকে না—জীবনের বেগ ঝড়কেও অতিক্রম করিবে।

75

ষেধানে বা বাঁহাকে দিবার প্রবৃত্তি আগ্রহমুধর হ'য়ে ওঠেনি বা বাঁহাকে পোষণ, পুষ্ট ও তুই করা তোমার জীবনে অকাট্য হ'য়ে ওঠেনি—ঠিক বুঝিও, দেখানে বা তাঁহার সহিত তোমার সম্বন্ধ প্রকৃতই হ'য়ে দাড়ায়নি—আবার সম্বন্ধের এই প্রকৃতত্বের উপরই মাহুষের বাস্তব চলনা ও নিয়ন্ত্রণ নির্ভর করে।

36

অভাব, অন্টন ও তুর্দ্দশার কঠোর নিম্পেষণ তা'দিগকেই সচ্ছল করত: শ্রেষ্ঠ আসনে সম্বর্দ্ধিত ক'রে থাকে, যা'রা ওদের অভাবনীয় অত্যাচারেও স্বতঃপ্রেচ্ছ সহায়ভূতিপূর্ণ সেবাপ্রবণতার সহিত ইট্রম্বর্থ-প্রতিষ্ঠাপন্নতার বাস্তব কর্মে অটুট ও উচ্ছলনিষ্ঠাসম্পন্ন।

28

বিয়ে ক'রে তা'কে ভরণপোষণ না কর্লে ষেমন পাপ হয়,—যে পাপের ফলে ত্র্বৃত্তির স্ষ্টে, এমন-কি বংশলোপ হওয়া পর্যন্ত সম্ভব, তেমনই দীকা নিয়ে তাঁকে যথাসম্ভব ভরণপোষণ না করলে উন্নতি গতাস্থ হইয়া ত্রদৃষ্ট স্ষ্টি করতে করতে সর্বনাশে সর্বহারা ক্রমনিঃশেষে চল্ডে থাকে।

34

যদি বড়ই হইতে চাও বা বড়ই থাকিতে চাও তবে ছোট, অসহা, অপারগ ও আন্ত্রিতদের সহা কর, সামলাও। প্রীতি, শাসন ও নিয়ন্ত্রণের সহিত উপযুক্ত পালন-পৃষ্টিতে তা'দিগকে সক্ষম ও শ্রেষ্ঠ ক'রে ইইপ্রাণতায় অকুন্ন ক'রে তো'ল। আর, আচরণ দেখানে এমনতর যত বেশী স্বাভাবিক বড়ত্বের আধিপত্যও দেখানে তত অটুট।

. 6

তৃমি দেবা দিয়ে যাচ্ছ অথচ পারিপার্শিক তোমাতে অহুরাগী হ'য়ে তোমাকে তা'দের মৃথ্য করে ধর্ছে না,—তখনই নক্ষর ক'রে দেখো তোমার দেবা যা'তে প্রত্যেকের ভিতর সঞ্জীবিত থাকে এমনতর ইষ্টান্তরঞ্জনী ব্যবহার বা যাজন-উদ্দীপনা, না হয় সময়তঃ প্রয়োজনপূরণ ইত্যাদির যথোপযুক্ততার ভিতর কোথায়ও না কোথায়ও গলদ আছেই।

PHILANTHROPY



LATSANG PABNI

Dated 2. / 1937

महेत होता हो हे हारा के कार्यात कार्यात के कार्यात के कार्यात के कार्यात के कार्यात के कार्यात के

জীত্রীঠাকুর অমুকৃলচন্দ্রের আধুনিক রচনাব হস্তাক্ষরের প্রতিলিপি

29

যে সাংসারিক জীবনে অক্বতকার্য্য সে ষতই ধর্মের ভাব ধাবণ করুক্ না কন, তাহার আধ্যাত্মিক চকু যে তমসাক্তর ইহা অতি নিশ্চয়।

36

সপারিপাখিক জীবন যা'র ক্লতকায্যতাব সম্মতিতে চলংশীল, তা'কে
সমনই দেখা যাক্ না কেন—তা'র আধ্যাত্মিক জীবন যে আশীর্কাদময অনুভূতিপূর্ণ তাহাতে সন্দেহ নাই।

12

যেখানে সাংসারিক ক্বতকাধ্যতা বিমলিন, আধ্যাত্মিকতা অবসাদ-অবমাননায় সেথানেই লচ্ছিত।

ર ૦

আমাদের প্রবৃত্তি-স্ট তৃদ্ধ যা' ত্রদৃট স্টে ক'রে চলেছে—তা'কে এড়িয়ে তা'র কঙ্গণামুগ্ধ হ'তে চাই না—তাই জীবনে তৃপ্তিও নাই।

नववदर्वत्र कुछ जानीर्वाप

"এই উষা—আমাদের নববর্ষের নবীন উষা, এখনও তার জাগরণ এলেও ঘুম-বিলোল আবিল আলস ভাঙ্গেনি, পাখীগুলি এখনও তাহাদের প্রভাতের সামগান স্থক্ষ করেনি—মাঝে মাঝে নিবিড় নিজকতা-ভাঙ্গা সামতানে কেবল এক-আধটী তাদের গেয়ে উঠ্ছে। আদিত্য তার বালরশ্মি বিকীর্ণ ক'রে আঁক্ড়ে ধর্ছে যেন তার জননী উষাকে। উর্দ্ধে তাকাও—প্রত্যেকটী জ্যোভিঙ্ক তার নিজ সন্তায় আলোকজাল দিয়ে চুম্বন আলিম্বনে ঐ বালরশ্মিজালকে আলিম্বন কর্ছে—তা'তে তাদের প্রশ্নহারা সন্তা যেন একটা বিরাট বিবর্দ্ধন হ'য়ে সব নিজস্বগুলি দিয়ে ঐ আদিত্যকেই সার্থক ক'রে ক্রম-বিবর্দ্ধনে আরোতর ক'রে তুল্ছে,—তারা এই দৃষ্টির সম্মুথে থেকেও যেন আপনহারা সন্তাহারা কোন্ আলোক অস্তরালে হারিয়ে গেল—যদিও যায়নি, আছে—ঐ পরম আদিত্য-একত্বে।

"প্রার্থনা করি আমার তারই কাছে—তোমরা প্রত্যেকে ঐ জ্যোতিংকরই
মতন ঐ অমনতর ভঙ্গীতেই পরম আদিত্যকে আঁক্ড়ে ধ'রে তোমাদের
নিজত্বের স্থর তার জ্যোতিঃর লহরে মিলিয়ে সার্থক হ'য়ে সার্থক ক'রে
ভোল স্বাইকে—যারা ভোমার পারিপার্খিকের প্রত্যেক হ'য়ে ভোমারই
চেতনাকে চেতিয়ে তুল্ছে। মঙ্গল আনো, আশীর্কাদ আনো, অমৃত
আনো, শান্তিজ্ব ছিটিয়ে দাও—প্রত্যেক অস্তব্যক অমৃতবাহী ক'রে ভোল।"

ষষ্ঠ স্তবক

সাধন-তত্ত্ব

মান্থবের জীবনের মূলে রহিয়াছে কতগুলি চাওয়া বা অভাব। এই অভাব দ্র করিতে পারিলেই মান্থব আনন্দ পায়। আনন্দই জীবের একমাত্র কাম্য। নিরবচ্ছিয় আনন্দ লাভ করিতে হইলে এই অভাবের হাত হইতে একদম পরিত্রাণ পাওয়া প্রয়োজন,—আর একমাত্র কারণকে জানিলেই মান্থবের যত-কিছু বাসনার শেষ হয়। তাই কারণকে জানিবার চেষ্টা করাই পরম শাস্তিলাভের একমাত্র উপায়।

বেদে কথিত আছে, ভগবান্ আদিতে একা ছিলেন। স্ব-ইচ্ছায় তিনি বহুতে বিভক্ত ইইয়াছেন—এই অনস্ত সৃষ্টি তাঁহারই এক-একটা ভাবের প্রকাশ। সেই আদি কারণকে জানা মানে, এই স্থুল পরিদৃশুমান জগত ইইতে আরম্ভ করিয়া ইহার সুন্দ্ম ও কারণ অবস্থা এবং এই জগদতীত সেই সর্ব্বকারণের আদি-কারণ যাহা হইতে এই বিশ্বজগতের উদ্ভব ইইয়াছে তৎসমৃদয়কেই জানা। এই চরম কারণকে জানিবার জন্ত মহাত্মাগণ যুগে যুগে কত তপস্থা করিতেছেন। বহুর জ্ঞান লাভ করিতে করিতে এককে জানা এবং এককে ধরিয়া বহুকে জানা এই ত্ই উপায়ে মনীযাগণ এই তত্বলাভের চেষ্টা করিয়াছেন। বহুর মধ্য দিয়া এককে জানিতে ইইলে স্পষ্টতত্ব বা দেহতত্ব সন্থান্ধ জ্ঞান থাকা প্রয়োজন, কারণ দেহতা স্পষ্টিরই অমুদ্ধপে গঠিত। স্পষ্টির যাহা-কিছু সমৃদয়ই দেহের মধ্যেও ক্ষুদ্রাকারে রহিয়াছে, এজন্ত ইংরাজীতে স্পষ্টকে Macrocosm এবং দেহকে Microcosm বলা হয়। যেহেতু স্পষ্ট সম্বন্ধে পূর্ণ জ্ঞানের অধিকারী হইতে ইইলে দেহের মধ্যদিয়া ছাড়া হওয়ার অন্ত উপায় নাই, সেইজন্ত সাধকগণ দেহতত্বের অমুশীলন করিয়া ব্রক্মজ্ঞান-লাভের পথে অগ্রসর হইয়া থাকেন।

বাষ্প ঘনীভূত হইষা যেরপ জলে পরিবর্ত্তিত হয় এবং জল ঘনীভূত হইয়া বরফে পরিণত হয়, সেইরপ শুদ্ধ চৈতক্ত-সত্তাও নানা পরিবর্ত্তনের ভিতর দিয়া এই জড়রপ ধারণ করিয়াছে। ইহার এক-একটী পরিবর্ত্তনেই এক-একটী তার বলা হয়। সাধারণতঃ তার বলিতে যেমন কোন-কিছুর একটীর পর আর একটী সম্পূর্ণ স্বতন্ত্র অবস্থার ধারণা আমাদের মনে আসে, এ তার-ভেদ কিন্তু সেরপ নয়। একথণ্ড বরফের ভিতর ইহার সর্ব্বত্ত জ্ঞাতিতাবে রহিয়াছে, তেমনি এই জড়ের ভিতরেও তাহার স্ক্র এবং কারণভাব উভয়েই একই সময়ে বর্ত্তমান রহিয়াছে।

গাধনা ছারা এই এক-একটা শুর বা অবস্থার সম্বন্ধে জ্ঞানলাভ করাকেই প্র-ভেদ বা চক্র-ভেদ করা বলা হয়।

দেহের যেমন তিনটা অবস্থা---দেহ, মন ও আত্মা: সেইরপ স্পষ্টকেও খল, ফল্ম ও কারণ এই তিন অবস্থাভেদে প্রধানত: তিনটী ভাগে বিভক্ত করা যায়। যথা:--

- ১। স্থল-জডরাক্স-material division.
- ২। সৃন্ধ—মনোরাজ্য—mental division.
- ৩। কারণ—হৈত্তারাজ্য-spiritual division.

স্ষ্টির আয় মনুয়া-দেহের তিনটা বিভাগের নাম যথা:--পিগুদেশ. ব্রহ্মাণ্ডদেশ ও দয়ালদেশ বা নির্মলচৈতত্ত-দেশ। সাধকগণ পর্মতত্ত্বের অ্সুসন্ধানে ব্রতী হইয়া সাধারণতঃ পিওদেশ হইতে আরম্ভ করিয়া ক্রমশঃ ইহার সুক্ষ ও কারণ-তত্তের দিকে অগ্রসর হইতে থাকেন। যিনি কারণের দিকে যত বেশী অগ্রসর হইতে পারেন, তিনি তত অধিক জানী বলিয়া খ্যাতি লাভ করেন।

यहेठक- (छामत वर्थ--- शिश्वानश्चा वा अनामाश्चर वा अनामा वा वा विवास জ্ঞানলাভ করা। এই ছয়টী স্তর এবং তাহার অবস্থান-ক্ষেত্র যথা:--

- ১। মূলাধার—গুহুদেশে, ২। সাধিষ্ঠান—লিক্ষমূলে, ৩। মণিপুব—নাভিদেশে, ৪। অনাহত—হৃদয়ে, ৫। বিশুদ্ধাথ্য—কণ্ঠে, ৬। আজ্ঞা—ত্ই চক্ষের মধ্যস্থলে।

बेटे हर्रों छत्र या ठळ माञ्चराय प्रकृत्छत्र मर्था स्युमा नाष्ट्रीय अर्थाछ।

জ্ঞ ভ্রাজ্যের ক্রায় স্ক্স ও কারণ-রাজ্যেও এইরপ ছয়টী করিয়া তর বহিয়াছে। মনোরাজ্য বা স্ক্র-দেহ অর্থাৎ ব্রহ্মাণ্ডের অন্তর্গত ছয়টা তর যথা :---

- ১। শিবলোক, ২। ব্রহ্মলোক, ৩। বিষ্ণুলোক, ৪। সহস্রদল কমল, ৫। ত্রিক্টী, ৬। দশম দার (শৃক্ত)। চৈত্রবাজ্য বা কারণ-দেহের অর্থাৎ দয়ালদেশের অন্তর্গত ছয়টী শুর য়প্তা :---
 - ১। खमदश्चमा, २। मजालाक, ७। व्यवध लाक,
 - ৪। অগম লোক, ৫। অনামী লোক, ৬। রাধাস্বামী ধাম

স্থল, সৃন্ধ ও কারণ এই ভিনটা প্রধান বিভাগের মধ্যে কারণরাজ্য বা मयानामान अविनिर्मन-टेहिंग विवासमान, त्रिशान माम्राज तनमां नारे। वन्ना अप्तर्भ निर्मन-दिष्ठ रुक्ममा बायुक रहेबा आहिन धरः शिखरमा धरे নির্মাল-চৈতন্ত স্থলমায়াযুক্ত অবস্থায় অবস্থান করিতেছেন। এই সকল তরভেদ

মনের বারা অমুভব করিতে হয়। মন:সংধ্যের অভ্যাস বারা সাধকর। এই সকল বিভিন্ন ধামের অবস্থা অবগত হইয়া থাকেন। এইভাবে কেহ বা 'সহস্রদল কমলে' পৌছিয়া তথাকার তত্ত্ব বলিয়া গিয়াছেন, কেহ বা তদ্দ্রে সংবাদ দিয়াছেন। সাধন-মার্গে অগ্রসর হইতে হইতে বে-সাধকের যে-ছবে গিয়া তাঁহার জানা শেষ হইয়াছে অর্থাৎ লয় হইয়াছে. তিনি সেই অবস্থাকেই চরম বলিয়া তদীয় অমুসরণকারীদিগের মধ্যে প্রচার করিয়াছেন। এইভাবে যদিও একই পর্যতত্ত্বে অমুসন্ধানে সকলেই অগ্রসর হইতেছেন, তথাপি শাধকের নিজ-নিজ শক্তির তারতম্যাম্মশারে প্রাপ্তিরও বিভিন্নতা ঘটিতেতে এবং তদ্দকণ মতেরও পার্থক্য দৃষ্ট হয়। তবে যে-যে একই প্রকার বিশেষ বিশেষ ধাম পর্যান্ত যাঁহাদের গতি হইয়াছে তাঁহাদের অমুভতির কোন পার্থক্য নাই, ইহা বলাই বাতল্য। এই হিসাবে যিনি যত উর্দ্ধে উঠিয়াছেন তিনি তল্লিয়ের সাধকের অমুভূতির বিষয় জ্ঞাত আছেন এবং যিনি সর্ব্বোচ্চ ন্তবে পৌছিয়াছেন তাঁহার নিকট সকল অবস্থাই সমাক পরিজ্ঞাত: আবার সমুদয় কারণকে তিনি পুঋামপুঋরপে জানেন বলিয়া কোন মতবাদের সহিত छांशांत्र विरतांथ नांहे, वतः मकल्लतहे य-य देविन हो मार्थक जा लां कि कित्रवांत পক্ষে তিনিই একমাত্র পবিপোষণ-কর্মা।

পিগুদেশ ও ব্রহ্মাগুদেশ মায়ার রাজ্য এবং দয়ালদেশ সম্পূর্ণ মায়াতীত বলিয়া পিণ্ড ও ব্রহ্মাণ্ডদেশ অতিক্রম করতঃ দয়ালদেশ বা চৈত্ত্য-রাজ্যে না-পৌছান-পর্যন্ত মায়ার হাত হইতে অব্যাহতি পাওয়া যায় না, কাজেই জন-মৃত্যুরও অতীত হওয়া যায় না। পিগু ও ব্রহ্মাণ্ডের মধ্যে তফাৎ এই বে, জড়রাজ্যে অর্থাৎ পিগুলেহে মৃত্যু সত্তর ঘটে এবং ফুল্মরাজ্যে অর্থাৎ ব্রহ্মাণ্ডে তাহা অধিকতর বিশবে ঘটিয়া থাকে। পিগুদেশ অতিক্রম করিয়া ব্রন্ধাণ্ডে উপনীত হইলেও জনমৃত্যু থাকে, এই কারণেই দেবতারাও জনমৃত্যুর অধীন। যথা—"তে তং ভূক্তা স্বৰ্গলোকং বিশালং। ক্ষীণে পুণ্যে মৰ্দ্তালোকং বিশস্তি।" আবার মহাপ্রলয়ে বন্ধাণ্ডেরও লয় হইয়া যায়। ধর্থা—"আবন্ধ ভূবনাল্লোকা পুনরাবর্তিনোহর্জ্বন।" এই লয়ের সঙ্গে সঙ্গে তথাকার অধিষ্ঠাত্রী দেবতাদেরও লয হয়। কাজেই দেখা যাইতেছে যে, সাধনা দ্বারা দয়ালদেশে পৌছিতে ন পারিলে জীবের জন্ম ও মৃত্যুর অধিকার হইতে অব্যাহতি পাওয়ার পক্ষে कानरे छेनात्र नारे, अखतीः वह महानामान छेननी छ इस्तारे सीत्र একমাত্র কাম্য। গীতায় ও আছে—'যদগত্বা ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম' 'মামূপেতা তু কোন্তেয় পুনৰ্জন্ম ন বিছাতে', 'যন্মিন গতা ন নিবৰ্বস্তি ভূয়ং ইত্যাদি। বলা বাছল্য,---দয়ালদেশের শুরবিশেষপ্রাপ্তি সম্বন্ধেই এই সকল উক্তি। দয়ানদেশেরও বিভিন্ন তার আছে তাহা পূর্বের উক্ত হইয়াছে। শীরুকে:

াম তন্মধ্যে অন্ততম, বৈষ্ণবেরা ইহাকে 'গোলক' বলিয়া থাকেন। এই দ্যালদেশের বিতীয় তার পর্যান্ত যাহারা পৌছিয়াছেন হিন্দী ভাষায় তাঁহাদিগকে দত্ত বলা হয় এবং শেষ অন্তাদশ তার পর্যান্ত যাঁহাদের গতি হইয়াছে তাঁহাদিগকে পরমদন্ত বলা হয়। পরমদন্ত ভিন্ন স্পৃতির পূর্ণ তারভেদ আর কাহারও বিদিত নাই। স্বাচীর ক্রমবিকাশের সঙ্গে মাহ্বের মনের উন্নতি চইতেছে তাই সাধকগণের মধ্যেও ক্রমোর্দ্ধগতি লক্ষ্য করা যায়। বর্ত্তমান যুগ চর্ম-প্রকাশের যুগ বলিয়া মনীবিগণের অভিমত।

সাধনা বারা স্টের এই পূর্ণ তত্ত্ব অবগত হওয়ার জন্য পশ্চিমদেশীয়
মহায়া কবীর, গুরু নানক, তুলদী সাহেব, জগজীবন সাহেব, দাহ সাহেব,
দরিয়া সাহেব, কেশবদাসজী, চরণদাসজী, পলটুসাহেব, স্বামীজী মহারাজ,
রুজুর মহারাজ, মহারাজ সাহেব, সরকার সাহেব এবং ম্সলমানদিগের মধ্যে
নোলানা রুম, হাফেজ, সরমদ্ শা ও শমস্তব্রেজ প্রভৃতি মহাপুরুষগণ বে
সাধন-পদ্ধতির প্রচলন করিয়া গিয়াছেন তাহার নাম 'স্বতশন্ধ-যোগ'।

গীতা বলিতেছেন—দেহ অপেকা ইক্রিয় শ্রেষ্ঠ, ইক্রিয় অপেকা মন শ্রেষ্ঠ, মন অপেকা বৃদ্ধি শ্রেষ্ঠ এবং বৃদ্ধি অপেকা আত্মা শ্রেষ্ঠ। এই আত্মাকেই হিন্দী ভাষায় 'স্থরত' বলা হয়। এই 'স্থরত' বা চৈতগ্র-ধারায় মাহুষের মন শঞ্চীবিত হয়, আবার স্থরত-ধারাযুক্ত মনই ইক্রিয়গণকে সঞ্চীবিত করে, তাহাতেই স্থুল দেহের ক্রিয়া আরম্ভ হয়। এই 'স্থরত'ই আমাদের দেহ-জগতের প্রাণ, ইহাই জ্ঞান ও আনন্দের আকর। সাধনা দ্বারা মন ও 'স্থরত'কে আয়ত্ত করতঃ বিভিন্ন স্তবে উপনীত হইয়া তং-তং স্থানের আনন্দের আসাদ অমুভব করা যায়। আবার 'শব্দ' অর্থে বুঝায় 'অনাহত নাদ'। আদি-কারণ স্প্তের वेका कतिया नाम वर्षार नय-क्रांति निष्क्रांत श्रेकान करतन। त्मवे चामि-नाम প্রভেদে রূপান্তরিত হইয়া কোথায়ও 'রবং', কোথায়ও 'ওঁ,' কোথায়ও 'ক্লীং' কোথারও বা 'গ্রীং' ইত্যাদি বিভিন্ন রূপে প্রকাশ পাইয়াছে। আদি-কেন্দ্র হইতে দুরত্ব এবং তদ্দরুণ স্থৃল ও স্ক্র মায়ার আবরণের তারতম্যেই এই দকল বিভিন্নতার সৃষ্টি। 'স্বরত' দেই আদি-কারণ হইতে নির্গত হইয়া নিমগামী হইতে হইতে নানা স্তবের সৃষ্টি করতঃ পিওদেহে নামিয়া আসিয়া (मर, यन ও हेक्किराव याथा आविक रहेवा পिएवाছে। এই अनार्ड नाम्ब আবার আকর্ষণ ও বিকর্ষণ-এই ছুইটা শক্তি রহিয়াছে। মাহুষ এই বিকর্ষণ শক্তির প্রভাবে বহিমু খী হইয়া পড়িয়াছে। 'স্বরত'কে নাদের অর্থাৎ শব্দের এই আকরণী শক্তির সহিত যুক্তকরতঃ ইহাকে উর্দ্ধগামী করিয়া পুনরায় আদি স্থানে পৌছানই সাধকের লক্ষ্য, তাই এই সাধন-পদ্ধতির নাম "হ্বরতশন্ধ-যোগ"। **এই माधन-মার্গের ভিনটী প্রধান অন্ধ। यथा--সদগুরু, সংনাম ও সংসঙ্গ।**

পূর্বে উক্ত হইয়াছে যে, বিভিন্ন ভরের অক্তভৃতি যাঁহার যেমন হয়, তিনি তত্ত্বি জ্ঞান ও প্রেমের অধিকারী হইয়া থাকেন। এইজ্ঞা যাহার। উচ্চ ধামের তত্ত্ব জ্ঞাত হইয়াছেন তাঁহারাই সাধারণতঃ গুরুপদবাচা। সকল তত্ত্বস্তুটা গুরুগণের মধ্যে স্ব-স্থ অমুভূতির তারতম্যামুসারে পার্থক্য রহিয়াছে। যিনি পিগুদেশ অতিক্রম করিয়া বন্ধাণ্ডের জ্ঞানলাভ করিয়াছেন তিনি গুরুপদ্বাচ্য হইলেও তাঁহাকে সদগুরু বলা যাইতে পারে না, কারণ তিনি মায়ার সীমা অতিক্রম করিতে পারেন নাই। প্রকৃত সদগুরু কেবলমাত্র তাঁহাদিগকেই বলা যাইতে পারে, যাহারা পিণ্ড ও বন্ধাণ্ড উভয় দেশ অতিক্রম করিয়া নির্মাল-চৈতক্তদেশে গমন করিয়াছেন। নির্মাল-চৈতক্তদেশের অমুভৃতি-সম্পন্ন দ্রষ্টাদিগকে আবার হুই শ্রেণীতে ভাগ করা যাইতে পারে, যথা— প্রথম, তত্তপুরুষ; দিতীয়, তত্ত্ত পুরুষ। তত্তপুরুষকে অবতার, গুরু-পুরুষোত্তম ও Foreman ইত্যাদি আখ্যা দেওয়া যাইতে পারে। তাঁহারা পরমধান হইতে সর্বর গুণ, জ্ঞান ও শক্তিসম্পন্ন হইয়া নরদেহে ধরায় অবতীণ হন এবং তত্তজ্ঞরা সাধারণভাবে অধাবদায়-সহকারে আপন-আপন চেষ্টা. সাধনা ও অভ্যাস দারা তর উপলব্ধি করতঃ জ্ঞান লাভ করেন। এই সদগুরু আদি-কারণের দাকার মৃত্তি এবং একমাত্র তিনিই Absolute. সদ্পুক ভিন্ন সার কেছই জীবকে প্রমধামে লইয়া যাইতে পারেন না। এই নরদেহধারী সদগুরুরপী ভগবান যথন সংসাবে আগমন করেন তথনই জীবের প্রকৃত উদ্ধার সম্ভব হয়। সদগুরুর ভিতর সেই আদি-কম্পনের শক্তি থাকে। গাঁহারা তাঁহার সন্ধ করেন তাঁহাদের মধ্যেও সেই কম্পন্ধারা সঞ্চারিত হয়। এই সদগুরুই মামুষের একমাত্র উপাশু। এই সদগুরুর প্রতি একাস্ত বিশ্বাস ও ভক্তির ফলে জীব সমন্ত তত্ত্বই অবগত হইতে পারে। আর এই বিশাস ও ভক্তি লাভ করিবার উপায়--তাঁহার নাম জ্বপ করা, তাঁহার মূর্ত্তি ধ্যান করা ধাানের তন্ময়তাম শব্দফুক্ত হইমা তাঁহার ভজন করা, তাঁহার স্বার্থ ও প্রতিষ্ঠার জন্ম তাঁহার প্রীতিজনক কার্য্য করা, তাঁহার মহিমা ও গুণ কীর্তনকরতঃ তাঁহাকে দর্ব্বসাধারণের অন্তরে প্রতিষ্ঠা করা।

পূর্ব্বোক্ত বর্ণনামত স্ক্টিতে বা দেহে সর্ব্বমোট যে অষ্টাদশ স্থরের কথা বল হইয়াছে তাহার প্রতিশুরেই একটা করিয়া অনাহত নাদ বা বীক্ত আছে স্ক্টির আদি-স্থরের যে নাম বা বীক্ত তাহাই 'সংনাম'। এই আদি বীহ হইতেই নিম্নের অন্তান্ত বীজের স্কটি হইয়াছে, স্কুতরাং আদি-নামের সাধনাই শ্রেষ্ঠ সাধনা। সদ্গুরু-উপদিষ্ট প্রণালীমতে বিশাস ও ভক্তিসহকারে এই নাম-সাধন কর্ত্ব্য।

যাহার অন্তিত্ব ও প্রকাশ আছে তাহাই সং। জগতের প্রতি-পদার্থের:

প্রতিষ্ঠ ও বিকাশ আছে দেখিতে পাওয়া যায়, ত্তরাং তাহাদিগকে সং
বলা যাইতে পাবে। কিন্তু জাগতিক সমৃদ্য পদার্থ ই পরিবর্ত্তনশীল,
কাজেই সং হইলেও তাহা পরিবর্ত্তনীয়-সং। বলা বাহুল্য, যাহা হইতে
এই জগতের উংপত্তি হইয়াছে, যিনি চিরস্থায়ী, শাখত—একমাত্র সেই
আদি-কারণকেই সং বলা যাইতে পারে। ত্বতরাং 'সংসক্ষ' বলিলে—তাঁহারই
সক—অর্থাং সেই আদি-কারণের সহিত্তই সক্ষ করা ব্রায়। আবার
শাত্রে আছে 'ব্রন্ধবিং ব্রন্ধ এব ভবতি'—ত্বতরাং ব্রন্ধজ্ঞ গুরুর সক্ষ করাই
প্রকৃত সংসক, কারণ তাঁহাতেই সেই আদি-চৈতল্যের বিশেষত্ব সম্যক্ প্রভৃতি ;
সদ্গুক্তই সেই আদি-কারণের—সেই সং, চিং ও আনন্দ-স্ভার মূর্ত্ত জীবস্ক
বিগ্রহ। সাধকের নিজের চৈতল্যকে বিশেষত্বে পরিণত করিতে হইলে
জীবস্ত সদগুরুর আপ্রয় গ্রহণকরতঃ তাঁহাতে যুক্ত হইয়া তাহার নিজের
ভিতর সেই ভাবের ক্যুরণ করিতে হইবে। সদ্গুরুকে যিনি যত ভালবাসিতে
পারিবেন তিনিই আদি-কারণকে তত বেশী জানিতে পারিবেন।

'স্বতশন্ধ-যোগে'র এই বৈশিষ্ট্যের উপর ভিত্তি করিয়া প্রীপ্তীঠাকুর স্বীয় বিচিত্র অভিজ্ঞতাবলে দেশকালপাত্রোপযোগী কবিয়া সর্ব্বসাধারণের হিতার্থে তদীয় বিজ্ঞানসন্মত, সার্ব্বজনীন, অভিনব, আদর্শ সাধনপদ্ধতি প্রবর্ত্তন করিয়াছেন। জাতি-বর্ণ-নির্ব্বিশেষে ভারতের স্ত্রীপুরুষ, বালকর্ম্ব, সহস্র নহনারী এই সহজ, সরল, বিদ্বশৃত্তা, অপূর্ব্ব সাধনপদ্ধতি অনুসরণ করিয়া পরম মঙ্গলের অধিকারী হইতেছেন। স্বান্তিনর আত্তম্ভ তাঁহার শ্বতিতে সর্বান্ধণ জাগরক থাকায়, সেই আদি-কারণের সঙ্গে নিতান্ধ সহজভাবে যোগযুক্ত থাকিয়া তিনি সংসারে চলিয়াছেন। নির্মান্ত-চৈতত্তাদেশ পর্যান্ত এই সকল বিভিন্ন স্তরের অন্তভ্তি এবং তৎতং-স্থানের অধিষ্ঠাত্তী দেবতা, রূপ ও শব্দের বিস্তৃত বিবরণ প্রায়শঃ তাঁহার নিকট ভনিয়া থাকি। সম্প্রতি 'কথাপ্রসন্ধ' নামক গ্রন্থে প্রীপ্রীঠাকুর অন্তভ্তি-রাজ্যের যে সকল অনির্ব্বচনীয় বিবরণ লিপিবদ্ধ করিয়া দিয়াছেন, এ গ্রন্থের দাদশ অধ্যায়ে আমরা তাহা হইতে যংকিঞ্চিং একটীমাত্র বর্ণনা (সহমদল কমলের) উদ্ধৃত করিয়াছি। তৎপ্রদন্ত যাবতীয় ধামের সেই সকল স্থদীর্ঘ বিশদ বর্ণনার সারসঙ্কনন করতঃ আমরা নিয়ে সংক্ষেপে তাহা প্রকাশ করিতেছি। যথা:—

ন্তর বা মণ্ডল	व्यविष्ठीजी स्मर	ৰভা রূপ	भंक			
মূলাধার	পृथी वीक	কাঁচাহলুদের	ा द्वः नः			
শাধিষ্ঠা ন	বৰুণ বীজ	পাত্লা লাগ	চে রং বং			
মণিপুর	অগ্নি বীজ	অ্যার রং স	কে রং			
		অ্যান্ত বং 1	অন্তান্ত রং মিশ্রিত			
অনাহত	বায়্ বীজ	ঘোর রক্তব	र्व यः वा क्रीः			
বিশুদ্ধ	গগন বীজ	ধ্য	হং			
<u> আজ্ঞাচক্র</u>	ड़ी: तीख	3 7	হ্রীং			
সহস্রদল কমল	নিরঞ্জন পুরুষ জ্যোগি		ঘণ্টা ও শঙ্খ			
বঙ্কনাল—সহস্রদল কমল এবং ত্রিকৃটীর মধ্যবর্জী সংকীর্ণ, অন্ধকারময় বাঁকা রাস্ত:						
ত্রিকৃটি প্র	ণব বা ওঁকার পুরুষ	গোলাপী রাগো	দীপ্ত 'ওঁ অন্তৰ্গত মৃদ ক			
		প্রভাতসূর্য্য-সদৃ	ণ ও মেঘগৰ্জন			
শৃত্য বা দশমধার	রবং পুরুষ	পূৰ্ণচন্দ্ৰ-সদৃশ	ররং অন্তর্গত			
		প্রকাশমান	কিংগরী সারক,			
		G	দতারা, খরতাল ধ্বনি।			
মহাশৃত্য	অক্ষর পুরুষ	অন্ধকার কুগুলী				
ভ্ৰমবগুফা	সোহং পুরুষ	মধ্যাহ্কালীন	সোহং অন্তৰ্গত মুরলী			
		স্ব্য-সদৃশ	(दः नी) क्षनि ।			
সত্যলোক	-	কোটা কোটা	বীণাধ্বনি			
	চন্দ্ৰস্থ্য-সদৃশ প্ৰকাশমান					
অলথ লোক	অলথ পুরুষ	Ā	অনিৰ্ব্বচনীয়			
অগম লোক	অগম পুরুষ	ক্র	A			
অনামী লোক	ष्यामी श्रुक्ष	Ā	A			
রাধাস্বামী ধাম	রক্তমাংস-সঙ্কুল ইষ্ট	<u> </u>	রাধাস্বামী			
	রাধাস্বামী অনামী পুরুষ					

সপ্তম স্তবক

পরিদর্শকের মন্তব্য

From His Excellency's reply to the Pabna address:-

- "* * * The Satsang is doing excellent work in Education, Art, Social Service and Religion."
- "... I am sure the Asram is a force with great potentialities for the moral and physical betterment of Bengal and I wish it every success in surmounting the difficulties which face it. As far as it may lie in my power to do so I shall be glad to assist in this connection."

15-8-35.

Sd/ JOHN ANDERSON,
Governor of Bengal.

"* * * I have personal knowledge of the Institution, it deserves public support. I hope the public will give the workers every possible help. I wish them every success."

27-1-25.

Sd/ C. R. Das.

"* * * Of the surroundings of the Asram I carried a very good impression."

29-5-25.

Sd/ M. K. GANDHI.

"The Asram will prove a real force in the province for combating unemployment and improving the condition of the people both materially and morally. I shall be glad to give the Asram all the help in my power."

20-4-36.

Sd/ F. W. ROBERTSON, Commissioner, Rajshahi Division.

"The Satsang is a pride for the Bengalees as it appears to me from what I have seen there with my own eyes."

5-8-27. Sd/ Bepin Chandra Pal.

"I was much impressed by all that I saw."

19-9-27.

Sd/ C. A. Bently,

Director of Public Health, Bengal.

"I was much impressed with the enterprising social and development work going on under the inspiration of its founder. I gladly pledge sympathy and help of the department of Industries within its capacities and resources in the future."

16-9-28.

Sd/ A. D. WESTON,

Director of Industrics, Bengal.

"I have been greatly interested in my visit to the peaceful settlement on the banks of the Padma. The Founder and those who follow him have impressed me by the earnestness of devotion and variety of their enterprise. The settlement manifests an unusual combination of the spiritual and the material and there seems much promise in the various activities and schemes. There seems to be also every striking evidence of spiritual strength."

23-9-28.

Sd/ W. S. Urquhart,

Vice-Chancellor, Calcutta University

"* * * Cosmopolitanism is one of the distinctive features of the Asram. It aims at establishing peace and unity between the Hindus and Mahomedans. * * * I am glad to note that the efforts of Pabna Asram are appreciated by both the communities. Let us hope that their efforts will be crowned with success."

Sd/ WAHRD HOSSAIN, Advocate, High Court, Calcutta.

"Those that are gasping for breath in the whirlpool of the bustle of their everyday life—to save them—even in this province of Bengal, there lies an Island of bliss full of pilgrims for the land of truth. It is the Satsang Asram at Pabna."

5-8-27.

Sd/ SARALA DEVI.

"Lived in the Satsang for two days * * * was much pleased to know the ideals and objects of the institution. The management of the various works and the schools for girls and boys is in the hands of enthusiastic workers of spotless character. I was highly gratified to find so large a number of men and women leading their secular and spiritual lives in harmony, gathering inspiration from the ideals of the founder."

10th Feb., 1928.

Sd/ S. N. MAJUMDER, Editor, Ananda Bazar Patrika.

"We have been deeply interested as we have inspected the Satsang at Pabna.

We consider it the very finest example of self-improvement and self-control seen in any part of the world.

The educational and scientific work in progress is indeed a revelation and a credit to the Founder of the Institution.

* * * :

The good fellowship and comradeship on the compound so obvious is quite refreshing and is in our opinion a demonstration of true Christianity.

We congratulate the leader and the members of the community on their high standard of living and their extreme devotion to their laudable ideals. We wish them God-speed."

Box 6, P.O. New Town,

Sd/ WILLIAM WHITE

Sydney, A. S. W.

22, Nelson Road,

Sd/ REV. A. BUTLER.

Homebush, Sydney.

16, Burack Street,

Sd/ ALFRED WHITE, F. C. P. A.

Sydney, Australia.

"I visited the 'Satsang' this afternoon and was shown all over the various departments of this unique Institution. It is a most interesting enterprise and seems to be flourishing in spite of the difficulties which it must have necessarily encountered. The objects which it has in view are worthy of all praise and encouragement and I wish it every success."

23-1-1930.

Sd/ J. F. GRAHAM,

Judge, High Court, Calcutta.

This is to certify that "Satsang Engineering Works" carried out works of sinking tube-wells and of borings in the bed of River Ganges in the season 1933-34 in connection with the Hardinge Bridge Protection Works to the value of over Rs. 35,000/-. Their work was carried out expeditiously and in a workman-like manner, and they gave complete satisfaction.

The largest tubewell put down by them was 3" dia., but 4" dia. borings were made under water. They appeared to be capable, however, of doing bigger things if called upon to do so.

20th May, 1935.

Sd./ H. LANGLEY, Sub-division Officer, I., Hardinge Bridge, Paksey.


".... I may say without hesitation that in it my conception of duty finds a full realisation. I am deeply impressed with what I have seen to-day and I take it that the Satsang is a symbolical representation of industry and spiritual life."

Sd./ M. N. ROYCHOUDHURY President, Legislative Council, Bengal.

".... The spirit of love and self-sacrifice which animates all the workers is wonderful and when all India is similarly served by men and women with the same spirit of love and service to humanity, India will be an example to the world."

10-1-39.

Sd./ D. M. HAMILTON
Sd./ MARGARETE HAMILTON.



সংস্ক মেকানিকানি ওয়াক্সের অভ্যন্তর-ভাগের একাংশ

"পাবনা হিমাইতপুর সংসন্ধ আশ্রম পরিদর্শন করিয়া আমি পরম প্রীতি লাভ করিলাম। বর্ত্তমান সময়ে আমাদের দেশের তথাকথিত শিক্ষার বার্থভার কথা চিন্তা করিলে আমি শিহরিয়া উঠি। যে শিক্ষা বালক-বালিকারা স্থল-কলেজে পাইয়া থাকে তাহা কি প্রকারে স্বফলপ্রস্থ হইতে পারে আমি বহু চিন্তা ও চেষ্টা করিয়াও তাহার উপায় উদ্ভাবনে অসমর্থ হইয়াছি। এমন সময় সংস্ক আশ্রমের কার্যাকলাপ যাতা দেখিলাম, তাতাতে আমার জদয়ে আশার সঞ্চার হইতেছে। ধশ্ম ও কর্ম্মের অপর্কা সমাবেশে তপোবন শিক্ষাগারটীকে আশ্রম-কর্তুপক্ষেরা যে ভাবে গড়িয়া তুলিবার প্রয়াস পাইতেছেন, তাহা সতাই প্রশংসাই। ইউনিভারসিটী-পরিচালিত বিগ্যাল্যসমূহে ধর্ম ও কর্মশিক্ষার প্রতাক বিনিময় নাই বলিয়াই বর্ত্তমান শিক্ষায় এত বিষোদগারণ হইতেছে। দেশে এই প্রতিক্রিয়ার সময়ে সংসঙ্গ আশ্রমের যে চেষ্টা তাছা প্রয়োজনের তাডনায় জনাইতেছে বলিয়া কখনই ইহা ব্যর্থ ইইবে না। আশ্রমের প্রত্যেক বিভাগেরই স্বষ্টি এই প্রয়োজনীয়তার মূলে। * * * * এই প্রতিষ্ঠানের পশ্চাতে যে প্রেরণা বহিয়াছে, তাহা অনাবিল ও সত্য-উদ্ভাসিত হৃদয় হইতে উদ্বত হইয়াছে বলিয়াই, ইহার এত সহজ ও স্বচ্ছন্দ গতি এবং এত স্থন্দর পরিণতি।"

২রা আশ্বিন, ১৩৩৪ সাল

শ্রীমণীন্দ্রচক্র নন্দী মহারাজা, কাশিমবাজার

"পঠদশায় সংস্কৃত সাহিত্য ও সংস্কৃত শাস্ত্র যথনই আলোচনা করিয়াছি তথনই প্রাণে একটা ভাব জাগিয়া উঠিত—এই পবিত্র আর্যাভূমিতে প্রাচীন ভারতীয় সেই আশ্রমগুলি কোথায় যাইল ? ভারতের কোন্ ত্রদৃষ্টে পবিত্র গার্হস্কের পূর্ণতম আদর্শ সেই আশ্রমপ্রথা ভারত হইতে তিরোহিত হইল। ছাত্রজীবন ছাড়িয়া কর্মক্ষেত্রে প্রবেশ করিয়া প্রাণের নিভ্তপ্রদেশে এই প্রশ্নের উত্তর খ্রজিয়াছি। যথনই খ্রজিয়াছি তথনই হতাশ হইয়াছি। আজ সংসঙ্গে আসিয়া এই হতাশ প্রাণে আবার আশার সঞ্চার হইল। যতটুকু দেখিবাব অবকাশ পাইলাম তাহাতে ব্রিলাম আবার ভারতে নবযুগের অভ্যুত্থানের স্কুনা দেখা দিয়াছে। প্রাচীনের গৌরবশ্বতি অক্ট্র রাখিয়া নবীন জগতে আশ্রমপ্রথা কির্মপে কার্যাকরী করা যাইতে পারে সংসঙ্গ সে বিষয় সংপথ দেখাইয়াছে।"

৫ই আশ্বিন, ১৩৩৪ সন মহামহোপাধ্যায় ভাগবতকুমার শাল্পী

এই আশ্রমে আদিয়া যাহা দেখিলাম তাহাতে সত্য সত্যই অত্যন্ত আনন্দিতা হইয়াছি। প্রথমত: নারী-স্বাধীনতা বিশেষ উল্লেখযোগ্য। প্রকৃত স্বাধীনতা আছে কিন্তু উচ্ছ্ শুলতা নাই। নারীকে দৈনন্দিন জীবনযাত্রার মধ্যেও কিন্নপে সর্কবিছার পারদর্শী করিয়া উপযুক্ত সহধর্মিণী, ভগিনী, কন্তা ও মাতৃরূপে ফুটাইয়া তৃলিয়া সাংসারিক জীবন স্বথময় ও শান্তিময় করা যাইতে পারে—তাহার উজ্জ্বল দৃষ্টান্ত ভারতবাদীর নিকট স্থাপন করা হইয়াছে। নারী এখানে জগন্ধাত্রীরূপে সেবায়, যত্মে ও মাতৃত্বে ফুটিয়া উঠিয়াছে,—কর্মশীলতায় অত্লনীয়া হইয়াছে। ইহা যাহার অম্প্রেরণায় ও পরিচালনায় প্রতিষ্ঠিত তাহাকে নারীর এই প্রাপ্য অধিকার দেওয়ার জন্ত নারী-হদয়ের অশেষ ক্রতঞ্জতা জ্ঞাপন করিতেছি।

৭ই আশ্বিন, ১৩৩৪ সন

শ্ৰীকমলা দেবী

"* * * এই যে স্থ্রহৎ একটা পল্লী প্রতিষ্ঠা করা হইয়াছে ইহা
বান্থবিকই দেখিবার জিনিষ। ইহার কার্য্য-পরিচালনের ভার যাহাদের
উপর অন্ত, তাহাদের প্রাণ আছে। এই প্রাণেব পরশটুকুই পল্লীটার
প্রাণ-প্রতিষ্ঠা করিয়াছে। প্রাতন বটরকের মত ইহা নানাদিকে শিকড়
মেলিতেছে। তাহার কতকগুলি এখনই দেখা যায়। আর কতকগুলি
এখনও কল্পনায় বহিয়াছে। সকলগুলি যখন শাখাপল্লব মেলিবে, তখন
তাহার বিশাল ছায়ায় শত শত নরনারী জুড়াইতে পারিবে। ইহাই আমি
বিশাস করি এবং ভগবানের নিকট স্কান্তঃকরণে প্রার্থনা করি।"

২রা এপ্রিল, ১৯৩৩ সন

শ্রীথগেন্দ্রনাথ মিত্র (রায় বাহাত্র)

"* * * আশ্রমের বিধিব্যবস্থা ও কর্মকৃশনতার মধ্যে ধর্মের আদর্শকে কর্মে অনুদিত করিবার আকাজ্ঞা এবং নারীপুরুষ-নির্বিশেষে জ্ঞান, শক্তি ও মৈত্রীভাবের বিকাশের ও স্বাবনম্বন শিক্ষার চেষ্টা দেখিয়া বিশেষ আনন্দ লাভ করিতেছি। আমি সর্ব্বাস্তঃকরণে এই প্রতিষ্ঠানের ক্রমোরতি ও সম্বন্তা প্রার্থনা করি।"

১৬ই हिज, ১৩৩२ मन

শ্রীকামিনী রায়

"এই স্থানের বিভিন্নমূখী কর্মপ্রচেষ্টা প্রত্যক্ষ করিয়া বিস্মিত হইয়াছি। নানাস্থান হইতে আগত কর্মিগণ তাঁহাদের গুরুদেবকে কেন্দ্র করিয়া একটী বৃহৎ পরিবারের মতন বাদ করিতেছেন। বিচ্ছালয়ের শিক্ষাপ্রণালীরও বিশেষত্ব আছে। বালক-বালিকাগণ শিক্ষকবর্গের সহিত বৃক্ষছায়ায় বদিয়া নানা বিষয় জ্ঞানালোচনা করে। প্রাচীন তপোবনের গুরুশিয়ের শিক্ষাধারাকে ইহারা পুনরায় উত্থাপিত করিতে চেষ্টা করিতেছেন। ছেলেরা
নিজহাতে গৃহনির্মাণ করেছে, রাস্থা তৈয়ারী করেছে, পুরুর কাট্ছে।
ইহারা এইরূপ সরল জীবনযাত্তার সঙ্গে সঙ্গে কল-কারখানা প্রবর্ত্তন
করেছেন, প্রেস করেছেন। এই সকল কারখানার কমিগণ কাঞ্জ করার
সঙ্গে সঙ্গে লেখাপড়া ক'রে Matric পাশ কর্ছে। মহিলাগণ এখানে আসিয়া
লেখাপড়া শিক্ষা করিয়া স্বামীদের কার্ণ্যে সহকারিণী হয়েছেন।

প্রেসে দেখিলাম একদল মহিলা কম্পোজের কান্ধ করিয়া নিজেদের জীবিকা অৰ্জন করিতেছেন।

কর্মিগণ কঠোর পরিশ্রম করিয়া কলকারখানার সাহায্যে যাহা উপার্চ্জন করেন সেই আয় সমগ্র colony-র সমষ্টিগত কল্যাণকল্পে সায় করেন।

ইহাদের অধ্যাত্ম জীবনের দাধনাকে কর্মে ও সমাজ-দেবায় রূপদান করিবার এই শুভ প্রচেষ্টার অন্তরালে বাহার প্রেরণা রহিয়াছে তাহার মহত্ত গভীরভাবে অন্তভব করিয়া আনন্দিত হইযাছি।"

₹81810€

শ্রীকালীমোহন ঘোষ শ্রীনিকেতন, বোলপুর

"ধর্মসাধনার সঙ্গে কর্মযোগ মৃখ্যভাবে অঙ্গীভৃত করিয়া সংসক্ষ হিন্দুর বৈশিষ্ট্য রক্ষা করিয়াছেন। আবার ইহাও বলিব যে, এই কর্মের মধ্যে পল্লীসংস্কারের ভায় ত্রুহ কার্য্য বাছিয়া লইয়া তাহারা আরও সংবিবেচনার কার্য্য করিয়াছেন। সংসঙ্গের সংকল্প সার্থক হউক ভগবানের চরণে ইহাই প্রার্থনা। * * * * *

এখানে দেখিলাম একটা কর্মক্ষেত্র গড়িয়া তুলিবার বিরাট চেটা! দেশমাতৃকার অবস্থা উন্নত করিয়া তুলিবার একটা মন্ত বড় কেন্দ্র এখানে গড়িয়া উঠিয়াছে। জগন্নাথের চাকা এখানে বেগবান্ হইয়া ঘুরিতেছে। আমি এই আশ্রমকে বিচ্ছিন্নভাবে দেখিতে চাই না, সমগ্রভাবে দেখিলে মনে হয়, এখানকার কাজ যেমন অগ্রসর হইতেছে ভাহাতে অদ্র ভবিদ্যতে ইহা ভারতে একটা প্রধান আশ্রম বলিয়া পরিগণিত হইবে। সংসক্ষে বাহা দেখিয়াছি জাপানেও আমি তাহাই দেখিয়া আসিয়াছি। সংসক্ষের আদর্শে এই বাংলা কেন সমগ্র ভারত এই আদর্শে গড়িয়া উঠিবে।"

৩০শে সেপ্টেম্বর, ১৯৩৩

শ্রীহরিদাস মুখোপাধ্যায়, প্রতিষ্ঠাতা, অমৃত সমাঞ্চ * * * এখানে একটা সমান্ত গড়িয়া তুলিবার যে ধারা অবলম্বিত হইয়াছে তাহা আমাদের বর্ত্তমান অবস্থায় জনহিওকর বলিয়া মনে করি। বিছাও অর্থকরী শিক্ষার সহিত সূজ্যবদ্ধ জীবনের সমবায় স্থাপন করিবার যে চেষ্টা হইতেছে তাহা সর্বতোভাবে প্রশংসনীয়। যিনি অন্ধ্রানটীকে প্রাণ দিয়াছেন আমার বিশাস তাহার প্রেরণা এইটীকে শক্তিমান করিয়া দশের ও জগতের মকল সাধন করিবে।

২রা এপ্রিল, ১৯৩৩

শ্ৰীষতীন্দ্ৰনাথ বস্ত্ৰ

"বাংলার স্থানে স্থানে আমি যতদ্র ঘূরিয়া দেখিয়াছি, তাহাতে সর্বত্রই অসীম ছুর্দ্দশার অবস্থাই দেখিয়াছি। লক্ষ লক্ষ লোক অনাহারে অন্ধাহারে দিনপাত করিতেছে। এমতাবস্থায় আমাদের কর্ত্তব্য, ছুর্দ্দশাগ্রস্ত যাহারা তাহাদিগকে ধরিয়া তোলার চেষ্টা করা।

সংসক্ষে আসিয়া আমি সেই কর্তব্যেরই উদ্বোধনের প্রচেষ্টা দেখিতে পাইতেছি। মনে হইতেছে রাজনৈতিক ক্ষেত্রে কাজ করিতে করিতে আমরা প্রাণে প্রাণে বাহার অফুসন্ধান করিয়াছি তাহা হাতে-কলমে আরম্ভ করা হইষাছে এই সংসঙ্গে। আমি দেখিতেছি সংসঙ্গের আদর্শ প্রকৃত মুদ্দিমেরই আদর্শ। তাই একথা বলিলে অত্যক্তি হইবে না যে, প্রত্যেক মুসলমানের পক্ষেই সংসঙ্গের এই আদর্শে নিজের চরিত্র গঠন করা উচিত। আমার যদি বয়স থাকিত তবে আমি সংসঙ্গের মেম্বর হইয়া সংসঙ্গের সেবাই করিতাম কিন্তু আমার বয়স চলিয়া গিয়াছে। তথাপি আমি publicly ঘোষণা করিতেছি, যদি আমান্ধারা সংসঙ্গের কোন প্রকার সেবা বা সহায়তা করা সন্তবপর হয় তাহা আমি আপ্রাণ চেষ্টা করিব।

আমি সংসক্ষের এমন কি অধমাধম কন্মীকেও একজন উচ্চপদস্থ কর্মচারী অপেক্ষা বিশেষ শ্রদ্ধার পাত্র মনে করি। আমি সামান্ত একজন সংসঙ্গের সেবককে যতথানি সন্মান করি, একজন গভর্ণমেন্টের থেতাবীযুক্ত লোককে ততটা পারি না। সংসক্ষের কর্তৃপক্ষ যে আমাকে তাঁহাদের সঙ্গে মিশিবার এবং তাঁহাদিগকে জানিবার স্থযোগ দিয়াছেন তাহাতে আমি নিজকে কৃতার্থ মনে করিতেছি।"

)मा चारको वर, ১৯৩७

মোলভী এ, কে, ফজলুল হক, (অধুনা) প্রধান মন্ত্রী, বালালা গবর্ণেট

অষ্ট্ৰম স্তবক

কোষ্ঠী-বিচার

(প্রাচ্য মতে গণিত)

अकाया--- १८१०।८।२०।८।२० বন্ধাৰ--১২৯৫ সাল ৩০শে ভাত্ৰ খুষ্টান্স —১৮৮৮ সন ১৪ই সেপ্টেম্বর, ৭টা ২৮ মি স্থানীয়। হৈতনাৰ--৪০৩ সংবং---১৯৪৫ বার--ভক্ত লগু--ক্সা. তিথি—শুক্লা নবমী. বাশি-ধমু, বণ-ক্ষতিয় নক্ত-মূলা যোগ—সৌভাগ্য, গণ-দেবারি. দশা— { অষ্টোত্তরী—শনি বিংশোত্তরী—কেতৃ করণ—কৌলব করণ বাহু ৮ কেত ২১ জনাকু গুলী শনি ১ हद ऋत द्रवि ১२ मक्न >१ বুহুম্পতি ১৭

শ্রীশ্রীঠাকুর অমুকৃলচন্দ্র

সায়ন গ্রহস্ট	নিরয়ণ গ্রহক্ট	পূৰ্বাহঃ			জাতাহ:		
র৫।২২।৪	র—৪।২৮/৫৬	¢	74	ર	৬	2	28
D 317515A	B-6122109	ъ	>>	8	9	٩	(0
ম—৮।২।২৫	ম ৭।১০।২৮	२३	>	69	₹8	२१	89
ৰু—৬1৮1৫৫	र्(170170	¢ 9	۰	२२	৩৬	৩	৩০
বু৮। ৽৷২২	व्— १।३।১						
	3-6129180						
×1812€155	শ—তার ৫।৩৯						
রা—তা২ গাত২	রা—৩।৭।১৬						

(পাশ্চাত্য মতে গণিত)

শকান্ধ—১৮১০।৪।২৯।৩।৩৯।৫৭।৩০ নক্ষত্র— পূর্বাযাতা; গণ—নর (অষ্টোন্তরী—বৃহস্পতি দশা— বিংশোন্তরী—শুক্র রাশিচক্রে—চন্দ্র ২০, তিথি, লগ্ন, রাশি প্রভৃতি পূর্ব্ব-বর্ণিত মত।

ষড় বৰ্গ

ক্ষেত্ৰ—বুধ,	নবাংশ—চন্দ্ৰ,
হোরা—রবি,	বাদশাংশ—শুক্র,
দ্ৰেকাণ—শুক্ৰ,	ত্রিংশাংশ—শনি

গণনার উপাদান	সায়ন মাধ্যাহ্ণিক গ্রহস্ট	নিবয়ণ গ্রহক্ট
দ্রাঘিমা—৮৯।১৩	त—৫।२२।৪	র—৪।২৮।২৩।১০
দেশান্তর—২৭০	52175159	₽ ₩₽13813%13°
न्ट्रिगामय—(1861)	य ৮।२।२१	म-१।>०।৫১।>०
দিবামান-ত৽৷৩৯৷৫৽	ৰু—৬৷১৷১	ब्(1)((१०))
অকাংশ২৪।১।০	ৰু৮।৽।২৭	রু গাদা৫।১০
র, ক্রা, উ—৽।২২।	3-6 8182	७ —€ >७ ०२ >०
विष्व कान->>।७२।८३	e ≥ 13€136	*
প্ৰভেদাৰ—৽৷২২৷	ব্যাতা২ ৭।৩৭	ব্ৰাতা৫।১৭।৪০
ष्ययुनारभ२२।১१।৫०	কে— ৯৷২ ৭৷৩৭	কে—১ ¢ ১৭ ৪০

ভাবকৃট	স িক্তৃট
উন্ত্—ধাই । (৫৮। ৬	ত্তমু — ৬ ৬ ৩ ৬
धन-७।२३।४।७	धन १।७।३८।७
महज-१।२১।১৮।७	সহজ—৮।৬।২৩।৬
वृक्-्रार >।२৮।७	বন্ধু—নাধা২৩।৬
পুত্র হা২০।১৮।৬	পুত্র-১০1৫1১৩1৬
রিপু—১০।২০।৮।৬	রিপ্র—১১।৫।৩।৬
জায়া—১১৷২০৷৫৮৷৬	জাগ্না—৽৷৬৷৩৷৬
নিধন—৽৷২১৷৮৷৬	নিধন—১৷৬৷১৩৷৬
धर्च>।२১।১৮।५	ধৰ্ম—-২।৬।২৩।৬
कर्य	কৰ্ম—৩ ৫ ২৩ ৬
আয়—৩।২০।১৮।৬	আয়—৪।৫।১৩।৬
ব্যয়৪।২০।৮।৬	ব্যয়—৫।৫।৩।৬

ফল-পরিচয়

১। যোগ ফল

সৌভাগ্যজনা স্থভগো মনুষ্য: শ্লাঘ্যো জনানাং ধনবান্ গুণজ্ঞ:
উদার্চিন্তো বলবান্ বিবেকী মহাভিমানী প্রিয়ভাষণক।
সৌভাগ্য যোগে জন্মগ্রহণ করিলে জাতক মহাভিমানী, ভাগ্যবান, ধনবান, গুণবান, উদারচেতা, প্রিয়ভাষী, বলবান, বিবেকী ও সাধারণের শ্লাঘ্য হইয়া থাকেন।

২। করণ ফল

বাগ্মী বিনীতো নিতরাং স্বতম্বঃ প্রাগলভাষুক্তো মহুজো মহৌজাঃ। স্বদ্যতঃ স্থাধিত্যাং কৌলবাধ্যং করণং প্রস্তেতী ॥ কৌলবকরণে জন্মগ্রহণ করিলে জাতক বাকপট্, বিনীত, স্বাধীন, তেজস্বী ও পণ্ডিতদিগের উপর্যুক্ত পাত্র হইয়া থাকেন।

৩। ক্ষেত্র ফল

নিত্যোৎসাহী ষ্টপুটো গুণবান্ বলদর্পক:।
দাতা ভোক্তা ভবেদ্ধীরো ব্ধক্ষেত্রে ভবেদ্ধর:॥

বুধের ক্ষেত্রে জন্ম হইলে জাতক নিয়ত উৎসাহান্বিত, হুইপুট-দেহবিশিষ্ট, গুণবান্, দাতা, ভোক্তা, বলদর্শকারী এবং নম্মপ্রকৃতি হইয়া থাকেন।

৪। দ্ৰেকাণ ফল

দ্রেকাণে ভৃগুনন্দনশ্য স্থতকুর্মন্ত্রী ধরিত্রীপতে: ।
সর্বজ্ঞঃ স্থজনাকুরাগঃ কুণলো দাতা সত্যপালক: ॥
মুক্তারত্বরান্ধনাত্মন্ত্রু শ্রীপ্দিতশ্চার্থবান্ ।
ফীতঃ শাস্তমতিঃ প্রসন্ধরদয়ো ধর্মাকুরকো নরঃ ॥

শুক্রের দেকাণে জন্ম হইলে জাতক স্থলর-দেহী, রাজমন্ত্রী, সর্বজ্ঞ, স্থলনাহ্যাগী, দাতা, সাধুপালক, মুক্তা রত্ব ভাগা। ও পুত্রযুক্ত, রাজপূঞ্জা, ধনী, স্থলদেহী, শাস্ত, প্রফুল্লহাদয় ও ধার্মিক হইয়া থাকেন।

ে। নবাংশ ফল

ভবতি কণককান্তি ন'তি দীর্ঘ: ন থর্কঃ প্রবিবলতন্ত লোমা: চারুকেশা: স্ব্যৃত্তিঃ বহুজ্বনপরিপূর্ণো ধর্মশীলো গুণজ্ঞো বিষয়স্থথ: স্ববেশ: শীতরশ্মেন বাংশে

চন্দ্রের নবাংশে জন্ম হইলে জাতক স্থবর্ণসদৃশ-কান্তিবিশিষ্ট, নাতিদীর্ঘ, ও নাতিথর্ক, স্ক্ল ও অল্প লোমবিশিষ্টদেহ, স্থন্দর-কেশকলাপসম্পন্ন, স্থনরমূর্ত্তি, বহু পরিবারযুক্ত, ধান্মিক, গুণী, বিষয় ভোগে স্থী এবং স্থপরিচ্ছদধারী হইয়া থাকেন।

৬। ভাদশাংশ ফল

শ্র বহুধনভোগী, নৃত্যগীতপ্রিয়ং সদা।
শুক্তির্দান্তঃ ক্ষমাবন্তঃ দ্বাদশাংশে ভূগোরভূং॥
শুক্তের দ্বাদশাংশে জন্ম হইলে জ্বাতক বলিষ্ঠ, ধনী, ভোগী, নৃত্যগীতপ্রিয়,
আচারযুক্ত, দান্ত ও ক্ষমাশীল হইয়া থাকেন।

৭। চত্রের কেন্দ্র ফল

মিত্রোপকারী বিভবাতি যুক্তো বিনীতমূর্ত্তিঃ শ্বতিশাপ্দশীল:।
প্রাপ্রোতি কাস্তাং শুভযুক্তাং চপ্রোহণি কেন্দ্রী চিরকালজীবী ॥
চন্দ্র কেন্দ্রে থাকিলে জাতক বন্ধুবর্গের পরম উপকারী, বিভবশালী,
বিনীতমূর্ত্তি, শ্বতিশাস্থশীল, দীর্ঘায়ু হন ও অতি মনোহর প্রী লাভ করিয়া থাকেন।

৮। বুধের কেন্দ্র ফল

অপারবৃদ্ধিং বহুদারযুক্তঃ বিখান্তরাগী গুরুদেবভক্তঃ।
স্থীলাভার্য্যান্চ বৃধোহপি কেন্দ্রী বিপ্রার্চনে সাধুজনে চ রক্তঃ॥
জাতকের বৃধ কেন্দ্রে থাকিলে তিনি অসীম বৃদ্ধিশালী, বহুস্তীসংযুক্ত,
স্থীলাভার্য্যাধিত, বিখান্তরাগী, দেব-গুরু-রাজ-ভক্ত এবং সাধুজনের অতিশয়
ভক্ত হইয়া থাকেন।

৯। শুক্রের কেন্দ্রকল

স্থী স্বেশঃ স্বন্ধনাস্বাগী স্থারযুক্তো গুণবান্ধনাটাঃ।
স্বৃদ্ধিশীলক কুলপ্রদীপঃ শুকোইপি কেন্দ্রী চিরকালজীবী॥
শুক্র কেন্দ্রে থাকিলে জাতক অতিশয় স্থা, আত্মীয়স্বজনাম্বাগী,
স্বেশসম্পন্ন, স্থাযুক্ত, গুণবান, বছবিভবযুক্ত, স্বৃদ্ধিশীল, কুলপ্রদীপস্করপ
ও দীর্ঘজীবী ইইয়া থাকেন।

১০। চন্দ্রপ্রভাযোগ ফল

পুণ্যাধিশঃ পুণাগৃহে চ কেন্দ্রে চন্দ্রপ্রভাষোগ ইতি প্রণীতঃ রাজাধিরাজো গুণবান্ বিলাদী গঙ্গাজনে মুঞ্চি জীবনঞ্চ ॥ নবম স্থানের অধিপতি কেন্দ্রে থাকিলে জাতকের চন্দ্রপ্রভাষোগ হইয়া থাকে, এজন্ম তিনি রাজাধিরাজ অথবা রাজতুলা, গুণশালী ও বিলাদী ইইয়া থাকেন।

১১। ক্ষেত্রসিংহাসন্যোগ ফল

দশম ভবনাথ: কেন্দ্র কোণে ধনে বা বলবতি যদি জাত: ক্ষেত্রসিংহাসনে বা স ভবতি নরনাথো বিশ্ববিখ্যাতকীর্ত্তির্মদ— কলিতকপোলৈ: সদগজৈ: সেব্যুমান: ।

জন্মসময়ে দশমাধিপতি কেন্দ্রে ও লগ্নে অবস্থান করিলে জাতক জগতে মনীষিগণের উপর আধিপত্য বিন্তার ও জগতে অক্ষয়কীর্ত্তি স্থাপন করিবার যোগ পাইয়া থাকেন।

১২। গুরুমক্সলযোগ

যত্র যত্র স্থিতো ভৌমো গুরুষুক্তো ভবেদ যদি ভত্রোচ্চ ফলমাখ্যাতিঃ স্থাতুচ্চে দ্বিগুণং ফলং

মঙ্গল গুরুষুক্ত হইরা উচ্চ ফলদাতা হন। এইজন্ম গুরুমঙ্গল-যোগে জাতকের উচ্চ ফল প্রদান করিয়া থাকে।

১০। লগ্নে বৃধক্তক্রযোগ

সোম্যেন যুক্তো ভৃগুজো বিলয়ে নবং প্রস্ততে নূপকার্যাদক্ষম্।
নূপেন্দ্রপূজ্যং বহুশান্ত্রবক্তং ধনান্বিতং সত্যসমন্বিতঞ্চ।
লয়ে শুক্র বৃধ যুক্ত হইলে জাতক বহুশান্ত্রজ্ঞ ও নূপপূজা হইয়া থাকেন।

১৪। नशक वृधकन

বিছা-বিত্ত-তপ:-স্বধর্মনিরতো লগ্নস্থিতে বোধনে লগ্নে বুধ থাকিলে জাতক বিছান, বিত্তবান, তপঃপরায়ণ, স্বধর্মনিরত হন।

১৫। লগ্নন্থ শুক্রফল

বাচাল: শিল্পবিশ্বন্দ ধনী ভোগী মহামতিঃ কাব্যশাস্থবিনোদী চ ধামিকো লগ্নগে ভূগৌ

শুক্র লয়ে থাকিলে জাতক বাকপটু, শিল্পবিভাবিং, ধনী, ভোগী, মহামতি, কাব্যশান্ত্রবিনোদী ও ধার্মিক হইয়া থাকেন।

১৬। রাজযোগ ফল

সম্বন্ধো দশমাধিপশু নবমাধীশেন যেবাং জফুঃ
কালে পঞ্চম ভাবপেন চ বলোপেতশু তুলান চেং।
প্রস্থানে সতি লীলয়া তহুভূতাং বশ্যারিঃ-বিশ্বস্তরা
গর্জ্জদ ঘোটকমন্তবারণ ঘটাক্রাস্তা সমস্তাদ ভবেৎ ॥

পঞ্চমপতি শনি এবং নবমপতি শুক্রের সহিত বলবান দশমপতি বুধের সম্বন্ধ হইলে জাতক শক্রজয় এবং তাহাদিগকে বশীভূত করার প্রবল যোগ প্রাপ্ত হন।

১৭। রাহুর অবস্থানফল

মৃগপতিবৃষকন্তা কর্কটন্থো২পি রাহুর্ভবতি বিপুললন্ধী রাজারাজাধিপো বা হয়গজনর নৌকা মেদিনী মণ্ডলানাং রিপুকুলতৃণবহ্নিং রাহুস্কিলিরায়ঃ। রাহু কর্কটরাশিতে অবস্থান করিলে জাতক রাজাধিরাজ, অশ্ব, মমুয়ু, লোকাদির অধিপতি এবং শত্রুকুলরূপ তৃণের হুতাশন স্বরূপ হুইয়া থাকেন।

১৮। স্কর্মযোগ

কর্মেশে লগ্নভাবস্থে লগ্নেশেন সমন্থিতে কেন্দ্রত্তিকোণগে চল্লে সংকর্ম নিয়তো তবেৎ

কর্মাধিপতি লগ্নস্থানে অবস্থান করিলে এবং লগ্নাধিপতি যুক্ত হইলে এবং কেন্দ্র বা ত্রিকোণস্থ চন্দ্র থাকিলে এই যোগ হয়। এই জাতকের বুধ ও চন্দ্রের খারা এ যোগ হইয়াছে। এই যোগে জাতক জগতের অশেষ কল্যাণ সাধন করেন।

১৯। বৃধতুঙ্গী ও বৃধকেন্দ্রীযোগ

স্বোচ্চরাশি গতকান্ত্রী কেন্দ্রকোণসমন্বিত। বিভাবাহনসম্পত্তিং করোভি বিপুলং ধনং

বৃধগ্রহ উচ্চস্থ হইলে বা কেন্দ্রী ত্রিকোণগত হইলে জাতক বিছা, যান, বাহন ও সম্পত্তিযুক্ত হইয়া বিপুল ধনের অধিকারী হন। এই জাতকের রাশিচত্তে বুধ চারিটী শক্তিযুক্ত (তুক্বী, স্বগৃহী, মুলত্রিকোণস্থ ও কেন্দ্রী) স্থতরাং ঐ ফল পূর্ণভাবে হইয়াছে।

२०। नकौर्याश

কেন্দ্রম্পত্তিকোণস্থে ভাগ্যেশে পরমোচ্চগে।
লগ্নাধিপে বলাত্যে চ লক্ষীযোগ ইতীরিতঃ ॥
গুণাভিরামো বহুদেশনাথো বিভামহাকীর্চিরনঙ্গরূপঃ।
দিগস্তবিশ্রান্ত নূপালবন্দ্যো রাজাধিরাক্ত বহুদারপুত্তঃ ॥

লগ্নাধিপতি বলবান হইয়া কেব্রুস্থানে, ত্রিকোণস্থানে বা ভাগ্যস্থানে উচ্চস্থ হইয়া অবস্থান করিলে জাতক লক্ষ্মীযোগ প্রাপ্ত হন। এই জাতকের লগ্নাধিপতি ব্ধ কেব্রু, মূল, ত্রিকোণ এবং উচ্চস্থানে অবস্থান করায় তিনি লক্ষ্মীযোগ প্রাপ্ত হইয়াছেন। এই যোগ প্রাপ্ত হইলে জাতক বহুগুণযুক্ত, বছ দেশের উপর কর্তৃত্ব, বিদ্বান, উচ্চকীর্ত্তিমান্, অনঙ্গুত্বল্য রূপবান, দিগ্ব্যাপী শাস্তিদায়ক, রাজগণ কর্তৃক বন্দিত, রাজাধিরাজতুল্য, অনেক পত্নী ও বছ পুত্রযুক্ত হইয়া থাকেন।

২১। পারিজাতযোগ

বিলগ্ননাথস্থিত রাশিনাথ। স্থানেশরাশী শতদংশ নাথ।
কেন্দ্রব্রিকোনোপ গতো যদি আং। স্বতুঙ্গগোবা যদি পারিজাতঃ।
মধ্যাস্তদৌখ্যা কিতিপালবন্দ্যোযুদ্ধপ্রিয়ো বারণবাজিযুক্তঃ।
স্বক্র্মধ্র্যাভিরতো দয়ালুর্যোগোনপঃ আদ্ যদি পারিজাতঃ।

এই জাতকের ব্ধতৃকী ও ম্লজিকোণস্থ কেন্দ্রগতি ব্ধ হওয়ায় পারিজাত যোগ হইয়াছে। পারিজাতযোগপ্রাপ্ত ব্যক্তি মধ্য ও অন্তকাল সৌধ্য বা শুভযুক্ত, রাজগুরুলবন্দিত, যুদ্ধে হর্ষাশ্বিত, বাজিকর্মে নিবৃত্ত, স্বীয় কর্মে ও ধর্মে রত, দয়াযুক্ত হইয়া থাকেন।

২২। ভাগ্যবানযোগ

ষত্ৰ স্থিতো ভৌমো। গুৰুষুক্তোভবেদ্ যদি॥ তদান্তাৰিপুলা লক্ষ্মী:। শুভদৃষ্টৌ বিশেষতঃ॥ এই জাতকের স্বগৃহী মঙ্গল স্থপপতি বৃহস্পতির সহিত যুক্ত থাকায় ভাগ্যবান যোগ ও রাজযোগ হইয়াছে। এই যোগে জাতকের বিপুল ভাগ্যবৃদ্ধি হইয়া থাকে।

২০। দরিজযোগ

লগ্নস্ত দশমে শৃত্যে রবেরেকাদশে তথা। কুজস্ত চাষ্টমে শৃত্যে ত্রিশৃত্যে চ দরিত্রতা।

এই জাতকের রাশিচক্রে লগ্নের দশম (মিথ্নের গৃহ) শৃন্থ, রবির একাদশও (মিথ্ন গৃহ) শৃন্থ, মঙ্গলের অন্তমস্থানও (মিথ্নের গৃহ) শৃন্থ থাকায় প্রাকৃত দরিস্তযোগ হইয়াছে। এইরূপ একটা নির্দ্ধিই স্থানে উক্ত তিনটা নির্দ্ধিই লগ্ন ও গ্রহের শৃন্থ স্থান একই স্থানে সন্নিবিষ্ট প্রায়ই দেখা যায় না।

২৪। ধনবানযোগ

ধননাথো যদা ধর্ম্মে দশমে লগ্নকে স্থথে। বিক্রেরে সবলে সৌম্যে ধনবান ধর্মবাগু ভবেৎ।

ধনাধিপতি নবমে, দশমে, লগ্নে বা স্থপস্থানে ক্রুবর্জ্জিত হইয়া বলবান অবস্থায় অবস্থান করিলে ধনবান যোগ হয়। এক্ষেত্রে ধনপতি শুক্র লগ্নে (কেন্দ্রী) থাকায় ধনবান যোগ হইয়াছে। এ-যোগপ্রাপ্ত ব্যক্তি ধনবান ও ধর্মবক্তা হইয়া থাকেন।

२৫। नन्द्रयांश


যুগে যুগে ভবেত্রীনি একৈকঞ্চ ত্রিষ্ স্থিতং নন্দযোগঃ সবিজ্ঞেয়ো চিরাযুক্ত স্থপ্রসাং ॥

রাশিচক্রে যুগা (তুইটী তুইটী) গ্রহযুক্ত হইয়া তিনটী স্থানে থাকিলে নন্দযোগ হয়। এক্ষেত্রে পূর্ণভাবে তাহাই হইয়াছে। এযোগ প্রাপ্ত হইলে জাতকের স্বথপ্রদ দীর্ঘাযু লাভ হইয়া থাকে।

२७। सूथकीवनयाग

লগ্নেশে কর্মরাশিস্থে, কর্মেশে লগ্নসংযুতে। তাবুভৌ কেন্দ্রগোবাপি, স্থথজীবনভাগু ভবেং॥

লগাধিপতি কর্মস্থানে অবস্থান করিলে এবং কর্মাধিপতি লগ্নস্থানে অবস্থান করিলে এবং উভয় কেন্দ্রগত হইলে জাতকের স্থখ্জীবন যোগ লাভ হয়। এ যোগটী এক্ষেত্রে তুঙ্গী (উচ্চ) বুধের দ্বারা সংঘটন হইয়াছে। এ যোগে জাত ব্যক্তি স্থখ্জীবন অতিবাহন করেন।



শ্ৰীশীঠাকুর অনুক্লনিশ্ৰের বর্টনান বাসভবনের সমুখ ভাগের দৃশ্য

নবম স্তবক

শ্রীশ্রীভৃগুসংহিতা-বিবরণ

সৌভাগ্যক্রমে বিশেষ চেষ্টার ফলে বিগত ১৩৪০ সালে কানীধাম 'ভৃগুকার্য্যালয়' হইতে শ্রীশ্রীঠাকুরের কোষ্ঠার ভৃগু-বিচার পাওয়া গিয়াছে। 'ভৃগুনংহিতার' প্রত্যেকটা উক্তি শ্রীশ্রীঠাকুরের জীবনে এমন আশ্চর্যারকমে অক্ষরে ফলিযা যাইতেছে যে, আগ্যশ্রষির ঈদৃশ অদ্রাস্ত দর্শনের পরিচয় পাইযা মৃশ্ধ হইতে হয়। ভৃগু-উক্ত বিবরণ আছোপান্ত প্রকাশ করিবার স্থানাভাবপ্রযুক্ত আমরা ইহার কিয়দংশমাত্র এখানে উদ্ধৃত করিলাম। সমগ্র 'ভৃগু'র মৃল সংস্কৃত বচন ও বঙ্গাহ্বাদ দেওয়ার জন্ম উক্ত কার্য্যালয়কে অহুরোধ জানান হইয়াছিল কিন্তু তাহারা 'পূর্বজন্মকথন' এবং 'তন্মভাবাদি' নয়টী ভাবফলের মৃল সংস্কৃত বচন এবং কর্ম্ম, আয়, ব্যয় এই তিনটী ভাবফলের বঙ্গাহ্বাদ দিয়াছেন। সংস্কৃত ও বাংলা বচনগুলি যেরপ পাওগা গিয়াছে অবিকল তাহাই যৎকিঞ্ছিৎ নিমে প্রকাশিত হইল।

পূৰ্ব্বজন্ম-কথন

গ্রীপ্রীশুক্র উবাচ।

ভগবন্ সর্বধর্মজ্ঞ দর্কাভূতহিতে রত। ক্রহি মে রুণরা দেব জীবহেদং গুভাগুভং ॥
পূর্বজ্ঞমান জীবাহনৌ কিং কর্ম কুরা গুভাগুভং। কগং মর্জ্যে সমারাত: ইতি নিশ্চিতা মে বদ ॥
কথং পাপং কবং তাপং কগং ত্রিপাপ বগুনং। কেনোপায়েন তরাশো অধুনা বজু মুর্চাস ॥
ইতি পুত্রোদিতং বাক্যং নিশ্ম্য মুমিসন্তম। কণমাত্রমূবি তত্তৌ ধ্যানতিমিতলোচনঃ ॥
শ্রীশ্রীভগু উবাচ।

রামচন্দ্র ধরা কেপা কলা লয়ে চ বো ভবেব। ভণাকে তারকাপুত্র তথা পুলোম দলনঃ ॥
বিক্রমে চ স্বরেজ্যান্ট তথাকে অবনীস্ত। তুর্ব্যে চ শর্মরী কর্তা ক্ষরে চিব বিধৃত্বদ ॥
তথাকে ছ্যুমনিপুত্রঃ ব্যরে লোকপ্রকাশকঃ। প্রবন্ধে চ শিখীপ্রোক্তঃ গ্রহামান সম্মিতঃ ॥
প্রোক্তং গ্রহামুমানেন বোগেহ্রং নিদ্ধিনাগরঃ। নাগর্যা খ্যেতু বো আতঃ পুর্ব জন্মনি ভার্গব ॥
ভভান্তভং ফলং বক্ষ্যে শূপু চাল বিচেষ্টভং। বল্ল বিজ্ঞানমাত্রেন প্রেরোভাক্ বহতঃ কবে ॥
আনীং প্রেভবে কলিং মুর্ব্জি বক্ল বঙ্গবে। ব্যুমি সমীপে তাত ভামাক নাতি দীর্ঘবং ॥
তৌব্যুক্তিকং বুবাট্যা চ বিভাহীনঃ মহামতি। গাঁতনাদে পরাপ্রীতি জনকেনেব তাড়িতঃ ॥
তন্তান্দ্র ক্ষাচিং তু সভলা ছঃব পীড়িতঃ। দদর্শ চান্তিকে ভাত বিধি প্রেরিত ইবান্য ॥
সক্ষম সৌমকান্তিক্ত করণা প্রিভেক্ষণঃ। তল্প বুণাবিশেবেণ কচিং সাধনী প্রয়তঃ ॥
ভৈরবী কুপরা শর্মণ রাজ্বারে দেবগুছে। প্রেভিগ্যমশাৎ কাব্য বিক্ষ্কণাপ্রভাবতঃ ॥

অংশাব্দাত: যত খ্রীমান্ প্রাক্ সংস্কার সৌরবাব। স্বর্লকে দৈবীকৃপা প্রাপ ভূর্বং মহামূলে॥ ভত্বজানী বেড়িশাচ্চ ধনেত্ৰাৎ মুনিসন্তম। মহাভত্ব সূধং প্ৰাপ্য সৰ্ব্ব আশা বিনিমুধি:॥ পরমহংস পদাক্ত জন্মজনাস্তরার্জিত:। সমদর্শী মহাভাগ: অভেদ: লোষ্টা কাঞ্বে॥ বিত্তমধ্যে ক্লচিলৈবি দাৱপঞ্চাৎ পূথক পুৰ:। পিত্ৰোপক্ষাৎ পুথকটেব সংসাৱাচ্চ পুণক অভূৎ॥ ৰাবীচিন্তা ৰ বৈ স্বপ্নে মাতৃবৎ পশুভি স্বত:। মাতৃভাবাৎ মহাসিদ্ধি বহু শিশ্ব স্থবেষ্টত:॥ অপূর্ব তন্ত চেষ্টাপি মূর্বেণি ভব্ভাবক:। বল্পব্যাৰে মহাপ্রাক্ত: গুড়তত্বার্ব ভব্ববিৎ ॥ সমাবৌ চ ব্যথা ভাভ প্রমদা কাঞ্নাদিভি:। স্পর্নাত্তে বিকৃতাক শুলবিদ্ধবৎ তদা ॥ এবং বিচেষ্টতং ত স কদাপি সময়ে মুলে। ব্ৰহ্মবার্তা দদৌ শুদ্রে অচানক্ ক্লেইযোগতঃ॥ শক্তিহীনোহভবৎ তত্মাৎ গলরোগাৎ মৃতোভরে। বাবজ্জীবং বোগাশ্রের ভূপাৎ তাত শনৈ: হখাং॥ রামাৎরামে যথা তেজঃ এবং তন্ত মহামুলে। পুন জ্বন্ম ধরাপুঠে বিস্মৃত্য পূর্ববেগীরবঃ॥ মুৰ্দ্ধজন্ত ক্লে জন্ম দার পুত্র নিদেবিতঃ। অযুতং দ্বিগুণং বাপি বহু শিখাদি দেবিতঃ॥ কুলপতি ইবাক্রাহি শশব্রহ্মাদিভাষকঃ। আদৌ বৈ কাঞ্চলত্যাগী অধুনা ন চ ক্ষ্টভাক্॥ ত্যাগী ভোগী মহাত্যাগী উত্তরে দৈব বোগত:। পিয় ধী বৰ্দ্ধনে যত্ৰ পুত্ৰৰৎ পালতেহন্য॥ পূর্বপাপাৎ মহাভাগ কদাচিৎ লোভ সংযুত:। বঙ্গবাদিভি: দৌবাং অরতির্জারতে ন চ ॥ *···>····পস্থী···২···মার্গীচ সর্কোবাং রঞ্জনে স্থাং। মাতা তক্ত ভবেং··৷তানস্বাচ· ৪০০ ভ্ৰাতমূলাৎ মহাচিতা পরগ্রীমতি বৈ কচিৎ। রাজস্বারে বারং দীর্ঘং দীর্ঘাপবাদ সম্ভব:॥ ত্যাপি যোগীনাং শ্রেষ্ঠ জানবিজ্ঞান তৎপত্ন:। প্রাক্ষাংস্কারাৎ মহাভাগ হিত প্রকোপি বৈ করে॥ রাজহারে ব্যবং দীর্ঘং বাদনে চ ধনক্ষতি:। বাবোপেহপি জারতে ন ত ভাতৃমূলাৎ ভরং কচিৎ॥ ·····বিভবাদৌ·····নিময়েহপি গতিস্তন্তাপি শাৰতী। মাতৃভক্তি প্রসাদেন ব্রহ্মচিন্তা প্রভাবত: ॥ যাবৎ যাবৎ বয়ো যাতি জ্ঞানবৃদ্ধি নির গুরং। ধর্মধনজোপি জায়তে কলপতি ইবানগ। শিখানাং গালনে বছ বৰ্দ্ধনে বক্ষণে তথা। শিখাৰ্থে জন্ম বৈ তত্ত শিখাৰ্থে বৈ পুনগুলি। শ্যত্রক্ষা কর্না সৌধ্যং শব্দ ত্রগ্ধে কর্না মতি। কর্দাপি সময়ে তাত শব্দ এঞাতি বর্ত্তত ॥ জ্ঞানপ্রার্থী ন কন্মাচ্চ ২রং তাত ২তন্ত্রতা। বন মধ্যেহপি বৈ তক্ত রাজ্বৎ বিভবাদিকং॥ মারাকর্মাদি মধ্যে চ মারাযুক্ত সভোত্তরে। শিক্তানাং জ্ঞানবৃদ্ধার্থে উদ্ধরে সর্বভাগকুৎ। মধ্যে মহাভোগাদিকং পাকে রাজঘারে ভরং কচিং। অপবাদাদিকং চিতা ললনা পক্ষতঃ মূলে ॥ ভাপাৎ সঞ্জায়তে তাপ: তাপাৎ তাপজ খণ্ডৰ:। মুক্তভাপ অধ পকাৎ নিৰ্মাল: শুদ্ধ সভাযুক ॥ গলিতা বাসনা সর্ব্বে মুক্তবারি যপানগঃ। অষ্ট্রদিদ্ধির্ন মন্তেত আত্মন্ত আত্মনির্ভরঃ॥ পর্মহংসোপি জারতে দর্কাথা সাধু চেষ্টেত:। সভ্যলক্ষ্য মহাপ্রাক্তঃ শক্রমিত্র সমানরোঃ॥ সোহরংকপ গুণৈর্ক্ত: মুর্জ্জাগরা বিভূষণ:। ভাল মানে দিতে পক্ষে মাতৃপভাং সনুস্তব:। পুনরাপত বৈ উবর্গী শিখাদাং জাদহেতবে॥ যুগাঙে

অথ তমুভাব ফলং

অন্তনারাং ভবেজ্জন ভদীশে কণ্টকে কবে। বিপ্রবংশাবভংস স্থাৎ তীব্রপ্রজ্ঞা উদারধী। লয়নাপে গভে লয়ে অকজো দীর্ঘজীবিন:। বল্লভোহতি হুমুণ্ডিশ্চ ভূধনং বর্দ্ধতে গৃছে॥

 ১, ২, ৬, ৪ চিলিত ছাল কীটদট্ট। এই চারিটা ছালে বধাক্রমে সৎ, শুভ, সৌন্যা ও প্রিরবাদিনী এই চারিটা শব্দ ছাপন করা বাইছে পারে। য়ৢঞ কার্য্যালয়। ধনাধিশে গতে লয়ে লন্দ্রীকুণা বিচক্ষণ:। শ্রীপতি বিশ্বতি লোকে প্রার্থী তত্যান্তিকে সদা ॥ ভাগাাধীশে গতে লয়ে শুরু দেবার্চনে রত:। বিচক্ষণ: ধনাধীশ: রাজপূজা কদা কদা ॥ রাজোণে তত্মগে চৈব মাতৃপিতৃ স্নেবক:। মাতৃভক্তি বিশেষণ মাত। পুরুষবৎ কচিৎ ॥ তারাপুত্রে ষদা মূর্ব্তে বিদ্যালা বিচক্ষণ:। সর্ব্বোপরি সভামধ্যে রাজতে নিরজঃ পুনান্ ॥ বহুশান্ত্র প্রবর্তা চ ভিষক্ শান্ত বিচক্ষণ:। ধনীতি বহু শান্তীর গৃঢ়তত্বার্থ তত্ববিৎ ॥ দেতালাপে তবনী বত্ত সন্থাপ সংগ্রাপ্তির:। সহপ্রং সংক্রিয়াযুক্ত: বিভাভরণভূবিত:॥

বিভাবান কী ওঁমান্ শ্লীমান্ ধনাচ্যো বহুক্রতবান্। সার্কভৌম নিশ্লমধ্যে বহুদেশে চ কীর্ন্তিভাক ॥
মন্ত্রবাদী শব্দভেদী পিশাচোচাটনে পটু:। মুহুভাষী হবিষাংশ্চ দরাবান্ ক্রমাবান্ তথা ॥
সপ্তবিংশতি বরোর্দ্ধে ধর্মশ্রী বহুলাভবান্। দেহারোগ্যং দেহজোটিঃ চিত্রমূ ওঁঃ হুভালকং ॥
অক্তরীন শাল্লপাঠী সজ্জনবেষী বৈ কদা। শ্রেইলোকাৎ সমূৎপন্নঃ শ্লেইলাকে গমিয়তি ॥
ধর্মবৃদ্ধি শাল্লবিচ্চ পণিত্রশাল্লবিৎ তথা। অপঠনাদপি শাল্লক্ষঃ রসারনাদি সিদ্ধিভাক ॥
দীর্ঘান নারীপ্রীতিশ্চ বল্লালকার ভূষিত। গুণবান্ রপবান্ গৌমা বানবাহন সৌধাসুক ॥
মহারাজা বদি বেচছা রাজমাক্রশ্চ ধর্মধী। শ্রেইধোণী নাদসিদ্ধঃ রক্ষবিৎ বেদ বিদাশ্বর ॥
সর্ক্ষমন্ত্রা সমাপন্ন সর্ক্ষদোবাৎ প্রমৃচাতে। লোকনিলা ল মক্তেত আর্জোদ্ধারণে বৈ মূনে ॥
অন্তর্দু ন্তি তথা শাপ্তঃ ধর্মনঃ পূর্ণ পূর্ণকঃ। কদা মানা কর্মচিতা তল্মাদপি প্রমূচাতে ॥
অন্তর্দু নি তথা লাপ্তঃ বানি ক্রানী শাল্লগুঢ়ার্থতত্ববিৎ। নাদরকাৎ পরং বাতি শব্দকাভিরিচাতে ॥
কলাইনিঃ বণা চন্দ্রঃ শক্ষৈঃ বৃদ্ধিঃ লভেৎ কবে। ভাপাবৃদ্ধি তথাচাক্র আদৌ নৈব হুখং বহু ॥
বৌননান্তে হুখং পূর্ণং প্রোচ্নে রাজ্রভীতি কদা। সমহং হুপে হুংপে চ তাপে নাপি তদা কবে ॥
প্রাপ্তে পরিণতে বর্ষে বান্ধিক্যে শ্রেমাপুরাং। গুভ লক্ষপে যুক্তোপি ভর্মভীতিশ্চ প্রৌচ্চক ॥

ভণাপি ধর্ব্দ্ধি: স্থাৎ তাপে নাপি চ নির্দ্ধল: । সর্বে মলিমসাং তাজুণ মেলমুক্ত দিনেশবং ॥
সর্পবেদাৎ চন্দ্রবাণে মহাদৌব্যং চ সর্বেশা । ধর্মবৃদ্ধি কর্মবৃদ্ধি মহাতদ্বহুবং লভেং ॥
বেদবাণান্তরে তাত দেহত্যাগে প্রবঃতা । তদাদৌ নিক্ষলং চেটা নিগ্রম্লাং শুরক্ষিতঃ ॥
যদি মৃত্যু নিবর্ত্তে স্বেচ্ছরা মুনিসভ্তম । ইচ্ছামৃত্যু অরং শ্রীমান্ মিতাবং অমিতাবং হি ॥
তমুভাবং ফলং বক্ষ্যে ব্যক্তিরীবং সুধং কবে । ভোগমধ্যে মহাত্যাগা উত্তরে মূনি দভ্তম ॥
তম্ভ চেটাদিকং সম্যক্ মুক্তের মুনিপ্রব । জানাযৌহবনাৎ তাত সর্বকর্মাণি নিক্ষলং ॥
ইতি শ্রীশুভগুসংহিতারাং শ্রীশ্রভগুজুসংবাদে বোগব্যায়ে তমুভাব ফলং সমাপ্তং । প্রীয়ন্ত।

ধনভাব ফলং

ধনভাব ফলং বক্ষে দিছনাগর সভব:। তৌলিকালে ভবেৎ ভাব: বারে দৈতা প্রোহিত:॥
চন্দ্রপ্ত্রেণ সংযুক্ত গগনে চার্কী বিধৃস্ত্রেনী। বিদ্ধে জীব তথা ভৌম: ত্রত্বে রজনীপতি॥
তৃষ্যে ভুজলন: প্রোক্ত রুদ্রেটের দিবসপতি। প্রোক্তং গ্রহামুদারেণ ধনভাব কলং কবে॥
লিজেভোগি ধনং চান্ত বেদবিংশৎ পরং শলৈ:। প্রবোগাৎ মহাভাগ লক্ষীকটাক্ষকৃৎ শলৈ:॥
বস্থবিংশাৎ পূন্ব দ্বি রসরামাৎ মহোদর:। আরাম বাটিকাযন্ত বানবাহনমূত্রবং॥
ভেষজাগার কর্ত্তা চ প্রতিষ্ঠা ভড়াগাদিকং। দেবপ্রোদিকং পাকে বাল্যে কষ্টং ঘলৈ: জলৈ:॥
পিড়পক্তাৎ মহাধ্যাতি শলৈ: বৃদ্ধি দিলে দিলে। শিলানাং মণ্ডলে সৌধ্যং যশান্তি ধনবৈভবং॥

জনবেদাৎ মহাসৌধ্যং চক্রবেদাৎ পরং ভরং। ব্লাজবারে তদা চিতা উবেগং চ ধনক্ষতি:॥ বেদাবেদান্তরে চিন্তা শত্রু শীড়া বিশেষত:। ব্রাক্সবোবাদিকং পাকে তথাপি ধনদা দশা॥ षित्रमामार यथा मन्छः विहः প্রকটিতো यमा। পুৰৰ্মধ্যে ৰ বৈ ৰাতি লক্ষীকুপা তথাৰখ ॥ শিখানাং কাররেৎ যোগং সহজানন দারক:। পরমার্থ ধনং চাত করামলকবৎ মুনে॥ মহাতত্ত্বং লাভং দর্পবেদাৎ মহামতে। इरवर मर्खकश्रांनि बक्तार्यो निश्चनर छमा। পুত্ৰধনাদিকং চিন্না তৎপাকে ইন্দুবাণাবধি। বেদাবাণান্তরে ভাত দেহত্যাগাদি চিন্তনং ॥ সর্পবেদাবধি মস্থাৎ শিগ্নেভ্যোপি সুরক্ষিত:। ইচ্ছাসুতা ভবেৎ তত্ত জ্ঞানৱঃং প্ৰযচ্ছতি॥ প্রার্থীজ্য: বহুত: শীমান কঞ্গান্ত বিলোচন:। জীবাৰাং কল্যাণে চিন্তা নিশ্চিত্ত সৰ্বভাবত:॥ ধৰ্মাৰ্থে ধাৰাতে জন্ম হুজেরং ব্যবহারাদিকং। ভোগমধো বহিশ্বয়ো অহরে ধমনো কবে॥ আকাশাভাগুৱে দৰ্মং নিলিপ্ত তথাপি নভ:। এবং বিচেষ্টিত তথ্য ধনভাবাদি বৈ মূৰে॥ ষাৰজীবং হৰং বাচাং ভোগধন্ম সমাযুত:। জীবসুক্তেব চেষ্টা বহিনৈব প্ৰকাশতে॥ बाक्य विनाद वामः बाक्य भागाः वाक्य । রাজবৎ সর্বচেষ্টাপি রাজপুজ্য মহামুৰে॥ ভঙ্গাপি সদৃশং লোকে হুন্নভিং মাত্র সংশয়: উত্তরেহপি হিত প্রজ্ঞ দর্ককালে হ্থাপুরাৎ॥ বাৰজীবতি ভূভাগে তাবৎ কালান্তরে হুধং। कोरबुङ महामध माधूवर मक्टछोयू ।। অপবাদাদিকং পাকে তত্র রক্ষা বিধীয়তে। सम्खात कलार हा अ ब्रांखन पर अर्थ रिज्य ।।

ইতি শাশীভূওদংহিতারাং ধনভাব ফলং।

পুত্ৰভাবফলং

বিভাভতি অধ বকে শৃণু পৌলমাক্সল। সর্কবিভাসমাপন্ন: ভাগব পঠনং বিনা॥ यनोछि एछरा विखानी महाविद बल्। महाविद एका गमर्या एका विवास विवास । রাজবিজাবিম্নদারী তথাপি সর্কবিজাযুক্। সর্বাস্ত্রীথ মৌনীম্ব কামা কিঞ্চিল্লডাবডে ॥ এবং বিচেষ্টভং ডগু বল্পকালেচ ধ্যানভঃ। আত্মবিশ্বতি বৈ মধ্যে তদা হুগু মুগেন্দ্রবং ॥ আশ্চযাং তক্ত চেষ্টাপি মাতাপি বৃদ্ধতে ন চ। পুত্ৰবাৎসল্য বোগেন কি পুন: অক্টেবাং কথা। ধ্বাস্তমধ্যে কদাচাক পুৰ্গুক্তঃ প্ৰকাশক:। এবং বিচেষ্টতং চাত কদাকামা জিতেক্ৰিয়:॥ বেদবেদে সর্পবেদ নেত্রবাণাগুরাবধি। মহাপ্রকাশ: বৈ শর্মণ পূর্বমন্ত্র কুতে শ্রুতে। ॥ ব্ৰহ্ম ব্ৰহ্ম চিন্তাপি আৰ্জানাং পালৰে মতিঃ। ৰীচশ্ৰেষ্ঠো সমং প্ৰীতি জাতিভেদং না চাহৰে। পাপায়া চৈব পুনাায়া দনং ভগ্নাপি চান্তিকে। আর্ত্তনাণে নহাবর: পাতকোছরণে মতি ॥ পরমহংগোপি জারেত উত্তরে इन्स देवर **চ। বিকারী জারতে নৈব স**র্বৈর মলিমসাক্ষরঃ ॥ अर्वाणि असोरिक अग्रसागश्णि विक्नः॥ তৰ্ত্তরে হতে। ৭পত্তি রসনেত্রে পুনঃ হতঃ। হুতাসৌখাং পুন: পাকে ত্রিপুত্রকন্যকাষরং। কচিৎ বোগমৃতিং বাচাং নেএদারী চ পুত্রবান্॥ হুমজাৎ মুলি শাৰ্দুল বহুদারী ল বৈ মুলে। ভক্তিজ্ঞানসমাপর ইচ্ছামৃত্যু লভেররঃ॥ পুনরাবর্ত্তনং চাত জীবোবরী শিশু হেতবে। পরিত্রাণার জীবানাং আর্ত্তানাং চ বিশেষতঃ॥ সামান্ত জনেব বৈ ভাতি মহাপ্ৰকাশ পূৰ্বকে। আদৌ জানাতি বৈ তন্মিন্ বল্পনংখ্যক মানবাঃ। ভোগমধ্যে মহামগ্নো ভোগভ্যাগে**ন ক্লেশভা**ক্। সৰবাবহা সমং বেত্তি ছব্দে ছব্দং ন মস্ততে॥ ইতি শীশীভৃগুসংহিতারাং পুতভাব ফলং

खश मार्ग्यात कराः

নী ভাত কুবা চ---

ধর্মনী জারতে নুনং শিষেতাোশি বন সকর: । সহিবোপজাবক: শ্রীমান্ গলিতা বাসনোডরে ॥
লগনাথে গতে ভাগ্যে ভাগ্যাধিপেন বৈ সহ। লগেশো দারভাবত রাজ্যাধীশোশি বৈ বত: ॥
ভাগ্যেশোপি বিশুনাপ বনাচ্য বগুনারক: । বহুনি তপ্ত শিক্তানি সংখ্যা সংক্ষা ন মহাতে ।
প্রাক্তনাথ, অন্ত জন্মেহ পি প্রঃ জন্মান্তরেহ পি চ। শিক্ত প্রশিক্তা বোগানি তেবাং জ্ঞানদাতা প্রভু র
আন্তর্গুরি বিশেবেশ হুকুলাও চ প্রকাশরেও। ভ্রুবার্ডা হিতার্থে চ চান্তবার্ডা প্রকাশক: ।
অধুনা নাদবার্ত্তানি শৃক্তবার্ত্তা তবাপরেও। শিক্ত প্রাজি ভ্রুবার্ডা তথা হিতিরেবচ ।
অনুনা নাদবার্ত্তানি শ্রুবার্তা তবাপরেও। শ্রুবার্তাতানি জ্ঞানক মহাতত্তানি বোধরেও ।
অনুর্বাহি প্রস্তা ভেদং প্রকৃতি বোধনং তথা । ভ্রোতীতানি জ্ঞানক মহাতত্তানি বোধরেও ।
কচিও জন্মে মহাবাহো সভ্যধর্ম প্রভিন্তিতঃ । ববনানাং জ্ঞাননাতা তেবাং মাননীর ভুলা ।
ক্যান্রবিট্ শুদ্র বিজ্ঞানাং ভক্জন্মে চাপি জ্ঞানন । তেবাং মধ্যে মহা হুল সূত্যু পশ্চাৎ মহামূরে ।
দারবিত্তানিনাং বার্তা কর্মনা বক্ষ্যে মাননা । পুরে রাহ তথা গৌরী বঠেটেন প্রভাবরঃ ।
রোহিণা নন্দবং দ্যুবে তথাদৈত্য পুরোহিতঃ । বাজ্যে চ শর্মারী কর্তা ক্রেল শিধী ব্যবহিতঃ ।
ক্রান্তিনী ক্রান্ত দারা পতিভ্রতা সমাননা । যন বর্ষান্তরে শর্মণ্ উন্থাহে ভামিনীং লভেও ।
ধর্মশীলা ভবেও দারা পতিভাগ্য করা গুলা।

অথ বন্ধ ভাব ফলং

অজ লয়োদরে ভাবং ভাবাধীলোপি চাইমে। বিপ্রবংশে পূর্ণযোগী পার্গস্থোপি মহামূরে।
পূর্বজনে দারত্যাগী অধুনা গৃহমেধী কবে। লোকশিকা হিতার্থে চ গার্গস্তো স্থিতি চাধুনা।
অন্তরে উদাসীনোপি বিবরে বাহ্য বেইতে:। বহু হস্তাৎ ধন্হচান্ত লোকবাত্রা মনিন্দিতং।
মান্ত ধনজনৈ: গণ্য থৃতি বিংশই বিংশকে। সর্ক্রেমীপ্য সমাপর বাবজীবতি রাজবং।
রাজবং সর্ক্রেটাপি বিবরে বিবরী ন চ। উদাসীন গৃহী: প্ংসঃ বাল্যে কইং ভূশং কবে।
বৌবনে প্রৌচ্কে সৌব্যং মহাতত্ত্ব স্ববং লভেং। দেহত্যাগী ন বৈ চেৎস অত্র জন্মনি সিদ্ধিদঃ।
তত্তাপি ধ্যানমাত্রেণ বহুনির ভবিরতি। তত্তাপি দর্শনাং সৌব্যং গূচ্বান্তা প্রকাশকং।

তৎপাকে মাতৃচিন্তাপি সৌধ্যং মাতৃসহায়তঃ। মাতৃস্কাৎ প্রতিষ্ঠা চ মাতৃভক্তা ফ্বং লভেও। মাতৃগ্যানাৎ ফ্বং পূর্ণং আদর্শং জনহেতবে। মাতৃপুজা বিশেবেশ রাজবৎ সর্বকালকে। ভোগমব্যে মহাভোগী রাজানঃ পাদপুজ্বাঃ। বোগীমব্যে মহাবোগী বিতপ্রক্ত উদার বী। রসরামান্তরে তাত পিতৃকৈবল্যমাপ্পরাং। হুমন্ত্রাং মাতৃচিন্তাপি বেদবেদান্ত বেদকে। বাল্যে কৈশোরকে কঠং দেহকটং ধনাত্রকং। বৌবদে ফ্বডাক্ নৃণ্ং প্রেটি কী ই বিশেবতঃ। তত্ত্বজানী বিশুক্তাঝা মহাতত্ব ক্বং লভেও। দেহত্যাগী ল বৈ চেৎদ ইচ্ছুরা লালরা মূলে। মহাপ্রকাশঃ জারেত হুকুমাৎ মূলি সভ্তম। তত্র বিদ্বং শিশুমূলাৎ তেবাং কর্ম প্রভাবতঃ। ত্র্বাসাণ থডে বঠে রন্ধে ভাগ্যে থডে গ্রহাঃ। সর্ব্বে গ্রহাম্যানেল নেত্রাদি প্রমিতং বরঃ। ক্রজন পুত্র বিভাদি চিন্তা চক্রবাণান্তরে। বেদবাণান্তরে শর্মণ্ কায়ব্যহাদি বঞ্চঃ। ক্রছায়ত্য জন্তং প্রসং শিশুমূলাৎ মহামূলে। তেবাং রোগাণি পাপানি আদার অকালে মৃতি। ইচ্ছায়ত্য জন্তং প্রসং শিশুসোধ্যহিতে রভঃ।

ভাগাভাব ফলং

ভাগোশে বিক্রমে শর্মণ্ ভণাকে বিধৃত্বলঃ। ভাগা ভাবস্ত ভাগোবে শিখী ভাত ব্যবহিতঃ।
বিপ্রবংশে শুভাকক পরমহংস পুনঃ পুনঃ । কিকি সংস্কারমান্রিত্য বর্মার্থে জারতে জনিঃ।
বাল্যে যুদি মহাভক্তঃ প্রেছি কিকিৎ মলিবতা। জ্ঞানমার্গ রভিত্তর প্রন্ধামিব বোগভঃ।
বক্ষান্তান্তর দৌখাং মুক্তবারি বখা বন। ভোগার্থে প্রার্থমান্নাৎ মধ্যে ধ্বাক্তে কচিৎ শানী।
বক্ষান্তিন্তা শীর্ষদানাৎ তথা সংস্কান্য স্থাং। পক্ষরার্থং কুর্যাৎ আক্ষদানাদিকং ততঃ।
বক্ষায়ো হবনং ক্যাাৎ সর্ক্রেশাদিকং পুনঃ। কিঃসক্ষোপি ততঃ কাব্য বহু সঙ্গেন ভার্গব।
কর্মাধ্যে মহাবোগী অধুনাপি বোগকচঃ। যাবজ্জীবিতি বৈ ভূমো ধর্মমার্গপরারণঃ।
বিস্তেশে পুত্রগে চৈব ধর্মভাবস্ত ভার্গব। ধর্মবিত্তং লভেৎ শ্রীমান শিক্ষভোগি ধনকর।
বাল্যে কৈশোরকে কট্টং যৌবনে প্রেছিকে স্থং। ভূমি মন্ত্রাদিকং রম্যং আরামং কেন্দ্রবাটিকা।
পরার্থে বহু বন্ত্রাদি আতুর নারীরক্ষণে। দেবাগার প্রতিষ্ঠাতা সেবাগারাদি শিক্ষভূ।
বেদবেদাৎ সর্পবেদ জ্ঞানং জ্ঞানং নিরন্তরং। থ্রিতপ্রজ্ঞা মহাজ্ঞানী সংস্কারাৎ পূর্বজন্মতঃ।
কলিকালে ভাবব্যক্তা জ্ঞানলোকাদি সত্যতঃ। জ্ঞানপ্রার্থী ন বৈ কন্মাৎ ব্রন্ধচিন্তা বিনা কবে।
প্রশং ক্ষিঃ পুনঃ সন্তি সর্প্রত্যাগেইপি ভোগকৎ। সর্কবিত্যা সর্বজ্ঞানী হংবং বৈ ত্রাভূহেতবে॥
। তেরজাৎ যন্ত্রশিরাদৌ বঙবিত্যাদি পণ্যতে। ভ্রিতঃ রাজতঃ সৌথাং শিল্যভ্যোপি ধনকরঃ।।

রসবেদাৎ পরং শর্মণ ্বাবজ্জীবতি বৈ ভূমো। ধর্মবিজং হিতপ্রজা মহাতত্ত্ব স্থং লভেও॥ পরমহংস মহাবোগী ভেগবার্জাদিকং ল চ। সমহং সর্বভূতের তথাচ লোষ্ট্র কাকরে। ভাগি ভোগা তথা শাহিঃ সর্ব্ধ আশা বিনিমুর্থং। গলিতা বাসনা সর্বা গুদ্ধ সন্তোপি রাজতে॥ উর্দ্ধিরধাদৃষ্টিঃ শাস্তবী হিতিমাধু রাং। অস্তমে চ বদা চক্র ভাগো শিখী দৃাশে গুল্প।। ভগাকে ভূমিপুত্রক্ত বিক্রমেচ শনৈক্তরঃ। হিতিপ্রাণে ভগা নাদে শৃক্তে লরে তত পুনঃ।। লোকমধ্যে মহামগ্ন মহাধানে সদৈব হি। শ্বৃতিধ্বংস কর্মধ্বংস পাপপুণা বিবজ্জিতঃ।। শান্তঃ শান্তঃ সদাস্তঃ ভগা সংস্কার উদ্বিভিতঃ।

ইতি ভাগ্যভাব ফলং।

দশমভাব ফল

হে দানবাচিত। ' এক্ষণে রাজ্যভাব বর্ণনা করিতেছি শ্রবণ কর—
মিথ্ন লগ্নে যাহার দশম ভাব হয় এবং ভাবাধিপতি যদি চতুর্থে শুক্রের
সহিত যুক্ত হয় তাহা হইলে ২৪।২৮ পর হইতে বিশেষতঃ পিতৃমৃত্যুর পর
হইতে ক্রমশঃ রাজ্তুলা স্থধ, এশ্র্যা, মান, ধন, যশ ও প্রতিষ্ঠা লাভ করিতে
থাকে। জাতক বাল্যে দরিদ্র ও ইহার পিতার অবস্থা মন্দ হইবে।

জাতক ব্রাহ্মণকুলে জাত ও চিত্রবর্ণ এবং বছরূপধারী হইয়া থাকেন। ভিন্ন ভিন্ন লোকে ভিন্ন ভিন্ন সময়ে শুদ্ধ দৃষ্টিতে তাহাকে ভিন্নরূপে দেপিতে এবং দৃষ্টজন কর্তৃক এই ব্যক্তি অপবাদগ্রন্ত হইবেন। হে তাত! অন্য নারী হইতে ইহার কোভ, আশকা ও অপবাদের কারণ হইলেও লগ্ননাথ ও চতুর্থপতি পঞ্চম ব্যয়পতির সহিত যুক্ত হওয়ায় জাতক মাতৃভক্তিপ্রসাদে সমন্ত বাধা হইতে উত্তীর্ণ হইবেন, পরস্ক রাজদারে দীর্ঘ ব্যয়াদি হইবে।

দশম ভাবের দ্বিতীয়ে কর্কটে রাহু ও শনি থাকায় জাতকের ১৪—২০।৩০ ইইতে ক্রমশ: এবং ৩৬।৩৯ ইইতে ক্রমশ: বিত্তর্দ্ধি, বাদ্ধবং ঐশর্য-মুখ, বহু শিশ্ব-প্রশিশ্ব ইইতে সুথ বৃদ্ধি এবং রাজা বা রাজ্বতুলা ব্যক্তিও ইহার পাদপ্জক ইইবে। এবং ৪৬—৪৮ পরে যাবজ্জীবন জাতক সর্বাপেকা স্থী ইইবেন। ঐ সময়ে জাতক সম্পূর্ণ নিলিপ্ত, বিষয়ে বীতরাগ ও ভোগতাগে যত্নশীল ইইবেন। তাঁহার শান্তি ও পরমার্থবিত্ত লাভ ইইবে। হে তাত! এক্ষণে ৪৬ মধ্যে জাতকের বহু শক্ত প্রবল প্রতিদ্বন্দী এমন-কি শিশ্বমধ্যেও বহু শক্ত ইইবে এবং জাতকের বহু রিষ্ট ও গৃহে শোকাদি দেখা যায়। এই সময়ে কায়বাহাদি শান্তি, ব্রন্ধচিন্তা, পদ্মলাভ সঞ্জীবনাদি শান্তি প্রশন্ত।

৪৬—৪৮ পুন: ৫১—৫৬ জাতক মহাশান্তি লাভ করিবেন। ঐ সময় তাঁহার জনসঙ্গে অরতি, তৃষ্ণাচ্ছেদনে যত্ন, মহাতত্ত্বপ ও পূণ বিকাশ হইবে।

দশম ভাবের চতুর্থে শুক্র ও বুধ থাকায় জাতক মাতৃপ্রসাদে সর্বত্র বিজয়ী হইবেন। হে তাত! যাবং নরগণ পিতামাতাকে প্রত্যক্ষ দেবতার গ্রায় আন্তরিক ভাবে জ্ঞান করিয়া পরম শ্রদ্ধা ও ভক্তিব সহিত অর্চ্চনা, বন্দনা ও প্রদক্ষিণাদি করিবে, হে তাত! তাবং কাল পর্যন্ত আমার অমুশাসনে তাহাদের কোন ক্লেশই হইবে না ও দিন দিন আ্থাপ্রসাদ ও ধর্মপথে নিশ্চয়ই গতি বৃদ্ধি হইবে।

দশম ভাবের পঞ্চম পতি শুক্র চতুর্থে থাকায় জ্বাতক স্থপুত্রবান হইবেন। তাঁহার তৃইটী পুত্র ও তৃইটী ক্যাস্থপ হইবে, অন্য যোগ-স্থপ বিদ্ন আছে। কিন্তু জ্বাতক ইচ্ছা করিলে অন্য পুত্রস্থপ লাভ করিতে পারেন। জ্বাতকেব বহু শিশ্য প্রশিশ্য পুত্রবথ হইবে। জ্বাতক পুত্রভাগ্য প্রসন্ধাত্মা হইবেন। ২৪ ও ২৬ বর্ষে পুত্রযোগ দেখা যায়।

দশম ভাগের ষঙে বৃহস্পতি ও মঞ্চল ধাকায় জাতকের ৪৪ মধ্যে পুন: ৪৪—৪৬ বহু শক্র হইবে। জাতক বাল্যকালে বহু তৃ:থে কাল যাপন করিবেন। জাতক পরাবশথশায়ী ও পরপিগুভুক হইবেন। অনম্ভর কিছু প্রাপ্ত ব্যুদে (২৪—২৮ হইতে) সাধুরূপায় তাঁহার সকল প্রকার অভ্যুদয়, নাম, বশ ও প্রতিষ্ঠা হইবে।

দশম ভাগের সপ্তমে চন্দ্র থাকায় জাতকের ১৬ বর্ষ পশ্চাথ বিবাহ হইবে।

ঐ পত্নী স্থলক্ষণা ও বংশের স্থধবিধানকারিণী হইবেন। অধুনা ৪৪।৪৬ অবধি জাতকের পরিবারে বহু ভয় দেখা যায়।

দশম ভাগের **অষ্টমে কেতৃ থাকায় জাতক বহু হস্ত হইতে বহু বিদ্ব ও** বিভবাদি লাভ করিবেন। জাতক ধর্মসহায়ে বহু অর্থ উপার্জন করিলেও অর্থতফা-নিব্রত্ত হইবেন। জাতকের বহু পরস্বাপ্তি-যোগ আছে।

রাজ্য ভাবের নবমপতি শনি বিতীয়ে থাকায় জাতক মহাভাগ্যবান ও বিত্তশালী হইবেন। জাতক শ্রেষ্ঠ ধর্মাত্মা হইবেন এবং সম্প্রদায়কর্ত্তা, শত্রুজয়ী ও ধর্মধ্যক্ষ হইবেন। সত্যধর্ম ও অবৈতবাদ ইহার মূল লক্ষ্য। জাতক নাদসিদ্ধ ও যোগীঋষিগণাচ্চিত হইবেন।

রাজ্যভাবের দশমপতি বৃহস্পতি ষষ্ঠে মঙ্গলযুক্ত হওয়ায জাতক রাজবং প্রতিষ্ঠানস্পন্ন রাজেন্দ্র বা, রাজতুলা ব্যক্তিগণেরও অর্চিত হইবেন। রাজ্যভাবের লাভাধিপতি ষষ্ঠে থাকায় জাতকের বহু বিত্ত, ভূসম্পত্তি, কীন্তি, দেবায়তন, বিছ্যাগার হইবে ও জাতক বহু মঙ্গলকার্য্যাদি কবিবেন। কিন্তু তাঁহার বহু শক্রযোগ আছে। দেশে বা জনপদে বহু শক্র হইবে ও তাহারা জাতকের কার্য্যে বহু বিদ্ল দিবার চেষ্টা করিবে ও জাতক সময় সময় তাহাদের দ্বারা নিজ্জিতবং (সমাজ নিজ্জিতবং) হইবেন। অস্তে শক্রনাশ হইবে ও বহুশক্র তাঁহার উপাসকবং হইবে।

রাজ্যভাবের বায়াধিপতি চতুর্থে থাকায় জাতক স্থানশোভা (দেশের বা বাসস্থানের) ও উন্নতিকল্পে বহু অর্থ ব্যয় করিবেন। কিন্তু তুর্থামী হওয়ায় ও তুষ্ট শক্রু থাকায় ইহার শুভ সংকল্পে বহু বিশ্ব হইলেও জ্বাতক অটল, অচল, হিমাদ্রিবং থাকিবেন। ৪৬, ৪৮, ৫২, ৫৫ অবধি সর্ক্ষবিধ সৌধ্যসম্পন্ন হইবেন। ইচ্ছামৃত্যুসমর্থ এই জ্বাতক পরার্থে দেহত্যাগ না করিলে দীর্ঘায়ু হইবেন।

ইতি কৰ্মভাব সমাপ্ত।

একাদশভাব ফল

হে মুনে! এক্ষণে লাভভাব বর্ণনা করিতেছি শ্রবণ কর।

লাভভাবের নবমাধিপতি বৃহস্পতি পঞ্চমপতিযুক্ত হইয়া লাভস্থানকে দেখিতেছেন এবং লাভাধিপতি পরাক্রমে নাথযুক্ত হইয়া ভাগ্যস্থান দর্শন করায় জাতকেব করামলকবং মোক্ষলাভ দেখা যাইতেছে। জাতক সভ্রাত্তক ও স্থাসহ মোক্ষলাভ করিবেন এবং তাঁহার পরিজ্ঞন বর্গেরও মোক্ষলাভ হইবে—যেরপ রাঘবের সপরিবাবে বৈকুণ্ঠলাভ হইয়াছিল। কিন্তু বিষ্টমধ্যে আয়ুরক্ষা না হইলে পুনর্জ্জিয়া দেখা যায়।

লাভভাবের লগ্নে রাছ ও শনি থাকায় জাতক লক্ষীরূপা নারীসহ শাশ্বতী গতি লাভ করিবেন। জাতক ব্রাহ্মণ কুলে জাত হইলেও চতুর্বণের সমন্বয়ে প্রয়াস পাইবেন। তাঁহার ধর্মের নাম সতৈক ধর্ম। জাতকের জীবদ্দশায় সকলে তাঁহার ধর্ম-মর্ম সম্যক্রপে অন্থভব করিতে পারিবে না। মৃত্যু-পশ্চাং শত্রুমিত্র সকল জাতিই ইহার জন্ত ক্রন্দন করিবে।

লাভভাবের দ্বিতীয়ে রবি থাকায় জাতক স্বদেশে থাকিফাই বহু বিত্তবান হটবেন। ১৪-২৮ পরে ইহার ক্রমশ: ভাগ্য ও লাভ বৃদ্ধি হইবে।

লাভভাবের তৃতীয়ে শুক্র ও বুধ থাকায় জাতক ভ্রাতা হইতে অস্থবী হইয়াও নিজগুণে ও পুণ্যে ভ্রাতার উন্নতি ও শান্তিবিধান করিবেন। উত্তরে জাতকের ভ্রাত্রক্ষা প্রভাবে ভ্রাতার অতিশয় উন্নতি হইবে।

লাভভাবের চতুর্থপতি শুক্র মিত্রসহ অবস্থিত হইযা শনি কর্ক দৃষ্ট হওয়ায় জাতকের মাতা হইতে উন্নতি হইবে। মাতার বহু ভ্রমণ ও বহু শিল্ঞাদি যোগও আছে। জাতকের জন্ম মাতার সন্মান এবং মাতার জন্ম জাতকের সন্মান হইবে। জাতকের পিতা ৬৬ মধ্যে মৃত। কথন কথন পিতা মাতৃপক্ষে কচিং বিরক্ত হইবেন। পিতা ধর্মাত্মা ও উদাদীন-প্রকৃতি হইবেন, তিনি অস্তর্যজনশীলাতা হইবেন।

লাভভাবের পঞ্চমে বৃহস্পতি ও মঙ্গল থাকায় জাতকেব ২৪ ৬ ২৬ মধ্যে তৃইটী স্থপুত্র লাভ হইবে কিন্তু পুত্ররক্ষা বিশেষ প্রযোজন। পুত্র ধনী, মানী, প্রতাপী ও ভূমিপতি খণ্ডনায়ক হইবে।

লাভভাবের ষঠে চক্র থাকায় জাতকের অধুনা মন স্বস্থ থাকিবে না ও মধ্যে শ্লেমাদির জ্বর পীড়নাশকা আছে এবং শত্রুবৃদ্ধি হইবে। জাতকের বাতাদি প্রভাবে পদে বিশ্বও দেখা যায়।

লাভভাবের সপ্তমে কেতু থাকায় জাতকের দ্বী ভাগ্যবতী হইবেন।

লাভভাবের অষ্টমপতি লগ্নে থাকায় জাতক একস্থানে স্বীয় গৃহে থাকিয়া বছ বিত্তের নায়ক হইবেন। কিন্তু ৪৬ পুন: ৪৮ জাতকের দেহত্যাগের বছ কারণ হইবে। জাতকের ইচ্ছামৃত্যু আছে।

লাভভাবের ন্বমপতি পঞ্চমে থাকায় জাতকের ধর্মবিত্ত লাভ ও মোক্ষ কর্তলগত। অধুনা যেমন ব্যোবৃদ্ধি ভাগ্যবৃদ্ধিও সেইরপ ভাবেই হইবে। জাতক ইচ্ছা করিলে উত্তরে রাজতুল্য বা রাজাও হইতে পারেন, কিন্তু তাহাতে তাহার ক্ষচি থাকিবে না। তাহার রাজশিয় বা রাজতুল্য শিশ্র থাকিবে। জাতকের বহু শিশ্র দেশভক্ত হইবে এবং একজন রাজতুল্য হইবে।

লভিভাবের দশমপতি মক্ষল পঞ্চমে জীবযুক্ত হওয়ায় জাতক সমাক জানী, মহাতার এবং ধাানের বারা সর্বজ্ঞ হইবেন। জাতক চিকিৎসা শাস্ত্রের প্রতিষ্ঠা, উন্নতি ও শ্রীবৃদ্ধি করিবেন। শত শত চিকিৎসক তাহার শিশ্ববর্গের মধ্যে থাকিবে। জাতক বিজ্ঞানী ও যন্ত্রশল হইবেন।

লাভভাবের একাদশপতি শুক্র তৃতীয়ে থাকায় জ্বাতক বহু কর্ম্মে বহু শিশু সহায়ে বহু প্রতিষ্ঠা ও বিত্তলাভ করিবেন।

ইতি লাভভাব সমাপ্ত

দ্বাদশভাব ফল

হে মুনে ! এক্ষণে ব্যয়ভাব বর্ণনা করিতেছি, প্রবণ কর।

সিংহ লংগ্রে ব্যয়ভাব এবং ব্যয়ভাবের পনস্থানে বুধ শুক্র ও ব্যয়ভাবের ঘাদশে রাছ শনি ও চতুর্থে বৃহস্পতি, মঙ্গল আছে; পঞ্চমে চন্দ্র ও ঘঠে কেতু থাকায় জাতকের সংকর্মে দীর্ঘ ব্যয় হইবে। জনগণের হিত সাধনে যন্ত্রাদি (উত্তম গৃহ) রচনে, যন্ত্রশিক্ষাগার প্রতিষ্ঠায়, বিদ্যাগার, আতুরাশ্রম ও দুর্গ্রাম করণের জন্ম জাতকের বহু অর্থ ব্যয় হইবে।

জনহিতকর কার্য্যে ইহার কীর্ত্তি অতুলনীয় হইবে। জাতক বাসস্থানের, গ্রামের, জনপদের শ্রীবৃদ্ধি সাধন করিবেন। এক্ষণে জাতকের দেহকষ্ট, নিরম্ভর বাতব্যাধি বা শ্লেমাপীড়ায় জাতককে অভিভূত করিবে। হে তাত! জাতক শিয়ের কঠিন ব্যাধি গ্রহণ করিয়া নিজে স্বদেহে ভোগ আনমন করিবেন। এই সকল যুগকলায় স্বরূপ শিশ্বগণকে ধিক্ যাহারা গুরুদেহে ব্যাধি প্রদান করিয়া নিজেরা স্বাস্থ্য-স্থ্য ভোগ করিতে চায়! এই সময় জাতকের পুত্রকলার জন্ম শাস্তি করা কর্ত্তব্য।

৪৬ অবধি পুন: ৪৮ অতীত হইলে এই ব্যক্তি শাখত খ্রী ধারণ করিয়া জীব ও পৃথিবীর বহু উপকারে সমর্থ হইবেন। হে ভার্গব! চিত্র-পুড়লিকার স্থায় ব্যঞ্জনাহীন, শিশ্বাপরাধ-ক্ষমাশীল, দোষে ও পাপেও অনাসক্ত এই ব্যক্তির স্থিতি প্রার্থনীয়। অক্তথা (নিদিষ্ট ভোগকাল জ্বল্য মোক্ষ না হওয়ায়) পুনর্জ্জন্মে ইহার পুনরুদ্ধে মহী পুন: পবিত্র হইবে। ইহার মোক্ষ করতলগত হইলে জীব ও উববার জ্বল্য ইহার পুন: পুন: গতাগতি। হে তাত! গভীর কর্দ্দম হইতে উখিত গজরাজ যেরপ শোভা পায় ইহারও সেইরপ হউক ইহাই প্রার্থনা কর। আমিও যেরপ জীবের কল্যাণ জ্বল্য এই গ্রন্থক্তা, এই ব্যক্তির ভিতরেও সেই জীব-উদ্ধারের ভাব গভীরভাবে অঙ্কিত।

ইতি ব্যয়ভাব ফল সমাপ্ত।

শীরস্ত। শীরস্ত।। শীরস্ত।।।




গুনাইগাছা-গ্রামে পিতামহের বাস্তবিট।



দশম স্তবক বংশ-প্রক্রিকা পিতৃকুল ও মাতৃকুল

পিতৃকুল গোত্র—শাণ্ডিল্যা, প্রবর—শাণ্ডিল্যাসিড্রদেবলাঃ




```
দিগম্ব লাহিডী বা বেদগর্ভ
                                      २८ नमारे लाहिएी
36
     স্নাতন ওঝা
                                           শঙ্কর লাহিডী
                                     ₹.
     টট ওঝা
                                           মধ্সদন লাহিড়ী
                                     ورد
     वल्ल बांठांश वा वनि बांठांश २१
                                          ভরতচন্দ্র পঞ্জিত
     কেশাহ বা কেশব লাহিড়ী
                                          বাহদেব নিপ্র
                                   २৮
    গেঁকাই<sup>'</sup>বা শ্ৰীনারায়ণ লাহিড়ী ২৯
                                          শিবরাম লাহিডী
    শারক্ষর বা সারকাই
                                          মনোহর চক্রবর্তী *
                                          বামকুক চক্রবর্ত্তী
                                     20
                                     ৩১
                                          ক্ষপেৰে চক্ৰবজী
                                          জগন্নাথ চক্রবর্ত্তী
                                          ভবানীনাথ চক্রবর্ত্তী
                                          ঈশরচন্দ্র চক্রবর্ত্তী
                                         শিবচন্দ্র চক্রবজী
       ।
। তাকুর অনুকৃষ্টেন্দ্র শ্রীযুক্ত প্রভাসচন্দ্র
               ।
বিবেক্রঞ্জন বিশ্বরঞ্জন নিখিলরঞ্জন মান্দরঞ্জন অলথরঞ্জন
   অশোকরঞ্জন
                অলোকরঞ্জন
```

[•] ক্রিব্রী' পাণ্ডিভ্যের একটা শ্রেষ্ঠ উপাধি। ইছার পর হুইতে এতবংশীরের। 'চক্রবর্ত্তা' আধ্যার পরিনিত্।

<u> ৰাভূকুল</u>

(गाज-कागुन, धारत-कागुनानमात्रदेवस्कराः বীতরাগ (১) গরুড (৪) ٥د स्रुप्त मृनि (२) ক্রত (৫) ব্ৰহ্ম ওঝা সন্তর্মণ 9 ভল্লকাচার্য্য যোগেশ্বর (৬) পীতামর 28 ভিব্ৰণ্যগৰ্ভ 36 পুগুরীকাক্ষ বেদগর্ভ বুহস্পতি আচাগ্য জিগ্নি মহামুনি **উদয়**नाहाया (१) পশুপতি স্বৰ্ণব্বেথ (৩) 52

* (১) देनि काक्यक्टक्कद्र कलाकशाम-निवामी हिल्लन। (२) देनि महाद्वाक व्यानिभुद्र কবুক যজার্প আনীত পঞ্পোত্রীয় পঞ্চ ব্রাহ্মণের অগ্রতম। (১) বারেন্দ্রমতে ইছা হইতে বারেন্দ্র শ্রেণী এবং তদীর লাতা ভবদেব হইতে রাঢ়ী শ্রেণী আরম্ভ হয়। (৪) ইনি দত্তক ছিলেন, ইছার সময়েই সর্ব্বপ্রথম দত্তক নেওরার প্রণা প্রচলিত হয়। (৫) বলাল সেনেব প্রবৃত্তিত কৌলিজপ্রণা মতে ইনি ভাতুড়ী-কলীন এবং তাঁহার অপর প্রাত্তা মৈতেই মৈত্র-কলীন উপাধি লাভ করেন। (৬) ইনি ভাছড়ী-গাঞি এবং তাঁহার অপর লাতা দিবাকর করঞ্জ-গাঞি ছিলেন। (৭) 'কুলশান্ত-দীপিকা' মতে উদয়নাচাধ্য স্থাবেণ হ'ইতে সপ্তদশ পুক্ষ, কিন্তু 'বিশ্বকোষে'র (২য় সংশ্বরণ, চ হুর্প ভাগ) আলোচনা-মতে ইনি উনবিংশ পুরুষ। উদয়ন|চাবা খুপ্তীয় ত্রয়োদশ শতাব্দীর প্রারম্ভে বর্তমান ছিলেন। ঢাকা জিলার অন্তৰ্গত বালিয়াটা গ্ৰামে ইহার নিবাস ছিল। ইনি 'ক্সুমাঞ্জলি' নামক গ্ৰন্থ প্ৰণয়ন করিয়া ব্ৰহ্মতত্ত্ব প্ৰকাশ ও আন্তিকতা প্ৰতিপাদন করেন। ইনি কাশীধামে ক্লুকভট্টের নিকট দৰ্শনশাস্ত্ৰ অধ্যয়ন করিয়া বৌদ্ধাচাষ্য জিঞ্চণির সহিত বিচার করতঃ ভাহাকে পরাভূত করেন। উদয়ন।চাব্য একজন কুতবিত্ব, ধীশক্তিসম্পন্ন এবং লক্ষপ্রতিষ্ঠ ব্যক্তি ছিলেন। তাঁতা কত্তক কুলীনদিগের 'পরিবর্ত্ত মধ্যাদা' ও 'করণ' এবং শ্রোত্রীরদের 'ফোটা' বাবপ্রাপিত হুইবাছিল। উদয়নাচাধ্য স্বরং এই কার্ব্যের অগ্রবর্তী হুইয়া লীলাবতী নামক আপন বিদ্ধী ছুহিতাকে বল্লভাচায্য লাহিড়া নামক একজন কুলীনের সহিত বিবাহ দেওরার উপলক্ষে করণ ও পরিবর্ত মধ্যাদা হৃষ্টি করিলেন। উদরনাচার্ধা দর্মে বিশুত বিবরণের জন্ম 'কুলশান্ত-দীপিকা' এবং 'বিশ্বকোষ' গ্রন্থ স্তাইব্য।



(১) ইনি ব্রহ্মচর্বা-ধর্ম গ্রহণ করিয়া কাশীধাম বাতা করিবার সময় পথিমধ্যে হরিপুর গ্রামে ৺উমানন্দ নিরোগী মহাশরের গৃহে অতিপি হন। নিয়োগী মহাশরের একটী বরঃস্থা কন্তা ছিল; তিনি তাহাকে মোহনবলভের হন্তে সম্প্রদান করেন। আতঃপর মোহনবলভ সাঁতালের রাজা রামক্রকের নিকট হইতে নাজিয়পুর পরগণা প্রাপ্ত হুইয়া প্রাম নাজিরপুরের পার্মবর্তা পাসনা সহরের সন্নিকটে (পাসনার ভূতপুর্ব প্রীমার-ষ্টেশন বাজিতপুর-নাটের অন্তঃপাতী) হিমাইতপুর গ্রামে বসতি স্থাপন করেন। মোহনবলভের এই করণে তাহা হুইতে এই বংশে 'কাপের' স্প্তী হুইল। (২) ইহার জ্যেষ্ঠ ত্রাতা চল্রশ্রের তাকার নবাব সরকারে স্ক্রীর' কার্যা করিয়া "চৌধুরী" উপাধি প্রাপ্ত হন। ভদবধি হিমাইতপুর গ্রামের এতহংশীরেয়া চিন্তুরী" আধ্যার পরিচিত।

গ্ৰন্থ-সমাপন

এ পর্যান্ত পাঁচ শত পূষ্ঠা লিপিত হইয়াছে, কিন্তু কিছুই যে বলা হইল না। কতই যে বলিবার আছে। কোন কথা রাধিয়া কোন কথাই-বা বলিব ঠিক পাই না। অত্যের সঙ্গে তুলনা করিয়া তাঁহার কথা বলা চলে না। তাহার সবই অন্তত, কাহারও সঙ্গে তাহার কোন মিল দেখিতে পাই না। ছোট-বেলায় মায়ের কোলে উঠিয়া যথন পাড়ায় বেড়াইতে যাইতেন, তাহার এক-একটা অন্তত ভবিশ্বত-বাণীর সত্যতা প্রত্যক্ষ করিয়া লোকে বিন্মিত হইয়া যাইত। যাঁহারা সাধক, মহাপুরুষ প্রভৃতি সাখ্যা প্রাপ্ত হইয়া সকলের পূজা হইয়াছেন, তাহাদের প্রত্যেকেরই জীবনে একটা সাধনার যুগ আছে দেখিতে পাই। কেহ পর্বাত-গুহায়, কেহ নির্জ্জনে কেহ-বা গ্রহের কোণে জীবনের কোন অংশ সাধনায় অতিবাহিত করিয়া সত্য উপলব্ধি করিয়াছেন। কিন্তু শ্রীশীঠাকুরকে আসন-প্রাণায়ামাদি তথা-ক্ষিত বাঁধা-ধ্বা কোনপ্রকার সাধন-পদ্ধতি অনুসরণ করিয়া চলিতে কেই কোনদিন দেখেন নাই. বরং শুনিয়াছি মাতগতে থাকিতেই তিনি 'নাম' করিতেন, কারণ 'নামই' তাঁহার একমাত্র Basis. ছোট বালকটা যধন, তথন হইতেই সাধন-জগতের চরমাবস্থার যত-কিছু সভি্যকারের অমুভৃতি কেমন সহজ্ব-সর্বভাবে তাঁহার জীবনে প্রকট হইয়া পড়িয়াছে ! নিজের পূর্ব্ব পূর্ব্ব জন্ম-বুব্রান্ত, এই ধরাধামে অবতরণের সময় তাঁহাকে 'স্বাগতম'-অভিনন্দন, মানব-মাত্রেরই ভূত, ভবিস্তুত ও বর্ত্তমান-প্রসঙ্গ যিনি কত সময় কতভাবে বলিয়া থাকেন তাঁহাকে কি বলিব ? তাঁহার কথা কি লিখিব ? আরু কেমন করিয়াই বা লিখিব ?

তাহার বাল্য-লালা চমকপ্রদ! দেবদেবীরা সর্বক্ষণ তাহার পরিচ্যায় রত থাকিতেন। মাথের তাড়নায় বনের ধারে বসিয়া কাঁদিতেছেন, জগদ্ধাত্রীদেবী স্বয়ং মাসিয়া স্বীয় উজ্জ্বরূপে বন আলোকিত করতঃ তাহাকে কোলে লইযা স্ক্রপান করাইয়া সান্ধনা দান করিতেছেন—নারিকেলেব বোঝা লইয়া চলিতে পারেন না, যাঁতা বহন করিয়া আনিতে কট হইতেছে—কালীমাতা আসিয়া তাহাকে সাহায্য করিতেছেন, দক্ষিণেশরে বেড়াইতে গিয়াছেন, কুধায় কাতর হইয়া পড়িয়াছেন, কালীদেবী স্থা-প্রস্তুত কত স্থমিষ্ট মিঠাই থানিয়া তাহাকে পরিতোষ সহকারে ভোজন করাইলেন, —ইত্যাদি কত কাহিনী বলিব ? বাল্যাবিধি সকলের প্রতি একাত্মবোধ, প্রাণীমাত্রেরই ত্বংধে তীব্র ব্যাকুলতা এবং তাহা দুর করিবার জ্ব্যু প্রাণ্পণ চেষ্টা ছিল তাঁহার চরিত্রের সহজ বৈশিষ্ট্য। এমন প্রাণবান্ বালক স্থিতীর বৃক্বে কোন দিন জ্বিয়াছে কি ?

প্রকৃতির কোলে বাডিয়া উঠিতে লাগিলেন। সঞ্চীগণের সহিত আপন-ভোলা ব্যবহার, নিজের স্বটকু দিয়া অপরের ছঃখমোচন, অক্তের প্রথ ও তৃত্তি-সাধনে অন্তত ত্যাগ-মাহাত্মোর কত জলত দ্বান্তই না দেখিলাম। ব্যসের সঙ্গে সঙ্গে শুভ শতদলের মৃত প্রক্ষটিত হুইয়া পবিত্র অন্তর্<mark>টী</mark> नहेश मकरनद मुख्य हिन्दु नाशितन। प्रार्थ ठाँछात आर्थ हिन्दु । মান্তব ছাড়া কোন দিনই থাকিতে পারেন না। বালোর পেলাণ দাখীদের কাছে তিনি "রাজা-ভাই", স্থল-জীবনে সমপাঠীদের লইখা কত নাটক-যাত্রার অভিনয় করিলেন-দরিদ্রের জন্ম সাহায্য-ভাগুরে স্থাপন করিলেন, সকল কাজে তিনিই দলের পাণ্ডা। কলিকাতায় ডাক্রারী পড়িতে গেলেন. সেখানে তিনি কুলীদের রাজা—তাহাদের প্রাণের প্রভু। সারাদিনের থাটুনীর পর বাত্রে যথন কম্মক্লান্তদেহে গৃহে ফিবিতেন, দরিত্র কুলীরা তাঁহাকে ঘিরিয়া বসিত, তাঁহার কাছে কত স্থগতঃথেব গল্প করিত, তাঁহার অভাব-অভিযোগ দর কবিবার জন্য তাহাদের ক্ষদ্র সামর্থা দিয়া কত চেষ্টাই না কবিত! চিকিংসক হইয়া দেশে আসিলেন, সেই মাকুষ লইয়াই ক্রীড়া চলিতে লাগিল। আপনা হইতেই রোগীর বাড়ী যাতায়াত করেন. তাহাদের কত সেবা কবেন—কত মগ্ল লন। লোকে ত দেপিয়া অবাক। তিনি যদি কাছে বসিলেন, বোগীৰ বোগযন্ত্ৰণার শান্তি হয়। এমন মামুষকে লোকে না ভালবাসিয়া পারে ৷ দেখিতে দেখিতে তিনি হইয়া উঠিলেন পারিপার্থিকের স্বারই প্রাণের প্রিয়ত্ম বন্ধ। দেহরোগের চিকিৎদা করিতে তাহাদেব সঙ্গে মিশিষা ছিলেন, কিন্তু সকলে এখন মনোরোগের কখাও তাহার কাছে বলিতে লাগিল। তাঁহাব কাছে বলিবে না ত কাহার কাছে বলিবে ? এমন স্বহাদ ভাতাদের আর কে আছে ? যৌবনের উদ্দান আবেগে দেবায় আয়হারা হইলেন। কত চোরের সঙ্গ করিলেন, কত গুরু তের সহাদ হইলেন, গ্রামের প্রাচীনেরা এজন্ম তাঁহার চরিত্রেই বা কত সন্দেহ কবিল, কভজনে গুঃখ করিল, পিতামাতা কত শাসন করিলেন, কিন্তু দরদী তিনি—তাহাদেব কি ছাডিতে পারেন ? অস্ত্রের ক্ষতগুলিকে নিজের ক্ষত বলিয়াই তিনি মনে করিতেন, আর তাহাই সারাইতে কি আপ্রাণ পবিশ্রমই না করিতেন ৷ এইভাবে শত শত পতিতের উদ্ধার কার্যো তাহাকে দীর্ঘকালব্যাপী কত বেগই যে পাইতে ছইল তাহার অবধি নাই। অবশেষে মহর্নিশ তুমুল সংকীর্তনেব প্রবল বক্সা প্রবাহিত করিয়া পাপাচারের নিত্য-ক্রীড়াভূমিকে পবিত্র পুণ্য অবহাওয়ার পরিশুদ্ধ করিয়া লইলেন। সে-সকল অসংপ্য অপুর্ব্ব কাহিনী বর্ণনা করিলে বিবাট মহাভারতের সৃষ্টি হইবে, কাজেই বাগ্য হইয়াই ক্ষান্ত রহিলাম। দেশবাসীর জন্ম তিনি কত-কি করিলেন, কোন দিন তাহার হিসাব-নিকাশ পাওয়া যাইবে কি ? যেখানে নীতি ছিল না, শিক্ষা ছিল না, সমাজ-বন্ধন ছিল না—এমনই ব্যভিচারের লীলা-স্থানকে আপনার কর্মক্ষেত্র-রূপে বাছিয়া লইয়া তিনি আবিভূতি হইলেন, আর সেখানে মরুভূমিতে মরুলান স্বাষ্টির ক্রায়, নরকে স্বর্গরাজ্য-প্রতিষ্ঠার ক্রায় কি অভূত পরিবর্ত্তনই না আনয়ন করিলেন! তাঁহার চেষ্টায় হিংশ্রখাপদসকল অর্গ্রানীর ভিতর মানব-সভাতার কত বিচিত্র প্রতিষ্ঠান মাথা তুলিয়া দাঁড়াইয়া উঠিল। বাংলার বিশিষ্ট পরিবার যেখানে যে-কয়টী পাইলেন অলোকিক প্রেমমাহাত্মের তাহাদের টানিয়া আনিলেন—সকলেই তাঁহার আদর্শ-প্রতিষ্ঠার জন্ম ঘরবাড়ী করিয়া তাহার কাছে বাসকরিতে লাগিলেন।

সংসঙ্গের কর্ম-কেন্দ্রগুলি দেখিয়া কেহ অমুমান করেন এই প্রতিষ্ঠান গড়িয়া তলিতে আজ পর্যান্ত পাঁচ লক্ষ টাকার কম বায় হয় নাই, কেহ বলেন, আরও অধিক টাকা লাগিয়াছে। মথেষ্ট অর্থবায় ত হইয়াছেই, কিন্ধু শীশীঠাকুর এত টাকা পাইলেন কোথায় ? প্রতিষ্ঠান গড়িবাব গোড়া হইতেই তাঁহার সঙ্গে আছি, কিন্তু কোন দিন ত দেখিলাম না, বাহিরের কেহ তাঁহাকে এককালীন কয়েক শত টাকা দিয়াও দাহায্য করিয়াছেন। মানুষ অলৌকিক দেখিতে ভালবাদে, ইহার পর আর অলৌকিক ব্যাপাব থাকে কোথায় ? মোটা লাল চালের ভাত আর পদ্মার ঘোলা জলের মত ডাল খাইয়া তাঁহার মুখের দিকে চাহিয়া কন্মীরা তথন পর্মানন্দে কাজ করিত। মান্ত্র্য শুনিয়া বিশ্বাস করিবে কি, বৃতুক্ষু আশ্রমবাসী এবং তাঁহারই অনুসরণকারী দীনদরিত নরনারীর নিকট হইতেই শ্রীশ্রীঠাকুর তিল তিল করিয়া প্রতিষ্ঠান গড়িবার যত-কিছু লোয়াজিমা আহরণ করিয়া থাকেন। হঃস্থকে তিনি কেমন করিযা বাঁচাইয়া वार्थिन এবং তাহাকে मञ्जीविक कविषा मितामात्नव योगा कविषा जुलन, এ রহস্ত যে না দেখিয়াছে তাহাকে বুঝান যাইবে না। কতলোক এখানে বাস করে, কতন্ত্রনে কত অপরাধ করে,—অপরাধ ত করিবেই, তিনি যে মানসিক-ব্যাধিগ্রন্তদের জন্মই এই হাসপাতাল খুলিয়াছেন। তাঁহার কাছে না আছে কোন শাসন, না আছে কোন ভীতি-প্রদর্শন। যাহার যেমন খুসী সে তেমনই চলিতেছে। কিন্তু কি আশ্চর্য্য তাঁহার প্রভাব, কাহারও চরিত্রে যত-কিছু ক্রটীই থাকুক না কেন, সে যত অযোগ্যই হউক না কেন, শ্রীশ্রীঠাকুরকে খুদী করিবার একটা প্রবল আগ্রহ কিন্ধু প্রত্যেকরই মাথায় সর্বক্ষণ লাগিয়াই আছে। তাঁহারই প্রেরণায়, তাঁহারই সদম ব্যবস্থায়, সকলের অস্তরের সম্রদ্ধ বিন্দু বিন্দু দান-কর্ম ও অর্থ-সাহায্যে প্রতিষ্ঠানের আজ এই বিপুল সমৃদ্ধি।

এই যে এত বড় প্রতিষ্ঠান গড়িয়া উঠিল, ইহাতে আন্দোলনের কোন হৈ চৈ নাই, সভাসমিতি করিয়া কোনদিন বক্ততা দেওয়া হয় নাই। প্রীশ্রীঠাকুর

কি অপূর্ব্ব কৌশলের সঙ্গে, সকলের কেমন অজ্ঞাতসারে, তাঁহার ভাবধারাগুলি কমিগণের মাথার আন্তে আন্তে সহজ্ঞতাবে চুকাইয়া দেন, তাহা বুঝিবার সাধা কাহারও নাই। কত ব্যাপারেই ত তাহা লক্ষ্য করিয়াছি। ইট কাটিবার প্রয়োজন হইল, এক জন তুই জনের নিকট হয়ত স্বীয় অভিপ্রায় কোন দিন বাক্র করিলেন। ধীরে ধীরে তাহা সকলের মধ্যে চারাইয়া যাইয়া এমনই ব্যাপক ভাবে ক্রিয়া করিল যে, দেখিতে পাইলাম একজন বালক-বালিকা পর্যান্ত বাকী রহিল না, যে ইটখোলায় গিয়া কাজে না লাগিয়াছে। লক্ষ্য লক্ষ্য ইট তৈয়ারী হইল। পুরুষের কথা নাই-বা বলিলাম, শিক্ষিত ভদ্রসন্তান হইলেও তাহারা ত পুরুষ। কিন্তু দেখিলাম, বিশিষ্ট সন্ত্রান্ত পরিবারের মহিলাগণ, গাহারা, আজীবন স্থেস্বাচ্ছন্যে লালিত তাঁহাদের দ্বারাও শ্রীশ্রীঠাকুর কত কাজ করাইলেন।

শ্রীশীঠাকুরের ইচ্ছা, স্থীলোক মাত্রেরই minimum qualification হইবে মাাটি কুলেশন পাশ। যাহারা তিন চারিটা সম্ভানের জননী, এমন বয়স্কা মহিলাদের লইয়া ক্লাস খোলা হইল। ইংরাজী বর্ণমালা প্রান্ত ইহাদের অনেকেবই জানা নাই। শ্রীশ্রীঠাকুর বলিলেন, অবিলম্বে তাঁহাদিগকে Matric পাশ করাইতে হইবে। শিক্ষিত আমরা বলিয়া উঠিলাম, দশ বংসর লাগিবে। শ্রীশ্রীঠাকুর বলিলেন, তিন বংসরই যথেই। শিক্ষাদান-কাধ্য চলিতে লাগিল। ক্লাস বসিবার সময় শ্রীশ্রীঠাকুর স্বয়ং উপস্থিত থাকেন। সাহিত্য, গণিত প্রভৃতি কোন বিষয় কিভাবে পড়াইতে হইবে বি-এ, এম-এ, উপাধিধারী অভিজ্ঞ শিক্ষকগণকে তিনি তাহার সহজ পদ্ধতি পুঋান্তপুঋরণে শিথাইতে লাগিলেন। সংস্কৃত ও ইংবাজী বাকিবণ যাহাতে অল সময়ের মধ্যে সহজে আয়ত্ত করা যায় ভজ্জন্য তাঁচার উপদেশ ও বন্ধিমত অভিনব chart তৈয়ারী করা হইল। মনকত্ত্ব বিচার করিয়া কখন কোন বিষয়টী কি ভাবে শিখাইতে इटेर्ट निर्क rehearsal मिया जाराह निक्ककानरक ववारेश मिलन। দেখিলাম, মেযেরা অনেকেই তিন বংসরেই পাশ করিল। এই পদ্ধতি পবে তপোবন বালক-বিদ্যালয়েও গৃহীত হইল। অ্চাবধি এই তিন বৎসরের course পডিয়াই সংসক্ষের বালক-বালিকাগণ প্রবেশিক। পরীক্ষায় উত্তীর্ণ ইইয়া আসিতেছে। শিক্ষা-পদ্ধতির সংস্কার-কার্যো বিশ্ববিত্যালয়ের কত চেষ্টার কথাই শুনিতে পাই। এখানে তাঁহাদের গ্রহণযোগ্য যথেষ্টই আছে বলিয়া আমার মনে হয়।

অন্নপরিসর আশ্রম-কেন্দ্রটা, কিন্তু তাহাতে শিক্ষনীয় বিষয়ের অভাব নাই। একটা বড় নগরে থাকিয়া লোকে যাহা শিথিবার স্থযোগ না পায়, এথানে সে ব্যবস্থা আছে। এথানে একই স্থানে বিজ্ঞানকেন্দ্র, উষধ-প্রস্তাগার, মুদ্রণ-কার্যালয়, কুটার-শিল্পালয়, চিত্রশালা, গৃহ-নির্মাণ-বিভাগ, বৈছাতিক কারখানা প্রভৃতি কত-কিছু প্রতিষ্ঠান থাকায় সকলে এইগুলির সম্বন্ধে কত অভিজ্ঞতা অনায়াসেই আয়ত্ব করিতেছে। তাহা ছাড়া সবচেয়ে বড় শিক্ষার কেন্দ্র হইলেন শ্রীশ্রীঠাকুর স্বয়ং। গ্রহণেচ্ছু হইয়া শ্রদ্ধার সহিত কিছুকাল তাহার সঙ্গ করিলে কেহ যে বাস্তব জ্ঞানলাভ করিতে পারিবেন, বহুকাল গ্রহাগ্যন করিয়াও তাহার শতাংশের একাংশও তিনি জ্ঞানিবার স্থযোগ পাইবেন কি না সন্দেহ। শিক্ষানীতি, ধর্মনীতি, সমাজনীতি, রাষ্ট্রনীতি প্রভৃতি জ্ঞানের এমন কোন বিষয় নাই যাহা তাহার নিকট প্রায়শঃ আলোচিত না হইতেছে, আর এমনই সহজ সরলভাবে গুক্তর বিষয় গুলি তিনি বুঝাইয়া দেন যে, বালক এবং নিরক্ষর স্থীলোকেরা পর্যন্ত তাহা অনায়াসে হাদয়ক্ষম করিতে পারেন।

তারপর, তাঁহার নিজের সহজ চলনাটাই যে একটা বিরাট শিক্ষার জিনিষ। কত লোক কত ভাব লইয়া তাহার নিকট আসিতেছেন, কেহ হাসিতামাসার গল্প করিতেছেন, কেহ ছন্টিস্থার কথা বলিতেছেন, কেহ অর্থাভাবের কথা তুলিয়াছেন, কেহ-বা ভীষণ বিপদের সংবাদ লইয়া উপস্থিত হইয়াছেন। শ্রীশ্রীঠাকুর কোন অবস্থায় কাহাব সহিত কেমনভাবে ব্যবহার করেন, প্রত্যেকের ব্যক্তিগত চাহিদা কেম্নভাবে মিটাইয়া দেন তাহা মনোযোগ ও শ্রদ্ধাব সহিত লক্ষ্য কবিলে কত যে শিথিবার ও কত যে জানিবার আছে তাহা বলিবার নয়। তাহার কচি এবং অভ্যাসগুলিই বা কেমন মাজ্জিত ৷ কেমন নিঁ খুতভাবে সর্কান্ধণ পরিষার-পরিচ্ছন্নতা রক্ষা করিয়া চলেন, কত ক্ষিপ্রগতিতে দকল কাজের মীমাংসা করেন. কেমন পবিত্র তাহার হাসিটা, কেমন দরদপ্রাণে তঃথ প্রকাশ করেন, কিভাবে শাসন করেন, আদর করেন কেমন করিয়া, ইত্যাদি প্রত্যেকটা জিনিষ্ট মাক্রষের পরম শিক্ষা ও উপভোগের সামগ্রী। এমন সহজ্ব সরল স্তির্কারের অভিব্যক্তি, ভাব-প্রকাশের এমন খাটি ধরণটী মামুষ কোথায় পাইবে দ স্বার্ট মনোভাবের সাড়া নেওয়ায় গ্রহণক্ষম এমন সহজ প্রাণবান আদর্শ মান্ত্ৰ থাকিলে ত পাইবে।

শ্রদ্ধা, ভক্তি ও নিষ্ঠা লইয়া এখানে কিছুকাল শ্রীশ্রীঠাকুরের সঙ্গে ঘাহারা বাদ করিবেন, তাঁহাদের ভাল না হইয়া ও জ্ঞানী না হইয়া উপায় নাই। একজন ইউপ্রাণ সংসঙ্গ-দেবক সাধারণ নিস্ত্রী বা কোন বালক-বালিকার সহিত কেহ আলাপ করিলেই বৃঝিতে পারিবেন যে, এ মিস্ত্রী ত শুধু হাতুড়ি নিয়াই কাজ করে না, এ যে কত পণ্ডিত।—ছাত্রছাত্রীরা অল্পবয়স্ক হইলেও কত যে জ্ঞানের অধিকারী! তথনই মনে হয়, পূর্বকালের অধিকারী!

ছিল। বিভাগী গুরুসন্ধিধানে বাস করিয়া যথন গৃহে কিরিতেন, এমনই ভাবেই বুঝি ঋষির অভিজ্ঞতার অক্ষয ভাণ্ডার হইতে জ্ঞানরাশি আহরণ করিয়া লইয়া যাইডেন। এ যুগে আবার তাহা দেখিবার সৌভাগ্য ঘটিল। সংসঙ্গের শিক্ষাকেন্দ্র তপোবন বিভালয়ের গুটিক্যেক ঘবদরজা এবং কতিপধ মৃষ্টিমেয় ছাত্র মাত্র; দেশের কত শিক্ষাপ্রতিষ্ঠানের কত বড় বড় ঘরবাড়া, কত'শত শত ছাত্রসংখ্যা। কিন্তু তপোবন বিভালয়ে শ্রীশ্রীঠাকুর ইপ্টামুরাগমূলক যে আদর্শ শিক্ষাপদ্ধতির পত্তন করিয়াছেন তাহা একদিন ভারতের তথা জগতের শিক্ষাব আদর্শ হইবে, আর যতদিন না হইবে, ততদিন শিক্ষাব্যারও সমাধান হইবে না, একথা আজ অনেকের মুথেই শুনিতেছি।

শিক্ষা আন্দোলনের স্থায় বলিতে পারি, তাঁহার সকল আন্দোলনই সর্বকালের এবং সর্ব্বানবের জন্ত । শ্রীশ্রীঠাকুর বিবাহ-পদ্ধতি সপদ্ধে যে নীতির প্রবন্তন কবিয়াছেন, তাহাও শুধু বাংলা বা ভারতের জন্ত নহে। সমগ্র মানবসমাঙ্গের ষেধানেই এই সনাতন নীতির অনুসরণ হইবে সেধানেই তাহা কল্যাণপ্রস্থ হইবে, তেমনি যেধানেই ইহার বিন্দুমাত্র ব্যতিক্রম ঘটিবে সেধানেই সমাজদেহে ভাঙ্গন ধরিবে, ইহা বলিলে, অতি সভ্য কথাই বলা ইইবে। এই প্রসঙ্গে আমরা শ্রীশ্রীঠাকুরের জীবন-মাহান্ম্যোর অতি গৌরবময় কীর্ত্তি—'আপনি আচরি ধর্ম,' কিভাবে অপর সকলকে সেই নীতি তিনি শিক্ষা দিতেছেন—এই অধংপতিত সমাজের পুনক্ষ্মানের জন্ত তিনি যে অপূর্ব্ব মহনীয় দান করিয়াছেন, ভাহাই বলিতেছি।

সমাজে প্রচলিত বিবাহ-পদ্ধতির আমূল সংশ্বারের জন্ম শ্রীপ্রীঠাকুর কত কাল অবধি চেষ্টা করিতেছেন! কুসংশ্বারাছের, প্রাণহীন আচারের একনিষ্ঠ দেবক মৃতপ্রায় দেশবাসীর মনে তাঁহার উদার ভাবরাজি যাহাতে সহর কার্যাকরী হয় তজ্জ্য শ্রীপ্রীঠাকুরের পরিশ্রমের অন্ত নাই। শ্রীপ্রীঠাকুরের সহিত সাক্ষাংকালে দেশবন্ধু চিত্তরঞ্জন যথন দেশে উপযুক্ত কন্মীর অভাব জানাইয়া খুবই তৃঃথ করিয়াছিলেন, তথন শ্রীশ্রীঠাকুর সমাজ-গঠনে বিবাহ-সংশ্বারের প্রয়োজনীয়তা সম্বন্ধে স্থদীর্ঘ আলোচনা-প্রসঙ্গে একস্থানে বলিয়াছিলেন যে, বিধিমত বিবাহ-পদ্ধতির সংশ্বার করিতে পারিলে অদূর ভবিয়তে দেশে এমন কতকগুলি প্রাণবান তাজা মাছ্য জন্মগ্রহণ করিবে যাহাদের দ্বারা সন্তিয়কারের কাজ সম্ভব হইবে। যাবতীয় আন্দোলনের মধ্যে বিবাহ-সংশ্বারের আন্দোলনই যে আমাদেব সর্বাগ্রে করণীয় এ সম্বন্ধে শ্রীশ্রীঠাকুর দেশের নেতৃর্ন্দের সহিত যথনই সাক্ষাং হইয়াছে প্রত্যেককেই স্বিশেষ বুঝাইতে চেষ্টার ক্রাটী করেন নাই।

• আৰ্য্য আদৰ্শ বিবাহ-পদ্ধতির মূলে কুঠারাঘাত করায় ভারতভূমি যে

আজ লেলিহান কুরুরের মত পরপদানত ঘূণিত সস্তানের আবাসভূমিতে পরিণত হইয়াছে, তাহা মর্মে মর্মে অঞ্ভব করিয়া প্রীশ্রীঠাকুর আর্য্য-বিবাহের উচ্চ জ্মাদর্শ—বিবাহে নারী ও পুরুষের স্ব-ম্ব বৈশিষ্ট্য—সমাজ্ব-জীবনে বিবাহের প্রয়েজনীয়তা,—গার্হস্থাজীবনে দ্বী ও পুরুষের ইইনির্চার আবশ্রকতা—নারীর একগামিনীয় ও পুরুষের বহুগামিত্ব—বিবাহসংগঠনে পুরুষের প্রতি নারীর শ্রদ্ধা ও ভক্তিই যে একমাত্র ঘটক ইত্যাদি ভাবরাজ্বিপ্রচার করতঃ এই স্থান্য পল্লীগ্রামে থাকিয়া আদর্শ বিবাহ-পদ্ধতির পুনঃ প্রবর্ত্তন বারা ধ্বংসোমুগ জাতিকে পুনক্ষ্জীবিত করিবার কি মহতী পরিকল্পনা কার্য্যে পরিণত করিবার চেষ্টা করিতেছেন, দেশবাসী অনেকেই হয়ত তাহার সন্ধান রাপেন না। মরণোমুগ জাতির দেহে প্রাণপ্রবাহ সঞ্চারের জন্ম প্রশিক্ত প্রাচীন আর্যাশাস্থ মন্থনপূর্বক স্বীয় বিচিত্র অভিজ্ঞতাবলে যুগোপযোগী আদর্শ বিবাহপদ্ধতিরূপ যে অমৃত দান করিয়াছেন তাহা জাতির শরীব বিধানে যাহাতে সত্তর ক্রিয়া করিতে আরম্ভ করে, মৃতপ্রায় জাতি আবার যাহাতে সঞ্জীবিত হইয়া উঠে—চবিত্র, স্বাস্থ্য ও প্রতিভা-সম্পাদে বলীয়ান অযুত সন্থানে দেশ ভরিয়া বায়, তজ্জ্য শ্রীশ্রীঠাকুরের অহর্নিশ কি প্রাণপাত চেষ্টা!

কোন অনাদি কাল হইতে আরম্ভ করিয়া পুরুষ ও নারীর সমস্তা লইয়া কত দ্বন্দ চলিতেছে ! শ্রীশ্রীঠাকুর আন্ধ তাহার সহন্ধ সরল মীমাংসা দান করিয়া দৃচস্বরে ঘোষণা করিতেছেন—মানবের মুক্তি-সাধনায় নারীই একমাত্র সহধর্মিণী---অমতের সহধাত্রী। যতদিন নারী আপন বৈশিষ্টোর দঢ়ভিত্তির উপর দাড়াইয়া সংসাবে চলিতে না শিথিবে, ততদিন জাতির ভবিশ্বত অন্ধকারাচ্ছন্ন। তাই দীর্ঘকাল ধরিষা নারীর কর্ত্তব্য ও দায়িত সম্বন্ধীয় যাবতীয় বিষয়ে শ্রীশ্রীঠাকুর নানা গ্রন্থ-প্রকাশ এবং অপরিসীম দৈর্য্যের স্থিত ব্যক্তিগত ভাবে আলাপ-আলোচনা দ্বারা কত উপদেশই যে দিতেছেন তাহার অবধি নাই। গার্হস্থাভ্রমের বৈশিষ্ট্য কিসে-প্রকৃত ব্রদ্ধচর্য্য কাহাকে বলে—বিবাহের আদর্শ ও উদ্দেশ্য—বিবাহে পাত্রের বর্ণ. বংশ, প্রতিষ্ঠা ও বয়স বিচারের আবশুকতা—হীনচরিত্র সন্তান হওয়ার কারণ-প্রতিভাবান ক্ষণজন্মা সম্ভান লাভের উপায়-স্থপ্রজননে নারীরই একমাত্র দায়িত্ব-কাম ও প্রেমের মধ্যে পার্থক্য কোথায়-ইত্যাদি নরনারীর মিলন সম্বন্ধীয় সকল সমস্তার মীমাংসা-বাণী তিনি সর্বাঞ্চণ সকলের মধ্যে পুঝামপুঝরূপে বিশ্লেষণ পূর্বক কতকাল ধরিয়া প্রচার করিতেছেন! নারী-চরিত্রের আদর্শ কি এবং পুরুষের জীবনের সক্ষাই বা কেমন হইবে তংসম্বন্ধে শ্রীশ্রীঠাকুর তদীয় গ্রন্থসমূহে বিস্তারিতভাবে আলোচনা করিয়াছেন, তংপ্রতি আমরা যথাস্থানে পাঠকবর্গের মনোযোগ আকর্ষণ করিতে চেষ্টা করিয়াছি। বিবাহ-ব্যাপারে প্রচলিত কুসংস্কারগুলির প্রতি প্রত্যেকের দৃষ্টি আকৃষ্ট করিবার জন্মও তিনি কম চেষ্টা করিতেছেন না! সমাজের আজ এমনই অবস্থা যে, অস্থলোম অসবর্গ-বিবাহের প্রয়োজনীয়তা মোটেই কেই হাদয়ক্ষম করিতে পারিতেছেন না। সমাজ-গঠনে ইহার গুরুষ উপলব্ধি করিয়া এত্রীপ্রাক্তর বজ্র-গন্তীর স্বরে বলিতেছেন—"অস্থলোম অসবর্গ-বিবাহের অপলাপ হওয়ায় এই' আধ্য-সমাজটা যে কতথানি disintegrated into lumps হ'য়েছে, eugenic uplift-এর দিক দিয়া newer blood-এর nurturing না পে'য়ে সমাজের individuals গুলি যে কতখানি স্বাদিক দিয়ে দৈন্তের অধিকারী হ'যে উ'ঠেছে, তা' কেউ লক্ষ্য করেন না, without the supply of filtered progressive newer blood জাতির আয়, বৃদ্ধি, বল, বর্ণ ইত্যাদি স্বই যে deteriorate কর্তে থাকে তা কার্ম্বই ভে'বে দেখ্বার আরু অবসর নাই।"

বিবাহ ও স্থাজনন সম্বন্ধীয় এই সকল আয়া ভাববাজি শ্রীশ্রীঠাকুর দীর্ঘকাল ধরিয়া প্রচার করায় তাহা সংসঙ্গবাসী, সংসঙ্গের সহিত যুক্ত নানাদেশবাসী এবং অভাভ বহু স্থানের ভব্র পরিবারের নরনারীর মনের উপর বিশেষভাবে ক্রিয়া করিতে থাকে। যে সকল নারী বিবাহিত। তাহারা শ্রীশ্রীঠাকুরের কথিত বাণীর ভাবধারা অন্তসরণ করিয়া নিজেদের সংসারকে স্থাশান্তিময় করিয়া গড়িয়া তলিবার চেষ্টা করিতে লাগিলেন। নিষ্ঠা, অমুরক্তি ও ভাবভক্তিতে অমুরঞ্জিত হইয়া স্বামীকে সং ও স্বস্থভাবে উদ্দীপ্ত করিয়া যথনই নারী আনত করাইবেন, দেই হইতেছে প্রকৃষ্ট লক্ষণ যে. তিনি সং, স্বস্থ ও দীপ্তিমান সন্তানের জননী হুইবেন, তেমনি সন্তান ভূমিষ্ঠ হওয়ার পর তাহার ভবিগ্যত-বিধানে জননীরই একমাত্র দায়িত্ব, স্বামীর প্রতিষ্ঠার জন্ম তিনি যাহাদের হইতে উদ্বত হইয়াছেন তাহার সেই আদিম মঙ্গলকামী পিতামাতার প্রতি দেবাপরায়ণ হওয়া, স্বামীর বিপথ-গমনে ও আ্দর্শহীনতায় স্ত্রীর কর্ত্তবা, সংসার-জীবনে শিল্প-ব্রতাক্ষ্ঠানের অবশু প্রয়োজনীযতা-প্রভৃতি শত শত বিষয়ে শ্রীশ্রীসাকুরের প্রদত্ত বাণীগুলি কত স্থানের কত মহিলা নিজেদের জীবনে পুঝামপুঝরূপে প্রতিপালন করতঃ তাহা চরিত্রগত করিয়া লইবার জন্ম তুমুল আগ্রহ ও আপ্রাণতার সহিত চেষ্টা করিতে লাগিলেন। কুমারী মেযেরা যোগ্যবর-নির্পাচনে নিজেদের ভীষণ দায়িত্ব ও কর্ত্তব্য সম্বদ্ধে সন্ধাগ হইয়া উঠিলেন। শ্রেষ্ঠকে বরণ করিবার একটা স্বাভাবিক ঝোঁক এবং তৎসহ আ্যা বিবাহপদ্ধতির মূলগত আদর্শের যত-কিছু জ্ঞাতব্য বিষয় তাহাদের অনেকেরই চরিত্রগত হইয়া পড়িল। ও বিষয়ে অহর্নিশ অহুধাবনা করিবার ফলে অসংখ্য পরিবারের নারীদের

মধ্যে এই ধারণা আজ এমনই বন্ধমূল হইয়া পড়িয়াছে যে, সর্বাংশে উন্নত এবং আদর্শচরিত্র ভিন্ন কাহাকেও যে স্বামীতে বরণ করা যায় তাহা তাঁহারা কল্পনায়ও ভাবিতে পারেন না। এইরূপ আবহাওয়ায় চলিতে চলিতে পাত্তের বর্ণ, বংশ'ও প্রতিষ্ঠার উৎকর্ষ-চিম্ভায় কতকগুলি নারীর মন্তিষ্ক এমন সুক্ষ ও গভীরভাবে আবিষ্ট হইল যে, তাঁহারা দকল দিক বিবেচনা করিয়া শীশীসাকুরকেট সর্বতোভাবে একমাত্র আদর্শ পুরুষশ্রেষ্ঠ বলিয়া সর্বামনপ্রাবে দেখিতে পাইলেন, স্থতরাং তাঁহাকেই স্বামীপদে বরণ করিবার জগু দৃঢ় সম্বন্ধ করিলেন। শ্রীশ্রীঠাকুর কিন্তু ঘুণাক্ষরেও তথন পর্যান্ত এই বিষয় কিছুই জানিতে পারেন নাই। এই সকল ভাবধারা অন্তিমজ্জাকে আক্রমণ করত: उांशानिभरक এमनरे ভाবে উषक्ष ও आश्रांग कविया जुनियाहिन त्य, নিজেদের ব্যক্তিগত জীবনে এই স্থির সিদ্ধান্তকে বান্তব রূপ দিবার জন্ম তাহারা বন্ধপরিকর হইলেন। এইবার তাহারা নিজ নিজ অভিবাবকের নিকট স্বীয় মনোভিপ্রায় প্রকাশ করিলেন এবং প্রাচীন আয়া শাস্ত্রসমত যুক্তিতর্ক ও আলোচনাপর্বাক কত অন্মরোধ উপরোধ জানাইয়া তাঁহাদিগকে অব্শাকরণীয় এই পবিত্র ধর্মামুষ্ঠানে সমত করিতে কত চেষ্টা করিলেন। কাহারও কাহারও (এমতী পারুলবালা দেবী এম-এ, শ্রীমতী স্থপ্রভা দেবী ও শ্রীমতী বনলতা দেবীর) অভিবাবক ইহাতে অন্তমতি প্রদান করেন। অতঃপর এইরূপ ঘটিল যে, একদিন এই সকল নারীদের কাহাবও মাতা, অপর দিন কাহারও পিতা, কোনদিন বা কোন নারীর পিতামাতা উভয়ে স্বীয় কন্তাকে সঙ্গে লইয়া শ্রীশ্রীঠাকুরের নিকট উপস্থিত হইয়া সর্বজন-সমক্ষে विनाम-"वावा, जामारमव এই क्लाक जाननारक मान कविनाम।" শ্রীশ্রীঠাকুর ভাবিলেন—লোকে ঠাকুর-দেবতার নামে কোন মূল্যবান জিনিষপত্র, বিষয়সম্পত্তি কিংবা কোন প্রিয়বস্তু উৎসর্গ করিয়া থাকে, ইহা তেমনি একটা-কিছু ব্যাপার। দিন যাইতে লাগিল, কালক্রমে এই সকল বাগুদত্তা কন্তাদিগের অভিবাৰকগণ শ্ৰীশ্ৰীঠাকুরকে জানাইলেন,—"মেয়েকে ত আপনাকে দান করিয়াছি, আপনাকেই তাহাকে গ্রহণ করিতে হইবে, সে যে আপনাকেই স্বামী বলিয়া গ্রহণ করিয়াছে, অন্তত্ত তাহাকে পাত্রন্থা করিবার উপায় নাই।" শ্রীশ্রীঠাকুরের চরণে শ্রীমতী সর্বয়ঙ্গলা ভট্টাচার্ঘ্য বি, এস্ সি-ই বছকাল পুর্বে সর্ব্যপ্রথম আত্মসমর্পণ করেন। তিনি সর্ব্ব-মনপ্রাণে বৃবিলেন শ্রীশ্রীঠাকুরের পূজা ভিন্ন তাহার জীবনের অন্ত ব্রত নাই। স্থতরাং বর্ণ, বংশ, প্রতিষ্ঠা ও চরিত্রে মহীয়ান এই পুরুষ-প্রবরকেই স্বামীত্বে বরণ করতঃ জীবন দার্থক করিবার জ্বন্ত তিনি বদ্ধপরিকর হন, কিন্তু তাঁহার অভিবাবকগণ শুনিবা মাত্রই তীব্র আপত্তি উপস্থিত করিলেন। সংকল্প-সিদ্ধির জ্বন্ত বিকল্প

ভাবাবলম্বী অভিবাবকগণকে বাজী করাইতে এই মহিলাকে যে ভীমন বেগ পাইতে হইয়াছে তাহা তাহার জনন্ত আদর্শনিষ্ঠার অপর্বর পরিচায়ক। শ্রীশ্রীঠাকুর এই সকল প্রস্তাবের বিষয় শুনিয়া হতভদ হইলেন। কাহারও ববিতে বাকী বহিল না, বিবাহ-সংস্থারের আদর্শ সম্বন্ধে এতদিন ভিনি যে আন্দোলন চালাইয়াছেন. ইহা তাহারই ফল। শ্রীশ্রীঠাকুরের নিকট তথন সমস্তাপূর্ণ ভীষণ-সন্ধটমূহর্ত্ত উপস্থিত। এতদিন তিনি যে আদর্শবাদ সমাজের পক্ষে গ্রহণীয় বলিয়া প্রচার করিয়া আসিয়াছেন, বাস্তব কর্মক্ষেত্রে স্বয়ং তাহার বিরুদ্ধাচরণ করিবেন কেমন করিয়া? আবার যাহারা তাঁহাকে ভাহাদেরই জীবনের একমাত্র আশ্রয-সম্বল ভাবিয়া স্বামীতে বরণ করিয়াছেন. তাঁহাদিগকে যদি প্রত্যাখ্যান করেন তবে সামাজিক এবং ব্যক্তিগত জীবনে তাহাদের দশাই বা কি হইবে ? যাহা হউক, শ্রীশ্রীঠাকুর এই বলিয়া অসমতি জানাইলেন. তাঁহার দহিত গুর্দ্ধ জীবনের দলী হইতে হইলে যে তাঁহাদিগকে প্রতিপদে কত শত শত অপবাদ, লাঞ্চনা ও বাধাবিপত্তির সম্মধীন ইইতে ইইবে. চিরজীবন কত তঃগ-দৈত্তের দঙ্গে যুদ্ধ করিতে হইবে, দহজ সরল পারিবারিক জীবনের নিরাবিল স্থথ-সম্ভোগ ত দুরের কথা, পারিপার্শ্বিকের অনুসন্ধিংস্থ সেবাব অতি গুরু-দায়িত্ব গ্রহণ করিয়া আজীবন কঠোর কর্তবাময় জীবন याभन कतिए इटेरर ! वना वाइना, कर्खवा-मायरन देशामत अमनह बहेहे ও আপ্রাণ নিষ্ঠা যে, কোন বিরুদ্ধ যুক্তিই তাহাদিগকে সংকল্পচাত করিতে পারিল না। এই অবস্থায় তাঁহারা শ্রীশ্রীঠাক্রের জননীদেবীর নিকট উপস্থিত হইয়া স-অভিপ্রায় ব্যক্ত করিলেন এবং তাঁহাকেও এই ধর্মামুগ্নানের প্রকৃত মাহাত্ম্য বুঝাইতে বিশেষভাবে চেষ্টা করিলেন। প্রাচীন যুগের मिशे व्यापा व्यापन विवाद-शक्षा अवि अवि अवे नकन नाती पिरान केनन ঐकाञ्चिक अक्षांत्र भतिहरत् बननौतावी मुध इटेलन। অতঃপর তিনি শ্রীশ্রীঠাকুরকে ডাকিয়া ইহাদিগকে পত্নীরূপে গ্রহণ করা যে তাঁহার পক্ষে কতথানি অবশ্যকরণীয় দায়িত্ব, তৎসম্বন্ধে বিশেষভাবে উপদেশ দান করিলেন। মাতৃদেবী ছিলেন শ্রীশ্রীঠাকুরের ইহ জীবনের একমাত্র আরাধ্য দেবতা। তাঁহার ইচ্ছার বিরুদ্ধে কোন কাজ করা শ্রীশ্রীঠাকুরের পক্ষে সম্পূর্ণ অসম্ভব हिन। खरान्दर जिनि माज्ञाका निर्दाधार्य कित्रा এই नकन स्थाप्त्रा কন্তাগণকে স্বীয় পত্নীরূপে গ্রহণ করেন। তদবধি ইহারা শ্রীশ্রীঠাকুরের পরিবার ভূক্ত হুইয়া তাঁহারই সহধর্মিণীরূপে তদীয় আদর্শ-প্রতিষ্ঠাকার্য্যে আত্মনিয়োগ করিয়া চলিয়াছেন।

শীশীঠাকুরের এত দিনের প্রাণপাত পরিশ্রমে প্রচারিত আর্য্য আদর্শ বিবাহ-পদ্ধতির বাস্তব রূপ দান করিতে আব্দ যাহারা জীবন উৎসর্গ করিলেন,

এই প্রসন্ধে পরম শ্রদ্ধার সহিত নারীকুল-বরেগ্যা সেই মহীয়সীদিগকে অভিবাদন জানাইতেছি। তাঁহারা যে অপরিসীম তাাগ, যে জলস্ক ইষ্টনিষ্ঠা, যে অপূর্ব্ব সংসাহস, আর্য্যক্রষ্টির প্রতি যে প্রগাঢ শ্রন্ধার পরিচয় দান করিয়াছেন তচ্চত্ত তাহাদের নাম জাতির ইতিহাসে স্বর্ণাক্ষরে মুদ্রিত থাকিবে। আদর্শ আধ্যনারী দেবী পার্বতী পুরুষশ্রেষ্ঠ মহেশ্বকে স্বামীরূপে পাইবার জন্ম যেমন চুশ্চ্যা তপ্তা ক্রিয়াছিলেন, আজ তেমনি ইহারাও বৈষয়িক হিসাবে শ্রীশ্রীসাকুরের নিতান্ত অর্থকছে তা, অধুনা-প্রচলিত চাহিদামত विश्वविद्यानस्त्र উপाधिशाती, উচ্চ চাকুরীজীবী धनाणमञ्जान, नवायुवरक्त প্রণয়িনী হওয়ার যাবতীয় প্রলোভন-কামকাঞ্চনভোগ ও সৌধীন জীবন-ষাপনের সম্পূর্ণ অভাব, পাবিব রিক জীবনে সপত্রীর সহিত সংসার করিবার মত ভীষণ অগ্নিপরীক্ষা প্রভৃতি কত-কিছু তঃখ মাথায় করিয়া লইয়া শ্রীশ্রীঠাকুরকে আদর্শবান পরুষশ্রেষ্ঠ জ্ঞানে তাঁহাকেই পতিত্বে বরণ করিয়াছেন, আর দেই স্বামীদেবতার প্রারন লোকদেবারূপ মহনীয় ত্রত উদ্যাপনের জ্বরু স্বতঃপ্রবৃত্ত হইয়া নিজেদিগকে উৎসর্গ করিয়াছেন। পরম গৌরবের সঙ্গে শ্রদ্ধা-বিনম-চিত্তে আজ আমি মাতৃকুল-বন্দনীয়া সেই মহিলাগণের কীর্ত্তি স্মরণ করিয়। নিজেকে ধন্ত মনে করিতেছি।

শ্রীশ্রীঠাকুর অরণ্যকে নগরতুল্য করিয়াছেন, নানা সমস্তার অপূর্ক সমাধান-বাণী দান করিয়া জাতির জন্ম অক্ষয় জ্ঞান-ভাগুার স্বষ্ট করিয়াছেন, যে Life-research-এর গবেষণা করিয়া পণ্ডিতপ্রবর Alexis Carrel নোবেল প্রাইজ পাইলেন তংসম্বন্ধে কতকাল পর্বের শ্রীশ্রীঠাকুরের নিকট কত অভিনব তথ্যের আলোচনা শুনিয়াছি, জ্ঞানের কত বিভাগে তিনি কত কাধ্য করিতেছেন এবং আরও কত-কিছুই করিবেন, তাহার ক্লত সকল আশ্চন্যের মধ্যে—তংপ্রদন্ত স্কল মহং দানের মধ্যে আমার মনে হয় বিবাহ-পদ্ধতির বাওব সংস্কারকায়ে নিজের জীবনের দৃষ্টান্ত দ্বারা তিনি যে অমুকুল পরিস্থিতির স্ষ্টি করিয়াছেন তাহার দঙ্গে কোন-কিছুরই তুলনা হয় না, কারণ জাতির काह्य अञ्चलतात नाशिष ७ ४:८: २०१८ । इटेट बात किंदूर वर्ष नहर । অন্ধ-কুশংস্কারের বিষে জৰ্জ্জরিত, গলিত, পচা, তুর্গন্ধময় সমাজদেহে যে সংস্কারকাধ্য প্রবর্ত্তন করিতে তিনি সক্ষম হইলেন তজ্জ্ব্য এই জাতি তাহার নিকট চিরক্লভজ্ঞ থাকিবে। যদি কোনদিন জ্ঞাতিশ্বর হইয়া জন্মগ্রহণ করিতে পারি, শ্রীশ্রীঠাকুর জনসাধারণের নিকট এই মহং কার্ঘ্য সম্পাদনের জন্ম কি বিপুল সম্বন্ধনাই না পাইতেছেন, দেখিয়া কত তৃপ্তি পাইব! তাঁহার সেই वापि-यूर्गत मःकौर्खन-नीना, এই मে-पिरनत প্রতিষ্ঠান গড়িবার এবং বিজাচর্চার ধুম, বর্ত্তমানের ইপ্তভৃতি, স্বস্তায়নী, ইপ্তমাজন প্রভৃতি যত-কিছু আন্দোলনের মতনই দেখিতে দেখিতে তৎপ্রবর্ত্তিত এই আর্য্য বিবাহ-সংস্কারের ভাবধারাও সর্ব্য দক্তের মধ্যে কেমন চারাইয়া যাইতেছে! অতি ক্ষ্পাকারে সর্ব্যপ্রথম তাঁহার যত-কিছু প্রচেষ্টা আরম্ভ হয়, কিছুকাল যাইতে না যাইতেই পরিবেষ্টনীর আকাশ-বাতাস সে ভাবধারায় রঙীন হইয়া উঠে। দেখিতে দেখিতে তাহা নানাদিকে সংক্রামিত হইয়া শক্তি সঞ্চয় করতঃ শাখা-প্রশাখা-সমন্বিত বিরাট মহীক্ষহে পরিণত হয়। এই বিবাহ ব্যাপারেও বর্ত্তমান নারী-প্রগতির যুগে সেই প্রাচীন যুগের আর্য্যনারীর মহীয়সী চরিত্রের দৃষ্টান্তের পুনরভিনয় এবং নানা স্থানে এই আর্য্যনীতি সকলে কেমন শ্রদ্ধার সঙ্গের অভ্নত হইয়া উঠিতেছেন তাহা প্রত্যক্ষ করিয়া অবাক বিশ্বরে অভিনৃত হইয়াছি।

আর্য্য অন্থলোম অসবর্ণ-বিবাহের কথা যত চিন্থা করি, সমাজ-দেহের উপর ইহা কিরপ অপূর্ব প্রভাব বিন্তার করিতে পারে যতই ভাবি, ততই ইহার প্রয়োজনীয়তা উপলব্ধি করিয়া বিশ্বিত হইযা যাই। দেপিতেচি, এই নীতি অমান্ত করা মানে, নিজেব অন্তিত্বের ও উন্নয়নের মূলে কুঠারাঘাত করা ছাড়া আর কিছু নয়। আমাদের দেশে নানা সম্প্রদায়ের হিন্দুর মধ্যে একতা-বন্ধনেব জন্ত আজ কত কাল যাবত চেন্তা চলিতেছে কিন্ধ কোথায়ও মিলন সম্ভবপর হইল না। পরস্পরের প্রতি ইবা ও ঘুণায় সমাজদেহ ক্রমণঃ ক্ষীণ ও ঘুর্বল হইয়া পড়িতেছে। কিন্তু আর্যার বর্ণাশ্রম-ধর্ম যথন প্রচলিত ছিল তথন ত এমনটা ছিল না! এখনও ধদি সমাজের বিপ্রা, ক্ষল্রিয় ও বৈশ্র পরিবারগুলি বিধি-মাফিক অন্থলোম অসবর্ণ-বৈবাহিক-স্থলে পরস্পর আবন্ধ হওয়ার ফলে তাহাদের মধ্যে রক্তের সম্বন্ধ স্থাপিত হয়, তবে কেমন সহজ্ব স্থাভাবিক উপায়ে এই সকল বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সত্যিকারের মিলনের অট্ট বন্ধন স্থাপিত হয় তাহা সহজ্বেই অন্থমান করা যাইতে পারে। সাম্প্রদায়িক-বিরোধ-সমাধানের এই সকল অতি প্রয়োজনীয় কথা শ্রীশ্রীঠাকুর দিন নাই রাত্রি নাই কত জনকে কতভাবে বুঝাইতেছেন!

সমাজের সংস্থার-সাধন অতিশয় দায়িত্বপূর্ণ কার্য। কোন্ সংস্থারে দেশের কলাাণ হঠবে আর কিসেই বা অনিষ্ট হইবে, তাহা স্বাধীন চিস্তাশীল ব্যক্তি ভিন্ন অন্তের ব্ঝিবার সামর্থ্য নাই। ঋষির দর্শন না থাকিলে যে কোন স্তি্যকারের মঙ্গল সাধন করা যায় না তাহা বলাই বাহুলা। অনেকে মনে করেন বর্ণভেদ বলিয়া কিছু নাই, সব মান্ত্যই এক জাতীয়, অন্থলোম-প্রতিলোম বলিয়া কোন কথাই নাই! পুরুষ হইলেই সে যে-কোন স্ত্রীলোককে বিবাহ করিতে পারে, ইত্যাদি। কিন্তু প্রতিলোম-সংশ্রব জাতিকে জাহান্নমে লইয়া যাইবার পক্ষে কেমন পিচ্ছিল বর্ঘ তৎসম্বদ্ধে শ্রীশ্রীঠাকুর আর্থ্যশান্তান্থমোদিত

যে বাণী দান করিয়াছেন তাহা পাঠ করিলে যে হাদ্কম্প উপস্থিত হয় ! অথচ এই সর্বাধ্যংসকারী ব্যবস্থাই সমাজের পক্ষে কল্যাণকর বলিয়া আজ অনেকে অন্ত্যবর্গ করিতেছেন। দেশের এই ত অবস্থা! যুগপ্রবর্গক দ্রষ্টাপুক্ষ বুঝি যুগে যুগে এমনি ভাবেই আপন সময়ের অতীত বস্ত হইয়াই জন্মগ্রহণ করিয়া থাকেন! প্রসন্থাটী ক্রমেই দীর্ঘ হইয়া যাইতেছে, কিন্তু কি করিব, উপায় নাই, তাঁহার কথা যত বলি ফুরাইতে চাহে না, যাহা হউক এইবার আমার বক্তব্য সমাপ্ত করিতে চেষ্টা করিব।

একটা কথা বছদিন ধরিয়া তাঁহার নিকট শুনিয়া আসিতেছি। তিনি বলেন—পূর্ব্বতনকে অধিকার করিয়াই পরবর্ত্তীর আবির্ভাব। পূর্ব্ব পূর্ব্ব আচার্যাগণের প্রতি শ্রীশ্রীঠাকর এমনই প্রগাঢ শ্রদ্ধা প্রদর্শন করেন, দেখিলে বিশ্বিত হইতে হয়। মনে হয় এমনটা বুঝি আর কোথাও সম্ভব হয় না! ছোট-বেলা অবধি অজ্ঞানতাবশতঃ মুসলমান ও খৃষ্টান ধর্ম্মের প্রতি আমার তেমন শ্রদ্ধা ছিল না। শ্রীশ্রীঠাকুরের সংস্পর্শে আসিয়া আজ অস্তরের সহিত বুঝিতে পারিতেছি, মহমদ ও যীশুর প্রচারিত ধর্মও কত স্থাব, জীবন-বৃদ্ধির কেমন অমুক্ল! শীশীঠাকুরের সাহচর্য্যে যতই দিন যাইতেছে, জগতের মহাপুরুষগণের চরণে মন্তক ভক্তি ও শ্রদ্ধায় অবনত হইয়া পড়িতেছে। মনে হয়, শীশীঠাকুর অন্তুকুলচন্দ্রের শিশু হইয়াও আমি পর্মদয়াল হজরত, মহাপ্রাণ যীশু, পর্মপুরুষ শ্রীকৃষ্ণ, প্রেমাবতার শ্রীচৈতত্ত, ভগবান শ্রীরামক্রফদেব প্রভৃতি প্রত্যেকেরই শ্রদ্ধাসম্পন্ন দীন সেবক। শ্রীশ্রীঠাকুরকে দেখিয়া বৃদ্ধিতেছি এই সকল পূর্ব্ব পূর্ব্ব আচার্য্যগণের প্রত্যেকেরই জীবনের মহান ব্রত সম্যকভাবে উদ্যাপন করিবার জন্মই আজ তাঁহার আগমন হইয়াছে। প্রত্যেক সম্প্রদায়ের মূলগত উদার বৈশিষ্ট্যের কথা আলোচনা করিয়া, প্রত্যেক ধর্মাবলম্বীকেই অপর ধর্মাবলম্বীর প্রতি শ্রদ্ধাসম্পন্ন করিতে শ্রীশ্রীঠাকুর সর্ব্বদা চেষ্টা করিয়া থাকেন। বিভিন্ন শ্রেণীর উপাসক-সম্প্রদায়ের সৃষ্টি হইল কি করিয়া, নানা সম্প্রদায়ের ভিতর কখন কেমন করিয়া গলদ ঢুকে, অহং-সেবী স্বার্থান্ধ ব্যক্তিরা কি ভাবে একে অন্তের নিন্দা করিয়া নিজেদের প্রাধান্ত ও প্রতিপত্তি রক্ষার জন্ত ধর্মের নামে নানা বিভেদের স্ষষ্টি করেন, যুগপ্রবর্ত্তক মহা-পরিপুরণকারী অবতার পুরুষের আগমনের ফলেই বা কিভাবে সকল ঘল্ব ও সমস্তার নিরাকরণ হয়, ইত্যাদি বিষয় সর্বক্ষণ তাঁহার काष्ट्र स्मीर्घ जालावना अनिएक अनिएक मत्न द्रा, जस्त्रक्य ना दृष्टेल अमन উদারতার সহিত, কার্য্য-কার্ণসম্বন্ধ সহ এ-সকল সমস্তার এমন সার্বজনীন মীমাংসা কেহ দান করিতে পারেন না। এই প্রসঙ্গে বলিতে পারি, শুশ্রীঠাকুরকৈ যাঁহারা অমুসরণ করিয়া চলিয়াছেন, জগতের সর্বধর্মমত, সকল অবতার ও

প্রেরিত পুরুণগণকে অন্তরের সহিত ভক্তি ও প্রদা করিবার অভ্যাস প্রত্যেকের জীবনে কেমন সহজভাবে চরিত্রগত হইয়া পড়িয়াছে! সার্বজনীন প্রাতৃভাব-স্থাপনের প্রকৃষ্ট বাত্তব পদা ইহা ছাড়া আর কি হইতে পারে জানি না।

মুমুখ্য-জীবনের কর্ত্তব্য সম্বন্ধে কি পরিষ্কার ধারণাই না আছু তাহার নিকট পাইয়াছি ! জীবন-চলনার সঙ্গে রাষ্ট্র, শিক্ষা, সমাজ, বিজ্ঞান, শিল্প ও ধর্ম প্রভৃতিস পরস্পরের সম্বন্ধ কোথায়, তাহার কি অপুর্ব্দ মীমাংসাই তিনি প্রদান করিয়াছেন! শ্রীশ্রীঠাকুর স্পষ্টভাবে বলিতেছেন যে, ধর্মই বল, কণ্মই বল, वर्गा वन, बात मुख्यि वन, मानव मार्क्विय कीवन-हननात मन-एक अवही. সার তাহা এই—প্রতি-মানবের থাকিবেন একজন জীবস্থ আদর্শ, তাহার প্রতি অকাট্য টানের সম্বেগে প্রত্যেককে সংসারে চলিতে হইবে, মাঞ্যেব জীবনের যত-কিছু বৃত্তি এই আদর্শকে সার্থক করিবার জন্ম নিয়োজিত করিতে হুইবে; चाश्रह रन, भिकार रन, भिद्वर रन, रानिकार रन, विकानर रन, वार স্বাধীনতাই বল, প্রত্যেককেই সব-কিছু মঞ্জন করিতে হঠাবে ঐ আদর্শকে প্রতিষ্ঠা করিবার উদ্দেশ্যে—তাহারই প্রীতি-সম্পাদনের জন্ম: আদৰপ্রতিষ্ঠা ছাডা মাফুষের অক্ত লক্ষ্য, অন্ত উদ্দেশ, অন্ত কোন প্রয়োজন থাকিতে পারে না। শ্রীশ্রীঠাকর বলেন.—প্রয়োজন হইলে তোমাব শত মনোবত্তি-অন্নগারিণী পত্নী হউক, তাঁহারা তোমাকে ইষ্ট-প্রতিষ্ঠাকাণ্যে সর্বাপ্রয়ন্ত্র সাহায্য করিবেন, তোমার শত শত আদর্শপ্রাণ চরিত্রবান স্তপুত্র হউক, তাহারা দিকে দিকে তোমার ইটের জয়গান ঘোষণা করিয়া তাঁহাকে পারিপাশিকের অন্থবে প্রতিষ্ঠা করিবে, তোমার প্রচর অর্থ হউক—হুনিধার স্বাইকে ইট্টস্বার্থে উদ্বন্ধ করিবার জন্ম-ইষ্টের প্রীতিকামনায় লোক-হিতৈযণা-ব্রতে সে বিপুল মর্থ ব্যায়িত হইবে। এই ভাবে মূর্ত্ত আদর্শের সহিত প্রতিটী মানব যাহার যত কিছু বৃত্তি লইয়া যতদিন-না একনিগভাবে যুক্ত হইতে পারিবে, তত দিন ত্নিয়ায় প্রক্লত শাস্তি স্থাপিত হইবে না. যত নীতিবাদেরই প্রবর্ত্তন হউক না কেন. রাষ্ট-পরিস্থিতির যত-কিছু পরিবর্ত্তন্ট হউক না কেন, নিরবচ্ছিন্ন সার্ক্ষজীনন ভাতভাব-স্থাপন ততদিন আকাশ-কুস্থম মাত্র! জীবন-চল্নার এইরূপ অপূর্ব মুল্যবান পাথেয় তাঁহার নিকট কত পাইয়াছি, প্রত্যহ কত পাইতেছি, তাহা কোন দিন লিখিয়া শেষ করিতে পারিব কি ?

অন্ধ আমি বাঁহার কুপায় দৃষ্টি পাইয়াছি, তু:স্থ আমি বাঁহার করুণায় বাঁচিয়া আছি, তুর্বল আমি বাঁহার দয়ায় চলিতেছি, সেই আমার যথাসর্বস্থ প্রিয়পরম সদ্প্রকর্মী সাক্ষাথ ভগবান্ শ্রীমংঠাকুর শ্রীশ্রীঅফুকুলচন্দ্রের রাতুল-চরণে মন্তক লুক্টিভ করতঃ কোটা কোটা প্রণিপাত জানাইয়া বলিতেছি—

'["]সদসং ভাৰাতীতং প্রমপুরুষমেকং। তার্মিতুম্বতীর্ণং নিখিলমানবকুলং॥ ধৃতসভ্জসমাধিমানন্দ্বনমূর্জিং। প্রেমবিগলিত চিত্তং নমামা<u>হুক</u>্লচক্রং॥"

जश्दर्भाधम

এই গ্রন্থের ১৩৮ পৃষ্ঠায় ২৬ লাইনে লিখিত 'জনৈক ষড়যন্ত্রকারী…' হইডে ৩০ লাইনের '……বিবৃত করিলেন' পর্যান্ত ছত্ত্র-কয়টীর পরিবর্ত্তে নিয়লিখিত অংশটকু পাঠ করিতে হইবে। যথা:—

শ্রীশ্রীঠাকরের জনৈক শিশ্ত রুঞ্চন্দ্রের অত্যন্ত অমুরক্ত ছিলেন। শ্রীশ্রীঠাকুরের পরমভক্ত হিসাবে তিনি রুষ্ণচন্দ্রকে অত্যস্ত শ্রদ্ধার দেখিতেন এবং প্রায়ই তাঁহার সন্ধ করিতেন। ক্ষাচন্দ্ৰ প্রবঞ্চনাশীল আলোচনার ভিতর দিয়া পরোক্ষভাবে নানা কায়দায় এই কথাটীই সকলকে বুঝাইতে প্রয়াস পাইতেন যে, ঈশ্বরের উদ্দেশ্য-সাধনের জন্মই শ্রীশ্রীঠাকুরের অন্তিত্ব-লোপের প্রয়োজন হইয়াছে এবং এইরূপ মতবাদ বুঝাইয়া শ্রীশ্রীঠাকুরের অপদারণ-কার্যো তাহাদিগকে উদ্দীপ্ত করিতে প্রয়াস পান। পর্ব্বোক্ত ভদ্রলোকটা ক্লঞ্চন্দ্রের প্রতি এমনতরভাবে অমুরক্ত ছিলেন যে প্রায়শ: নির্বিচারেই তাঁহার কথা মানিয়া লইতেন-এই চরিত্রই তাঁহাকে অমনতর উদ্দেশ্য সাধনে পাইতে প্ররোচিত করিয়াছিল। যথনই ক্লফচন্দ্র ঈদশ হীন উদ্দেশ্য ব্যক্ত করিয়া ঐ ভদ্রলোককে শ্রীশ্রীঠাকুরের হত্যার বাস্তব-কার্যো প্রবৃদ্ধ করিতে লাগিলেন, তথনই তাহার মনে জাগিয়া উঠিল— শ্রীঠাকুর তাঁহাকে (কুফ্চন্দ্রকে) এত ভালবাদেন, অযচ্ছলভাবে তাঁহার খ্যাতি ও প্রতিষ্ঠার জন্ম এমন আপ্রাণ প্রচেষ্টাপরামণ, আর তাঁহাকেই নাকি এই ভক্তপ্রবর (রুঞ্চন্দ্র) ইহলোক হইতে অপুসারিত করিবার জন্ম এমন জন্মন্ত ভাবে যড়যন্ত্র করিতেছেন—তাহার বুকে ছুরি মারিয়া কিম্বা বিষ-প্রয়োগে তাঁহাকে হত্যা করিয়া না ফেলিতে পারিলেই ইহার তপ্তি নাই।--এতথানি অমুগত প্রাণে পরোক্ষ-আলোচনায় অজ্ঞাতদারে সেই ভন্তলোকের মনে যতখানি সঙ্কোচ আদিয়াছিল এক মুহুর্ত্তে সমস্তই চুরুমার হইয়া গেল। তিনি ভাবিতে লাগিলেন—যাহার প্রতি আমার এত শ্রদ্ধা, এত অন্তরাগ—যাহার এতটুকু অনভিপ্দীত কিছু ঘটিলে তুনিয়া একদম বিষাক্ত হইয়া উঠে—দেই মামুষ্টী এমন হীন ষড়যন্ত্ৰকাৰী ৷ ভাবনাৰও অতীত—এত বিশ্ৰী ৷ তথনই শ্রীশ্রীঠাকুরের কথা মনে পড়িল, তাহার এত বড় বিপদ, এই মুহুর্ত্তে কি যে ঘটিতে পারে তাহা ভাবিতেও পারা যায় না !—এই সকল চিম্ভায় তাহার মাথা 'ঘুরিতে লাগিল, অবশ মাতালের মত চলিয়া আসিয়া তিনি তৎক্ষণাৎ আমূল সমন্ত বুভান্ত শ্ৰীশ্ৰীচাকুর এবং **সভাত সকলের কাছে বাক্স কৰিবা বিলে**ন।